এবং $R = \{(x, y) : x \in A, y \in B$ এবং $y = x + 1\}$

R এর বর্ণিত শর্ত থেকে পাই, $y = x + 1$

এখন, প্রত্যেক $x \in A$ এর জন্য $y = x + 1$ এর মান নির্ণয় করি :

x	1	3	5	7
y	2	4	6	8

যেহেতু $2, 8 \notin B$ সেহেতু $(1, 2), (7, 8) \notin R$

$\therefore$ $R = \{(3, 4), (5, 6)\}$

ডোমেন, $R = \{3, 5\}$ এবং রেঞ্জ, $R = \{4, 6\}$.

প্রশ্ন ১৭ ▸ বরিশাল বোর্ড ২০১৫

$U = \{1, 2, 3, 4, 5, 6, 7\}$

$A = \{x \in N : x$ মৌলিক সংখ্যা এবং $x \leq 7\}$

$B = \{x \in N : x$ জোড় সংখ্যা এবং $x < 7\}$

ক. B কে তালিকা পদ্ধতিতে প্রকাশ কর। ২

খ. দেখাও যে, $(A \cup B)' = A' \cap B'$. ৪

গ. যদি A ও B এর উপাদানগুলোর মধ্যে $y = x + 1$ সম্পর্ক বিবেচনায় থাকে তবে অন্বয়টি নির্ণয় কর। ৪

১৭নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $U = \{1, 2, 3, 4, 5, 6, 7\}$

$B = \{x \in N : x$ জোড় সংখ্যা এবং $x < 7\}$

অর্থাৎ যেসব স্বাভাবিক জোড় সংখ্যা 7 অপেক্ষা ছোট, তাদের সেট। 7 অপেক্ষা ছোট স্বাভাবিক জোড় সংখ্যাসমূহ হচ্ছে 2, 4, 6.

$\therefore$ $B = \{2, 4, 6\}$

খ দেওয়া আছে, $U = \{1, 2, 3, 4, 5, 6, 7\}$

$A = \{x \in N : x$ মৌলিক সংখ্যা এবং $x \leq 7\}$

অর্থাৎ যেসব স্বাভাবিক মৌলিক সংখ্যা 7 এর সমান বা ছোট, তাদের সেট। 7 এর সমান বা ছোট স্বাভাবিক মৌলিক সংখ্যাসমূহ হচ্ছে 2, 3, 5, 7.

$\therefore$ $A = \{2, 3, 5, 7\}$

ক হতে প্রাপ্ত, $B = \{2, 4, 6\}$

এখন, $A \cup B = \{2, 3, 5, 7\} \cup \{2, 4, 6\} = \{2, 3, 4, 5, 6, 7\}$

$A' = U - A$

$= \{1, 2, 3, 4, 5, 6, 7\} - \{2, 3, 5, 7\} = \{1, 4, 6\}$

এবং $B' = U - B$

$= \{1, 2, 3, 4, 5, 6, 7\} - \{2, 4, 6\}$

$= \{1, 3, 5, 7\}$

বামপক্ষ $= (A \cup B)'$

$= U - (A \cup B)$

$= \{1, 2, 3, 4, 5, 6, 7\} - \{2, 3, 4, 5, 6, 7\} = \{1\}$

ডানপক্ষ $= A' \cap B'$

$= \{1, 4, 6\} \cap \{1, 3, 5, 7\} = \{1\}$

$\therefore$ $(A \cup B)' = A' \cap B'$. (দেখানো হলো)

গ খ-হতে প্রাপ্ত, $A = \{2, 3, 5, 7\}$

ক-হতে প্রাপ্ত, $B = \{2, 4, 6\}$

শর্তানুসারে, অন্বয় $R = \{(x, y) : x \in A, y \in B$ এবং $y = x + 1\}$

এখানে, $A \times B = \{2, 3, 5, 7\} \times \{2, 4, 6\}$

$= \{(2, 2), (2, 4), (2, 6), (3, 2), (3, 4), (3, 6), (5, 2), (5, 4), (5, 6), (7, 2) (7, 4), (7, 6)\}$.

$\therefore$ $R = \{(3, 4), (5, 6)\}$

নির্ণেয় অন্বয় $\{(3, 4), (5, 6)\}$.

www.abswer.com

www.abswer.com

শীর্ষস্থানীয় স্কুলসমূহের টেস্ট পরীক্ষার সৃজনশীল প্রশ্ন ও সমাধান — মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক নির্বাচিত

প্রশ্ন ১৮ ▸ সামসুল হক খান স্কুল এন্ড কলেজ, ঢাকা

$f(x) = \frac{5x-7}{2x-3}$ এবং $R = \{(x, y) : x \in A, y \in A$ এবং $x + y = 1\}$

যেখানে, $A = \{-2, -1, 0, 1, 2\}$.

ক. $7.3\dot{2}$ কে $0.2\dot{7}$ দ্বারা ভাগ কর। ২

খ. $\frac{f(x^{-1})+2}{f(x^{-1})-1} = 3$ হলে x এর মান নির্ণয় কর। ৪

গ. R কে তালিকা পদ্ধতিতে প্রকাশ কর এবং ডোম R ও রেঞ্জ R নির্ণয় কর। ৪

১৮নং প্রশ্নের সমাধান

ক) $7\cdot\dot{3}\dot{2} \div 0\cdot 2\dot{7} = \frac{732-7}{99} \div \frac{27-2}{90} = \frac{725}{99} \div \frac{25}{90} = \frac{725}{99} \times \frac{90}{25} = \frac{290}{11}$

$= 26\cdot363636 .... = 26\cdot\dot{3}\dot{6}$

নির্ণেয় ভাগফল $26\cdot\dot{3}\dot{6}$.

খ) দেওয়া আছে, $f(x) = \frac{5x-7}{2x-3}$

$\therefore \quad f(x^{-1}) = \frac{5x^{-1}-7}{2x^{-1}-3} = \frac{\frac{5}{x}-7}{\frac{2}{x}-3} = \frac{\frac{5-7x}{x}}{\frac{2-3x}{x}} = \frac{5-7x}{x} \times \frac{x}{2-3x} = \frac{5-7x}{2-3x}$

এখন, $\frac{f(x^{-1})+2}{f(x^{-1})-1} = 3$

বা, $\frac{\frac{5-7x}{2-3x}+2}{\frac{5-7x}{2-3x}-1} = 3$

বা, $\frac{\frac{5-7x+4-6x}{2-3x}}{\frac{5-7x-2+3x}{2-3x}} = 3$

বা, $\frac{\frac{9-13x}{2-3x}}{\frac{3-4x}{2-3x}} = 3$

বা, $\frac{9-13x}{3-4x} = 3$

বা, $9 - 12x = 9 - 13x$

বা, $13x - 12x = 9 - 9$ [পক্ষান্তর করে]

$\therefore \quad x = 0$

নির্ণেয় মান : $x = 0$.

গ) দেওয়া আছে, $R = \{(x, y) : x \in A, y \in A$ এবং $x + y = 1\}$

এবং $A = \{-2, -1, 0, 1, 2\}$

এখন, $x + y = 1$

বা, $y = 1 - x$

এখন, প্রত্যেক $x \in A$ এর জন্য $y = 1 - x$ এর মান নির্ণয় করে একটি তালিকা তৈরি করি।

x	−2	−1	0	1	2
y	3	2	1	0	−1

যেহেতু $3 \notin A$, কাজেই $(-2, 3) \notin R$.

$\therefore \quad R = \{(-1, 2), (0, 1), (1, 0), (2, -1)\}$

$\therefore \quad$ ডোম $R = \{-1, 0, 1, 2\}$ এবং রেঞ্জ $R = \{-1, 0, 1, 2\}$

প্রশ্ন ১৯ ▸ সফিউদ্দিন সরকার একাডেমী এন্ড কলেজ, টঙ্গী, গাজীপুর

$U = \{x \in N : 1 < x < 8\}$, $A = \{x : x^2 - 11x + 30 = 0\}$,

$B = \{x : x$ মৌলিক সংখ্যা$\}$ এবং $C = \{x : 4 \le x < 7\}$.

ক. A সেটটিকে তালিকা পদ্ধতিতে প্রকাশ কর। ২

খ. দেখাও যে, $(A \cup B)' = A' \cap B'$. ৪

গ. দেখাও যে, $A \times (B \cap C) = (A \times B) \cap (A \times C)$. ৪

১৯নং প্রশ্নের সমাধান

ক) দেওয়া আছে,

$U = \{x \in N : 1 < x < 8\} = \{2, 3, 4, 5, 6, 7\}$

$A = \{x : x^2 - 11x + 30 = 0\}$

এখানে, $x^2 - 11x + 30 = 0$

বা, $x^2 - 5x - 6x + 30 = 0$

বা, $x(x - 5) - 6(x - 5) = 0$

বা, $(x - 5)(x - 6) = 0$

হয়, $x - 5 = 0$ | অথবা, $x - 6 = 0$

বা, $x = 5$ | বা, $x = 6$

$\therefore \quad A = \{5, 6\}$

খ) 'ক' হতে প্রাপ্ত, $U = \{2, 3, 4, 5, 6, 7\}$

$A = \{5, 6\}$

দেওয়া আছে, $B = \{x : x$ মৌলিক সংখ্যা$\}$

$\therefore B = \{2, 3, 5, 7\}$

$\therefore \quad A \cup B = \{5, 6\} \cup \{2, 3, 5, 7\} = \{2, 3, 5, 6, 7\}$

আবার, $A' = U - A$

$= \{2, 3, 4, 5, 6, 7\} - \{5, 6\}$

$= \{2, 3, 4, 7\}$

$B' = U - B$

$= \{2, 3, 4, 5, 6, 7\} - \{2, 3, 5, 7\} = \{4, 6\}$

বামপক্ষ $= (A \cup B)'$

$= U - (A \cup B)$

$= \{2, 3, 4, 5, 6, 7\} - \{2, 3, 5, 6, 7\} = \{4\}$

ডানপক্ষ $= A' \cap B'$

$= \{2, 3, 4, 7\} \cap \{4, 6\} = \{4\}$

$\therefore \quad (A \cup B)' = A' \cap B'$. (দেখানো হলো)

গ) 'খ' হতে প্রাপ্ত, $A = \{5, 6\}$, $B = \{2, 3, 5, 7\}$

দেওয়া আছে, $C = \{x : 4 \le x < 7\}$

$\therefore \quad C = \{4, 5, 6\}$

$\therefore \quad B \cap C = \{2, 3, 5, 7\} \cap \{4, 5, 6\}$

$= \{5\}$

আবার, $A \times B = \{5, 6\} \times \{2, 3, 5, 7\}$

$= \{(5, 2), (5, 3), (5, 5), (5, 7), (6, 2), (6, 3), (6, 5), (6, 7)\}$

এবং $A \times C = \{5, 6\} \times \{4, 5, 6\}$

$= \{(5, 4), (5, 5), (5, 6), (6, 4), (6, 5), (6, 6)\}$

বামপক্ষ $= A \times (B \cap C)$

$= \{5, 6\} \times \{5\}$

$= \{(5, 5), (6, 5)\}$

ডানপক্ষ $= (A \times B) \cap (A \times C)$

$= \{(5, 2), (5, 3), (5, 5), (5, 7), (6,2), (6,3), (6, 5), (6, 7)\} \cap \{(5, 4), (5, 5), (5, 6), (6, 4), (6, 5), (6, 6)\}$

$= \{(5, 5), (6, 5)\}$

$\therefore \quad A \times (B \cap C) = (A \times B) \cap (A \times C)$. (দেখানো হলো)

www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ২০ ▶ সরকারি পি. এন. বালিকা উচ্চ বিদ্যালয়, রাজশাহী

$g(x) = x^3 + kx^2 - x - 6$ ও $f(x) = \frac{3x+1}{3x-1}$ দুইটি ফাংশন

এবং $(6a - b, 13) = (1, 3a + 2b)$

ক. k এর কোন মানের জন্য $g(-3) = 0$ হবে? ২

খ. (a, b) নির্ণয় কর। ৪

গ. দেখাও যে, $\frac{f\left(\frac{1}{x^3}\right)+1}{f\left(\frac{1}{x^3}\right)-1} = 3x^{-3}$. ৪

২০নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $g(x) = x^3 + kx^2 - x - 6$

$\therefore\ g(-3) = (-3)^3 + k(-3)^2 - (-3) - 6$
$= -27 + 9k + 3 - 6 = 9k - 30$

প্রশ্নমতে, $g(-3) = 0$

বা, $9k - 30 = 0$

বা, $9k = 30$

বা, $k = \frac{30}{9} = \frac{10}{3}$

নির্ণেয় মান : $k = \frac{10}{3}$.

খ দেওয়া আছে, $(6a - b, 13) = (1, 3a + 2b)$

ক্রমজোড়ের নিয়ম অনুসারে,

$6a - b = 1$ .... (i)

$3a + 2b = 13$ .... (ii)

(i) নং সমীকরণকে 2 দ্বারা গুণ করে (ii) নং সমীকরণ যোগ করি।

$12a - 2b = 2$
$3a + 2b = 13$
$15a = 15$

বা, $a = \frac{15}{15} = 1$.

এখন a এর মান (ii) নং সমীকরণে বসিয়ে পাই,

$3 \times 1 + 2b = 13$

বা, $3 + 2b = 13$

বা, $2b = 13 - 3$

বা, $2b = 10$

বা, $b = \frac{10}{2} = 5$.

নির্ণেয় মান : $(a, b) = (1, 5)$.

গ দেওয়া আছে, $f(x) = \frac{3x+1}{3x-1}$

বা, $f\left(\frac{1}{x^3}\right) = \frac{3\left(\frac{1}{x^3}\right)+1}{3\left(\frac{1}{x^3}\right)-1} = \frac{\frac{3}{x^3}+1}{\frac{3}{x^3}-1} = \frac{\frac{3+x^3}{x^3}}{\frac{3-x^3}{x^3}} = \frac{3+x^3}{3-x^3}$

বা, $\frac{f\left(\frac{1}{x^3}\right)+1}{f\left(\frac{1}{x^3}\right)-1} = \frac{3+x^3+3-x^3}{3+x^3-3+x^3}$ [যোজন-বিয়োজন করে]

$= \frac{6}{2x^3} = \frac{3}{x^3} = 3x^{-3}$

$\therefore\ \frac{f\left(\frac{1}{x^3}\right)+1}{f\left(\frac{1}{x^3}\right)-1} = 3x^{-3}$. (দেখানো হলো)

প্রশ্ন ২১ ▶ ইস্পাহানি পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম

$A = \{x \in Z : x^2 < 9\}$, $B = \{x \in N : x^2 - 3x + 2 = 0\}$

$C = \{0, 1, 2\}$ এবং $S = \{(x, y) : x \in A, y \in A$ এবং $x - y = 1\}$

ক. B সেটকে তালিকা পদ্ধতিতে প্রকাশ কর। ২

খ. $P(B \cup C)$ এবং $B \times (A \cap C)$ নির্ণয় কর। ৪

গ. S অন্বয়টিকে তালিকা পদ্ধতিতে প্রকাশ কর এবং ডোম S ও রেঞ্জ S নির্ণয় কর। ৪

২১নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $B = \{x \in N : x^2 - 3x + 2 = 0\}$

B সেট এর বর্ণনাকারী সমীকরণটি হলো,

$x^2 - 3x + 2 = 0$

বা, $x^2 - 2x - x + 2 = 0$

বা, $x(x-2) - 1(x-2) = 0$

বা, $(x-2)(x-1) = 0$

হয়, $x - 2 = 0$ | অথবা, $x - 1 = 0$

বা, $x = 2$ | $\therefore\ x = 1$

$\therefore\ B = \{1, 2\}$

নির্ণেয় $B = \{1, 2\}$

খ দেওয়া আছে, $A = \{x \in Z : x^2 < 9\}$

এখানে, $Z = \{\ldots, -3, -2, -1, 0, 1, 2, 3, \ldots\}$

$x = 0$ হলে, $x^2 = 0 < 9$

$x = 1$ হলে, $x^2 = 1 < 9$

$x = 2$ হলে, $x^2 = 4 < 9$

$x = 3$ হলে, $x^2 = 9 \nless 9$

আবার, $x = -1$ হলে, $x^2 = 1 < 9$

$x = -2$ হলে, $x^2 = 4 < 9$

$x = -3$ হলে, $x^2 = 9 \nless 9$

শর্তমতে, $A = \{-2, -1, 0, 1, 2\}$

'ক' হতে পাই, $B = \{1, 2\}$

এবং দেওয়া আছে, $C = \{0, 1, 2\}$

$\therefore\ B \cup C = \{1, 2\} \cup \{0, 1, 2\} = \{0, 1, 2\}$

$\therefore\ P(B \cup C) = \{\emptyset, \{0\}, \{1\}, \{2\}, \{0, 1\}, \{0, 2\}, \{1, 2\}, \{0, 1, 2\}\}$

আবার, $A \cap C = \{-2, -1, 0, 1, 2\} \cap \{0, 1, 2\}$
$= \{0, 1, 2\}$

$\therefore\ B \times (A \cap C) = \{1, 2\} \times \{0, 1, 2\}$
$= \{(1, 0), (1, 1), (1, 2), (2, 0), (2, 1), (2, 2)\}$

নির্ণেয় : $P(B \cup C) = \{\emptyset, \{0\}, \{1\}, \{2\}, \{0, 1\}, \{0, 2\}, \{1, 2\}, \{0, 1, 2\}\}$

এবং $B \times (A \cap C) = \{(1, 0), (1, 1), (1, 2), (2, 0), (2, 1), (2, 2)\}$.

গ দেওয়া আছে, $S = \{(x, y) : x \in A, y \in A$ এবং $x - y = 1\}$

'খ' হতে পাই, $A = \{-2, -1, 0, 1, 2\}$

এখানে, $x - y = 1$

$\therefore\ y = x - 1$

$x \in A$ ধরে y এর মানসমূহ নির্ণয় করি :

x	−2	−1	0	1	2
y	−3	−2	−1	0	1

যেহেতু $-3 \notin A$ তাই $(-2, -3) \notin S$

$\therefore\ S = \{(-1, -2), (0, -1), (1, 0), (2, 1)\}$

$\therefore$ ডোম, $S = \{-1, 0, 1, 2\}$

রেঞ্জ, $S = \{-2, -1, 0, 1\}$

www.abswer.com

www.abswer.com

মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত সৃজনশীল প্রশ্ন ও সমাধান — শিখনফলের ধারায় প্রণীত

শিখনফল ৮ : অন্বয় ও ফাংশন ব্যাখ্যা করতে ও গঠন করতে পারব।

প্রশ্ন ২২ ▶ পাঠ্যবইয়ের শিখনফল ৮-এর আলোকে প্রণীত

$P = \{x \in \mathbb{N} : x^2 > 5$ এবং $x^3 < 128\}$,
$Q = \{x \in \mathbb{N} : x$ জোড় সংখ্যা এবং $x \le 6\}$
$R = \{2, 3, 5\}$ এবং $f(y) = \frac{5y+1}{5y-1}$.

ক. P সেটটিকে তালিকা পদ্ধতিতে প্রকাশ কর। ২
খ. প্রমাণ কর যে, $P \times (Q \cap R) = (P \times Q) \cap (P \times R)$. ৪
গ. $\dfrac{f\left(\frac{1}{y^2}\right)+2}{f\left(\frac{1}{y^2}\right)-1}$ এর মান নির্ণয় কর। ৪

২২নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $P = \{x \in N : x^2 > 5$ এবং $x^3 < 128\}$
সেট P এর ক্ষেত্রে, যে সকল স্বাভাবিক সংখ্যার বর্গ 5 থেকে বড় ও ঘন 128 থেকে ছোট তাদের সেট।
$x = 1$ হলে, $x^2 = 1^2 = 1 \not> 5$ এবং $x^3 = 1^3 = 1 < 128$
$x = 2$ হলে, $x^2 = 2^2 = 4 \not> 5$ এবং $x^3 = 2^3 = 8 < 128$
$x = 3$ হলে, $x^2 = 3^2 = 9 > 5$ এবং $x^3 = 3^3 = 27 < 128$
$x = 4$ হলে, $x^2 = 4^2 = 16 > 5$ এবং $x^3 = 4^3 = 64 < 128$
$x = 5$ হলে, $x^2 = 5^2 = 25 > 5$ এবং $x^3 = 5^3 = 125 < 128$
$x = 6$ হলে, $x^2 = 6^2 = 36 > 5$ এবং $x^3 = 6^3 = 216 \not< 128$
$\therefore P = \{3, 4, 5\}$.

খ 'ক' হতে প্রাপ্ত, $P = \{3, 4, 5\}$
দেওয়া আছে, $Q = \{x \in N : x$ জোড় সংখ্যা এবং $x \le 6\}$
$= \{2, 4, 6\}$
এবং $R = \{2, 3, 5\}$
এখন, $Q \cap R = \{2, 4, 6\} \cap \{2, 3, 5\} = \{2\}$
$P \times Q = \{3, 4, 5\} \times \{2, 4, 6\}$
$= \{(3, 2), (3, 4), (3, 6), (4, 2), (4, 4), (4, 6), (5, 2), (5, 4), (5, 6)\}$
$P \times R = \{3, 4, 5\} \times \{2, 3, 5\}$
$= \{(3, 2), (3, 3), (3, 5), (4, 2), (4, 3), (4, 5), (5, 2), (5, 3), (5, 5)\}$
বামপক্ষ $= P \times (Q \cap R)$
$= \{3, 4, 5\} \times \{2\}$
$= \{(3, 2), (4, 2), (5, 2)\}$
ডানপক্ষ $= (P \times Q) \cap (P \times R)$
$= \{(3, 2), (3, 4), (3, 6), (4, 2), (4, 4), (4, 6), (5, 2), (5, 4), (5, 6)\}$
$\cap \{(3, 2), (3, 3), (3, 5), (4, 2), (4, 3), (4, 5), (5, 2), (5, 3), (5, 5)\}$
$= \{(3, 2), (4, 2), (5, 2)\}$
$\therefore P \times (Q \cap R) = (P \times Q) \cap (P \times R)$. (প্রমাণিত)

গ দেওয়া আছে, $f(y) = \frac{5y+1}{5y-1}$

$$\therefore f\left(\frac{1}{y^2}\right) = \frac{5.\left(\frac{1}{y^2}\right)+1}{5.\left(\frac{1}{y^2}\right)-1} = \frac{\frac{5+y^2}{y^2}}{\frac{5-y^2}{y^2}} = \frac{5+y^2}{y^2} \times \frac{y^2}{5-y^2} = \frac{5+y^2}{5-y^2}$$

প্রদত্ত রাশি $= \dfrac{f\left(\frac{1}{y^2}\right)+2}{f\left(\frac{1}{y^2}\right)-1}$

$$= \frac{\frac{5+y^2}{5-y^2}+2}{\frac{5+y^2}{5-y^2}-1} = \frac{\frac{5+y^2+10-2y^2}{5-y^2}}{\frac{5+y^2-5+y^2}{5-y^2}} = \frac{\frac{15-y^2}{5-y^2}}{\frac{2y^2}{5-y^2}}$$

$$= \frac{15-y^2}{5-y^2} \times \frac{5-y^2}{2y^2} = \frac{15-y^2}{2y^2}$$

নির্ণেয় মান $\frac{15-y^2}{2y^2}$.

প্রশ্ন ২৩ ▶ পাঠ্যবইয়ের শিখনফল ৮-এর আলোকে প্রণীত

$f(x) = x^3 - 6x^2 + 11x - 6$ এবং $g(x) = \frac{1+x^2+x^4}{x^2}$.

ক. দেখাও যে, $f(2) = f(3)$. ২
খ. x এর কোন মানের জন্য $f(x) = 0$ হবে। ৪
গ. দেখাও যে, $g(y^{-2}) = g(y^2)$. ৪
[পাঠ্যবইয়ের অনুশীলনী ২.২ এর ১৪ এবং ১৬ নং এর আলোকে]

২৩নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $f(x) = x^3 - 6x^2 + 11x - 6$
$\therefore f(2) = 2^3 - 6(2)^2 + 11 \times 2 - 6$
$= 8 - 24 + 22 - 6 = 30 - 30 = 0$
এবং $f(3) = (3)^3 - 6(3)^2 + 11 \times 3 - 6$
$= 27 - 54 + 33 - 6 = 60 - 60 = 0$
$\therefore f(2) = f(3)$ (দেখানো হলো)

খ দেওয়া আছে, $f(x) = x^3 - 6x^2 + 11x - 6$
এখন, $f(x) = 0$
বা, $x^3 - 6x^2 + 11x - 6 = 0$
বা, $x^3 - x^2 - 5x^2 + 5x + 6x - 6 = 0$
বা, $x^2(x-1) - 5x(x-1) + 6(x-1) = 0$
বা, $(x-1)(x^2 - 5x + 6) = 0$
বা, $(x-1)(x^2 - 2x - 3x + 6) = 0$
বা, $(x-1)\{x(x-2) - 3(x-2)\} = 0$
বা, $(x-1)(x-2)(x-3) = 0$
হয়, $x - 1 = 0$ ∴ $x = 1$ | অথবা, $x - 2 = 0$ ∴ $x = 2$ | অথবা, $x - 3 = 0$ ∴ $x = 3$
অতএব, x এর মান 1 বা 2 বা 3 এর জন্য $f(x) = 0$ হবে।

গ দেওয়া আছে, $g(x) = \frac{1+x^2+x^4}{x^2}$

$$\therefore g(y^{-2}) = \frac{1+(y^{-2})^2+(y^{-2})^4}{(y^{-2})^2} = \frac{1+y^{-4}+y^{-8}}{y^{-4}}$$

$$= \frac{1+\frac{1}{y^4}+\frac{1}{y^8}}{\frac{1}{y^4}} = \frac{\frac{y^8+y^4+1}{y^8}}{\frac{1}{y^4}}$$

$$= \frac{1+y^4+y^8}{y^8} \times \frac{y^4}{1} = \frac{1+y^4+y^8}{y^4}$$

আবার, $g(y^2) = \frac{1+(y^2)^2+(y^2)^4}{(y^2)^2} = \frac{1+y^4+y^8}{y^4}$
$\therefore g(y^{-2}) = g(y^2)$. (দেখানো হলো)

www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ২৪ ▶ পাঠ্যবইয়ের শিখনফল ৮-এর আলোকে প্রণীত

$U = \{1, 2, 3, 4, 5, 6, 7\}$,
$A = \{x \in N : x$ মৌলিক সংখ্যা এবং $x \leq 7\}$
এবং $B = \{x \in N : x$ জোড় সংখ্যা এবং $x < 7\}$

ক. B কে তালিকা পদ্ধতিতে প্রকাশ কর। ২
খ. দেখাও যে, $(A \cup B)' = A' \cap B'$. ৪
গ. যদি A ও B এর উপাদানগুলোর মধ্যে $y = x + 1$ সম্পর্ক বিবেচনায় থাকে তবে অন্বয়টি নির্ণয় কর। ৪

২৪নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $U = \{1, 2, 3, 4, 5, 6, 7\}$
$B = \{x \in N : x$ জোড় সংখ্যা এবং $x < 7\}$
অর্থাৎ যেসব স্বাভাবিক জোড় সংখ্যা 7 অপেক্ষা ছোট, তাদের সেট। 7 অপেক্ষা ছোট স্বাভাবিক জোড় সংখ্যাসমূহ হচ্ছে 2, 4, 6.
$\therefore \ B = \{2, 4, 6\}$

খ দেওয়া আছে, $U = \{1, 2, 3, 4, 5, 6, 7\}$
$A = \{x \in N : x$ মৌলিক সংখ্যা এবং $x \leq 7\}$
অর্থাৎ যেসব স্বাভাবিক মৌলিক সংখ্যা 7 এর সমান বা ছোট, তাদের সেট।
7 এর সমান বা ছোট স্বাভাবিক মৌলিক সংখ্যাসমূহ হচ্ছে 2, 3, 5, 7.
$\therefore \ A = \{2, 3, 5, 7\}$
ক হতে প্রাপ্ত, $B = \{2, 4, 6\}$
এখন, $A \cup B = \{2, 3, 5, 7\} \cup \{2, 4, 6\} = \{2, 3, 4, 5, 6, 7\}$
$A' = U - A$
$= \{1, 2, 3, 4, 5, 6, 7\} - \{2, 3, 5, 7\} = \{1, 4, 6\}$
এবং $B' = U - B = \{1, 2, 3, 4, 5, 6, 7\} - \{2, 4, 6\} = \{1, 3, 5, 7\}$
বামপক্ষ $= (A \cup B)'$
$= U - (A \cup B)$
$= \{1, 2, 3, 4, 5, 6, 7\} - \{2, 3, 4, 5, 6, 7\} = \{1\}$
ডানপক্ষ $= A' \cap B'$
$= \{1, 4, 6\} \cap \{1, 3, 5, 7\} = \{1\}$
$\therefore \ (A \cup B)' = A' \cap B'$. (দেখানো হলো)

গ খ-হতে প্রাপ্ত, $A = \{2, 3, 5, 7\}$
ক-হতে প্রাপ্ত, $B = \{2, 4, 6\}$
∴ শর্তানুসারে, অন্বয় $R = \{(x, y) : x \in A, y \in B$ এবং $y = x + 1\}$
এখানে, $A \times B = \{2, 3, 5, 7\} \times \{2, 4, 6\}$
$= \{(2, 2), (2, 4), (2, 6), (3, 2), (3, 4), (3, 6), (5, 2), (5, 4), (5, 6), (7, 2) (7, 4), (7, 6)\}$.
$\therefore \ R = \{(3, 4), (5, 6)\}$
নির্ণেয় অন্বয় : $\{(3, 4), (5, 6)\}$.

প্রশ্ন ২৫ ▶ পাঠ্যবইয়ের শিখনফল ৮-এর আলোকে প্রণীত

$f(x) = x^2 - 5x + 6$ এবং $g(y) = y^3 + ky^2 - 4y - 8$

ক. $f(0)$ এবং $f(1)$ এর মান নির্ণয় কর। ২
খ. x এর কোন মানের জন্য $f(x) = 0$ হবে? ৪
গ. k এর কোন মানের জন্য $g(-2) = 0$ হবে? ৪

২৫নং প্রশ্নের সমাধান

ক প্রদত্ত প্রথম ফাংশন, $f(x) = x^2 - 5x + 6$
$\therefore \ f(0) = 0^2 - 5.0 + 6 = 0 - 0 + 6 = 6$
আবার, $f(x) = x^2 - 5x + 6$
$\therefore \ f(1) = 1^2 - 5.1 + 6$
$= 1 - 5 + 6 = 7 - 5 = 2$
নির্ণেয় মান : $f(0) = 6$ এবং $f(1) = 2$.

খ দেওয়া আছে, $f(x) = x^2 - 5x + 6$
এখন, $f(x) = 0$
বা, $x^2 - 5x + 6 = 0$
বা, $x^2 - 2x - 3x + 6 = 0$
বা, $x(x - 2) - 3(x - 2) = 0$
বা, $(x - 2)(x - 3) = 0$
হয়, $x - 2 = 0$ অথবা, $x - 3 = 0$
বা, $x = 2$ বা, $x = 3$
$\therefore$ $x = 2$ অথবা 3 এর জন্য $f(x) = 0$ হবে।

গ প্রদত্ত দ্বিতীয় ফাংশন, $g(y) = y^3 + ky^2 - 4y - 8$
$\therefore \ g(-2) = (-2)^3 + k.(-2)^2 - 4.(-2) - 8$
$= -8 + k.4 + 8 - 8$
$= 4k - 8$
আবার, $g(-2) = 0$
বা, $4k - 8 = 0$
বা, $4k = 8$
বা, $k = \frac{8}{4} = 2$
$\therefore$ k এর মান 2 হলে $g(-2) = 0$ হবে।

প্রশ্ন ২৬ ▶ পাঠ্যবইয়ের শিখনফল ৮-এর আলোকে প্রণীত

$f(a) = \frac{5a + 1}{5a - 1}$.

ক. $f(0)$ এবং $f(3)$ এর মান নির্ণয় কর। ২
খ. $\frac{f(a) + 1}{f(a) - 1}$ এর মান নির্ণয় কর। ৪
গ. দেখাও যে, $\frac{f\left(\frac{1}{a}\right) + 1}{f\left(\frac{1}{a}\right) - 1} = \frac{5}{a}$. ৪

২৬নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $f(a) = \frac{5a + 1}{5a - 1}$
$\therefore \ f(0) = \frac{5.0 + 1}{5.0 - 1} = \frac{0 + 1}{0 - 1} = \frac{1}{-1} = -1$
$\therefore \ f(0) = -1$
আবার, $f(a) = \frac{5a + 1}{5a - 1}$
$\therefore \ f(3) = \frac{5.3 + 1}{5.3 - 1} = \frac{15 + 1}{15 - 1} = \frac{16}{14} = \frac{8}{7}$
$\therefore \ f(3) = \frac{8}{7}$
নির্ণেয় মান : $f(0) = -1$ এবং $f(3) = \frac{8}{7}$

খ দেওয়া আছে, $f(a) = \frac{5a + 1}{5a - 1}$
প্রদত্ত রাশি $= \frac{f(a) + 1}{f(a) - 1}$
$$= \frac{\frac{5a + 1}{5a - 1} + 1}{\frac{5a + 1}{5a - 1} - 1} = \frac{\frac{5a + 1 + 5a - 1}{5a - 1}}{\frac{5a + 1 - 5a + 1}{5a - 1}} = \frac{\frac{10a}{5a - 1}}{\frac{2}{5a - 1}}$$
$$= \frac{10a}{5a - 1} \times \frac{5a - 1}{2} = 5a$$
নির্ণেয় মান : 5a

www.abswer.com

www.abswer.com

গ দেওয়া আছে, $f(a) = \frac{5a+1}{5a-1}$

$\therefore\ f\left(\frac{1}{a}\right) = \frac{5 \cdot \frac{1}{a}+1}{5 \cdot \frac{1}{a}-1}$

$= \frac{\frac{5}{a}+1}{\frac{5}{a}-1} = \frac{\frac{5+a}{a}}{\frac{5-a}{a}} = \frac{5+a}{a} \times \frac{a}{5-a} = \frac{5+a}{5-a}$

বামপক্ষ $= \frac{f\left(\frac{1}{a}\right)+1}{f\left(\frac{1}{a}\right)-1}$

$= \frac{\frac{5+a}{5-a}+1}{\frac{5+a}{5-a}-1} = \frac{\frac{5+a+5-a}{5-a}}{\frac{5+a-5+a}{5-a}} = \frac{\frac{10}{5-a}}{\frac{2a}{5-a}}$

$= \frac{10}{5-a} \times \frac{5-a}{2a} = \frac{5}{a} =$ ডানপক্ষ

$\therefore\ \frac{f\left(\frac{1}{a}\right)+1}{f\left(\frac{1}{a}\right)-1} = \frac{5}{a}$ (দেখানো হলো)

শিখনফল ৯ : ডোমেন ও রেঞ্জ কী ব্যাখ্যা করতে পারব।

প্রশ্ন ২৭ ▸ পাঠ্যবইয়ের শিখনফল ৯-এর আলোকে প্রণীত

$S = \{(-3, -14), (3, 0), (6, 7), (9, 14)\}$ একটি অন্বয়।

ক. ডোমেন ও রেঞ্জ কী? ২

খ. অন্বয়টির ডোমেন ও রেঞ্জ নির্ণয় কর। ৪

গ. অন্বয়টির ক্রমজোড়গুলোকে বিন্দু ধরে বিন্দুগুলোকে ছক কাগজে স্থাপন কর। ৪

২৭নং প্রশ্নের সমাধান

ক কোনো অন্বয়ের ক্রমজোড়গুলোর প্রথম উপাদান সমূহের সেটকে এর ডোমেন এবং দ্বিতীয় উপাদানসমূহের সেটকে এর রেঞ্জ বলা হয়।

খ দেওয়া আছে, $S = \{(-3, -14), (3, 0), (6, 7), (9, 14)\}$

S অন্বয়ে ক্রমজোড়গুলোর প্রথম উপাদানসমূহ $-3, 3, 6, 9$ এবং দ্বিতীয় উপাদান সমূহ $-14, 0, 7, 14$

$\therefore$ ডোম $S = \{-3, 3, 6, 9\}$ এবং রেঞ্জ $S = \{-14, 0, 7, 14\}$.

গ প্রদত্ত অন্বয়, $S = \{(-3, -14), (3, 0), (6, 7), (9, 14)\}$

অন্বয়টির ক্রমজোড়গুলোকে বিন্দু ধরে প্রাপ্ত বিন্দু $(-3, -14)$, $(3, 0)$, $(6, 7)$, $(9, 14)$। ছক কাগজের ক্ষুদ্রতম বর্গের বাহুর দৈর্ঘ্যকে একক ধরে $(-3, -14)$, $(3, 0)$, $(6, 7)$, $(9, 14)$ বিন্দুগুলো ছক কাগজে স্থাপন করে যোগ করি। এটি একটি সরলরেখা।



শিখনফল ১০ : ফাংশনের ডোমেন ও রেঞ্জ নির্ণয় করতে পারবে।

প্রশ্ন ২৮ ▸ পাঠ্যবইয়ের শিখনফল ১০-এর আলোকে প্রণীত

$A = \{x \in Z : x^2 \le 4\}$ এবং $f(y) = \frac{y^3 - 3y^2 + 1}{(1-y)\,y}$ একটি ফাংশন।

ক. $f\left(-\frac{1}{2}\right)$ এর মান নির্ণয় কর। ২

খ. প্রমাণ কর যে, $f(1-y) = f\left(\frac{1}{y}\right)$ ৪

গ. $R = \{(x, y) : x \in A, y \in A$ এবং $x + y = 1\}$ অন্বয়টিকে তালিকা পদ্ধতিতে প্রকাশ করে ডোমেন ও রেঞ্জ নির্ণয় কর। ৪

২৮নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $f(y) = \frac{y^3 - 3y^2 + 1}{(1-y)\,y}$

$\therefore\ f\left(-\frac{1}{2}\right) = \frac{\left(-\frac{1}{2}\right)^3 - 3\left(-\frac{1}{2}\right)^2 + 1}{\left\{1 - \left(-\frac{1}{2}\right)\right\}\left(-\frac{1}{2}\right)}$

$= \frac{-\frac{1}{8} - \frac{3}{4} + 1}{\left(1+\frac{1}{2}\right)\left(-\frac{1}{2}\right)} = \frac{\frac{-1-6+8}{8}}{\left(\frac{3}{2}\right)\left(-\frac{1}{2}\right)} = \frac{\frac{1}{8}}{\frac{-3}{4}}$

$= \frac{1}{8} \times \frac{4}{-3} = -\frac{1}{6}$

খ দেওয়া আছে, $f(y) = \frac{y^3 - 3y^2 + 1}{y(1-y)}$

$\therefore\ f\left(\frac{1}{y}\right) = \frac{\left(\frac{1}{y}\right)^3 - 3\left(\frac{1}{y}\right)^2 + 1}{\frac{1}{y}\left(1 - \frac{1}{y}\right)} = \frac{\frac{1}{y^3} - 3\frac{1}{y^2} + 1}{\frac{1}{y} - \frac{1}{y^2}}$

$= \frac{\frac{1-3y+y^3}{y^3}}{\frac{y-1}{y^2}} = \frac{1-3y+y^3}{y^3} \times \frac{y^2}{y-1} = \frac{1-3y+y^3}{y(y-1)}$

আবার, $f(1-y) = \frac{(1-y)^3 - 3(1-y)^2 + 1}{(1-y)(1-1+y)}$

$= \frac{1 - 3y + 3y^2 - y^3 - 3(1 - 2y + y^2) + 1}{y(1-y)}$

$= \frac{1 - 3y + 3y^2 - y^3 - 3 + 6y - 3y^2 + 1}{y(1-y)}$

$= \frac{-1 + 3y - y^3}{y(1-y)} = \frac{-(1 - 3y + y^3)}{-y\,(y-1)} = \frac{1-3y+y^3}{y(y-1)}$

$\therefore\ f\left(\frac{1}{y}\right) = f(1-y)$. (প্রমাণিত)

গ দেওয়া আছে, $A = \{x \in Z : x^2 \le 4\}$

এখানে, $Z = \{0, \pm 1, \pm 2, \pm 3, \ldots\ldots\}$

$x = 0$ হলে $x^2 = (0)^2 = 0 < 4$

$x = \pm 1$ হলে $x^2 = (\pm 1)^2 = 1 < 4$

$x = \pm 2$ হলে $x^2 = (\pm 2)^2 = 4 = 4$

$x = \pm 3$ হলে $x^2 = (\pm 3)^2 = 9 \nless 4$

$\therefore A = \{-2, -1, 0, 1, 2\}$

এবং $R = \{(x, y) : x \in A, y \in A$ এবং $x + y = 1\}$

R এর বর্ণিত শর্ত থেকে পাই, $x + y = 1$

$\therefore y = 1 - x$

www.abswer.com

www.abswer.com

এখন প্রত্যেক $x \in A$ এর জন্য y এর বিভিন্ন মান নির্ণয় করি :

x	−2	−1	0	1	2
y	3	2	1	0	−1

কিন্তু $3 \notin A$ $\therefore (-2, 3) \notin R$

$\therefore R = \{(-1, 2), (0, 1), (1, 0), (2, -1)\}$

ডোমেন, $R = \{-1, 0, 1, 2\}$ এবং রেঞ্জ, $R = \{2, 1, 0, -1\}$.

প্রশ্ন ২৯ ▸ পাঠ্যবইয়ের শিখনফল ১০-এর আলোকে প্রণীত

$A = \{0, 1, 2, 3\}$ এবং $R = \{(x, y) : x \in A, y \in A$ এবং $y = x + 1\}$

ক. P(A) নির্ণয় কর। ২

খ. R কে তালিকা পদ্ধতিতে প্রকাশ কর এবং ডোম R ও রেঞ্জ R নির্ণয় কর। ৪

গ. প্রাপ্ত R এর ক্রমজোড়সমূহকে বিন্দু ধরে ছক কাগজে স্থাপন কর। ৪

২৯নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $A = \{0, 1, 2, 3\}$

$\therefore$ $P(A) = \{\varnothing, \{0\}, \{1\}, \{2\}, \{3\}, \{0, 1\}, \{0, 2\}, \{0, 3\}, \{1, 2\}, \{1, 3\}, \{2, 3\}, \{0, 1, 2\}, \{0, 1, 3\}, \{0, 2, 3\}, \{1, 2, 3\}, \{0, 1, 2, 3\}\}$

খ দেওয়া আছে, $A = \{0, 1, 2, 3\}$

এবং $R = \{(x, y) : x \in A, y \in A$ এবং $y = x + 1\}$

R এর বর্ণিত শর্ত থেকে পাই, $y = x + 1$

এখন, প্রত্যেক $x \in A$ এর জন্য $y = x + 1$ এর মান নির্ণয় করি।

x	0	1	2	3
y	1	2	3	4

যেহেতু $4 \notin A$, কাজেই $(3, 4) \notin R$

$\therefore R = \{(0, 1), (1, 2), (2, 3)\}$

ডোম $R = \{0, 1, 2\}$ এবং রেঞ্জ $R = \{1, 2, 3\}$

গ খ-হতে প্রাপ্ত, $R = \{(0, 1), (1, 2), (2, 3)\}$

R এর ক্রমজোড় সমূহকে বিন্দু ধরে প্রাপ্ত বিন্দুসমূহ (0, 1), (1, 2), (2, 3) ছক কাগজে প্রতি ক্ষুদ্রবর্গের বাহুকে একক ধরে (0, 1), (1, 2), (2, 3) বিন্দুগুলো ছক কাগজে স্থাপন করে যোগ করি। এটি একটি সরলরেখা।



শিখনফল ১১ : ফাংশনের লেখচিত্র অঙ্কন করতে পারব।

প্রশ্ন ৩০ ▸ পাঠ্যবইয়ের শিখনফল ১১-এর আলোকে প্রণীত

$A = \{3, 4, 5\}$ এবং $B = \{4, 5, 6\}$

ক. $B \times A$ এর মান কত? ২

খ. A ও B এর উপাদানগুলোর মধ্যে $x = y - 1$ সম্পর্ক বিবেচনায় এনে, অন্বয় নির্ণয় কর। ৪

গ. প্রাপ্ত অন্বয়ের ক্রমজোড়গুলোকে বিন্দু ধরে, প্রাপ্ত বিন্দুসমূহ ছক কাগজে স্থাপন করে দেখাও যে, বিন্দুসমূহ একই সরলরেখায় অবস্থিত। ৪

৩০নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $A = \{3, 4, 5\}$ এবং $B = \{4, 5, 6\}$

$\therefore$ $B \times A = \{4, 5, 6\} \times \{3, 4, 5\}$
$= \{(4, 3), (4, 4), (4, 5), (5, 3), (5, 4), (5, 5), (6, 3), (6, 4), (6, 5)\}$

খ প্রশ্নমতে, অন্বয়টি $R = \{(x, y) : x \in A, y \in B$ এবং $x = y - 1\}$

এখানে, $A \times B = \{3, 4, 5\} \times \{4, 5, 6\}$
$= \{(3, 4), (3, 5), (3, 6), (4, 4), (4, 5), (4, 6), (5, 4), (5, 5), (5, 6)\}$

$\therefore$ প্রদত্ত সম্পর্ক অনুসারে $R = \{(3, 4), (4, 5), (5, 6)\}$

গ খ-হতে প্রাপ্ত অন্বয় $R = \{(3, 4), (4, 5), (5, 6)\}$

প্রাপ্ত অন্বয়ের ক্রমজোড়গুলোকে বিন্দু ধরে প্রাপ্ত বিন্দুসমূহ (3, 4), (4, 5), (5, 6) ছক কাগজের ক্ষুদ্রতম বর্গের বাহুর দৈর্ঘ্যকে একক ধরে (3, 4), (4, 5), (5, 6) বিন্দুগুলো ছক কাগজে স্থাপন করে যোগ করি। এটি একটি সরলরেখা।



সুতরাং (3, 4), (4, 5), (5, 6) বিন্দুসমূহ একই সরলরেখায় অবস্থিত।
(দেখানো হলো)

প্রশ্ন ৩১ ▸ পাঠ্যবইয়ের শিখনফল ১১-এর আলোকে প্রণীত

$S = \{(-1, 1), (1, 2), (11, 7)\}$ একটি অন্বয়।

ক. অন্বয়ে ক্রমজোড়গুলোর প্রথম উপাদানসমূহ লেখ। ২

খ. অন্বয়টির ডোমেন ও রেঞ্জ নির্ণয় কর। ৪

গ. অন্বয়টির ক্রমজোড়গুলোকে বিন্দু ধরে ছক কাগজে স্থাপন কর। ৪

৩১নং প্রশ্নের সমাধান

ক প্রদত্ত অন্বয়, $S = \{(-1, 1), (1, 2), (11, 7)\}$

S অন্বয়ে ক্রমজোড়গুলোর প্রথম উপাদানসমূহ −1, 1, 11.

খ প্রদত্ত অন্বয়, $S = \{(-1, 1), (1, 2), (11, 7)\}$

$\therefore$ S অন্বয়ে ক্রমজোড়গুলোর প্রথম উপাদানসমূহ −1, 1, 11 এবং দ্বিতীয় উপাদানসমূহ 1, 2, 7.

$\therefore$ ডোম $S = \{-1, 1, 11\}$ এবং রেঞ্জ $S = \{1, 2, 7\}$

গ প্রদত্ত অন্বয়, $S = \{(-1, 1), (1, 2), (11, 7)\}$

অন্বয়টির ক্রমজোড়গুলোকে বিন্দু ধরলে প্রাপ্ত বিন্দু (−1, 1), (1, 2), (11, 7). ছক কাগজের মাঝামাঝি XOX' ও YOY' অক্ষ দুইটি টানি। এখন ক্ষুদ্রতম বর্গের বাহুর দৈর্ঘ্যকে একক ধরে (−1, 1), (1, 2) এবং (11, 7) বিন্দু তিনটি স্থাপন করি।



বিন্দু তিনটি যোগ করলে লেখ থেকে একটি সরলরেখা পাওয়া যায়। সুতরাং বিন্দু তিনটি একই সরলরেখায় অবস্থিত।

www.abswer.com

www.abswer.com

সমন্বিত অধ্যায় ও অনুশীলনমূলক কাজ নির্ভর সৃজনশীল প্রশ্ন ও সমাধান — নতুন পাঠ্যবইয়ের আলোকে প্রণীত

প্রশ্ন ৩২ ▶ অনুশীলনী ১ ও ২.২ এর সমন্বয়ে প্রণীত

$n \in N$ এর জন্য $x = 2n - 1$ এবং $R = \{(x, y) : x \in A, y \in A$ এবং $x + y = 1\}$ যেখানে $A = \{-2, -1, 0, 1, 2\}$

ক. $7.3\dot{2}$ কে $0.2\dot{7}$ দ্বারা ভাগ কর। ২

খ. দেখাও যে, x^2 কে ৪ (আট) দ্বারা ভাগ করলে প্রতিক্ষেত্রে 1 ভাগশেষ থাকবে। ৪

গ. R অন্বয়টিকে তালিকা পদ্ধতিতে প্রকাশ করে এর ডোমেন ও রেঞ্জ নির্ণয় কর। অন্বয়টি কী একটি ফাংশন? ৪

৩২নং প্রশ্নের সমাধান

ক $7.3\dot{2} = \frac{732 - 7}{99} = \frac{725}{99}$

$0.2\dot{7} = \frac{27 - 2}{90} = \frac{25}{90} = \frac{5}{18}$

$\therefore \quad 7.3\dot{2} \div 0.2\dot{7} = \frac{725}{99} \div \frac{5}{18} = \frac{725}{99} \times \frac{18}{5} = \frac{290}{11} = 26.\dot{3}\dot{6}$

নির্ণেয় ভাগফল $26.\dot{3}\dot{6}$.

খ প্রদত্ত বিজোড় স্বাভাবিক সংখ্যা,

$x = 2n - 1$, যেখানে $n \in N$

বা, $x^2 = (2n - 1)^2$ [বর্গ করে]

$= (2n)^2 - 2 \cdot 2n \cdot 1 + 1^2 = 4n^2 - 4n + 1 = 4n(n - 1) + 1$

যেহেতু n এবং n − 1 দুইটি ক্রমিক স্বাভাবিক সংখ্যা, সেহেতু এদের মধ্যে একটি জোড় সংখ্যা হবেই।

অর্থাৎ $n(n - 1)$ সংখ্যাটি 2 দ্বারা বিভাজ্য।

$\therefore$ $4n(n - 1)$ সংখ্যাটি 4×2 বা ৪ দ্বারা বিভাজ্য।

$\therefore$ $4n(n - 1) + 1$ সংখ্যাটিকে ৪ দ্বারা ভাগ করলে ভাগশেষ 1 হবে।

সুতরাং প্রদত্ত সংখ্যার বর্গকে ৪ দ্বারা ভাগ করলে প্রতিক্ষেত্রে ভাগশেষ 1 হবে। (দেখানো হলো)

গ দেওয়া আছে, $R = \{(x, y) : x \in A, y \in A$ এবং $x + y = 1\}$,

এবং $A = \{-2, -1, 0, 1, 2\}$

R এর বর্ণিত শর্ত থেকে পাই,

$x + y = 1$

$\therefore \quad y = 1 - x.$

এখন, $x \in A$ এর জন্য y এর বিভিন্ন মান নির্ণয় করি :

x	−2	−1	0	1	2
y	3	2	1	0	−1

কিন্তু $3 \notin A \therefore (-2, 3) \notin R$

$\therefore \quad R = \{(-1, 2), (0, 1), (1, 0), (2, -1)\}$

প্রদত্ত অন্বয়টি একটি ফাংশন। কেননা x এর যেকোনো একটি মানের জন্য y এর একটি মাত্র মান পাওয়া যায়।

প্রশ্ন ৩৩ ▶ অনুশীলনী ২.১ ও ২.২ এর সমন্বয়ে প্রণীত

$A = \{x \in R : x^3 - 6x^2 + 11x - 6 = 0\}$, $B = \{3, 4, 5\}$, $C = \{4, 5, 6\}$

এবং $f(x) = \frac{x^3 - 3x^2 + 1}{x(1 - x)}$.

ক. A সেটটিকে তালিকা পদ্ধতিতে প্রকাশ কর। ২

খ. প্রমাণ কর যে, $A \times (B \cap C) = (A \times B) \cap (A \times C)$. ৪

গ. প্রমাণ কর যে, $f\left(\frac{1}{x}\right) = f(1 - x)$. ৪

৩৩নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $A = \{x \in R : x^3 - 6x^2 + 11x - 6 = 0\}$

এখানে, $x^3 - 6x^2 + 11x - 6 = 0$

বা, $x^3 - x^2 - 5x^2 + 5x + 6x - 6 = 0$

বা, $x^2(x - 1) - 5x(x - 1) + 6(x - 1) = 0$

বা, $(x - 1)(x^2 - 5x + 6) = 0$

বা, $(x - 1)(x^2 - 3x - 2x + 6) = 0$

বা, $(x - 1)\{x(x - 3) - 2(x - 3)\} = 0$

বা, $(x - 1)(x - 3)(x - 2) = 0$

হয়, $x - 1 = 0$ | অথবা, $x - 3 = 0$ | এবং $x - 2 = 0$

$\therefore x = 1$ | $\therefore x = 3$ | $\therefore x = 2$

$\therefore A = \{1, 2, 3\}$

খ 'ক' হতে প্রাপ্ত, $A = \{1, 2, 3\}$

দেওয়া আছে, $B = \{3, 4, 5\}$

এবং $C = \{4, 5, 6\}$

এখন, $B \cap C = \{3, 4, 5\} \cap \{4, 5, 6\} = \{4, 5\}$

এবং $A \times B = \{1, 2, 3\} \times \{3, 4, 5\}$

$= \{(1, 3), (1, 4), (1, 5), (2, 3), (2, 4), (2, 5), (3, 3), (3, 4), (3, 5)\}$

এবং $A \times C = \{1, 2, 3\} \times \{4, 5, 6\}$

$= \{(1, 4), (1, 5), (1, 6), (2, 4), (2, 5), (2, 6), (3, 4), (3, 5), (3 6)\}$

বামপক্ষ $= A \times (B \cap C)$

$= \{1, 2, 3\} \times \{4, 5\}$

$= \{(1, 4), (1, 5), (2, 4), (2, 5), (3, 4), (3, 5)\}$

ডানপক্ষ $= (A \times B) \cap (A \times C)$

$= \{(1, 3), (1, 4), (1, 5), (2, 3), (2, 4), (2, 5) (3, 3), (3, 4) (3, 5)\} \cap \{(1, 4), 1, 5), (1, 6), (2, 4), (2, 5), (2, 6), (3, 4), (3, 5), (3, 6)\}$

$= \{(1, 4), (1, 5), (2, 4), (2, 5), (3, 4), (3, 5)\}$

$\therefore A \times (B \cap C) = (A \times B) \cap (A \times C)$ (প্রমাণিত)

গ দেওয়া আছে, $f(x) = \frac{x^3 - 3x^2 + 1}{x(1 - x)}$

$$\therefore \quad f\left(\frac{1}{x}\right) = \frac{\left(\frac{1}{x}\right)^3 - 3.\left(\frac{1}{x}\right)^2 + 1}{\frac{1}{x}\left(1 - \frac{1}{x}\right)}$$

$$= \frac{\frac{1}{x^3} - 3.\frac{1}{x^2} + 1}{\frac{1}{x} - \frac{1}{x^2}} = \frac{\frac{1 - 3x + x^3}{x^3}}{\frac{x - 1}{x^2}}$$

$$= \frac{1 - 3x + x^3}{x^3} \times \frac{x^2}{x - 1} = \frac{1 - 3x + x^3}{x(x - 1)}$$

$$\text{আবার, } f(1 - x) = \frac{(1 - x)^3 - 3.(1 - x)^2 + 1}{(1 - x)(1 - 1 + x)}$$

$$= \frac{1 - 3x + 3x^2 - x^3 - 3(1 - 2x + x^2) + 1}{x(1 - x)}$$

$$= \frac{1 - 3x + 3x^2 - x^3 - 3 + 6x - 3x^2 + 1}{x(1 - x)}$$

$$= \frac{-1 + 3x - x^3}{x(1 - x)} = \frac{-(1 - 3x + x^3)}{-x(x - 1)} = \frac{1 - 3x + x^3}{x(x - 1)}$$

$\therefore \quad f\left(\frac{1}{x}\right) = f(1 - x)$. (প্রমাণিত)

www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ৩৪ ▶ অনুশীলনী ২.১ ও ২.২ এর সমন্বয়ে প্রণীত

$A = \{x : x \in N$ এবং $x^2 - 4x + 3 = 0\}$,

$B = \{x \in N : x \leq 6$ এবং x মৌলিক সংখ্যা$\}$

এবং $R = \{(x, y) : x \in C, y \in C$ এবং $x - y = 1\}$,

যেখানে $C = \{-2, -1, 0, 1, 2\}$

ক. A কে তালিকা পদ্ধতিতে প্রকাশ কর। ২

খ. (A – B) নির্ণয় কর এবং দেখাও যে, P(A ∩ B), 2^n সূত্রকে সমর্থন করে। ৪

গ. R এর ডোমেন এবং রেঞ্জ নির্ণয় কর। ৪

৩৪নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $A = \{x : x \in N$ এবং $x^2 - 4x + 3 = 0\}$

এখানে, $x^2 - 4x + 3 = 0$

বা, $x^2 - 3x - x + 3 = 0$

বা, $x(x - 3) - 1(x - 3) = 0$

বা, $(x - 3)(x - 1) = 0$

হয়, $x - 3 = 0$ অথবা, $x - 1 = 0$

$\therefore x = 3$ $\therefore x = 1$

নির্ণেয় সেট, $A = \{1, 3\}$

খ ক হতে, $A = \{1, 3\}$

দেওয়া আছে, $B = \{x \in N : x \leq 6$ এবং x মৌলিক সংখ্যা$\}$

6 থেকে ছোট বা সমান মৌলিক সংখ্যা হলো : 2, 3, 5

$\therefore B = \{2, 3, 5\}$

$\therefore A - B = \{1, 3\} - \{2, 3, 5\} = \{1\}$

এখন, $A \cap B = \{1, 3\} \cap \{2, 3, 5\} = \{3\}$

$\therefore P(A \cap B) = \{\varnothing, \{3\}\}$

এখানে, $A \cap B$ এর উপাদান সংখ্যা, n = 1

$\therefore P(A \cap B)$ এর উপাদান সংখ্যা $= 2 = 2^1 = 2^n$

সুতরাং $P(A \cap B)$, 2^n সূত্রকে সমর্থন করে। (দেখানো হলো)

গ দেওয়া আছে, $R = \{(x, y) : x \in C, y \in C$ এবং $x - y = 1\}$

যেখানে, $C = \{-2, -1, 0, 1, 2\}$

R এর বর্ণিত শর্ত থেকে পাই, $x - y = 1$ বা, $y = x - 1$

প্রত্যেক $x \in C$ এর জন্য $y = x - 1$ এর মান নির্ণয় করি :

x	–2	–1	0	1	2
y	–3	–2	–1	0	1

যেহেতু $-3 \notin C$, কাজেই $(-2, -3) \notin R$

$\therefore R = \{(-1, -2), (0, -1), (1, 0), (2, 1)\}$

$\therefore$ ডোম $R = \{-1, 0, 1, 2\}$ এবং রেঞ্জ $R = \{-2, -1, 0, 1\}$.

প্রশ্ন ৩৫ ▶ পাঠ্যবইয়ের ৩৪ পৃষ্ঠার কাজের আলোকে প্রণীত

$C = \{2, 5, 6\}$ এবং $D = \{4, 5\}$

ক. C ও D এর উপাদান সংখ্যা কত? ২

খ. $C \cup D$ এবং $C \cap D$ নির্ণয় কর। ৪

গ. C ও D এর উপাদানগুলোর মধ্যে $x \leq y$ বিবেচনা করে অন্বয় নির্ণয় কর। ৪

৩৫নং প্রশ্নের সমাধান

ক এখানে, $C = \{2, 5, 6\}$ এবং $D = \{4, 5\}$

$\therefore$ C এর উপাদান সংখ্যা 3

এবং D এর উপাদান সংখ্যা 2

খ দেওয়া আছে, $C = \{2, 5, 6\}$ এবং $D = \{4, 5\}$

$\therefore C \cup D = \{2, 5, 6\} \cup \{4, 5\} = \{2, 4, 5, 6\}$

এবং $C \cap D = \{2, 5, 6\} \cap \{4, 5\} = \{5\}$

নির্ণেয় $C \cup D = \{2, 4, 5, 6\}$ এবং $C \cap D = \{5\}$.

গ দেওয়া আছে, $C = \{2, 5, 6\}$ এবং $D = \{4, 5\}$

প্রশ্নানুসারে, অন্বয় $R = \{(x, y) : x \in C, y \in D$ এবং $x \leq y\}$

এখানে, $C \times D = \{2, 5, 6\} \times \{4, 5\}$

$= \{(2, 4), (2, 5), (5, 4), (5, 5), (6, 4), (6, 5)\}$

$\therefore R = \{(2, 4), (2, 5), (5, 5)\}$

নির্ণেয় অন্বয় $\{(2, 4), (2, 5), (5, 5)\}$.

অধিক অনুশীলনের জন্য আরও সৃজনশীল প্রশ্ন ও উত্তর — প্রশ্নব্যাংক আকারে উপস্থাপিত

৩৬। $f(x) = \frac{3x + 2}{3x - 2}$ এবং $g(x) = x^4 + 9x^2 + 11kx + 6k$ দুইটি ফাংশন।

ক. $f\left(-\frac{2}{3}\right)$ এর মান নির্ণয় কর। ২

খ. $\dfrac{f\left(\frac{1}{x}\right) + 1}{f\left(\frac{1}{x}\right) - 1}$ এর মান নির্ণয় কর। ৪

গ. k এর কোন মানের জন্য $g(-1) = 0$ হবে? ৪

উত্তর : (ক) 0; (খ) $\frac{3}{2x}$; (গ) k = 2.

৩৭। $f(t) = \frac{1 + t^2 + t^4}{t^2}$.

ক. $f\left(\frac{1}{2}\right)$, $f(1)$ এর মান কত? ২

খ. দেখাও যে, $f\left(\frac{1}{t}\right) = f(t)$. ৪

গ. $f(t) = 4$ হলে, $t + \frac{1}{t} =$ কত? ৪

উত্তর : (ক) $\frac{21}{4}$, 3. (গ) $\pm\sqrt{5}$.

৩৮। $f(x) = x^2 - 2ax + (a + b)(a - b)$ এবং $f(y) = \frac{3y + 1}{3y - 1}$ দুইটি ফাংশন।

ক. $f(y) = 9$ হলে, y এর মান নির্ণয় কর। ২

খ. x এর কোন মানের জন্য $f(x) = 0$ হবে। x এর মানদ্বয়ের ক্রমজোড় = (5, 3) হলে a ও b এর মান নির্ণয় কর। ৪

গ. $\dfrac{f\left(\frac{1}{y}\right) + 2}{f\left(\frac{1}{y}\right) - 3}$ এর মান নির্ণয় কর। ৪

উত্তর : (ক) $\frac{5}{12}$; (খ) a = 4, b = 1; (গ) $\frac{9 - y}{4y - 6}$.

৩৯। $f(x) = \frac{4x + 1}{4x - 1}$; $g(x) = \frac{x^3 - 3x^2 + 1}{-x(1 - x)}$

ক. $f(-1)$ এবং $f\left(\frac{1}{2}\right)$ নির্ণয় কর। ২

খ. $f\left(\frac{1}{x^2}\right) = 3$ হলে $\left(x^2 + \frac{1}{x^2}\right)$ নির্ণয় কর। ৪

গ. দেখাও যে, $g\left(\frac{1}{x}\right) = g(1 - x)$ ৪

উত্তর : (ক) $\frac{3}{5}$, 3; (খ) $\frac{5}{2}$.

www.abswer.com

www.abswer.com

৪০। $f(x) = \frac{4x+1}{4x-1}$ একটি ফাংশন।

ক. $f(-1)$ এবং $f\left(\frac{1}{2}\right)$ এর মান কত? ২

খ. $\frac{f\left(\frac{1}{x}\right)+1}{f\left(\frac{1}{x}\right)-1}$ এর মান নির্ণয় কর। ৪

গ. $f\left(\frac{1}{x^2}\right) = 3$ হয় তবে $\left(x^2+\frac{1}{x^2}\right)^2$ এর মান কত হবে নির্ণয় কর। ৪

উত্তর : (ক) 3; (খ) $\frac{4}{x}$; (গ) $\frac{25}{4}$.

৪১। $f(x) = \frac{5x+1}{5x-1}$, $g(y) = \frac{y^3-3y^2+1}{y(1-y)}$

ক. $f(-1)$ এবং $f\left(\frac{1}{2}\right)$ নির্ণয় কর। ২

খ. $\frac{f\left(\frac{1}{y^2}\right)+1}{f\left(\frac{1}{y^2}\right)-1}$ এর মান নির্ণয় কর। ৪

গ. দেখাও যে, $g\left(\frac{1}{y}\right) = g(1-y)$. ৪

উত্তর : (ক) $\frac{2}{3}$ এবং $\frac{7}{3}$, (খ) $\frac{5}{y^2}$.

অনুশীলনমূলক কাজ অংশ — Practice Activities Section

প্রিয় শিক্ষার্থী, পাঠ্যবইয়ের এ অধ্যায়ে অনুশীলনমূলক কাজ (একক ও দলগত) দেওয়া আছে। কাজগুলোর পূর্ণাঙ্গ সমাধান পাঠ্যবইয়ের পৃষ্ঠা নম্বর উল্লেখ করে নিচে প্রদত্ত হলো। তোমরা এ কাজগুলো একক বা দলগতভাবে সম্পাদন করে মূল্যায়নের জন্য শ্রেণি শিক্ষকের নিকট জমা দিবে।

▸▸ অনুশীলনমূলক কাজ :
▪ পাঠ্যবইয়ের পৃষ্ঠা ৩৪

কাজ ▸ যদি C = {2, 5, 6}, D = {4, 5} এবং C ও D এর উপাদানগুলোর মধ্যে $x \leq y$ সম্পর্ক বিবেচনায় থাকে তবে সংশ্লিষ্ট অন্বয় নির্ণয় কর।

সমাধান : দেওয়া আছে, C = {2, 5, 6} এবং D = {4, 5}

প্রশ্নানুসারে, অন্বয় $R = \{(x, y) : x \in C, y \in D$ এবং $x \leq y\}$

এখানে, $C \times D = \{2, 5, 6\} \times \{4, 5\} = \{(2, 4), (2, 5), (5, 4), (5, 5), (6, 4), (6, 5)\}$

$\therefore \quad R = \{(2, 4), (2, 5), (5, 5)\}$

নির্ণেয় অন্বয় {(2, 4), (2, 5), (5, 5)}.

▸▸ অনুশীলনমূলক কাজ :
● পাঠ্যবইয়ের পৃষ্ঠা ৩৫

কাজ ক ▸ S = {(– 3, 8), (– 2, 3), (– 1, 0), (0, – 1), (1, 0), (2, 3)} হলে, S এর ডোমেন ও রেঞ্জ নির্ণয় কর।

সমাধান : দেওয়া আছে, S = {(– 3, 8), (– 2, 3), (– 1, 0), (0, – 1), (1, 0), (2, 3)}

S অন্বয়ে ক্রমজোড়গুলোর প্রথম উপাদানসমূহ – 3, – 2, – 1, 0, 1, 2

এবং দ্বিতীয় উপাদানসমূহ 8, 3, 0, – 1, 0, 3

∴ ডোম S = {– 3, – 2, – 1, 0, 1, 2} এবং রেঞ্জ S = {8, 3, 0, – 1}

কাজ খ ▸ $S = \{(x, y) : x, y \in A$ এবং $y - x = 1\}$, যেখানে A = {– 3, – 2, – 1, 0} হলে, ডোম S ও রেঞ্জ S নির্ণয় কর।

সমাধান : দেওয়া আছে,

$S = \{(x, y) : x \in A, y \in A$ এবং $y - x = 1\}$

যেখানে A = {– 3, – 2, – 1, 0}

S এর বর্ণিত শর্ত থেকে পাই,

$y - x = 1$

বা, $y = x + 1$

এখন, প্রত্যেক $x \in A$ এর জন্য $y = x + 1$ এর মান নির্ণয় করি।

x	– 3	– 2	– 1	0
y	– 2	– 1	0	1

যেহেতু $1 \notin A$, কাজেই $(0, 1) \notin S$

∴ S = {(– 3, – 2), (– 2, – 1), (– 1, 0)}

∴ ডোম S = {– 3, – 2, – 1}

এবং রেঞ্জ S = {– 2, – 1, 0}.

PART 03 এক্সক্লুসিভ সাজেশন্স — Exclusive Suggestions

মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক নির্বাচিত ১০০% প্রস্তুতি উপযোগী প্রশ্ন সংবলিত এক্সক্লুসিভ সাজেশন্স

স্কুল ও এসএসসি পরীক্ষায় সৃজনশীল অংশে সেরা প্রস্তুতির জন্য নিচের ছকে প্রদত্ত গুরুত্বসূচক চিহ্ন সংবলিত প্রশ্নের সমাধান ভালোভাবে অনুশীলন করবে। বহুনির্বাচনি প্রশ্ন অধ্যায়ের যেকোনো লাইন হতে আসতে পারে বিধায় প্রশ্নসংখ্যা উল্লেখ করে সাজেশন্স প্রদান করলে তা কমনের নিশ্চয়তা প্রদান করে না। এজন্য বহুনির্বাচনি অংশে ১০০% প্রস্তুতি নিশ্চিত করতে PART 02 এর প্রশ্নসমূহের উত্তর ভালোভাবে অনুশীলন করবে এবং PART 04 এ পরীক্ষা দিবে।

বিষয়/ শিরোনাম		গুরুত্বসূচক চিহ্ন		
		৭ স্টার	৫ স্টার	৩ স্টার
বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর		PART 02 (অনুশীলন অংশ) এর সব বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর স্কুল ও এসএসসি পরীক্ষার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।		
সৃজনশীল প্রশ্ন ও সমাধান	অনুশীলনী ২.১	২, ৬, ১০, ১৭, ২৩, ৩১	৩, ৭, ১৩, ১৯, ২৫, ৩০	৪, ৯, ১৫, ২১, ২৭, ২৯
	অনুশীলনী ২.২	৪, ৭, ১১, ১৭, ২১, ২৭, ৩০	৫, ১০, ১৫, ১৯, ২২, ২৮, ৩১	৩, ৬, ১২, ১৮, ২৪, ২৬, ৩২

www.abswer.com

www.abswer.com

PART 04 যাচাই ও মূল্যায়ন Assessment & Evaluation

অধ্যায়ভিত্তিক প্রস্তুতি যাচাই ও মূল্যায়নের জন্য মডেল টেস্ট আকারে বহুনির্বাচনি ও সৃজনশীল প্রশ্নপত্র ও উত্তরমালা

পরীক্ষাপ্রস্তুতি যাচাই ও মূল্যায়নের জন্য বহুনির্বাচনি প্রশ্নব্যাংক ও উত্তরমালা (মডেল টেস্ট আকারে প্রদত্ত)

বহুনির্বাচনি মডেল টেস্ট

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[বহুনির্বাচনি প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক /সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোন প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. জর্জ ক্যান্টরের সেটের ধারণা কী নামে পরিচিত?
ক সংখ্যা তত্ত্ব খ সেট তত্ত্ব গ মূলদ তত্ত্ব ঘ অমূলদ তত্ত্ব

২. $\{x \in N : x^2 > 15$ এবং $x^3 < 100\}$ এর তালিকাবদ্ধ পদ্ধতির সেট কোনটি?
ক $\{2\}$ খ $\{3\}$ গ $\{4\}$ ঘ $\{5\}$

৩. ভেনচিত্র কে আবিষ্কার করেন?
ক নিউটন খ লিবনীজ গ জন ভেন ঘ ফার্মার

৪. কোনো সেটের উপাদান সংখ্যা 4 হলে, এর উপসেট সংখ্যা কত?
ক 2 খ 4 গ 15 ঘ 16

৫. A সেটের উপাদান সংখ্যা n হলে, P(A)-এর উপাদান সংখ্যা কত?
ক 4n খ 2n গ n^2 ঘ 2^n

৬. $A = \{a, b, c, d\}, B = \{b, c, d, e\}$ হলে $P(A \cap B)$ এর সদস্য সংখ্যা নিচের কোনটি?
ক 3 খ 5 গ 8 ঘ 32

৭. যদি $(2x + y, 3) = (6, x - y)$ হয়, তবে $(x + y)^2$ এর মান কত?
ক 7 খ 8 গ 9 ঘ 10

৮. সার্বিক সেট $U = \{5, 6, 7, 8\}$ হলে, $A = \{6, 8\}$ এর পূরক সেট কোনটি?
ক $\{5, 7, 9\}$ খ $\{6, 9\}$ গ $\{5, 7\}$ ঘ $\{5, 8, 9\}$

৯. $\{x \in N : 9 < x < 10\}$ সেটটির তালিকা রূপ কোনটি?
ক $\{0\}$ খ $\{10\}$
গ $\{9, 10\}$ ঘ ϕ

১০. $A = \{2, 3, 4\}, B = \{2, 5\}$ হলে, $A \times B$ এর উপাদান সংখ্যা কত?
ক 6 খ 4 গ 2 ঘ 1

১১. $A = \{a, b, c\}$ এবং $B = \{b, c\}$ হয়, তবে $P(A \backslash B)$ এর উপাদান সংখ্যা কত?
ক 8 খ 4 গ 2 ঘ 1

১২. কোন সেটের উপাদান সংখ্যা 4n হলে, এর উপসেটের সংখ্যা কতটি হবে?
ক 2^n খ 2^{2n} গ 4^n ঘ 4^{2n}

১৩. $(x + y, 1) = (3, x - y)$ হলে—
i. $x + y = 1$
ii. $x - y = 1$
iii. $x = 2$
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

■ নিচের তথ্য থেকে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :
$U = \{1, 2, 3, 4, 5, 6\}, A = \{1, 3, 5\}\ B = \{2, 4, 6\}$

১৪. $A' \cup B'$ এর মান নিচের কোনটি?
ক $\{1, 3, 5\}$ খ $\{2, 4, 6\}$
গ $\{1, 2, 3, 4, 5, 6\}$ ঘ ϕ

১৫. $(A \cap B)'$ এর মান নিচের কোনটি?
ক $\{1, 2, 3, 4, 5, 6\}$ খ $\{2, 4, 6\}$
গ $\{1, 3, 5\}$ ঘ $\{\}$

১৬. $y = x^2 - 8x + 2$ হলে, অধীন চলক কোনটি?
ক x খ y গ $x^2 - 8x + 2$ ঘ $x^2 - 8x$

১৭. যদি $f(x) = x^3 + kx^2 - 4x - 8$ হয়, তবে k এর কোন মানের জন্য $f(-2) = 0$ হবে?
ক -2 খ 2 গ 0 ঘ k

১৮. x অক্ষের উপর কোন বিন্দুর কোটি কত?
ক 1 খ 0 গ x ঘ y

১৯. $f(x) = 2x - 16$ হলে, x এর কোন মানের জন্য $f(x) = 0$ হবে?
ক 16 খ 2 গ 8 ঘ 4

২০. সর্বপ্রথম বীজগণিত ও জ্যামিতির মধ্যে সম্পর্ক স্থাপনে অগ্রণী ভূমিকা পালন করেন কে?
ক লিবনীজ খ নিউটন গ রেনে দেকার্তে ঘ জন ভেন

২১. $f(x) = x^3 - x^2 - x - \frac{1}{8}$ হলে, $f\left(-\frac{1}{2}\right) =$ কত?
ক $-\frac{7}{8}$ খ $-\frac{3}{2}$ গ 0 ঘ 1

২২. $S = \{(2, 1), (-2, 2), (2, 3)\}$ অন্বয়টির ডোমেন কোনটি?
ক $\{2\}$ খ $\{-2, 2\}$ গ $\{1, 2, 3\}$ ঘ $\{1, 2\}$

২৩. $f(x) = x^2 - 2x + a, f(1) = 0$ হলে, $a = ?$
ক 1 খ 2 গ 3 ঘ 0

২৪. $f(x) = x^2 - 4x + 3$ হলে, $f(-2)$ এর মান কত?
ক 1 খ 6 গ 12 ঘ 15

২৫. $S = \{(-2, 4), (-1, 1), (1, 1), (2, 4)\}$ অন্বয়টির ডোমেন নিচের কোনটি?
ক $\{-2, -1, 1, 2\}$ খ $\{4, 1, 1, 4\}$
গ $\{4, 1\}$ ঘ $\{-2, -1, 2\}$

২৬. যদি $g(x) = 2x^3 + ax^2 + 2x + 2$ হয় তবে a এর কোন মানের জন্য $g(-1) = 0$ হবে?
ক 0 খ 1 গ 2 ঘ 3

২৭. $f(x) = x^2 + 1$ হলে, $f(-1) =$ কত?
ক 0 খ 1 গ 2 ঘ 4

২৮. $f(x) = x^2 - 3x + 2$ হলে এর উৎপাদক—
i. $x - 3$
ii. $x - 2$
iii. $x - 1$
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

■ নিচের তথ্যের আলোকে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :
$f(x) = x^2 - 4x + 3$

২৯. $f\left(-\frac{1}{2}\right) =$ কত?
ক $\frac{5}{4}$ খ $\frac{29}{8}$ গ $\frac{15}{4}$ ঘ $\frac{21}{4}$

৩০. x-এর কোন মানের জন্য $f(x) = 0$ হবে?
ক $-1, 3$ খ $1, -3$ গ $-1, -3$ ঘ $1, 3$

উত্তরমালা ▶ বহুনির্বাচনি

১	খ	২	গ	৩	গ	৪	ঘ	৫	ঘ	৬	গ	৭	গ	৮	গ	৯	ঘ	১০	ক	১১	গ	১২	ঘ	১৩	গ	১৪	গ	১৫	ক
১৬	ক	১৭	খ	১৮	খ	১৯	গ	২০	গ	২১	গ	২২	খ	২৩	ক	২৪	ঘ	২৫	ক	২৬	গ	২৭	গ	২৮	গ	২৯	ঘ	৩০	ঘ

www.abswer.com

www.abswer.com

অধ্যায় ০৩

বীজগাণিতিক রাশি
Algebraic Expressions



এ অধ্যায়ে অনন্য সংযোজন

শিখনফল ও বোর্ড প্রশ্নপত্র বিশ্লেষণ | পাঠ্যবইয়ের সূত্রসহ প্রশ্ন ও সমাধান | বোর্ড ও স্কুল প্রশ্ন ও সমাধান | সমন্বিত অধ্যায়ের প্রশ্ন ও সমাধান | যাচাই ও মূল্যায়ন

অধ্যায়ের সিলেবাস

• বীজগাণিতিক রাশি • ধ্রুবক ও চলক • বর্গ সংবলিত সূত্রাবলি ও তার প্রয়োগ • বর্গ রাশির সম্প্রসারণ • ঘন সংবলিত সূত্রাবলি ও প্রয়োগ • ঘন রাশির সম্প্রসারণ • উৎপাদকে বিশ্লেষণ • সাধারণ উৎপাদকে বিশ্লেষণ • পূর্ণবর্গ আকারে বিশ্লেষণ • দুইটি বর্গের অন্তররূপে বিশ্লেষণ • ভাগশেষ উপপাদ্য ব্যাখ্যা • বাস্তব সমস্যা সমাধানের বীজগাণিতিক সূত্র গঠন ও প্রয়োগ।

প্রাথমিক আলোচনা — Primary Discussion

প্রক্রিয়া চিহ্ন ও সংখ্যা নির্দেশক অক্ষর প্রতীকের অর্থবোধক বিন্যাসকে বীজগাণিতিক রাশি বলা হয়। যেমন $3a + 4b - 5c$ একটি বীজগাণিতিক রাশি। বীজগাণিতিক রাশিতে ব্যবহৃত সংখ্যাগুলো ধ্রুবক। এদের মান নির্দিষ্ট বীজগাণিতিক রাশিগুলো এক বা একাধিক সংখ্যাবিশিষ্ট হতে পারে। সেজন্য উক্ত রাশির উৎপাদকগুলোও এক বা একাধিক পদবিশিষ্ট হতে পারে। বহুপদীর সকল সহগ পূর্ণসংখ্যা বলে ধরা হবে। যদি বহুপদীটিতে অনির্দেশকের সর্বোচ্চ ঘাতের সহগ 1 হয়, তবে এর যেকোনো সরল উৎপাদক $x - a$ আকারের হবে, যেখানে a পূর্ণসংখ্যা এবং বহুপদীটির ধ্রুব পদের উৎপাদক। যদি সর্বোচ্চ ঘাতের সহগ 1 না হয়, তবে যেকোনো সরল উৎপাদক $ax + b$ আকারের হবে যেখানে a ও b পূর্ণসংখ্যা, a সর্বোচ্চ ঘাতের সহগের উৎপাদক এবং b ধ্রুবপদের উৎপাদক।

ওয়েব লিংকড তথ্য সংযোগ

শিখনফলের ধারাবাহিকতায় প্রশ্ন তৈরিতে এবং উত্তরকে তথ্যবহুল ও নির্ভুলতা নিশ্চিতকরণে বোর্ড বইয়ের পাশাপাশি নিম্নোক্ত ওয়েব লিংকের সহায়তা নেওয়া হয়েছে–

www.webmath.com/anything.html
en.wikipedia.org/wiki/Algebraic_expression
en.wikipedia.org/wiki/Factor_analysis
www.purplemath.com/modules/remaindr.htm
en.wikipedia.org/wiki/Factor_theorem
www.webmath.com/anything.html
www.purplemath.com/modules/systlin4.htm

নিলস হেনরিক আবেল (Niels Henrik Abel)

নিলস হেনরিক আবেল (1802–1829) নরওয়েতে জন্মগ্রহণ করেন। তিনি তার জীবনের অনেকটা সময় বীজগণিতীয় সমীকরণ সমাধানে নিয়োগ করেন। তিনি প্রমাণ করেন যে, পঞ্চম ঘাতের বীজগণিতীয় সমীকরণ শুধু সাধারণ বীজগণিতীয় পদ্ধতিতে সমাধান করা যাবে না। তিনি দলগত ধারণা ব্যবহার করেন এবং তার নামানুসারে আবেলিয়ান দল রয়েছে। তার ছবি সম্বলিত নরওয়ের নোট রয়েছে। তাছাড়া 2002 সাল থেকে তার নামে প্রায় এক মিলিন ডলারের আবেল পুরস্কার দেয়া হচ্ছে।

আল খোয়ারিজমি (Al-Khwarizmi)

আল খোয়ারিজমি একাধারে গণিতবিদ, ভূগোলবিদ ও জ্যোতির্বিজ্ঞানী হিসেবে পরিচিত ছিলেন। তাঁর রচিত 'কিতাব আল জাবর ওয়াল মুকাবিলা' গ্রন্থে তিনি রৈখিক ও দ্বিঘাত সমীকরণের প্রথম পদ্ধতিগত উপস্থাপন করেন। বীজগণিতে তার প্রধান সাফল্য ছিল বর্গের সাহায্যে দ্বিঘাত সমীকরণের সমাধান। সর্বপ্রথম তিনিই বীজগণিতকে স্বাধীন শাখা হিসেবে তুলে ধরেন। তাই আল খোয়ারিজমিকে বীজগণিতের জনক বলা হয়। তাঁর রচিত কিতাব আল-জাবর ওয়াল মুকাবিলা' গ্রন্থের শিরোনাম থেকে আলজেবরা বা বীজগণিত শব্দের উৎপত্তি ঘটে।

www.abswer.com

www.abswer.com

PART 02 অনুশীলন Practice

স্কুল ও এসএসসি পরীক্ষায় সেরা প্রস্তুতির জন্য ১০০% সঠিক ফরম্যাট অনুসরণে শিখনফল এবং অনুচ্ছেদের ধারায় প্রশ্ন ও সমাধান

শিখন অর্জন যাচাই
- বর্গ ও ঘন নির্ণয় করার সূত্রাবলি শিখতে পারব।
- উৎপাদক নির্ণয়ের কতিপয় কৌশল জানতে পারব।
- বাস্তব সংখ্যা সমাধানে বীজগাণিতিক সূত্র গঠন ও প্রয়োগ করতে পারব।

শিখন সহায়ক উপকরণ
- বীজগাণিতিক রাশি সংবলিত পোস্টার।
- বর্গ ও ঘন নির্ণয়ের সূত্রাবলি।
- পাঠ্যবইয়ের সমস্যা ও কার্যাবলি।

ক্যালকুলেটরের সাহায্যে তাৎক্ষণিক সমাধানের কৌশল

❑ এক চলকবিশিষ্ট ত্রিঘাত রাশির উৎপাদক নির্ণয় :
প্রথমে EQN MODE select করে নির্দেশিত আকারের $(aX^3 + bX^2 + cX + d = 0)$ সমীকরণ select করতে হবে। পর্যায়ক্রমে প্রত্যেক পদের সহগ এবং [=] বাটন চাপতে হবে। এরপর প্রয়োজনমতো [=] বাটন চেপে মূল নির্ণয় করে উৎপাদক নির্ণয় করতে হয়।

যেমন : উৎপাদকে বিশ্লেষণ কর : $x^3 + 2x^2 - 5x - 6$. [অনুশীলনী- ৩.৪ এর ৩ নং]

ক্যালকুলেটরে প্রদত্ত নির্দেশনা অনুসরণ করা যাক :

EQN MODE এবং $aX^3 + bX^2 + cX + d = 0$ আকারের সমীকরণ select : [MODE SETUP] [5] [4]

এরপর : [1] [=] [2] [=] [−] [5] [=] [−] [6] [=]

[=] → 2

[=] → −1

[=] → −3

∴ $(x - 2), (x + 1)$ এবং $(x + 3)$ রাশিটির উৎপাদক।

❑ এক চলকবিশিষ্ট ফাংশনের চলকের বিভিন্ন মানের জন্য ফাংশনটির সংশ্লিষ্ট মান নির্ণয় :
প্রথমে ফাংশনটির ডানপক্ষের রাশিটি ইনপুট করতে হবে। এরপর [CALC] বাটন চেপে চলকের মান ইনপুট করে [=] বাটন চাপতে হবে।

যেমন : $f(x) = x^2 - 4x + 4$ হলে, $f(2)$ এর মান কত? [অনুশীলনী-৩.৫ এর বহুনির্বাচনি ১নং]

ক্যালকুলেটরে প্রদত্ত নির্দেশনা অনুসরণ করা যাক :

ফাংশনটির ডানপক্ষের রাশি ইনপুট : [ALPHA] [)] [x²] [−] [4] [ALPHA] [)] [+] [4]

এরপর : [CALC] [2] [=] ⟶ 0; যা $f(2)$ এর মান।

অনুশীলনী ৩.১
বর্গ সংবলিত সূত্রাবলি ও প্রয়োগ

সাধারণ গাণিতিক অংশ — পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

প্রিয় শিক্ষার্থী, পাঠ্যবইয়ে এ অধ্যায়ে অনুশীলনীতে বিভিন্ন ধরনের গাণিতিক প্রশ্ন দেওয়া আছে। প্রতিটি প্রশ্নের যথাযথ ও নির্ভুল সমাধান এ অংশে সংযোজন করা হলো। এসব প্রশ্ন ও সমাধানের অনুশীলন তোমাদের সৃজনশীল ও বহুনির্বাচনি প্রশ্নোত্তরের ধারণা সমৃদ্ধকরণে সহায়তা করবে।

পাঠ্যবইয়ের অনুশীলনীর গাণিতিক প্রশ্নের সমাধান

প্রশ্ন ১ ▸ সূত্রের সাহায্যে বর্গ নির্ণয় কর :

(ক) $2a + 3b$

সমাধান : $2a + 3b$ এর বর্গ
$= (2a + 3b)^2$
$= (2a)^2 + 2.2a.3b + (3b)^2$
$= 4a^2 + 12ab + 9b^2$.

(খ) $x^2 + \frac{2}{y^2}$

সমাধান : $x^2 + \frac{2}{y^2}$ এর বর্গ $= \left(x^2 + \frac{2}{y^2}\right)^2$
$= (x^2)^2 + 2.x^2.\frac{2}{y^2} + \left(\frac{2}{y^2}\right)^2$
$= x^4 + \frac{4x^2}{y^2} + \frac{4}{y^4}$.

www.abswer.com

www.abswer.com

(গ) $4y-5x$

সমাধান : $4y-5x$ এর বর্গ $=(4y-5x)^2$

$=(4y)^2-2.4y.5x+(5x)^2$

$=16y^2-40xy+25x^2$.

(ঘ) $5x^2-y$

সমাধান : $5x^2-y$ এর বর্গ $=(5x^2-y)^2$

$=(5x^2)^2-2.5x^2.y+y^2$

$=25x^4-10x^2y+y^2$.

(ঙ) $3b-5c-2a$

সমাধান : $3b-5c-2a$ এর বর্গ $=(3b-5c-2a)^2$

$=\{3b+(-5c)+(-2a)\}^2$

$=(3b)^2+(-5c)^2+(-2a)^2+2.3b(-5c)+2.(-5c).(-2a)+2.(-2a).3b$

$=9b^2+25c^2+4a^2-30bc+20ac-12ab$.

(চ) $ax-by-cz$

সমাধান : $ax-by-cz$ এর বর্গ

$=(ax-by-cz)^2$

$=\{ax+(-by)+(-cz)\}^2$

$=(ax)^2+(-by)^2+(-cz)^2+2.ax(-by)+2.(-by).(-cz)+2.(-cz).ax$

$=a^2x^2+b^2y^2+c^2z^2-2abxy+2bcyz-2aczx$.

(ছ) $2a+3x-2y-5z$

সমাধান : $2a+3x-2y-5z$ এর বর্গ

$=(2a+3x-2y-5z)^2$

$=\{(2a+3x)-(2y+5z)\}^2$

$=(2a+3x)^2-2(2a+3x)(2y+5z)+(2y+5z)^2$

$=(2a)^2+2.2a.3x+(3x)^2-2(4ay+10az+6xy+15xz)+(2y)^2+2.2y.5z+(5z)^2$

$=4a^2+12ax+9x^2-8ay-20az-12xy-30xz+4y^2+20yz+25z^2$

$=4a^2+9x^2+4y^2+25z^2+12ax-8ay-20az-12xy-30xz+20yz$.

(জ) 1007

সমাধান : 1007 এর বর্গ $=(1007)^2$

$=(1000+7)^2=(1000)^2+2.1000.7+(7)^2$

$=1000000+14000+49=1014049$

প্রশ্ন ২ ▸ সরল কর :

(ক) $(7p+3q-5r)^2-2(7p+3q-5r)(8p-4q-5r)+(8p-4q-5r)^2$

সমাধান : ধরি, $7p+3q-5r=a$ এবং $8p-4q-5r=b$

∴ প্রদত্ত রাশি $=a^2-2ab+b^2$

$=(a-b)^2$

$=\{(7p+3q-5r)-(8p-4q-5r)\}^2$ [a ও b এর মান বসিয়ে]

$=(7p+3q-5r-8p+4q+5r)^2$

$=(-p+7q)^2=(7q-p)^2=(7q)^2-2.7q.p+p^2$

$=49q^2-14qp+p^2=p^2-14qp+49q^2$

নির্ণেয় সরলফল $p^2-14qp+49q^2$.

(খ) $(2m+3n-p)^2+(2m-3n+p)^2-2(2m+3n-p)(2m-3n+p)$.

সমাধান : ধরি, $2m+3n-p=a$ এবং $2m-3n+p=b$

∴ প্রদত্ত রাশি $=a^2+b^2-2ab$

$=(a-b)^2$

$=\{(2m+3n-p)-(2m-3n+p)\}^2$ [a ও b এর মান বসিয়ে]

$=(2m+3n-p-2m+3n-p)^2=(6n-2p)^2$

$=(6n)^2-2.6n.2p+(2p)^2=36n^2-24np+4p^2$

নির্ণেয় সরলফল $36n^2-24np+4p^2$.

(গ) $6.35\times6.35+2\times6.35\times3.65+3.65\times3.65$

সমাধান : ধরি, $6.35=a$ এবং $3.65=b$

∴ প্রদত্ত রাশি $=a\times a+2\times a\times b+b\times b$

$=a^2+2ab+b^2=(a+b)^2$

$=(6.35+3.65)^2$ [a ও b এর মান বসিয়ে]

$=(10)^2=100$

নির্ণেয় সরলফল 100.

(ঘ) $\frac{2345\times2345-759\times759}{2345-759}$

সমাধান : ধরি, $2345=a$ এবং $759=b$

∴ প্রদত্ত রাশি $=\frac{a\times a-b\times b}{a-b}$

$=\frac{a^2-b^2}{a-b}=\frac{(a-b)(a+b)}{(a-b)}$

$=a+b=2345+759$ [a ও b এর মান বসিয়ে]

$=3104$

নির্ণেয় সরলফল 3104.

প্রশ্ন ৩ ▸ $a-b=4$ এবং $ab=60$ হলে, $a+b$ এর মান কত?

সমাধান : দেওয়া আছে, $a-b=4$ এবং $ab=60$

আমরা জানি, $(a+b)^2=(a-b)^2+4ab$

বা, $(a+b)^2=(4)^2+4.60$ [মান বসিয়ে]

বা, $(a+b)^2=16+240$

বা, $(a+b)^2=256$

বা, $a+b=\pm\sqrt{256}$ [উভয়পক্ষকে বর্গমূল করে]

∴ $a+b=\pm16$

নির্ণেয় মান ±16.

প্রশ্ন ৪ ▸ $a+b=9m$ এবং $ab=18m^2$ হলে, $a-b$ এর মান কত?

সমাধান : দেওয়া আছে, $a+b=9m$ এবং $ab=18m^2$

আমরা জানি, $(a-b)^2=(a+b)^2-4ab$

বা, $(a-b)^2=(9m)^2-4.18m^2$ [মান বসিয়ে]

বা, $(a-b)^2=81m^2-72m^2$

বা, $(a-b)^2=9m^2$

বা, $a-b=\pm\sqrt{9m^2}$ [উভয়পক্ষকে বর্গমূল করে]

∴ $a-b=\pm3m$

নির্ণেয় মান $\pm3m$.

প্রশ্ন ৫ ▸ $x-\frac{1}{x}=4$ হলে, প্রমাণ কর যে, $x^4+\frac{1}{x^4}=322$.

সমাধান : দেওয়া আছে, $x-\frac{1}{x}=4$

বামপক্ষ $=x^4+\frac{1}{x^4}$

$=(x^2)^2+\left(\frac{1}{x^2}\right)^2=\left(x^2+\frac{1}{x^2}\right)^2-2.x^2.\frac{1}{x^2}$

$=\left\{\left(x-\frac{1}{x}\right)^2+2.x.\frac{1}{x}\right\}^2-2$

$=\{(4)^2+2\}^2-2$ [মান বসিয়ে]

$=(16+2)^2-2=(18)^2-2=324-2=322=$ ডানপক্ষ

∴ $x^4+\frac{1}{x^4}=322$. (প্রমাণিত)

প্রশ্ন ৬ ▸ $2x+\frac{2}{x}=3$ হলে, $x^2+\frac{1}{x^2}$ এর মান কত?

সমাধান : দেওয়া আছে, $2x+\frac{2}{x}=3$

বা, $2\left(x+\frac{1}{x}\right)=3$

বা, $x+\frac{1}{x}=\frac{3}{2}$

প্রদত্ত রাশি $=x^2+\frac{1}{x^2}$

$=\left(x+\frac{1}{x}\right)^2-2.x.\frac{1}{x}=\left(\frac{3}{2}\right)^2-2=\frac{9}{4}-2=\frac{9-8}{4}=\frac{1}{4}$

নির্ণেয় মান $\frac{1}{4}$.

www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ৭ ▸ $a+\frac{1}{a}=2$ হলে, দেখাও যে, $a^2+\frac{1}{a^2}=a^4+\frac{1}{a^4}$.

সমাধান : দেওয়া আছে, $a+\frac{1}{a}=2$

বামপক্ষ $=a^2+\frac{1}{a^2}$

$=\left(a+\frac{1}{a}\right)^2-2.a.\frac{1}{a}=(2)^2-2=4-2=2$

ডানপক্ষ $=a^4+\frac{1}{a^4}$

$=(a^2)^2+\left(\frac{1}{a^2}\right)^2$

$=\left(a^2+\frac{1}{a^2}\right)^2-2.a^2.\frac{1}{a^2}$

$=\left\{\left(a+\frac{1}{a}\right)^2-2.a.\frac{1}{a}\right\}^2-2$

$=\{(2)^2-2\}^2-2=(4-2)^2-2=(2)^2-2=4-2=2$

$\therefore\ a^2+\frac{1}{a^2}=a^4+\frac{1}{a^4}$. (দেখানো হলো)

২. D ও E বিন্দুতে DE অংশের একই পাশে ∠x এর সমান ∠EDL এবং ∠y এর সমান ∠DEM আঁকি।
৩. কোণ দুইটির দ্বিখণ্ডক DG ও EH আঁকি। DG ও EH রশ্মিদ্বয় পরস্পরকে P বিন্দুতে ছেদ করে।
৪. P বিন্দুতে ∠PDE এর সমান ∠DPQ এবং ∠PED এর সমান ∠EPR আঁকি। PQ এবং PR রশ্মিদ্বয় DE অংশকে যথাক্রমে Q ও R বিন্দুতে ছেদ করে।

তাহলে, Δ PQR-ই উদ্দিষ্ট ত্রিভুজ।

গ দেওয়া আছে, S = 12 সে.মি.।

∴ $\frac{S}{4} = \frac{12}{4} = 3$ সে.মি. এবং ∠y = 60°

মনে করি, O কেন্দ্রবিশিষ্ট ABC বৃত্তের ব্যাসার্ধ $r = \frac{S}{4} = 3$ সে.মি.।

ABC বৃত্তে এরূপ দুইটি স্পর্শক আঁকতে হবে যেন তাদের অন্তর্ভুক্ত কোণ ∠y = 60° হয়।

অঙ্কন :
১. ABC বৃত্তের পরিধির উপর P যেকোনো একটি বিন্দু নিই। O, P যোগ করি এবং OP কে L পর্যন্ত বর্ধিত করি যেন OP = PL হয়।



২. P কে কেন্দ্র করে OP বা PL এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি। এ বৃত্তটি ABC বৃত্তকে A ও C বিন্দুতে ছেদ করে। A, L এবং C, L যোগ করি।

তাহলে, AL এবং CL উদ্দীষ্ট স্পর্শকদ্বয় যাদের অন্তর্ভুক্ত কোণ ∠y = 60°।

প্রশ্ন ৩ ▸ দিনাজপুর বোর্ড ২০২০

একটি ত্রিভুজের ভূমি a = 4.2 সে.মি., ভূমি সংলগ্ন সূক্ষ্মকোণ ∠x = 30° এবং অপর দুই বাহুর অন্তর d = 2.2 সে.মি.।

ক. 'a' এর দৈর্ঘ্যের সমান বাহুবিশিষ্ট একটি বর্গ আঁক। ২
খ. ত্রিভুজটি অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যক) ৪
গ. অঙ্কনের বিবরণসহ 'a' এর সমান ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তে এমন একটি স্পর্শক আঁক যেন তা কোনো নির্দিষ্ট সরলরেখার সমান্তরাল হয়। ৪

৩নং প্রশ্নের সমাধান

ক



ABCD বর্গ অঙ্কন করা হলো যার বাহু a = 4.2 সে.মি.।

খ এখানে, কোনো ত্রিভুজের ভূমি a = 4.2 সে. মি., ভূমিসংলগ্ন কোণ ∠x = 30° এবং অপর দুই বাহুর অন্তর d = 2.2 সে. মি.। ত্রিভুজটি আঁকতে হবে।



অঙ্কন :
১. যেকোনো একটি রশ্মি BE থেকে ভূমি a এর সমান করে BC রেখাংশ কেটে নিই।
২. BC রেখাংশের B বিন্দুতে ∠x এর সমান ∠CBF আঁকি।
৩. BF রশ্মি থেকে d এর সমান BD অংশ কাটি।
৪. C, D যোগ করি।
৫. DC রেখাংশের যে পাশে F বিন্দু আছে সেই পাশে C বিন্দুতে ∠FDC এর সমান ∠DCA আঁকি। CA রশ্মি BF রশ্মিকে A বিন্দুতে ছেদ করে।

তাহলে, Δ ABC-ই উদ্দিষ্ট ত্রিভুজ।

গ মনে করি, O কেন্দ্রবিশিষ্ট XYZ একটি বৃত্ত যার ব্যাসার্ধ a = 4.2 সে.মি.। LM একটি নির্দিষ্ট সরলরেখা। XYZ বৃত্তে এমন একটি স্পর্শক অঙ্কন করতে হবে যা LM এর সমান্তরাল হয়।



অঙ্কন :
১. O বিন্দু থেকে LM এর উপর ON লম্ব আঁকি। ON বৃত্তকে Z বিন্দুতে ছেদ করে।
২. ON কে বর্ধিত করলে তা বৃত্তটিকে E বিন্দুতে ছেদ করে।
৩. ZE রেখার উপর Z ও E বিন্দুতে যথাক্রমে AB ও CD লম্ব আঁকি। তাহলে AB ও CD ই নির্ণেয় স্পর্শক হবে।

প্রশ্ন ৪ ▸ ঢাকা বোর্ড ২০১৯

s = 11 সে.মি., r = 4 সে.মি., ∠X = 75°, ∠Y = 60° এবং ∠Z = 20°.

ক. 4 সে.মি. বাহু এবং ∠Y কোণবিশিষ্ট একটি রম্বস অঙ্কন কর। ২
খ. বিবরণসহ একটি ত্রিভুজ অঙ্কন কর যার পরিসীমা s এবং ভূমি সংলগ্ন কোণদ্বয় ∠X ও ∠Y. ৪
গ. বিবরণসহ r এর দৈর্ঘ্যের সমান ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তে এমন দুটি স্পর্শক অঙ্কন কর যেন তাদের মধ্যবর্তী কোণ 3∠Z এর সমান হয়। ৪

www.abswer.com

www.abswer.com

৪নং প্রশ্নের সমাধান

ক



ABCD রম্বস অঙ্কন করা হলো যার বাহু r = 4 সে.মি. এবং একটি কোণ ∠Y = 60°।

খ সৃজনশীল প্রশ্ন ২(খ)নং সমাধান দ্রষ্টব্য।

গ মনে করি, O কেন্দ্রবিশিষ্ট ABC বৃত্তের ব্যাসার্ধ r = 4 সে.মি.। ABC বৃত্তে এরূপ দুইটি স্পর্শক আঁকতে হবে যেন তাদের অন্তর্ভুক্ত কোণ 3 ∠Z = 3 × 20° = 60° হয়।

ABC বৃত্তের পরিধির উপর P যেকোনো একটি বিন্দু নিই। O, P যোগ করি এবং OP কে L পর্যন্ত বর্ধিত করি যেন OP = PL হয়।



P কে কেন্দ্র করে OP বা PL এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি।

এ বৃত্তটি ABC বৃত্তকে C ও A বিন্দুতে ছেদ করে। C, L এবং A, L যোগ করি।

তাহলে, CL এবং AL উদ্দীষ্ট স্পর্শকদ্বয় যাদের অন্তর্ভুক্ত কোণ 60°।

প্রশ্ন ৫ ▸ রাজশাহী বোর্ড ২০১৯

a = 4 সে.মি., b = 5.2 সে.মি. এবং ∠x = 65°.

ক. কোনো ত্রিভুজের দুটি বাহুর দৈর্ঘ্য a ও b এর দৈর্ঘ্যের সমান এবং এদের অন্তর্গত কোণ ∠x হলে, ত্রিভুজটি অঙ্কন কর। ২

খ. অঙ্কনের চিহ্ন ও বিবরণসহ a এর দৈর্ঘ্যের সমান বাহুবিশিষ্ট সমবাহু ত্রিভুজের পরিবৃত্ত অঙ্কন কর। ৪

গ. অঙ্কনের চিহ্ন ও বিবরণসহ a ও b এর দৈর্ঘ্যকে কোনো রম্বসের দুইটি কর্ণ ধরে রম্বসটি অঙ্কন কর। ৪

৫নং প্রশ্নের সমাধান

ক



ABC ত্রিভুজ অঙ্কন করা হলো যার দুইটি বাহু BC = a = 4 সে.মি. ও AC = b = 5.2 সে.মি. এবং এদের অন্তর্গত কোণ ∠ACB = ∠x = 65°।

খ মনে করি, একটি সমবাহু ত্রিভুজের বাহু a = 4 সে.মি. দেওয়া আছে। ত্রিভুজটির পরিবৃত্ত আঁকতে হবে।



অঙ্কন :

১. যেকোনো রশ্মি BE থেকে a = 4 সে.মি. এর সমান করে BC অংশ কেটে নিই।
২. B ও C বিন্দুকে কেন্দ্র করে BC এর একই পাশে a এর সমান ব্যাসার্ধ নিয়ে দুইটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপদ্বয় পরস্পর A বিন্দুতে ছেদ করে।
৩. A, B ও A, C যোগ করি। তাহলে Δ ABC-ই উদ্দিষ্ট সমবাহু ত্রিভুজ যার পরিবৃত্ত অঙ্কন করতে হবে।
৪. AB ও AC এর লম্ব সমদ্বিখণ্ডক যথাক্রমে MN ও PQ আঁকি। মনে করি তারা পরস্পর O বিন্দুতে ছেদ করে।
৫. A, O যোগ করি। O কে কেন্দ্র করে OA এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি যা A, B ও C বিন্দু দিয়ে যায়।

তাহলে এই বৃত্তটিই উদ্দিষ্ট সমবাহু ত্রিভুজের পরিবৃত্ত।

গ মনে করি, একটি রম্বসের দুইটি কর্ণের দৈর্ঘ্য a = 4 সে.মি. এবং b = 5.2 সে.মি. দেওয়া আছে। রম্বসটি আঁকতে হবে।



অঙ্কন :

১. যেকোনো রশ্মি BE থেকে a এর সমান BD অংশ কেটে নিই।
২. BD অংশের লম্বসমদ্বিখণ্ডক PQ আঁকি যা BD কে O বিন্দুতে ছেদ করে।
৩. এবার O বিন্দুকে কেন্দ্র করে কর্ণ b এর অর্ধেকের সমান ব্যাসার্ধ নিয়ে BD এর উভয় পার্শ্বে দুইটি করে বৃত্তচাপ আঁকি। এই চাপদ্বয় PQ কে যথাক্রমে A ও C বিন্দুতে ছেদ করে।
৪. A ও B, B ও C, C ও D এবং D ও A যোগ করি।

তাহলে ABCD-ই উদ্দিষ্ট রম্বস।

www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ৬ ▸ চট্টগ্রাম বোর্ড ২০১৯

একটি ত্রিভুজের বাহুগুলোর দৈর্ঘ্য যথাক্রমে 3.5 সে.মি., 4.5 সে.মি. এবং 5.5 সে.মি.।

ক. 4 সে.মি. বাহুবিশিষ্ট একটি বর্গক্ষেত্র অঙ্কন কর। ২

খ. ত্রিভুজটির বহির্বৃত্ত অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যক) ৪

গ. ত্রিভুজটির পরিসীমা যদি রম্বসের পরিসীমা হয় এবং একটি কোণ $\angle x = 75°$ হয়, তবে রম্বসটি অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যক) ৪

৬নং প্রশ্নের সমাধান

ক



ABCD বর্গ অঙ্কন করা হলো যার বাহু $g = 4$ সে.মি.।

খ মনে করি, একটি ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য যথাক্রমে $a = 3{\cdot}5$ সে.মি., $b = 4{\cdot}5$ সে.মি. এবং $c = 5{\cdot}5$ সে.মি. দেওয়া আছে। ত্রিভুজটির বহির্বৃত্ত আঁকতে হবে।



অঙ্কন : যেকোনো রশ্মি BF থেকে a এর সমান করে BC অংশ কেটে নিই। BC রেখাংশের B ও C বিন্দুকে কেন্দ্র করে যথাক্রমে c ও b এর সমান ব্যাসার্ধ নিয়ে একই পাশে দুইটি বৃত্তচাপ অঙ্কন করি। বৃত্তচাপ দুইটি পরস্পর A বিন্দুতে ছেদ করে। B, A এবং C, A যোগ করি। তাহলে ABC ই উদ্দিষ্ট ত্রিভুজ যার বহির্বৃত্ত আঁকতে হবে।

AB বাহুকে D পর্যন্ত বর্ধিত করি। ∠ACF ও ∠CAD এর সমদ্বিখণ্ডক CM এবং AN আঁকি। মনে করি, E তাদের ছেদ বিন্দু।

E থেকে AC এর ওপর EH লম্ব আঁকি এবং মনে করি, তা AC কে H বিন্দুতে ছেদ করে। E কে কেন্দ্র করে EH এর সমান ব্যাসার্ধ নিয়ে একট বৃত্ত আঁকি। তাহলে এই বৃত্তটিই নির্ণেয় বহির্বৃত্ত।

গ মনে করি, কোনো রম্বসের পরিসীমা $p = (3{\cdot}5 + 4{\cdot}5 + 5{\cdot}5)$ সে.মি. $= 13{\cdot}5$ সেমি. এবং একটি কোণ $\angle x = 75°$ দেওয়া আছে। রম্বসটি আঁকতে হবে।



অঙ্কন : পরিসীমা p কে সমান চার ভাগে বিভক্ত করি। যেকোনো রশ্মি DE থেকে $\frac{p}{4}$ এর সমান করে DC কেটে নিই। DC রেখাংশের D বিন্দুতে ∠x এর সমান করে ∠CDF আঁকি। DF হতে $\frac{p}{4}$ এর সমান করে DA নিই। এখন A ও C কে কেন্দ্র করে ∠ADC এর একই পাশে $\frac{p}{4}$ এর সমান ব্যাসার্ধ নিয়ে দুইটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপ দুইটি পরস্পর B বিন্দুতে ছেদ করে। A, B এবং B, C যোগ করি। তাহলে ABCD-ই উদ্দিষ্ট রম্বস।

প্রশ্ন ৭ ▸ বরিশাল বোর্ড ২০১৯

$a = 3$ সে.মি., $b = 4$ সে.মি., $c = 4.5$ সে.মি. এবং $\angle y = 45°$.

ক. 4 সে.মি. বাহুবিশিষ্ট একটি বর্গ অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন আবশ্যক।) ২

খ. একটি রম্বস আঁক যার বাহুর দৈর্ঘ্য c এর সমান ও একটি কোণ ∠y এর সমান। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যক।) ৪

গ. a, b, c দৈর্ঘ্যের বাহুবিশিষ্ট একটি ত্রিভুজ অঙ্কন করে ত্রিভুজটির পরিবৃত্ত আঁক। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যক।) ৪

৭নং প্রশ্নের সমাধান

ক



ABCD বর্গ অঙ্কন করা হলো যার বাহু $AB = BC = CD = AD = b = 4$ সে. মি.।

খ মনে করি, রম্বসের একটি বাহু $c = 4.5$ সে.মি এবং একটি কোণ $\angle y = 45°$ দেওয়া আছে। রম্বসটি আঁকতে হবে।



অঙ্কন : যেকোনো রশ্মি BE নিই। BE হতে c এর সমান করে BC অংশ কাটি। BC এর B বিন্দুতে ∠y এর সমান করে ∠CBF আঁকি। BF হতে c এর সমান করে BA কাটি যা BF কে A বিন্দুতে ছেদ করে। A ও C কে কেন্দ্র করে c এর সমান ব্যাসার্ধ নিয়ে ∠CBF এর অভ্যন্তরে দুইটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপদ্বয় পরস্পর D বিন্দুতে ছেদ করে। A, D এবং C, D যোগ করি।

তাহলে, ABCD-ই উদ্দিষ্ট রম্বস।

www.abswer.com

www.abswer.com

গ মনে করি, ত্রিভুজের তিনটি বাহু যথাক্রমে $a = 3$ সে. মি., $b = 4$ সে. মি. ও $c = 4.5$ সে. মি. দেওয়া আছে। ত্রিভুজটি অঙ্কন করে এর পরিবৃত্ত অঙ্কন করতে হবে।



অঙ্কন : যেকোনো রশ্মি BE নিই। BE হতে a এর সমান করে BC অংশ কাটি। BC রেখাংশের B ও C বিন্দুদ্বয়কে কেন্দ্র করে যথাক্রমে c ও b এর সমান ব্যাসার্ধ নিয়ে BC এর একই পাশে দুইটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপদ্বয় পরস্পর A বিন্দুতে ছেদ করে। B, A এবং C, A যোগ করি। তাহলে ΔABC-ই উদ্দীষ্ট ত্রিভুজ যার পরিবৃত্ত অঙ্কন করতে হবে।
AB ও AC রেখাংশের লম্ব সমদ্বিখণ্ডক যথাক্রমে LM ও PQ রেখাংশ আঁকি। মনে করি, তারা পরস্পর O বিন্দুতে ছেদ করে। A, O যোগ করি। O কেন্দ্র করে OA এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত অঙ্কন করি যা A, B ও C বিন্দুগামী হয়।
তাহলে এই বৃত্তটিই উদ্দীষ্ট ত্রিভুজের পরিবৃত্ত।

প্রশ্ন ৮ ▸ দিনাজপুর বোর্ড ২০১৯

একটি ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 3 সে.মি., 3.5 সে.মি. এবং 2.8 সে.মি.।

ক. কোনো বৃত্তে একই চাপের উপর দণ্ডায়মান কেন্দ্রস্থ কোণের মান $(x + 60)°$ এবং বৃত্তস্থ কোণের মান $(x + 5)°$ হলে x এর মান নির্ণয় কর। ২

খ. ত্রিভুজটির পরিসীমার সমান পরিসীমাবিশিষ্ট একটি সমবাহু ত্রিভুজ অঙ্কন কর। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যক] ৪

গ. উদ্দীপকের তথ্যের আলোকে ত্রিভুজ অঙ্কন করে উহার পরিবৃত্ত অঙ্কন কর। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যক] ৪

৮নং প্রশ্নের সমাধান

ক আমরা জানি,
একই চাপের উপর দণ্ডায়মান কেন্দ্রস্থ কোণ বৃত্তস্থ কোণের দ্বিগুণ।
∴ $(x + 60)° = 2(x + 5)°$
বা, $x + 60 = 2(x + 5)$
বা, $x + 60 = 2x + 10$
বা, $2x - x = 60 - 10$
বা, $x = 50$
অতএব, x এর মান 50.

খ ত্রিভুজটির পরিসীমা $= (3 + 3.5 + 2.8)$ সে. মি. $= 9.3$ সে. মি.
অর্থাৎ সমবাহু ত্রিভুজের পরিসীমা $P = 9.3$ সে.মি. দেওয়া আছে। ত্রিভুজটি আঁকতে হবে।





অঙ্কন :
১. P পরিসীমাটি তিনটি সমানভাগে বিভক্ত করি। তা $P_1 = P_2 = P_3$ $[\because P = P_1 + P_2 + P_3]$
২. AD যেকোনো রশ্মি হতে $AB = P_1$ অংশ কেটে নেই।
৩. A ও B হতে AD এর একই পাশে যথাক্রমে P_2 ও P_3 এর সমান করে দুইটি বৃত্তচাপ আঁকি। এরা পরস্পর C বিন্দুতে ছেদ করে।
৪. C, A ও C, B যোগ করি।
তাহলে Δ ABC-ই উদিষ্ট সমবাহু ত্রিভুজ।

গ এখানে, একটি ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য $a = 3$ সে. মি., $b = 3.5$ সে. মি. এবং $c = 2.8$ সে. মি. দেওয়া আছে। ত্রিভুজটি অঙ্কন করে তার পরিবৃত্ত আঁকতে হবে।



অঙ্কন :
১. যেকোনো রশ্মি BE থেকে c এর সমান করে BC অংশ কেটে নিই।
২. B ও C বিন্দুকে কেন্দ্র করে যথাক্রমে a ও b এর সমান ব্যাসার্ধ নিয়ে BC এর একই পাশে দুইটি বৃত্তচাপ আঁকি। এই বৃত্তচাপ দুইটি পরস্পর A বিন্দুতে ছেদ করে।
৩. A, B এবং A, C যোগ করি।
৪. AB ও AC রেখাংশের লম্বদ্বিখণ্ডক যথাক্রমে EM ও FN রেখাংশ আঁকি। মনে করি, তারা পরস্পরকে O বিন্দুতে ছেদ করে।
৫. A, O যোগ করি। O কে কেন্দ্র করে OA এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি।
তাহলে, বৃত্তটি A, B ও C বিন্দুগামী হবে এবং এই বৃত্তটিই Δ ABC এর নির্ণেয় পরিবৃত্ত।

প্রশ্ন ৯ ▸ রাজশাহী বোর্ড ২০১৭

কোনো ত্রিভুজের পরিসীমা 9.5 সে.মি. এবং ভূমি সংলগ্ন কোণদ্বয় 50° ও 60°।

ক. উল্লিখিত তথ্যগুলো চিত্রের সাহায্যে দেখাও। ২

খ. অঙ্কনের চিহ্ন ও বিবরণসহ ত্রিভুজটি এঁকে দেখাও। ৪

গ. উল্লিখিত ত্রিভুজটির একটি পরিবৃত্ত অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যক) ৪

৯নং প্রশ্নের সমাধান

ক



চিত্রে ত্রিভুজের পরিসীমা $P = 9.5$ সে.মি. এবং ভূমি সংলগ্ন দুইটি কোণ $\angle x = 50°$ ও $\angle y = 60°$.

www.abswer.com

www.abswer.com

খ মনে করি, ABC ত্রিভুজের পরিসীমা $P = 9.5$ সে.মি. এবং ভূমি সংলগ্ন দুইটি কোণ $\angle x = 50°$ ও $\angle y = 60°$ দেওয়া আছে। ত্রিভুজটি আঁকতে হবে।



অঙ্কন : যেকোনো একটি রশ্মি DF থেকে পরিসীমা P এর সমান করে DE অংশ কেটে নিই। D ও E বিন্দুতে DE রেখাংশের একই পাশে $\angle x$ এর সমান $\angle EDL$ এবং $\angle y$ এর সমান $\angle DEM$ আঁকি। কোণ দুইটির সমদ্বিখণ্ডক DG ও EH আঁকি। মনে করি, DG ও EH রশ্মিদ্বয় পরস্পরকে A বিন্দুতে ছেদ করে। A বিন্দুতে $\angle ADE$ এর সমান $\angle DAB$ এবং $\angle AED$ এর সমান $\angle EAC$ আঁকি। AB এবং AC রশ্মিদ্বয় DE রেখাংশকে যথাক্রমে B ও C বিন্দুতে ছেদ করে। তাহলে, ΔABC-ই উদ্দিষ্ট ত্রিভুজ।

গ মনে করি, ABC ত্রিভুজের পরিসীমা 9.5 সে.মি. এবং ভূমি সংলগ্ন কোণদ্বয় 50° ও 60°। ত্রিভুজটির পরিবৃত্ত আঁকতে হবে। অর্থাৎ এমন একটি বৃত্ত আঁকতে হবে, যা ত্রিভুজের তিনটি শীর্ষবিন্দু A, B ও C বিন্দু দিয়ে যায়।



অঙ্কন : AB ও AC রেখাংশের লম্ব সমদ্বিখণ্ডক যথাক্রমে NQ ও PM রেখাংশ আঁকি। মনে করি, তারা পরস্পর O বিন্দুতে ছেদ করে। A, O যোগ করি। O কে কেন্দ্র করে OA এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি। তাহলে বৃত্তটি A, B ও C বিন্দুগামী হবে এবং এ বৃত্তটিই ΔABC এর নির্ণেয় পরিবৃত্ত।

প্রশ্ন ১০ ▶ যশোর বোর্ড ২০১৭

ΔPQR এর ভূমি $QR = 6$ cm, অপর দুই বাহুর অন্তর 2 cm এবং ভূমি সংলগ্ন কোণ 45°।

ক. পেন্সিল কম্পাসের সাহায্যে 45° কোণ আঁক। ২

খ. বিবরণসহ ΔPQR অঙ্কন কর। ৪

গ. $\frac{PQ}{2}$ ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তে এমন দুইটি স্পর্শক আঁক যেন তাদের অন্তর্ভুক্ত কোণ 60° হয়। ৪

১০নং প্রশ্নের সমাধান

ক পেন্সিল কম্পাসের সাহায্যে $\angle LKN = \angle MKN = 45°$ আঁকা হলো।



খ মনে করি, PQR ত্রিভুজের ভূমি $a = QR = 6$ সে. মি., ভূমিসংলগ্ন কোণ $\angle x = 45°$ এবং অপর দুই বাহুর অন্তর $d = 2$ সে. মি. দেওয়া আছে। ত্রিভুজটি আঁকতে হবে।



অঙ্কন :

১. যেকোনো একটি রশ্মি QE থেকে ভূমি a এর সমান করে QR রেখাংশ কেটে নিই।
২. QR রেখাংশের Q বিন্দুতে $\angle x$ এর সমান $\angle RQF$ আঁকি।
৩. QF রশ্মি থেকে d এর সমান QD অংশ কাটি।
৪. R, D যোগ করি।
৫. DR রেখাংশের যে পাশে F বিন্দু আছে সেই পাশে R বিন্দুতে $\angle FDR$ এর সমান $\angle DRP$ আঁকি। RP রশ্মি QF রশ্মিকে P বিন্দুতে ছেদ করে। তাহলে, ΔPQR-ই উদ্দিষ্ট ত্রিভুজ।

গ মনে করি, O কেন্দ্রবিশিষ্ট XYZ বৃত্তের ব্যাসার্ধ $\frac{PQ}{2}$। XYZ বৃত্তে এরূপ দুইটি স্পর্শক আঁকতে হবে যাদের অন্তর্ভুক্ত কোণ 60° হয়।



অঙ্কন :

১. XYZ বৃত্তের পরিধির উপর M যেকোনো একটি বিন্দু নিই। O, M যোগ করি এবং OM কে L পর্যন্ত বর্ধিত করি যেন $OM = ML$ হয়।
২. M কে কেন্দ্র করে OM বা ML এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি। এ বৃত্তটি XYZ বৃত্তকে Y ও Z বিন্দুতে ছেদ করে। Y, L এবং Z, L যোগ করি।

তাহলে, YL এবং ZL উদ্দীষ্ট স্পর্শকদ্বয় যাদের অন্তর্ভুক্ত কোণ 60°।

প্রশ্ন ১১ ▶ চট্টগ্রাম বোর্ড ২০১৭

একটি ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 4 সে.মি. 5 সে.মি. এবং 6 সে.মি.।

ক. প্রদত্ত তথ্যানুযায়ী চিত্রটি অঙ্কন কর। ২

খ. ত্রিভুজটির পরিবৃত্ত অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যক) ৪

গ. বৃত্তটিতে এমন একটি স্পর্শক আঁক যেন তা তৃতীয় বাহুর সমান্তরাল হয়। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যক) ৪

১১নং প্রশ্নের সমাধান

ক চিত্রে, ABC ত্রিভুজের $AB = 4$ সে.মি., $BC = 5$ সে.মি. এবং $AC = 6$ সে.মি.।



www.abswer.com

www.abswer.com

খ মনে করি, ABC একটি ত্রিভুজ যার AB = 4 সে.মি., BC = 5 সে.মি. এবং AC = 6 সে.মি.। ত্রিভুজটির পরিবৃত্ত আঁকতে হবে।
অর্থাৎ এমন একটি বৃত্ত আঁকতে হবে, যা ত্রিভুজের তিনটি শীর্ষবিন্দু A, B ও C বিন্দু দিয়ে যায়।



অঙ্কন : AB ও AC রেখাংশের লম্ব সমদ্বিখণ্ডক যথাক্রমে NS ও LM রেখাংশ আঁকি। মনে করি, তারা পরস্পর O বিন্দুতে ছেদ করে। A, O যোগ করি। O কে কেন্দ্র করে OA এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি। তাহলে বৃত্তটি A, B ও C বিন্দুগামী হবে এবং এ বৃত্তটিই Δ ABC এর নির্ণেয় পরিবৃত্ত।

গ এখানে, ABC ত্রিভুজের পরিবৃত্তের কেন্দ্র O। পরিবৃত্তটিতে এমন একটি স্পর্শক আঁকতে হব যেন তা AC এর সমান্তরাল হয়।



অঙ্কন : বৃত্তের কেন্দ্র O হতে AC এর উপর OL লম্ব আঁকি। OL কে বর্ধিত করি যা বৃত্তটিকে D বিন্দুতে ছেদ করে। OD রেখার উপর EF লম্ব আঁকি।
তাহলে EF-ই নির্ণেয় স্পর্শক যা তৃতীয় বাহু AC এর সমান্তরাল।

প্রশ্ন ১২ ▶ সিলেট বোর্ড ২০১৭

একটি ত্রিভুজের দুইটি বাহুর দৈর্ঘ্য 4 সে.মি. 5 সে.মি. এবং অন্তর্ভুক্ত কোণ 60°।

ক. প্রদত্ত উপাত্ত থেকে ত্রিভুজটি অঙ্কন কর। ২
খ. ত্রিভুজটির পরিবৃত্ত অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যক) ৪
গ. উক্ত বৃত্তে এমন একটি স্পর্শক আঁক যেন তা প্রদত্ত ত্রিভুজের দ্বিতীয় বাহুর সমান্তরাল হয়। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যক) ৪

১২নং প্রশ্নের সমাধান

ক



চিত্রে Δ ABC এর দুইটি বাহু AB = a = 4 সে.মি., BC = b = 5 সে.মি. এবং এদের অন্তর্ভুক্ত কোণ ∠ABC = ∠x = 60°.

খ মনে করি, ABC ত্রিভুজের দুইটি বাহু AB = 4 সে.মি., BC = 5 সে.মি. এবং এদের অন্তর্ভুক্ত কোণ ∠ABC = 60°। এর পরিবৃত্ত আঁকতে হবে। অর্থাৎ এমন একটি বৃত্ত আঁকতে হবে যা, ABC ত্রিভুজের তিনটি শীর্ষবিন্দু A, B ও C বিন্দু দিয়ে যায়।



অঙ্কন :
১. AB ও AC রেখাংশের লম্ব সমদ্বিখণ্ডক যথাক্রমে NQ ও PM আঁকি। মনে করি, এরা পরস্পর O বিন্দুতে ছেদ করে।
২. O, A যোগ করি। O কে কেন্দ্র করে OA এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি। তাহলে বৃত্তটি A, B ও C বিন্দুগামী হবে এবং এ বৃত্তটিই Δ ABC এর নির্ণেয় পরিবৃত্ত।

গ এখানে, O কেন্দ্রবিশিষ্ট ABC একটি পরিবৃত্ত। ABC বৃত্তে এমন একটি স্পর্শক অঙ্কন করতে হবে যা ABC ত্রিভুজের BC বাহুর সমান্তরাল হয়।



অঙ্কন :
১. বৃত্তের কেন্দ্র O হতে BC এর উপর ON লম্ব আঁকি যা বৃত্তকে J বিন্দুতে ছেদ করে।
২. ON কে বিপরীত দিকে বর্ধিত করি যা বৃত্তটিকে k বিন্দুতে ছেদ করে।
৩. JK রেখাংশের J ও K বিন্দুতে যথাক্রমে GH ও LM লম্ব আঁকি। তাহলে GH বা LM-ই হবে নির্ণেয় স্পর্শক।

প্রশ্ন ১৩ ▶ রাজশাহী বোর্ড ২০১৬

সমকোণী ত্রিভুজের অতিভুজ এবং সমকোণ সংলগ্ন এক বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 7 সে.মি. এবং 4 সে.মি.।

ক. ত্রিভুজটির অপর বাহুর দৈর্ঘ্য নির্ণয় কর। ২
খ. একটি বর্গ আঁক, যার পরিসীমা ত্রিভুজের পরিসীমার সমান। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যক) ৪
গ. ত্রিভুজটির পরিবৃত্ত অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যক) ৪

১৩নং প্রশ্নের সমাধান

ক এখানে, সমকোণী ত্রিভুজের অতিভুজ 7 সে.মি. এবং সমকোণ সংলগ্ন এক বাহুর দৈর্ঘ্য 4 সে.মি.।

∴ সমকোণী ত্রিভুজের অপর বাহুর দৈর্ঘ্য $= \sqrt{7^2 - 4^2}$ সে.মি.
$= \sqrt{49 - 16}$ সে.মি.
$= \sqrt{33}$ সে.মি.
$= 5{\cdot}74$ সে.মি.(প্রায়)

∴ ত্রিভুজটির অপর বাহুর দৈর্ঘ্য 5·74 সে.মি.(প্রায়)।

খ এখানে, সমকোণী ত্রিভুজের পরিসীমা $= (7 + 4 + 5.74)$ সে.মি.
$= 16.74$ সে.মি.

ত্রিভুজটির সমান পরিসীমাবিশিষ্ট বর্গের পরিসীমা 16.74 সে.মি.

∴ বর্গের এক বাহুর দৈর্ঘ্য $= \frac{16.74}{4}$ সে.মি. $= 4.185$ সে.মি.

অতএব, বর্গের বাহুর দৈর্ঘ্য a = 4.185 সে.মি.। বর্গটি আঁকতে হবে।



অঙ্কন : যেকোনো রশ্মি PT থেকে PQ = a নিই। PQ রেখার P বিন্দুতে PU লম্ব আঁকি।
PU হতে PS = a নিই। এখন Q ও S কে কেন্দ্র করে a এর সমান ব্যাসার্ধ নিয়ে ∠QPS এর অভ্যন্তরে দুইটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপদ্বয় পরস্পর R বিন্দুতে ছেদ করে। Q, R এবং S, R যোগ করি।
তাহলে PQRS-ই উদ্দিষ্ট বর্গক্ষেত্র।

www.abswer.com

www.abswer.com

গ মনে করি, ABC সমকোণী ত্রিভুজের $\angle A$ = এক সমকোণ, অতিভুজ BC = 7 সে.মি., AC = 4 সে.মি. এবং AB = 5.74 সে. মি.। এর পরিবৃত্ত আঁকতে হবে। অর্থাৎ এমন একটি বৃত্ত। আঁকতে হবে, যা ABC ত্রিভুজের তিনটি শীর্ষবিন্দু A, B ও C দিয়ে যায়।



অঙ্কন : AB ও AC রেখাংশের লম্ব সমদ্বিখণ্ডক যথাক্রমে EM ও FN রেখাংশ আঁকি। মনে করি, তারা পরস্পরকে O বিন্দুতে ছেদ করে। A, O যোগ করি। O কে কেন্দ্র করে OA এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি। তাহলে, বৃত্তটি A, B ও C বিন্দুগামী হবে এবং এই বৃত্তটিই Δ ABC এর নির্ণেয় পরিবৃত্ত।

প্রশ্ন ১৪ ▶ যশোর বোর্ড ২০১৬

একটি ত্রিভুজের বাহুগুলোর দৈর্ঘ্য যথাক্রমে 3.5 সে.মি., 4.5 সে.মি. এবং 5.5 সে.মি.।

ক. তথ্যানুসারে ত্রিভুজটি আঁক। ২

খ. ত্রিভুজটির বহির্বৃত্ত আঁক। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যক) ৪

গ. ত্রিভুজটির বৃহত্তম বাহুর সমান বাহুবিশিষ্ট একটি বর্গের অন্তর্বৃত্ত ও পরিবৃত্ত আঁক। ৪

১৪নং প্রশ্নের সমাধান

ক চিত্রে ABC ত্রিভুজের AC, AB ও BC বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 3.5 সে.মি., 4.5 সে.মি. ও 5.5 সে.মি.।



খ মনে করি, ABC ত্রিভুজের AC, AB ও BC বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 3.5 সে. মি., 4.5 সে. মি., ও 5.5 সে. মি.। এর বহির্বৃত্ত আঁকতে হবে। অর্থাৎ এমন একটি বৃত্ত আঁকতে হবে, যা ত্রিভুজের একটি বাহুকে এবং অপর দুই বাহুর বর্ধিতাংশকে স্পর্শ করে।



অঙ্কন : AB ও BC বাহুদ্বয়কে যথাক্রমে D ও F পর্যন্ত বর্ধিত করি। $\angle$ACF ও $\angle$CAD এর সমদ্বিখণ্ডক CM এবং AN আঁকি। মনে করি, E তাদের ছেদ বিন্দু। E থেকে AC এর ওপর EH লম্ব আঁকি এবং মনে করি, তা AC কে H বিন্দুতে ছেদ করে। E কে কেন্দ্র করে EH এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি। তাহলে এই বৃত্তটিই নির্ণেয় বহির্বৃত্ত।

গ এখানে, ত্রিভুজটির বৃহত্তম বাহু BC = 5.5 সে. মি. মনে করি, ABCD বর্গের প্রতি বাহুর দৈর্ঘ্য 5.5 সে.মি.। ABCD বর্গক্ষেত্রের অন্তর্বৃত্ত ও পরিবৃত্ত আঁকতে হবে।

অঙ্কন : A, C ও B, D যোগ করি। AC ও BD কর্ণদ্বয় পরস্পর O বিন্দুতে ছেদ করে। আবার, AC ও BD কর্ণ O বিন্দুতে পরস্পর সমদ্বিখণ্ডিত হয়। O হতে AB এর উপর OG লম্ব টানি। এখন O কে কেন্দ্র করে OG এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি। বৃত্তটি AB, BC, CD ও DA বাহুকে যথাক্রমে G, H, K ও L বিন্দুতে স্পর্শ করে। তাহলে GHKL বৃত্তই ABCD বর্গক্ষেত্রের অন্তর্বৃত্ত। আবার O কে কেন্দ্র করে OA এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি। এই বৃত্ত ABCD বর্গক্ষেত্রের নির্ণেয় পরিবৃত্ত।

প্রশ্ন ১৫ ▶ কুমিল্লা বোর্ড ২০১৬

PQR একটি সমবাহু ত্রিভুজ যার প্রত্যেক বাহুর দৈর্ঘ্য 5 সে.মি.। $\angle Q$ ও $\angle R$-এর বহির্দ্বিখণ্ডকদ্বয় পরস্পর O বিন্দুতে মিলিত হয়।

ক. প্রদত্ত তথ্য অনুযায়ী চিত্রটি আঁক। ২

খ. প্রমাণ কর যে, $\angle QOR = 90° - \frac{1}{2}\angle P$. ৪

গ. উদ্দীপকে উল্লিখিত ত্রিভুজটির অন্তর্বৃত্ত আঁক। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যক) ৪

১৫নং প্রশ্নের সমাধান

ক চিত্রে, PQR সমবাহু ত্রিভুজে PQ = QR = PR = 5 সে.মি.। এর PQ ও PR বাহুকে D ও E পর্যন্ত বর্ধিত করলে Q ও R বিন্দুতে বহিঃস্থ $\angle$RQD এবং বহিঃস্থ $\angle$QRE উৎপন্ন হয়। $\angle$RQD ও $\angle$QRE-এর সমদ্বিখণ্ডকদ্বয় পরস্পর O বিন্দুতে মিলিত হয়।



খ PQR সমবাহু ত্রিভুজে PQ = QR = PR = 5 সে.মি.। এর PQ ও PR বাহুকে D ও E পর্যন্ত বর্ধিত করলে Q ও R বিন্দুতে বহিঃস্থ $\angle$RQD এবং বহিঃস্থ $\angle$QRE উৎপন্ন হয়। $\angle$RQD ও $\angle$QRE-এর সমদ্বিখণ্ডকদ্বয় পরস্পর O বিন্দুতে মিলিত হয়।



প্রমাণ করতে হবে যে, $\angle QOR = 90° - \frac{1}{2}\angle P$.

প্রমাণ :

ধাপ ১ : Δ PQR-এ,

$\angle P + \angle Q + \angle R = 180°$

[∵ ত্রিভুজের তিন কোণের সমষ্টি দুই সমকোণের সমান।]

বা, $\frac{1}{2}\angle P + \frac{1}{2}\angle Q + \frac{1}{2}\angle R = 90°$

ধাপ ২ : $\angle OQR = \frac{1}{2}\angle DQR$ [OQ, $\angle$RQD-এর সমদ্বিখণ্ডক]

কিন্তু $\angle DQR = \angle P + \angle R$

[বহিঃস্থ কোণ এর বিপরীত অন্তঃস্থ কোণ দুইটির সমষ্টির সমান।]

সুতরাং $\angle OQR = \frac{1}{2}\angle P + \frac{1}{2}\angle R$

∴ $2\angle QRO = \angle QRE$ [OR, $\angle$QRE-এর সমদ্বিখণ্ডক।]

কিন্তু $\angle QRE = \angle P + \angle Q$

[বহিঃস্থ কোণ এর অন্তঃস্থ বিপরীত কোণ দুইটির সমষ্টির সমান।]

সুতরাং, $\angle QRO = \frac{1}{2}\angle P + \frac{1}{2}\angle Q$

ধাপ ৩ : এখন, Δ QOR-এ

$\angle QOR + \angle OQR + \angle QRO = 180°$

[ত্রিভুজের তিন কোণের সমষ্টি দুই সমকোণ]

বা, $\angle QOR + \frac{1}{2}\angle P + \frac{1}{2}\angle R + \frac{1}{2}\angle P + \frac{1}{2}\angle Q = 180°$ [(২) থেকে]

বা, $\angle QOR + \frac{1}{2}\angle P + 90° = 180°$ [(১) থেকে]

বা, $\angle QOR = 180° - 90° - \frac{1}{2}\angle P$

∴ $\angle QOR = 90° - \frac{1}{2}\angle P$. (প্রমাণিত)

www.abswer.com

www.abswer.com

গ মনে করি, PQR সমবাহু ত্রিভুজে PQ = QR = PR = 5 সে.মি.। এর অন্তর্বৃত্ত আঁকতে হবে। অর্থাৎ ∆PQR এর ভিতরে এমন একটি বৃত্ত আঁকতে হবে, যা PQ, PR ও QR বাহু তিনটির প্রত্যেকটিকে স্পর্শ করে।



অঙ্কন : ∠PQR ও ∠PRQ এর সমদ্বিখণ্ডক যথাক্রমে QL ও RM আঁকি। মনে করি, তারা N বিন্দুতে ছেদ করে। N থেকে QR এর ওপর ND লম্ব আঁকি এবং মনে করি, তা QR কে D বিন্দুতে ছেদ করে। N কে কেন্দ্র করে ND এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি।

তাহলে, এই বৃত্তটিই নির্ণেয় অন্তর্বৃত্ত।

প্রশ্ন ১৬ ▸ সিলেট বোর্ড ২০১৬

একটি সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন দুই বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 3 সে.মি. এবং 4 সে.মি.।

ক. উদ্দীপকের ত্রিভুজটির অতিভুজের দৈর্ঘ্য নির্ণয় কর। ২

খ. ত্রিভুজটির পরিসীমার সমান পরিসীমাবিশিষ্ট একটি বর্গক্ষেত্র অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যক) ৪

গ. উক্ত বর্গের পরিবৃত্ত অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যক) ৪

১৬নং প্রশ্নের সমাধান

ক এখানে, সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন দুই বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 3 সে.মি. এবং 4 সে.মি.।

∴ সমকোণী ত্রিভুজের অতিভুজের দৈর্ঘ্য $= \sqrt{3^2 + 4^2}$ সে.মি.
$= \sqrt{9 + 16}$ সে.মি.
$= \sqrt{25}$ সে.মি.
$= 5$ সে.মি.

∴ ত্রিভুজটির অতিভুজের দৈর্ঘ্য 5 সে.মি.।

খ এখানে, সমকোণী ত্রিভুজটির পরিসীমা = (3 + 4 + 5) সে.মি. = 12 সে.মি.। তাহলে, বর্গক্ষেত্রের পরিসীমা = 12 সে.মি.। বর্গক্ষেত্রটি আঁকতে হবে।

অঙ্কন :



১. AM যেকোনো রশ্মি হতে AB $= \frac{p}{4}$ আঁকি।

২. AB রেখার A বিন্দুতে AN লম্ব আঁকি।

৩. AN হতে AD $= \frac{p}{4}$ কেটে নেই।



৪. এখন B ও D কে কেন্দ্র করে $\frac{p}{4}$ এর সমান ব্যাসার্ধ নিয়ে দুইটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপদ্বয় পরস্পরকে C বিন্দুতে ছেদ করে।

৫. C, D ও C, B যোগ করি। তাহলে ABCD বর্গক্ষেত্রই উদ্দিষ্ট বর্গক্ষেত্র।

গ খ হতে প্রাপ্ত, ABCD বর্গক্ষেত্রের পরিসীমা 12 সে.মি.। এর পরিবৃত্ত আঁকতে হবে।



অঙ্কন :

১. A, C ও B, D যোগ করি। AC ও BD কর্ণদ্বয় পরস্পর O বিন্দুতে ছেদ করে। আবার, AC ও BD কর্ণ O বিন্দুতে পরস্পর সমদ্বিখণ্ডিত হয়।

২. O কে কেন্দ্র করে OA এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি। এই বৃত্ত ABCD বর্গক্ষেত্রের নির্ণেয় পরিবৃত্ত।

প্রশ্ন ১৭ ▸ বরিশাল বোর্ড ২০১৬

একটি সমকোণী ত্রিভুজের অতিভুজ ও একটি বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 6 সে.মি. এবং 4 সে.মি.।

ক. ত্রিভুজটি আঁক। ২

খ. ত্রিভুজটির পরিবৃত্ত অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যক) ৪

গ. উক্ত বৃত্তে এমন একটি স্পর্শক অঙ্কন কর, যেন তা নির্দিষ্ট সরলরেখার উপর লম্ব হয়। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যক) ৪

১৭নং প্রশ্নের সমাধান

ক মনে করি, একটি সমকোণী ত্রিভুজের অতিভুজ a = 6 সে.মি. এবং একটি বাহু b = 4 সে.মি.। ত্রিভুজটি আঁকতে হবে।



অঙ্কন :

১. যেকোনো রশ্মি AD থেকে b এর সমান করে AB রেখাংশ নিই।

২. AB রেখাংশের A বিন্দুতে AE লম্ব আঁকি।

৩. B বিন্দুকে কেন্দ্র করে a এর সমান ব্যাসার্ধ নিয়ে AE এর উপর একটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপটি AE কে C বিন্দুতে ছেদ করে।

৪. B, C যোগ করি।

তাহলে অঙ্কিত ∆ ABC-ই উদিষ্ট ত্রিভুজ।

খ মনে করি, ABC সমকোণী ত্রিভুজের ∠A = এক সমকোণ, অতিভুজ BC = 6 সে. মি. এবং একটি বাহু AB = 4 সে. মি.। এর পরিবৃত্ত আঁকতে হবে। অর্থাৎ এমন একটি বৃত্ত আঁকতে হবে, যা ABC ত্রিভুজের তিনটি শীর্ষবিন্দু A, B ও C দিয়ে যায়।



অঙ্কন :

১. AB ও AC রেখাংশের লম্ব সমদ্বিখণ্ডক যথাক্রমে EM ও FN রেখাংশ আঁকি। মনে করি, তারা পরস্পরকে O বিন্দুতে ছেদ করে।

২. A, O যোগ করি। O কে কেন্দ্র করে OA এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি।

তাহলে, বৃত্তটি A, B ও C বিন্দুগামী হবে এবং এই বৃত্তটিই ∆ ABC এর নির্ণেয় পরিবৃত্ত।

www.abswer.com

www.abswer.com

গ মনে করি, O কেন্দ্রবিশিষ্ট ABC একটি বৃত্ত এবং XY একটি নির্দিষ্ট সরলরেখা। ABC বৃত্তে এমন একটি স্পর্শক আঁকতে হবে যা XY এর ওপর লম্ব হয়।



অঙ্কন :

১. ABC বৃত্তের কেন্দ্র O হতে XY সরলরেখার উপর OL লম্ব আঁকি।

২. OL রেখার O বিন্দুতে OC লম্ব আঁকি। এ লম্ব বৃত্তকে C বিন্দুতে স্পর্শ করে।

৩. OC রেখার C বিন্দুতে CF লম্ব আঁকি এবং তাকে বিপরীত দিকে বর্ধিত করি। বর্ধিত FC রেখা XY কে D বিন্দুতে ছেদ করে।

তাহলে FD রেখাই নির্ণেয় স্পর্শক যা XY এর উপর লম্ব।

প্রশ্ন ১৮ ▸ ঢাকা বোর্ড ২০১৫

একটি সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন দুইটি বাহুর দৈর্ঘ্য 3 সে.মি. এবং 4 সে.মি.।

ক. তথ্যের আলোকে ত্রিভুজটি অঙ্কন কর। ২

খ. ত্রিভুজটির পরিবৃত্ত অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যক) ৪

গ. উক্ত বৃত্তে এমন দুইটি স্পর্শক অঙ্কন কর যেন তাদের অন্তর্ভুক্ত কোণ 60° হয়। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যক।) ৪

১৮নং প্রশ্নের সমাধান

ক মনে করি, একটি সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন দুইটি বাহুর দৈর্ঘ্য যথাক্রমে a = 3 সে. মি. এবং b = 4 সে. মি. দেওয়া আছে। ত্রিভুজটি আঁকতে হবে।



অঙ্কন :

১. যেকোনো রশ্মি AD থেকে b এর সমান করে AB রেখাংশ নিই।

২. AB রেখাংশের A বিন্দুতে AE লম্ব আঁকি।

৩. AE থেকে a -এর সমান করে AC রেখাংশ নিই।

৪. B, C যোগ করি।

তাহলে Δ ABC-ই উদ্দিষ্ট ত্রিভুজ।

খ ABC সমকোণী ত্রিভুজের ∠A = এক সমকোণ, AC = 3 সে. মি. এবং AB = 4 সে.মি.। এর পরিবৃত্ত আঁকতে হবে।

অর্থাৎ এমন একটি বৃত্ত আঁকতে হবে, যা ত্রিভুজের তিনটি শীর্ষবিন্দু A, B ও C দিয়ে যায়।



অঙ্কন :

১. AB ও AC রেখাংশের লম্ব সমদ্বিখণ্ডক যথাক্রমে EM ও FN রেখাংশ আঁকি। মনে করি, তারা পরস্পরকে O বিন্দুতে ছেদ করে।

২. A, O যোগ করি। O কে কেন্দ্র করে OA এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি।

তাহলে, বৃত্তটি A, B ও C বিন্দুগামী হবে এবং এই বৃত্তটিই Δ ABC এর নির্ণেয় পরিবৃত্ত।

গ খ-এ অঙ্কিত O কেন্দ্রবিশিষ্ট ABC একটি বৃত্ত। ABC বৃত্তে এরূপ দুইটি স্পর্শক আঁকতে হবে যেন তাদের অন্তর্ভুক্ত কোণ 60° হয়।



অঙ্কন :

১. ABC বৃত্তের পরিধির উপর P যেকোনো একটি বিন্দু নিই। O, P যোগ করি এবং OP কে L পর্যন্ত বর্ধিত করি যেন OP = PL হয়।

২. P কে কেন্দ্র করে OP বা PL এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি। এ বৃত্তটি ABC বৃত্তকে C ও A বিন্দুতে ছেদ করে। C, L এবং A, L যোগ করি।

তাহলে, CL এবং AL উদ্দীষ্ট স্পর্শকদ্বয় যাদের অন্তর্ভুক্ত কোণ 60°।

প্রশ্ন ১৯ ▸ রাজশাহী বোর্ড ২০১৫

একটি ত্রিভুজের তিন বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 3 সে.মি., 4 সে.মি. ও 5 সে.মি.।

ক. ত্রিভুজটি অঙ্কন কর। ২

খ. অঙ্কনের চিহ্ন ও বিবরণসহ ত্রিভুজটির বহির্বৃত্ত অঙ্কন কর। ৪

গ. ত্রিভুজটির বহির্বৃত্তের ব্যাসার্ধের দ্বিগুণের সমান বাহুবিশিষ্ট একটি বর্গ অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যক) ৪

১৯নং প্রশ্নের সমাধান

ক একটি ত্রিভুজের তিনটি বাহু a = 3 সে. মি., b = 4 সে. মি. এবং c = 5 সে. মি.। ত্রিভুজটি আঁকতে হবে।



অঙ্কন :

১. যেকোনো রশ্মি AD থেকে b এর সমান AB রেখাংশ কেটে নিই।

২. A ও B কে কেন্দ্র করে যথাক্রমে c ও a এর সমান ব্যাসার্ধ নিয়ে AB এর একই পাশে দুইটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপদ্বয় পরস্পর C বিন্দুতে ছেদ করে।

৩. A, C ও B, C যোগ করি। তাহলে ABC-ই উদ্দিষ্ট ত্রিভুজ।

খ মনে করি, ABC ত্রিভুজের BC = 3 সে.মি., AB = 4 সে.মি. ও AC = 5 সে.মি.। এর বহির্বৃত্ত আঁকতে হবে।

অর্থাৎ এমন একটি বৃত্ত আঁকতে হবে, যা ত্রিভুজের একটি বাহুকে এবং অপর দুই বাহুর বর্ধিতাংশকে স্পর্শ করে।



অঙ্কন : AB ও AC বাহুদ্বয়কে যথাক্রমে D ও F পর্যন্ত বর্ধিত করি। ∠DBC ও ∠FCB এর সমদ্বিখণ্ডক BM এবং CN আঁকি। মনে করি, E তাদের ছেদবিন্দু। E থেকে BC এর ওপর EH লম্ব আঁকি এবং মনে করি, তা BC কে H বিন্দুতে ছেদ করে। E কে কেন্দ্র করে EH এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি।

তাহলে, এই বৃত্তটিই নির্ণেয় বহির্বৃত্ত।

www.abswer.com

গ খ-এ অঙ্কিত Δ ABC-এর বহির্বৃত্তের ব্যাসার্ধ EH। ব্যাসার্ধ EH এর দ্বিগুণ = 2 EH.

মনে করি, কোনো বর্গের বাহুর দৈর্ঘ্য f = 2EH দেওয়া আছে। বর্গটি আঁকতে হবে।

অঙ্কন : যেকোনো রশ্মি PT থেকে PQ = f নিই। PQ রেখার P বিন্দুতে PU লম্ব আঁকি। PU হতে PS = f নিই। এখন Q ও S কে কেন্দ্র করে f এর সমান ব্যাসার্ধ নিয়ে ∠QPS এর অভ্যন্তরে দুইটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপদ্বয় পরস্পর R বিন্দুতে ছেদ করে। Q, R এবং S,R যোগ করি।



তাহলে PQRS-ই উদ্দিষ্ট বর্গক্ষেত্র।

প্রশ্ন ২০ ▸ বরিশাল বোর্ড ২০১৫

একটি ত্রিভুজের তিন বাহুর সমষ্টি 10 সে.মি. এবং এর ভূমি সংলগ্ন কোণদ্বয় 45° এবং 60°.

ক. 2 সে.মি. বাহুবিশিষ্ট সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল নির্ণয় কর। ২

খ. ত্রিভুজটি অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যক) ৪

গ. ত্রিভুজের অর্ধ-পরিসীমাকে বাহু ধরে অঙ্কিত বর্গের পরিবৃত্ত অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যক) ৪

২০নং প্রশ্নের সমাধান

ক এখানে, সমবাহু ত্রিভুজের এক বাহুর দৈর্ঘ্য = 2 সে. মি.

∴ সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4} \times 2^2$ বর্গ সে. মি.

$= \frac{\sqrt{3}}{4} \times 4$ বর্গ সে. মি.

$= \sqrt{3}$ বর্গ সে. মি.

$= 1.732$ বর্গ সে. মি. (প্রায়)

নির্ণেয় ক্ষেত্রফল 1.732 বর্গ সে. মি. (প্রায়)।

খ একটি ত্রিভুজের তিন বাহুর সমষ্টি অর্থাৎ পরিসীমা p = 10 সে.মি. এবং ভূমি সংলগ্ন দুইটি কোণ ∠x = 45° ও ∠y = 60° দেওয়া আছে। ত্রিভুজটি আঁকতে হবে।



অঙ্কন :

১. যেকোনো একটি রশ্মি DF থেকে পরিসীমা p এর সমান করে DE অংশ কেটে নিই।

২. D ও E বিন্দুতে DE রেখাংশের একই পাশে ∠x এর সমান ∠EDL এবং ∠y এর সমান ∠DEM আঁকি।

৩. কোণ দুইটির দ্বিখণ্ডক DG ও EH আঁকি। মনে করি, DG ও EH রশ্মিদ্বয় পরস্পরকে A বিন্দুতে ছেদ করে।

৪. A বিন্দুতে ∠ADE এর সমান ∠DAB এবং ∠AED এর সমান ∠EAC আঁকি। AB এবং AC রশ্মিদ্বয় DE রেখাংশকে যথাক্রমে B ও C বিন্দুতে ছেদ করে। তাহলে, Δ ABC-ই উদ্দিষ্ট ত্রিভুজ।

গ ত্রিভুজের অর্ধপরিসীমা

$= \frac{10}{2}$ সে. মি.

$= 5$ সে. মি.

মনে করি, একটি বর্গের বাহুর দৈর্ঘ্য a = 5 সে. মি. বর্গটির পরিবৃত্ত আঁকতে হবে।



অঙ্কন :

১. যেকোনো রশ্মি PT থেকে a এর সমান করে PQ রেখাংশ নিই।

২. PQ রেখাংশের P বিন্দুতে PU লম্ব আঁকি। PU থেকে a এর সমান করে PS রেখাংশ নিই।

৩. S ও Q কে কেন্দ্র করে a এর সমান ব্যাসার্ধ নিয়ে ∠SPQ এর অভ্যন্তরে দুইটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপ দুইটি পরস্পর R বিন্দুতে ছেদ করে।

৪. Q, R এবং S, R যোগ করি। তাহলে PQRS-ই উদ্দিষ্ট বর্গ।

৫. P, R এবং Q, S যোগ করি। PR ও QS কর্ণদ্বয় পরস্পর O বিন্দুতে ছেদ করে।

৬. O কে কেন্দ্র করে OP এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি। বৃত্তটি PQRS বর্গের P, Q, R ও S শীর্ষবিন্দু দিয়ে যায়। তাহলে এটিই উদ্দিষ্ট পরিবৃত্ত।

প্রশ্ন ২১ ▸ দিনাজপুর বোর্ড ২০১৫

a = 3 সে.মি. ও b = 3.5 সে.মি. যথাক্রমে A ও B কেন্দ্রবিশিষ্ট বৃত্তদ্বয়ের ব্যাসার্ধ।

ক. A কেন্দ্রিক বৃত্তের ক্ষেত্রফল নির্ণয় কর। ২

খ. বহিঃস্থ কোনো বিন্দু Q থেকে B কেন্দ্রিক বৃত্তে দুইটি স্পর্শক আঁক। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যক) ৪

গ. a ও b কে একটি সমকোণী ত্রিভুজের সমকোণের সন্নিহিত বাহু ধরে উক্ত ত্রিভুজের একটি পরিবৃত্ত অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যক) ৪

২১নং প্রশ্নের সমাধান

ক এখানে, A কেন্দ্রবিশিষ্ট বৃত্তের ব্যাসার্ধ, $r_1 = a = 3$ সে. মি.

∴ A কেন্দ্রবিশিষ্ট বৃত্তের ক্ষেত্রফল $= \pi r_1^2$ বর্গ একক

$= 3.1416 \times 3^2$ বর্গ সে. মি.

$= 3.1416 \times 9$ বর্গ সে. মি.

$= 28.27$ বর্গ সে. মি. (প্রায়)

∴ A কেন্দ্রিক বৃত্তের ক্ষেত্রফল 28.27 বর্গ সে. মি. (প্রায়)।

www.abswer.com

খ মনে করি, B কেন্দ্রবিশিষ্ট বৃত্তের ব্যাসার্ধ $r_2 = b = 3.5$ সে. মি., বৃত্তের বহিঃস্থ একটি বিন্দু Q। Q বিন্দু থেকে ঐ বৃত্তে দুইটি স্পর্শক আঁকতে হবে।



অঙ্কন :

১. B, Q যোগ করি। BQ রেখাংশের মধ্যবিন্দু M নির্ণয় করি।
২. এখন M কে কেন্দ্র করে MB এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি। মনে করি, নতুন অঙ্কিত বৃত্তটি প্রদত্ত বৃত্তকে A ও B বিন্দুতে ছেদ করে।
৩. C, Q এবং D, Q যোগ করি।
তাহলে, CQ, DQ উভয়েই নির্ণেয় স্পর্শক।

গ মনে করি, PQR একটি সমকোণী ত্রিভুজের ∠QPR = এক সমকোণ এবং ∠QPR সংলগ্ন দুইটি সন্নিহিত বাহু PR = a = 3 সে. মি. ও PQ = b = 3.5 সে. মি.। ত্রিভুজটির পরিবৃত্ত আঁকতে হবে।



অর্থাৎ এমন একটি বৃত্ত আঁকতে হবে, যা ত্রিভুজের তিনটি শীর্ষবিন্দু P, Q ও R দিয়ে যায়।

অঙ্কন :

১. PQ ও RP রেখাংশের লম্ব সমদ্বিখণ্ডক যথাক্রমে EM ও FN রেখাংশ আঁকি।
মনে করি, তারা পরস্পরকে O বিন্দুতে ছেদ করে।
২. P, O যোগ করি। O কে কেন্দ্র করে OP এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি।
তাহলে, বৃত্তটি P, Q ও R বিন্দুগামী হবে এবং এই বৃত্তটিই Δ PQR এর নির্ণেয় পরিবৃত্ত।

শীর্ষস্থানীয় স্কুলসমূহের টেস্ট পরীক্ষার সৃজনশীল প্রশ্ন ও সমাধান — মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক নির্বাচিত

প্রশ্ন ২২ ▸ ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা

$\angle x = 22\frac{1°}{2}$, $\angle y = 30°$ এবং s = 9 সে.মি.।

ক. স্কেল ও কম্পাস দিয়ে ∠x এবং ∠y অঙ্কন কর। ২

খ. এমন একটি ত্রিভুজ আঁক যার ভূমি সংলগ্ন কোণদ্বয় 2∠x এবং 2∠y ও পরিসীমা s এর সমান। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যক) ৪

গ. $\frac{s}{3}$ সে.মি. দৈর্ঘ্যবিশিষ্ট একটি সমবাহু ত্রিভুজের বহির্বৃত্ত অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যক) ৪

২২নং প্রশ্নের সমাধান

ক স্কেল ও কম্পাস দিয়ে $\angle x = 22\frac{1°}{2}$ এবং ∠y = 30° আঁকা হলো।



খ মনে করি, একটি ত্রিভুজের ভূমি সংলগ্ন কোণদ্বয়

$\angle p = 2\angle x = 2 \times 22\frac{1°}{2} = 45°$

এবং ∠q = 2 ∠y = 2 × 30° = 60° এবং পরিসীমা s = 9 সে.মি. দেওয়া আছে। ত্রিভুজটি আঁকতে হবে।



অঙ্কন :

১. যেকোনো একটি রশ্মি DF থেকে পরিসীমা s এর সমান করে DE অংশ কেটে নেই।
২. D ও E বিন্দুতে DE রেখাংশের একই পাশে ∠p এর সমান ∠EDL এবং ∠q এর সমান ∠DEM আঁকি।
৩. কোণ দুইটির সমদ্বিখণ্ডক DG ও EH আঁকি। মনে করি, DG ও EH রশ্মিদ্বয় পরস্পরকে A বিন্দুতে ছেদ করে।
৪. A বিন্দুতে ∠ADE এর সমান ∠DAB এবং ∠AED এর সমান ∠EAC আঁকি। AB এবং AC রশ্মিদ্বয় DE রেখাংশকে যথাক্রমে B ও C বিন্দুতে ছেদ করে।
তাহলে, Δ ABC-ই উদ্দিষ্ট ত্রিভুজ।

গ দেওয়া আছে, s = 9 সে.মি.

এখানে, $\frac{s}{3}$ সে.মি. = $\frac{9}{3}$ = 3 সে.মি. দৈর্ঘ্যবিশিষ্ট একটি সমবাহু ত্রিভুজের বহির্বৃত্ত অঙ্কন করতে হবে।



অঙ্কন :

১. যেকোনো একটি রশ্মি BE থেকে $\frac{s}{3}$ এর সমান করে BC অংশ কেটে নিই। B ও C বিন্দুকে কেন্দ্র করে $\frac{s}{3}$ এর সমান ব্যাসার্ধ নিয়ে BC এর একই পাশে দুইটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপদ্বয় পরস্পর A বিন্দুতে ছেদ করে। A, B ও A, C যোগ করে ΔABC আঁকি।

www.abswer.com

www.abswer.com

২. BA বাহুকে F বিন্দু পর্যন্ত বর্ধিত করি।

৩. ∠CAF ও ∠ACE এর সমদ্বিখণ্ডক AL ও CM আঁকি। AL ও CM পরস্পর O বিন্দুতে ছেদ করে।

৪. O বিন্দু থেকে AC এর উপর OD লম্ব আঁকি এবং মনে করি, তা AC কে D বিন্দুতে ছেদ করে।

৫. O কে কেন্দ্র করে OD এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি। তাহলে এই বৃত্তটিই নির্ণেয় বহির্বৃত্ত।

প্রশ্ন ২৩ ▸ ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ, ঢাকা

Δ ABC এর BC বাহুর মধ্যবিন্দু Q.

ক. মধ্যমাসহ ত্রিভুজটি আঁক। ২

খ. প্রমাণ কর যে, AB + AC > 2 AQ. ৪

গ. ত্রিভুজটির অন্তর্বৃত্ত আঁক। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যক] ৪

২৩নং প্রশ্নের সমাধান

ক Δ ABC এর BC বাহুর মধ্যবিন্দু Q। A, Q যোগ করি তাহলে AQ হবে BC এর উপর মধ্যমা।



খ মনে করি, Δ ABC-এর BC বাহুর মধ্যবিন্দু Q। A, Q যোগ করি।

প্রমাণ করতে হবে যে, AB + AC > 2AQ.

অঙ্কন : AQ কে E পর্যন্ত এমনভাবে বর্ধিত করি যেন, AQ = QE হয়। E, C যোগ করি।



প্রমাণ :

ধাপ ১: Δ ABQ এবং Δ ECQ-এ

BQ = CQ [∵BC-এর মধ্যবিন্দু Q]

AQ = EQ [অঙ্কন অনুসারে]

∠AQB = ∠EQC [বিপ্রতীপ কোণ]

∴ Δ ABQ ≅ Δ ECQ [বাহু-কোণ-বাহু উপপাদ্য]

∴ AB = EC

ধাপ ২: এখন, Δ AEC-এ AC + EC > AE

[∵ ত্রিভুজের দুই বাহুর সমষ্টি তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর]

বা, AC + AB > AQ + QE [(১) থেকে]

বা, AB + AC > AQ + AQ [অঙ্কনানুসারে]

∴ AB + AC > 2AQ. (প্রমাণিত)

গ Δ ABC একটি ত্রিভুজ। এর অন্তর্বৃত্ত আঁকতে হবে। অর্থাৎ, Δ ABC এর ভিতরে এমন একটি বৃত্ত আঁকতে হবে, যা BC, CA ও AB বাহু তিনটির প্রত্যেকটিকে স্পর্শ করে।



অঙ্কন : ∠ABC ও ∠ACB এর সমদ্বিখণ্ডক যথাক্রমে BL ও CM আঁকি। মনে করি, তারা O বিন্দুতে ছেদ করে। O থেকে BC এর ওপর OD লম্ব আঁকি এবং মনে করি তা, BC কে D বিন্দুতে ছেদ করে। O কে কেন্দ্র করে OD এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি। তাহলে, এই বৃত্তটিই নির্ণেয় অন্তর্বৃত্ত।

প্রশ্ন ২৪ ▸ জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট

একটি ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 3 সে.মি., 4 সে.মি. ও 5 সে.মি.।

ক. ত্রিভুজটি অঙ্কন কর। ২

খ. উক্ত ত্রিভুজের পরিবৃত্ত অঙ্কন করে অঙ্কনের বিবরণ দাও। ৪

গ. বৃত্তে এমন দুইটি স্পর্শক আঁক যেন তাদের অন্তর্ভুক্ত কোণ 60° হয়। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যক) ৪

২৪নং প্রশ্নের সমাধান

ক



চিত্রে ABC ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য যথাক্রমে a = AB = 3 সে.মি., b = AC = 4 সে.মি. এবং c = BC = 5 সে.মি.। ত্রিভুজটি আঁকতে হবে।

খ মনে করি, কোনো ত্রিভুজ ABC এর তিনটি বাহু AB = 3 সে. মি., AC = 4 সে. মি. এবং BC = 5 সে. মি. দেওয়া আছে। ত্রিভুজটির পরিবৃত্ত অঙ্কন করতে হবে।



অঙ্কন :

১. BC বাহুর লম্বদ্বিখণ্ডক PQ এবং AC বাহুর লম্বদ্বিখণ্ডক LM অঙ্কন করি। PQ ও LM পরস্পর O বিন্দুতে ছেদ করে।

২. এখন, O কে কেন্দ্র করে OC বা OB বা OA এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি। বৃত্তটি A, B, C বিন্দু দিয়ে যায়।

তাহলে নির্ণেয় বৃত্তটি ABC ত্রিভুজের পরিবৃত্ত।

গ খ-এ অঙ্কিত O কেন্দ্রবিশিষ্ট ABC একটি বৃত্ত। ABC বৃত্তে এরূপ দুইটি স্পর্শক আঁকতে হবে যেন তাদের অন্তর্ভুক্ত কোণ 60° হয়।



অঙ্কন :

১. ABC বৃত্তের পরিধির উপর P যেকোনো একটি বিন্দু নিই। O, P যোগ করি এবং OP কে L পর্যন্ত বর্ধিত করি যেন OP = PL হয়।

২. P কে কেন্দ্র করে OP বা PL এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি। এ বৃত্তটি ABC বৃত্তকে A ও B বিন্দুতে ছেদ করে। A, L এবং B, L যোগ করি।

তাহলে, AL এবং BL উদ্দীষ্ট স্পর্শকদ্বয় যাদের অন্তর্ভুক্ত কোণ 60°।

www.abswer.com

www.abswer.com

মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত সৃজনশীল প্রশ্ন ও সমাধান | শিখনফলের ধারায় প্রণীত

শিখনফল ৪ : বৃত্ত সম্পর্কিত সম্পাদ্য বর্ণনা করতে পারব।

প্রশ্ন ২৫ ▸ পাঠ্যবইয়ের শিখনফল ৪-এর আলোকে প্রণীত

Δ ABC এর AB = 3 সে.মি., AC = 4 সে.মি. এবং BC = 4.5 সে.মি.।

ক. বর্ণনা অনুযায়ী চিত্র অঙ্কন কর। ২

খ. ত্রিভুজটির পরিবৃত্ত আঁক এবং এই বৃত্তের ব্যাসার্ধ নির্ণয় কর। ৪

গ. যদি AB = AC = BC = 5 সে.মি. হয় তবে Δ ABC এর AC বাহুকে স্পর্শ করে একটি বহির্বৃত্ত আঁক। ৪

[পাঠ্যবইয়ের অনুশীলনী ৮.৫ এর ১২ ও ১৩ নং এর আলোকে]

২৫নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, Δ ABC এর AB = 3 সে.মি., AC = 4 সে.মি. এবং BC = 4.5 সে.মি.। চিত্রটি নিম্নরূপ :



খ মনে করি, কোনো ত্রিভুজ ABC এর তিনটি বাহু AB = 3 সে. মি., AC = 4 সে. মি. এবং BC = 4.5 সে. মি. দেওয়া আছে। ABC ত্রিভুজের পরিবৃত্ত অঙ্কন করতে হবে।



অঙ্কন :

১. BC বাহুর লম্বদ্বিখণ্ডক PQ এবং AC বাহুর লম্বদ্বিখণ্ডক LM অঙ্কন করি। PQ ও LM পরস্পর O বিন্দুতে ছেদ করে।

২. O কে কেন্দ্র করে OC বা OB বা OA এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি। বৃত্তটি A, B, C বিন্দু দিয়ে যাবে।

অতএব, নির্ণেয় বৃত্তটি ABC ত্রিভুজের পরিবৃত্ত।

প্রমাণ : BC এর লম্বদ্বিখণ্ডক O বিন্দুতে মিলিত হয়েছে।

$\therefore$ OB = OC

আবার, AC এর লম্বদ্বিখণ্ডক LM এর উপর O বিন্দু অবস্থিত।

$\therefore$ OC = OA

সুতরাং OB = OC = OA

অতএব, O কে কেন্দ্র করে এবং OB ব্যাসার্ধ নিয়ে বৃত্ত আঁকলে তা A, B, C বিন্দু দিয়ে যাবে।

সুতরাং অঙ্কিত বৃত্তটিই Δ ABC এর পরিবৃত্ত।

এখন, BC = OB + OC

বা, 4.5 = OB + OB

বা, 4.5 = 2OB

বা, $OB = \frac{4.5}{2}$

$\therefore$ OB = 2.25

নির্ণেয় ব্যাসার্ধ 2.25 সে. মি.।

গ মনে করি, ABC একটি সমবাহু ত্রিভুজ। এর প্রত্যেক বাহুর দৈর্ঘ্য 5 সে. মি.। AC বাহুকে স্পর্শ করে একটি বহির্বৃত্ত আঁকতে হবে।



অঙ্কন :

১. BA বাহুকে Y এবং BC বাহুকে X পর্যন্ত বর্ধিত করি।

২. ∠ACX এর সমদ্বিখণ্ডক CM এবং ∠CAY এর সমদ্বিখণ্ডক AL আঁকি। AL এবং CM পরস্পর O বিন্দুতে ছেদ করে। O বিন্দু হতে BX এর উপর OP লম্ব আঁকি।

৩. O কে কেন্দ্র করে OP এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি। এটি Δ ABC এর AC বাহুকে Q বিন্দুতে স্পর্শ করে। সুতরাং অঙ্কিত বৃত্তই Δ ABC এর বহির্বৃত্ত।

প্রমাণ : Δ COQ এবং Δ COP সর্বসম।

অতএব, OP = OQ

একইভাবে প্রমাণ করা যায় যে, OQ = OR

O বিন্দুকে কেন্দ্র করে OP এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকলে এটি P, Q, R বিন্দু দিয়ে যাবে।

$\therefore$ বৃত্তটি AY, CX এবং AC কে স্পর্শ করবে।

একাধিক অধ্যায়ের সমন্বয়ে প্রণীত সৃজনশীল প্রশ্ন ও সমাধান | নতুন পাঠ্যবইয়ের আলোকে প্রণীত

প্রশ্ন ২৬ ▸ অনুশীলনী ৭.১ ও ৮.৫ এর সমন্বয়ে প্রণীত

Δ ABC এর ∠B = 60°, ∠C = 45° এবং AB + BC + CA = 13 সে.মি.।

ক. ∠B ও ∠C এর পূরক কোণ নির্ণয় কর। ২

খ. উদ্দীপকের আলোকে ত্রিভুজটি অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যক)। ৪

গ. Δ ABC এর অন্তর্বৃত্ত আঁক। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যক)। ৪

২৬নং প্রশ্নের সমাধান

ক ∠B = 60° এর পূরক কোণ = 90° − 60°
= 30°

এবং ∠C = 45° এর পূরক কোণ = 90° − 45°
= 45°.

খ দেওয়া আছে, ABC ত্রিভুজের পরিসীমা p = AB + BC + AC = 13 সে.মি. এবং দুইটি কোণ ∠B = 60° ও ∠C = 45°। ত্রিভুজটি আঁকতে হবে।



www.abswer.com

www.abswer.com

অঙ্কন :

যেকোনো একটি রশ্মি DF থেকে p এর সমান করে DE অংশ কেটে নিই। D ও E বিন্দুতে DE রেখাংশের একই পাশে ∠B এর সমান ∠EDL এবং ∠C এর সমান ∠DEM আঁকি। কোণ দুইটির দ্বিখণ্ডক DG ও EH আঁকি। মনে করি, DG ও EH রশ্মিদ্বয় পরস্পরকে A বিন্দুতে ছেদ করে। A বিন্দুতে ∠ADE এর সমান ∠DAB এবং ∠AED এর সমান ∠EAC আঁকি। AB এবং AC রশ্মিদ্বয় DE রেখাংশকে যথাক্রমে B ও C বিন্দুতে ছেদ করে।

তাহলে, ΔABC-ই উদ্দিষ্ট ত্রিভুজ।

গ খ হতে প্রাপ্ত, ΔABC একটি ত্রিভুজ। এর অন্তর্বৃত্ত আঁকতে হবে। অর্থাৎ, ΔABC এর ভিতরে এমন একটি বৃত্ত আঁকতে হবে, যা BC, CA ও AB বাহু তিনটির প্রত্যেকটিকে স্পর্শ করে।



অঙ্কন : ∠ABC ও ∠ACB এর সমদ্বিখণ্ডক যথাক্রমে BL ও CM আঁকি। মনে করি, তারা O বিন্দুতে ছেদ করে। O থেকে BC এর ওপর OD লম্ব আঁকি এবং মনে করি তা, BC কে D বিন্দুতে ছেদ করে। O কে কেন্দ্র করে OD-এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি। তাহলে, এই বৃত্তটিই নির্ণেয় অন্তর্বৃত্ত।

অধিক অনুশীলনের জন্য আরও সৃজনশীল প্রশ্ন ও উত্তর — প্রশ্নব্যাংক আকারে উপস্থাপিত

২৭। বৃত্তের পরিধির দুই বিন্দুর সংযোজক রেখাংশকে বৃত্তের জ্যা বলা হয়। আবার বৃত্তের কোনো জ্যা যদি কেন্দ্র দিয়ে যায় তবে তাকে ব্যাস বলা হয় এবং যে কোন জ্যা পরিধির যে অংশ ছেদ করে তাকে চাপ বলে।

ক. বৃত্তের ব্যাস ও ব্যাস ভিন্ন জ্যা এর চিত্র অঙ্কন কর। ২

খ. দেখাও যে, সমান সমান বৃত্তসমূহে সমান জ্যা সমান চাপ স্থির করে। ৪

গ. প্রমাণ কর যে, বৃত্তের সমান জ্যা এর মধ্যবিন্দুগুলো সমবৃত্ত। ৪

২৮। তিনটি রেখাংশের মধ্যে প্রথমটির দৈর্ঘ্য 3 সে.মি.। পরবর্তী দুটি রেখাংশের দৈর্ঘ্য প্রথমটি অপেক্ষা যথাক্রমে 1 ও 2 সে.মি. বেশি।

ক. রেখাংশ তিনটি দ্বারা একটি ত্রিভুজ আঁক। ২

খ. ত্রিভুজটির অন্তর্বৃত্ত আঁক। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যক।] ৪

গ. ত্রিভুজটির পরিসীমার সমান পরিসীমা বিশিষ্ট একটি বর্গ আঁক। [অঙ্কনের চিহ্ন এবং বিবরণ আবশ্যক।] ৪

২৯।



O কেন্দ্রবিশিষ্ট ABC বৃত্তে জ্যা AB = 12 সে. মি., OM ⊥ AB.

ক. বৃত্তটির পরিধি নির্ণয় কর। ২

খ. প্রমাণ কর যে, বৃত্তের কেন্দ্র হতে জ্যা এর উপর অঙ্কিত লম্ব ঐ জ্যাকে সমদ্বিখণ্ডিত করে। ৪

গ. AM = BM এবং OM = x হলে, x এর মান নির্ণয় কর। ৪

উত্তর : ক. 62.832 সে. মি.; গ. x = 8.

৩০। একটি বৃত্তের মধ্যে চতুর্ভুজ অঙ্কন করা যায়। চতুর্ভুজের বাহুকে বর্ধিত করলে বহিঃস্থ কোণ উৎপন্ন হয়।

ক. তথ্যানুযায়ী চিত্র অঙ্কন কর। ২

খ. দেখাও যে, বহিঃস্থ কোণ বিপরীত অন্তঃস্থ কোণের সমান। ৪

গ. প্রমাণ কর যে, কোন চতুর্ভুজের দুইটি বিপরীত কোণ সম্পূরক হলে তার শীর্ষবিন্দু চারটি সমবৃত্ত। ৪

৩১। বৃত্তের উপরস্থ কোনো বিন্দুতে অঙ্কিত স্পর্শক এবং ঐ বিন্দুগামী যেকোনো জ্যা এর অন্তর্গত কোণ তার একান্তর বৃত্তাংশস্থ যেকোনো কোণের সমান।

ক. স্পর্শক কী? ২

খ. প্রমাণ কর যে, বৃত্ত অর্ন্তলিখিত সামান্তরিক একটি আয়তক্ষেত্র। ৪

গ. উপরোক্ত তথ্যটি প্রমাণ কর। ৪

অনুশীলনমূলক কাজ অংশ — Practice Activities Section

প্রিয় শিক্ষার্থী, পাঠ্যবইয়ের এ অধ্যায়ে অনুশীলনমূলক কাজ (একক ও দলগত) দেওয়া আছে। কাজগুলোর পূর্ণাঙ্গ সমাধান পাঠ্যবইয়ের পৃষ্ঠা নম্বর উল্লেখ করে নিচে প্রদত্ত হলো। তোমরা এ কাজগুলো একক বা দলগতভাবে সম্পাদন করে মূল্যায়নের জন্য শ্রেণি শিক্ষকের নিকট জমা দিবে।

▸▸ অনুশীলনমূলক কাজ : ● পাঠ্যবইয়ের পৃষ্ঠা ১৬৯ এর কাজ

কাজ ১ ▸ ওপরের চিত্রে একটি সূক্ষ্মকোণী ত্রিভুজের পরিবৃত্ত আঁকা হয়েছে। স্থূলকোণী এবং সমকোণী ত্রিভুজের পরিবৃত্ত অঙ্কন কর।

সমাধান : বিশেষ নির্বচন : মনে করি, ABC একটি স্থূলকোণী ত্রিভুজ। এর পরিবৃত্ত আঁকতে হবে। অর্থাৎ এমন একটি বৃত্ত আঁকতে হবে, যা ত্রিভুজের তিনটি শীর্ষবিন্দু A, B ও C বিন্দু দিয়ে যায়।



www.abswer.com

www.abswer.com

PART 04 যাচাই ও মূল্যায়ন Assessment & Evaluation

অধ্যায়ভিত্তিক প্রস্তুতি যাচাই ও মূল্যায়নের জন্য মডেল টেস্ট আকারে বহুনির্বাচনি ও সৃজনশীল প্রশ্নপত্র ও উত্তরমালা

পরীক্ষাপ্রস্তুতি যাচাই ও মূল্যায়নের জন্য বহুনির্বাচনি প্রশ্নব্যাংক ও উত্তরমালা (মডেল টেস্ট আকারে প্রদত্ত)

বহুনির্বাচনি মডেল টেস্ট

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[বহুনির্বাচনি প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক /সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোন প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. বৃত্তের দুইটি ভিন্ন বিন্দুর সংযোজক রেখাংশকে কী বলে?
ক ব্যাস খ ব্যাসার্ধ গ চাপ ঘ জ্যা

২. বৃত্তের ব্যাস যদি D দ্বারা এবং ব্যাসার্ধ r দ্বারা সূচিত হয় তবে D এর সমান নিচের কোনটি?
ক r খ 2r গ $\frac{3}{2}r$ ঘ $\frac{1}{2}r$

৩. একটি বৃত্তের কেন্দ্রস্থ কোণ $(x + 80)°$ এর বৃত্তস্থ কোণ $(x + 10)°$ হলে x এর মান কত?
ক 50° খ 60° গ 70° ঘ 40°

৪. বৃত্তের উপর বৃত্তের বহিঃস্থ কোন বিন্দু থেকে সমদূরবর্তী কয়টি বিন্দু আছে?
ক 1টি খ 2টি গ 3টি ঘ 0টি

■ নিচের তথ্যের আলোকে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :

O কেন্দ্রবিশিষ্ট বৃত্তের জ্যা AB = 6 সে. মি.।
OC ⊥ AB, OA = 5 সে. মি.।

৫. বৃত্তের ব্যাস নিচের কোনটি?
ক 12 সে. মি. খ 10 সে. মি. গ 3 সে. মি. ঘ 5 সে. মি.

৬. OC = ?
ক 3 সে. মি. খ 5 সে. মি. গ 6 সে. মি. ঘ 4 সে. মি.

৭. কোন বৃত্তস্থ কোণের পরিমাপ 45° হলে, কেন্দ্রস্থ কোণের পরিমাণ কত?
ক $22\frac{1}{2}°$ খ 90° গ 135° ঘ $112\frac{1}{2}°$

৮. একটি বৃত্তের কেন্দ্রস্থ কোণ $(x + 80)°$ এবং বৃত্তস্থ কোণ $(x + 10)°$ হলে, x এর মান কত?
ক 50° খ 60° গ 70° ঘ 80°

৯. কোন বৃত্তে একই চাপের উপর দণ্ডায়মান কেন্দ্রস্থ কোণের মান $x + 60°$ এবং বৃত্তস্থ কোণের মান $x + 5°$ হলে x এর মান কত?
ক 50° খ 60° গ 70° ঘ 80°

১০. বৃত্তে অন্তর্লিখিত ABCD চতুর্ভুজের ∠B = 60° হলে, বিপরীত ∠C = কত?
ক 40° খ 90° গ 110° ঘ 120°

১১. কোন বৃত্তের পরস্পর লম্বভাবে অবস্থিত দুটি জ্যা AB ও AC এর দৈর্ঘ্য যথাক্রমে 5 সে. মি. ও 12 সে. মি.। বৃত্তের ব্যাসার্ধ কত?
ক 9.5 খ 8.5 গ 6.5 ঘ 7.5

১২. সমবাহু ΔABC এর পরিকেন্দ্র O হলে ∠AOB এর মান কত?
ক 120° খ 90° গ 60° ঘ 30°

১৩. কোনো বৃত্তের এক-চতুর্থাংশ চাপ কেন্দ্রে কত কোণ ধারণ করে?
ক 30° খ 60° গ 90° ঘ 120°

১৪. বৃত্তের ক্ষেত্রে—
i. বৃত্তের একই চাপের উপর দণ্ডায়মান বৃত্তস্থ কোণগুলি পরস্পর সমান
ii. অর্ধবৃত্তস্থ কোণ এক সমকোণ
iii. অর্ধবৃত্তের ক্ষেত্রে কেন্দ্রস্থ কোণ এক সরলকোণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৫. বৃত্তস্থ সামান্তরিক একটি—
ক বর্গক্ষেত্র খ রম্বস গ ট্রাপিজিয়াম ঘ আয়তক্ষেত্র

১৬. বৃত্তস্থ ট্রাপিজিয়ামের তির্যক বাহুদ্বয়ের বৈশিষ্ট্য কিরূপ?
ক পরস্পর সমান্তরাল খ পরস্পর অসমান
গ পরস্পর লম্ব ঘ পরস্পর সমান

■ নিচের তথ্য থেকে ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :



O কেন্দ্রবিশিষ্ট বৃত্তের ABCD একটি চতুর্ভুজ এবং OC = 5 সে.মি. এবং DC = 8 মি.।

১৭. OPC ত্রিভুজের ক্ষেত্রফল কত বর্গমিটার?
ক 30 খ 20 গ 12 ঘ 6

১৮. ABCD চতুর্ভুজ ক্ষেত্রের ক্ষেত্রফল কত বর্গমিটার?
ক 48 খ 30 গ 12 ঘ 6

১৯. দুইটি বৃত্ত অন্তঃস্থভাবে পরস্পরকে স্পর্শ করেছে। তাদের ব্যাসার্ধদ্বয় 7 এবং 5 সে. মি. হলে, কেন্দ্রদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব কত সে. মি.?
ক 12 খ 8 গ 4 ঘ 2

২০. সরল সাধারণ স্পর্শকের ক্ষেত্রে, কোনো সাধারণ স্পর্শকের স্পর্শবিন্দু দুইটি কেমন হয়?
ক অভিন্ন খ ভিন্ন গ একই ঘ সমান

২১. r_1 ও r_2 ব্যাসার্ধের বৃত্ত পরস্পরকে বহিঃস্পর্শ করলে তাদের কেন্দ্রদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব কত?
ক $r_1 - r_2$ খ $r_1 + r_2$ গ $\frac{1}{2}(r_1 + r_2)$ ঘ $2(r_1 - r_2)$

২২. যদি 6 মি. ও 4 মি. ব্যাসবিশিষ্ট দুটি বৃত্ত পরস্পর বহিঃস্থভাবে স্পর্শ করে তবে তাদের কেন্দ্রের মধ্যবর্তী দূরত্ব কত হবে?
ক 5 খ 6 গ 7 ঘ 10

২৩. একটি বৃত্ত ও ঐ বৃত্তের স্পর্শকের কয়টি সাধারণ বিন্দু থাকে?
ক 0টি খ 1টি গ 2টি ঘ অসংখ্য

২৪. O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে PA ও PB দুইটি স্পর্শক হলে—
i. PA = PB ii. OA = OB
iii. ∠APO = ∠BPO = 45°
নিচের কোনটি সঠিক?
ক i খ ii গ i ও ii ঘ i, ii ও iii

২৫. দুইটি সমান বৃত্ত পরস্পরকে বহিঃস্থভাবে স্পর্শ করে। একটি ব্যাসার্ধ 2 একক হলে, তাদের কেন্দ্রদ্বয়ের মধ্যে দূরত্ব কত একক?
ক 2 খ 4 গ 8 ঘ 1

২৬. বৃত্তের বহিঃস্থ বিন্দু থেকে বৃত্তে কয়টি স্পর্শক আঁকা যায়?
ক 1টি খ 2টি গ 3টি ঘ অসংখ্য

২৭. একটি বৃত্ত আঁকতে কয়টি বিন্দু প্রয়োজন?
ক 4 খ 3 গ 2 ঘ 1

২৮. একটি ত্রিভুজের কয়টি বহির্বৃত্ত আঁকা সম্ভব?
ক একটি খ দুইটি গ তিনটি ঘ চারটি

২৯. পরিকেন্দ্র ত্রিভুজের বাইরে হলে ত্রিভুজটি কিরূপ?
ক সমকোণী খ স্থূলকোণী গ সূক্ষ্মকোণী ঘ সমবাহু

৩০. বৃত্তে অন্তর্লিখিত চতুর্ভুজ ABCD এর ∠A = 60° হলে বিপরীত কোণ ∠C এর মান কত?
ক 30° খ 60° গ 90° ঘ 120°

উত্তরমালা ▸ বহুনির্বাচনি

১	ঘ	২	খ	৩	খ	৪	খ	৫	খ	৬	ঘ	৭	খ	৮	খ	৯	ক	১০	ঘ	১১	গ	১২	ক	১৩	গ	১৪	ঘ	১৫	ঘ
১৬	ঘ	১৭	ঘ	১৮	ক	১৯	ঘ	২০	খ	২১	খ	২২	ক	২৩	খ	২৪	ঘ	২৫	খ	২৬	খ	২৭	ঘ	২৮	গ	২৯	খ	৩০	ঘ

www.abswer.com

www.abswer.com

অ ধ্যা য় ০৭

ত্রিকোণমিতিক অনুপাত
Trigonometric Ratio



এ অধ্যায়ে অনন্য A+ সংযোজন

শিখনফল ও বোর্ড প্রশ্নপত্র বিশ্লেষণ | পাঠ্যবইয়ের সূত্রসহ প্রশ্ন ও সমাধান | বোর্ড ও স্কুল প্রশ্ন ও সমাধান | সমন্বিত অধ্যায়ের প্রশ্ন ও সমাধান | যাচাই ও মূল্যায়ন

অধ্যায়ের সিলেবাস

• সূক্ষ্মকোণের ত্রিকোণমিতিক অনুপাত • সূক্ষ্মকোণের ত্রিকোণমিতিক অনুপাতগুলোর মধ্যে পারস্পরিক সম্পর্ক নির্ণয় • সূক্ষ্মকোণের ত্রিকোণমিতিক অনুপাতগুলোর ধ্রুবতা যাচাই, প্রমাণ ও গাণিতিক সমস্যা সমাধান • জ্যামিতিক পদ্ধতিতে 30°, 45°, 60° কোণের ত্রিকোণমিতিক অনুপাতের মান নির্ণয় • 0° ও 90° কোণের অর্থপূর্ণ ত্রিকোণমিতিক অনুপাতগুলোর মান নির্ণয় • ত্রিকোণমিতিক অভেদাবলির প্রমাণ ও প্রয়োগ।

প্রাথমিক আলোচনা — Primary Discussion

ত্রিকোণমিতি (Trigonometry) শব্দটি গ্রিক ভাষায় ব্যবহৃত হয়, যার অর্থ হলো Triangle বা ত্রিভুজ এবং Measure বা পরিমাপ। অর্থাৎ শব্দটিকে বিশ্লেষণ করলে ত্রিকোণমিতি বলতে আমরা ঐ বিজ্ঞানকেই বুঝি যার সাহায্যে ত্রিভুজের বিভিন্ন অংশের পরিমাপ করা যায়। গোড়ার দিকে ত্রিকোণমিতি আবিষ্কারের মূল উদ্দেশ্য এর মধ্যেই সীমাবদ্ধ ছিল। কিন্তু নতুন নতুন অনুপাত ও তত্ত্ব আবিষ্কারের ফলে এ বিজ্ঞানের পরিধি ব্যাপক হারে বৃদ্ধি পেয়েছে। অর্থাৎ কেবল ত্রিভুজের কোণ নয়, যেকোনো কোণের পরিমাপের জন্য ত্রিকোণমিতির ব্যবহার করা হচ্ছে এবং বিজ্ঞানের বিভিন্ন শাখায় ত্রিকোণমিতি প্রয়োগ করা হচ্ছে। সুতরাং আধুনিক গণিতের যেকোনো শাখায় শিক্ষা লাভ করতে হলে ত্রিকোণমিতির জ্ঞানার্জন অপরিহার্য।

ওয়েব লিংকড তথ্য সংযোগ

শিখনফলের ধারাবাহিকতায় প্রশ্ন তৈরিতে এবং উত্তরকে তথ্যবহুল ও নির্ভুলতা নিশ্চিতকরণে বোর্ড বইয়ের পাশাপাশি নিম্নোক্ত ওয়েব সিংকের সহায়তা নেওয়া হয়েছে–

en.wikipedia.org/wiki/Trigonometry
www.carbidedepot.com/formulas-trigright.asp
www.math.com/tables/trig/identities.htm
www.webcrawler.com/
www.slidermath.com/rpoly/Trigspec.shtml

পরিচিতি ও অবদান — অধ্যায়ের বিষয়বস্তু সংশ্লিষ্ট শীর্ষস্থানীয় গণিতবিদ

বার্থোলোমিউ পিটিসকাস (Bartholomeo Pitiscus)

জার্মান ত্রিকোণমিতিবিদ, জ্যোতির্বিদ ও ধর্মতত্ত্ববিদ বার্থোলোমিউ পিটিসকাস (১৫৬১–১৬১৩) তিনি সর্বপ্রথম তার গ্রন্থে ত্রিকোণমিতির ইংরেজি শব্দ Trigonometry শব্দটি ব্যবহার করেন। তিনি বিজ্ঞানী হেটিকাসের ত্রিকোণমিতিক টেবিলের উন্নতি সাধন করেন। তিনি ইংরেজি ও ফারসি ভাষায় Trigonometry শব্দটির অণুবাদ করেন। তিনি দশমিক বিন্দু (.) আবিষ্কারের জন্যও খ্যাতি অর্জন করেন। দশমিক বিন্দুকে তিনি দশমিক ভগ্নাংশ থেকে পৃথক করে ত্রিকোণমিতিক সারণিতে প্রদর্শন করেন। তিনি ল্যাটিন ভাষায় পুস্তক রচনার জন্য সুখ্যাতি অর্জন করেছিলেন।

আর্যভট্ট (Aryabhatta)

আর্যভট্ট (৪৭৬–৫৫০) প্রাচীন ভারতের সবচেয়ে বিখ্যাত গণিতবিদ ও জ্যোতির্বিদ ছিলেন। তিনি আধুনিক ত্রিকোণমিতির সূত্রপাত করেন। তাঁর বিখ্যাত রচনা 'আর্যভাটিয়া' যা মূলত গণিত ও জ্যোতির্বিদ্যার সারসংক্ষেপ। এই গ্রন্থটির গণিত অংশে তিনি পাটিগণিত, বীজগণিত, সমতলীয় ত্রিকোণমিতি, গোলাকৃতির ত্রিকোণমিতি, অবিরত ভগ্নাংশ, চতুর্ভুজ সমীকরণ এবং সাইন টেবিল ব্যাখ্যা করেন। স্বাভাবিক সংখ্যার বর্গের এবং ঘনের যোগফল নির্ণয়ের সূত্রও তিনি তাঁর গ্রন্থে ব্যাখ্যা করেন। তিনিই প্রথম π এর মান নির্ণয় করেন।

www.abswer.com

www.abswer.com

PART 02 অনুশীলন Practice

স্কুল ও এসএসসি পরীক্ষায় সেরা প্রস্তুতির জন্য ১০০% সঠিক ফরম্যাট অনুসরণে শিখনফল এবং অনুচ্ছেদের ধারায় প্রশ্ন ও সমাধান

শিখন অর্জন যাচাই

- ত্রিকোণমিতিক অনুপাত সম্পর্কে ধারণা লাভ করব।
- θ কোণের জন্য অতিভুজ, সন্নিহিত বাহু ও বিপরীত বাহু চিনতে পারব।
- ত্রিকোণমিতিক মানসমূহ মনে রাখার সহজ উপায় শিখতে পারব।

শিখন সহায়ক উপকরণ

- পাঠ্যবইয়ের ১৯০ পৃষ্ঠার ছক।
- বিভিন্ন কোণের ত্রিকোণমিতিক অনুপাত সংবলিত পোস্টার।
- পাঠ্যবইয়ের সমস্যা ও কার্যাবলি।

ক্যালকুলেটরের সাহায্যে তাৎক্ষণিক সমাধানের কৌশল

❑ **sine, cosine, tangent কোণের ত্রিকোণমিতিক অনুপাত নির্ণয় :**

প্রথমে ডিগ্রী/রেডিয়ানে SETUP করতে হবে। ত্রিকোণমিতিক কোণের অনুপাত এবং নির্দিষ্ট কোণের মান ইনপুট করে [ )] [=] বাটন চাপতে হবে।

বা, $\tan(x - y) = \frac{1}{\sqrt{3}}$

বা, $\tan(x - y) = \tan 30°$

$\therefore x - y = 30°$ .... (2)

(1) ও (2) নং সমীকরণ যোগ করে পাই,

$2x = 90°$

বা, $x = \frac{90°}{2}$

$\therefore x = 45°$

x এর মান (1) নং সমীকরণে বসিয়ে পাই,

$45° + y = 60°$

বা, $y = 60° - 45°$

$\therefore y = 15°$

নির্ণেয় মান : x = 45° এবং y = 15°.

প্রশ্ন ১৭ ▸ যশোর বোর্ড ২০১৭

ΔABC এ $\angle B = 90°$ এবং $\tan\theta = \frac{1}{\sqrt{3}}$

ক. AC বাহুর দৈর্ঘ্য নির্ণয় কর। ২

খ. প্রমাণ কর যে, $\frac{\operatorname{cosec}^2\theta - \sec^2\theta}{\operatorname{cosec}^2\theta + \sec^2\theta} = \frac{1}{2}$ ৪

গ. $\angle A = x - y$ এবং $\angle C = x + y$ হলে, x ও y এর মান নির্ণয় কর। ৪

১৭নং প্রশ্নের সমাধান

ক ABC সমকোণী ত্রিভুজে $\angle B = 90°$

এবং $\tan\theta = \frac{1}{\sqrt{3}} = \frac{BC}{AB}$ হওয়ায় $AB = \sqrt{3}$ এবং BC = 1



এখন, $AC^2 = AB^2 + BC^2$

বা, $AC^2 = (\sqrt{3})^2 + (1)^2$

বা, $AC^2 = 3 + 1$

বা, $AC^2 = 4$

$\therefore AC = 2$

$\therefore$ AC এর দৈর্ঘ্য 2 একক।

খ ABC সমকোণী ত্রিভুজে, $\angle B = 90°$

$AB = \sqrt{3}$

$BC = 1$

$AC = 2$



এখন, $\operatorname{cosec}\theta = \frac{AC}{BC} = \frac{2}{1} = 2$

এবং $\sec\theta = \frac{AC}{AB} = \frac{2}{\sqrt{3}}$

বামপক্ষ $= \frac{\operatorname{cosec}^2\theta - \sec^2\theta}{\operatorname{cosec}^2\theta + \sec^2\theta}$

$= \frac{(2)^2 - \left(\frac{2}{\sqrt{3}}\right)^2}{(2)^2 + \left(\frac{2}{\sqrt{3}}\right)^2} = \frac{4 - \frac{4}{3}}{4 + \frac{4}{3}} = \frac{\frac{12 - 4}{3}}{\frac{12 + 4}{3}}$

$= \frac{\frac{8}{3}}{\frac{16}{3}} = \frac{8}{3} \times \frac{3}{16} = \frac{8}{16} = \frac{1}{2} =$ ডানপক্ষ

$\therefore \frac{\operatorname{cosec}^2\theta - \sec^2\theta}{\operatorname{cosec}^2\theta + \sec^2\theta} = \frac{1}{2}$ (প্রমাণিত)

▸ বিকল্প পদ্ধতি

দেওয়া আছে, $\tan\theta = \frac{1}{\sqrt{3}}$

বা, $\tan\theta = \tan 30°$

$\therefore \theta = 30°$

বামপক্ষ $= \frac{\operatorname{cosec}^2\theta - \sec^2\theta}{\operatorname{cosec}^2\theta + \sec^2\theta}$

$= \frac{\operatorname{cosec}^2 30° - \sec^2 30°}{\operatorname{cosec}^2 30° + \sec^2 30°}$

$= \frac{2^2 - \left(\frac{2}{\sqrt{3}}\right)^2}{2^2 + \left(\frac{2}{\sqrt{3}}\right)^2} = \frac{4 - \frac{4}{3}}{4 + \frac{4}{3}} = \frac{\frac{12 - 4}{3}}{\frac{12 + 4}{3}} = \frac{\frac{8}{3}}{\frac{16}{3}}$

$= \frac{8}{3} \times \frac{3}{16} = \frac{1}{2} =$ ডানপক্ষ

$\therefore \frac{\operatorname{cosec}^2\theta - \sec^2\theta}{\operatorname{cosec}^2\theta + \sec^2\theta} = \frac{1}{2}$. (প্রমাণিত)

www.abswer.com

www.abswer.com

গ ABC সমকোণী ত্রিভুজে, $\angle B = 90°$

$AB = \sqrt{3}$
$BC = 1$
$AC = 2$
$\angle A = x - y$
$\angle C = x + y$



এখন, $\tan A = \frac{BC}{AB}$

বা, $\tan(x - y) = \frac{1}{\sqrt{3}}$

বা, $\tan(x - y) = \tan 30°$

$\therefore$ $x - y = 30°$ ....(1)

এবং $\tan C = \frac{AB}{BC} = \frac{\sqrt{3}}{1} = \sqrt{3}$

বা, $\tan(x + y) = \tan 60°$

$\therefore$ $x + y = 60°$ ....(2)

(1) ও (2)নং সমীকরণ যোগ করে পাই,

$x - y + x + y = 30° + 60°$

বা, $2x = 90°$

$\therefore$ $x = 45°$

(1) নং সমীকরণে x-এর মান বসিয়ে পাই,

$45° - y = 30°$

বা, $-y = 30° - 45°$

বা, $-y = -15°$

$\therefore$ $y = 15°$

নির্ণেয় মান : $x = 45°$ এবং $y = 15°$.

প্রশ্ন ১৮ ▶ কুমিল্লা বোর্ড ২০১৭



ক. θ এর মান নির্ণয় কর। ২

খ. উদ্দীপকের আলোকে প্রমাণ কর যে,

$\frac{1}{1 + \sin^2\theta} + \frac{1}{1 + \text{cosec}^2\theta} = 1.$ ৪

গ. যদি $\frac{\cos B - \sin B}{\cos B + \sin B} = \frac{\sqrt{3} - 1}{\sqrt{3} + 1}$ হয়, তবে দেখাও যে, B = θ. ৪

১৮নং প্রশ্নের সমাধান

ক এখানে, $AC = 1$,

$BC = \sqrt{3}$

এবং $\angle ABC = \theta$



এখন, $\tan \angle ABC = \frac{AC}{BC}$

বা, $\tan\theta = \frac{1}{\sqrt{3}}$

বা, $\tan\theta = \tan 30°$

$\therefore$ $\theta = 30°$

$\therefore$ θ এর মান 30°.

খ 'ক' হতে পাই, $\theta = 30°$

বামপক্ষ $= \frac{1}{1 + \sin^2\theta} + \frac{1}{1 + \text{cosec}^2\theta}$

$= \frac{1}{1 + (\sin 30°)^2} + \frac{1}{1 + (\text{cosec } 30°)^2}$

$= \frac{1}{1 + \left(\frac{1}{2}\right)^2} + \frac{1}{1 + (2)^2}$

$= \frac{1}{1 + \frac{1}{4}} + \frac{1}{1 + 4}$

$= \frac{1}{\frac{4 + 1}{4}} + \frac{1}{5}$

$= \frac{1}{\frac{5}{4}} + \frac{1}{5}$

$= 1 \times \frac{4}{5} + \frac{1}{5}$

$= \frac{4}{5} + \frac{1}{5}$

$= \frac{4 + 1}{5} = \frac{5}{5} = 1 =$ ডানপক্ষ

$\therefore$ $\frac{1}{1 + \sin^2\theta} + \frac{1}{1 + \text{cosec}^2\theta} = 1.$ (প্রমাণিত)

গ 'ক' হতে প্রাপ্ত, $\theta = 30°$

এখানে, $\frac{\cos B - \sin B}{\cos B + \sin B} = \frac{\sqrt{3} - 1}{\sqrt{3} + 1}$

বা, $\frac{\cos B - \sin B + \cos B + \sin B}{\cos B - \sin B - \cos B - \sin B} = \frac{\sqrt{3} - 1 + \sqrt{3} + 1}{\sqrt{3} - 1 - \sqrt{3} - 1}$

[যোজন-বিয়োজন করে]

বা, $\frac{2\cos B}{-2\sin B} = \frac{2\sqrt{3}}{-2}$

বা, $\frac{\cos B}{\sin B} = \sqrt{3}$

বা, $\cot B = \cot 30°$

বা, $B = 30°$

$\therefore$ $B = \theta$. (প্রমাণিত)

প্রশ্ন ১৯ ▶ সিলেট বোর্ড ২০১৭

ABC সমকোণী ত্রিভুজে $\angle B = 1$ সমকোণ এবং $\tan A = 1$

ক. AC এর দৈর্ঘ্য নির্ণয় কর। ২

খ. উদ্দীপকের আলোকে $(\sec^2 A + \cot^2 C + \sin^2 A)$ এর মান নির্ণয় কর। ৪

গ. উদ্দীপকের আলোকে প্রমাণ কর যে,

$\frac{1 - \sin^2 A}{1 + \sin^2 A} + \frac{2\tan^2 A}{3\sin 2A} = 1.$ ৪

১৯নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে,

ABC সমকোণী ত্রিভুজে $\angle B = 1$ সমকোণ এবং $\tan A = 1$

ABC সমকোণী ত্রিভুজে,



$\tan A = \frac{BC}{AB}$

বা, $1 = \frac{BC}{AB}$

$\therefore$ $AB = BC$

এখানে, $BC = 1$, $AB = 1$

$\therefore$ $AC^2 = AB^2 + BC^2$

বা, $AC^2 = 1^2 + 1^2 = 1 + 1 = 2$

$\therefore$ $AC = \sqrt{2}$

$\therefore$ AC এর দৈর্ঘ্য $\sqrt{2}$ একক।

www.abswer.com

www.abswer.com

খ 'ক' হতে প্রাপ্ত, $AB = 1, AC = \sqrt{2}, BC = 1$

এখন, $\sec A = \frac{AC}{AB} = \frac{\sqrt{2}}{1} = \sqrt{2}$

$\sin A = \frac{BC}{AC} = \frac{1}{\sqrt{2}}$; $\cot C = \frac{BC}{AB} = \frac{1}{1} = 1$

প্রদত্ত রাশি $= \sec^2 A + \cot^2 C + \sin^2 A$

$= (\sqrt{2})^2 + (1)^2 + \left(\frac{1}{\sqrt{2}}\right)^2$

$= 2 + 1 + \frac{1}{2}$

$= 3 + \frac{1}{2} = \frac{6+1}{2} = \frac{7}{2}$

নির্ণেয় মান : $\frac{7}{2}$.

গ দেওয়া আছে, $\tan A = 1$

বা, $\tan A = \tan 45°$

$\therefore A = 45°$

বামপক্ষ $= \frac{1 - \sin^2 A}{1 + \sin^2 A} + \frac{2 \tan^2 A}{3 \sin 2A}$

$= \frac{1 - \sin^2 45°}{1 + \sin^2 45°} + \frac{2 \tan^2 45°}{3 \sin (2 \times 45°)}$

$= \frac{1 - \left(\frac{1}{\sqrt{2}}\right)^2}{1 + \left(\frac{1}{\sqrt{2}}\right)^2} + \frac{2 \times (1)^2}{3 \sin 90°}$

$= \frac{1 - \frac{1}{2}}{1 + \frac{1}{2}} + \frac{2}{3 \times 1} = \frac{\frac{2-1}{2}}{\frac{2+1}{2}} + \frac{2}{3} = \frac{\frac{1}{2}}{\frac{3}{2}} + \frac{2}{3}$

$= \frac{1}{2} \times \frac{2}{3} + \frac{2}{3} = \frac{1}{3} + \frac{2}{3} = \frac{1+2}{3} = \frac{3}{3} = 1 =$ ডানপক্ষ

$\therefore \frac{1 - \sin^2 A}{1 + \sin^2 A} + \frac{2 \tan^2 A}{3 \sin 2A} = 1$. (প্রমাণিত)

প্রশ্ন ২০ ▸ বরিশাল বোর্ড ২০১৭



চিত্রে ABC একটি ত্রিভুজ

ক. AB এর দৈর্ঘ্য নির্ণয় কর। ২

খ. দেখাও যে, $\angle x = 45°$ এবং $\angle y = 15°$. ৪

গ. $\angle B + 15°$ এর ত্রিকোণমিতিক অনুপাতগুলো বের কর। ৪

২০নং প্রশ্নের সমাধান

ক ABC সমকোণী ত্রিভুজে $AC = a$, $BC = a\sqrt{3}$

এখন, $AB^2 = AC^2 + BC^2$

বা, $AB^2 = (a)^2 + (a\sqrt{3})^2$

বা, $AB^2 = a^2 + a^2 \times 3$

বা, $AB^2 = a^2 + 3a^2 = 4a^2$

বা, $AB = \sqrt{4a^2} = 2a$

$\therefore$ AB এর দৈর্ঘ্য 2a একক।



খ এখানে, $AC = a$; $BC = a\sqrt{3}$

$\angle A = x + y$ এবং $\angle B = x - y$

ক-হতে প্রাপ্ত, $AB = 2a$

এখন, $\tan A = \frac{BC}{AC}$

বা, $\tan (x + y) = \frac{a\sqrt{3}}{a}$

বা, $\tan(x + y) = \frac{\sqrt{3}}{1} = \sqrt{3} = \tan 60°$

$x + y = 60°$ .... (1)



এবং $\tan B = \frac{AC}{BC} = \frac{a}{a\sqrt{3}} = \frac{1}{\sqrt{3}}$

বা, $\tan (x - y) = \tan 30°$

$\therefore x - y = 30°$ ....(2)

(1) ও (2) নং সমীকরণ যোগ করে পাই,

$x + y + x - y = 60° + 30°$

বা, $2x = 90°$

বা, $x = \frac{90°}{2}$

$\therefore x = 45°$

(1) নং সমীকরণে x এর মান বসিয়ে পাই,

$45° + y = 60°$

বা, $y = 60° - 45°$

$\therefore y = 15°$

$\therefore \angle x = 45°$ এবং $\angle y = 15°$. (দেখানো হলো)

গ 'খ' হতে প্রাপ্ত,

$x - y = 30°$

এবং $\angle B = x - y = 30°$

এখন, $\angle B + 15° = 30° + 15° = 45°$

45° কোণের ত্রিকোণমিতিক অনুপাতসমূহ নির্ণয় :

মনে করি, $\angle XOZ = 45°$ এবং OZ এর উপরস্থ একটি বিন্দু P।

$PM \perp OX$ আঁকি।

OPM সমকোণী ত্রিভুজে, $\angle POM = 45°$

সুতরাং, $\angle OPM = 45°$

অতএব, $PM = OM = a$ (ধরি)

এখন, $OP^2 = OM^2 + PM^2 = a^2 + a^2$

বা, $OP^2 = 2a^2$

$\therefore OP = \sqrt{2}\, a$



ত্রিকোণমিতিক অনুপাতের সংজ্ঞা হতে পাই,

$\sin 45° = \frac{PM}{OP} = \frac{a}{\sqrt{2}\, a} = \frac{1}{\sqrt{2}}$

$\cos 45° = \frac{OM}{OP} = \frac{a}{\sqrt{2}a} = \frac{1}{\sqrt{2}}$

$\tan 45° = \frac{PM}{OM} = \frac{a}{a} = 1$

$\cot 45° = \frac{OM}{PM} = \frac{a}{a} = 1$

$\sec 45° = \frac{OP}{OM} = \frac{\sqrt{2}a}{a} = \sqrt{2}$

$\text{cosec } 45° = \frac{OP}{PM} = \frac{\sqrt{2}a}{a} = \sqrt{2}$

www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ২১ ▸ দিনাজপুর বোর্ড ২০১৭

$A = \cos\theta + \sin\theta$ এবং $B = \cos\theta - \sin\theta$ দুইটি ত্রিকোণমিতিক রাশি।

ক. $\theta = 45°$ হলে, A এবং B এর মান নির্ণয় কর। ২

খ. $A = \sqrt{2}(A - \sin\theta)$ হলে, প্রমাণ কর যে, $B = \sqrt{2}(A - \cos\theta)$. ৪

গ. $A = 1$ হলে, θ এর মান নির্ণয় কর যেখানে, $0° \le \theta \le 90°$. ৪

২১নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $A = \cos\theta + \sin\theta$

এবং $B = \cos\theta - \sin\theta$

$\theta = 45°$ হলে,

$$A = \cos 45° + \sin 45° = \frac{1}{\sqrt{2}} + \frac{1}{\sqrt{2}} = \frac{1+1}{\sqrt{2}} = \frac{2}{\sqrt{2}} = \sqrt{2}$$

এবং $B = \cos 45° - \sin 45° = \frac{1}{\sqrt{2}} - \frac{1}{\sqrt{2}} = 0$

∴ A ও B এর মান যথাক্রমে $\sqrt{2}$ এবং 0.

খ দেওয়া আছে, $A = \cos\theta + \sin\theta$ এবং $B = \cos\theta - \sin\theta$

$A = \sqrt{2}(A - \sin\theta)$ হলে,

$\cos\theta + \sin\theta = \sqrt{2}(\cos\theta + \sin\theta - \sin\theta)$

বা, $\cos\theta + \sin\theta = \sqrt{2}\cos\theta$

বা, $\sin\theta = \sqrt{2}\cos\theta - \cos\theta$

বা, $\sin\theta = (\sqrt{2} - 1)\cos\theta$

বা, $(\sqrt{2} + 1)\sin\theta = (\sqrt{2} + 1)(\sqrt{2} - 1)\cos\theta$

[উভয়পক্ষকে $(\sqrt{2} + 1)$ দ্বারা গুণ করে]

বা, $\sqrt{2}\sin\theta + \sin\theta = \{(\sqrt{2})^2 - 1^2\}\cos\theta$

বা, $\sqrt{2}\sin\theta + \sin\theta = (2 - 1)\cos\theta$

বা, $\sqrt{2}\sin\theta + \sin\theta = \cos\theta$

বা, $\cos\theta - \sin\theta = \sqrt{2}\sin\theta$

বা, $\cos\theta - \sin\theta = \sqrt{2}(\cos\theta + \sin\theta - \cos\theta)$

∴ $B = \sqrt{2}(A - \cos\theta)$ (প্রমাণিত)

গ দেওয়া আছে, $A = \cos\theta + \sin\theta$

$A = 1$ হলে, $\cos\theta + \sin\theta = 1$

বা, $(\cos\theta + \sin\theta)^2 = (1)^2$ [বর্গ করে]

বা, $\cos^2\theta + 2\cos\theta\sin\theta + \sin^2\theta = 1$

বা, $\cos^2\theta + \sin^2\theta + 2\cos\theta\sin\theta = 1$

বা, $1 + 2\cos\theta\sin\theta = 1$

বা, $2\cos\theta.\sin\theta = 1 - 1$

বা, $2\cos\theta\sin\theta = 0$

বা, $\cos\theta.\sin\theta = 0$

হয়, $\cos\theta = 0$

বা, $\cos\theta = \cos 90°$

∴ $\theta = 90°$

অথবা, $\sin\theta = 0$

বা, $\sin\theta = \sin 0°$

∴ $\theta = 0°$

নির্ণেয় মান : $\theta = 0°, 90°$।

প্রশ্ন ২২ ▸ যশোর বোর্ড ২০১৬

$\tan\theta + \sin\theta = m$ এবং $\tan\theta - \sin\theta = n$.

ক. উদ্দীপকের আলোকে দেখাও যে, $m + n = 2\sec\theta.\sin\theta$. ২

খ. প্রমাণ কর যে, $m^2 - n^2 = 4\sqrt{mn}$. ৪

গ. $\frac{m}{n} = \frac{2+\sqrt{3}}{2-\sqrt{3}}$ হলে, θ এর মান নির্ণয় কর, যেখানে $0° < \theta < 90°$. ৪

২২নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $\tan\theta + \sin\theta = m$ এবং $\tan\theta - \sin\theta = n$

বামপক্ষ $= m + n$

$= \tan\theta + \sin\theta + \tan\theta - \sin\theta$

$= 2\tan\theta$

$= 2\frac{\sin\theta}{\cos\theta} = 2\cdot\frac{1}{\cos\theta}\cdot\sin\theta = 2\sec\theta\cdot\sin\theta =$ ডানপক্ষ

∴ $m + n = 2\sec\theta\cdot\sin\theta$. (দেখানো হলো)

খ দেওয়া আছে, $\tan\theta + \sin\theta = m$

এবং $\tan\theta - \sin\theta = n$

বামপক্ষ $= m^2 - n^2$

$= (\tan\theta + \sin\theta)^2 - (\tan\theta - \sin\theta)^2$

$= 4\tan\theta\sin\theta$ [∵ $(a+b)^2 - (a-b)^2 = 4ab$]

$= 4\sqrt{\tan^2\theta\sin^2\theta}$

$= 4\sqrt{\tan^2\theta(1 - \cos^2\theta)}$

$= 4\sqrt{\tan^2\theta - \tan^2\theta\cos^2\theta}$

$= 4\sqrt{\tan^2\theta - \frac{\sin^2\theta}{\cos^2\theta}\cdot\cos^2\theta}$

$= 4\sqrt{\tan^2\theta - \sin^2\theta}$

$= 4\sqrt{(\tan\theta + \sin\theta)(\tan\theta - \sin\theta)} = 4\sqrt{mn} =$ ডানপক্ষ

∴ $m^2 - n^2 = 4\sqrt{mn}$. (প্রমাণিত)

গ দেওয়া আছে, $\tan\theta + \sin\theta = m$

এবং $\tan\theta - \sin\theta = n$

এখন, $\frac{m}{n} = \frac{2+\sqrt{3}}{2-\sqrt{3}}$

বা, $\frac{\tan\theta + \sin\theta}{\tan\theta - \sin\theta} = \frac{2+\sqrt{3}}{2-\sqrt{3}}$

বা, $\frac{\tan\theta + \sin\theta + \tan\theta - \sin\theta}{\tan\theta + \sin\theta - \tan\theta + \sin\theta} = \frac{2+\sqrt{3}+2-\sqrt{3}}{2+\sqrt{3}-2+\sqrt{3}}$

[যোজন-বিয়োজন করে]

বা, $\frac{2\tan\theta}{2\sin\theta} = \frac{4}{2\sqrt{3}}$

বা, $\frac{\tan\theta}{\sin\theta} = \frac{2}{\sqrt{3}}$

বা, $\frac{\frac{\sin\theta}{\cos\theta}}{\sin\theta} = \frac{2}{\sqrt{3}}$

বা, $\frac{\sin\theta}{\cos\theta} \times \frac{1}{\sin\theta} = \frac{2}{\sqrt{3}}$

বা, $\frac{1}{\cos\theta} = \frac{2}{\sqrt{3}}$

বা, $\sec\theta = \frac{2}{\sqrt{3}}$

বা, $\sec\theta = \sec 30°$

∴ $\theta = 30°$

নির্ণেয় মান 30°.

www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ২৩ ▸ সিলেট বোর্ড ২০১৬



$BC = \sqrt{3}$ সে.মি., $\angle B$ = এক সমকোণ, $\angle ACB = 30°$.

ক. AB ও AC বাহুর দৈর্ঘ্য নির্ণয় কর। ২

খ. উদ্দীপকের আলোকে প্রমাণ কর যে,

$$\frac{1}{2-\sin^2 A} + \frac{1}{2+\tan^2 A} = 1.$$ ৪

গ. উদ্দীপক অনুসারে θ কোণের সাপেক্ষে যদি $2.\left(\frac{BC}{AC}\right)^2 + 3.\frac{AB}{AC} - 3 = 0$ হয়, তবে দেখাও যে, $\theta = 60°$. ৪

২৩নং প্রশ্নের সমাধান

ক ABC সমকোণী ত্রিভুজে,

$BC = \sqrt{3}$ সে.মি.,

$\angle B$ = এক সমকোণ

এবং $\angle ACB = 30°$



এখন, $\tan \angle ACB = \frac{AB}{BC}$

বা, $\tan 30° = \frac{AB}{\sqrt{3}}$

বা, $\frac{1}{\sqrt{3}} = \frac{AB}{\sqrt{3}}$

বা, $AB = 1$

এবং $AC^2 = AB^2 + BC^2 = 1^2 + (\sqrt{3})^2 = 1 + 3 = 4$

বা, $AC = \sqrt{4} = 2$

∴ AB বাহুর দৈর্ঘ্য 1 সে.মি. এবং AC বাহুর দৈর্ঘ্য 2 সে.মি.।

খ ABC সমকোণী ত্রিভুজে,

$BC = \sqrt{3}$ সে.মি.

এবং $\angle B$ = এক সমকোণ

ক-হতে প্রাপ্ত,

$AB = 1$ সে.মি.

এবং $AC = 2$ সে.মি.



এখন, $\sin A = \frac{BC}{AC} = \frac{\sqrt{3}}{2}$

এবং $\tan A = \frac{BC}{AB} = \frac{\sqrt{3}}{1} = \sqrt{3}$

বামপক্ষ $= \frac{1}{2-\sin^2 A} + \frac{1}{2+\tan^2 A}$

$= \frac{1}{2-\left(\frac{\sqrt{3}}{2}\right)^2} + \frac{1}{2+(\sqrt{3})^2}$

$= \frac{1}{2-\frac{3}{4}} + \frac{1}{2+3} = \frac{1}{\frac{8-3}{4}} + \frac{1}{5} = \frac{1}{\frac{5}{4}} + \frac{1}{5}$

$= 1 \times \frac{4}{5} + \frac{1}{5}$

$= \frac{4}{5} + \frac{1}{5} = \frac{4+1}{5} = \frac{5}{5} = 1$ = ডানপক্ষ

∴ $\frac{1}{2-\sin^2 A} + \frac{1}{2+\tan^2 A} = 1$. (প্রমাণিত)

গ ABC সমকোণী ত্রিভুজে, $\angle B$ = এক সমকোণ

এবং $\angle BAC = \theta$



এখন, $\sin \angle BAC = \frac{BC}{AC}$

বা, $\sin \theta = \frac{BC}{AC}$

এবং $\cos \angle BAC = \frac{AB}{AC}$

বা, $\cos \theta = \frac{AB}{AC}$

এখানে, $2\cdot\left(\frac{BC}{AC}\right)^2 + 3\cdot\frac{AB}{AC} - 3 = 0$

বা, $2\sin^2\theta + 3\cos\theta - 3 = 0$ [∵ $\sin\theta = \frac{BC}{AC}$ এবং $\cos\theta = \frac{AB}{AC}$]

বা, $2(1-\cos^2\theta) + 3\cos\theta - 3 = 0$ [∵ $\sin^2\theta = 1-\cos^2\theta$]

বা, $2 - 2\cos^2\theta + 3\cos\theta - 3 = 0$

বা, $-2\cos^2\theta + 3\cos\theta - 1 = 0$

বা, $2\cos^2\theta - 3\cos\theta + 1 = 0$

বা, $2\cos^2\theta - \cos\theta - 2\cos\theta + 1 = 0$

বা, $\cos\theta(2\cos\theta - 1) - 1(2\cos\theta - 1) = 0$

বা, $(2\cos\theta - 1)(\cos\theta - 1) = 0$

হয়, $2\cos\theta - 1 = 0$

বা, $2\cos\theta = 1$

বা, $\cos\theta = \frac{1}{2}$

বা, $\cos\theta = \cos 60°$

বা, $\theta = 60°$

অথবা, $\cos\theta - 1 = 0$

বা, $\cos\theta = 1$

বা, $\cos\theta = \cos 0°$

বা, $\theta = 0°$ যা গ্রহণযোগ্য নয়

সুতরাং $\theta = 60°$. (দেখানো হলো)

প্রশ্ন ২৪ ▸ বরিশাল বোর্ড ২০১৬

Δ ABC-এ $\angle B = 90°$, $\angle A = x - y$, $\angle C = x + y$, $AB = \sqrt{3}$, $BC = 1$.

ক. AC এর দৈর্ঘ্য নির্ণয় কর। ২

খ. উদ্দীপকের আলোকে $\frac{\operatorname{cosec}^2 A - \sec^2 A}{\cos^2 A - \sin^2 A}$ এর মান নির্ণয় কর। ৪

গ. x ও y এর মান নির্ণয় কর। ৪

২৪নং প্রশ্নের সমাধান

ক ABC সমকোণী ত্রিভুজে,

$\angle B = 90°$

$\angle A = x - y$

$\angle C = x + y$

$AB = \sqrt{3}$ এবং $BC = 1$



এখন, $AC^2 = AB^2 + BC^2$

বা, $AC^2 = (\sqrt{3})^2 + 1^2$

বা, $AC^2 = 3 + 1 = 4$

বা, $AC = \sqrt{4} = 2$

∴ AC এর দৈর্ঘ্য 2 একক।

খ ABC সমকোণী ত্রিভুজে,

$\angle B = 90°$

$\angle A = x - y$

$\angle C = x + y$

$AB = \sqrt{3}$ এবং $BC = 1$



ক-হতে প্রাপ্ত, $AC = 2$

www.abswer.com

www.abswer.com

এখন, $\text{cosec } A = \frac{AC}{BC} = \frac{2}{1} = 2$

$\sec A = \frac{AC}{AB} = \frac{2}{\sqrt{3}}$

$\cos A = \frac{AB}{AC} = \frac{\sqrt{3}}{2}$

এবং $\sin A = \frac{BC}{AC} = \frac{1}{2}$

প্রদত্ত রাশি $= \frac{\text{cosec}^2 A - \sec^2 A}{\cos^2 A - \sin^2 A}$

$= \frac{2^2 - \left(\frac{2}{\sqrt{3}}\right)^2}{\left(\frac{\sqrt{3}}{2}\right)^2 - \left(\frac{1}{2}\right)^2}$

$= \frac{4 - \frac{4}{3}}{\frac{3}{4} - \frac{1}{4}} = \frac{\frac{12-4}{3}}{\frac{3-1}{4}} = \frac{\frac{8}{3}}{\frac{2}{4}} = \frac{8}{3} \times \frac{4}{2} = \frac{16}{3}$

নির্ণেয় মান : $\frac{16}{3}$.

গ ABC সমকোণী ত্রিভুজে,

$\angle B = 90°$

$\angle A = x - y$

$\angle C = x + y$

$AB = \sqrt{3}$ এবং $BC = 1$



ক-হতে প্রাপ্ত, $AC = 2$

খ-হতে প্রাপ্ত,

$\sin A = \frac{1}{2}$

বা, $\sin(x - y) = \frac{1}{2} = \sin 30°$

বা, $x - y = 30°$ ....(1)

এখন, $\cos C = \frac{BC}{AC}$

বা, $\cos(x + y) = \frac{1}{2} = \cos 60°$

বা, $x + y = 60°$ ....(2)

(1) নং ও (2) নং সমীকরণ যোগ করে,

$x - y + x + y = 30° + 60°$

বা, $2x = 90°$

বা, $x = \frac{90°}{2}$

$\therefore$ $x = 45°$

(2) নং সমীকরণে x এর মান বসিয়ে,

$45° + y = 60°$

বা, $y = 60° - 45°$

$\therefore$ $y = 15°$

নির্ণেয় মান ; $x = 45°$ এবং $y = 15°$।

প্রশ্ন ২৫ ▸ ঢাকা বোর্ড ২০১৫

ABC সমকোণী ত্রিভুজে $\angle C$ সমকোণ, $\tan B = \sqrt{3}$.

ক. AB এর মান কত? ২

খ. উদ্দীপকের আলোকে প্রমাণ কর যে,
$\frac{\cot A + \tan B}{\cot B + \tan A} = \cot A . \tan B$. ৪

গ. $\angle B = p + q$ এবং $\angle A = p - q$ হলে, p ও q এর মান নির্ণয় কর। ৪

২৫নং প্রশ্নের সমাধান

সৃজনশীল প্রশ্ন ১৫নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ২৬ ▸ কুমিল্লা বোর্ড ২০১৫

$\frac{\cos A + \sin A}{\cos A - \sin A} = \frac{\sqrt{3}+1}{\sqrt{3}-1}$, $\angle B = 60°$

ক. $\text{cosec}^2 B + \cot^2 B$ এর মান নির্ণয় কর। ২

খ. A এর মান নির্ণয় কর। ৪

গ. $4 \sin^2 \theta - (2 + 2\sqrt{3}) \sin \theta + \sqrt{3} = 0$ সমীকরণটি সমাধান করে দেখাও যে, $\theta = 2A$ অথবা $\theta = A$। ৪

২৬নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $\angle B = 60°$

প্রদত্ত রাশি $= \text{cosec}^2 B + \cot^2 B$

$= \text{cosec}^2 60° + \cot^2 60°$

$= \left(\frac{2}{\sqrt{3}}\right)^2 + \left(\frac{1}{\sqrt{3}}\right)^2$ [$\because$ $\text{cosec } 60° = \frac{2}{\sqrt{3}}$ এবং $\cot 60° = \frac{1}{\sqrt{3}}$]

$= \frac{4}{3} + \frac{1}{3} = \frac{4+1}{3} = \frac{5}{3}$

নির্ণেয় মান $\frac{5}{3}$.

খ দেওয়া আছে,

$\frac{\cos A + \sin A}{\cos A - \sin A} = \frac{\sqrt{3}+1}{\sqrt{3}-1}$

বা, $\frac{\cos A + \sin A + \cos A - \sin A}{\cos A + \sin A - \cos A + \sin A} = \frac{\sqrt{3}+1+\sqrt{3}-1}{\sqrt{3}+1-\sqrt{3}+1}$ [যোজন-বিয়োজন করে]

বা, $\frac{2 \cos A}{2 \sin A} = \frac{2\sqrt{3}}{2}$

বা, $\frac{\cos A}{\sin A} = \sqrt{3}$

বা, $\cot A = \sqrt{3}$ [$\because$ $\frac{\cos A}{\sin A} = \cot A$]

বা, $\cot A = \cot 30°$ [$\because$ $\cot 30° = \sqrt{3}$]

$\therefore$ $A = 30°$

নির্ণেয় মান 30°.

গ এখানে,

$4 \sin^2 \theta - (2 + 2\sqrt{3}) \sin \theta + \sqrt{3} = 0$

বা, $4 \sin^2 \theta - 2 \sin \theta - 2\sqrt{3} \sin \theta + \sqrt{3} = 0$

বা, $2 \sin \theta (2 \sin \theta - 1) - \sqrt{3} (2 \sin \theta - 1) = 0$

বা, $(2 \sin \theta - 1)(2 \sin \theta - \sqrt{3}) = 0$

হয়, $2 \sin \theta - 1 = 0$

বা, $2 \sin \theta = 1$

বা, $\sin \theta = \frac{1}{2}$

বা, $\sin \theta = \sin 30°$ [$\because$ $\sin 30° = \frac{1}{2}$]

বা, $\theta = 30°$

অথবা, $2 \sin \theta - \sqrt{3} = 0$

বা, $2 \sin \theta = \sqrt{3}$

বা, $\sin \theta = \frac{\sqrt{3}}{2}$

বা, $\sin \theta = \sin 60°$ [$\because$ $\sin 60° = \frac{\sqrt{3}}{2}$]

বা, $\theta = 60°$

নির্ণেয় সমাধান : $\theta = 30°, 60°$.

খ-হতে প্রাপ্ত, $A = 30°$

এখন, $\theta = 60°$

বা, $\theta = 2 \times 30°$

বা, $\theta = 2A$ [$\because$ $A = 30°$]

অথবা, $\theta = 30°$

$\therefore$ $\theta = A$ [$\because$ $A = 30°$]

সুতরাং $\theta = 2A$ অথবা $\theta = A$. (দেখানো হলো)

www.abswer.com

www.abswer.com

শীর্ষস্থানীয় স্কুলসমূহের টেস্ট পরীক্ষার সৃজনশীল প্রশ্ন ও সমাধান

মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক নির্বাচিত

প্রশ্ন ২৭ ▶ ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা

$\tan\theta + \sin\theta = m$, $\tan\theta - \sin\theta = n$ এবং $\angle A = 60°$.

ক. মান নির্ণয় কর : $\frac{1-\tan^2 A}{1+\tan^2 A} + \sin^2 A$. ২

খ. প্রমাণ কর যে, $m^2 - n^2 = 4\sqrt{mn}$. ৪

গ. $\frac{m}{n} = \frac{2+\sqrt{3}}{2-\sqrt{3}}$ হলে, θ এর মান নির্ণয় কর; যেখানে $0° < \theta < 90°$. ৪

২৭নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $\angle A = 60°$

প্রদত্ত রাশি $= \frac{1-\tan^2 A}{1+\tan^2 A} + \sin^2 A$

$= \frac{1-(\tan 60°)^2}{1+(\tan 60°)^2} + (\sin 60°)^2$

$= \frac{1-(\sqrt{3})^2}{1+(\sqrt{3})^2} + \left(\frac{\sqrt{3}}{2}\right)^2$

$= \frac{1-3}{1+3} + \frac{3}{4} = \frac{-2}{4} + \frac{3}{4} = \frac{-2+3}{4} = \frac{1}{4}$

নির্ণেয় মান : $\frac{1}{4}$

খ সৃজনশীল প্রশ্ন ২২(খ)নং সমাধান দ্রষ্টব্য।

গ সৃজনশীল প্রশ্ন ২২(গ)নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ২৮ ▶ রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

$\tan\theta + \sin\theta = m$ এবং $\tan\theta - \sin\theta = n$.

ক. প্রমাণ কর যে, $\tan^2\theta \cdot \sin^2\theta = mn$. ২

খ. দেখাও যে, $\frac{1}{16}(m^4 - 2m^2n^2 + n^4) = mn$. ৪

গ. $\frac{m}{n} = \frac{2+\sqrt{3}}{2-\sqrt{3}}$ হলে, θ এর মান নির্ণয় কর। যেখানে $0° < \theta < 90°$. ৪

২৮নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $\tan\theta + \sin\theta = m$

এবং $\tan\theta - \sin\theta = n$

বামপক্ষ $= \tan^2\theta . \sin^2\theta$

$= \tan^2\theta(1-\cos^2\theta)$

$= \tan^2\theta - \tan^2\theta . \cos^2\theta$

$= \tan^2\theta - \frac{\sin^2\theta}{\cos^2\theta} . \cos^2\theta = \tan^2\theta - \sin^2\theta$

$= (\tan\theta + \sin\theta)(\tan\theta - \sin\theta) = mn =$ ডানপক্ষ

$\therefore$ $\tan^2\theta . \sin^2\theta = mn$. (প্রমাণিত)

খ দেওয়া আছে, $\tan\theta + \sin\theta = m$ এবং $\tan\theta - \sin\theta = n$

বামপক্ষ $= \frac{1}{16}(m^4 - 2m^2n^2 + n^4)$

$= \frac{1}{16}\{(m^2)^2 - 2.m^2.n^2 + (n^2)^2\}$

$= \frac{1}{16}(m^2 - n^2)^2$

$= \frac{1}{16}\{(\tan\theta + \sin\theta)^2 - (\tan\theta - \sin\theta)^2\}^2$

$= \frac{1}{16}(4\tan\theta\sin\theta)^2$

$= \frac{1}{16} \times 16\tan^2\theta . \sin^2\theta$

$= \tan^2\theta . \sin^2\theta$

$= \tan^2\theta(1-\cos^2\theta)$

$= \tan^2\theta - \tan^2\theta\cos^2\theta$

$= \tan^2\theta - \frac{\sin^2\theta}{\cos^2\theta} . \cos^2\theta$

$= \tan^2\theta - \sin^2\theta$

$= (\tan\theta + \sin\theta)(\tan\theta - \sin\theta)$

$= mn =$ ডানপক্ষ

$\therefore$ $\frac{1}{16}(m^4 - 2m^2n^2 + n^4) = mn$. (দেখানো হলো)

গ সৃজনশীল প্রশ্ন ২২(গ)নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ২৯ ▶ আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা

ΔABC-এ $\angle C = 90°$ এবং $\cot A = \frac{1}{\sqrt{3}}$.

ক. $\sec A + \tan A = \frac{3}{2}$ হলে, $\tan A - \sec A$ এর মান নির্ণয় কর। ২

খ. উদ্দীপকের আলোকে প্রমাণ কর যে, $\frac{\sin A}{1-\cos A} + \frac{1-\cos A}{\sin A} = 2\operatorname{cosec} A$. ৪

গ. যদি $\angle A = m + n$, $\angle B = m - n$ হয়, তবে m ও n এর মান নির্ণয় কর। ৪

২৯নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $\sec A + \tan A = \frac{3}{2}$

আমরা জানি,

$\sec^2 A - \tan^2 A = 1$

বা, $(\sec A + \tan A)(\sec A - \tan A) = 1$

বা, $\frac{3}{2}(\sec A - \tan A) = 1$

বা, $\sec A - \tan A = \frac{1}{\frac{3}{2}}$

বা, $-(\tan A - \sec A) = \frac{2}{3}$

$\therefore$ $\tan A - \sec A = -\frac{2}{3}$

নির্ণেয় মান : $-\frac{2}{3}$.

খ দেওয়া আছে,

$\cot A = \frac{1}{\sqrt{3}}$ এবং $\angle C = 90°$



ABC সমকোণী ত্রিভুজ হতে পাই,

$AB^2 = AC^2 + BC^2$

$= 1^2 + (\sqrt{3})^2 = 1 + 3 = 4$

$\therefore$ $AB = \sqrt{4} = 2$

এখন, $\sin A = \frac{BC}{AB} = \frac{\sqrt{3}}{2}$

$\cos A = \frac{AC}{AB} = \frac{1}{2}$

এবং $\operatorname{cosec} A = \frac{AB}{BC} = \frac{2}{\sqrt{3}}$

www.abswer.com

www.abswer.com

বামপক্ষ $= \frac{\sin A}{1-\cos A} + \frac{1-\cos A}{\sin A}$

$= \frac{\frac{\sqrt{3}}{2}}{1-\frac{1}{2}} + \frac{1-\frac{1}{2}}{\frac{\sqrt{3}}{2}}$

$= \frac{\frac{\sqrt{3}}{2}}{\frac{2-1}{2}} + \frac{\frac{2-1}{2}}{\frac{\sqrt{3}}{2}} = \frac{\sqrt{3}}{2}\times 2 + \frac{1}{2}\times\frac{2}{\sqrt{3}} = \sqrt{3} + \frac{1}{\sqrt{3}} = \frac{3+1}{\sqrt{3}} = \frac{4}{\sqrt{3}}$

ডানপক্ষ $= 2\ \text{cosec}\ A = 2 \times \frac{2}{\sqrt{3}} = \frac{4}{\sqrt{3}}$

$\therefore \frac{\sin A}{1-\cos A} + \frac{1-\cos A}{\sin A} = 2\ \text{cosec}\ A$. (প্রমাণিত)

গ দেওয়া আছে,

$\cot A = \frac{1}{\sqrt{3}}$



এবং $\angle A = m + n$ ও $\angle B = m - n$

এখন,

$\cot A = \frac{1}{\sqrt{3}}$

বা, $\cot A = \cot 60°$

বা, $A = 60°$

$\therefore m + n = 60°$ .... (1)

আবার, $\tan B = \frac{AC}{BC}$

বা, $\tan B = \frac{1}{\sqrt{3}}$

বা, $\tan(m-n) = \tan 30°$

$\therefore m - n = 30°$ .... (2)

(1) ও (2) নং সমীকরণ যোগ করে পাই,

$m + n + m - n = 60° + 30°$

বা, $2m = 90°$

$\therefore m = 45°$

(1) নং সমীকরণে $m = 45°$ বসিয়ে পাই,

$45° + n = 60°$

বা, $n = 60° - 45°$

$\therefore n = 15°$

নির্ণেয় মান $m = 45°$ এবং $n = 15°$.

প্রশ্ন ৩০ ▸ আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, ঢাকা

$A = \text{cosec}\ \theta + \cot\theta$, $B = \text{cosec}\ \theta - \cot\theta$ এবং $C = \frac{\sec\theta + 1}{\sec\theta - 1}$.

ক. $\sin B = \frac{1}{3}$ হলে, $\tan B$ এর মান নির্ণয় কর। ২

খ. প্রমাণ কর যে, $A^2 = C$. ৪

গ. $\frac{A}{B} = \frac{2+\sqrt{3}}{2-\sqrt{3}}$ এবং θ সূক্ষ্মকোণ হলে, θ এর মান নির্ণয় কর। ৪

৩০নং প্রশ্নের সমাধান

সৃজনশীল প্রশ্ন ১২নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ৩১ ▸ সরকারি পি. এন. বালিকা উচ্চ বিদ্যালয়, রাজশাহী

ΔABC-এ $\angle B = 90°$, $AC = q$, $AB = r$, $BC = p$ এবং $M = 2p^2 + 3rq - 3q^2$.

ক. $p = 1$ এবং $q = 2$ হলে, $\angle A$ এর মান নির্ণয় কর। ২

খ. প্রমাণ কর যে, $\frac{\cot A + \tan C}{\cot C + \tan A} = \cot A . \tan C$. ৪

গ. $M = 0$ এবং $\angle C = \theta$ হলে, θ এর মান নির্ণয় কর। যেখানে θ সূক্ষ্মকোণ। ৪

৩১নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, ΔABC-এ $\angle B = 90°$, $AC = q$, $AB = r$ এবং $BC = p$.

এখন, $p = 1$ এবং $q = 2$ হলে,



ABC সমকোণী ত্রিভুজ হতে, $\sin A = \frac{BC}{AC}$

বা, $\sin A = \frac{1}{2}$

বা, $\sin A = \sin 30°$

$\therefore A = 30°$

নির্ণেয় মান $\angle A = 30°$.

খ 'ক' হতে পাই, $A = 30°$

ABC সমকোণী ত্রিভুজ হতে পাই, $AB^2 + BC^2 = AC^2$

বা, $AB^2 + 1^2 = 2^2$

বা, $AB^2 = 4 - 1 = 3$

$\therefore AB = \sqrt{3}$

এখন, $\tan C = \frac{AB}{BC} = \frac{\sqrt{3}}{1} = \sqrt{3}$

বা, $\tan C = \tan 60°$

$\therefore C = 60°$

বামপক্ষ $= \frac{\cot A + \tan C}{\cot C + \tan A}$

$= \frac{\cot 30° + \tan 60°}{\cot 60° + \tan 30°} = \frac{\sqrt{3}+\sqrt{3}}{\frac{1}{\sqrt{3}} + \frac{1}{\sqrt{3}}}$

$= \frac{2\sqrt{3}}{\frac{1+1}{\sqrt{3}}} = \frac{2\sqrt{3}}{\frac{2}{\sqrt{3}}} = 2\sqrt{3} \times \frac{\sqrt{3}}{2} = \sqrt{3}\cdot\sqrt{3}$

$= \cot 30° \cdot \tan 60° = \cot A \cdot \tan C =$ ডানপক্ষ

$\therefore \frac{\cot A + \tan C}{\cot C + \tan A} = \cot A . \tan C$. (প্রমাণিত)

গ দেওয়া আছে, $\angle B = 90°$, $AC = q$, $AB = r$, $BC = p$ এবং $M = 2p^2 + 3rq - 3q^2$

এবং $M = 0$



বা, $2p^2 + 3rq - 3q^2 = 0$

বা, $\frac{2p^2}{q^2} + \frac{3rq}{q^2} - 3 = 0$

বা, $2\left(\frac{p}{q}\right)^2 + 3\cdot\frac{r}{q} - 3 = 0$

বা, $2\cos^2\theta + 3\sin\theta - 3 = 0$

বা, $2(1 - \sin^2\theta) + 3\sin\theta - 3 = 0$

বা, $2 - 2\sin^2\theta + 3\sin\theta - 3 = 0$

বা, $-2\sin^2\theta + 3\sin\theta - 1 = 0$

বা, $2\sin^2\theta - 3\sin\theta + 1 = 0$

বা, $2\sin^2\theta - 2\sin\theta - \sin\theta + 1 = 0$

বা, $2\sin\theta(\sin\theta - 1) - 1(\sin\theta - 1) = 0$

বা, $(2\sin\theta - 1)(\sin\theta - 1) = 0$

হয়, $2\sin\theta - 1 = 0$

বা, $\sin\theta = \frac{1}{2}$

বা, $\sin\theta = \sin 30°$

$\therefore \theta = 30°$

অথবা, $\sin\theta - 1 = 0$

বা, $\sin\theta = 1$

বা, $\sin\theta = \sin 90°$

$\therefore \theta = 90°$; θ সূক্ষ্মকোণ বলে ইহা গ্রহণযোগ্য নয়

নির্ণেয় মান, $\theta = 30°$.

www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ৩২ ▶ চট্টগ্রাম কলেজিয়েট স্কুল, চট্টগ্রাম



ক. θ এর কোন মানের জন্য cos θ এর মান প্রায় 1 (one) হবে ব্যাখ্যা কর। ২

খ. উদ্দীপকের আলোকে প্রমাণ কর যে, (জ্যামিতিক ব্যাখ্যাসহ) $\operatorname{cosec}^2\theta - \cot^2\theta = 1$. ৪

গ. Δ POM এর ∠POM = 45° হলে ত্রিকোণমিতিক অনুপাতগুলোর মান বের কর। (চিত্রের সাহায্যে) ৪

৩২নং প্রশ্নের সমাধান

ক



যখন Q কোণটি 0 এর খুব নিকটে আসে PM রেখাংশের দৈর্ঘ্য শূন্যের কোঠায় নেমে আসে এবং এক্ষেত্রে OP এর দৈর্ঘ্য OM এর দৈর্ঘ্যের সমান হয় এবং $\cos\theta = \frac{OM}{OP}$ এর মান প্রায় 1 (one)।

খ মনেকরি, ∠XOA = Q; একটি সূক্ষ্মকোণ। OA বাহুতে যেকোনো একটি বিন্দু P নিই। P থেকে OX এর উপর PM লম্ব টানি। ফলে একটি সমকোণী ত্রিভুজ POM গঠিত হলো।



∠POM = θ সাপেক্ষে সমকোণী ত্রিভুজ POM এর PM বিপরীত বাহু, OM সন্নিহিত বাহু, OP অতিভুজ।

$\therefore \operatorname{cosec}\theta = \frac{OP}{PM} = \frac{\text{অতিভুজ}}{\text{বিপরীত বাহু}}$ এবং $\cot\theta = \frac{OM}{PM} = \frac{\text{সন্নিহিত বাহু}}{\text{বিপরীত বাহু}}$

এখন, $\operatorname{cosec}^2\theta = (\operatorname{cosec}\theta)^2 = \left(\frac{OP}{PM}\right)^2$

$= \frac{OP^2}{PM^2} = \frac{PM^2 + OM^2}{PM^2}$ [OP সমকোণী ΔPOM এর অতিভুজ $OP^2 = PM^2 + OM^2$ বলে]

$= \frac{PM^2}{PM^2} + \frac{OM^2}{PM^2} = 1 + \left(\frac{OM}{PM}\right)^2 = 1 + (\cot\theta)^2 = 1 + \cot^2\theta$

$\therefore \operatorname{cosec}^2\theta - \cot^2\theta = 1$. (প্রমাণিত)

গ মনেকরি, ∠XOA = 45° এবং P, OA এর উপরস্থ একটি বিন্দু। PM ⊥ OX আঁকি। ΔPOM সমকোণী ত্রিভুজে ∠POM = 45°

সুতরাং ∠OPM = 45°



অতএব, PM = OM = a (ধরি)

এখন, $OP^2 = OM^2 + PM^2 = a^2 + a^2 = 2a^2$

বা, $OP = \sqrt{2}a$

ত্রিকোণমিতিক অনুপাতের সংজ্ঞা থেকে আমরা পাই,

$\sin 45° = \frac{PM}{OP} = \frac{a}{\sqrt{2}a} = \frac{1}{\sqrt{2}}$

$\cos 45° = \frac{OM}{OP} = \frac{a}{\sqrt{2}a} = \frac{1}{\sqrt{2}}$

$\tan 45° = \frac{PM}{OM} = \frac{a}{a} = 1$

$\operatorname{cosec} 45° = \frac{1}{\sin 45°} = \sqrt{2}$

$\sec 45° = \frac{1}{\cos 45°} = \sqrt{2}$

$\cot 45° = \frac{1}{\tan 45°} = 1$.

মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত সৃজনশীল প্রশ্ন ও সমাধান — শিখনফলের ধারায় প্রণীত

শিখনফল ৩ : সূক্ষ্মকোণের ত্রিকোণমিতিক অনুপাতগুলোর ধ্রুবতা যাচাই করে প্রমাণ ও গাণিতিক সমস্যা সমাধান করতে পারব।

প্রশ্ন ৩৩ ▶ পাঠ্যবইয়ের শিখনফল ৩-এর আলোকে প্রণীত

$\cos^2\theta - \sin^2\theta = 2 - 5\cos\theta$ একটি ত্রিকোণমিতিক সমীকরণ যেখানে, θ সূক্ষ্মকোণ।

ক. cot 90°. tan 0°. sec 30°. cosec 60° = কত? ২

খ. সমীকরণটি সমাধান কর। ৪

গ. 'খ' হতে θ-এর মান ব্যবহার করে প্রমাণ কর যে, $\tan 2\theta = \frac{2\tan\theta}{1 - \tan^2\theta}$. ৪

[পাঠ্যবইয়ের অনুশীলনী ৯.২ এর ১৭ ও ২৪নং এর আলোকে]

৩৩নং প্রশ্নের সমাধান

ক প্রদত্ত রাশি = cot 90°. tan 0°. sec 30°. cosec 60°

$= 0.\,0.\,\frac{2}{\sqrt{3}}.\,\frac{2}{\sqrt{3}}$

$= 0$

খ এখানে,

$\cos^2\theta - \sin^2\theta = 2 - 5\cos\theta$

বা, $\cos^2\theta - (1 - \cos^2\theta) = 2 - 5\cos\theta$ [∵ $\sin^2\theta = 1 - \cos^2\theta$]

বা, $\cos^2\theta - 1 + \cos^2\theta - 2 + 5\cos\theta = 0$ [পক্ষান্তর করে]

বা, $2\cos^2\theta + 5\cos\theta - 3 = 0$

বা, $2\cos^2\theta + 6\cos\theta - \cos\theta - 3 = 0$

বা, $2\cos\theta(\cos\theta + 3) - 1(\cos\theta + 3) = 0$

বা, $(\cos\theta + 3)(2\cos\theta - 1) = 0$

দুইটি রাশির গুণফল শূন্য হলে তাদের অন্তত যেকোনো একটির মান শূন্য হবে।

হয়, $2\cos\theta - 1 = 0$

বা, $2\cos\theta = 1$

বা, $\cos\theta = \frac{1}{2}$

বা, $\cos\theta = \cos 60°$ [∵ $\cos 60° = \frac{1}{2}$]

$\therefore \theta = 60°$

আবার, $\cos + 3 = 0$

বা, $\cos\theta = -3$

কিন্তু এটা গ্রহণযোগ্য নয় কারণ θ সূক্ষ্মকোণ।

নির্ণেয় সমাধান : θ = 60°.

www.abswer.com

www.abswer.com

গ 'খ' হতে পাই, $\theta = 60°$

বামপক্ষ $= \tan 2\theta$

$= \tan(2 \times 60°)$ [$\because \theta = 60°$]

$= \tan 120° = -\sqrt{3}$

ডানপক্ষ $= \frac{2\tan\theta}{1-\tan^2\theta}$

$= \frac{2\tan 60°}{1-(\tan 60°)^2}$ [$\because \theta = 60°$]

$= \frac{2\tan 60°}{1-\tan^2 60°}$

$= \frac{2\times\sqrt{3}}{1-(\sqrt{3})^2} = \frac{2\sqrt{3}}{1-3} = \frac{2\sqrt{3}}{-2} = -\sqrt{3} =$ ডানপক্ষ

$\therefore$ $\tan 2\theta = \frac{2\tan\theta}{1-\tan^2\theta}$. (প্রমাণিত)

প্রশ্ন ৩৪ > পাঠ্যবইয়ের শিখনফল ৩-এর আলোকে প্রণীত

$2\sin^2\theta + 3\cos\theta - 3 = 0$; যেখানে θ সূক্ষ্মকোণ।

ক. $\sin 60°. \cos 30° + \cos 60°. \sin 30° =$ কত? ২

খ. সমীকরণটি সমাধান কর। ৪

গ. θ-এর মান ব্যবহার করে প্রমাণ কর যে,

$\frac{1-\cos^2\theta}{1+\cos^2\theta} + \sec^2\theta = \frac{23}{5}$. ৪

[পাঠ্যবইয়ের অনুশীলনী ৯.২ এর ১০ ও ২৫ নং এর আলোকে]

৩৪নং প্রশ্নের সমাধান

ক প্রদত্ত রাশি $= \sin 60°. \cos 30° + \cos 60°. \sin 30°$

$= \frac{\sqrt{3}}{2}.\frac{\sqrt{3}}{2} + \frac{1}{2}.\frac{1}{2} = \frac{3}{4} + \frac{1}{4} = \frac{3+1}{4} = \frac{4}{4} = 1.$

খ দেওয়া আছে,

$2\sin^2\theta + 3\cos\theta - 3 = 0$

বা, $2(1-\cos^2\theta) + 3\cos\theta - 3 = 0$ [$\because \sin^2\theta = 1-\cos^2\theta$]

বা, $2 - 2\cos^2\theta + 3\cos\theta - 3 = 0$

বা, $-2\cos^2\theta + 3\cos\theta - 1 = 0$

বা, $2\cos^2\theta - 3\cos\theta + 1 = 0$ [উভয়পক্ষকে (-1) দ্বারা গুণ করে]

বা, $2\cos^2\theta - 2\cos\theta - \cos\theta + 1 = 0$

বা, $2\cos\theta(\cos\theta - 1) - 1(\cos\theta - 1) = 0$

বা, $(\cos\theta - 1)(2\cos\theta - 1) = 0$

হয়, $\cos\theta - 1 = 0$

বা, $\cos\theta = 1$

বা, $\cos\theta = \cos 0°$

$\therefore$ $\theta = 0°$

[গ্রহণযোগ্য নয় কারণ θ সূক্ষ্মকোণ]

অথবা, $2\cos\theta - 1 = 0$

বা, $2\cos\theta = 1$

বা, $\cos\theta = \frac{1}{2}$

বা, $\cos\theta = \cos 60°$

$\therefore$ $\theta = 60°$

নির্ণেয় সমাধান : $\theta = 60°$.

গ 'খ' হতে পাই, $\theta = 60°$

আমরা জানি, $\cos 60° = \frac{1}{2}$ এবং $\sec 60° = 2$

$\therefore$ প্রদত্ত রাশি $= \frac{1-\cos^2 60°}{1+\cos^2 60°} + \sec^2 60°$

$= \frac{1-(\cos 60°)^2}{1+(\cos 60°)^2} + (\sec 60°)^2$

$= \frac{1-\left(\frac{1}{2}\right)^2}{1+\left(\frac{1}{2}\right)^2} + (2)^2$

$= \frac{1-\frac{1}{4}}{1+\frac{1}{4}} + 4 = \frac{\frac{4-1}{4}}{\frac{4+1}{4}} + 4 = \frac{\frac{3}{4}}{\frac{5}{4}} + 4$

$= \frac{3}{4} \times \frac{4}{5} + 4 = \frac{3}{5} + 4 = \frac{3+20}{5} = \frac{23}{5}$

নির্ণেয় মান $\frac{23}{5}$.

শিখনফল ৪ : জ্যামিতিক পদ্ধতিতে 30°, 45°, 60° কোণের ত্রিকোণমিতিক অনুপাতের মান নির্ণয় ও প্রয়োগ করতে পারব।

প্রশ্ন ৩৫ > পাঠ্যবইয়ের শিখনফল ৪-এর আলোকে প্রণীত

$x = \sin\theta, y = \cos\theta$.

ক. দেখাও যে, $\frac{x}{y}\sqrt{1-x^2} = x$. ২

খ. $y - x = \sqrt{2}x$ হলে দেখাও যে, $x + y = \sqrt{2}y$. ৪

গ. সমাধান কর : $2 - 5x = x^2 - y^2$; যখন θ সূক্ষ্মকোণ। ৪

৩৫নং প্রশ্নের সমাধান

ক এখানে, $x = \sin\theta, y = \cos\theta$

বামপক্ষ $= \frac{x}{y}\sqrt{1-x^2}$

$= \frac{\sin\theta}{\cos\theta}\sqrt{1-\sin^2\theta} = \frac{\sin\theta}{\cos\theta}\sqrt{\cos^2\theta}$

$= \frac{\sin\theta}{\cos\theta}.\cos\theta = \sin\theta = x$ [$\because x = \sin\theta$]

= ডানপক্ষ

$\therefore$ $\frac{x}{y}\sqrt{1-x^2} = x$ (দেখানো হলো)

খ দেওয়া আছে,

$y - x = \sqrt{2}x$

বা, $\cos\theta - \sin\theta = \sqrt{2}\sin\theta$

বা, $\cos\theta = \sqrt{2}\sin\theta + \sin\theta$

বা, $\cos\theta = (\sqrt{2}+1)\sin\theta$

বা, $(\sqrt{2}+1)\sin\theta = \cos\theta$

বা, $(\sqrt{2}-1)(\sqrt{2}+1)\sin\theta = (\sqrt{2}-1)\cos\theta$

বা, $(2-1)\sin\theta = \sqrt{2}\cos\theta - \cos\theta$

বা, $\sin\theta = \sqrt{2}\cos\theta - \cos\theta$

বা, $\sin\theta + \cos\theta = \sqrt{2}\cos\theta$

$\therefore$ $x + y = \sqrt{2}y$. (দেখানো হলো)

গ $2 - 5x = x^2 - y^2$

বা, $2 - 5\sin\theta = \sin^2\theta - \cos^2\theta$

বা, $\sin^2\theta + 5\sin\theta - 2 = (1-\sin^2\theta)$

বা, $2\sin^2\theta + 5\sin\theta - 3 = 0$

বা, $2\sin^2\theta + 6\sin\theta - \sin\theta - 3 = 0$

বা, $2\sin\theta(\sin\theta + 3) - 1(\sin\theta + 3) = 0$

বা, $(2\sin\theta - 1)(\sin\theta + 3) = 0$

$\therefore$ $2\sin\theta - 1 = 0$

বা, $\sin\theta = \frac{1}{2}$

বা, $\sin\theta = \sin 30°$

$\therefore$ $\theta = 30°$

আবার,

$\sin\theta + 3 = 0$

বা, $\sin\theta = -3$

কিন্তু $\sin\theta = -3$ গ্রহণযোগ্য নয়

নির্ণেয় সমাধান $\theta = 30°$.

www.abswer.com

www.abswer.com

সমন্বিত অধ্যায় ও অনুশীলনমূলক কাজ নির্ভর সৃজনশীল প্রশ্ন ও সমাধান | নতুন পাঠ্যবইয়ের আলোকে প্রণীত

প্রশ্ন ৩৬ ▸ অনুশীলনী ৯.১ ও ৯.২ এর সমন্বয়ে প্রণীত

চিত্রটি লক্ষ কর :



ক. BC এর পরিমাণ কত? ২

খ. $\tan A + \tan C + \cot A + \cot C$ এর মান নির্ণয় কর। ৪

গ. x ও y এর মান নির্ণয় কর। ৪

৩৬নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, AB = 1 একক, AC = 2 একক

পীথাগোরাসের উপপাদ্য অনুসারে, $AC^2 = AB^2 + BC^2$

বা, $BC^2 = AC^2 - AB^2 = 2^2 - 1^2 = 4 - 1 = 3$

∴ $BC = \sqrt{3}$ একক

খ 'ক' হতে পাই, $BC = \sqrt{3}$ একক

দেওয়া আছে, AB = 1 একক

AC = 2 একক

∴ $\tan A + \tan C + \cot A + \cot C$

$= \frac{BC}{AB} + \frac{AB}{BC} + \frac{AB}{BC} + \frac{BC}{AB}$

$= \frac{\sqrt{3}}{1} + \frac{1}{\sqrt{3}} + \frac{1}{\sqrt{3}} + \frac{\sqrt{3}}{1}$

$= 2\sqrt{3} + \frac{2}{\sqrt{3}}$

$= \frac{6+2}{\sqrt{3}} = \frac{8}{\sqrt{3}} = \frac{8\sqrt{3}}{3}$

নির্ণেয় মান : $\frac{8\sqrt{3}}{3}$.

গ চিত্র হতে, $\angle A = 5x + 2y$

এবং $\angle C = x + 4y$

$\angle A$ এর ত্রিকোণমিতিক অনুপাত,

$\sin A = \frac{BC}{AC}$

বা, $\sin(5x + 2y) = \frac{\sqrt{3}}{2}$

বা, $\sin(5x + 2y) = \sin 60°$

∴ $5x + 2y = 60°$ ....(1)

$\angle C$ এর ত্রিকোণমিতিক অনুপাত,

$\sin C = \frac{AB}{AC}$

বা, $\sin(x + 4y) = \frac{1}{2}$

বা, $\sin(x + 4y) = \sin 30°$

∴ $x + 4y = 30°$ ....(2)

(1) নং সমীকরণকে 2 দ্বারা গুণ করে তা থেকে (2) সমীকরণ বিয়োগ করে পাই,

$10x + 4y - x - 4y = 120° - 30°$

বা, $9x = 90°$

∴ $x = 10°$

x এর মান (1) নং সমীকরণে বসিয়ে পাই,

$5 \times 10 + 2y = 60°$

বা, $2y = 60 - 50°$

বা, $2y = 10°$

বা, $y = 5°$

∴ $x = 10°$ এবং $y = 5°$

প্রশ্ন ৩৭ ▸ পাঠ্যবইয়ের ১৮৮ পৃষ্ঠার কাজের আলোকে প্রণীত

$\sec(90° - \theta) = \frac{5}{3}$.

ক. $\text{cosec}\,\theta$ = কত? ২

খ. $\text{cosec}\,\theta - \cot\theta$ এর মান নির্ণয় কর। ৪

গ. প্রমাণ কর যে, $\tan^2\theta - \sin^2\theta = \frac{81}{400}$. ৪

৩৭নং প্রশ্নের সমাধান

ক এখানে, $\sec(90° - \theta) = \frac{5}{3}$

বা, $\text{cosec}\,\theta = \frac{5}{3}$

∴ $\text{cosec}\,\theta = \frac{5}{3}$

খ ক-হতে প্রাপ্ত, $\text{cosec}\,\theta = \frac{5}{3}$

আমরা জানি, $\cot^2\theta = \text{cosec}^2\theta - 1$

বা, $\cot^2\theta = \left(\frac{5}{3}\right)^2 - 1$

বা, $\cot^2\theta = \frac{25}{9} - 1$

বা, $\cot^2\theta = \frac{25-9}{9} = \frac{16}{9}$

বা, $\cot\theta = \sqrt{\frac{16}{9}} = \frac{4}{3}$

∴ $\text{cosec}\,\theta - \cot\theta = \frac{5}{3} - \frac{4}{3} = \frac{5-4}{3} = \frac{1}{3}$.

নির্ণেয় মান $\frac{1}{3}$.

গ ক-হতে প্রাপ্ত, $\text{cosec}\,\theta = \frac{5}{3}$

বা, $\frac{1}{\sin\theta} = \frac{5}{3}$ $\left[\because \text{cosec}\,\theta = \frac{1}{\sin\theta}\right]$

বা, $\sin\theta = \frac{3}{5}$

খ-হতে প্রাপ্ত, $\cot\theta = \frac{4}{3}$

বা, $\frac{1}{\tan\theta} = \frac{4}{3}$ $\left[\because \cot\theta = \frac{1}{\tan\theta}\right]$

বা, $\tan\theta = \frac{3}{4}$

বামপক্ষ $= \tan^2\theta - \sin^2\theta$

$= \left(\frac{3}{4}\right)^2 - \left(\frac{3}{5}\right)^2$

$= \frac{9}{16} - \frac{9}{25} = \frac{225 - 144}{400} = \frac{81}{400}$ = ডানপক্ষ

∴ $\tan^2\theta - \sin^2\theta = \frac{81}{400}$. (প্রমাণিত)

www.abswer.com

www.abswer.com

PART 04 যাচাই ও মূল্যায়ন Assessment & Evaluation

অধ্যায়ভিত্তিক প্রস্তুতি যাচাই ও মূল্যায়নের জন্য মডেল টেস্ট আকারে বহুনির্বাচনি ও সৃজনশীল প্রশ্নপত্র ও উত্তরমালা

পরীক্ষাপ্রস্তুতি যাচাই ও মূল্যায়নের জন্য বহুনির্বাচনি প্রশ্নব্যাংক ও উত্তরমালা (মডেল টেস্ট আকারে প্রদত্ত)

বহুনির্বাচনি মডেল টেস্ট

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[বহুনির্বাচনি প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক /সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোন প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. $\sin\theta + \cos\theta = 1$ হলে $\sin\theta\cos\theta =$ কত?
(ক) 0 (খ) −1 (গ) $\frac{1}{2}$ (ঘ) 1

২. $\sin\theta \cdot \cos\theta = 0$ হলে, $\sin\theta + \cos\theta =$ কত?
(ক) −1 (খ) $\frac{1}{2}$ (গ) $\frac{\sqrt{3}}{2}$ (ঘ) 1

৩. $3 - 3\sec A \sin A = 0$ হলে $\tan A$ এর মান নিচের কোনটি?
(ক) 3/7 (খ) 3/4 (গ) 4/3 (ঘ) 7/3

৪. $\tan\theta = \frac{15}{8}$ হলে অতিভুজ কত?
(ক) 15 (খ) 8 (গ) 17 (ঘ) 23

৫. $\sqrt{\sec^2\theta - 1} =$ কত?
(ক) $\cot\theta$ (খ) $\sin\theta\sec\theta$
(গ) $\operatorname{cosec}\theta$ (ঘ) $\cos\theta\operatorname{cosec}\theta$

৬. $\tan\theta + \cot\theta = 2\sin\theta\cos\theta$ হলে, $\sin\theta\cos\theta =$ কত?
(ক) $\frac{\sqrt{3}}{2}$ (খ) $\frac{1}{2}$ (গ) $\frac{1}{\sqrt{2}}$ (ঘ) 1

৭. $\sec\theta + \tan\theta = \frac{5}{2}$ হলে $\sec\theta - \tan\theta$ এর মান কত?
(ক) $\frac{3}{5}$ (খ) $\frac{2}{5}$ (গ) $\frac{5}{6}$ (ঘ) $\frac{4}{5}$

৮. $\sin\theta + \cos\theta = a$ হলে, $\sin^4\theta + \cos^4\theta$ এর মান কত?
(ক) $1 + \frac{1}{2}(a^2 - 1)^2$ (খ) $1 - \frac{1}{2}(a^2 - 1)^2$
(গ) $\frac{1}{2}(a^2 - 1)^2$ (ঘ) $1 + \frac{1}{2}(a^2 - 1)$

৯. $\cos 4A = \sin 4A$ হলে, A এর মান কোনটি?
(ক) 11° (খ) 11.20° (গ) 11.25° (ঘ) 12°

১০. $\frac{1}{\sqrt{1 + \cot^2\theta}}$ এর মান নিচের কোনটি?
(ক) $\tan\theta$ (খ) $\cos\theta$ (গ) $\sin\theta$ (ঘ) $\operatorname{cosec}\theta$

১১. $\cos^2\theta - \sin^2\theta = \frac{1}{3}$ হলে $\cos^4\theta - \sin^4\theta$ এর মান কত?
(ক) 3 (খ) 2 (গ) 1 (ঘ) $\frac{1}{3}$

১২. $\tan(\theta - 30°) = \frac{1}{\sqrt{3}}$ হলে $\cos\theta$ এর মান কত?
(ক) $\frac{\sqrt{3}}{2}$ (খ) $\frac{1}{\sqrt{2}}$ (গ) $\frac{1}{2}$ (ঘ) 1

১৩. $\sin^4 A + \sin^2 A = 1$ হলে—
i. $\sin^2 A = \cos A$ ii. $\tan A = \operatorname{cosec} A$ iii. $\tan A \cdot \operatorname{cosec} A = 1$
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

■ নিচের চিত্র অনুযায়ী ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :



১৪. $\cos\theta$ এর মান নিচের কোনটি?
(ক) $\frac{13}{12}$ (খ) $\frac{5}{12}$ (গ) $\frac{12}{13}$ (ঘ) $\frac{5}{13}$

১৫. $\sin^2\theta + \cos^2\theta =$ কত?
(ক) 0 (খ) $\frac{1}{4}$ (গ) $\frac{1}{2}$ (ঘ) 1

১৬. $\cot\theta = \sqrt{3}$ হলে $\sin\theta =$ কত? যখন $0° < \theta < 90°$.
(ক) $\sqrt{2}$ (খ) $\frac{1}{\sqrt{2}}$ (গ) $\frac{1}{2}$ (ঘ) 2

১৭. $\sin^2 30° + \cos^2\theta = 1$ হলে, θ এর মান কত?
(ক) 15° (খ) 30° (গ) 45° (ঘ) 90°

১৮. $\cos\theta = \frac{1}{2}$ হলে, $\theta =$ কত?
(ক) 90° (খ) 60° (গ) 30° (ঘ) 0°

১৯. $\cot(90° - \theta) = \frac{3}{4}$ হলে, $\cos\theta$ এর মান কত?
(ক) $\frac{3}{4}$ (খ) $\frac{4}{3}$ (গ) $\frac{3}{5}$ (ঘ) $\frac{4}{5}$

২০. $\sin 45° = \sqrt{2}A$ হলে, $A =$ কত?
(ক) 1 (খ) $\frac{1}{2}$ (গ) $\frac{1}{\sqrt{2}}$ (ঘ) $\frac{1}{\sqrt{3}}$

২১. $\sec 45° \div \cos 45°$ এর মান কত?
(ক) $-\sqrt{2}$ (খ) −1 (গ) 1 (ঘ) 2

২২. $\cot(\theta - 30°) = \frac{1}{\sqrt{3}}$ হলে, $\sin\theta =$ কত?
(ক) $\frac{\sqrt{3}}{2}$ (খ) 2 (গ) $\frac{1}{2}$ (ঘ) 1

২৩. θ সূক্ষ্মকোণ এবং $\sin\theta = \frac{1}{2}$ হলে $\cos 2\theta =$ কত?
(ক) 0 (খ) $\frac{\sqrt{3}}{2}$ (গ) 1 (ঘ) $\frac{1}{2}$

২৪. $\cot(\theta - 30°) = \frac{1}{\sqrt{3}}$ হলে $\cos\theta =$ কত?
(ক) 0 (খ) 1 (গ) $\frac{1}{2}$ (ঘ) $\frac{\sqrt{3}}{2}$

২৫. $\cos\theta = \frac{1}{2}$ হলে, $\tan\theta$ এর মান কত?
(ক) 2 (খ) $\sqrt{3}$ (গ) $\frac{\sqrt{3}}{2}$ (ঘ) $\frac{1}{2}$

২৬. $\tan 3A = \sqrt{3}$ হলে $A =$ কত?
(ক) 45° (খ) 30° (গ) 20° (ঘ) 15°

২৭. $\cot\theta = 0$ হলে, $\sin\theta =$ কত?
(ক) 0 (খ) $\frac{1}{\sqrt{2}}$ (গ) 1 (ঘ) $\frac{\sqrt{3}}{2}$

২৮. ΔABC একটি সমকোণী ত্রিভুজ হবে, যদি এর বাহুগুলোর দৈর্ঘ্য হয়—
i. 5, 12, 13 একক ii. 6, 8, 10 একক iii. 7, 8, 10 একক
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

■



উপরের চিত্রের আলোকে ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও :

২৯. $\cos\theta$ এর মান নিচের কোনটি?
(ক) $\frac{13}{12}$ (খ) $\frac{5}{12}$ (গ) $\frac{12}{13}$ (ঘ) $\frac{5}{13}$

৩০. $\sin^2\theta + \cos^2\theta =$ কত?
(ক) 0 (খ) $\frac{1}{4}$ (গ) $\frac{1}{2}$ (ঘ) 1

উত্তরমালা : বহুনির্বাচনি

১	ক	২	ঘ	৩	খ	৪	গ	৫	খ	৬	গ	৭	খ	৮	খ	৯	গ	১০	গ	১১	ঘ	১২	গ	১৩	ক	১৪	গ	১৫	ঘ
১৬	গ	১৭	খ	১৮	খ	১৯	ঘ	২০	খ	২১	ঘ	২২	ঘ	২৩	ঘ	২৪	ক	২৫	খ	২৬	গ	২৭	গ	২৮	ক	২৯	গ	৩০	ঘ

www.abswer.com

www.abswer.com

অ ধ্যা য় ১০

দূরত্ব ও উচ্চতা
Distance and Elevation



এ অধ্যায়ে অনন্য A+ সংযোজন



অধ্যায়ের সিলেবাস

• ভূ-রেখা, উর্ধ্বরেখা ও উল্লম্বতল • উন্নতি কোণ ও অবনতি কোণ • ত্রিকোণমিতির সাহায্যে দূরত্ব বিষয়ক গাণিতিক সমস্যা ও সমাধান • ত্রিকোণমিতির সাহায্যে উচ্চতা বিষয়ক গাণিতিক সমস্যা ও সমাধান • ত্রিকোণমিতির সাহায্যে হাতে কলমে দূরত্ব ও উচ্চতা বিষয়ক বিভিন্ন পরিমাপ।

প্রাথমিক আলোচনা Primary Discussion

প্রাচীনকাল থেকেই দূরবর্তী কোনো বস্তুর দূরত্ব ও উচ্চতা নির্ণয় করতে ত্রিকোণমিতিক অনুপাতের প্রয়োগ করা হয়। বর্তমান যুগে ত্রিকোণমিতিক অনুপাতের ব্যবহার বেড়ে যাওয়ায় এর গুরুত্ব অপরিসীম। যেসব পাহাড়, পর্বত, টাওয়ার, গাছের উচ্চতা এবং নদ-নদীর প্রস্থ সহজে মাপা যায় না সেসব ক্ষেত্রে উচ্চতা ও প্রস্থ ত্রিকোণমিতির সাহায্যে নির্ণয় করা যায়। ভূ-রেখা হচ্ছে ভূমি তলে অবস্থিত যেকোনো সরলরেখা। উর্ধ্বরেখা হচ্ছে ভূমি তলের উপর লম্ব যেকোনো সরলরেখা।

ভূতলের উপরের কোনো বিন্দু ভূমির সমান্তরাল রেখার সাথে যে কোণ উৎপন্ন করে তাকে উন্নতি কোণ এবং নিচের কোনো বিন্দু ভূ-রেখার সাথে যে কোণ উৎপন্ন করে তাকে অবনতি কোণ বলা হয়।

ওয়েব লিংকড তথ্য সংযোগ

শিখনফলের ধারাবাহিকতায় প্রশ্ন তৈরিতে এবং উত্তরকে তথ্যবহুল ও নির্ভুলতা নিশ্চিতকরণে বোর্ড বইয়ের পাশাপাশি নিম্নোক্ত ওয়েব লিংকের সহায়তা নেওয়া হয়েছে—

www.mathopenref.com/coordhorizontal.html
en.wikipedia.org/wiki/Vertical_bar
www.purplemath.com/modules/incldecl.htm
www.mathwords.com/a/angle_depression.htm
en.wikipedia.org/wiki/Vertical_plane

পরিচিতি ও অবদান — অধ্যায়ের বিষয়বস্তু সংশ্লিষ্ট শীর্ষস্থানীয় গণিতবিদ

আল বাত্তানি (Al-Battani)

আল-বাত্তানি (৮৫৮–৯২৯) একজন আরব মুসলিম জ্যোতির্বিজ্ঞানী ও গণিতবিদ ছিলেন। তাঁর পুরো নাম মুহাম্মদ ইবনে জারির ইবনে সিনান আল রাক্কি আল হারানী আস সাবী আল বাত্তানি। তিনি ত্রিকোণমিতিক সম্পর্ক ভিত্তির সংখ্যা প্রকাশ করেন। তিনি $\tan\theta = \frac{\sin\theta}{\cos\theta}$, $\sec\theta = \sqrt{1+\tan^2\theta}$, $b \sin A = a \sin(90° - A)$ ইত্যাদি সম্পর্কগুলোর ব্যাখ্যা প্রদান করেন। তিনিই কোসেক্যান্টগুলোর প্রথম টেবিল তৈরি করেছিলেন, যা 'ছায়ার টেবিল' হিসাবে অভিহিত করেছিলেন। তাঁর রচিত গ্রন্থ 'কিতাব আল-ঝিজ' এ প্রথম দূরত্ব ও উচ্চতা বিষয়ক বিস্তারিত ধারণা প্রদান করা হয়।

হিপ্পার্কাস (Hipparchus)

হিপ্পার্কাস (খ্রিস্টপূর্ব ১৯০–১২০) একাধারে জ্যোতির্বিদ, ভূগোলবিদ ও গণিতবিদ ছিলেন। তিনিই প্রথম 'arc' ও 'chord' সিরিজের মান নির্ণয়ের জন্য ত্রিকোণমিতিক সারণি প্রণয়ন করেন। আর এজন্য তাকে ত্রিকোণমিতির প্রতিষ্ঠাতা হিসাবে বিবেচনা করা হয়। হিপোক্রাস টলেমি ও ক্লডিয়াস প্রদত্ত ত্রিকোণমিতিক সারণিতে অনেক গুরুত্বপূর্ণ সমস্যার সমাধান করেন। তিনি খ্রিস্টপূর্ব ১৩৫ সালে নক্ষত্রের তালিকা প্রকাশ করেন। তাই বলা যায়, হিপ্পার্কাসের জ্ঞান শুধুমাত্র ত্রিকোণমিতিতেই সীমাবদ্ধ নয়।

www.abswer.com

www.abswer.com

PART 02 অনুশীলন Practice

স্কুল ও এসএসসি পরীক্ষায় সেরা প্রস্তুতির জন্য ১০০% সঠিক ফরম্যাট অনুসরণে শিখনফল এবং অনুচ্ছেদের ধারায় প্রশ্ন ও সমাধান

শিখন অর্জন যাচাই

- দূরত্ব ও উচ্চতা সম্পর্কে ধারণা লাভ করব।
- ত্রিকোণমিতি অনুপাতের সাহায্যে পাহাড়, পর্বত, টাওয়ার, গাছের উচ্চতা এবং নদ-নদীর প্রস্থ মাপার কৌশল জানতে পারব।

শিখন সহায়ক উপকরণ

- পাহাড়, পর্বত, টাওয়ার, গাছের ছবি।
- ত্রিকোণমিতিক অনুপাত সংবলিত পোস্টার।
- পাঠ্যবইয়ের সমস্যা ও কার্যাবলি।

ক্যালকুলেটরের সাহায্যে তাৎক্ষণিক সমাধানের কৌশল

❑ কোনো সমস্যাকে সমকোণী ত্রিভুজের সাথে তুলনা করে ভূমি b এবং ভূমি সংলগ্ন কোণ θ হলে, উচ্চতা h নির্ণয় করা যায় $h = b \tan\theta$ এর সাহায্যে।

যেমন : একটি গাছের পাদদেশ থেকে 20 মিটার দূরে ভূতলের কোনো বিন্দুতে গাছের চূড়ার উন্নতি কোণ 60° হলে, গাছটির উচ্চতা কত? [অনুশীলনী- ১০ এর ১১ নং]

ক্যালকুলেটরে প্রদত্ত নির্দেশনা অনুসরণ করা যাক :

[2] [0] [tan] [6] [0] [)] [=] ⟶ 34·641 মিটার; যা গাছটির উচ্চতা।

উত্তর : 34·641 মিটার (প্রায়)।

অনুরূপ : অনুশীলনী ১০ এর উদাহরণ ১ নং।

সতর্কতা : SETUP যেন ডিগ্রিতে থাকে সেদিকে খেয়াল রাখতে হবে।

❑ কোনো সমস্যাকে সমকোণী ত্রিভুজের সাথে তুলনা করে অতিভুজ c এবং ভূমি সংলগ্ন কোণ θ হলে, উচ্চতা h নির্ণয় করা যায় $h = c \sin\theta$ এর সাহায্যে।

যেমন : 18 মিটার দৈর্ঘ্যের একটি মই ভূমির সাথে 45° কোণ উৎপন্ন করে দেওয়ালের ছাদ স্পর্শ করে। দেওয়ালটির উচ্চতা নির্ণয় কর। [অনুশীলনী -১০ এর ১২ নং]

ক্যালকুলেটরে প্রদত্ত নির্দেশনা অনুসরণ করা যাক :

[1] [8] [sin] [4] [5] [)] [=] ⟶ 12·728 মিটার; যা দেওয়ালটির উচ্চতা।

উত্তর : 12·728 মিটার (প্রায়)।

অনুরূপ : অনুশীলনী ১০ এর সৃজনশীল ২০(খ) নং।

সতর্কতা : SETUP যেন ডিগ্রিতে থাকে সেদিকে খেয়াল রাখতে হবে।

❑ কোনো সমস্যাকে সমকোণী ত্রিভুজের সাথে তুলনা করে উচ্চতা h এবং ভূমি সংলগ্ন কোণ θ হলে, ভূমি b নির্ণয় করা যায় $b = \frac{h}{\tan\theta}$ এর সাহায্যে।

যেমন : একটি মিনারের পাদদেশ থেকে কিছু দূরে একটি স্থানে মিনারটির শীর্ষের উন্নতি 30° এবং মিনারটির উচ্চতা 26 মিটার হলে, মিনার থেকে ঐ স্থানটির দূরত্ব নির্ণয় কর। [অনুশীলনী ১০ এর ১০ নং]

ক্যালকুলেটরে প্রদত্ত নির্দেশনা অনুসরণ করা যাক :

[▭] [2] [6] [↓] [tan] [3] [0] [)] [=] ⟶ 45·033 মিটার; যা নির্ণেয় দূরত্ব।

উত্তর : 45·033 মিটার (প্রায়)।

অনুরূপ : অনুশীলনী-১০ এর উদাহরণ-২ নং।

সতর্কতা : SETUP যেন ডিগ্রিতে থাকে সেদিকে খেয়াল রাখতে হবে।

www.abswer.com

www.abswer.com

সাধারণ গাণিতিক অংশ — পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

প্রিয় শিক্ষার্থী, পাঠ্যবইয়ে এ অধ্যায়ে অনুশীলনীতে বিভিন্ন ধরনের ত্রিকোণমিতিক প্রশ্ন দেওয়া আছে। প্রতিটি প্রশ্নের যথাযথ ও নির্ভুল সমাধান এ অংশে সংযোজন করা হলো। এসব প্রশ্ন ও সমাধানের অনুশীলন তোমাদের সৃজনশীল ও বহুনির্বাচনি প্রশ্নোত্তরের ধারণা সমৃদ্ধকরণে সহায়তা করবে।

পাঠ্যবইয়ের অনুশীলনীর বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

১. একটি দন্ডের দৈর্ঘ্যের বর্গ তার ছায়ার দৈর্ঘ্যের এক তৃতীয়াংশ হলে ছায়ার প্রান্তবিন্দুতে সূর্যের উন্নতি কোণ কত?

ক 15° খ 30° গ 45° ঘ 60°

▸▸ তথ্য/ব্যাখ্যা : ছায়ার দৈর্ঘ্য x = 1 একক হলে,



দন্ডের দৈর্ঘ্য, $h = \sqrt{\frac{1}{3}x} = \sqrt{\frac{1}{3}1} = \frac{1}{\sqrt{3}}$

তাহলে, $\tan\theta = \frac{y}{x} = \frac{\frac{1}{\sqrt{3}}}{1} = \frac{1}{\sqrt{3}} = \tan 30°$

$\therefore \theta = 30°$.

২. পাশের চিত্রে x এর মান নিচের কোনটি?



ক $\frac{\sqrt{3}}{60}$ খ $\frac{60}{\sqrt{3}}$ গ $60\sqrt{2}$ ঘ $60\sqrt{3}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : $\tan\angle BCD = \frac{BD}{x}$

বা, $\tan 60° = \frac{60}{x}$ বা, $\sqrt{3} = \frac{60}{x}$ $\therefore x = \frac{60}{\sqrt{3}}$

৩. পাশের চিত্রে O বিন্দুতে P বিন্দুর উন্নতি কোণ কোনটি?



ক ∠QOB খ ∠POA গ ∠QOA ঘ ∠POB

▸▸ তথ্য/ব্যাখ্যা : O বিন্দুতে P বিন্দুর উন্নতি কোণ = ∠POA.

৪. অবনতি কোণের মান কত ডিগ্রি হলে একটি খুঁটির দৈর্ঘ্য ও ছায়ার দৈর্ঘ্য সমান হবে?

ক 30° খ 45° গ 60° ঘ 90°

▸▸ তথ্য/ব্যাখ্যা : মনে করি, খুঁটির দৈর্ঘ্য = ছায়ার দৈর্ঘ্য = x এবং অবনতি কোণটি = θ

$\therefore \tan\theta = \frac{x}{x} = 1 = \tan 45°$ $\therefore \theta = 45°$.

■ পাশের চিত্র অনুযায়ী ৫নং ও ৬নং প্রশ্ন দুইটির উত্তর দাও :



৫. BC এর দৈর্ঘ্য হবে—

ক $\frac{4}{\sqrt{3}}$ মিটার খ 4 মিটার গ $4\sqrt{2}$ মিটার ঘ $4\sqrt{3}$ মিটার

▸▸ তথ্য/ব্যাখ্যা : $\cos\angle ACB = \frac{BC}{AC}$

বা, $\cos 60° = \frac{BC}{8}$

বা, $\frac{1}{2} = \frac{BC}{8}$

$\therefore$ BC = 4 মিটার।



৬. AB এর দৈর্ঘ্য হবে—

ক $\frac{4}{\sqrt{3}}$ মিটার খ 4 মিটার গ $4\sqrt{2}$ মিটার ঘ $4\sqrt{3}$ মিটার

▸▸ তথ্য/ব্যাখ্যা : $\sin\angle ACB = \frac{AB}{AC}$

বা, $\sin 60° = \frac{AB}{8}$

বা, $\frac{\sqrt{3}}{2} = \frac{AB}{8}$

$\therefore$ AB = $4\sqrt{3}$ মিটার।

৭. উন্নতি কোণ—

i. 30° হলে, ভূমি > লম্ব হবে

ii. 45° হলে, ভূমি = লম্ব হবে

iii. 60° হলে, লম্ব < ভূমি হবে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

▸▸ তথ্য/ব্যাখ্যা :



সুতরাং i ও ii সঠিক।

৮. পাশের চিত্রে—



i. ∠DAC অবনতি কোণ

ii. ∠ACB উন্নতি কোণ

iii. ∠DAC = ∠ACB

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

৯. ভূ-রেখার অপর নাম কী?

ক লম্বরেখা খ সমান্তরাল রেখা গ শয়ন রেখা ঘ উর্ধ্বরেখা

▸▸ তথ্য/ব্যাখ্যা : ভূ-রেখার অপর নাম শয়ন রেখা।

উত্তরের শুদ্ধতা/ নির্ভুলতা যাচাই করো

১	খ	২	খ	৩	খ	৪	খ	৫	খ
৬	ঘ	৭	ক	৮	ঘ	৯	গ		

অনুশীলনীর ত্রিকোণমিতিক প্রশ্নাবলির সমাধান

প্রশ্ন ১০ ▸ একটি মিনারের পাদদেশ থেকে কিছু দূরে একটি স্থানে মিনারটির শীর্ষের উন্নতি 30° এবং মিনারটির উচ্চতা 26 মিটার হলে, মিনার থেকে ঐ স্থানটির দূরত্ব নির্ণয় কর।

সমাধান : ধরি, মিনারটির পাদবিন্দু B, ভূতলের নির্দিষ্ট স্থান O এবং শীর্ষ বিন্দু A। আবার, মনে করি, মিনারটি থেকে নির্দিষ্ট স্থানের দূরত্ব BO = x মিটার।



$\therefore$ মিনারের শীর্ষের উন্নতি ∠AOB = 30°

এবং মিনারের উচ্চতা BA = 26 মিটার

www.abswer.com

www.abswer.com

এখন, AOB সমকোণী ত্রিভুজ হতে,

$\tan\angle AOB = \frac{AB}{OB}$

বা, $\tan 30^\circ = \frac{26}{x}$

বা, $\frac{1}{\sqrt{3}} = \frac{26}{x}$ $\left[\because \tan 30^\circ = \frac{1}{\sqrt{3}}\right]$

বা, $x = 26\sqrt{3} = 45.033$ মিটার (প্রায়)

$\therefore$ মিনার থেকে ঐ স্থানটির দূরত্ব 45.033 মিটার (প্রায়)।

প্রশ্ন ১১ ▸ একটি গাছের পাদদেশ থেকে 20 মিটার দূরে ভূতলের কোনো বিন্দুতে গাছের চূড়ার উন্নতি কোণ 60° হলে, গাছটির উচ্চতা নির্ণয় কর।

সমাধান : মনে করি, গাছের উন্নতি কোণ $\angle POA = 60^\circ$ গাছের পাদদেশ থেকে ভূতলের O বিন্দুর দূরত্ব PO = 20 মিটার।



এবং গাছের উচ্চতা AP = h মিটার।

এখন, POA সমকোণী ত্রিভুজ হতে,

$\tan\angle POA = \frac{AP}{OP}$

বা, $\tan 60^\circ = \frac{h}{20}$

বা, $\sqrt{3} = \frac{h}{20}$ $[\because \tan 60^\circ = \sqrt{3}]$

$\therefore$ $h = 20\sqrt{3} = 34.641$ (প্রায়)

$\therefore$ গাছটির উচ্চতা 34.641 মিটার (প্রায়)।

প্রশ্ন ১২ ▸ 18 মিটার দৈর্ঘ্য একটি মই ভূমির সাথে 45° কোণ উৎপন্ন করে দেওয়ালের ছাদ স্পর্শ করে। দেওয়ালটির উচ্চতা নির্ণয় কর।

সমাধান : মনে করি, দেওয়ালের উচ্চতা AB = h মিটার।
মইয়ের দৈর্ঘ্য, OB = 18 মিটার এবং $\angle AOB = 45^\circ$.



এখন, AOB সমকোণী ত্রিভুজ হতে,

$\sin\angle AOB = \frac{AB}{OB}$

বা, $\sin 45^\circ = \frac{h}{18}$

বা, $\frac{1}{\sqrt{2}} = \frac{h}{18}$ $\left[\because \sin 45^\circ = \frac{1}{\sqrt{2}}\right]$

বা, $h = \frac{18}{\sqrt{2}} = \frac{18\times\sqrt{2}}{\sqrt{2}\times\sqrt{2}} = 9\sqrt{2} = 12.728$ মিটার (প্রায়)।

$\therefore$ দেওয়ালটির উচ্চতা 12.728 মিটার (প্রায়)।

প্রশ্ন ১৩ ▸ একটি ঘরের ছাদের কোনো বিন্দুতে ঐ বিন্দু থেকে 20 মিটার দূরের ভূতলস্থ একটি বিন্দুর অবনতি কোণ 30° হলে, ঘরটির উচ্চতা নির্ণয় কর।

সমাধান : মনে করি, ঘরটির উচ্চতা AB = h মিটার, ঘরের ছাদের A বিন্দু থেকে AC = 20 মিটার দূরে ভূতলস্থ C বিন্দুর অবনতি $\angle CAX = 30^\circ$।



সুতরাং $\angle XAC = \angle ACB = 30^\circ$ [একান্তর কোণ বলে]

AC = 20 মিটার

এখন, ABCসমকোণী ত্রিভুজে, $\sin\angle ACB = \frac{AB}{AC}$

বা, $\sin 30^\circ = \frac{h}{20}$

বা, $\frac{1}{2} = \frac{h}{20}$ $[\because \sin 30^\circ = \frac{1}{2}]$

বা, $2h = 20$

$\therefore$ $h = 10$ মিটার

$\therefore$ ঘরটির উচ্চতা 10 মিটার।

প্রশ্ন ১৪ ▸ ভূতলে কোনো স্থানে একটি স্তম্ভের শীর্ষের উন্নতি 60°। ঐ স্থান থেকে 25 মিটার পিছিয়ে গেলে স্তম্ভটির উন্নতি কোণ 30° হয়। স্তম্ভটির উচ্চতা নির্ণয় কর।

সমাধান : মনে করি, স্তম্ভের উচ্চতা AB = h মিটার, শীর্ষের উন্নতি $\angle ACB = 60^\circ$ এবং C স্থান থেকে CD = 25 মিটার পিছিয়ে গেলে উন্নতি $\angle ADB = 30^\circ$ হয়।



ধরি, BC = x মিটার

$\therefore$ BD = BC + CD = (x + 25) মিটার

এখন, ABD সমকোণী ত্রিভুজ হতে,

$\tan\angle ADB = \frac{AB}{BD}$

বা, $\tan 30^\circ = \frac{h}{x+25}$

বা, $\frac{1}{\sqrt{3}} = \frac{h}{x+25}\left[\because \tan 30^\circ = \frac{1}{\sqrt{3}}\right]$

বা, $x + 25 = h\sqrt{3}$ .... (1)

আবার,ABC সমকোণী ত্রিভুজ হতে,

$\tan\angle ACB = \frac{AB}{BC}$

বা, $\tan 60^\circ = \frac{h}{x}$

বা, $\sqrt{3} = \frac{h}{x}[\because \tan 60^\circ = \sqrt{3}]$

বা, $h = x\sqrt{3}$ .... (2)

এখন, (1) ও (2) থেকে পাই,

$x + 25 = x\sqrt{3}.\sqrt{3}$

বা, $x + 25 = 3x$

বা, $3x - x = 25$

বা, $2x = 25$

বা, $x = \frac{25}{2} = 12.5$

$\therefore$ $h = x\sqrt{3} = 12.5\times\sqrt{3} = 21.651$ মিটার (প্রায়)

$\therefore$ স্তম্ভটির উচ্চতা 21.651 মিটার (প্রায়)।

প্রশ্ন ১৫ ▸ কোনো স্থান থেকে একটি মিনারের দিকে 60 মিটার এগিয়ে আসলে মিনারের শীর্ষ বিন্দুর উন্নতি কোণ 45° থেকে 60° হয়। মিনারটির উচ্চতা নির্ণয় কর।

সমাধান : মনে করি, মিনারটির উচ্চতা AB = h মিটার।
এবং শীর্ষের উন্নতি $\angle ACB = 45^\circ$।
মিনারের দিকে CD = 60 মিটার এগিয়ে গেলে শীর্ষের উন্নতি $\angle ADB = 60^\circ$ হয়।
ধরি, BD = x মিটার।



$\therefore$ BC = 60 + x (চিত্রানুযায়ী)

এখন, Δ ACB হতে আমরা লিখতে পারি, $\tan\angle ACB = \frac{AB}{BC}$

বা, $\tan 45^\circ = \frac{h}{60+x}$

বা, $1 = \frac{h}{60+x}$ $[\because \tan 45^\circ = 1]$

$\therefore$ $h = 60 + x$ .... (1)

আবার, Δ ADB হতে আমরা লিখতে পারি,

বা, $\tan 60^\circ = \frac{AB}{BD}$

বা, $\sqrt{3} = \frac{h}{x}$

$[\because \angle\tan 60^\circ = \sqrt{3}]$

$\therefore$ $h = x\sqrt{3}$ .... (2)

www.abswer.com

www.abswer.com

(1) নং এবং (2) নং সমীকরণ হতে লিখতে পারি,

$x\sqrt{3} = x + 60$

বা, $x\sqrt{3} - x = 60$

বা, $x(\sqrt{3} - 1) = 60$

বা, $x = \frac{60}{\sqrt{3}-1} = 81.962$ মিটার

এখন, x এর মান (1) নং এ বসিয়ে পাই,

$h = (60 + 81.962)$ মিটার $= 141.962$ মিটার (প্রায়)

∴ মিনারটির উচ্চতা 141.962 মিটার (প্রায়)।

প্রশ্ন ১৬ ▸ একটি নদীর তীরে কোনো এক স্থানে দাঁড়িয়ে একজন লোক দেখল যে, ঠিক সোজাসোজি অপর তীরে অবস্থিত একটি টাওয়ারের উন্নতি কোণ 60°। ঐ স্থান থেকে 32 মিটার পিছিয়ে গেলে উন্নতি কোণ 30° হয়। টাওয়ারের উচ্চতা এবং নদীর বিস্তার নির্ণয় কর।

সমাধান : মনে করি, টাওয়ারের উচ্চতা AB $= h$ মিটার এবং নদীর প্রস্থ BP $= x$ মিটার। টাওয়ারের উন্নতি $\angle BPA = 60°$ এবং ঐ স্থান থেকে PO $= 32$ মিটার পিছিয়ে গেলে শীর্ষের উন্নতি $\angle AOB = 30°$ হয়।



∴ $BO = (BP + PO) = (x + 32)$ মিটার

এখন, AOB সমকোণী ত্রিভুজ হতে,

$\tan \angle AOB = \frac{AB}{OB}$

বা, $\tan 30° = \frac{h}{x+32}$

বা, $\frac{1}{\sqrt{3}} = \frac{h}{x+32}$ $\left[\because \tan 30° = \frac{1}{\sqrt{3}}\right]$

বা, $x + 32 = h\sqrt{3}$ .... (1)

আবার, APB সমকোণী ত্রিভুজ হতে,

$\tan \angle BPA = \frac{AB}{BP}$

বা, $\tan 60° = \frac{h}{x}$

বা, $\sqrt{3} = \frac{h}{x}$ $[\because \tan 60° = \sqrt{3}]$

বা, $h = x\sqrt{3}$ .... (2)

এখন, (1) ও (2)নং থেকে আমরা পাই,

$x + 32 = x\sqrt{3}\cdot\sqrt{3}$

বা, $x + 32 = 3x$

বা, $3x - x = 32$

বা, $2x = 32$

বা, $x = \frac{32}{2} = 16$

∴ $h = x\sqrt{3} = 16 \times \sqrt{3} = 27.713$ মিটার (প্রায়)

∴ টাওয়ারের উচ্চতা 27.713 মিটার এবং নদীর বিস্তার 16 মিটার।

প্রশ্ন ১৭ ▸ 64 মিটার লম্বা একটি খুঁটি ভেঙে গিয়ে সম্পূর্ণ বিচ্ছিন্ন না হয়ে ভূমির সাথে 60° কোণ উৎপন্ন করে। খুঁটিটির ভাঙা অংশের দৈর্ঘ্য নির্ণয় কর।

সমাধান : মনে করি, AB খুঁটি h উচ্চতায় C বিন্দুতে ভাঙে। ভাঙা অংশ BC সম্পূর্ণ বিচ্ছিন্ন না হয়ে ভূমি D বিন্দুতে 60° কোণ উৎপন্ন করে।

এখানে, AB $= 64$ মিটার

$\angle ADC = 60°$

AC $= h$ (ধরি)

∴ $BC = 64 - h = CD$



ADC সমকোণী ত্রিভুজ হতে পাই,

$\sin \angle ADC = \frac{AC}{CD}$

বা, $\sin 60° = \frac{h}{64-h}$

বা, $\frac{\sqrt{3}}{2} = \frac{h}{64-h}$ $\left[\because \sin 60° = \frac{\sqrt{3}}{2}\right]$

বা, $2h = 64\sqrt{3} - \sqrt{3}h$

বা, $2h + \sqrt{3}h = 64\sqrt{3}$

বা, $h(2 + \sqrt{3}) = 64\sqrt{3}$

বা, $h = \frac{64\sqrt{3}}{2+\sqrt{3}} = 29.702$ মিটার (প্রায়)

∴ খুঁটিটির ভাঙা অংশের দৈর্ঘ্য $= (64 - 29.702)$ মিটার $= 34.298$ মিটার

নির্ণেয় দৈর্ঘ্য 34.298 মিটার (প্রায়)।

প্রশ্ন ১৮ ▸ একটি গাছ ঝড়ে এমনভাবে ভেঙে গেল যে, ভাঙা অংশ দণ্ডায়মান অংশের সাথে 30° কোণ করে গাছের গোড়া থেকে 12 মিটার দূরে মাটি স্পর্শ করে। সম্পূর্ণ গাছটির দৈর্ঘ্য নির্ণয় কর।

সমাধান : ধরি, AB একটি গাছ, তা ঝড়ে D বিন্দুতে ভেঙে দণ্ডায়মান অংশের সাথে 30° কোণ উৎপন্ন করে।

অর্থাৎ $\angle BDC = 30°$

∴ $\angle BCD = 60°$

এবং গাছের গোড়া থেকে 12 মিটার দূরে C বিন্দুতে মাটি স্পর্শ করে।

অর্থাৎ, BC $= 12$ মিটার।



Δ BDC হতে, $\sec 60° = \frac{CD}{BC}$

বা, $CD = BC \times \sec 60° = 12 \sec 60° = 12 \times 2$ $[\because \sec 60° = 2]$

∴ $CD = 24$ মিটার

আবার, $\frac{BD}{BC} = \tan 60°$

বা, $BD = BC \times \tan 60° = 12 \times \tan 60° = 12 \times \sqrt{3}$ $[\because \tan 60° = \sqrt{3}]$

∴ $BD = 20.785$ (প্রায়)

∴ গাছটির সম্পূর্ণ দৈর্ঘ্য, AB $= (24 + 20.785)$ মিটার $= 44.785$ মিটার (প্রায়)

নির্ণেয় দৈর্ঘ্য 44.785 মিটার (প্রায়)।

পাঠ্যবইয়ের অনুশীলনীর সৃজনশীল প্রশ্ন ও সমাধান

প্রশ্ন ১৯ একটি নদীর এক তীরে কোনো স্থানে দাঁড়িয়ে একজন লোক দেখলো যে, ঠিক সোজাসোজি অপর তীরে অবস্থিত 150 মিটার লম্বা একটি গাছের শীর্ষের উন্নতি কোণ 30°। লোকটি একটি নৌকাযোগে গাছটিকে লক্ষ্য করে যাত্রা শুরু করলো। কিন্তু পানির স্রোতের কারণে লোকটি গাছ থেকে 10 মিটার দূরে তীরে পৌঁছল।

ক. উপরোক্ত বর্ণনাটি চিত্রের মাধ্যমে দেখাও।

খ. নদীর বিস্তার নির্ণয় কর।

গ. লোকটির যাত্রা স্থান থেকে গন্তব্য স্থানের দূরত্ব নির্ণয় কর।

১৯নং প্রশ্নের সমাধান

ক মনে করি, নদীর দুই তীরের বিন্দুদ্বয় C ও B। B বিন্দুতে AB গাছের উচ্চতা 150 মিটার এবং C বিন্দুর গাছটির শীর্ষে উন্নতি $\angle ACB = 30°$.



ধরি, লোকটি অপর তীরে O বিন্দুতে পৌঁছল যা গাছ হতে 10 মিটার দূরে।

অর্থাৎ OB $= 10$ মিটার।

খ ধরি, নদীটির বিস্তার BC $= x$ মিটার।



Δ ABC হতে, $\tan \angle ACB = \frac{AB}{BC}$

বা, $\tan 30° = \frac{150}{x}$

বা, $\frac{1}{\sqrt{3}} = \frac{150}{x}$ $\left[\because \tan 30° = \frac{1}{\sqrt{3}}\right]$

বা, $x = 150\sqrt{3} = 259.808$ মিটার (প্রায়)

∴ নদীটির বিস্তার 259.808 মিটার (প্রায়)।

www.abswer.com

www.abswer.com

গ ধরি, লোকটির যাত্রার স্থান হতে গন্তব্য স্থানের মধ্যবর্তী দূরত্ব, OC = S মিটার।

Δ OBC এর $\angle OBC$ সমকোণ,

$\therefore$ পিথাগোরাসের উপপাদ্য অনুযায়ী পাই,

$OC^2 = OB^2 + BC^2$

বা, $S^2 = (10)^2 + (259.808)^2$ [খ নং হতে BC = 259.808 মি.]

বা, $S^2 = 100 + 67500 = 67600$

বা, $S = \sqrt{67600} = 260$

$\therefore$ গন্তব্য স্থানের দূরত্ব 260 মিটার।

প্রশ্ন ২০ 16 মিটার দীর্ঘ একটি মই লম্বভাবে দণ্ডায়মান একটি দেওয়ালের ছাদ বরাবর ঠেস দিয়ে রাখা হলো। ফলে এটি ভূমির সাথে 60° কোণ উৎপন্ন করল।

ক. উদ্দীপক অনুসারে সংক্ষিপ্ত বর্ণনাসহ চিত্র অঙ্কন কর।
খ. দেওয়ালটির উচ্চতা নির্ণয় কর।
গ. দেওয়ালের সাথে ঠেস দিয়ে রাখা অবস্থায় মইটিকে পূর্বের অবস্থান থেকে ভূমি বরাবর আর কতদূর সরালে মইটি ভূমির সাথে 30° কোণ উৎপন্ন করবে?

২০নং প্রশ্নের সমাধান

ক এখানে, দেওয়ালের উচ্চতা AB, মই এর দৈর্ঘ্য AC = 16 মিটার এবং মইটি ভূমি BC এর সাথে $\angle ACB$ = 60° উৎপন্ন করে।



খ ABC সমকোণী ত্রিভুজে,



$\sin \angle ACB = \frac{AB}{AC}$

বা, $\sin 60° = \frac{AB}{16}$

বা, $\frac{\sqrt{3}}{2} = \frac{AB}{16}$

বা, $AB = \frac{16\sqrt{3}}{2} = 8\sqrt{3} = 13.856$ (প্রায়)

$\therefore$ দেওয়ালটির উচ্চতা 13.856 মিটার (প্রায়)।

গ মনে করি, মইটিকে দেওয়ালের সাথে ঠেস দিয়ে রাখা অবস্থায় C বিন্দু থেকে ভূমি বরাবর CD = x মিটার দূরে সরালে মইটি ভূমির সাথে $\angle BDE = 30°$ উৎপন্ন করে।



এখানে, AC = DE = 16 মিটার

$\angle ACB = 60°$

BD = BC + CD = BC + x

ABC সমকোণী ত্রিভুজে,

$\cos \angle ACB = \frac{BC}{AC}$

বা, $\cos 60° = \frac{BC}{16}$

বা, $\frac{1}{2} = \frac{BC}{16}$

বা, $BC = \frac{16}{2}$

$\therefore$ BC = 8.

BDE সমকোণী ত্রিভুজে,

$\cos \angle BDE = \frac{BD}{DE}$

বা, $\cos 30° = \frac{BC + x}{16}$

বা, $\frac{\sqrt{3}}{2} = \frac{8 + x}{16}$

বা, $16 + 2x = 16\sqrt{3}$

বা, $2x = 16\sqrt{3} - 16$

বা, $2x = 16(\sqrt{3} - 1)$

বা, $x = \frac{16(\sqrt{3} - 1)}{2}$

$= 8(\sqrt{3} - 1) = 5.856$ (প্রায়)

নির্ণেয় দূরত্ব 5.856 মিটার (প্রায়)।

প্রশ্ন ২১ চিত্রে, CD = 96 মিটার।



ক. $\angle CAD$ এর ডিগ্রি পরিমাপ নির্ণয় কর।
খ. BC এর দৈর্ঘ্য নির্ণয় কর।
গ. Δ ACD এর পরিসীমা নির্ণয় কর।

২১নং প্রশ্নের সমাধান

ক ABC সমকোণী ত্রিভুজে



$\angle ABC = 90°$

$\angle ACB = 60°$

$\therefore \angle BAC = 90° - \angle ACB$

$= 90° - 60°$

$= 30°$

ABD সমকোণী ত্রিভুজে

$\angle ABD = 90°$ এবং

$\angle ADC = 30°$

$\therefore \angle BAD = 90° - \angle ADC$

$= 90° - 30° = 60°$

$\angle CAD = \angle BAD - \angle BAC$

$= 60° - 30° = 30°$

$\therefore \angle CAD$ এর পরিমাপ 30°.

খ এখানে, $\angle ACB = 60°$, $\angle ADB = 30°$, CD = 96 মিটার

BD = BC + CD = (BC + 96) মিটার

ABC সমকোণী ত্রিভুজে

$\tan \angle ACB = \frac{AB}{BC}$

বা, $\tan 60° = \frac{AB}{BC}$

বা, $\sqrt{3} = \frac{AB}{BC}$

বা, $AB = \sqrt{3}BC$

ABD সমকোণী ত্রিভুজে

$\tan \angle ADB = \frac{AB}{BD}$

বা, $\tan 30° = \frac{\sqrt{3}\,BC}{BC + 96}$

বা, $\frac{1}{\sqrt{3}} = \frac{\sqrt{3}\,BC}{BC + 96}$

বা, $3BC = BC + 96$

বা, $3BC - BC = 96$

বা, $2BC = 96$

বা, $BC = \frac{96}{2} = 48$

$\therefore$ BC এর দৈর্ঘ্য 48 মিটার।

গ এখানে, $\angle ACB = 60°$, $\angle ADB = 30°$, CD = 96 মিটার

BC = 48 মিটার

BD = BC + CD = (48 + 96) মিটার = 144 মিটার

ABC সমকোণী ত্রিভুজে

$\cos \angle ACB = \frac{BC}{AC}$

বা, $\cos 60° = \frac{48}{AC}$

বা, $\frac{1}{2} = \frac{48}{AC}$

বা, AC = 96

ABD সমকোণী ত্রিভুজে,

$\cos \angle ADB = \frac{BD}{AD}$

বা, $\cos 30° = \frac{144}{AD}$

বা, $\frac{\sqrt{3}}{2} = \frac{144}{AD}$

বা, $AD = \frac{144 \times 2}{\sqrt{3}} = 166.276878$

Δ ACD এর পরিসীমা = AC + CD + AD

= (96 + 96 + 166.276878) মিটার

= 358.277 মিটার (প্রায়)

$\therefore \Delta$ ACD এর পরিসীমা 358.277 মিটার (প্রায়)।

www.abswer.com

www.abswer.com

বহুনির্বাচনি অংশ MCQ SECTION

প্রিয় শিক্ষার্থী, বহুনির্বাচনি অংশে তোমাদের সেরা প্রস্তুতির জন্য এসএসসি পরীক্ষার প্রশ্নোত্তরের পাশাপাশি সেরা স্কুলের টেস্ট পরীক্ষার প্রশ্নোত্তর এবং মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত প্রশ্নোত্তর সংযোজন করা হয়েছে। অনুশীলনের সুবিধার্থে প্রশ্নের নিচে সঠিক উত্তরের সপক্ষে যুক্তি (তথ্য/ব্যাখ্যা) দেওয়া হয়েছে।

সকল বোর্ডের এসএসসি পরীক্ষার বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর — সঠিক উত্তরের সপক্ষে যুক্তি সংবলিত

সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন

১. কোনো দন্ডের ছায়ার দৈর্ঘ্য তার দৈর্ঘ্যের কতগুণ হলে উন্নতি কোণ $30°$ হবে? [য. বো. '২০]

(ক) $\frac{1}{\sqrt{3}}$ (খ) $\frac{1}{\sqrt{2}}$ (গ) $\sqrt{2}$ (ঘ) $\sqrt{3}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : ধরি, দণ্ডটির দৈর্ঘ্য $AB = x$ একক

$\therefore \tan 30° = \frac{AB}{BC}$ বা, $\frac{1}{\sqrt{3}} = \frac{x}{BC}$

$\therefore BC = \sqrt{3}x$

$\therefore$ ছায়ার দৈর্ঘ্য $\sqrt{3}$ গুণ হলে উন্নতি কোণ $30°$ হবে।



২. 

চিত্রে h এর মান কত? [কু. বো. '২০]

(ক) $25\sqrt{3}$ সে.মি. (খ) $(25+\sqrt{3})$ সে.মি. (গ) $(25-\sqrt{3})$ সে.মি. (ঘ) $\frac{25}{\sqrt{3}}$ সে.মি.

▸▸ তথ্য/ব্যাখ্যা : ΔABC-এ, $\angle ACB =$ একান্তর $\angle DAC = 60°$

$\therefore \tan 60° = \frac{AB}{BC}$

বা, $\sqrt{3} = \frac{h}{25}$

$\therefore h = 25\sqrt{3}$ সে.মি.।



৩. 

PQ এর দৈর্ঘ্য কত মিটার? [চ. বো. '২০]

(ক) 5 মিটার (খ) $5\sqrt{2}$ মিটার (গ) $5\sqrt{3}$ মিটার (ঘ) $8\sqrt{3}$ মিটার

▸▸ তথ্য/ব্যাখ্যা : $\sin 60° = \frac{PQ}{PR}$

বা, $\frac{\sqrt{3}}{2} = \frac{PQ}{10}$ বা, $PQ = \frac{10\sqrt{3}}{2}$

$\therefore PQ = 5\sqrt{3}$ মিটার।



৪. অবনতি কোণের মান কত ডিগ্রি হলে ১টি খুঁটির দৈর্ঘ্য ও ছায়ার দৈর্ঘ্য সমান হবে? [সি. বো. '২০]

(ক) $30°$ (খ) $45°$ (গ) $60°$ (ঘ) $90°$

▸▸ তথ্য/ব্যাখ্যা : ΔABC-এ

$\tan\theta = \frac{AB}{BC}$

বা, $\tan\theta = \frac{x}{x} = 1$ বা, $\tan\theta = \tan 45°$

$\therefore \theta = 45°$

$\therefore$ অবনতি কোণ $\angle C'AC =$ একান্তর $\angle ACB = 45°$.



৫. একটি মিনারের উচ্চতা $60\sqrt{3}$ মিটার এবং এর ছায়ার দৈর্ঘ্য 60 মিটার হলে অবনতি কোণ কত? [সি. বো. '২০]

(ক) $90°$ (খ) $60°$ (গ) $45°$ (ঘ) $30°$

▸▸ তথ্য/ব্যাখ্যা : ΔABC হতে পাই,

$\tan\theta = \frac{AB}{BC}$

বা, $\tan\theta = \frac{60\sqrt{3}}{60} = \sqrt{3} = \tan 60°$ $\therefore \theta = 60°$

$\therefore$ অবনতি কোণ $60°$.



৬. 

BC এর দৈর্ঘ্য কত? [ম. বো. '২০]

(ক) $\frac{2}{\sqrt{3}}$ মিটার (খ) 2 মিটার (গ) $2\sqrt{3}$ মিটার (ঘ) 8 মিটার

▸▸ তথ্য/ব্যাখ্যা : ΔABC হতে পাই, $\cos 60° = \frac{BC}{AC}$

বা, $\frac{1}{2} = \frac{BC}{4}$

$\therefore BC = \frac{4}{2} = 2$ মিটার।



৭. PQR ত্রিভুজে $\angle Q = 1$ সমকোণ ও $\angle PRQ = 60°$ এবং $PQ = 8$ সে. মি. হলে, $QR =$ কত? [রা. বো. '১৯]

(ক) 4 সে.মি. (খ) $\frac{8}{\sqrt{3}}$ সে.মি. (গ) $4\sqrt{5}$ সে.মি. (ঘ) 16 সে.মি.

▸▸ তথ্য/ব্যাখ্যা : ΔPQR-এ, $PQ = 8$, $\angle PRQ = 60°$, $\angle Q = 90°$

$\therefore \tan\angle PRQ = \frac{PQ}{QR}$

বা, $\tan 60° = \frac{8}{QR}$

বা, $\sqrt{3} = \frac{8}{QR}$ $\therefore QR = \frac{8}{\sqrt{3}}$.



৮. 

চিত্রে, AB এর দৈর্ঘ্য কত? [কু.বো. '১৯]

(ক) 20.0 মিটার (খ) 21.55 মিটার (গ) 24.14 মিটার (ঘ) 30.0 মিটার

▸▸ তথ্য/ব্যাখ্যা : ΔBCD-এ $\angle BCD = 60°$

$\cos\angle BCD = \frac{BC}{CD}$; $BC = 10$

বা, $\cos 60° = \frac{10}{CD}$ বা, $\frac{1}{2} = \frac{10}{CD}$

$\therefore CD = 20$ $\therefore AC = CD = 20$

$\therefore AB = BC + AC = 10 + 20 = 30$ মিটার।



উত্তরের শুদ্ধতা/নির্ভুলতা যাচাই করো

১	ঘ	২	ক	৩	গ	৪	খ	৫	খ	৬	খ	৭	খ	৮	ঘ

www.abswer.com

www.abswer.com

৯. একটি গাছের দৈর্ঘ্য ও গাছটির ছায়ার দৈর্ঘ্যের অনুপাত $3 : \sqrt{3}$ হলে উন্নতি কোণ কত? [চ. বো. '১৯]

ক 60° খ 45°
গ 30° ঘ 15°

▸▸ তথ্য/ব্যাখ্যা : গাছটির দৈর্ঘ্য $AB = 3$
এবং ছায়ার দৈর্ঘ্য $BC = \sqrt{3}$



$\therefore \tan \angle ACB = \frac{AB}{BC}$

বা, $\tan\theta = \frac{3}{\sqrt{3}} = \sqrt{3}$

বা, $\tan\theta = \tan 60°$

$\therefore \theta = 60°$.

১০.



চিত্রে, PQ = কত? [ব. বো. '১৯]

ক 7.5 m খ 10.0 m
গ 12.5 m ঘ 15.0 m

১১. অবনতি কোণের মান কত ডিগ্রি হলে খুঁটির দৈর্ঘ্য ছায়ার দৈর্ঘ্যের $\sqrt{3}$ গুণ হবে? [ব. বো. '১৯]

ক 30° খ 45°
গ 60° ঘ 90°

১২. সমকোণী ত্রিভুজে 70° কোণ অঙ্কনের ক্ষেত্রে নিচের কোনটি সঠিক? [ঢা. বো. '১৭]

ক অতিভুজ = লম্ব খ ভূমি < লম্ব
গ ভূমি > লম্ব ঘ ভূমি = লম্ব

▸▸ তথ্য/ব্যাখ্যা : সমকোণী ত্রিভুজে 70° কোণ অঙ্কনের ক্ষেত্রে অবশ্যই লম্ব ভূমি হতে বড় হতে হবে। অর্থাৎ ভূমি < লম্ব হতে হবে।

১৩. চিত্রানুযায়ী BC এর মান কত? [ঢা. বো. '১৬]



ক 1.118 মি. খ 1.811 মি.
গ 2.236 মি. ঘ 4.472 মি.

▸▸ তথ্য/ব্যাখ্যা : এখানে, $AC = \sqrt{5}$,



আমরা জানি, $\sin\theta = \frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}}$

$\therefore \sin 30° = \frac{BC}{AC}$

বা, $\frac{1}{2} = \frac{BC}{\sqrt{5}}$

বা, $BC = \frac{\sqrt{5}}{2} = 1.118$ মি.।

১৪. একটি খুঁটির দৈর্ঘ্য 20 মি., এর ছায়ার দৈর্ঘ্য কত মিটার হলে, উন্নতি কোণ 45° হবে? [ঢা. বো. '১৬]

ক 28.28 মি. খ 20 মি.
গ 14.14 মি. ঘ 11.47 মি.

▸▸ তথ্য/ব্যাখ্যা : লম্ব এবং ভূমি সমান হলেই কেবল উন্নতি কোণ 45° হবে।
∴ ছায়ার দৈর্ঘ্য 20 মি.।



১৫. ঝড়ে একটি গাছ হেলে পড়েছিল, ক্রমতাবস্থায় গাছের গোড়া হতে 7 মিটার উচ্চতায় একটি খুঁটি ঠেস দিয়ে গাছটিকে সোজা করে রাখা হলো। ভূমিতে খুঁটিটির স্পর্শ বিন্দুর অবনতি কোণ 30° হলে, খুঁটির দৈর্ঘ্য কত? [রা. বো. '১৭]

ক 7 মিটার খ $7\sqrt{3}$ মিটার
গ 14 মিটার ঘ $14\sqrt{2}$ মিটার

▸▸ তথ্য/ব্যাখ্যা : এখানে, AC = খুঁটি



$\therefore \sin 30° = \frac{AB}{AC}$

বা, $\frac{1}{2} = \frac{7}{AC}$ $\therefore AC = 14$ মি.।

১৬. A বিন্দুতে B বিন্দুর অবনতি কোণের পরিমাণ কত? [য. বো. '১৫]



ক 90° খ 60°
গ 45° ঘ 30°

▸▸ তথ্য/ব্যাখ্যা : এখানে, $\angle BAC = 60°$
A বিন্দুতে B বিন্দুর অবনতি কোণ $= \angle BAD = \angle DAC - \angle BAC$
$= 90° - 60° = 30°$

∴ A বিন্দুতে B বিন্দুর অবনতি কোণ 30°.

১৭. ভূমিতলের উপর লম্ব রেখাকে কী বলে? [কু. বো. '১৭]

ক ঊর্ধ্বরেখা খ অধঃরেখা
গ ভূ-রেখা ঘ শয়ন রেখা

▸▸ তথ্য/ব্যাখ্যা : আমরা জানি, ভূমিতলের উপর লম্ব রেখাই হলো ঊর্ধ্বরেখা।

১৮.



উপরের চিত্রে দেওয়ালটির উচ্চতা কত মিটার? [কু. বো. '১৬]

ক 6 খ $6\sqrt{2}$
গ $9\sqrt{2}$ ঘ $12\sqrt{2}$

▸▸ তথ্য ব্যাখ্যা : চিত্রে, AC = 12 মি.

আমরা জানি, $\sin\theta = \frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}}$

$\therefore \sin 45° = \frac{AB}{AC} = \frac{AB}{12}$

বা, $\frac{1}{\sqrt{2}} = \frac{AB}{12}$

বা, $AB = \frac{12}{\sqrt{2}} = \frac{6 \times \sqrt{2} \times \sqrt{2}}{\sqrt{2}} = 6\sqrt{2}$.

১৯.



AB এর দৈর্ঘ্য কত মিটার? [চ. বো. '১৭]

ক $8\sqrt{3}$ খ $5\sqrt{3}$
গ $5\sqrt{2}$ ঘ 5

▸▸ তথ্য/ব্যাখ্যা : চিত্র হতে, $\sin 60° = \frac{AB}{AC}$

বা, $\frac{\sqrt{3}}{2} = \frac{AB}{10}$ $\therefore AB = \frac{\sqrt{3}}{2} \times 10 = 5\sqrt{3}$ মি.।

উত্তরের শুদ্ধতা/ নির্ভুলতা যাচাই করো

৯	ক	১০	খ	১১	গ	১২	খ	১৩	ক	১৪	খ	১৫	গ	১৬	ঘ	১৭	ক	১৮	খ	১৯	খ

www.abswer.com

www.abswer.com

২০. 

[চ. বো. '১৬]

খুঁটির ছায়ার দৈর্ঘ্য কত?

ⓚ $15\sqrt{3}$ মিটার ⓛ $10\sqrt{3}$ মিটার
ⓜ $\frac{15\sqrt{3}}{2}$ মিটার ⓝ $5\sqrt{3}$ মিটার

▸▸ তথ্য/ব্যাখ্যা : চিত্র হতে, $\tan 60° = \frac{15}{x}$

বা, $\sqrt{3} = \frac{15}{x}$

বা, $x = \frac{15}{\sqrt{3}} = \frac{5\times 3}{\sqrt{3}} = 5\sqrt{3}$.

২১. চিত্রে খুঁটির দৈর্ঘ্য কত মিটার? [চ. বো. '১৫]



ⓚ 5 ⓛ $\frac{10}{\sqrt{3}}$
ⓜ $5\sqrt{3}$ ⓝ $10\sqrt{3}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : চিত্রে খুঁটির দৈর্ঘ্য AC,
BC = 10 মিটার এবং $\angle ABC = 60°$

ABC সমকোণী ত্রিভুজে, $\tan \angle ABC = \frac{AC}{BC}$

বা, $\tan 60° = \frac{AC}{10}$ বা, $\sqrt{3} = \frac{AC}{10}$ বা, $AC = 10\sqrt{3}$.

∴ খুঁটির দৈর্ঘ্য $10\sqrt{3}$ মিটার।

২২. 

চিত্রে, QR = কত সে.মি.? [সি. বো. '১৭]

ⓚ 1 ⓛ $\sqrt{2}$
ⓜ $\sqrt{3}$ ⓝ 2

▸▸ তথ্য/ব্যাখ্যা : চিত্র হতে, $\tan 60° = \frac{QR}{PQ}$

বা, $\sqrt{3} = \frac{QR}{1}$ ∴ $QR = \sqrt{3}$ সে.মি.।

২৩. 

চিত্রে, QR = কত একক? [সি. বো. '১৭]

ⓚ 3 ⓛ 9
ⓜ 16 ⓝ 20

▸▸ তথ্য/ব্যাখ্যা : চিত্র হতে, $QR = \sqrt{PR^2 - PQ^2} = \sqrt{5^2 - 4^2} = 3$ একক।

২৪. 

চিত্রে, অবনতি কোণ $\angle CAD = 60°$ হলে $\angle BAC$ এর মান কোনটি? [দি. বো. '১৭]

ⓚ 30° ⓛ 45°
ⓜ 60° ⓝ 90°

▸▸ তথ্য/ব্যাখ্যা : চিত্র হতে, $\angle BAC + \angle CAD = 90°$

বা, $\angle BAC + 60° = 90°$ বা, $\angle BAC = 90° - 60° = 30°$.

২৫. ভূ-রেখার অপর নাম কী? [সি. বো. '১৬]

ⓚ বৃত্তাকার রেখা ⓛ সমান্তরাল রেখা
ⓜ শয়ন রেখা ⓝ বক্র রেখা

▸▸ তথ্য/ব্যাখ্যা : ভূ-রেখার অপর হলো শয়ন রেখা।

২৬. 

উপরের চিত্রে PQ এর দৈর্ঘ্য কত মিটার? [সি. বো. '১৬]

ⓚ 155.88 ⓛ 51.96
ⓜ 45 ⓝ 30

▸▸ তথ্য/ব্যাখ্যা : QR = 90 মি.;

$\tan 30° = \frac{PQ}{QR}$ বা, $\frac{1}{\sqrt{3}} = \frac{PQ}{90}$ বা, $PQ = \frac{90}{\sqrt{3}} = 51.96$ মিটার।

২৭. 18 মিটার লম্বা একটি মই একটি দেওয়ালের ছাদ বরাবর ঠেস দিয়ে ভূমির সঙ্গে 45° কোণ উৎপন্ন করে। দেওয়ালটির উচ্চতা নির্ণয় কর। [সি. বো. '১২]

ⓚ 11.528 মিটার (প্রায়) ⓛ 12.627 মিটার (প্রায়)
ⓜ 12.728 মিটার (প্রায়) ⓝ 13.728 মিটার (প্রায়)

▸▸ তথ্য/ব্যাখ্যা : মনে করি, দেওয়ালটির উচ্চতা AB = h মিটার।
মইটির দৈর্ঘ্য AC = 18 মিটার এবং ভূমির সাথে উৎপন্ন কোণ $\angle ACB = 45°$
ABC সমকোণী ত্রিভুজ হতে পাই,



$\sin \angle ACB = \frac{AB}{AC}$

বা, $\sin 45° = \frac{h}{18}$

বা, $\frac{1}{\sqrt{2}} = \frac{h}{18}\left[\because \sin 45° = \frac{1}{\sqrt{2}}\right]$

বা, $\sqrt{2}h = 18$

বা, $h = \frac{18}{\sqrt{2}} = 12.728$ (প্রায়)

∴ দেওয়ালটির উচ্চতা 12.728 মিটার (প্রায়)।

২৮. ভূতল ও উল্লম্বতলের মধ্যবর্তী কোণ হলো— [ব. বো. '১৭]

ⓚ 0° ⓛ 360°
ⓜ 180° ⓝ 90°

২৯. 

চিত্রের আলোকে নিচের কোনটি সঠিক? [ব. বো. '১৬]

ⓚ C বিন্দুতে A বিন্দুর অবনতি কোণ $\angle ACB$
ⓛ A বিন্দুতে C বিন্দুর উন্নতি কোণ $\angle ACD$
ⓜ C বিন্দুতে A বিন্দুর অবনতি কোণ $\angle DCA$
ⓝ A বিন্দুতে C বিন্দুর অবনতি কোণ $\angle ACB$

▸▸ তথ্য/ব্যাখ্যা :



৩০. ΔABC এর উচ্চতা ও ভূমির অনুপাত কোনটি? [দি. বো. '১৬]



ⓚ $\frac{2}{5}$ ⓛ $\frac{1}{2}$
ⓜ $\frac{4}{5}$ ⓝ $\frac{5}{4}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : $\frac{\text{উচ্চতা}}{\text{ভূমি}} = \frac{4\text{ cm}}{10\text{ cm}} = \frac{2}{5}$.

উত্তরের শুদ্ধতা/নির্ভুলতা যাচাই করো

২০	ⓝ	২১	ⓝ	২২	ⓜ	২৩	ⓚ	২৪	ⓚ	২৫	ⓜ	২৬	ⓛ	২৭	ⓜ	২৮	ⓝ	২৯	ⓜ	৩০	ⓚ

www.abswer.com

www.abswer.com

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

৩১. সমকোণী ত্রিভুজের 30° কোণ অঙ্কনের ক্ষেত্রে–
i. ভূমি > লম্ব
ii. লম্ব = ভূমি
iii. ভূমি < অতিভুজ
নিচের কোনটি সঠিক? [য. বো. '২০]
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন



উপরের তথ্যের আলোকে ৩২ ও ৩৩ নং প্রশ্নের উত্তর দাও : [ব. বো. '২০]

৩২. AC এর দৈর্ঘ্য কত মিটার?
(ক) 9 মিটার (খ) $9\sqrt{3}$ মিটার
(গ) $12\sqrt{3}$ মিটার (ঘ) 36 মিটার

▸▸ তথ্য/ব্যাখ্যা :

Δ ABC-এ $\cos 60° = \frac{BC}{AC}$

বা, $\frac{1}{2} = \frac{18}{AC}$

$\therefore$ AC = 36 মিটার।



৩৩. AD এর দৈর্ঘ্য কত মিটার?
(ক) $36\sqrt{3}$ মিটার (খ) 36 মিটার
(গ) $12\sqrt{3}$ মিটার (ঘ) 12 মিটার

▸▸ তথ্য/ব্যাখ্যা : Δ ABC-এ

$\tan 60° = \frac{AB}{BC}$

বা, $\sqrt{3} = \frac{AB}{18}$

$\therefore AB = 18\sqrt{3}$

আবার, Δ ABD-এ,

$\sin 30° = \frac{AB}{AD}$

বা, $\frac{1}{2} = \frac{18\sqrt{3}}{AD}$

$\therefore AD = 36\sqrt{3}$ মিটার।

নিচের উদ্দীপক হতে ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও : [ঢা. বো. '১৯]



৩৪. ∠ACB কোণের মান কত?
(ক) 15° (খ) 30°
(গ) 45° (ঘ) 60°

▸▸ তথ্য/ব্যাখ্যা : Δ ABC-এ ∠B = 90°

$\therefore \angle A + \angle C = 90°$

বা, $2x + x = 90°$

$\therefore x = 30°$

$\therefore \angle ACB = 30°$.



৩৫. BC = কত?
(ক) $2\sqrt{2}$ সে.মি. (খ) $2\sqrt{3}$ সে.মি.
(গ) $4\sqrt{2}$ সে.মি. (ঘ) $4\sqrt{3}$ সে.মি.

▸▸ তথ্য/ব্যাখ্যা : Δ ABC-এ

$\tan \angle ACB = \frac{AB}{BC}$

বা, $\tan 30° = \frac{4}{BC}$ বা, $\frac{1}{\sqrt{3}} = \frac{4}{BC}$ $\therefore BC = 4\sqrt{3}$ সে.মি.।

নিচের তথ্য থেকে ৩৬ ও ৩৭নং প্রশ্নের উত্তর দাও : [সি. বো. '১৯]



৩৬. যদি AD = 30 মি. এবং ∠ACD = 45° হয় তবে CD = কত?
(ক) $10\sqrt{3}$ মি. (খ) 30 মি.
(গ) $30\sqrt{3}$ মি. (ঘ) 60 মি.

▸▸ তথ্য/ব্যাখ্যা : Δ ACD-এ,
∠ACD = 45°
AD = 30 মি.



$\therefore \tan \angle ACD = \frac{AD}{CD}$

বা, $\tan 45° = \frac{30}{CD}$ বা, $1 = \frac{30}{CD}$ $\therefore$ CD = 30 মি.।

৩৭. AD = 7 মি., CD = 12 মি. এবং AB = 25 মি. হলে BC = কত?
(ক) 24 মি. (খ) 19 মি.
(গ) 12 মি. (ঘ) 6 মি.

▸▸ তথ্য/ব্যাখ্যা : ধরি, BC = x মি.

$\therefore$ BD = (x + 12) মি. [$\because$ CD = 12 মি.]

এখন, Δ ABD-এ, ∠D = 90°

$\therefore AB^2 = AD^2 + BD^2$

বা, $(25)^2 = 7^2 + (x+12)^2$ [$\because$ AB = 25, AD = 7]

বা, $625 = 49 + (x+12)^2$ বা, $625 - 49 = (x+12)^2$

বা, $(x+12)^2 = 576$ বা, $x + 12 = \sqrt{576}$ বা, $x + 12 = 24$

বা, $x = 24 - 12 = 12$ মিটার।

নিচের তথ্যের আলোকে ৩৮ ও ৩৯ নং প্রশ্নের উত্তর দাও :



৩৮. কোনটি সঠিক? [ঢা. বো. '১৫]
(ক) A বিন্দুতে B বিন্দুর অবনতি কোণ 60°
(খ) C বিন্দুতে A বিন্দুর উন্নতি কোণ 30°
(গ) A বিন্দুতে C বিন্দুর অবনিত কোণ 60°
(ঘ) A বিন্দুতে C বিন্দুর অবনতি কোণ 30°

৩৯. BC এর দৈর্ঘ্য– [ঢা. বো. '১৫]
(ক) 14 cm (খ) $\frac{7\sqrt{3}}{2}$ cm
(গ) $\frac{14}{\sqrt{3}}$ cm (ঘ) $\frac{7}{2}$ cm

▸▸ তথ্য/ব্যাখ্যা : এখানে, AC = 7 cm

∠BAC = 90° − 60° = 30°

এখন, ABC সমকোণী ত্রিভুজে, $\sin \angle BAC = \frac{BC}{AC}$

বা, $\sin 30° = \frac{BC}{7}$ বা, $\frac{1}{2} = \frac{BC}{7}$ বা, 2BC = 7 বা, $BC = \frac{7}{2}$

$\therefore$ BC এর দৈর্ঘ্য $\frac{7}{2}$ cm.

নিচের চিত্রের আলোকে ৪০ ও ৪১ নং প্রশ্নের উত্তর দাও : [রা. বো. '১৬]



৪০. BC এর দৈর্ঘ্য কোনটি?
(ক) $\frac{4}{\sqrt{3}}$ একক (খ) 4 একক
(গ) $4\sqrt{2}$ একক (ঘ) $4\sqrt{3}$ একক

▸▸ তথ্য/ব্যাখ্যা : চিত্র হতে, $\cos 60° = \frac{BC}{8}$ বা, $\frac{1}{2} = \frac{BC}{8}$ $\therefore BC = \frac{8}{2} = 4$.

উত্তরের শুদ্ধতা/নির্ভুলতা যাচাই করো

৩১	খ	৩২	ঘ	৩৩	ক	৩৪	খ	৩৫	ঘ	৩৬	খ	৩৭	গ	৩৮	গ	৩৯	ঘ	৪০	খ

www.abswer.com

www.abswer.com

৪১. Δ ABC এর ক্ষেত্রফল কত বর্গ একক?
ক $8\sqrt{3}$ খ $4\sqrt{3}$
গ 4 ঘ $\frac{4}{\sqrt{3}}$

▶▶ তথ্য/ব্যাখ্যা : চিত্র হতে, $\sin 60° = \frac{AB}{8}$

বা, $\frac{\sqrt{3}}{2} = \frac{AB}{8}$ বা, $AB = \frac{8 \times \sqrt{3}}{2} = 4\sqrt{3}$

∴ Δ ABC এর ক্ষেত্রফল $= \frac{1}{2} BC \times AB = \frac{1}{2} \times 4 \times 4\sqrt{3}$ বর্গ একক
$= 8\sqrt{3}$ বর্গ একক।

■ চিত্রের সাহায্যে ৪২ ও ৪৩নং প্রশ্নের উত্তর দাও :



৪২. অতিভুজের মান কত? [ব. বো. '১৫]
ক 40 সে. মি. খ 60 সে. মি.
গ 80 সে. মি. ঘ 100 সে. মি.

▶▶ তথ্য/ব্যাখ্যা : চিত্রে, ABC সমকোণী ত্রিভুজের অতিভুজ = AB, BC = 40 সে. মি. এবং ∠ABC = 60°
এখন, ABC সমকোণী ত্রিভুজ হতে পাই,

$\cos \angle ABC = \frac{BC}{AB}$

বা, $\cos 60° = \frac{40}{AB}$ বা, $\frac{1}{2} = \frac{40}{AB}$ বা, AB = 80

∴ অতিভুজের মান 80 সে.মি.।

৪৩. AC এর দৈর্ঘ্য কত? [ব. বো. '১৫]
ক 69.28 সে. মি. খ 57 সে. মি.
গ 40 সে. মি. ঘ 28 সে. মি.

▶▶ তথ্য/ব্যাখ্যা : ABC সমকোণী ত্রিভুজ হতে পাই,

$\tan \angle ABC = \frac{AC}{BC}$

বা, $\tan 60° = \frac{AC}{40}$ বা, $\sqrt{3} = \frac{AC}{40}$

বা, $AC = 40\sqrt{3} = 69.28$ সে. মি. (প্রায়)

∴ AC-এর দৈর্ঘ্য 69.28 সে. মি. (প্রায়)।

শীর্ষস্থানীয় স্কুলসমূহের টেস্ট পরীক্ষার বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর — বিষয়বস্তুর ধারায় প্রণীত

সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন

৪৪. সূর্যের উন্নতি কোণ 60° হলে কত মিটার উচ্চতায় খুঁটির ছায়ার দৈর্ঘ্য 10 মিটার হবে? [ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা]
ক 10 খ $10\sqrt{3}$
গ 20 ঘ $20\sqrt{3}$

▶▶ তথ্য/ব্যাখ্যা : $\tan 60° = \frac{h}{10}$

বা, $\sqrt{3} = \frac{h}{10}$ ∴ $h = 10\sqrt{3}$ মিটার।



৪৫. একটি খুঁটির দৈর্ঘ্য 20 মি.। এর ছায়ার দৈর্ঘ্য কত মিটার হলে, উন্নতি কোণ 45° হবে? [মাইলস্টোন কলেজ, ঢাকা]
ক 40 খ 20
গ 10 ঘ $20\sqrt{3}$

▶▶ তথ্য/ব্যাখ্যা : উন্নতি কোণ 45° হলে, খুঁটির দৈর্ঘ্য ও এর ছায়ার দৈর্ঘ্য সমান হয়।
অর্থাৎ, খুঁটির ছায়ার দৈর্ঘ্য = খুঁটির দৈর্ঘ্য = 20 মি.।

৪৬. 3 মিটার উঁচু একটি গাছের পাদবিন্দু হতে $\sqrt{3}$ মিটার দূরে ভূতলস্থ কোনো বিন্দুতে সূর্যের উন্নতি কোণ কত? [সরকারি বিজ্ঞান কলেজ সংযুক্ত হাইস্কুল, ঢাকা]
ক 90° খ 60°
গ 45° ঘ 30°

▶▶ তথ্য/ব্যাখ্যা : $\tan \angle ACB = \frac{AB}{BC}$

বা, $\tan \angle ACB = \frac{3}{\sqrt{3}}$ বা, $\tan \angle ACB = \sqrt{3}$

∴ ∠ACB = 60°.



৪৭.


চিত্রে AE || BC
AB বাহুর দৈর্ঘ্য কত মিটার? [শহীদ বীর উত্তম লেঃ আনোয়ার গার্লস কলেজ, ঢাকা]
ক 18 মি. খ $18\sqrt{3}$ মি.
গ 36 মি. ঘ $36\sqrt{3}$ মি.

▶▶ তথ্য/ব্যাখ্যা : $\sin 60° = \frac{AB}{AC}$

বা, $\frac{\sqrt{3}}{2} = \frac{AB}{36}$ বা, $2AB = 36\sqrt{3}$ বা, $AB = 18\sqrt{3}$ মিটার।

৪৮. 30° কোণ অঙ্কনের ক্ষেত্রে নিচের কোনটি সঠিক? [মাইলস্টোন কলেজ, ঢাকা]
ক ভূমি < লম্ব খ ভূমি > লম্ব
গ ভূমি = লম্ব ঘ ভূমি ≤ লম্ব

▶▶ তথ্য/ব্যাখ্যা : 30° কোণের সাপেক্ষে $\tan 30 = \frac{লম্ব}{ভূমি}$

বা, $\frac{1}{\sqrt{3}} = \frac{লম্ব}{ভূমি}$ বা, $\frac{ভূমি}{লম্ব} = \sqrt{3}$ ∴ $\frac{ভূমি}{লম্ব} > 1$ ∴ ভূমি > লম্ব।

৪৯. সূর্যের উন্নতি কোণ কত ডিগ্রি হলে একটি গাছের ছায়ার দৈর্ঘ্য উচ্চতার $\sqrt{3}$ গুণ হবে? [বগুড়া জিলা স্কুল, বগুড়া]
ক 0° খ 30°
গ 45° ঘ 60°

▶▶ তথ্য/ব্যাখ্যা : ধরি, গাছের দৈর্ঘ্য, AB = x
ছায়ার দৈর্ঘ্য, $BC = x\sqrt{3}$ এবং উন্নতি কোণ = θ

∴ $\tan\theta = \frac{x}{x\sqrt{3}} = \frac{1}{\sqrt{3}}$

বা, $\tan\theta = \tan 30°$ ∴ θ = 30°



৫০. একটি গাছের শীর্ষবিন্দু থেকে 20 মিটার দূরবর্তী কোনো স্থানের অবনতি কোণ 30° হলে গাছটির উচ্চতা কত? [সিলেট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়, সিলেট]
ক 20 মি. খ 10 মি.
গ $10\sqrt{3}$ মি. ঘ 15.72 মি.

▶▶ তথ্য/ব্যাখ্যা : এখানে, $\sin \angle ACB = \frac{AB}{BC}$

বা, $\sin 30° = \frac{h}{20}$ বা, $\frac{1}{2} = \frac{h}{20}$ বা, $h = \frac{20}{2} = 10$ মিটার।



৫১. একটি মিনারের পাদদেশ থেকে 15 মিটার দূরে ভূ-তলের কোনো বিন্দুতে মিনারের চূড়ায় উন্নতি কোণ 60° হলে মিনারের উচ্চতা কত? [বরিশাল জিলা স্কুল, বরিশাল]
ক $15\sqrt{3}$ খ $20\sqrt{3}$
গ $30\sqrt{3}$ ঘ $50\sqrt{3}$

▶▶ তথ্য/ব্যাখ্যা : মিনারের দৈর্ঘ্য, AB = h মিটার

∴ Δ ABC-এ, $\tan 60° = \frac{AB}{BC}$

বা, $\sqrt{3} = \frac{h}{15}$

∴ $h = 15\sqrt{3}m$

∴ মিনারের উচ্চতা $15\sqrt{3}$ মিটার।



উত্তরের শুদ্ধতা/নির্ভুলতা যাচাই করো

৪১	ক	৪২	গ	৪৩	ক	৪৪	খ	৪৫	খ	৪৬	খ	৪৭	খ	৪৮	খ	৪৯	খ	৫০	খ	৫১	ক

www.abswer.com

www.abswer.com

৫২. 15 মিটার একটি গাছের ছায়ার দৈর্ঘ্য $5\sqrt{3}$ মিটার হলে সূর্যের উন্নতি কোণ— [ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর]

ⓚ 30° ⓑ 45°
ⓖ 60° ⓓ 90°

▶▶ তথ্য/ব্যাখ্যা : $\tan\theta = \frac{AB}{BC}$



বা, $\tan\theta = \frac{15}{5\sqrt{3}} = \frac{3}{\sqrt{3}}$

বা, $\tan\theta = \sqrt{3}$

$\therefore\ \theta = 60°$

৫৩. একটি গাছের উচ্চতা 105 মিটার। গাছটির শীর্ষের উন্নতি কোণ 60° হলে, গাছটির গোড়া থেকে ভূতলস্থ বিন্দুর দূরত্ব কত মিটার? [রংপুর জিলা স্কুল, রংপুর]

ⓚ 59 ⓑ 60
ⓖ 61 ⓓ 62

▶▶ তথ্য/ব্যাখ্যা : $\tan 60° = \frac{AB}{BC} = \frac{105}{x}$



বা, $\sqrt{3} = \frac{105}{x}$

বা, $x = \frac{105}{\sqrt{3}} = 61$ মি.

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

৫৪. নিম্নের চিত্রে—



i. AB = 1.5 মিটার
ii. $AC = 1.5 \times \sqrt{3}$ মিটার
iii. ∠ABC = 60°

নিচের কোনটি সঠিক? [আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]

ⓚ i ও ii ⓑ ii ও iii ⓖ i ও iii ⓓ i, ii ও iii

৫৫. উলম্ব তল হচ্ছে— [কুষ্টিয়া জিলা স্কুল, কুষ্টিয়া]

i. পরস্পরচ্ছেদী ভূ-রেখা ও উর্ধ্বরেখার মধ্যস্থিত তল
ii. যেকোনো সমকোণী ত্রিভুজের মধ্যস্থিত তল
iii. সমান্তরাল সরল রেখার মধ্যস্থিত তল

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓑ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন

■ নিচের চিত্র হতে ৫৬ ও ৫৭ নং প্রশ্নের উত্তর দাও : [আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]



৫৬. গাছটির উচ্চতা AD = কত?

ⓚ 17.32 মি. ⓑ 34.614 মি.
ⓖ 17.61 মি. ⓓ 34.32 মি.

▶▶ তথ্য/ব্যাখ্যা : ABD সমকোণী ত্রিভুজে

$\tan\angle ABD = \frac{AD}{BD}$

বা, $\tan 60° = \frac{AD}{10}$ বা, $\sqrt{3} = \frac{AD}{10}$

$\therefore AD = 10\sqrt{3}$ মি. = 17.32 মি. (প্রায়)।

৫৭. গাছটির পাদবিন্দু D থেকে C এর দূরত্ব CD = কত?

ⓚ 28 মি. ⓑ 29 মি.
ⓖ 30 মি. ⓓ 30.75 মি.

▶▶ তথ্য/ব্যাখ্যা : ACD সমকোণী ত্রিভুজে,

$\tan\angle CAD = \frac{CD}{AD}$

বা, $\tan 60° = \frac{CD}{10\sqrt{3}}$ বা, $\sqrt{3} = \frac{CD}{10\sqrt{3}}$ $\therefore CD = 30$ মি.

■ 18 মি. লম্বা একটি মই দেওয়ালের ছাদ বরাবর ঠেস দিয়ে ভূমির সঙ্গে 30° কোণ উৎপন্ন করে।
উপরের তথ্যের আলোকে ৫৮ ও ৫৯ নং প্রশ্নের উত্তর দাও : [অগ্রণী স্কুল এন্ড কলেজ, আজিমপুর, ঢাকা]

৫৮. দেওয়ালটির উচ্চতা কত?

ⓚ 9 ⓑ 12.72
ⓖ 36 ⓓ 9.72

▶▶ তথ্য/ব্যাখ্যা : $\sin 30° = \frac{h}{18}$



বা, $\frac{1}{2} = \frac{h}{18}$ বা, h = 9 মি.।

৫৯. মইটির শীর্ষবিন্দুতে কত ডিগ্রি কোণ উৎপন্ন করে?

ⓚ 30° ⓑ 60°
ⓖ 45° ⓓ 90

মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর — বিষয়বস্তুর ধারায় প্রণীত

সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন

৬০.



উপরের চিত্রে ∠CAD = কত? (কঠিনমান)

ⓚ 30° ⓑ 40°
ⓖ 50° ⓓ 60°

▶▶ তথ্য/ব্যাখ্যা : ∠ADB = 90° − ∠BAD = 90° − 30° = 60°

∴ ∠ADC = 180° − ∠ADB = 180° − 60° = 120°

∴ ∠CAD = 180° − ∠ADC − ∠ACD
= 180° − 120° − 20° = 180° − 140° = 40°.

৬১.



চিত্রের আলোকে BC এর দৈর্ঘ্য কত? (কঠিনমান)

ⓚ $18\sqrt{2}$ m ⓑ 11.728 m
ⓖ 9.82 m ⓓ $9\sqrt{2}$ m

▶▶ তথ্য/ব্যাখ্যা : ABC সমকোণী ত্রিভুজে, $\cos\angle ACB = \frac{BC}{AC}$

বা, $\cos 45° = \frac{BC}{18}$

বা, $\frac{1}{\sqrt{2}} = \frac{BC}{18}$ বা, $\sqrt{2}BC = 18$ বা, $BC = \frac{18}{\sqrt{2}}$ $\therefore BC = 9\sqrt{2}$.

উত্তরের শুদ্ধতা/নির্ভুলতা যাচাই করো

৫২	গ	৫৩	গ	৫৪	ঘ	৫৫	ঘ	৫৬	ক	৫৭	গ	৫৮	ক	৫৯	খ	৬০	খ	৬১	ঘ

www.abswer.com

www.abswer.com

৬২. 

চিত্রে x এর মান কত? (কঠিনমান)

ক $\frac{\sqrt{3}}{60}$ মি. খ $\frac{20}{\sqrt{3}}$ মি.
গ $20\sqrt{3}$ মি. ঘ $60\sqrt{3}$ মি.

▶▶ তথ্য/ব্যাখ্যা : ABC সমকোণী ত্রিভুজে $\tan\angle BAC = \frac{BC}{AB}$

বা, $\tan 60° = \frac{60}{x}$

বা, $\sqrt{3} = \frac{60}{x}$ বা, $x = \frac{60}{\sqrt{3}}$ $\therefore x = 20\sqrt{3}$ মিটার

৬৩. গাছের উচ্চতা AC নিচের কোনটি? (কঠিনমান)



ক 10 মি. খ 30 মি.
গ 60 মি. ঘ 65 মি.

৬৪. হেলিকপ্টার থেকে 15 কি.মি. দূরবর্তী কোনো স্থানের অবনতি কোণ 30° হলে হেলিকপ্টারটি কত কি.মি. উচ্চতায় অবস্থিত? (মধ্যমান)

ক 5 খ 7·5
গ 8 ঘ 10

▶▶ তথ্য/ব্যাখ্যা : $\sin 30° = \frac{h}{15}$



বা, $\frac{1}{2} = \frac{h}{15}$ $\therefore h = \frac{15}{2} = 7.5$

∴ হেলিকপ্টারটি 7.5 মিটার উঁচুতে অবস্থিত।

৬৫. 

চিত্রে, AB = 105 মিটার, BC = x মিটার ∠ACB = 60° হলে x এর মান কত হবে? (মধ্যমান)

ক $30\sqrt{3}$ খ $32\sqrt{3}$
গ $35\sqrt{3}$ ঘ $38\sqrt{3}$

▶▶ তথ্য/ব্যাখ্যা : $\tan\angle ACB = \frac{AB}{BC}$

বা, $BC = \frac{AB}{\tan\angle ACB}$ বা, $x = \frac{105}{\tan 60°} = 35\sqrt{3}$.

৬৬. 

চিত্রে, ∠AOB = 30° এবং OA = 14 মিটার হলে AB এর মান নিচের কোনটি? (মধ্যমান)

ক $\frac{14\sqrt{3}}{3}$ খ $7\sqrt{3}$
গ $\frac{10\sqrt{3}}{3}$ ঘ $\frac{12\sqrt{3}}{4}$

▶▶ তথ্য/ব্যাখ্যা : $\tan 30° = \frac{AB}{OA}$

বা, $\frac{1}{\sqrt{3}} = \frac{AB}{14}$ $\therefore AB = \frac{14}{\sqrt{3}} = \frac{14\sqrt{3}}{\sqrt{3}\times\sqrt{3}} = \frac{14\sqrt{3}}{3}$.

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

৬৭. 

উপরের চিত্রে–
i. ∠DAB অবনতি কোণ
ii. ∠ABC উন্নতি কোণ
iii. ∠DAB = ∠ABC

নিচের কোনটি সঠিক? (মধ্যমান)

ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

৬৮. পাশের চিত্রে–



i. $BC = \frac{18}{\sqrt{2}}$
ii. AB = BC
iii. $AC^2 = AB^2 + BC^2$

নিচের কোনটি সঠিক? (মধ্যমান)

ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন

■ নিচের চিত্রের আলোকে ৬৯ – ৭১ নং প্রশ্নের উত্তর দাও :

যদি ঘরের উচ্চতা AB = h মিটার হয় তবে ঘরের শীর্ষ বিন্দু A থেকে 20 মিটার দূরে C বিন্দুর অবনতি কোণ ∠DAC = 30°



৬৯. ∠ACB = কত ডিগ্রি? (সহজমান)

ক 30° খ 45°
গ 60° ঘ 90°

▶▶ তথ্য/ব্যাখ্যা : ∠ACB = ∠CAD = 30°.

৭০. ঘরটির উচ্চতা কত মিটার? (মধ্যমান)

ক $5\sqrt{2}$ খ $5\sqrt{3}$
গ 10 ঘ $10\sqrt{3}$

▶▶ তথ্য/ব্যাখ্যা : $\sin\angle ACB = \frac{h}{AC}$

বা, $\sin 30° = \frac{h}{20}$ বা, $\frac{1}{2} = \frac{h}{20}$ $\therefore h = 10$ মিটার।

৭১. BC এর দৈর্ঘ্য কত? (কঠিনমান)

ক 15 খ 17.32
গ 18.50 ঘ 20

▶▶ তথ্য/ব্যাখ্যা : $\tan\angle ACB = \frac{h}{BC}$

বা, $\tan 30° = \frac{10}{BC}$ বা, $\frac{1}{\sqrt{3}} = \frac{10}{BC}$ $\therefore BC = 10\sqrt{3} = 17.32$ মিটার।

■ নিচের চিত্রের আলোকে ৭২ ও ৭৩ নং প্রশ্নের উত্তর দাও :



৭২. tan y এর মান কত? (কঠিনমান)

ক $\frac{17}{15}$ খ $\frac{13}{15}$
গ $\frac{15}{17}$ ঘ $\frac{8}{15}$

▶▶ তথ্য/ব্যাখ্যা : $\tan y = \frac{\text{লম্ব}}{\text{ভূমি}} = \frac{8}{15}$.

৭৩. sec y এর মান কত? (সহজমান)

ক $\frac{15}{17}$ খ $\frac{17}{15}$
গ $\frac{5}{15}$ ঘ $\frac{15}{5}$

উত্তরের শুদ্ধতা/নির্ভুলতা যাচাই করো

৬২	গ	৬৩	গ	৬৪	খ	৬৫	গ	৬৬	ক	৬৭	ঘ	৬৮	ঘ	৬৯	ক	৭০	গ	৭১	খ	৭২	ঘ	৭৩	খ

www.abswer.com

www.abswer.com

সৃজনশীল অংশ CREATIVE SECTION

প্রিয় শিক্ষার্থী, সৃজনশীল অংশে তোমাদের সেরা প্রস্তুতির জন্য এসএসসি পরীক্ষার প্রশ্ন ও সমাধানের পাশাপাশি সেরা স্কুলের টেস্ট পরীক্ষার প্রশ্ন, মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত প্রশ্ন, অনুশীলনমূলক কাজ নির্ভর এবং সমন্বিত অধ্যায়ের প্রশ্ন ও সমাধান সংযোজন করা হয়েছে।

সকল বোর্ডের এসএসসি পরীক্ষার সৃজনশীল প্রশ্ন ও সমাধান | নতুন পাঠ্যবইয়ের আলোকে সমাধানকৃত

প্রশ্ন ১ ▶ ঢাকা বোর্ড ২০২০

একটি গাছ AB ঝড়ে O বিন্দুতে ভেঙ্গে সম্পূর্ণ বিচ্ছিন্ন না হয়ে ভাঙ্গা অংশ ভূমির সাথে θ কোণ উৎপন্ন করে ভূমিকে D বিন্দুতে স্পর্শ করে।

ক. কোনো ত্রিভুজের দুই বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 7 সে. মি. ও 12 সে. মি. এবং এদের অন্তর্ভুক্ত কোণ 30°. ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর। ২

খ. দেখাও যে, $\left(\frac{DO}{BO}-\frac{BD}{BO}\right)^2=\frac{1-\cos\theta}{1+\cos\theta}$ ৪

গ. $BD = 10\sqrt{3}$ মিটার এবং θ = 30° হলে সম্পূর্ণ গাছটির দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

১নং প্রশ্নের সমাধান

ক এখানে, ত্রিভুজের বাহুদ্বয় যথাক্রমে a = 7 সে.মি. ও b = 12 সে.মি. এবং এদের অন্তর্ভুক্ত কোণ, θ = 30°

ত্রিভুজটির ক্ষেত্রফল $=\frac{1}{2}ab\sin\theta$ বর্গ একক

$=\frac{1}{2}\times 7\times 12\times\sin 30°$ বর্গ সে.মি.

$=\frac{1}{2}\times 7\times 12\times\frac{1}{2}$ বর্গ সে.মি.

= 21 বর্গ সে.মি.

নির্ণেয় ত্রিভুজটির ক্ষেত্রফল 21 বর্গ সে.মি.।

খ এখানে, AB গাছ ঝড়ে O বিন্দুতে ভেঙে সম্পূর্ণ বিচ্ছিন্ন না হয়ে ভাঙা অংশ ভূমির সাথে ∠ODB = θ কোণ উৎপন্ন করে ভূমিকে D বিন্দুতে ছেদ করে।



BOD সমকোণী ত্রিভুজে,

$\frac{DO}{BO}=\operatorname{cosec}\theta$ এবং $\frac{BD}{BO}=\cot\theta$

বামপক্ষ $=\left(\frac{DO}{BO}-\frac{BD}{BO}\right)^2$

$=(\operatorname{cosec}\theta-\cot\theta)^2$

$=\left(\frac{1}{\sin\theta}-\frac{\cos\theta}{\sin\theta}\right)^2$

$=\left(\frac{1-\cos\theta}{\sin\theta}\right)^2$

$=\frac{(1-\cos\theta)^2}{\sin^2\theta}$

$=\frac{(1-\cos\theta)^2}{1-\cos^2\theta}$ [∵ $\sin^2\theta=1-\cos^2\theta$]

$=\frac{(1-\cos\theta)(1-\cos\theta)}{(1+\cos\theta)(1-\cos\theta)}$

$=\frac{1-\cos\theta}{1+\cos\theta}$ = ডানপক্ষ

∴ $\left(\frac{DO}{BO}-\frac{BD}{BO}\right)^2=\frac{1-\cos\theta}{1+\cos\theta}$ (দেখানো হলো)

গ এখানে, গাছ AB = AO + BO,

AO = DO,

$BD = 10\sqrt{3}$ মিটার

এবং ∠ODB = θ = 30°



BOD সমকোণী ত্রিভুজে,

$\tan\angle ODB=\frac{BO}{BD}$

বা, $\tan 30°=\frac{BO}{10\sqrt{3}}$

বা, $\frac{1}{\sqrt{3}}=\frac{BO}{10\sqrt{3}}$ [∵ $\tan 30°=\frac{1}{\sqrt{3}}$]

বা, $\sqrt{3}\,BO=10\sqrt{3}$

বা, $BO=\frac{10\sqrt{3}}{\sqrt{3}}$

∴ BO = 10

আবার, BOD সমকোণী ত্রিভুজে,

$\cos\angle ODB=\frac{BD}{DO}$

বা, $\cos 30°=\frac{10\sqrt{3}}{DO}$

বা, $\frac{\sqrt{3}}{2}=\frac{10\sqrt{3}}{DO}$ [∵ $\cos 30°=\frac{\sqrt{3}}{2}$]

বা, $\sqrt{3}\,DO=20\sqrt{3}$

বা, $DO=\frac{20\sqrt{3}}{\sqrt{3}}=20$

∴ AO = DO = 20 মিটার

সম্পূর্ণ গাছের দৈর্ঘ্য = AO + BO = (20 + 10) মিটার = 30 মিটার

নির্ণেয় সম্পূর্ণ গাছটির দৈর্ঘ্য 30 মিটার।

প্রশ্ন ২ ▶ রাজশাহী বোর্ড ২০২০

কোনো স্থান থেকে 80 মিটার দীর্ঘ একটি গাছের দিকে x মিটার এগিয়ে আসলে গাছের শীর্ষের উন্নতি কোণ 30° থেকে 45° হয়। গাছটি ঝড়ে এমনভাবে ভেঙ্গে গেল যে, তার অবিচ্ছিন্ন ভাঙ্গা অংশ দণ্ডায়মান অংশের সাথে 30° কোণ উৎপন্ন করে গাছের গোড়া থেকে 20 মিটার দূরে মাটি স্পর্শ করে।

ক. দেখাও যে, $\cot\theta\sqrt{1-\cos^2\theta}=\cos\theta$. ২

খ. x এর মান নির্ণয় কর। ৪

গ. গাছটির ভাঙ্গা অংশের দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

২নং প্রশ্নের সমাধান

ক বামপক্ষ $=\cot\theta\sqrt{1-\cos^2\theta}$

$=\cot\theta\sqrt{\sin^2\theta}$ [∵ $1-\cos^2\theta=\sin^2\theta$]

$=\frac{\cos\theta}{\sin\theta}\times\sin\theta$ [∵ $\cot\theta=\frac{\cos\theta}{\sin\theta}$]

$=\cos\theta$ = ডানপক্ষ

∴ $\cot\theta\sqrt{1-\cos^2\theta}=\cos\theta$. (দেখানো হলো)

www.abswer.com

www.abswer.com

খ এখানে, সম্পূর্ণ গাছের দৈর্ঘ্য AB = 80 মিটার।



C বিন্দু হতে AB গাছের দিকে CD = x মিটার এগিয়ে আসলে গাছের শীর্ষের উন্নতি কোণ $\angle ACB = 30°$ থেকে $\angle ADB = 45°$ হয়।

$BC = CD + BD = x + BD$

ADB সমকোণী ত্রিভুজে,

$\tan \angle ADB = \frac{AB}{BD}$

বা, $\tan 45° = \frac{80}{BD}$

বা, $1 = \frac{80}{BD}$ [$\because \tan 45° = 1$]

$\therefore$ $BD = 80$

আবার, ABC সমকোণী ত্রিভুজে,

$\tan \angle ACB = \frac{AB}{BC}$

বা, $\tan 30° = \frac{80}{x + BD}$

বা, $\frac{1}{\sqrt{3}} = \frac{80}{x + 80}$ [$\because \tan 30° = \frac{1}{\sqrt{3}}$]

বা, $x + 80 = 80\sqrt{3}$

বা, $x = 80\sqrt{3} - 80$

বা, $x = 138.56406 - 80$

$\therefore$ $x = 58.564$ (প্রায়)

নির্ণেয় x এর মান 58.564 মিটার (প্রায়)।

গ এখানে, সম্পূর্ণ গাছের দৈর্ঘ্য AB = 80 মিটার। গাছটি ঝড়ে BE = y মিটার উচ্চতায় ভেঙ্গে গিয়ে বিচ্ছিন্ন না হয়ে অবিচ্ছিন্ন ভাঙ্গা অংশ দণ্ডায়মান অংশের সাথে $\angle BEF = 30°$ কোণ উৎপন্ন করে গাছের গোড়া থেকে BF = 20 মিটার দূরে মাটি স্পর্শ করে।



$EF = AE = AB - BE = (80 - y)$ মিটার।

এখানে, BEF সমকোণী ত্রিভুজে,

$\cos \angle BEF = \frac{BE}{EF}$

বা, $\cos 30° = \frac{y}{80 - y}$

বা, $\frac{\sqrt{3}}{2} = \frac{y}{80 - y}$

বা, $2y = 80\sqrt{3} - \sqrt{3}y$

বা, $2y + \sqrt{3}y = 80\sqrt{3}$

বা, $y(2 + \sqrt{3}) = 80\sqrt{3}$

বা, $y = \frac{80\sqrt{3}}{2 + \sqrt{3}}$

$\therefore$ $y = 37{\cdot}1281$ (প্রায়)

গাছটির ভাঙ্গা অংশের দৈর্ঘ্য $EF = (80 - y)$ মিটার

$= (80 - 37{\cdot}1281)$ মিটার

$= 42{\cdot}872$ মিটার (প্রায়)

লক্ষ করি :

(i) পিথাগোরাসের উপপাদ্য হতে আমরা জানি, সমকোণী ত্রিভুজের অতিভুজের উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল অপর দুই বাহুর উপর অঙ্কিত বর্গক্ষেত্রদ্বয়ের ক্ষেত্রফলের সমষ্টির সমান। এক্ষেত্রে BEF সমকোণী ত্রিভুজে পিথাগোরাসের উপপাদ্য অনুযায়ী $BE^2 + BF^2 = EF^2$ কে সমর্থন করে না।

(ii) অনুরূপভাবে, BEF সমকোণী ত্রিভুজে $\tan \angle BEF = \frac{BF}{BE}$ সম্পর্ক হতে পাওয়া যায়, $BE = y = 20\sqrt{3}$ মিটার এবং গাছটির ভাঙ্গা অংশের দৈর্ঘ্য $EF = 80 - y = 45{\cdot}359$ মিটার (প্রায়)। এক্ষেত্রেও BEF সমকোণী ত্রিভুজে, পিথাগোরাসের উপপাদ্য অনুযায়ী $BE^2 + BF^2 = EF^2$ কে সমর্থন করে না।

(iii) অনুরূপভাবে, BEF সমকোণী ত্রিভুজে $\sin \angle BEF = \frac{BF}{EF}$ সম্পর্ক হতে পাওয়া যায়, BE = y = 40 মিটার এবং গাছটির ভাঙ্গা অংশের দৈর্ঘ্য $EF = 80 - y = 80 - 40 = 40$ মিটার। আমরা জানি, সমকোণী ত্রিভুজে বৃহত্তম বাহু হচ্ছে অতিভুজ। এক্ষেত্রে BEF সমকোণী ত্রিভুজের অতিভুজ EF = 40 মিটার। তাই BEF সমকোণী ত্রিভুজে EF = BE = 40 মিটার হতে পারে না। আবার, এক্ষেত্রেও BEF সমকোণী ত্রিভুজে পিথাগোরাসের উপপাদ্য অনুযায়ী $BE^2 + BF^2 = EF^2$ কে সমর্থন করে না। অর্থাৎ প্রশ্নে প্রদত্ত তথ্য অনুযায়ী অসঙ্গতিপূর্ণ সমাধান পাওয়া যায়।

[(iv) অবিচ্ছিন্ন ভাঙা অংশ দণ্ডায়মান অংশের সাথে 30° কোণ উৎপন্ন করলে গাছের গোড়া থেকে 21.436 মিটার দূরে মাটি স্পর্শ করবে। তাই 20 মিটার এর পরিবর্তে 21.436 মিটার বিবেচনা করলে সঙ্গতিপূর্ণ সমাধান পাওয়া যাবে। নিচে 20 মিটার এর পরিবর্তে 21.436 মিটার ধরে নমুনা সমাধান দেওয়া হলো]

এখানে, সম্পূর্ণ গাছের দৈর্ঘ্য AB = 80 মিটার। গাছটি ঝড়ে BE = y মিটার উচ্চতায় ভেঙে গিয়ে সম্পূর্ণ বিচ্ছিন্ন না হয়ে অবিচ্ছিন্ন ভাঙা অংশ দণ্ডায়মান অংশের সাথে $\angle BEF = 30°$ কোণ উৎপন্ন করে গাছের গোড়া থেকে BF = 21.436 মিটার দূরে মাটি স্পর্শ করে।



$EF = AE = AB - BE$

$= (80 - y)$ মিটার

এখন, BEF সমকোণী ত্রিভুজে $\tan \angle BEF = \frac{BF}{BE}$

বা, $\tan 30° = \frac{21.436}{y}$

বা, $\frac{1}{\sqrt{3}} = \frac{21.436}{y}$

বা, $y = 21.436 \times \sqrt{3}$

$\therefore$ $y = 37.12824$ (প্রায়)

গাছটির ভাঙা অংশের দৈর্ঘ্য $AE = (80 - y)$ মিটার

$= (80 - 37.12824)$ মিটার

$= 42.872$ মিটার (প্রায়)

নির্ণেয় গাছটির ভাঙা অংশের দৈর্ঘ্য 42.872 মিটার (প্রায়)

www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ৩ ▶ যশোর বোর্ড ২০২০



চিত্র-১ : MN = 1 কি. মি.



চিত্র-২

ক. $\text{cosec}(90° - \theta) = \frac{13}{12}$ হলে, $\sin\theta + \cos\theta$ এর মান নির্ণয় কর। ২

খ. চিত্র-১ হতে OD এর মান নির্ণয় কর। ৪

গ. চিত্র-২ হতে x এর মান নির্ণয় কর। ৪

৩নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $\text{cosec}(90° - \theta) = \frac{13}{12}$

বা, $\sec\theta = \frac{13}{12}$ [$\because \text{cosec}(90° - \theta) = \sec\theta$]

বা, $\frac{1}{\cos\theta} = \frac{13}{12}$ [$\because \sec\theta = \frac{1}{\cos\theta}$]

$\therefore \cos\theta = \frac{12}{13}$

প্রদত্ত রাশি $= \sin\theta + \cos\theta$

$= \sqrt{1 - \cos^2\theta} + \cos\theta$ [$\because \sin\theta = \sqrt{1 - \cos^2\theta}$]

$= \sqrt{1 - \left(\frac{12}{13}\right)^2} + \frac{12}{13}$

$= \sqrt{1 - \frac{144}{169}} + \frac{12}{13}$

$= \sqrt{\frac{169 - 144}{169}} + \frac{12}{13}$

$= \sqrt{\frac{25}{169}} + \frac{12}{13}$

$= \frac{5}{13} + \frac{12}{13}$

$= \frac{5 + 12}{13} = \frac{17}{13}$

নির্ণেয় মান : $\frac{17}{13}$

▶ বিকল্প পদ্ধতি

এখানে, $\text{cosec}(90° - \theta) = \frac{13}{12} = \frac{XZ}{YZ}$

$\therefore XZ = 13, YZ = 12$

$XY = \sqrt{(XZ)^2 - (YZ)^2}$

$= \sqrt{(13)^2 - (12)^2}$

$= \sqrt{169 - 144}$

$= \sqrt{25}$

$= 5$



প্রদত্ত রাশি $= \sin\theta + \cos\theta$

$= \frac{XY}{XZ} + \frac{YZ}{XZ}$

$= \frac{5}{13} + \frac{12}{13} = \frac{5 + 12}{13} = \frac{17}{13}$

নির্ণেয় মান : $\frac{17}{13}$

খ



এখানে, $\angle OMD = \angle GOM = 60°$,

$\angle OND = \angle HON = 30°$,

MN = 1 কি.মি. = 1000 মিটার।

ধরি, MD = y মিটার

$\therefore$ MD = MN – MD

= (1000 – y) মিটার

DOM সমকোণী ত্রিভুজে

$\tan\angle OMD = \frac{OD}{MD}$

বা, $\tan 60° = \frac{OD}{y}$

বা, $\sqrt{3} = \frac{OD}{y}$

$\therefore y = \frac{OD}{\sqrt{3}}$

আবার, DON সমকোণী ত্রিভুজে,

$\tan\angle OND = \frac{OD}{ND}$

বা, $\tan 30° = \frac{OD}{1000 - y}$

বা, $\frac{1}{\sqrt{3}} = \frac{OD}{1000 - y}$

বা, $\sqrt{3}\,OD = 1000 - y$

বা, $\sqrt{3}\,OD = 1000 - \frac{OD}{\sqrt{3}}$

বা, $\sqrt{3}\,OD = \frac{1000\sqrt{3} - OD}{\sqrt{3}}$

বা, $3\,OD = 1000\sqrt{3} - OD$

বা, $3\,OD + OD = 1000\sqrt{3}$

বা, $4\,OD = 1000\sqrt{3}$

বা, $OD = \frac{1000\sqrt{3}}{4}$

$= 250\sqrt{3}$

$= 433.013$ (প্রায়)

নির্ণেয় OD এর মান 433.013 মিটার (প্রায়)।

গ এখানে, $\angle QRS = 30°$,

QS = x,

PQ = 72 মিটার

RS = PR = PQ – QR

= (72 – QR) মিটার



QRS সমকোণী ত্রিভুজে

$\cos\angle QRS = \frac{QR}{RS}$

বা, $\cos 30° = \frac{QR}{72 - QR}$

বা, $\frac{\sqrt{3}}{2} = \frac{QR}{72 - QR}$

বা, $2QR = 72\sqrt{3} - \sqrt{3}\,QR$

বা, $2QR + \sqrt{3}\,QR = 72\sqrt{3}$

বা, $(2 + \sqrt{3})\,QR = 72\sqrt{3}$

বা, $QR = \frac{72\sqrt{3}}{2 + \sqrt{3}}$

$\therefore QR = 33.4153$ (প্রায়)

আবার, QRS সমকোণী ত্রিভুজে,

$\tan\angle QRS = \frac{QS}{QR}$

বা, $\tan 30° = \frac{x}{33.4153}$

বা, $\frac{1}{\sqrt{3}} = \frac{x}{33.4153}$

বা, $\sqrt{3}\,x = 33.4153$

বা, $x = \frac{33.4153}{\sqrt{3}}$

$\therefore x = 19.292$ (প্রায়)

নির্ণেয় x এর মান 19.292 মিটার (প্রায়)।

www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ৪ ▸ কুমিল্লা বোর্ড ২০২০



চিত্র-১



চিত্র-২

ক. $\sin 3\theta = \cos 3\theta$ হলে θ এর মান নির্ণয় কর। ২

খ. চিত্র-১ হতে AB বাহুর দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

গ. চিত্র-২ হতে গাঢ় অংশের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

৪নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $\sin 3\theta = \cos 3\theta$

বা, $\frac{\sin 3\theta}{\cos 3\theta} = 1$

বা, $\tan 3\theta = 1$

বা, $\tan 3\theta = \tan 45°$ $[\because \tan 45° = 1]$

বা, $3\theta = 45°$

বা, $\theta = \frac{45°}{3} = 15°$

নির্ণেয় θ এর মান $15°$.

খ এখানে, $\angle ACB = 60°$

$\angle ADB = 30°$

$CD = 50$ মিটার

এবং $BD = BC + CD$

$= BC + 50$ মিটার



এখন, ABD সমকোণী ত্রিভুজে,

$\tan \angle ADB = \frac{AB}{BD}$

বা, $\tan 30° = \frac{AB}{BC + 50}$

বা, $\frac{1}{\sqrt{3}} = \frac{AB}{BC + 50}$

বা, $BC + 50 = \sqrt{3}\, AB$

$\therefore$ $BC = \sqrt{3}\, AB - 50$

আবার, ABC সমকোণী ত্রিভুজে,

$\tan \angle ACB = \frac{AB}{BC}$

বা, $\tan 60° = \frac{AB}{\sqrt{3}\, AB - 50}$

বা, $\sqrt{3} = \frac{AB}{\sqrt{3}\, AB - 50}$

বা, $3AB - 50\sqrt{3} = AB$

বা, $3AB - AB = 50\sqrt{3}$

বা, $2AB = 50\sqrt{3}$

বা, $AB = \frac{50\sqrt{3}}{2}$

$= 25\sqrt{3}$

$= 43.301$ (প্রায়)

নির্ণেয় AB বাহুর দৈর্ঘ্য 43.301 মিটার (প্রায়)।

গ এখানে, $AB = 8$ মিটার

এবং $BC = 12$ মিটার



ABC সমকোণী ত্রিভুজে

$AC = \sqrt{AB^2 + BC^2}$

$= \sqrt{(8)^2 + (12)^2}$

$= \sqrt{64 + 144}$

$= \sqrt{208} = 4\sqrt{13}$ মিটার

$\therefore$ O কেন্দ্রবিশিষ্ট ACD অর্ধবৃত্তের ব্যাসার্ধ,

$r = OA = OC = \frac{AC}{2} = \frac{4\sqrt{13}}{2} = 2\sqrt{13}$ মিটার

ABC সমকোণী ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ ভূমি $\times$ উচ্চতা

$= \frac{1}{2} \times BC \times AB$

$= \frac{1}{2} \times 12 \times 8$ বর্গমিটার

$= 48$ বর্গমিটার

ACD অর্ধবৃত্তের ক্ষেত্রফল $= \frac{1}{2}\pi r^2$

$= \frac{1}{2} \times 3.1416 \times (2\sqrt{13})^2$ বর্গমিটার

$= \frac{1}{2} \times 3.1416 \times 4 \times 13$ বর্গমিটার

$= 81.6816$ বর্গমিটার

গাঢ় অংশের ক্ষেত্রফল = ABC সমকোণী ত্রিভুজের ক্ষেত্রফল + ACD অর্ধবৃত্তের ক্ষেত্রফল

$= (48 + 81.6816)$ বর্গমিটার

$= 129.68$ বর্গমিটার (প্রায়)

নির্ণেয় গাঢ় অংশের ক্ষেত্রফল 129.68 বর্গমিটার (প্রায়)।

প্রশ্ন ৫ ▸ চট্টগ্রাম বোর্ড ২০২০

(i) $M = 1 + \cot A - \operatorname{cosec} A$ এবং $N = 1 + \tan A + \sec A$.

(ii) একটি 15 মিটার উঁচু দালানের শীর্ষবিন্দু হতে একটি বৈদ্যুতিক খুঁটির পাদবিন্দুর উন্নতি কোণ 60° এবং খুঁটিটির শীর্ষবিন্দুর উন্নতি কোণ 30°.

ক. $\cos B + \cos^2 B = 1$ হলে, $\sin^2 B + \sin^4 B$ এর মান নির্ণয় কর। ২

খ. প্রমাণ কর যে, $MN = 2$. ৪

গ. বৈদ্যুতিক খুঁটির উচ্চতা নির্ণয় কর। ৪

৫নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $\cos B + \cos^2 B = 1$

বা, $\cos B = 1 - \cos^2 B$

বা, $\cos B = \sin^2 B$ $[\because 1 - \cos^2 B = \sin^2 B]$

বা, $(\cos B)^2 = (\sin^2 B)^2$ [বর্গ করে]

বা, $\cos^2 B = \sin^4 B$

বা, $1 - \sin^2 B = \sin^4 B$ $[\because \cos^2 B = 1 - \sin^2 B]$

বা, $1 = \sin^2 B + \sin^4 B$

$\therefore$ $\sin^2 B + \sin^4 B = 1$

নির্ণেয় মান : 1.

খ দেওয়া আছে, $M = 1 + \cot A - \operatorname{cosec} A$

এবং $N = 1 + \tan A + \sec A$

বামপক্ষ = MN

$= (1 + \cot A - \operatorname{cosec} A)(1 + \tan A + \sec A)$

$= \left(1 + \frac{\cos A}{\sin A} - \frac{1}{\sin A}\right)\left(1 + \frac{\sin A}{\cos A} + \frac{1}{\cos A}\right)$

$= \frac{\sin A + \cos A - 1}{\sin A} \times \frac{\cos A + \sin A + 1}{\cos A}$

$= \frac{\{(\sin A + \cos A) - 1\}\{(\sin A + \cos A) + 1\}}{\sin A \cos A}$

$= \frac{(\sin A + \cos A)^2 - 1^2}{\sin A \cos A}$

$= \frac{\sin^2 A + \cos^2 A + 2\sin A \cos A - 1}{\sin A \cos A}$

$= \frac{1 + 2\sin A \cos A - 1}{\sin A \cos A}$ $[\because \sin^2 A + \cos^2 A = 1]$

$= \frac{2\sin A \cos A}{\sin A \cos A} = 2 =$ ডানপক্ষ

$\therefore$ $MN = 2$. (প্রমাণিত)

www.abswer.com

www.abswer.com

গ এখানে, দালানের উচ্চতা $AB = 15$ মিটার এবং বৈদ্যুতিক খুঁটির উচ্চতা CD। AB দালানের শীর্ষবিন্দু হতে CD বৈদ্যুতিক খুঁটির পাদবিন্দুর উন্নতি কোণ $\angle ADB = 60°$ এবং খুঁটিটির শীর্ষবিন্দুর উন্নতি কোণ $\angle ACE = 30°$।



$CE = BD$ এবং $CD = BE$

ABD সমকোণী ত্রিভুজে

$$\tan \angle ADB = \frac{AB}{BD}$$

বা, $\tan 60° = \frac{15}{BD}$

বা, $\sqrt{3} = \frac{15}{BD}$

বা, $\sqrt{3}\, BD = 15$

বা, $BD = \frac{15}{\sqrt{3}}$

$\therefore$ $BD = 5\sqrt{3}$

$\therefore$ $CE = BD = 5\sqrt{3}$ মিটার

আবার, ACE সমকোণী ত্রিভুজে

$$\tan \angle ACE = \frac{AE}{CE}$$

বা, $\tan 30° = \frac{AE}{5\sqrt{3}}$

বা, $\frac{1}{\sqrt{3}} = \frac{AE}{5\sqrt{3}}$

বা, $\sqrt{3}\, AE = 5\sqrt{3}$

বা, $AE = \frac{5\sqrt{3}}{\sqrt{3}}$

$\therefore$ $AE = 5$

বৈদ্যুতিক খুঁটির উচ্চতা $CD = BE$

$= AB - AE$

$= (15 - 5)$ মিটার $= 10$ মিটার

নির্ণেয় বৈদ্যুতিক খুঁটির উচ্চতা 10 মিটার।

প্রশ্ন ৬ ▶ সিলেট বোর্ড ২০২০

(i) $\cot\theta + \cos\theta = M$, $\cot\theta - \cos\theta = N$.

(ii) দুটি কিলোমিটার পোস্ট P ও Q এর মধ্যবর্তী কোনো স্থানের উপর S বিন্দুতে একটি বেলুন উড়ছে। ঐ বেলুন থেকে কিলোমিটার পোস্টদ্বয়ের অবনতি কোণ 60° ও 45°।

ক. $A = 60°$ হলে, $\sec^2 A + \tan^2 A$ এর মান নির্ণয় কর। ২

খ. প্রমাণ কর যে, $(M^2 - N^2)^2 = 16MN$. ৪

গ. মাটি থেকে বেলুনটির উচ্চতা নির্ণয় কর। ৪

৬নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $A = 60°$

প্রদত্ত রাশি $= \sec^2 A + \tan^2 A$

$= \sec^2 60° + \tan^2 60°$

$= (2)^2 + (\sqrt{3})^2 = 4 + 3 = 7$

নির্ণেয় মান 7.

খ দেওয়া আছে, $\cot\theta + \cos\theta = M$

এবং $\cot\theta - \cos\theta = N$

বামপক্ষ $= (M^2 - N^2)^2$

$= \{(\cot\theta + \cos\theta)^2 - (\cot\theta - \cos\theta)^2\}^2$

$= (4\cot\theta\cos\theta)^2$ $[\because (a+b)^2 - (a-b)^2 = 4ab]$

$= 16\cot^2\theta\cos^2\theta$

$= 16\cot^2\theta(1 - \sin^2\theta)$ $[\because \cos^2\theta = 1 - \sin^2\theta]$

$= 16(\cot^2\theta - \cot^2\theta\sin^2\theta)$

$= 16\left(\cot^2\theta - \frac{\cos^2\theta}{\sin^2\theta}.\sin^2\theta\right)$ $[\because \cot\theta = \frac{\cos\theta}{\sin\theta}]$

$= 16(\cot^2\theta - \cos^2\theta)$

$= 16(\cot\theta + \cos\theta)(\cot\theta - \cos\theta)$

$= 16\,MN$

$=$ ডানপক্ষ

$\therefore$ $(M^2 - N^2)^2 = 16\,MN$. (প্রমাণিত)

গ



এখানে, P ও Q পোস্টদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব $PQ = 1$ কিলোমিটার $= 1000$ মিটার

$\angle SPT = \angle PSP' = 60°$

এবং $\angle SQT = \angle QSQ' = 45°$

$PT = x$ মি.

$\therefore$ $QT = PQ - PT = (1000 - x)$ মিটার।

এখন, PST সমকোণী ত্রিভুজে,

$$\tan \angle SPT = \frac{ST}{PT}$$

বা, $\tan 60° = \frac{h}{x}$

বা, $\sqrt{3} = \frac{h}{x}$

বা, $h = \sqrt{3}x$ .... (1)

আবার, QST সমকোণী ত্রিভুজে,

$$\tan \angle SQT = \frac{ST}{QT}$$

বা, $\tan 45° = \frac{h}{1000 - x}$

বা, $1 = \frac{h}{1000 - x}$

বা, $h = 1000 - x$

বা, $x = 1000 - h$

(1) নং হতে পাই,

$h = \sqrt{3}(1000 - h)$

বা, $h = 1000\sqrt{3} - \sqrt{3}h$

বা, $h + \sqrt{3}h = 1000\sqrt{3}$

বা, $(1 + \sqrt{3})h = 1000\sqrt{3}$

$\therefore$ $h = \frac{1000\sqrt{3}}{1 + \sqrt{3}}$

$\therefore$ $h = 633.9746$. (প্রায়)

নির্ণেয় মাটি থেকে বেলুনটির উচ্চতা 633.9746 মিটার (প্রায়)।

প্রশ্ন ৭ ▶ বরিশাল বোর্ড ২০২০

(i) 86 মিটার লম্বা একটি গাছ ভেঙে দিয়ে সম্পূর্ণ বিচ্ছিন্ন না হয়ে ভূমির সাথে 30° কোণ উৎপন্ন করে ভূমি স্পর্শ করে।

(ii) ভূতলস্থ কোনো স্থানে একটি দালানের ছাদের একটি বিন্দুর উন্নতি কোণ 60°। ঐ স্থান থেকে 52 মিটার পিছিয়ে গেলে দালানের উন্নতি কোণ 30° হয়।

ক. $\sin\theta = \sqrt{2^{-1}}$ হলে, θ এর মান নির্ণয় কর। ২

খ. গাছটির ভাঙা অংশের দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

গ. দালানের উচ্চতা নির্ণয় কর। ৪

৭নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $\sin\theta = \sqrt{2^{-1}}$

বা, $\sin\theta = \sqrt{\frac{1}{2}}$

বা, $\sin\theta = \frac{1}{\sqrt{2}}$

বা, $\sin\theta = \sin 45°$ $[\because \sin 45° = \frac{1}{\sqrt{2}}]$

$\therefore$ $\theta = 45°$

নির্ণেয় মান : $\theta = 45°$.

www.abswer.com

www.abswer.com

খ এখানে, AB = 86 মিটার লম্বা একটি গাছ BD = x মিটার উচ্চতায় ভেঙে গিয়ে সম্পূর্ণ বিচ্ছিন্ন না হয়ে ভাঙা অংশ ভূমির সাথে $\angle BCD = 30°$ উৎপন্ন করে ভূমি স্পর্শ করে।



$CD = AD = AB - BD$
$= (86 - x)$ মিটার

BCD সমকোণী ত্রিভুজে, $\sin \angle BCD = \frac{BD}{CD}$

বা, $\sin 30° = \frac{x}{86 - x}$

বা, $\frac{1}{2} = \frac{x}{86 - x}$

বা, $2x = 86 - x$

বা, $2x + x = 86$

বা, $3x = 86$

বা, $x = \frac{86}{3}$

$\therefore$ $x = 28.66667$ মিটার (প্রায়)

গাছটির ভাঙা অংশের দৈর্ঘ্য $= (86 - x)$ মিটার
$= (86 - 28.66667)$ মিটার
$= 57.333$ মিটার (প্রায়)

নির্ণেয় গাছটির ভাঙা অংশের দৈর্ঘ্য 57.333 মিটার (প্রায়)।

গ এখানে, দালানের উচ্চতা EF = h মিটার, শীর্ষের উন্নতি $\angle EGF = 60°$ এবং G স্থান থেকে GH = 52 মিটার পিছিয়ে গেলে উন্নতি $\angle EHF = 30°$ হয়।



GF = y মিটার

FH = FG + GH = (y + 52) মিটার

EFG সমকোণী ত্রিভুজে,

$\tan \angle EGF = \frac{EF}{GF}$

বা, $\tan 60° = \frac{h}{y}$

বা, $\sqrt{3} = \frac{h}{y}$

$\therefore$ $y = \frac{h}{\sqrt{3}}$

আবার, EFH সমকোণী ত্রিভুজে,

$\tan \angle EHF = \frac{EF}{FH}$

বা, $\tan 30° = \frac{h}{y + 52}$

বা, $\frac{1}{\sqrt{3}} = \frac{h}{y + 52}$

বা, $\sqrt{3}h = y + 52$

বা, $\sqrt{3}h = \frac{h}{\sqrt{3}} + 52$

বা, $3h = h + 52\sqrt{3}$

বা, $3h - h = 52\sqrt{3}$

বা, $2h = 52\sqrt{3}$

বা, $h = \frac{52\sqrt{3}}{2}$

$= 26\sqrt{3} = 45.033$ (প্রায়)

নির্ণেয় দালানের উচ্চতা 45.033 মিটার (প্রায়)।

প্রশ্ন ৮ ▶ দিনাজপুর বোর্ড ২০২০

ভূমিতে খাড়াভাবে দণ্ডায়মান কোনো গাছের শীর্ষ বিন্দুতে ঐ বিন্দু থেকে $68\sqrt{3}$ মিটার দূরে ভূতলস্থ একটি বিন্দুর অবনতি কোণ 60°।

ক. $1 - \cos^2\theta = \frac{3}{4}$ হলে, $\tan\theta =$ কত? ২

খ. গাছটির উচ্চতা নির্ণয় কর। ৪

গ. যদি গাছটির উচ্চতা উল্লিখিত দূরত্বের অর্ধেক হত এবং গাছটি ঝড়ে ভূমি থেকে x মিটার উঁচুতে ভেঙে গিয়ে দণ্ডায়মান অংশের সাথে 60° কোণ করে মাটি স্পর্শ করত তাহলে x এর মান নির্ণয় কর। ৪

৮নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $1 - \cos^2\theta = \frac{3}{4}$

বা, $\sin^2\theta = \frac{3}{4}$ $[\because 1 - \cos^2\theta = \sin^2\theta]$

বা, $\sin\theta = \sqrt{\frac{3}{4}}$

বা, $\sin\theta = \frac{\sqrt{3}}{2}$

বা, $\sin\theta = \sin 60°$ $[\because \sin 60° = \frac{\sqrt{3}}{2}]$

$\therefore$ $\theta = 60°$

এখন, $\tan\theta = \tan 60° = \sqrt{3}$

নির্ণেয় মান : $\sqrt{3}$.

▶ বিকল্প পদ্ধতি

দেওয়া আছে, $1 - \cos^2 = \frac{3}{4}$

বা, $\cos^2\theta = 1 - \frac{3}{4} = \frac{4 - 3}{4} = \frac{1}{4}$

বা, $\cos\theta = \sqrt{\frac{1}{4}} = \frac{1}{2}$

বা, $\frac{1}{\cos\theta} = \frac{1}{\frac{1}{2}}$

বা, $\sec\theta = 1 \times \frac{2}{1} = 2$

এখন, $\tan\theta = \sqrt{\sec^2\theta - 1}$
$= \sqrt{2^2 - 1} = \sqrt{4 - 1} = \sqrt{3}$

নির্ণেয় মান : $\sqrt{3}$.

খ এখানে, গাছের উচ্চতা AB। ভূতলস্থ C বিন্দুর অবনতি $\angle CAD = 60°$ এবং $AC = 68\sqrt{3}$ মিটার।



$\angle ACB = \angle CAD = 60°$.

এখন, ABC সমকোণী ত্রিভুজে,

$\sin \angle ACB = \frac{AB}{AC}$

বা, $\sin 60° = \frac{AB}{68\sqrt{3}}$

বা, $\frac{\sqrt{3}}{2} = \frac{AB}{68\sqrt{3}}$

বা, $2AB = 68 \times 3$

বা, $AB = \frac{68 \times 3}{2}$

$\therefore$ $AB = 102$

নির্ণেয় গাছটির উচ্চতা 102 মিটার।

www.abswer.com

www.abswer.com

গ এখানে, গাছের উচ্চতা $AB = \frac{68\sqrt{3}}{2}$ মিটার

$= 34\sqrt{3}$ মিটার।



গাছটি ঝড়ে ভূমি থেকে BE = x মিটার উচ্চতায় ভেঙে গিয়ে দণ্ডায়মান অংশের সাথে $\angle BEF = 60°$ কোণ উৎপন্ন করে F বিন্দুতে মাটি স্পর্শ করে।

$EF = AE = AB - BE = (34\sqrt{3} - x)$ মিটার

BEF সমকোণী ত্রিভুজে,

$\cos \angle BEF = \frac{BE}{EF}$

বা, $\cos 60° = \frac{x}{34\sqrt{3} - x}$

বা, $\frac{1}{2} = \frac{x}{34\sqrt{3} - x}$

বা, $2x = 34\sqrt{3} - x$

বা, $2x + x = 34\sqrt{3}$

বা, $3x = 34\sqrt{3}$

বা, $x = \frac{34\sqrt{3}}{3}$

∴ $x = 19.6299$ (প্রায়)

নির্ণেয় মান : $x = 19.6299$ মিটার (প্রায়)।

প্রশ্ন ৯ ▸ ময়মনসিংহ বোর্ড ২০২০

(i) এক ব্যক্তি নদীর তীরে দাঁড়িয়ে দেখল, অপর তীরে অবস্থিত 150 মিটার লম্বা একটি গাছের শীর্ষের উন্নতি 60°। লোকটি ঐ স্থান হতে 'y' মিটার পিছিয়ে গিয়ে দেখল যে, শীর্ষের উন্নতি 30°।

(ii) 75 মিটার উঁচু একটি খুঁটি ঝড়ে ভেঙে গিয়ে সম্পূর্ণ বিচ্ছিন্ন না হয়ে ভাঙা অংশ দণ্ডায়মান অংশের সাথে 30° কোণ করে ভূমি স্পর্শ করেছে।

ক. সমকোণী ত্রিভুজের সূক্ষ্মকোণদ্বয়ের অনুপাত 2 : 3। ক্ষুদ্রতর সূক্ষ্মকোণটির পরিমাপ নির্ণয় কর। ২

খ. গাছটির ভাঙা অংশের দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

গ. নদীর বিস্তার এবং 'y' এর মান নির্ণয় কর। ৪

৯নং প্রশ্নের সমাধান

ক এখানে, সমকোণী ত্রিভুজের সূক্ষ্মকোণদ্বয়ের অনুপাত = 2 : 3

ধরি, অনুপাতের সাধারণ রাশি x

∴ সমকোণী ত্রিভুজের সূক্ষ্মকোণদ্বয় 2x এবং 3x

শর্তমতে, $2x + 3x = 90°$

বা, $5x = 90°$

বা, $x = \frac{90°}{5}$

∴ $x = 18°$

∴ ক্ষুদ্রতর সূক্ষ্মকোণ $= 2 \times 18° = 36°$

নির্ণেয় ক্ষুদ্রতর সূক্ষ্মকোণের পরিমাপ 36°.

খ এখানে, খুঁটির সম্পূর্ণ উচ্চতা AB = 75 মিটার। খুঁটিটি ঝড়ে C বিন্দুতে ভেঙে গিয়ে সম্পূর্ণ বিচ্ছিন্ন না হয়ে ভাঙা অংশ দণ্ডায়মান অংশের সাথে $\angle BCD = 30°$ কোণ উৎপন্ন করে ভূমিকে D বিন্দুতে স্পর্শ করে।



$CD = CD = AB - BC = (75 - h)$ মিটার।

এখন, BCD সমকোণী ত্রিভুজে, $\cos \angle BCD = \frac{BC}{CD}$

বা, $\cos 30° = \frac{h}{75 - h}$

বা, $\frac{\sqrt{3}}{2} = \frac{h}{75 - h}$

বা, $2h = 75\sqrt{3} - \sqrt{3}h$

বা, $2h + \sqrt{3}h = 75\sqrt{3}$

বা, $(2 + \sqrt{3})h = 75\sqrt{3}$

বা, $h = \frac{75\sqrt{3}}{2 + \sqrt{3}}$

∴ $h = 34.807621$ (প্রায়)

খুঁটিটির ভাঙা অংশের দৈর্ঘ্য, $CD = (75 - h)$ মিটার

$= (75 - 34.807621)$ মিটার

$= 40.192$ মিটার (প্রায়)

নির্ণেয় খুঁটিটির ভাঙা অংশের দৈর্ঘ্য 40.192 মিটার (প্রায়)।

লক্ষ কর : প্রশ্নে গাছটির পরিবর্তে খুঁটিটির হবে।

গ এখানে, গাছের উচ্চতা EF = 150 মিটার এবং নদীর বিস্তার FG = x মিটার। গাছের শীর্ষের উন্নতি কোণ $\angle EGF = 60°$ এবং G বিন্দু হতে GH = y মিটার পিছিয়ে H বিন্দুতে উন্নতি কোণ $\angle EHF = 30°$।



$FH = FG + GH = (x + y)$ মিটার

এখন, EFG সমকোণী ত্রিভুজে

$\tan \angle EGF = \frac{EF}{FG}$

বা, $\tan 60° = \frac{150}{x}$

বা, $\sqrt{3} = \frac{150}{x}$

বা, $\sqrt{3}x = 150$

বা, $x = \frac{150}{\sqrt{3}}$

বা, $x = 50\sqrt{3}$

∴ $x = 86.603$ মিটার (প্রায়)

আবার, EFH সমকোণী ত্রিভুজে

$\tan \angle EHF = \frac{EF}{FH}$

বা, $\tan 30° = \frac{150}{x + y}$

বা, $\frac{1}{\sqrt{3}} = \frac{150}{50\sqrt{3} + y}$

বা, $50\sqrt{3} + y = 150\sqrt{3}$

বা, $y = 150\sqrt{3} - 50\sqrt{3}$

বা, $y = 100\sqrt{3}$

∴ $y = 173.205$ মিটার (প্রায়)

নির্ণেয় নদীর বিস্তার 86.603 মিটার (প্রায়) এবং y এর মান 173.205 মিটার (প্রায়)।

www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ১০ ▶ রাজশাহী বোর্ড ২০১৯

নদীর তীরে A বিন্দুতে ঠিক সোজাসুজি অপর তীরে B বিন্দুতে থাকা 65 মিটার দীর্ঘ একটি গাছের শীর্ষবিন্দুর উন্নতি কোণ 45°। A বিন্দু থেকে x মিটার পিছিয়ে গেলে D বিন্দুতে উন্নতি কোণ হয় 30°। ঝড়ে গাছটি এমনভাবে ভেঙ্গে গেল যেন ভাঙ্গা অংশ বিচ্ছিন্ন না হয়ে দণ্ডায়মান অংশের সাথে 60° কোণ তৈরি করে ভূমি স্পর্শ করে।

ক. একটি বৃত্তাংশের ক্ষেত্রফল 6π বর্গ সে.মি. এবং বৃত্তের ব্যাসার্ধ 6 সে.মি. হলে, বৃত্তচাপটি কেন্দ্রে যে কোণ উৎপন্ন করে, তা নির্ণয় কর। ২

খ. x এর মান নির্ণয় কর। ৪

গ. গাছটির ভাঙ্গা অংশ ও দণ্ডায়মান অংশ ভূমির সাথে যে ত্রিভুজ গঠন করে তার পরিসীমা নির্ণয় কর। ৪

১০নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, বৃত্তের ব্যাসার্ধ, r = 6 সে. মি.
ধরি, বৃত্তচাপটি কেন্দ্রে θ কোণ উৎপন্ন করে।

∴ বৃত্তাংশের ক্ষেত্রফল $= \frac{\theta}{360^\circ}\pi r^2$

প্রশ্নানুসারে, $\frac{\theta}{360^\circ}\pi r^2 = 6\pi$

বা, $\frac{\theta}{360^\circ} \times \pi \times 6^2 = 6\pi$

বা, $\frac{\theta}{360^\circ} \times \pi \times 36 = 6\pi$

বা, $\theta = \frac{6\pi \times 360^\circ}{\pi \times 36} = 60^\circ$

নির্ণেয় উৎপন্ন কোণ 60°.

খ মনে করি, গাছটির দৈর্ঘ্য BC = 65 মিটার। A বিন্দুতে গাছটির শীর্ষের উন্নতি কোণ ∠CAB = 45°। A বিন্দু থেকে x মিটার পিছিয়ে গেলে D বিন্দুতে উন্নতি কোণ ∠CDB = 30° হয়।



ধরি, AB = y মিটার

এখন, Δ ABC-এ,

$\tan\angle CAB = \frac{BC}{AB}$

বা, $\tan 45^\circ = \frac{65}{AB}$

বা, $1 = \frac{65}{AB}$

∴ AB = 65

∴ BD = AD + AB
= (x + 65) মিটার

আবার, Δ BCD-এ,

$\tan\angle CDB = \frac{BC}{BD}$

বা, $\tan 30^\circ = \frac{65}{x+65}$

বা, $\frac{1}{\sqrt{3}} = \frac{65}{x+65}$

বা, $x + 65 = 65\sqrt{3}$

বা, $x = 65\sqrt{3} - 65$

∴ x = 47.58 মিটার (প্রায়)

নির্ণেয় মান : x = 47.58 মিটার (প্রায়)।

গ মনে করি, গাছটির সম্পূর্ণ দৈর্ঘ্য, BC = 65 মিটার
গাছটির দণ্ডায়মান অংশের দৈর্ঘ্য, BF = h মিটার
∴ ভাঙ্গা অংশের দৈর্ঘ্য, CF = EF = (65 – h) মি. এবং ∠BFE = 60°।

এখন, Δ BFE-এ,



$\cos\angle BFE = \frac{BF}{EF}$

বা, $\cos 60^\circ = \frac{h}{65-h}$

বা, $\frac{1}{2} = \frac{h}{65-h}$

বা, 2h = 65 – h

বা, 2h + h = 65

বা, 3h = 65

বা, $h = \frac{65}{3}$

∴ h = 21.67 (প্রায়)

অর্থাৎ BF = 21.67 মিটার (প্রায়)।

আবার, Δ BFE এ $\tan\angle BFE = \frac{BE}{BF}$

বা, $\tan 60^\circ = \frac{BE}{21.67}$

বা, $\sqrt{3} = \frac{BE}{21.67}$

বা, $BE = 21.67 \times \sqrt{3} = 37.534$ মিটার (প্রায়)

∴ EF = (65 – 21.67) মিটার = 43.33 মিটার

∴ Δ BFE এর পরিসীমা = BF + EF + BE
= (21.67 + 43.33 + 37.534) মিটার
= 102.53 মিটার (প্রায়)

নির্ণেয় ত্রিভুজের পরিসীমা 102.53 মিটার (প্রায়)।

প্রশ্ন ১১ ▶ যশোর বোর্ড ২০১৯

18 মিটার লম্বা একটি খুঁটি এমনভাবে ভেঙে গেল যে, সম্পূর্ণ বিচ্ছিন্ন না হয়ে ভাঙা অংশ দণ্ডায়মান অংশের সাথে 30° কোণ উৎপন্ন করে। আবার দুইটি মাইলপোস্ট M ও N এর মধ্যবর্তী কোনো স্থানে একটি টাওয়ার অবস্থিত। টাওয়ারের শীর্ষবিন্দুতে M ও N এর অবনতি কোণ যথাক্রমে 60° ও 45°।

ক. কোনো মিনারের শীর্ষ ভূমির কোনো বিন্দুতে উন্নতি কোণ 30° এবং মিনারের পাদদেশ থেকে ছায়ার দৈর্ঘ্য 15 মিটার হলে মিনারের উচ্চতা নির্ণয় কর। ২

খ. উদ্দীপকের আলোকে খুঁটির গোড়া হতে কত মিটার দূরে খুঁটিটির শীর্ষবিন্দু ভূমি স্পর্শ করেছে তা নির্ণয় কর। ৪

গ. উদ্দীপকের আলোকে M মাইলপোস্ট হতে টাওয়ারের পাদবিন্দুর দূরত্ব নির্ণয় কর। ৪

১১নং প্রশ্নের সমাধান

ক মনে করি, মিনারটির উচ্চতা AB = h মিটার।
C বিন্দুতে মিনারের শীর্ষ A বিন্দুর উন্নতি কোণ ∠ACB = 30° এবং মিনারের ছায়ার দৈর্ঘ্য, BC = 15 মিটার।

এখন, Δ ABC-এ,



$\tan\angle ACB = \frac{AB}{BC}$

বা, $\tan 30^\circ = \frac{h}{15}$

বা, $\frac{1}{\sqrt{3}} = \frac{h}{15}$

বা, $h\sqrt{3} = 15$

বা, $h = \frac{15}{\sqrt{3}} = 8.66$ মিটার (প্রায়)

∴ মিনারটির উচ্চতা 8.66 মিটার (প্রায়)।

খ মনে করি, খুঁটির দৈর্ঘ্য, AB = 18 মিটার। খুঁটিটি C বিন্দুতে h উচ্চতায় ভেঙে দণ্ডায়মান অংশ BC এর সাথে ∠BCD = 30° কোণ করে খুঁটির গোড়া হতে x মিটার দূরে D বিন্দুতে মাটি স্পর্শ করেছে।
তাহলে AC = CD = (18 – h) মিটার।
BD = x মিটার

www.abswer.com

www.abswer.com

এখন, ΔBCD-এ,

$$\cos\angle BCD = \frac{BC}{CD}$$

বা, $\cos 30° = \frac{h}{18-h}$

বা, $\frac{\sqrt{3}}{2} = \frac{h}{18-h}$

বা, $2h = 18\sqrt{3} - h\sqrt{3}$

বা, $2h + h\sqrt{3} = 18\sqrt{3}$

বা, $h(2+\sqrt{3}) = 18\sqrt{3}$

বা, $h = \frac{18\sqrt{3}}{2+\sqrt{3}} = 8.354$ মিটার (প্রায়)।



আবার, ΔBCD-এ

$$\tan\angle BCD = \frac{BD}{BC}$$

বা, $\tan 30° = \frac{x}{8.354}$ [∵ BC = h = 8.354]

বা, $\frac{1}{\sqrt{3}} = \frac{x}{8.354}$

বা, $x\sqrt{3} = 8.354$

বা, $x = \frac{8.354}{\sqrt{3}} = 4.82$ মিটার (প্রায়)

∴ খুঁটিটির গোড়া হতে 4.82 মিটার (প্রায়) দূরে খুঁটিটির শীর্ষবিন্দু ভূমি স্পর্শ করেছে।

গ মনে করি, M ও N এক মাইল দূরবর্তী দুইটি পোস্টের মধ্যবর্তী কোনো স্থানে অবস্থিত OP টাওয়ারে শীর্ষ O। O থেকে M ও N এর অবনতি কোণ যথাক্রমে 60° ও 45°।



∴ $\angle M'OM = \angle OMP = 60°$

$\angle N'ON = \angle ONP = 45°$

এখানে, MN = 1 মাইল

= (1 × 1.61) কি.মি. [∵ 1 মাইল = 1.61 কি.মি.]

= (1.61 × 1000) মি. [∵ 1 কি.মি. = 1000 মি.]

= 1610 মি.

ধরি, M মাইলপোস্ট হতে টাওয়ারের পাদবিন্দুর দূরত্ব MP = x মি.।
এবং টাওয়ার উচ্চতা OP = h মি.।
তাহলে PN = (1610 – x) মি.

এখন, ΔOMP-এ,

$$\tan\angle OMP = \frac{OP}{MP}$$

বা, $\tan 60° = \frac{h}{x}$

বা, $\sqrt{3} = \frac{h}{x}$

∴ $h = x\sqrt{3}$

আবার, ΔONP-এ,

$$\tan\angle ONP = \frac{OP}{PN}$$

বা, $\tan 45° = \frac{h}{1610-x}$

বা, $1 = \frac{h}{1610-x}$

বা, $h = 1610 - x$

বা, $x\sqrt{3} + x = 1610$ [∵ $h = x\sqrt{3}$]

বা, $x(\sqrt{3}+1) = 1610$

বা, $x = \frac{1610}{\sqrt{3}+1} = \frac{1610}{1.732+1} = \frac{1610}{2.732}$

∴ x = 589.3 মিটার (প্রায়)

∴ M মাইলপোস্ট হতে টাওয়ারের পাদবিন্দুর দূরত্ব 589.3 মিটার (প্রায়)।

প্রশ্ন ১২ ▸ কুমিল্লা বোর্ড ২০১৯

A ও B দুইটি স্থানের মধ্যবর্তী কোনো স্থানে একটি বেলুন উড়ছে। বেলুনের অবস্থানে A ও B এর অবনতি কোণ যথাক্রমে 45° এবং 60°।

ক. সংক্ষিপ্ত বর্ণনাসহ চিত্রটি আঁক। ২

খ. AB = 750 মিটার হলে ভূমি থেকে বেলুনের উচ্চতা নির্ণয় কর। ৪

গ. বেলুন থেকে A ও B -এর সরাসরি দূরত্বের পার্থক্য নির্ণয় কর। ৪

১২নং প্রশ্নের সমাধান

ক মনে করি, A ও B দুইটি স্থানের মধ্যবর্তী কোনো স্থান O বিন্দুতে একটি বেলুন উড়ছে। O থেকে A ও B বিন্দুর অবনতি কোণ যথাক্রমে $\angle AOA' = 45°$ এবং $\angle BOB' = 60°$.



খ O থেকে AB এর উপর OP লম্ব অঙ্কন করি। AB = 750 মিটার।



ধরি, বেলুনটির উচ্চতা, OP = h মিটার এবং AP = x মিটার

∴ BP = (750 – x) মিটার

চিত্রে, $\angle AOA' = \angle OAP = 45°$

$\angle BOB' = \angle OBP = 60°$

এখন, ΔOAP-এ

$$\tan\angle OAP = \frac{OP}{AP}$$

বা, $\tan 45° = \frac{h}{x}$

বা, $1 = \frac{h}{x}$

∴ x = h

আবার, ΔOBP-এ,

$$\tan\angle OBP = \frac{OP}{BP}$$

বা, $\tan 60° = \frac{h}{750-x}$

বা, $\sqrt{3} = \frac{h}{750-x}$

বা, $h = \sqrt{3}(750-x)$

বা, $h = 750\sqrt{3} - x\sqrt{3}$

বা, $h = 750\sqrt{3} - h\sqrt{3}$ [∵ h = x]

বা, $h + h\sqrt{3} = 750\sqrt{3}$

বা, $h(1+\sqrt{3}) = 750\sqrt{3}$

বা, $h = \frac{750\sqrt{3}}{1+\sqrt{3}}$

∴ h = 475.48 মিটার (প্রায়)

∴ ভূমি থেকে বেলুনের উচ্চতা 475.48 মিটার (প্রায়)।

গ ধরি, A বিন্দু থেকে বেলুনের সরাসরি দূরত্ব = OA
এবং B বিন্দু থেকে বেলুনের সরাসরি দূরত্ব = OB
'খ' হতে প্রাপ্ত, OP = h = 475.48 মিটার



এখন, ΔOAP-এ,

$$\sin\angle OAP = \frac{OP}{OA}$$

বা, $\sin 45° = \frac{475.48}{OA}$

বা, $\frac{1}{\sqrt{2}} = \frac{475.48}{OA}$

বা, $OA = 475.4803 \times \sqrt{2}$

∴ OA = 672.4303 মিটার (প্রায়)

আবার, ΔOBP-এ,

$$\sin\angle OBP = \frac{OP}{OB}$$

বা, $\sin 60° = \frac{475.48}{OB}$

বা, $\frac{\sqrt{3}}{2} = \frac{475.48}{OB}$

বা, $OB = \frac{475.48 \times 2}{\sqrt{3}}$

∴ OB = 549.037 মিটার (প্রায়)

∴ A ও B এর সরাসরি দূরত্বের পার্থক্য = (672.4303 – 549.037) মি.
= 123.39 মিটার (প্রায়)

∴ বেলুন থেকে A ও B এর সরাসরি দূরত্বের পার্থক্য 123.39 মিটার (প্রায়)।

www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ১৩ ▶ চট্টগ্রাম বোর্ড ২০১৯



চিত্র – ১



চিত্র – ২

ক. $\sec(90° - \theta) = \frac{5}{3}$ হলে, $\tan\theta + \sin\theta$ এর মান নির্ণয় কর। ২

খ. চিত্র-১ এর আলোকে AB এর দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

গ. চিত্র-২ এর আলোকে ΔPQS এর পরিসীমা নির্ণয় কর। ৪

১৩নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $\sec(90° - \theta) = \frac{5}{3}$

বা, $\operatorname{cosec}\theta = \frac{5}{3}$

$\therefore \sin\theta = \frac{1}{\operatorname{cosec}\theta} = \frac{1}{\frac{5}{3}} = \frac{3}{5}$

$\cos\theta = \sqrt{1 - \sin^2\theta}$

$= \sqrt{1 - \left(\frac{3}{5}\right)^2}$

$= \sqrt{1 - \frac{9}{25}} = \sqrt{\frac{16}{25}} = \frac{4}{5}$

$\therefore \tan\theta = \frac{\sin\theta}{\cos\theta} = \frac{\frac{3}{5}}{\frac{4}{5}} = \frac{3}{5} \times \frac{5}{4} = \frac{3}{4}$

প্রদত্ত রাশি $= \tan\theta + \sin\theta = \frac{3}{4} + \frac{3}{5} = \frac{15 + 12}{20} = \frac{27}{20}$

নির্ণেয় মান $\frac{27}{20}$

খ চিত্রে, BD = 15মিটার, $\angle BCD = 30°$

AC = CD



ΔBCD এ, $\sin\angle BCD = \frac{BD}{CD}$

বা, $\sin 30° = \frac{15}{CD}$

বা, $\frac{1}{2} = \frac{15}{CD}$

$\therefore$ CD = 3

$\therefore$ AC = CD = 30 মিটার

আবার, ΔBCD এ,

$\tan\angle BCD = \frac{BD}{BC}$

বা, $\tan 30° = \frac{15}{BC}$

বা, $\frac{1}{\sqrt{3}} = \frac{15}{BC}$

$\therefore BC = 15\sqrt{3}$

$AB = AC + BC = (30 + 15\sqrt{3})$ মিটার

$= (30 + 25.98076)$ মিটার

$\doteqdot 55.98$ মিটার (প্রায়)

নির্ণেয় AB এর দৈর্ঘ্য 55.98 মিটার (প্রায়)।

▶ বিকল্প পদ্ধতি



চিত্রে, BD = 15 মিটার

এবং $\angle BCD = 30°$

মনে করি,

AB এর দৈর্ঘ্য = h মিটার

এবং BC = x মিটার

$\therefore$ AC = CD = (h – x) মিটার

এখন, ΔBCD-এ,

$\tan\angle BCD = \frac{BD}{BC}$

বা, $\tan 30° = \frac{15}{x}$

বা, $\frac{1}{\sqrt{3}} = \frac{15}{x}$

$\therefore x = 15\sqrt{3}$

আবার, ΔBCD এ, $\cos\angle BCD = \frac{BC}{CD}$

বা, $\cos 30° = \frac{x}{h - x}$

বা, $\frac{\sqrt{3}}{2} = \frac{x}{h - x}$

বা, $h\sqrt{3} - x\sqrt{3} = 2x$

বা, $h\sqrt{3} = 2x + x\sqrt{3}$

বা, $h\sqrt{3} = 2 \times 15\sqrt{3} + 15\sqrt{3} \times \sqrt{3}$ $[\because x = 15\sqrt{3}]$

বা, $h = \frac{30\sqrt{3} + 45}{\sqrt{3}} = 55.98$ মিটার (প্রায়)

নির্ণেয় AB এর দৈর্ঘ্য 55.98 মিটার (প্রায়)।

গ চিত্রে, $\angle PRQ = 60°$, $\angle PSQ = 45°$ এবং RS = 54 মিটার

ধরি, PQ = h মিটার এবং QR = x মিটার

$\therefore$ QS = (x + 54) মিটার



এখন, ΔPQR-এ,

$\tan\angle PRQ = \frac{PQ}{QR}$

বা, $\tan 60° = \frac{h}{x}$

বা, $\sqrt{3} = \frac{h}{x}$

বা, $h = x\sqrt{3}$ .... (1)

আবার, ΔPQS-এ,

$\tan\angle PSQ = \frac{PQ}{QS}$

বা, $\tan 45° = \frac{h}{x + 54}$

বা, $1 = \frac{h}{x + 54}$

বা, $h = x + 54$

বা, $x\sqrt{3} - x = 54$

বা, $x(\sqrt{3} - 1) = 54$

বা, $x = \frac{54}{\sqrt{3} - 1} = 73.77$

x-এর মান (1)নং এ বসিয়ে পাই,

$h = 73.77 \times \sqrt{3} = 127.77$

$\therefore$ PQ = 127.77

QS = (73.77 + 54) = 127.77

আবার, ΔPSQ এ $\sin\angle PSQ = \frac{PQ}{PS}$

বা, $\sin 45° = \frac{127.77}{PS}$

বা, $\frac{1}{\sqrt{2}} = \frac{127.77}{PS}$

$\therefore PS = 127.77 \times \sqrt{2} = 180.694$

$\therefore$ ΔPQS-এর পরিসীমা = PQ + QS + PS

= (127.77 + 127.77 + 180.694) মিটার

= 436.23 মিটার (প্রায়)

নির্ণেয় ΔPQS-এর পরিসীমা 436.23 মিটার (প্রায়)।

www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ১৪ ▸ সিলেট বোর্ড ২০১৯

48 মিটার দীর্ঘ একটি গাছের গোড়া থেকে কিছু দূরে ভূতলের কোনো বিন্দুতে গাছের শীর্ষের উন্নতি কোণ 60°। ঐ বিন্দু থেকে x মিটার পিছিয়ে গেলে শীর্ষের উন্নতি কোণ 30° হয়। একদিন গাছটি ঝড়ে এমনভাবে ভেঙে গেল যে, তার অবিচ্ছিন্ন ভাঙা অংশ দণ্ডায়মান অংশের সাথে 60° কোণ উৎপন্ন করে গাছের গোড়া থেকে y মিটার দূরে মাটি স্পর্শ করে।

ক. $\sin^2 60° - \cos^2 60°$ এর মান নির্ণয় কর। ২

খ. x এর মান নির্ণয় কর। ৪

গ. y এর মান নির্ণয় কর। ৪

১৪নং প্রশ্নের সমাধান

ক প্রদত্ত রাশি $= \sin^2 60° - \cos^2 60°$

$= \left(\frac{\sqrt{3}}{2}\right)^2 - \left(\frac{1}{2}\right)^2$ [$\because \sin 60° = \frac{\sqrt{3}}{2}$ ও $\cos 60° = \frac{1}{2}$]

$= \frac{3}{4} - \frac{1}{4} = \frac{3-1}{4} = \frac{2}{4} = \frac{1}{2}$.

নির্ণেয় মান $\frac{1}{2}$.

খ চিত্রে, গাছটির সম্পূর্ণ দৈর্ঘ্য AB = 48 মিটার। C বিন্দুতে গাছটির শীর্ষের উন্নতি কোণ $\angle ACB = 60°$। C বিন্দু থেকে x মিটার পিছিয়ে গেলে D বিন্দুতে গাছটির শীর্ষের উন্নতি কোণ $\angle ADB = 30°$ হয়।



ফলে BD = BC + CD = (BC + x) মিটার

এখন, Δ ABC-এ

$\tan \angle ACB = \frac{AB}{BC}$

বা, $\tan 60° = \frac{48}{BC}$

বা, $\sqrt{3} = \frac{48}{BC}$

বা, $BC = \frac{48}{\sqrt{3}}$

$\therefore BC = 16\sqrt{3}$

$\therefore BD = (16\sqrt{3} + x)$ মিটার

আবার, Δ ABD-এ,

$\tan \angle ADB = \frac{AB}{BD}$

বা, $\tan 30° = \frac{48}{16\sqrt{3} + x}$

বা, $\frac{1}{\sqrt{3}} = \frac{48}{16\sqrt{3} + x}$

বা, $16\sqrt{3} + x = 48\sqrt{3}$

বা, $x = 48\sqrt{3} - 16\sqrt{3} = 32\sqrt{3}$

$\therefore x = 55.43$ মিটার (প্রায়)

নির্ণেয় মান : x = 55.43 মিটার (প্রায়)।

গ চিত্রে, গাছটির সম্পূর্ণ দৈর্ঘ্য AB = 48 মিটার।



গাছটি E বিন্দুতে ভেঙে গিয়ে দণ্ডায়মান অংশ BE এর E বিন্দুতে $\angle BEF = 60°$ কোণ উৎপন্ন করে গাছের গোড়া B হতে y মিটার দূরে F বিন্দুতে মাটি স্পর্শ করে।

এখানে, BF = y মিটার।

ধরি, BE = h মিটার

তাহলে, AE = EF = (48 – h) মিটার

এখন, Δ BEF-এ,

$\cos \angle BEF = \frac{BE}{EF}$

বা, $\cos 60° = \frac{h}{48 - h}$

বা, $\frac{1}{2} = \frac{h}{48 - h}$

বা, $2h = 48 - h$

বা, $3h = 48$

$\therefore h = 16$

অর্থাৎ, BE = 16 মিটার

আবার, Δ BEF এ,

$\tan \angle BEF = \frac{BF}{BE}$

বা, $\tan 60° = \frac{y}{16}$

বা, $\sqrt{3} = \frac{y}{16}$

বা, $y = 16\sqrt{3}$

$\therefore y = 27.71$ মিটার (প্রায়)

নির্ণেয় মান : y = 27.71 মিটার (প্রায়)।

প্রশ্ন ১৫ ▸ বরিশাল বোর্ড ২০১৯

60 মিটার লম্বা একটি গাছ ভেঙে গিয়ে সম্পূর্ণ বিচ্ছিন্ন না হয়ে দণ্ডায়মান অংশের সাথে 60° কোণ উৎপন্ন করে ভূমি স্পর্শ করলো।

ক. কোনো মিনারের দৈর্ঘ্য 17 মিটার ও উন্নতি কোণ 30° হলে মিনারের ছায়ার দৈর্ঘ্য নির্ণয় কর। ২

খ. গাছটির ভাঙা অংশের দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

গ. গাছটির ভাঙা অংশ ভূমির সাথে 45° কোণ উৎপন্ন করলে দণ্ডায়মান অংশের দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

১৫নং প্রশ্নের সমাধান

ক মনে করি, মিনারের দৈর্ঘ্য AB = 17 মিটার। AB মিনারের ছায়ার দৈর্ঘ্য BC = x মিটার। C বিন্দুতে মিনারের শীর্ষ A বিন্দুর উন্নতি কোণ $\angle ACB = 30°$।



Δ ABC-এ $\tan \angle ACB = \frac{AB}{BC}$

বা, $\tan 30° = \frac{17}{x}$ বা, $\frac{1}{\sqrt{3}} = \frac{17}{x}$

বা, $x = 17\sqrt{3}$

$\therefore x = 29.44$ (প্রায়)

$\therefore$ মিনারের ছায়ার দৈর্ঘ্য 29.44 মিটার (প্রায়)।

খ মনে করি, গাছটির সম্পূর্ণ দৈর্ঘ্য AB = 60 মিটার। ভাঙা অংশের দৈর্ঘ্য AC = CD = x মি. এবং $\angle BCD = 60°$।

$\therefore$ BC = (60 – x) মি.

এখন, Δ BCD এ



$\cos \angle BCD = \frac{BC}{CD}$

বা, $\cos 60° = \frac{60 - x}{x}$

বা, $\frac{1}{2} = \frac{60 - x}{x}$

বা, $x = 120 - 2x$

$\therefore$ BC = (60 – x) মি.

এখন, Δ BCD এ, $\cos \angle BCD = \frac{BC}{CD}$

বা, $\cos 60° = \frac{60 - x}{x}$

বা, $\frac{1}{2} = \frac{60 - x}{x}$

বা, $x = 120 - 2x$

বা, $x + 2x = 120$

বা, $3x = 120$

বা, $x = \frac{120}{3} = 40$

$\therefore$ গাছটির ভাঙা অংশের দৈর্ঘ্য 40 মিটার।

www.abswer.com

www.abswer.com

▸ বিকল্প পদ্ধতি

মনে করি, গাছটির সম্পূর্ণ দৈর্ঘ্য AB = 60 মিটার। গাছটির দণ্ডায়মান অংশের দৈর্ঘ্য, BC = h মিটার এবং $\angle BCD = 60°$।

∴ ভাঙা অংশের দৈর্ঘ্য AC = CD = (60 – h) মিটার।

এখন, ΔBCD-এ,



$\cos \angle BCD = \frac{BC}{CD}$

বা, $\cos 60° = \frac{h}{60 - h}$

বা, $\frac{1}{2} = \frac{h}{60 - h}$

বা, $2h = 60 - h$

বা, $2h + h = 60$

বা, $3h = 60$

বা, $h = \frac{60}{3}$

∴ $h = 20$

∴ গাছটির ভাঙ্গা অংশের দৈর্ঘ্য, AC = (60 – 20) মিটার = 40 মিটার।

∴ গাছটির ভাঙা অংশের দৈর্ঘ্য 40 মিটার।

গ মনে করি, গাছটির সম্পূর্ণ দৈর্ঘ্য, AB = 60 মিটার এবং দণ্ডায়মান অংশের দৈর্ঘ্য, BC = h মিটার। ভাঙা অংশের দৈর্ঘ্য, AC = CD = (60 – h) মিটার। ভাঙা অংশ ভূমির সাথে 45° কোণ উৎপন্ন করে। অর্থাৎ $\angle CDB = 45°$।



এখন, Δ BCD-এ,

$\sin \angle CDB = \frac{BC}{CD}$

বা, $\sin 45° = \frac{h}{60 - h}$

বা, $\frac{1}{\sqrt{2}} = \frac{h}{60 - h}$

বা, $h\sqrt{2} = 60 - h$

বা, $h\sqrt{2} + h = 60$

বা, $h(\sqrt{2} + 1) = 60$

বা, $h = \frac{60}{\sqrt{2} + 1}$

∴ $h = 24.85$ (প্রায়)

∴ গাছটির দণ্ডায়মান অংশের দৈর্ঘ্য 24.85 মিটার (প্রায়)।

প্রশ্ন ১৬ ▸ দিনাজপুর বোর্ড ২০১৯

18 মিটার লম্বা একটি খুঁটি ঝড়ে এমনভাবে ভেঙে গেল যে, সম্পূর্ণ বিচ্ছিন্ন না হয়ে ভাঙা অংশ দণ্ডায়মান অংশের সাথে 30° কোণ উৎপন্ন করে। দুটি মাইলপোস্ট M ও N এর মধ্যবর্তী কোনো স্থানে একটি টাওয়ার অবস্থিত। টাওয়ারের শীর্ষবিন্দুতে M ও N এর অবনতি কোণ যথাক্রমে 60° ও 45°।

ক. কোনো মিনারের শীর্ষের উন্নতি কোণ 30° এবং মিনারের ছায়ার দৈর্ঘ্য 15 মিটার হলে, মিনারের উচ্চতা নির্ণয় কর। ২

খ. উদ্দীপকের আলোকে খুঁটির গোড়া হতে কত মিটার দূরে খুঁটিটির শীর্ষবিন্দু ভূমি স্পর্শ করেছে তা নির্ণয় কর। ৪

গ. উদ্দীপকের আলোকে M মাইলপোস্ট হতে টাওয়ারের পাদবিন্দুর দূরত্ব নির্ণয় কর। ৪

১৬নং প্রশ্নের সমাধান

সৃজনশীল প্রশ্ন ১১ নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ১৭ ▸ সকল বোর্ড ২০১৮



ক. $\angle BAC$ এর মান নির্ণয় কর। ২

খ. AD ও CD এর দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

গ. Δ ABC-এর পরিসীমা নির্ণয় কর। ৪

১৭নং প্রশ্নের সমাধান

ক



এখানে, $\angle ABC = 30°$, $\angle ACD = 60°$

$\angle ACB = 180° - \angle ACD = 180° - 60° = 120°$

Δ ABC এ, $\angle BAC + \angle ABC + \angle ACB = 180°$

[∵ ত্রিভুজের তিন কোণের সমষ্টি 180°]

বা, $\angle BAC + 30° + 120° = 180°$

বা, $\angle BAC + 150 = 180°$

∴ $\angle BAC = 180° - 150° = 30°$

∴ $\angle BAC$ এর মান 30°.

▸ বিকল্প পদ্ধতি



এখানে, Δ ABC এর $\angle ABC = 30°$

এবং বহিঃস্থ $\angle ACD = 60°$

যেহেতু ত্রিভুজের যেকোনো বহিঃস্থ কোণ তার অন্তঃস্থ বিপরীত কোণদ্বয়ের সমষ্টির সমান।

সেহেতু $\angle BAC + \angle ABC = 60°$

বা, $\angle BAC + 30° = 60°$ [∵ $\angle ABC = 30°$]

বা, $\angle BAC = 60° - 30°$

∴ $\angle BAC = 30°$

∴ $\angle BAC$ এর মান 30°.

খ এখানে, Δ ADC এর $\angle ACD = 60°$ এবং AC = 30 মিটার

Δ ADC-এ,



$\sin \angle ACD = \frac{AD}{AC}$

বা, $\sin 60° = \frac{AD}{30}$

বা, $\frac{\sqrt{3}}{2} = \frac{AD}{30}$

বা, $2AD = 30\sqrt{3}$

বা, $AD = \frac{30\sqrt{3}}{2} = 15\sqrt{3}$ মিটার

www.abswer.com

www.abswer.com

আবার, ΔADC এ $\cos \angle ACD = \frac{CD}{AC}$

বা, $\cos 60° = \frac{CD}{30}$

বা, $\frac{1}{2} = \frac{CD}{30}$

বা, $2CD = 30$

বা, $CD = \frac{30}{2} = 15$ মিটার

$\therefore$ AD এর দৈর্ঘ্য $15\sqrt{3}$ মিটার এবং CD এর দৈর্ঘ্য 15 মিটার।

গ এখানে, AC = 30 মিটার। ΔABD এর $\angle ABD = 30°$.
খ হতে পাই, $AD = 15\sqrt{3}$ মিটার
এবং CD = 15 মিটার



ΔABD এ, $\sin \angle ABD = \frac{AD}{AB}$

বা, $\sin 30° = \frac{15\sqrt{3}}{AB}$

বা, $\frac{1}{2} = \frac{15\sqrt{3}}{AB}$

$\therefore$ $AB = 30\sqrt{3}$ মিটার

আবার, ΔABD এ, $\tan \angle ABD = \frac{AD}{BD}$

বা, $\tan 30° = \frac{15\sqrt{3}}{BD}$

বা, $\frac{1}{\sqrt{3}} = \frac{15\sqrt{3}}{BD}$

বা, $BD = 15\sqrt{3} \times \sqrt{3}$

$\therefore$ $BD = 45$ মিটার

$BC = BD - CD = (45 - 15)$ মিটার $= 30$ মিটার

ΔABC এর পরিসীমা $= AB + BC + AC$

$= (30\sqrt{3} + 30 + 30)$ মিটার

$= (60 + 30\sqrt{3})$ মিটার

$= 111{\cdot}96$ মিটার (প্রায়)

$\therefore$ ΔABC এর পরিসীমা 111.96 মিটার (প্রায়)।

প্রশ্ন ১৮ ▸ ঢাকা বোর্ড ২০১৭

একটি গাছ AB ঝড়ে O বিন্দুতে এমনভাবে ভেঙ্গে গেল যে, সম্পূর্ণ বিচ্ছিন্ন না হয়ে গোড়া থেকে $10\sqrt{3}$ মিটার দূরে C বিন্দুতে ভূমির সাথে 30° কোণ উৎপন্ন করে।

ক. tan 2C এর মান নির্ণয় কর। ২

খ. দেখাও যে, $\left(\frac{BO}{BC} + \frac{CO}{BC}\right)^2 = \frac{1 + \sin C}{1 - \sin C}$. ৪

গ. গাছটির সম্পূর্ণ দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

১৮নং প্রশ্নের সমাধান

ক এখানে, AB গাছ ঝড়ে O বিন্দুতে ভেঙে সম্পূর্ণ বিচ্ছিন্ন না হয়ে গাছের গোড়া থেকে $BC = 10\sqrt{3}$ মিটার দূরে C বিন্দুতে ভূমির সাথে $\angle OCB = 30°$ কোণ উৎপন্ন করে।



অর্থাৎ $\angle C = \angle OCB = 30°$।

প্রদত্ত রাশি $= \tan 2C$

$= \tan 2 \times 30°$

$= \tan 60° = \sqrt{3}$

$\therefore$ tan 2C এর মান $\sqrt{3}$.

খ 'ক' নং চিত্রানুসারে, BOC সমকোণী ত্রিভুজে,

$\frac{BO}{BC} = \tan C$ এবং $\frac{CO}{BC} = \sec C$

বামপক্ষ $= \left(\frac{BO}{BC} + \frac{CO}{BC}\right)^2$

$= (\tan C + \sec C)^2$

$= \left(\frac{\sin C}{\cos C} + \frac{1}{\cos C}\right)^2 = \left(\frac{\sin C + 1}{\cos C}\right)^2 = \frac{(1 + \sin C)^2}{\cos^2 C}$

$= \frac{(1 + \sin C)^2}{1 - \sin^2 C}$ [$\because \cos^2 C = 1 - \sin^2 C$]

$= \frac{(1 + \sin C)(1 + \sin C)}{(1 + \sin C)(1 - \sin C)} = \frac{1 + \sin C}{1 - \sin C} =$ ডানপক্ষ

$\therefore$ $\left(\frac{BO}{BC} + \frac{CO}{BC}\right)^2 = \frac{1 + \sin C}{1 - \sin C}$ (দেখানো হলো)

▸ বিকল্প পদ্ধতি

'ক' এর চিত্রানুসারে, BOC সমকোণী ত্রিভুজে $\angle C = \angle OCB = 30°$

$\frac{BO}{BC} = \tan C = \tan 30° = \frac{1}{\sqrt{3}}$

$\frac{CO}{BC} = \sec C = \sec 30° = \frac{2}{\sqrt{3}}$

বামপক্ষ $= \left(\frac{BO}{BC} + \frac{CO}{BC}\right)^2$

$= \left(\frac{1}{\sqrt{3}} + \frac{2}{\sqrt{3}}\right)^2$

$= \left(\frac{1 + 2}{\sqrt{3}}\right)^2 = \left(\frac{3}{\sqrt{3}}\right)^2 = \frac{9}{3} = 3$

ডানপক্ষ $= \frac{1 + \sin C}{1 - \sin C}$

$= \frac{1 + \sin 30°}{1 - \sin 30°} = \frac{1 + \frac{1}{2}}{1 - \frac{1}{2}} = \frac{\frac{2 + 1}{2}}{\frac{2 - 1}{2}} = \frac{\frac{3}{2}}{\frac{1}{2}} = \frac{3}{2} \times 2 = 3$

$\therefore$ $\left(\frac{BO}{BC} + \frac{CO}{BC}\right)^2 = \frac{1 + \sin C}{1 - \sin C}$ (দেখানো হলো)

গ ক এর চিত্রানুসারে সম্পূর্ণ গাছের দৈর্ঘ্য,

$AB = AO + BO$

$\angle OCB = 30°$

$BC = 10\sqrt{3}$

এবং $AO = CO$

BOC সমকোণী ত্রিভুজে,

$\tan \angle OCB = \frac{BO}{BC}$

বা, $\tan 30° = \frac{BO}{10\sqrt{3}}$

বা, $\frac{1}{\sqrt{3}} = \frac{BO}{10\sqrt{3}}$

বা, $\sqrt{3}\, BO = 10\sqrt{3}$

বা, $BO = \frac{10\sqrt{3}}{\sqrt{3}}$

$\therefore$ $BO = 10$ মিটার

আবার BOC সমকোণী ত্রিভুজে,

$\cos \angle OCB = \frac{BC}{CO}$

বা, $\cos 30° = \frac{10\sqrt{3}}{CO}$

বা, $\frac{\sqrt{3}}{2} = \frac{10\sqrt{3}}{CO}$

বা, $\sqrt{3}\, CO = 20\sqrt{3}$

বা, $CO = \frac{20\sqrt{3}}{\sqrt{3}}$

$\therefore$ $CO = 20$ মিটার

$\therefore$ $AO = CO = 20$ মিটার

$\therefore$ সম্পূর্ণ গাছের দৈর্ঘ্য $= AO + BO$

$= (20 + 10)$ মিটার $= 30$ মিটার

$\therefore$ গাছটির সম্পূর্ণ দৈর্ঘ্য 30 মিটার।

www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ১৯ ▸ রাজশাহী বোর্ড ২০১৭

একটি গাছ ঝড়ে এমনভাবে ভেঙে গেল যে, ভাঙা অংশ দণ্ডায়মান অংশের সাথে 30° কোণ করে গাছের গোড়া থেকে 20 মিটার দূরে মাটি স্পর্শ করে।

ক. উদ্দীপকের তথ্যানুসারে চিত্রটি আঁক ও ব্যাখ্যা কর। ২
খ. গাছটি কত মিটার উচ্চতায় ভেঙেছিল তা বের কর। ৪
গ. সম্পূর্ণ গাছটির দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

১৯নং প্রশ্নের সমাধান

ক মনে করি, সম্পূর্ণ গাছের দৈর্ঘ্য AB = h মিটার। গাছটি BC = x মিটার উচ্চতায় ভেঙে গিয়ে সম্পূর্ণ বিচ্ছিন্ন না হয়ে ভাঙা অংশ দণ্ডায়মান অংশের সাথে ∠BCD = 30° কোণ উৎপন্ন করে গাছের গোড়া থেকে BD = 20 মিটার দূরে মাটি স্পর্শ করে।



এখানে, CD = AC = AB – BC = (h – x) মিটার।

খ ক-এর চিত্র হতে, ∠BCD = 30°, BD = 20 মিটার, BC = x মিটার।
BCD সমকোণী ত্রিভুজে,

$\tan \angle BCD = \frac{BD}{BC}$

বা, $\tan 30° = \frac{20}{x}$

বা, $\frac{1}{\sqrt{3}} = \frac{20}{x}$

বা, $x = 20\sqrt{3} = 34.641$ (প্রায়)

∴ গাছটি 34.641 মিটার (প্রায়) উচ্চতায় ভেঙেছিল।

গ ক এর চিত্র হতে, ∠BCD = 30°, BD = 20 মিটার, AB = h মিটার, BC = x মিটার, CD = AC = AB – BC = (h – x) মিটার
খ-হতে প্রাপ্ত, x = 34.641 মিটার (প্রায়)
∴ CD = (h – 34.641) মিটার
এখন, BCD সমকোণী ত্রিভুজে,

$\sin \angle BCD = \frac{BD}{CD}$

বা, $\sin 30° = \frac{20}{h - 34.641}$

বা, $\frac{1}{2} = \frac{20}{h - 34.641}$

বা, $h - 34.641 = 40$

বা, $h = 40 + 34.641 = 74.641$ (প্রায়)

∴ সম্পূর্ণ গাছটির দৈর্ঘ্য 74.641 মিটার (প্রায়)।

প্রশ্ন ২০ ▸ যশোর বোর্ড ২০১৭



চিত্রে EA ∥ BC, AD ⊥ BC, উন্নতি ∠ACD = 45° এবং DC = 10 মিটার।

ক. উন্নতি কোণ ও অবনতি কোণের সংজ্ঞা দাও। ২
খ. AB বাহুর দৈর্ঘ্য নির্ণয় কর। ৪
গ. Δ ABC এর পরিসীমা নির্ণয় কর। ৪

২০নং প্রশ্নের সমাধান

ক উন্নতি কোণ : ভূতলের উপরের কোনো বিন্দু ভূমির সমান্তরাল রেখার সাথে যে কোণ উৎপন্ন করে তাকে উন্নতি কোণ বলে।
অবনতি কোণ : ভূতলের সমান্তরাল রেখার নিচের কোনো বিন্দু ভূ-রেখার সাথে যে কোণ উৎপন্ন করে তাকে অবনতি কোণ বলে।

খ এখানে, EA ∥ BC, AD ⊥ BC, DC = 10 মিটার
উন্নতি কোণ ∠ACD = 45°
∠BAE = 30°
∠ABD = ∠BAE = 30°



ACD সমকোণী ত্রিভুজে,

$\tan \angle ACD = \frac{AD}{DC}$

বা, $\tan 45° = \frac{AD}{10}$

বা, $1 = \frac{AD}{10}$

∴ AD = 10

ABD সমকোণী ত্রিভুজে, $\sin \angle ABD = \frac{AD}{AB}$

বা, $\sin 30° = \frac{10}{AB}$

বা, $\frac{1}{2} = \frac{10}{AB}$

বা, AB = 20

∴ AB বাহুর দৈর্ঘ্য 20 মিটার।

গ এখানে, DC = 10 মিটার, ∠ACD = 45°, ∠BAE = 30°
খ-হতে প্রাপ্ত, ∠ABD = ∠BAE = 30°, AD = 10 মিটার এবং AB = 20 মিটার।

ACD সমকোণী ত্রিভুজে,

$\cos \angle ACD = \frac{DC}{AC}$

বা, $\cos 45° = \frac{10}{AC}$

বা, $\frac{1}{\sqrt{2}} = \frac{10}{AC}$

বা, $AC = 10\sqrt{2}$

বা, AC = 14.1421 (প্রায়)

ABD সমকোণী ত্রিভুজে,

$\tan \angle ABD = \frac{AD}{BD}$

বা, $\tan 30° = \frac{10}{BD}$

বা, $\frac{1}{\sqrt{3}} = \frac{10}{BD}$

বা, $BD = 10\sqrt{3}$

বা, BD = 17.3205 (প্রায়)

BC = BD + DC = (17.3205 + 10) মিটার
= 27.3205 মিটার

Δ ABC এর পরিসীমা = AB + BC + AC
= (20 + 27.3205 + 14.1421) মিটার
= 61.4626 মিটার = 61.46 মিটার (প্রায়)

∴ Δ ABC এর পরিসীমা 61.46 মিটার (প্রায়)।

প্রশ্ন ২১ ▸ কুমিল্লা বোর্ড ২০১৭

একটি খুঁটি ঝড়ে এমনভাবে ভেঙে গেল যে, ভাঙা অংশ দণ্ডায়মান অংশের সাথে 30° কোণ করে খুঁটিটির গোড়া থেকে $6\sqrt{3}$ মিটার দূরে মাটি স্পর্শ করল।

ক. সংক্ষিপ্ত বর্ণনাসহ চিত্রটি আঁক। ২
খ. খুঁটিটির সম্পূর্ণ দৈর্ঘ্য নির্ণয় কর। ৪
গ. খুঁটিটির ভাঙা অংশ দণ্ডায়মান অংশের সাথে 60° কোণ উৎপন্ন করলে খুঁটিটির শীর্ষ গোড়া থেকে কত দূরে ভূমিকে স্পর্শ করবে নির্ণয় কর। ৪

২১নং প্রশ্নের সমাধান

ক ধরি, খুঁটির দৈর্ঘ্য AB = h মিটার। খুঁটিটি BC = x মিটার উচ্চতায় ভেঙে গিয়ে বিচ্ছিন্ন না হয়ে দণ্ডায়মান অংশের সাথে C বিন্দুতে ∠BCD = 30° উৎপন্ন করে খুঁটিটির গোড়া থেকে BD = $6\sqrt{3}$ মিটার দূরে মাটি স্পর্শ করে।



তাহলে, AC = CD = AB – BC = (h – x) মিটার।

www.abswer.com

www.abswer.com

খ 'ক' হতে প্রাপ্ত, $BC = x$ মিটার

$CD = (h - x)$ মিটার

$\angle BCD = 30°$

$AB = h$ মিটার

এখন, BCD সমকোণী ত্রিভুজে,

$\cos \angle BCD = \frac{BC}{CD}$

বা, $\cos 30° = \frac{x}{h - x}$

বা, $\frac{\sqrt{3}}{2} = \frac{x}{h - x}$

বা, $\sqrt{3}\,h - \sqrt{3}\,x = 2x$

বা, $\sqrt{3}\,h = 2x + \sqrt{3}\,x$........(1)

আবার, BCD সমকোণী ত্রিভুজে,

$\tan \angle BCD = \frac{BD}{BC}$

বা, $\tan 30° = \frac{6\sqrt{3}}{x}$

বা, $\frac{1}{\sqrt{3}} = \frac{6\sqrt{3}}{x}$

বা, $x = 6\sqrt{3} \times \sqrt{3}$

বা, $x = 6 \times 3 = 18$ মিটার

(1) নং সমীকরণে x এর মান বসিয়ে পাই,

$\sqrt{3}\,h = 2 \times 18 + \sqrt{3} \times 18$

বা, $\sqrt{3}\,h = 36 + 18\sqrt{3}$

বা, $\sqrt{3}\,h = 36 + 31.1769$

বা, $\sqrt{3}\,h = 67.1769$

বা, $h = \frac{67.1769}{\sqrt{3}} = 38.78$ মিটার (প্রায়)

∴ খুঁটিটির সম্পূর্ণ দৈর্ঘ্য 38.78 মিটার (প্রায়)।

গ 'খ' থেকে পাই, খুঁটিটির সম্পূর্ণ দৈর্ঘ্য $AB = 38.78$ মিটার (প্রায়)।
ধরি, খুঁটিটির BC = x মিটার উচ্চতায় C বিন্দুতে ভাঙা অংশ দণ্ডায়মান অংশের সাথে $\angle BCD = 60°$ করে গোড়া থেকে BD মিটার দূরে ভূমিকে স্পর্শ করেছে।

∴ $CD = AC = AB - BC = (38.78 - x)$ মিটার।

এখন, Δ BCD-সমকোণী ত্রিভুজে,



$\sin \angle BCD = \frac{BD}{CD}$

বা, $\sin 60° = \frac{BD}{38.78 - x}$

বা, $\frac{\sqrt{3}}{2} = \frac{BD}{38.78 - x}$

বা, $BD = \frac{\sqrt{3}\,(48.78 - x)}{2}$ .... (2)

আবার, Δ BCD-সমকোণী ত্রিভুজে,

$\tan \angle BCD = \frac{BD}{BC}$

বা, $\tan 60° = \frac{BD}{x}$

বা, $\sqrt{3} = \frac{BD}{x}$

বা, $\sqrt{3}x = BD$

বা, $\sqrt{3}x = \frac{\sqrt{3}\,(38.78 - x)}{2}$ [(2)নং থেকে BD এর মান বসিয়ে]

বা, $2x = 38.78 - x$

বা, $2x + x = 38.78$

বা, $3x = 38.78$

বা, $x = \frac{38.78}{3} = 12.9267$

সমীকরণ (2) নং এ x এর মান বসিয়ে পাই,

$BD = \frac{\sqrt{3}\,(38.78 - 12.9267)}{2} = \frac{\sqrt{3} \times 25.8533}{2}$

$= 22.3896 = 22.39$ (প্রায়)

∴ খুঁটিটির শীর্ষ গোড়া থেকে 22.39 মিটার (প্রায়) দূরে ভূমিকে স্পর্শ করবে।

প্রশ্ন ২২ ▶ চট্টগ্রাম বোর্ড ২০১০

একটি গাছ ঝড়ে এমনভাবে ভেঙে গেল যে, গাছটির ভাঙা অংশ দণ্ডায়মান অংশের সাথে θ° এবং ভূমির সাথে 60° কোণ করে গাছের গোড়া হতে 15 মিটার দূরে মাটি স্পর্শ করে।

ক. তথ্যের আলোকে সংক্ষিপ্ত বিবরণসহ চিত্র আঁক। ২

খ. প্রমাণ কর যে, $\sin 3\theta = 3 \sin \theta - 4 \sin^3 \theta$. ৪

গ. গাছটির সম্পূর্ণ দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

২২নং প্রশ্নের সমাধান

ক চিত্রে, গাছের সম্পূর্ণ দৈর্ঘ্য $AB = h$ মিটার। গাছটি ঝড়ে ভেঙে সম্পূর্ণ বিচ্ছিন্ন না হয়ে দণ্ডায়মান অংশের সাথে C বিন্দুতে $\angle BCD = \theta$ উৎপন্ন করে এবং ভূমির সাথে D বিন্দুতে $\angle BDC = 60°$ উৎপন্ন করে গাছের গোড়া হতে $BD = 15$ মিটার দূরে মাটি স্পর্শ করে।



ধরি, $BC = x$ মিটার।

$CD = AC = AB - BC = (h - x)$ মিটার।

খ 'ক' এর চিত্র হতে, $AB = h$ মি., $BC = x$ মি., $BD = 15$ মিটার

BCD সমকোণী ত্রিভুজে,

$\tan \angle BDC = \frac{BC}{BD} = \frac{x}{15}$

বা, $\tan 60° = \frac{x}{15}$

বা, $\sqrt{3} = \frac{x}{15}$

∴ $x = 15\sqrt{3}$

আবার, BCD সমকোণী ত্রিভুজে,

$\tan \angle BCD = \frac{BD}{BC}$

বা, $\tan \theta = \frac{15}{15\sqrt{3}}$

বা, $\tan \theta = \frac{1}{\sqrt{3}} = \tan 30°$

∴ $\theta = 30°$

বামপক্ষ $= \sin 3\theta$

$= \sin (3 \times 30°) = \sin 90° = 1$

ডানপক্ষ $= 3 \sin \theta - 4 \sin^3 \theta$

$= 3 \sin 30° - 4 (\sin 30°)^3$

$= 3 \times \frac{1}{2} - 4 \times \left(\frac{1}{2}\right)^3$

$= \frac{3}{2} - 4 \times \frac{1}{8} = \frac{3}{2} - \frac{1}{2} = \frac{3 - 1}{2} = \frac{2}{2} = 1$

∴ $\sin 3\theta = 3 \sin \theta - 4 \sin^3 \theta$. (প্রমাণিত)

গ ক এর চিত্র হতে,

$AB = h$ মিটার, $CD = (h - x)$ মিটার, $\angle BDC = 60°$

'খ' হতে প্রাপ্ত, $BC = x = 15\sqrt{3}$

এখন, BCD সমকোণী ত্রিভুজে,

$\sin \angle BDC = \frac{BC}{CD}$

বা, $\sin 60° = \frac{x}{h - x}$

বা, $\frac{\sqrt{3}}{2} = \frac{x}{h - x}$

বা, $\sqrt{3}\,h - \sqrt{3}\,x = 2x$

বা, $\sqrt{3}\,h = 2x + \sqrt{3}\,x$

বা, $\sqrt{3}\,h = 2 \times 15\sqrt{3} + \sqrt{3} \times 15\sqrt{3}$ [$x = 15\sqrt{3}$ বসিয়ে]

বা, $\sqrt{3}\,h = 30\sqrt{3} + 45$

বা, $\sqrt{3}\,h = 96.961$

বা, $h = \frac{96.961}{\sqrt{3}} = 55.98$ (প্রায়)

∴ সম্পূর্ণ গাছটির দৈর্ঘ্য 55.98 মিটার (প্রায়)।

www.abswer.com

প্রশ্ন ২৩ ▸ সিলেট বোর্ড ২০১৭

21 মিটার লম্বা একটি খুঁটি ভেঙে গিয়ে সম্পূর্ণ বিচ্ছিন্ন না হয়ে ভূমির সাথে 60° কোণ উৎপন্ন করে।

ক. উপরোক্ত তথ্যের আলোকে চিত্র আঁক। ২

খ. খুঁটিটির ভাঙা অংশের দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

গ. খুঁটিটি 7 মিটার উচ্চতায় ভাঙলে, ভূমির সাথে কত ডিগ্রি কোণ উৎপন্ন করবে? ৪

২৩নং প্রশ্নের সমাধান

ক মনে করি, AB = 21 মি. লম্বা একটি খুঁটি BD = x মিটার উচ্চতায় D বিন্দুতে ভেঙে গিয়ে ভূমির সাথে C বিন্দুতে $\angle BCD = 60°$ উৎপন্ন করেছে।



খ এখানে, CD = AD = AB – BD = (21 – x) সে.মি.

'ক' নং চিত্র হতে পাই,

AB = 21 মিটার, $\angle BCD = 60°$, BD = x মিটার

খুঁটির ভাঙা অংশ = AD = CD = (21 – x) মিটার

এখন, BCD সমকোণী ত্রিভুজে,

$\sin\angle BCD = \frac{BD}{CD}$

বা, $\sin 60° = \frac{x}{21-x}$

বা, $\frac{\sqrt{3}}{2} = \frac{x}{21-x}$

বা, $2x = 21\sqrt{3} - \sqrt{3}x$

বা, $2x + \sqrt{3}x = 21\sqrt{3}$

বা, $x(2+\sqrt{3}) = 21\sqrt{3}$

বা, $x = \frac{21\sqrt{3}}{2+\sqrt{3}} = \frac{36.373}{3.732}$

∴ $x = 9.7462$ মি. (প্রায়)

∴ খুঁটিটির ভাঙা অংশের দৈর্ঘ্য = (21 – 9.7462) মিটার

= 11.254 মি. (প্রায়)

∴ খুঁটিটির ভাঙা অংশের দৈর্ঘ্য 11.254 মিটার (প্রায়)।

গ চিত্র অনুযায়ী, AB = 21 মিটার, BD = 7 মিটার

7 মিটার উচ্চতায় ভাঙলে ভাঙা অংশ = CD = AD = AB – BD

= (21 – 7) মি. = 14 মি.

ধরি, ভাঙা অংশ ভূমির সাথে $\angle BCD = \theta$ কোণ উৎপন্ন করে।



BCD সমকোণী ত্রিভুজে,

$\sin\angle BCD = \frac{BD}{CD}$

বা, $\sin\theta = \frac{7}{14}$

বা, $\sin\theta = \frac{1}{2} = \sin 30°$

∴ $\theta = 30°$

∴ ভূমির সাথে 30° কোণ উৎপন্ন করে।

প্রশ্ন ২৪ ▸ দিনাজপুর বোর্ড ২০১৭

P ও Q দুইটি নির্দিষ্ট স্থানের মধ্যবর্তী দূরত্ব 1200 মিটার। R বিন্দুতে অবস্থিত একটি বিমান হতে P ও Q বিন্দুদ্বয়ের অবনতি কোণ যথাক্রমে 60° এবং 30°।

ক. $RS \perp PQ$ হলে $\angle RPS$ ও $\angle QRS$ এর মধ্যকার সম্পর্ক লেখ। ২

খ. বিমানটি ভূমি হতে কত উপরে রয়েছে তা নির্ণয় কর। ৪

গ. PR এবং QR এর দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

২৪নং প্রশ্নের সমাধান

ক এখানে, P ও Q এর মধ্যবর্তী দূরত্ব PQ = 1200 মিটার এবং বিমানটির অবস্থান R বিন্দুতে। R থেকে P এবং Q বিন্দুদ্বয়ের অবনতি কোণ যথাক্রমে $\angle P'RP = \angle RPQ = 60°$ এবং $\angle Q'RQ = \angle RQP = 30°$



অর্থাৎ $\angle RPS = \angle RPQ = 60°$

এবং $\angle RQS = \angle RQP = 30°$

$RS \perp PQ$ হওয়ায় $\angle RSQ = 90°$

ΔRSQ এ,

$\angle RSQ + \angle RQS + \angle QRS = 180°$

বা, $90° + 30° + \angle QRS = 180°$

বা, $120° + \angle QRS = 180°$

বা, $\angle QRS = 180° - 120°$

∴ $\angle QRS = 60°$

∴ $\angle RPS = \angle QRS$

খ 'ক' এর চিত্র হতে, $\angle RPQ = 60°$

এবং $\angle RQP = 30°$

এবং PQ = 1200 মিটার

SP = x হলে, SQ = PQ – SP = 1200 – x

ধরি, ভূমি হতে বিমানটির উচ্চতা SR = h মিটার

এখন, RSP সমকোণী ত্রিভুজে,

$\tan\angle RPS = \frac{RS}{PS}$

বা, $\tan 60° = \frac{h}{x}$

বা, $\sqrt{3} = \frac{h}{x}$

∴ $h = \sqrt{3}x$ .... (1)

আবার, RSQ সমকোণী ত্রিভুজে,

$\tan\angle RQS = \frac{RS}{SQ}$

বা, $\tan 30° = \frac{h}{1200-x}$

বা, $\frac{1}{\sqrt{3}} = \frac{h}{1200-x}$

বা, $\sqrt{3}h = 1200 - x$

বা, $\sqrt{3}(\sqrt{3}x) = 1200 - x$ [$h = \sqrt{3}x$ বসিয়ে]

বা, $3x = 1200 - x$

বা, $3x + x = 1200$

বা, $4x = 1200$

বা, $x = \frac{1200}{4} = 300$ মিটার

(1) নং হতে পাই,

$h = \sqrt{3}x = \sqrt{3} \times 300$

$= 1.73205 \times 300$

$= 519.6$ মিটার (প্রায়)

∴ বিমানটি ভূমি হতে প্রায় 519.6 মিটার উপরে ছিল।

www.abswer.com

গ 'খ' হতে পাই, $SP = x = 300$ মিটার

এবং $SQ = 1200 - x = 1200 - 300 = 900$ মিটার

এখন, RSP সমকোণী ত্রিভুজে,

$\cos \angle RPS = \frac{SP}{PR}$

বা, $\cos 60° = \frac{300}{PR}$

বা, $\frac{1}{2} = \frac{300}{PR}$

$\therefore$ $PR = 600$ মিটার

এবং RSQ সমকোণী ত্রিভুজে,

$\cos \angle RQS = \frac{SQ}{QR}$

বা, $\cos 30° = \frac{900}{QR}$

বা, $\frac{\sqrt{3}}{2} = \frac{900}{QR}$

বা, $\sqrt{3} \times QR = 1800$

বা, $QR = \frac{1800}{\sqrt{3}}$

$= 1039.23$ মিটার (প্রায়)

$\therefore$ PR এবং QR এর দৈর্ঘ্য যথাক্রমে 600 মিটার এবং 1039.23 মিটার (প্রায়)।

প্রশ্ন ২৫ ▶ ঢাকা বোর্ড ২০১৬

একটি গাছ ঝড়ে এমনভাবে ভেঙে গেল যেন ভাঙা অংশ দণ্ডায়মান অংশের সাথে 60° কোণ উৎপন্ন করে গাছের গোড়া থেকে $15\sqrt{3}$ মিটার দূরে মাটি স্পর্শ করেছে।

ক. উপরোক্ত বর্ণনাটি চিত্রের মাধ্যমে দেখাও। ২

খ. সম্পূর্ণ গাছের দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

গ. ভাঙা অংশ দণ্ডায়মান অংশের সাথে 30° কোণ উৎপন্ন করলে, ভাঙা অংশের দৈর্ঘ্য কত? ৪

২৫নং প্রশ্নের সমাধান

ক এখানে, AB গাছটি BC উচ্চতায় C বিন্দুতে ভেঙ্গে গিয়ে সম্পূর্ণ বিচ্ছিন্ন না হয়ে দণ্ডায়মান অংশের সাথে $\angle BCD = 60°$ কোণ উৎপন্ন করে গাছের গোড়া থেকে $BD = 15\sqrt{3}$ মিটার দূরে মাটি স্পর্শ করে।



খ মনে করি, গাছের দৈর্ঘ্য AB। গাছটি BC উচ্চতায় C বিন্দুতে ভেঙ্গে গিয়ে সম্পূর্ণ বিচ্ছিন্ন না হয়ে দণ্ডায়মান অংশের সাথে $\angle BCD = 60°$ কোণ উৎপন্ন করে গাছের গোড়া থেকে $BD = 15\sqrt{3}$ মিটার দূরে মাটি স্পর্শ করে।



এখানে, $CD = AC = AB - BC$

BCD সমকোণী ত্রিভুজে,

$\tan \angle BCD = \frac{BD}{BC}$

বা, $\tan 60° = \frac{15\sqrt{3}}{BC}$

বা, $\sqrt{3} = \frac{15\sqrt{3}}{BC}$

বা, $\sqrt{3}BC = 15\sqrt{3}$

বা, $BC = \frac{15\sqrt{3}}{\sqrt{3}}$

বা, $BC = 15$

আবার, BCD সমকোণী ত্রিভুজে,

$\sin \angle BCD = \frac{BD}{CD}$

বা, $\sin 60° = \frac{15\sqrt{3}}{AB - BC}$

বা, $\frac{\sqrt{3}}{2} = \frac{15\sqrt{3}}{AB - 15}$

বা, $\sqrt{3}(AB - 15) = 30\sqrt{3}$

বা, $AB - 15 = \frac{30\sqrt{3}}{\sqrt{3}}$

বা, $AB - 15 = 30$

বা, $AB = 30 + 15 = 45$

$\therefore$ সম্পূর্ণ গাছের দৈর্ঘ্য 45 মিটার।

গ খ-হতে প্রাপ্ত,

সম্পূর্ণ গাছের দৈর্ঘ্য $AB = 45$ মিটার। ধরি, গাছটি $BC = x$ উচ্চতায় C বিন্দুতে ভেঙে গিয়ে সম্পূর্ণ বিচ্ছিন্ন না হয়ে দণ্ডায়মান অংশের সাথে $\angle BCD = 30°$ কোণ উৎপন্ন করে।



এখানে, $CD = AC = AB - BC = (45 - x)$ মিটার

BCD সমকোণী ত্রিভুজে,

$\cos \angle BCD = \frac{BC}{CD}$

বা, $\cos 30° = \frac{x}{45 - x}$

বা, $\frac{\sqrt{3}}{2} = \frac{x}{45 - x}$

বা, $2x = 45\sqrt{3} - \sqrt{3}x$

বা, $2x + \sqrt{3}x = 45\sqrt{3}$

বা, $x(2 + \sqrt{3}) = 45\sqrt{3}$

বা, $x = \frac{45\sqrt{3}}{2 + \sqrt{3}} = 20.88457$ (প্রায়)

$AC = (45 - x)$ মিটার

$= (45 - 20.88457)$ মিটার $= 24.115$ মিটার (প্রায়)

$\therefore$ ভাঙা অংশের দৈর্ঘ্য 24.115 মিটার (প্রায়)।

প্রশ্ন ২৬ ▶ চট্টগ্রাম বোর্ড ২০১৬

একটি দালানের ছাদের পাদদেশ থেকে 60 মিটার দূরের ভূতলস্থ কোনো বিন্দুতে ছাদের উন্নতি কোণ 60°। ঐ বিন্দু হতে x মিটার পেছনে গেলে ছাদের উন্নতি কোণ 45° হয়।

ক. উপরের তথ্যের প্রেক্ষিতে সংক্ষিপ্ত বিবরণসহ চিত্রটি আঁক। ২

খ. দালানের উচ্চতা নির্ণয় কর। ৪

গ. x এর মান নির্ণয় কর এবং পেছনের বিন্দু হতে দালানের শীর্ষবিন্দুর দূরত্ব নির্ণয় কর। ৪

২৬নং প্রশ্নের সমাধান

ক মনে করি, AB একটি দালান। AB দালানের ছাদের পাদদেশ B থেকে 60 মিটার দূরের ভূতলস্থ C বিন্দুতে ছাদের উন্নতি কোণ $\angle ACB = 60°$। C বিন্দু হতে x মিটার পেছনের দিকে গেলে ছাদের উন্নতি কোণ $\angle ADB = 45°$।



খ এখানে, দালানের উচ্চতা AB, $BC = 60$ মিটার এবং $\angle ACB = 60°$.



ABC সমকোণী ত্রিভুজে,

$\tan \angle ACB = \frac{AB}{BC}$

বা, $\tan 60° = \frac{AB}{60}$

বা, $\sqrt{3} = \frac{AB}{60}$

বা, $AB = 60\sqrt{3}$

বা, $AB = 103.923$ (প্রায়)

$\therefore$ দালানের উচ্চতা 103.923 মিটার (প্রায়)।

www.abswer.com

www.abswer.com

গ খ-হতে প্রাপ্ত, দালানের উচ্চতা $AB = 103{\cdot}923$ মিটার (প্রায়)

এখানে, $BC = 60$ মিটার

$CD = x$ মিটার

$BD = BC + CD$

$= (60 + x)$ মিটার

$\angle ACB = 60°$

এবং $\angle ADB = 45°$



ADB সমকোণী ত্রিভুজে,

$\tan \angle ADB = \frac{AB}{BD}$

বা, $\tan 45° = \frac{103{\cdot}923}{60 + x}$

বা, $1 = \frac{103{\cdot}923}{60 + x}$

বা, $60 + x = 103{\cdot}923$

বা, $x = 103{\cdot}923 - 60$

আবার, ADB সমকোণী ত্রিভুজে,

$\sin \angle ADB = \frac{AB}{AD}$

বা, $\sin 45° = \frac{103{\cdot}923}{AD}$

বা, $\frac{1}{\sqrt{2}} = \frac{103{\cdot}923}{AD}$

বা, $AD = 103{\cdot}923 \times \sqrt{2}$

$\therefore$ $AD = 146{\cdot}969$ (প্রায়)

$\therefore$ $x = 43{\cdot}923$

$\therefore$ x এর মান 43·923 মিটার (প্রায়) এবং পেছনের বিন্দু থেকে দালানের শীর্ষবিন্দুর দূরত্ব 146·969 মিটার (প্রায়)।

প্রশ্ন ২৭ ▸ রাজশাহী বোর্ড ২০১৫

একটি টাওয়ারের পাদবিন্দু থেকে কিছু দূরে ভূতলস্থ একটি বিন্দুতে টাওয়ারের শীর্ষের উন্নতি কোণ 30°। ঐ বিন্দু থেকে টাওয়ারের দিকে 20 মিটার এগিয়ে আসলে টাওয়ারের উন্নতি কোণ 60° হয়।

ক. তথ্য অনুযায়ী চিত্রটি অঙ্কন কর। ২

খ. টাওয়ারের উচ্চতা নির্ণয় কর। ৪

গ. টাওয়ারের শীর্ষবিন্দু ও ভূতলস্থ প্রথম বিন্দুটির দূরত্ব নির্ণয় কর। ৪

২৭নং প্রশ্নের সমাধান

ক এখানে, টাওয়ারের উচ্চতা $AB = h$ মিটার। AB টাওয়ারের পাদবিন্দু থেকে কিছু দূরে ভূতলস্থ C বিন্দুতে টাওয়ারের শীর্ষের উন্নতি কোণ $\angle ACB = 30°$। C বিন্দু থেকে টাওয়ারের দিকে $CD = 20$ মিটার এগিয়ে আসলে টাওয়ারের শীর্ষের উন্নতি কোণ $\angle ADB = 60°$ হয়।



খ এখানে, $AB = h$ মিটার, $\angle ACB = 30°$, $\angle ADB = 60°$, $CD = 20$ মিটার

ধরি, $BD = x$ মিটার

$\therefore$ $BC = BD + CD = (x + 20)$ মিটার

এখন ABC সমকোণী ত্রিভুজে,

$\tan \angle ACB = \frac{AB}{BC}$

বা, $\tan 30° = \frac{h}{x + 20}$

বা, $\frac{1}{\sqrt{3}} = \frac{h}{x + 20}$

বা, $\sqrt{3}h = x + 20$

বা, $x = \sqrt{3}h - 20$ .... (1)

আবার, ADB সমকোণী ত্রিভুজে,

$\tan \angle ADB = \frac{AB}{BD}$

বা, $\tan 60° = \frac{h}{x}$

বা, $\sqrt{3} = \frac{h}{x}$

বা, $h = \sqrt{3}\,x$

বা, $h = \sqrt{3}\,(\sqrt{3}\,h - 20)$

[(1)নং হতে x এর মান বসিয়ে]

বা, $h = 3h - 20\sqrt{3}$

বা, $3h - h = 20\sqrt{3}$

বা, $2h = 20\sqrt{3}$

বা, $h = \frac{20\sqrt{3}}{2} = 10\sqrt{3} = 17{\cdot}32$ (প্রায়)

$\therefore$ টাওয়ারের উচ্চতা 17·32 মিটার (প্রায়)।

গ এখানে, $\angle ACB = 30°$

টাওয়ারের শীর্ষবিন্দু ও ভূতলস্থ প্রথম বিন্দুর দূরত্ব = AC

খ-হতে প্রাপ্ত, টাওয়ারের উচ্চতা $AB = 17{\cdot}32$ মিটার (প্রায়)

এখন, ABC সমকোণী ত্রিভুজে,

$\sin \angle ACB = \frac{AB}{AC}$

বা, $\sin 30° = \frac{17{\cdot}32}{AC}$

বা, $\frac{1}{2} = \frac{17{\cdot}32}{AC}$

বা, $AC = 34{\cdot}64$

$\therefore$ টাওয়ারের শীর্ষবিন্দু ও ভূতলস্থ প্রথম বিন্দুটির দূরত্ব 34·64 মিটার (প্রায়)।

প্রশ্ন ২৮ ▸ সিলেট বোর্ড ২০১৫

একটি বৈদ্যুতিক খুঁটি ঝড়ে এমনভাবে ভেঙে গেল যে, ভাঙা অংশ দণ্ডায়মান অংশের সাথে 60° কোণ করে খুঁটির গোড়া থেকে 24 মি. দূরে মাটি স্পর্শ করে।

ক. উদ্দীপকের তথ্যানুসারে চিত্রটি আঁক ও ব্যাখ্যা কর। ২

খ. খুঁটিটি কত উচ্চতায় ভেঙেছিল তা বের কর। ৪

গ. সম্পূর্ণ খুঁটির দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

২৮নং প্রশ্নের সমাধান

ক মনে করি, বৈদ্যুতিক খুঁটির সম্পূর্ণ দৈর্ঘ্য $AB = h$ মিটার। খুঁটিটি $BC = x$ মিটার উচ্চতায় ভেঙে গিয়ে সম্পূর্ণ বিচ্ছিন্ন না হয়ে ভাঙা অংশ দণ্ডায়মান অংশের সাথে $\angle BCD = 60°$ উৎপন্ন করে খুঁটিটির গোড়া থেকে $BD = 24$ মিটার দূরে মাটি স্পর্শ করে।



এখানে, $CD = AC = AB - BC = (h - x)$ মিটার।

খ ক-হতে প্রাপ্ত, $BC = x$ মিটার, $BD = 24$ মিটার এবং $\angle BCD = 60°$

BCD সমকোণী ত্রিভুজে, $\tan \angle BCD = \frac{BD}{BC}$

বা, $\tan 60° = \frac{24}{x}$

বা, $\sqrt{3} = \frac{24}{x}$

বা, $x\sqrt{3} = 24$

বা, $x = \frac{24}{\sqrt{3}} = 13.856$ (প্রায়)

$\therefore$ খুঁটিটি ভেঙেছিল 13.856 মিটার (প্রায়) উচ্চতায়।

গ ক-হতে প্রাপ্ত, সম্পূর্ণ খুটির দৈর্ঘ্য $AB = h$ মিটার,

$BD = 24$ মিটার, $CD = (h - x)$ মিটার এবং $\angle BCD = 60°$

খ-হতে প্রাপ্ত, $x = 13.856$ মিটার (প্রায়)

BCD সমকোণী ত্রিভুজে,

$\sin \angle BCD = \frac{BD}{CD}$

বা, $\sin 60° = \frac{BD}{h - x}$

বা, $\frac{\sqrt{3}}{2} = \frac{24}{h - 13.856}$

বা, $\sqrt{3}\,(h - 13.856) = 48$

বা, $h - 13.856 = \frac{48}{\sqrt{3}}$

বা, $h - 13.856 = 27.7128$

বা, $h = 27.7128 + 13.856 = 41.569$ (প্রায়)

$\therefore$ সম্পূর্ণ খুঁটির দৈর্ঘ্য 41.569 মিটার (প্রায়)।

www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ২৯ ▸ বরিশাল বোর্ড ২০১৫

একটি সুপারি গাছ ঝড়ে এমনভাবে ভেঙে গেল যেন ভাঙা অংশ দণ্ডায়মান অংশের সাথে 60° কোণ করে গাছের গোড়া থেকে 24 মিটার দূরে মাটি স্পর্শ করে। ৪ মিটার লম্বা একটি মই ভূমির সাথে 60° কোণ করে গাছের দণ্ডায়মান অংশের সাথে ঠেস দেওয়া হলো।

ক. তথ্যগুলো চিত্রের মাধ্যমে প্রকাশ কর। ২

খ. সুপারি গাছটির সম্পূর্ণ দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

গ. মই সুপারি গাছের দণ্ডায়মান অংশের যে বিন্দুতে ঠেস দেওয়া আছে তার উপরের দণ্ডায়মান অংশের দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

২৯নং প্রশ্নের সমাধান

ক মনে করি, সুপারি গাছটির সম্পূর্ণ দৈর্ঘ্য AB = h মিটার। সুপারি গাছটি BC = x মিটার উচ্চতায় ভেঙে গিয়ে সম্পূর্ণ বিচ্ছিন্ন না হয়ে ভাঙা অংশ দণ্ডায়মান অংশের সাথে $\angle BCD = 60°$ কোণ উৎপন্ন করে গাছের গোড়া থেকে BD = 24 মিটার দূরে মাটি স্পর্শ করে।



এখানে, $CD = AC = AB - BC = (h - x)$ মিটার।
মইয়ের দৈর্ঘ্য EF = 8 মিটার। মইটি ভূমির সাথে $\angle BEF = 60°$ কোণ করে গাছের দণ্ডায়মান অংশের সাথে ঠেস দিয়ে আছে।

খ ক-হতে প্রাপ্ত,

BCD সমকোণী ত্রিভুজে,

$\tan \angle BCD = \frac{BD}{BC}$

বা, $\tan 60° = \frac{24}{x}$

বা, $\sqrt{3} = \frac{24}{x}$

বা, $\sqrt{3}x = 24$

বা, $x = \frac{24}{\sqrt{3}} = 8\sqrt{3}$

আবার, BCD সমকোণী ত্রিভুজে,

$\sin \angle BCD = \frac{BD}{CD}$

বা, $\sin 60° = \frac{24}{h - x}$

বা, $\frac{\sqrt{3}}{2} = \frac{24}{h - 8\sqrt{3}}$

বা, $\sqrt{3}h - 24 = 48$

বা, $\sqrt{3}h = 48 + 24 = 72$

বা, $h = \frac{72}{\sqrt{3}} = 24\sqrt{3} = 41.569$ (প্রায়)

∴ সুপারি গাছটির সম্পূর্ণ দৈর্ঘ্য 41.569 মিটার (প্রায়)।

গ BEF সমকোণী ত্রিভুজে,

$\sin \angle BEF = \frac{BF}{EF}$

বা, $\sin 60° = \frac{BF}{8}$

বা, $\frac{\sqrt{3}}{2} = \frac{BF}{8}$

বা, $2BF = 8\sqrt{3}$

বা, $BF = \frac{8\sqrt{3}}{2} = 4\sqrt{3} = 6.9282$

∴ $FC = BC - BF$

$= 8\sqrt{3} - 6.9282$ [খ-হতে BC = x = $8\sqrt{3}$]

$= 13.8564 - 6.9282 = 6.928$ (প্রায়)

∴ মইটি সুপারি গাছের দণ্ডায়মান অংশের যে বিন্দুতে ঠেস দেওয়া আছে তার উপরের দণ্ডায়মান অংশের দৈর্ঘ্য 6.928 মিটার (প্রায়)।

শীর্ষস্থানীয় স্কুলসমূহের টেস্ট পরীক্ষার সৃজনশীল প্রশ্ন ও সমাধান — মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক নির্বাচিত

প্রশ্ন ৩০ ▸ আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা

দুইটি মাইলপোস্ট A ও B এর মধ্যবর্তী কোনো স্থানে একটি টাওয়ার অবস্থিত। টাওয়ারটির শীর্ষ হতে A ও B এর অবনতি কোণ যথাক্রমে 30° ও 60°।

ক. সংক্ষিপ্ত বিবরণসহ উদ্দীপকের আলোকে চিত্র অঙ্কন কর। ২

খ. টাওয়ারটির উচ্চতা নির্ণয় কর। ৪

গ. টাওয়ারটির শীর্ষ থেকে A ও B এর সরাসরি দূরত্বের পার্থক্য নির্ণয় কর। ৪

৩০নং প্রশ্নের সমাধান

ক মনে করি, C বিন্দু টাওয়ারের শীর্ষ নির্দেশ করে। C বিন্দুতে A ও B এর অবনতি কোণ যথাক্রমে 30° ও 60°.



∴ $\angle A'CA = \angle CAB = 30°$

$\angle B'CB = \angle CBA = 60°$

এখানে, AB = 1 মাইল

= 1.61 কি.মি.

= (1.61 × 1000) মিটার = 1610 মিটার

খ মনে করি, টাওয়ারের উচ্চতা CM = h মি. এবং AM = x মি.

AB = 1610 মিটার

∴ $BM = AB - AM = (1610 - x)$ মিটার

$\angle CAM = \angle A'CA = 30°$

$\angle CBM = \angle B'CB = 60°$



(গ) $3x + 2y = 5$ এবং $6x + 4y = 1$ (ঘ) $x - y = 1$ এবং $5x - 5y = 3$

▸▸ তথ্য/ব্যাখ্যা : $a_1x + b_1y = c_1$ এবং $a_2x + b_2y = c_2$ সমীকরণজোট সমঞ্জস হবে যদি $\frac{a_1}{a_2} \neq \frac{b_1}{b_2}$ হয়।

৬২. নিচের কোন সমীকরণজোটটি নির্ভরশীল? (সহজমান)

(ক) $2x + 5y = 3$ এবং $5x + y = 1$ (খ) $2x + y = 3$ এবং $4x + 2y = 6$
(গ) $x - y = 1$ এবং $5x + 6y = 1$ (ঘ) $x + 3y = 1$ এবং $x + 2y = 1$

▸▸ তথ্য/ব্যাখ্যা : $a_1x + b_1y = c_1$ এবং $a_2x + b_2y = c_2$ সমীকরণজোট নির্ভরশীল হবে যদি $\frac{a_1}{a_2} = \frac{b_1}{b_2} = \frac{c_1}{c_2}$ হয়।

উত্তরের শুদ্ধতা/ নির্ভুলতা যাচাই করো

৪৩	গ	৪৪	ঘ	৪৫	খ	৪৬	ক	৪৭	ঘ	৪৮	গ	৪৯	গ	৫০	গ	৫১	ক	৫২	গ
৫৩	ক	৫৪	ক	৫৫	ঘ	৫৬	ক	৫৭	খ	৫৮	ক	৫৯	ঘ	৬০	ঘ	৬১	ক	৬২	খ

www.abswer.com

www.abswer.com

৬৩. $13x + 5y = 2$ এবং $13x + 5y = 3$ সমীকরণজোটটির সমাধান— (মধ্যমান)

ⓚ একটি ⓚ দুইটি
ⓖ অসংখ্য ⓖ নেই

>> তথ্য/ব্যাখ্যা : $a_1x + b_1y = c_1$ এবং $a_2x + b_2y = c_2$ সমীকরণজোটে $\frac{a_1}{a_2} = \frac{b_1}{b_2} \neq \frac{c_1}{c_2}$ হলে, এর সমাধান বিদ্যমান নেই।

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

৬৪. $2x + y = 12; x - y = 3$ সমীকরণ জোটটি—
i. সমঞ্জস
ii. অনির্ভরশীল
iii. নির্ভরশীল
নিচের কোনটি সঠিক? (কঠিনমান)
ⓚ i, ii ও iii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i ও ii

৬৫. $2x + y = 12, x - y = 3$ সমীকরণ জোটটি—
i. সমঞ্জস
ii. অনন্য
iii. অসংখ্য সমাধান আছে
নিচের কোনটি সঠিক? (মধ্যমান)
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৬৬. $a_1x + b_1y = c_1$ এবং $a_2x + b_2y = c_2$ সমীকরণজোটে $\frac{a_1}{a_2} = \frac{b_1}{b_2} = \frac{c_1}{c_2}$ হলে, সমীকরণজোটটি— (সহজমান)
i. সমঞ্জস
ii. অসমঞ্জস
iii. নির্ভরশীল
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii ⓖ i ও iii ⓖ ii ও iii

৬৭. $2x + y = 12, x - y = 3$ সমীকরণ জোট—
i. সমঞ্জস
ii. অনির্ভরশীল
iii. নির্ভরশীল
নিচের কোনটি সঠিক? (কঠিনমান)
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৬৮. $x + 3y = 1$
$2x + 6y = 2$
উপরে উল্লিখিত সমীকরণ জোট—
i. সমঞ্জস
ii. পরস্পর অনির্ভরশীল
iii. অসংখ্য সমাধান আছে
নিচের কোনটি সঠিক? (মধ্যমান)
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৬৯. $3x - 5y = 7, 6x - 10y = 15$ হলে সমীকরণ জোট—
i. সমঞ্জস ও নির্ভরশীল
ii. অসমঞ্জস ও অনির্ভরশীল
iii. অসংখ্য সমাধান বিদ্যমান
নিচের কোনটি সঠিক? (মধ্যমান)
ⓚ i ⓚ ii ⓖ iii ⓖ i, ii ও iii

৭০. $2x + 3y = 5, 3x + 2y = 6$ সমীকরণ জোটটি—
i. পরস্পর অনির্ভরশীল
ii. সমঞ্জস
iii. এর অসংখ্য সমাধান রয়েছে
নিচের কোনটি সঠিক? (মধ্যমান)
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন

■ $a_1x + b_1y = c_1$
এবং $a_2x + b_2y = c_2$ একটি সমীকরণজোট।
উপরের তথ্যের ভিত্তিতে ৭১ ও ৭২ নং প্রশ্নের উত্তর দাও :

৭১. সমীকরণজোটটিতে চলক কয়টি?
ⓚ একটি ⓚ দুইটি
ⓖ চারটি ⓖ অসংখ্য

৭২. সমীকরণজোটটি নির্ভরশীল হবে কোন শর্তে?
ⓚ $\frac{a_1}{a_2} = \frac{b_1}{b_2}$ ⓚ $\frac{a_1}{a_2} \neq \frac{b_1}{b_2}$
ⓖ $\frac{a_1}{a_2} = \frac{b_1}{b_2} = \frac{c_1}{c_2}$ ⓖ $\frac{a_1}{a_2} \neq \frac{b_1}{b_2} \neq \frac{c_1}{c_2}$

■ $2x + 5y = 7$
এবং $9x + 3y = 12$ একটি সরল সমীকরণজোট।
উপরের তথ্যের ভিত্তিতে ৭৩ – ৭৫ নং প্রশ্নের উত্তর দাও :

৭৩. সমীকরণজোটটির কয়টি সমাধান আছে?
ⓚ একটি ⓚ দুইটি
ⓖ তিনটি ⓖ অসংখ্য

৭৪. সমীকরণজোটটিতে x এর সহগদ্বয়ের অনুপাত কত?
ⓚ 2 ⓚ $\frac{2}{9}$
ⓖ $\frac{9}{5}$ ⓖ $\frac{2}{3}$

>> তথ্য/ব্যাখ্যা : এখানে, $\frac{2}{9} \neq \frac{5}{3}$
∴ সমীকরণ জোটটির একটি মাত্র সমাধান আছে।

৭৫. সমীকরণজোটটি—
i. সমঞ্জস
ii. অসমঞ্জস
iii. অনির্ভরশীল
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii ⓖ i ও iii ⓖ ii ও iii

■ $p_1x + q_1y = r_1$
এবং $p_2x + q_2y = r_2$ সমীকরণজোটে $\frac{p_1}{p_2} \neq \frac{q_1}{q_2}$
উপরের তথ্যের ভিত্তিতে ৭৬ ও ৭৭ নং প্রশ্নের উত্তর দাও :

৭৬. সমীকরণজোটটির কয়টি সমাধান আছে?
ⓚ একটি ⓚ দুইটি
ⓖ চারটি ⓖ অসংখ্য

৭৭. সমীকরণজোটি—
i. নির্ভরশীল
ii. অনির্ভরশীল
iii. সমঞ্জস
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii ⓖ i ও iii ⓖ ii ও iii

উত্তরের শুদ্ধতা/নির্ভুলতা যাচাই করো

৬৩	ঘ	৬৪	ঘ	৬৫	ক	৬৬	গ	৬৭	ক	৬৮	খ	৬৯	খ	৭০	ক	৭১	খ	৭২	গ	৭৩	ক	৭৪	খ	৭৫	গ	৭৬	ক	৭৭	ঘ

www.abswer.com

www.abswer.com

সৃজনশীল অংশ — CREATIVE SECTION

প্রিয় শিক্ষার্থী, সৃজনশীল অংশে তোমাদের সেরা প্রস্তুতির জন্য এসএসসি পরীক্ষার প্রশ্ন ও সমাধানের পাশাপাশি সেরা স্কুলের টেস্ট পরীক্ষার প্রশ্ন, মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত প্রশ্ন, অনুশীলনমূলক কাজ নির্ভর এবং সমন্বিত অধ্যায়ের প্রশ্ন ও সমাধান সংযোজন করা হয়েছে।

মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত সৃজনশীল প্রশ্ন ও সমাধান — শিখনফলের ধারায় প্রণীত

শিখনফল ১ : দুই চলকবিশিষ্ট সরল সহসমীকরণের সঙ্গতি যাচাই করতে পারব।

প্রশ্ন ১ ▶ পাঠ্যবইয়ের শিখনফল ১-এর আলোকে প্রণীত

$3x + 5y = 40$

এবং $2x + 15y = 50$ একটি সমীকরণ জোট।

ক. সমীকরণ জোটটির ধ্রুবক পদদ্বয়ের অনুপাত কত? ২

খ. সমীকরণ জোটটি সমঞ্জস কি-না নির্ণয় কর। ৪

গ. দেখাও যে, সমীকরণ জোটটির অনন্য (একটিমাত্র) সমাধান আছে। ৪

১নং প্রশ্নের সমাধান

ক প্রদত্ত সমীকরণ জোট, $3x + 5y = 40$ এবং $2x + 15y = 50$

∴ ধ্রুবক পদদ্বয়ের অনুপাত $= \frac{40}{50} = \frac{4}{5}$

∴ ধ্রুবক পদদ্বয়ের অনুপাত $\frac{4}{5}$.

খ প্রদত্ত সমীকরণ জোট, $3x + 5y = 40$ এবং $2x + 15y = 50$

সমীকরণ জোটটির x-এর সহগদ্বয়ের অনুপাত $= \frac{3}{2}$

y এর সহগদ্বয়ের অনুপাত $= \frac{5}{15} = \frac{1}{3}$

এখানে, $\frac{3}{2} \neq \frac{5}{15}$

সুতরাং সমীকরণ জোটটি সমঞ্জস।

গ প্রদত্ত সমীকরণ জোট, $3x + 5y = 40$ এবং $2x + 15y = 50$

∴ সমীকরণ জোটটির x-এর সহগদ্বয়ের অনুপাত $= \frac{3}{2}$

এবং y-এর সহগদ্বয়ের অনুপাত $= \frac{5}{15}$

খ-হতে প্রাপ্ত, $\frac{3}{2} \neq \frac{5}{15}$

সুতরাং সমীকরণ জোটটির অনন্য (একটিমাত্র) সমাধান আছে। (দেখানো হলো)

শিখনফল ২ : দুই চলকবিশিষ্ট দুইটি সমীকরণের পরস্পর নির্ভরশীলতা যাচাই করতে পারব।

প্রশ্ন ২ ▶ পাঠ্যবইয়ের শিখনফল ২-এর আলোকে প্রণীত

$3x + 5y = 7$

এবং $6x + 10y = 15$ দুইটি দুই চলকবিশিষ্ট সরল সমীকরণ।

ক. সমীকরণ জোটটির x-এর সহগদ্বয়ের সমষ্টি কত? ২

খ. দেখাও যে, সমীকরণ জোটটির x এবং y-এর সহগদ্বয়ের অনুপাত সমান। ৪

গ. সমীকরণ জোটটির সমাধান আছে কি-না? নির্ণয় কর। ৪

২নং প্রশ্নের সমাধান

ক প্রদত্ত সমীকরণ জোট, $3x + 5y = 7$ এবং $6x + 10y = 15$

∴ সমীকরণ জোটটির x এর সহগদ্বয়ের সমষ্টি $= 3 + 6 = 9$

∴ সমীকরণ জোটটির x এর সহগদ্বয়ের সমষ্টি 9।

খ প্রদত্ত সমীকরণ জোট, $3x + 5y = 7$ এবং $6x + 10y = 15$

∴ সমীকরণজোটটির x এর সহগদ্বয়ের অনুপাত $= \frac{3}{6} = \frac{1}{2}$

এবং y-এর সহগদ্বয়ের অনুপাত $= \frac{5}{10} = \frac{1}{2}$

এখানে, $\frac{3}{6} = \frac{5}{10}$

∴ সমীকরণজোটটির x এবং y এর সহগদ্বয়ের অনুপাত সমান। (দেখানো হলো)

গ প্রদত্ত সমীকরণ জোট, $3x + 5y = 7$ এবং $6x + 10y = 15$

∴ সমীকরণজোটটির x এর সহগদ্বয়ের অনুপাত $= \frac{3}{6} = \frac{1}{2}$

এবং y-এর সহগদ্বয়ের অনুপাত $= \frac{5}{10} = \frac{1}{2}$

ধ্রুবক পদদ্বয়ের অনুপাত $= \frac{7}{15}$

এখানে, $\frac{3}{6} = \frac{5}{10} \neq \frac{7}{15}$

∴ সমীকরণ জোটটির কোনো সমাধান নেই।

সমন্বিত অধ্যায় ও অনুশীলনমূলক কাজ নির্ভর সৃজনশীল প্রশ্ন ও সমাধান — নতুন পাঠ্যবইয়ের আলোকে প্রণীত

প্রশ্ন ৩ ▶ অনুশীলনী ১২.১ ও ১২.২ এর সমন্বয়ে প্রণীত

$26x + 6y = 38$

এবং $8x + 3y = 14$ দুই চলকবিশিষ্ট সমীকরণ জোট।

ক. সমীকরণজোটটির ধ্রুবক পদদ্বয়ের সমষ্টি কত? ২

খ. সমীকরণজোটটি সমঞ্জস ও নির্ভরশীল কি-না? নির্ণয় কর। ৪

গ. সমীকরণজোটটি প্রতিস্থাপন পদ্ধতিতে সমাধান কর। ৪

৩নং প্রশ্নের সমাধান

ক প্রদত্ত সমীকরণজোট, $26x + 6y = 38$ এবং $8x + 3y = 14$

∴ সমীকরণজোটটির ধ্রুবক পদদ্বয়ের সমষ্টি $= 38 + 14 = 52$

খ প্রদত্ত সমীকরণজোট, $26x + 6y = 38$

এবং $8x + 3y = 14$

∴ সমীকরণজোটটির x এর সহগদ্বয়ের অনুপাত $= \frac{26}{8} = \frac{13}{4}$

y-এর সহগদ্বয়ের অনুপাত $= \frac{6}{3} = 2$

এখানে, $\frac{26}{8} \neq \frac{6}{3}$

∴ সমীকরণজোটটি সমঞ্জস ও অনির্ভরশীল।

গ প্রদত্ত সমীকরণজোট, $26x + 6y = 38$ .... (1)

এবং $8x + 3y = 14$ .... (2)

(1) নং সমীকরণ হতে পাই, $6y = 38 - 26x$

বা, $y = \frac{38 - 26x}{6}$ .... (3)

(2) নং সমীকরণে $y = \frac{38 - 26x}{6}$ বসিয়ে পাই,

$8x + 3.\frac{38 - 26x}{6} = 14$

বা, $8x + \frac{38x - 26}{2} = 14$

www.abswer.com

www.abswer.com

বা, $\frac{16x + 38x - 26}{2} = 14$ বা, $\frac{54x - 26}{2} = 14$

বা, $54x - 26 = 28$ বা, $54x = 28 + 26 = 54$ বা, $x = \frac{54}{54}$ ∴ $x = 1$

(3) নং এ x এর মান বসিয়ে পাই, $y = \frac{38 - 26.1}{6} = \frac{38 - 26}{6} = \frac{12}{6} = 2$

নির্ণেয় সমাধান $(x, y) = (1, 2)$.

প্রশ্ন ৪ ▸ পাঠ্যবইয়ের ২২৮ পৃষ্ঠার কাজের আলোকে প্রণীত

$x - 2y + 1 = 0$ এবং $2x + y - 3 = 0$ সমীকরণ দুইটি লক্ষ কর।

ক. সমীকরণ দুইটি কত চলকবিশিষ্ট সমীকরণ? ২

খ. সমীকরণ জোটটি সমঞ্জস কি-না, পরস্পর নির্ভরশীল কি-না যাচাই কর এবং সমীকরণ জোটটির কয়টি সমাধান থাকতে পারে তা নির্দেশ কর। ৪

গ. সমীকরণ জোটটির সমাধান নির্ণয় কর। ৪

৪নং প্রশ্নের সমাধান

ক প্রদত্ত সমীকরণদ্বয় $x - 2y + 1 = 0$ এবং $2x + y - 3 = 0$ হচ্ছে দুই চলকবিশিষ্ট সমীকরণ।

খ প্রদত্ত সমীকরণ জোট : $\begin{rcases} x - 2y + 1 = 0 \\ 2x + y - 3 = 0 \end{rcases}$

x-এর সহগদ্বয়ের অনুপাত $\frac{1}{2}$

y-এর সহগদ্বয়ের অনুপাত $\frac{-2}{1}$ ধ্রুবক পদদ্বয়ের অনুপাত $\frac{-1}{3}$

আমরা পাই, $\frac{1}{2} \neq \frac{-2}{1}$

অতএব সমীকরণ জোটটি সমঞ্জস ও পরস্পর অনির্ভরশীল। সমীকরণ জোটটির একটি মাত্র (অনন্য) সমাধান আছে।

গ প্রদত্ত সমীকরণ, $x - 2y + 1 = 0$ ....(1)

এবং $2x + y - 3 = 0$ .... (2)

(2) নং হতে পাই, $y = 3 - 2x$ .... (3)

(1) নং এ y-এর মান বসিয়ে,
$x - 2(3 - 2x) + 1 = 0$
বা, $x - 6 + 4x + 1 = 0$
বা, $5x - 5 = 0$
বা, $5x = 5$ বা, $x = \frac{5}{5}$ ∴ $x = 1$

(3) নং এ x এর মান বসিয়ে,
$y = 3 - 2.1$
বা, $y = 3 - 2$
∴ $y = 1$

নির্ণেয় সমাধান : $(x, y) = (1, 1)$.

অধিক অনুশীলনের জন্য আরও সৃজনশীল প্রশ্ন ও উত্তর — প্রশ্নব্যাংক আকারে উপস্থাপিত

৫। $2x + 5y = 19$
এবং $5x - 2y = 4$

ক. সমীকরণদ্বয়ে y এর সহগদ্বয়ের সমষ্টি কত? ২

খ. দেখাও যে, সমীকরণজোট পরস্পর সমঞ্জস ও অনির্ভরশীল। ৪

গ. সমীকরণজোটটির সমাধান নির্ণয় কর। ৪

উত্তর : (ক) 3 ; (গ) (2, 3)

৬। $2x + 5y = 12$
এবং $3x + 8y = 19$ দুইটি সমীকরণ।

ক. সমীকরণদ্বয়ে y-এর সহগদ্বয়ের সমষ্টি কত? ২

খ. সমীকরণজোটটি সমঞ্জস কি-না? নির্ণয় কর। ৪

গ. সমীকরণজোটটির কয়টি সমাধান আছে? ৪

উত্তর : (ক) 13; (খ) সমঞ্জস; (গ) একটি।

অনুশীলনমূলক কাজ অংশ — Practice Activities Section

প্রিয় শিক্ষার্থী, পাঠ্যবইয়ের এ অধ্যায়ে অনুশীলনমূলক কাজ (একক ও দলগত) দেওয়া আছে। কাজগুলোর পূর্ণাঙ্গ সমাধান পাঠ্যবইয়ের পৃষ্ঠা নম্বর উল্লেখ করে নিচে প্রদত্ত হলো। তোমরা এ কাজগুলো একক বা দলগতভাবে সম্পাদন করে মূল্যায়নের জন্য শ্রেণি শিক্ষকের নিকট জমা দিবে।

▸▸ অনুশীলনমূলক কাজ : • পাঠ্যবইয়ের পৃষ্ঠা ২২৫

কাজ ▸ $x - 2y + 1 = 0$ এবং $2x + y - 3 = 0$ সমীকরণদ্বয়ের প্রত্যেকটির পাঁচটি করে সমাধান লিখ যেন তন্মধ্যে সাধারণ সমাধানটিও থাকে।

সমাধান : $x - 2y + 1 = 0$ সমীকরণটি থেকে নিচের ছকটি পূরণ করি:

x এর মান	y এর মান	বামপক্ষ $(x - 2y + 1)$ এর মান	ডানপক্ষ
1	1	$1 - 2.1 + 1 = 0$	0
3	2	$3 - 2.2 + 1 = 0$	0
−3	−1	$-3 - 2(-1) + 1 = 0$	0
5	3	$5 - 2.3 + 1 = 0$	0
−5	−2	$-5 - 2(-2) + 1 = 0$	0
......	....	.... = 0	0

প্রদত্ত সমীকরণটির অসংখ্য সমাধান আছে। তার মধ্যে পাঁচটি সমাধান যথাক্রমে (1, 1), (3, 2), (−3, −1), (5, 3), (−5, −2)

আবার, অপর সমীকরণ $2x + y - 3 = 0$ নিয়ে নিচের ছকটি পূরণ করি :

x এর মান	y এর মান	বামপক্ষ $2x + y - 3$ এর মান	ডানপক্ষ
1	1	$2.1 + 1 - 3 = 0$	0
3	−3	$2.3 + (-3) - 3 = 0$	0
0	3	$2.0 + 3 - 3 = 0$	0
5	−7	$2.5 + (-7) - 3 = 0$	0
2	−1	$2.2 + (-1) - 3 = 0$	0
		.... = 0	0

প্রদত্ত সমীকরণটির অসংখ্য সমাধান আছে। তার মধ্যে পাঁচটি সমাধান যথাক্রমে (1, 1), (3 − 3), (0, 3), (5 − 7), (2, − 1)

যদি প্রদত্ত সমীকরণদ্বয়কে একত্রে জোট হিসেবে ধরা হয়, তবে একমাত্র (1, 1) দ্বারা উভয় সমীকরণ যুগপৎ সিদ্ধ হয়। আর অন্য কোনো মান দ্বারা উভয় সমীকরণ যুগপৎ সিদ্ধ হবে না।

অতএব, সমীকরণ জোট $x - 2y + 1 = 0$ ও $2x + y - 3 = 0$ এর সাধারণ সমাধান : $(x, y) = (1, 1)$.

▸▸ অনুশীলনমূলক কাজ : • পাঠ্যবইয়ের পৃষ্ঠা ২২৮

কাজ ▸ $x - 2y + 1 = 0$ ও $2x + y - 3 = 0$ সমীকরণজোটটি সমঞ্জস কি না, পরস্পর নির্ভরশীল কিনা যাচাই কর এবং সমীকরণজোটটির কয়টি সমাধান থাকতে পারে তা নির্দেশ কর।

সমাধান : প্রদত্ত সমীকরণজোট :

$x - 2y + 1 = 0$ .... (1)

$2x + y - 3 = 0$ .... (2)

বা, $\begin{cases} x - 2y = -1 \text{ .... (3)} \\ 2x + y = 3 \text{ .... (4)} \end{cases}$

x এর সহগদ্বয়ের অনুপাত $\frac{1}{2}$

y এর সহগদ্বয়ের অনুপাত $\frac{-2}{1}$ ∴ আমরা পাই, $\frac{1}{2} \neq -\frac{2}{1}$

∴ সমীকরণজোটটি সমঞ্জস ও পরস্পর অনির্ভরশীল এবং সমীকরণ জোটটির একটিমাত্র (অনন্য) সমাধান আছে।

www.abswer.com

www.abswer.com

অধ্যায় ১২

অনুশীলনী ১২.২
সরল সমীকরণের সমাধান

সাধারণ গাণিতিক অংশ — পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

প্রিয় শিক্ষার্থী, পাঠ্যবইয়ে এ অধ্যায়ে অনুশীলনীতে বিভিন্ন ধরনের গাণিতিক প্রশ্ন দেওয়া আছে। প্রতিটি প্রশ্নের যথাযথ ও নির্ভুল সমাধান এ অংশে সংযোজন করা হলো। এসব প্রশ্ন ও সমাধানের অনুশীলন তোমাদের সৃজনশীল ও বহুনির্বাচনি প্রশ্নোত্তরের ধারণা সমৃদ্ধকরণে সহায়তা করবে।

পাঠ্যবইয়ের অনুশীলনীর গাণিতিক প্রশ্নের সমাধান

☐ প্রতিস্থাপন পদ্ধতিতে সমাধান কর (১ – ৩) :

প্রশ্ন ১ ▸ $7x - 3y = 31$

$9x - 5y = 41$

সমাধান : দেওয়া আছে,

$7x - 3y = 31$ .... (1)

$9x - 5y = 41$ ....(2)

(1) নং সমীকরণ হতে পাই, $7x = 31 + 3y$

বা, $x = \frac{31 + 3y}{7}$ .... (3)

(2) নং সমীকরণে x এর মান বসিয়ে পাই,

$9\frac{(31+3y)}{7} - 5y = 41$

বা, $\frac{279 + 27y}{7} - 5y = 41$

বা, $\frac{279 + 27y - 35y}{7} = 41$

বা, $279 - 8y = 287$ [বজ্রগুণন করে]

বা, $-8y = 287 - 279$ [পক্ষান্তর করে]

বা, $-8y = 8$ বা, $y = \frac{8}{-8} = -1$

y এর মান (3) নং সমীকরণে বসিয়ে পাই,

$x = \frac{31 + 3(-1)}{7} = \frac{31 - 3}{7} = \frac{28}{7} = 4$

$\therefore\ x = 4$

নির্ণেয় সমাধান, $(x, y) = (4, -1)$.

প্রশ্ন ২ ▸ $\frac{x}{2} + \frac{y}{3} = 1$

$\frac{x}{3} + \frac{y}{2} = 1$

সমাধান : দেওয়া আছে, $\frac{x}{2} + \frac{y}{3} = 1$ .... (1)

$\frac{x}{3} + \frac{y}{2} = 1$ .... (2)

(1) নং সমীকরণ হতে পাই, $\frac{x}{2} = \left(1 - \frac{y}{3}\right)$

বা, $x = 2\left(\frac{3-y}{3}\right)$ .... (3)

(2) নং সমীকরণে $x = \frac{2(3-y)}{3}$ বসিয়ে পাই,

$\frac{2(3-y)}{9} + \frac{y}{2} = 1$

বা, $\frac{12 - 4y + 9y}{18} = 1$

বা, $5y + 12 = 18$ [বজ্রগুণন করে]

বা, $5y = 18 - 12$ [পক্ষান্তর করে]

বা, $5y = 6$

$\therefore\ y = \frac{6}{5}$

(3) নং সমীকরণে y এর মান বসিয়ে পাই,

$x = \frac{2}{3}\left(3 - \frac{6}{5}\right) = \frac{2}{3} \times \left(\frac{15-6}{5}\right) = \frac{2}{3} \times \frac{9}{5} = \frac{6}{5}$

নির্ণেয় সমাধান, $(x, y) = \left(\frac{6}{5}, \frac{6}{5}\right)$.

প্রশ্ন ৩ ▸ $\frac{x}{a} + \frac{y}{b} = 2$

$ax + by = a^2 + b^2$

সমাধান : দেওয়া আছে,

$\frac{x}{a} + \frac{y}{b} = 2$ .... (1)

$ax + by = a^2 + b^2$ .... (2)

(1) নং হতে পাই, $\frac{x}{a} + \frac{y}{b} = 2$

বা, $\frac{x}{a} = 2 - \frac{y}{b}$

বা, $\frac{x}{a} = \frac{2b - y}{b}$

বা, $x = \frac{2ab - ay}{b}$ .... (3)

(2) নং সমীকরণে x এর মান বসিয়ে পাই,

$a\left(\frac{2ab - ay}{b}\right) + by = a^2 + b^2$

বা, $2a^2b - a^2y + b^2y = (a^2 + b^2)b$

বা, $-y(a^2 - b^2) = b(a^2 + b^2 - 2a^2)$

বা, $y(b^2 - a^2) = b(b^2 - a^2)$

$\therefore\ y = b$

y-এর মান (3) নং সমীকরণে বসিয়ে পাই, $x = \frac{2ab - ab}{b} = \frac{ab}{b} = a$

$\therefore\ x = a$

নির্ণেয় সমাধান, $(x, y) = (a, b)$.

☐ অপনয়ন পদ্ধতিতে সমাধান কর (৪-৬) :

প্রশ্ন ৪ ▸ $7x - 3y = 31$

$9x - 5y = 41$

সমাধান : দেওয়া আছে,

$7x - 3y = 31$ .... (1)

$9x - 5y = 41$ .... (2)

সমীকরণ (1) ও (2) কে যথাক্রমে 5 ও 3 দ্বারা গুণ করে পাই,

$35x - 15y = 155$ .... (3)

$27x - 15y = 123$ .... (4)

www.abswer.com

www.abswer.com

সমীকরণ (3) থেকে (4) বিয়োগ করে পাই, $8x = 32$

$\therefore\ x = \frac{32}{8} = 4$

(1) নং সমীকরণে $x = 4$ বসিয়ে পাই,

$7.4 - 3y = 31$

বা, $28 - 3y = 31$

বা, $-3y = 31 - 28$ বা, $-3y = 3$

$\therefore\ y = \frac{3}{-3} = -1$

নির্ণেয় সমাধান, $(x, y) = (4, -1)$.

প্রশ্ন ৫ ▸ $7x - 8y = -9$

$5x - 4y = -3$

সমাধান : প্রদত্ত সমীকরণদ্বয়

$7x - 8y = -9$ .... (1)

$5x - 4y = -3$ .... (2)

সমীকরণ (2) এর উভয়পক্ষকে 2 দ্বারা গুণ করে,

$10x - 8y = -6$ .... (3)

সমীকরণ (3) থেকে সমীকরণ (1) বিয়োগ করে পাই,

$3x = 3$

বা, $x = 1$

x-এর মান (1) নং সমীকরণে বসিয়ে পাই,

$7 - 8y = -9$

বা, $-8y = -9 - 7$

বা, $-8y = -16$ বা, $y = 2$

নির্ণেয় সমাধান, $(x, y) = (1, 2)$.

প্রশ্ন ৬ ▸ $ax + by = c$

$a^2x + b^2y = c^2$

সমাধান : দেওয়া আছে,

$ax + by = c$ .... (1)

$a^2x + b^2y = c^2$ .... (2)

সমীকরণ (1) কে b দ্বারা গুণ করে পাই,

$abx + b^2y = bc$ .... (3)

সমীকরণ (2) থেকে (3) বিয়োগ করে পাই,

$a^2x - abx = c^2 - bc$

বা, $x(a^2 - ab) = c^2 - bc$

বা, $x = \frac{c^2 - bc}{a^2 - ab} = \frac{c(c-b)}{a(a-b)}$

সমীকরণ (1) এ $x = \frac{c(c-b)}{a(a-b)}$ বসিয়ে পাই,

$\frac{ac(c-b)}{a(a-b)} + by = c$

বা, $by = c - \frac{c(c-b)}{a-b}$

বা, $by = \frac{ac - bc - c^2 + bc}{(a-b)}$

বা, $by = \frac{ac - c^2}{(a-b)}$

$\therefore\ y = \frac{c(a-c)}{b(a-b)}$

নির্ণেয় সমাধান,

$(x, y) = \left(\frac{c(c-b)}{a(a-b)}, \frac{c(a-c)}{b(a-b)}\right)$ বা, $\left(\frac{c(b-c)}{a(b-a)}, \frac{c(c-a)}{b(b-a)}\right)$.

☐ আড়গুণন পদ্ধতিতে সমাধান কর (৭ – ১৫) :

প্রশ্ন ৭ ▸ $2x + 3y + 5 = 0$

$4x + 7y + 6 = 0$

সমাধান : দেওয়া আছে, $2x + 3y + 5 = 0$

$4x + 7y + 6 = 0$

আড়গুণন সূত্রানুসারে,

$$\frac{x}{(3 \times 6) - (5 \times 7)} = \frac{y}{(5 \times 4) - (2 \times 6)} = \frac{1}{(2 \times 7) - (3 \times 4)}$$

বা, $\frac{x}{18 - 35} = \frac{y}{20 - 12} = \frac{1}{14 - 12}$

বা, $\frac{x}{-17} = \frac{y}{8} = \frac{1}{2}$

$\therefore\ x = -\frac{17}{2}$ এবং $y = \frac{8}{2} = 4$

নির্ণেয় সমাধান, $(x, y) = \left(-\frac{17}{2}, 4\right)$.

প্রশ্ন ৮ ▸ $3x - 5y + 9 = 0$

$5x - 3y - 1 = 0$

সমাধান : দেওয়া আছে,

$3x - 5y + 9 = 0$

$5x - 3y - 1 = 0$

আড়গুণন সূত্রানুসারে,

$$\frac{x}{(-5) \times (-1) - (-3) \times (9)} = \frac{y}{9 \times 5 - (-1) \times 3} = \frac{1}{3 \times (-3) - 5 \times (-5)}$$

বা, $\frac{x}{5 + 27} = \frac{y}{45 + 3} = \frac{1}{-9 + 25}$

বা, $\frac{x}{32} = \frac{y}{48} = \frac{1}{16}$

$\therefore\ x = \frac{32}{16} = 2$ এবং $y = \frac{48}{16} = 3$

নির্ণেয় সমাধান, $(x, y) = (2, 3)$.

প্রশ্ন ৯ ▸ $x + 2y = 7$

$2x - 3y = 0$

সমাধান : দেওয়া আছে,

$x + 2y = 7$ বা, $x + 2y - 7 = 0$ .... (1)

$2x - 3y = 0$ বা, $2x - 3y + 0 = 0$ .... (2)

সমীকরণ (1) ও (2) এ আড়গুণন সূত্র প্রয়োগ করে পাই,

$$\frac{x}{2 \times 0 - (-3)(-7)} = \frac{y}{(-7) \times 2 - 0 \times 1} = \frac{1}{1 \times (-3) - 2 \times 2}$$

বা, $\frac{x}{0 - 21} = \frac{y}{-14 - 0} = \frac{1}{-3 - 4}$ বা, $\frac{x}{-21} = \frac{y}{-14} = \frac{1}{-7}$

$\therefore\ x = \frac{-21}{-7} = 3$ এবং $y = \frac{-14}{-7} = 2$

নির্ণেয় সমাধান, $(x, y) = (3, 2)$.

প্রশ্ন ১০ ▸ $4x + 3y = -12$

$2x = 5$

সমাধান : প্রদত্ত সমীকরণদ্বয় $\left.\begin{array}{l} 4x + 3y = -12 \\ 2x = 5 \end{array}\right\}$

বা, $\left.\begin{array}{l} 4x + 3y + 12 = 0 \\ 2x - 5 = 0 \end{array}\right\}$

www.abswer.com

www.abswer.com

আড়গুণন পদ্ধতিতে পাই,

$$\frac{x}{3\times(-5)-0\times12}=\frac{y}{12\times2-(-5)\times4}=\frac{1}{4\times0-2\times3}$$

বা, $\frac{x}{-15}=\frac{y}{24+20}=\frac{1}{-6}$

বা, $\frac{x}{-15}=\frac{y}{44}=\frac{1}{-6}$

∴ $\frac{x}{-15}=\frac{1}{-6}$

বা, $x=\frac{-15}{-6}$

বা, $x=\frac{5}{2}$

আবার, $\frac{y}{44}=\frac{1}{-6}$

বা, $y=\frac{44}{-6}$

বা, $y=-\frac{22}{3}$

নির্ণেয় সমাধান, $(x, y)=\left(\frac{5}{2}, -\frac{22}{3}\right)$.

প্রশ্ন ১১ ▸ $-7x+8y=9$

$5x-4y=-3$

সমাধান : দেওয়া আছে,

$-7x+8y=9$ বা, $-7x+8y-9=0$ .... (1)

$5x-4y=-3$ বা, $5x-4y+3=0$ .... (2)

সমীকরণ (1) ও (2) এ আড়গুণন সূত্র প্রয়োগ করে পাই,

$$\frac{x}{8\times3-(-4)\times(-9)}=\frac{y}{(-9)\times5-3\times(-7)}=\frac{1}{(-7)(-4)-5\times8}$$

বা, $\frac{x}{24-36}=\frac{y}{-45+21}=\frac{1}{28-40}$

বা, $\frac{x}{-12}=\frac{y}{-24}=\frac{1}{-12}$

∴ $x=\frac{-12}{-12}=1$

এবং $y=\frac{-24}{-12}=2$

নির্ণেয় সমাধান, $(x, y)=(1, 2)$.

প্রশ্ন ১২ ▸ $3x-y-7=0$

$2x+y-3=0$

সমাধান : প্রদত্ত সমীকরণ $3x-y-7=0=2x+y-3$

বা, $3x-y-7=0$

$2x+y-3=0$

আড়গুণন পদ্ধতিতে পাই,

$$\frac{x}{(-1)\times(-3)-1\times(-7)}=\frac{y}{(-7)\times2-(-3)\times3}=\frac{1}{3\times1-2\times(-1)}$$

বা, $\frac{x}{3+7}=\frac{y}{-14+9}=\frac{1}{3+2}$

বা, $\frac{x}{10}=\frac{y}{-5}=\frac{1}{5}$

∴ $\frac{x}{10}=\frac{1}{5}$

বা, $x=\frac{10}{5}$

বা, $x=2$

আবার, $\frac{y}{-5}=\frac{1}{5}$

বা, $y=\frac{-5}{5}$

বা, $y=-1$

নির্ণেয় সমাধান, $(x, y)=(2, -1)$.

প্রশ্ন ১৩ ▸ $ax+by=a^2+b^2$

$2bx-ay=ab$

সমাধান : দেওয়া আছে,

$ax+by=a^2+b^2$ বা, $ax+by-(a^2+b^2)=0$ ..... (1)

$2bx-ay=ab$ বা, $2bx-ay-ab=0$ .... (2)

সমীকরণ (1) ও (2) এ আড়গুণন সূত্র প্রয়োগ করে পাই,

$$\frac{x}{(b)\times(-ab)-(-a)\times\{-(a^2+b^2)\}}=\frac{y}{-2b(a^2+b^2)+a^2b}=\frac{1}{-a^2-2b^2}$$

বা, $\frac{x}{-ab^2-a^3-ab^2}=\frac{y}{-2ba^2-2b^3+a^2b}=\frac{1}{-(a^2+2b^2)}$

বা, $\frac{x}{-a^3-2ab^2}=\frac{y}{-2b^3-ba^2}=\frac{1}{-(a^2+2b^2)}$

বা, $\frac{x}{-a(a^2+2b^2)}=\frac{y}{-b(a^2+2b^2)}=\frac{1}{-(a^2+2b^2)}$

∴ $x=\frac{-a(a^2+2b^2)}{-(a^2+2b^2)}=a$ এবং $y=\frac{-b(a^2+2b^2)}{-(a^2+2b^2)}=b$

নির্ণেয় সমাধান, $(x, y)=(a, b)$.

প্রশ্ন ১৪ ▸ $y(3+x)=x(6+y)$

$3(3+x)=5(y-1)$

সমাধান : দেওয়া আছে,

$y(3+x)=x(6+y)$

বা, $3y+xy=6x+xy$

বা, $6x-3y+0=0$ .... (1)

আবার, $3(3+x)=5(y-1)$

বা, $9+3x=5y-5$

বা, $3x-5y+14=0$ .... (2)

সমীকরণ (1) ও (2) এ বজ্রগুণন সূত্র প্রয়োগ করে পাই,

$$\frac{x}{(-3)\times14-0}=\frac{y}{0-6\times14}=\frac{1}{6\times(-5)-3\times(-3)}$$

বা, $\frac{x}{-42}=\frac{y}{-84}=\frac{1}{-30+9}$

বা, $\frac{x}{-42}=\frac{y}{-84}=\frac{1}{-21}$

∴ $x=\frac{-42}{-21}=2$ এবং $y=\frac{-84}{-21}=4$

নির্ণেয় সমাধান, $(x, y)=(2, 4)$.

প্রশ্ন ১৫ ▸ $(x+2)(y-3)=y(x-1)$

$5x-11y-8=0$

সমাধান : দেওয়া আছে,

$(x+2)(y-3)=y(x-1)$

বা, $xy-3x+2y-6=xy-y$

বা, $xy-3x+2y-6-xy+y=0$

বা, $-3x+3y-6=0$

বা, $x-y+2=0$ [-3 দ্বারা ভাগ করে]

∴ $x-y+2=0$ .... (1)

$5x-11y-8=0$ .... (2)

সমীকরণ (1) ও (2) এ আড়গুণন সূত্র প্রয়োগ করে পাই,

$$\frac{x}{(-1)\times(-8)-2\times(-11)}=\frac{y}{5\times2-1\times(-8)}=\frac{1}{1\times(-11)-5\times(-1)}$$

বা, $\frac{x}{8+22}=\frac{y}{10+8}=\frac{1}{-11+5}$

বা, $\frac{x}{30}=\frac{y}{18}=\frac{1}{-6}$

∴ $\frac{x}{30}=\frac{1}{-6}$

বা, $x=\frac{30}{-6}=-5$

এবং $\frac{y}{18}=\frac{1}{-6}$

বা, $y=\frac{18}{-6}=-3$

নির্ণেয় সমাধান, $(x, y)=(-5, -3)$.

www.abswer.com

www.abswer.com

বহুনির্বাচনি অংশ MCQ SECTION

প্রিয় শিক্ষার্থী, বহুনির্বাচনি অংশে তোমাদের সেরা প্রস্তুতির জন্য এসএসসি পরীক্ষার প্রশ্নোত্তরের পাশাপাশি সেরা স্কুলের টেস্ট পরীক্ষার প্রশ্নোত্তর এবং মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত প্রশ্নোত্তর সংযোজন করা হয়েছে। অনুশীলনের সুবিধার্থে প্রশ্নের নিচে সঠিক উত্তরের সপক্ষে যুক্তি (তথ্য/ব্যাখ্যা) দেওয়া হয়েছে।

সকল বোর্ডের এসএসসি পরীক্ষার বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর — সঠিক উত্তরের সপক্ষে যুক্তি সংবলিত

সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন

১. $2x + y = 8$ এবং $3x - 2y = 5$ সমীকরণদ্বয়ের ছেদ বিন্দুর স্থানাঙ্ক কোনটি? [কু. বো. '২০; সি. বো. '২০]

ক (3, 2) খ (2, 3) গ (−3, 2) ঘ (−2, 3)

›› তথ্য/ব্যাখ্যা : $2x + y = 8$ .... (1)

$3x - 2y = 5$ .... (2)

(1) × 2 + (ii) হতে $4x + 2y = 16$

$3x - 2y = 5$

$7x = 21$

$\therefore x = 3$

(i) নং হতে, $2 \times 3 + y = 8 \therefore y = 8 - 6 = 2$

$\therefore (x, y) = (3, 2)$.

২. $4x - 3y = 10$ এবং $x - y = 1$ হলে x এর মান কত? [কু.বো. '১৯]

ক 6 খ 7 গ 12 ঘ 13

›› তথ্য/ব্যাখ্যা : $4x - 3y = 10$ .... (1)

$x - y = 1$ .... (2)

সমীকরণ (1) − (2) × 4 হতে পাই, $y = 6$

(2) হতে, $x - 6 = 1 \quad \therefore x = 7$.

৩. $2x - y = 8$ এবং $x - 2y = 4$ হলে $x + y$ = কত? [রা. বো. '১৭]

ক 0 খ 4 গ 8 ঘ 12

›› তথ্য/ব্যাখ্যা : $2x - y = 8$ .... (1)

$x - 2y = 4$ .... (2)

সমীকরণ (1) − (2) × 2 হতে পাই,

$3y = 0$

$\therefore y = 0$

(1) হতে, $2x - 0 = 8$

বা, $x = \frac{8}{2} = 4$

$\therefore x + y = 4 + 0 = 4$

৪. $x + y = 6, x - y = 4$ হলে এর (x, y) মান নিচের কোনটি? [চ. বো. '১৭]

ক (6, 4) খ (4, 6) গ (5, 1) ঘ (1, 5)

›› তথ্য/ব্যাখ্যা : $x + y = 6$

$x - y = 4$

(+ করে), $2x = 100$

$\therefore x = 5 \therefore 5 + y = 6 \therefore y = 6 - 5 = 1$

$\therefore (x, y) = (5, 1)$.

৫. $x + y = 7, x - y = 5$ হলে, (x, y) এর মান নিচের কোনটি? [কু. বো. '১৬]

ক (2, 6) খ (6, 2)

গ (6, 1) ঘ (1, 6)

›› তথ্য/ব্যাখ্যা : $x + y = 7$

$x - y = 5$

(+ করে), $2x = 12$

$\therefore x = 6$

$\therefore 6 + y = 7$

$\therefore y = 7 - 6 = 1 \quad \therefore (x, y) = (6, 1)$.

৬. $2x - y = 16$ এবং $x - y = 4$ সমীকরণ জোটে y-এর মান কত? [সি. বো. '১৬]

ক −24 খ −8 গ 8 ঘ 24

›› তথ্য/ব্যাখ্যা : $2x - y = 16$

$x - y = 4$

− +

(− করে), $x = 12$

$\therefore 12 - y = 4$ বা, $y = 12 - 4 = 8$.

৭. $x + y = 8$ ও $2y = 10$ হলে x এর মান কত? [ঢা. বো. '১৫]

ক −2 খ 2 গ 3 ঘ 13

›› তথ্য/ব্যাখ্যা : এখানে, $2y = 10$

বা, $y = \frac{10}{2}$

বা, $y = 5$

এবং $x + y = 8$

বা, $x + 5 = 8$ [y = 5 বসিয়ে]

বা, $x = 8 - 5 \quad \therefore x = 3$.

৮. $\frac{x}{-14} = \frac{y}{-28} = \frac{1}{-14}$ হলে, (x, y) = কত? [য. বো. '১৫]

ক (1, 2) খ (2, 1) গ (−1, −2) ঘ (−2, −1)

›› তথ্য/ব্যাখ্যা : এখানে, $\frac{x}{-14} = \frac{y}{-28} = \frac{1}{-14}$

$\therefore \frac{x}{-14} = \frac{1}{-14}$

বা, $x = \frac{-14}{-14}$

বা, $x = 1$

আবার, $\frac{y}{-28} = \frac{1}{-14}$

বা, $y = \frac{-28}{-14}$

বা, $y = 2$

$\therefore (x, y) = (1, 2)$.

৯. $x - 2y = 8$ এবং $3x - 2y = 4$ সমীকরণ জোটে x এর মান কত? [চ. বো. '১৫]

ক −5 খ −2 গ 2 ঘ 5

›› তথ্য/ব্যাখ্যা : প্রদত্ত সমীকরণ জোট,

$x - 2y = 8$

$3x - 2y = 4$

বিয়োগ করে, $-2x = 4$

বা $x = \frac{4}{-2} = -2$.

শীর্ষস্থানীয় স্কুলসমূহের টেস্ট পরীক্ষার বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর — বিষয়বস্তুর ধারায় প্রণীত

সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন

১০. $2x - y = 8$ এবং $x - 2y = 4$ হলে $2x + y$ এর মান কত? [ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ, ঢাকা]

ক 4 খ 6 গ 8 ঘ 10

›› তথ্য/ব্যাখ্যা : $2x - y = 8$ বা, $y = 2x - 8$

এবং $x - 2y = 4$

বা, $x - 2(2x - 8) = 4$

বা, $x - 4x + 16 = 4$

বা, $x = 4$

$\therefore y = 2x - 8 = 2 \times 4 - 8 = 0$

$\therefore 2x + y = 2 \times 4 + 0 = 8$.

১১. $2x + y = 8, 3x - 2y = 5$ সমীকরণ জোটের সমাধান নিচের কোনটি? [হলি ক্রস উচ্চ বালিকা বিদ্যালয়, ঢাকা]

ক (2, 3) খ (3, 2)

গ (3, 1) ঘ (1, 3)

উত্তরের শুদ্ধতা/ নির্ভুলতা যাচাই করো

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
ক	খ	খ	গ	গ	গ	গ	ক	খ	গ	খ

www.abswer.com

www.abswer.com

১২. $x + y = 30, x - y = 20$ হলে $\sqrt{x}$ এর মান কত? [সরকারি বিজ্ঞান কলেজ সংযুক্ত হাইস্কুল, ঢাকা]

ⓚ 25 ⓛ 10 ⓖ 5 ⓘ $\sqrt{5}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : $x + y = 30$ এবং $x - y = 20$

$\therefore x + y + x - y = 30 + 20$

বা, $2x = 50$ বা, $x = \frac{50}{2}$ বা, $x = 25$

$\therefore \sqrt{x} = \sqrt{25} = 5.$

১৩. $2x + y = 5$ এবং $x - y = 1$ সমীকরণ দুইটির সমাধান নিচের কোনটি? [শহীদ বীর উত্তম লেঃ আনোয়ার গার্লস কলেজ, ঢাকা]

ⓚ (1, 2) ⓛ (2, 1) ⓖ (2, 3) ⓘ (3, 2)

▸▸ তথ্য/ব্যাখ্যা : $2x + y = 5$

$x - y = 1$

যোগ করে $3x = 6$

$\therefore x = 2$

এবং $x - y = 1$

বা, $2 - y = 1$ বা, $-y = 1 - 2$ বা, $-y = -1$ $\therefore y = 1$

$(x, y) = (2, 1).$

১৪. $\frac{x}{2} + \frac{y}{3} = 2, 2x + 3y = 13$ সমীকরণজোটে y এর মান কত? [জয়দেবপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, গাজীপুর]

ⓚ 3 ⓛ $\frac{3}{2}$ ⓖ $\frac{1}{2}$ ⓘ $\frac{5}{2}$

১৫. $\left.\begin{array}{l} x + y - 6 = 0 \\ 3x + 2y - 15 = 0 \end{array}\right\}$ সমীকরণ জোটে আড়গুণ সূত্র প্রয়োগ করলে নিচের কোনটি পাওয়া যাবে? [ময়মনসিংহ জিলা স্কুল, ময়মনসিংহ]

ⓚ $\frac{x}{3} = \frac{y}{2} = 1$ ⓛ $\frac{x}{3} = \frac{y}{3} = -1$

ⓖ $\frac{x}{-3} = \frac{y}{-3} = 1$ ⓘ $\frac{x}{3} = \frac{y}{3} = 1$

১৬. $x + y = 4, x - y = 2$ হলে, (x, y) এর মান নিচের কোনটি? [ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ, ঢাকা]

ⓚ (2, 4) ⓛ (4, 2) ⓖ (3, 1) ⓘ (1, 3)

১৭. $\left.\begin{array}{l} 2x + y = 3 \\ 4x + 2y = 12 \end{array}\right\}$ সমীকরণ জোটটির সমাধান নিচের কোনটি? [বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ]

ⓚ (0, 0) ⓛ (1, 1) ⓖ (10, 10) ⓘ সমাধান নেই

১৮. $x - 2y = 8$ ও $3x - 2y = 4$ সমীকরণ জোটের x এর মান কত? [শহীদ বীর উত্তম লেঃ আনোয়ার গার্লস কলেজ, ঢাকা]

ⓚ –5 ⓛ –2 ⓖ 2 ⓘ 5

১৯. $x - 3y = 0 = 20 + y - 2x$ সমীকরণের সমাধান কোনটি? [রাজবাড়ি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, রাজবাড়ি]

ⓚ (12, 8) ⓛ (12, 4) ⓖ (12, 10) ⓘ (10, 4)

২০. $2x + 3y = 8, 7x + 4y = 15$ সমীকরণের সমাধান কোনটি? [রাজশাহী শিক্ষাবোর্ড মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহী]

ⓚ (2, 1) ⓛ (–2, 1) ⓖ (1, 2) ⓘ (–1, –2)

২১. $x + 2y = 7; x - y = 0$ হলে, (x, y) নিচের কোনটি? [কুমিল্লা জিলা স্কুল, কুমিল্লা]

ⓚ $\left(\frac{7}{3}, \frac{7}{3}\right)$ ⓛ $\left(-\frac{1}{3}, -\frac{7}{3}\right)$ ⓖ $\left(-\frac{7}{3}, \frac{7}{3}\right)$ ⓘ $\left(\frac{7}{3}, -\frac{7}{3}\right)$

▸▸ তথ্য/ব্যাখ্যা : $x + 2y = 7$

$x - y = 0$

(–) করে, $3y = 7$

$\therefore y = \frac{7}{3}$ $\therefore x - \frac{7}{3} = 0$

বা, $x = \frac{7}{3}$; $(x, y) = \left(\frac{7}{3}, \frac{7}{3}\right)$.

২২. $x^2 - y^2 = 99$ এবং $x = 10$ হলে, y = কত? [আওয়ার লেডী অব ফাতিমা গার্লস হাইস্কুল, কুমিল্লা]

ⓚ –1 ⓛ 0 ⓖ ±1 ⓘ 2

▸▸ তথ্য/ব্যাখ্যা : $x^2 - y^2 = 99$

বা, $(10)^2 - y^2 = 99$ বা, $-y^2 = 99 - 100$ বা, $y^2 = 1$

$\therefore y = \pm 1.$

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

২৩. $x = a$ এবং $b \neq 0$ হয় তবে–

i. $x + b = a + b$ ii. $x - b = a - x$

iii. $bx = ab$

নিচের কোনটি সঠিক? [আগ্রাবাদ বালিকা বিদ্যালয়, চট্টগ্রাম]

ⓚ i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন

■ নিচের তথ্যের আলোকে ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :

$\left.\begin{array}{l} -\frac{1}{2}x + y = -1 \\ x + y = 5 \end{array}\right\}$ একটি সমীকরণ জোট।

২৪. উপরের সমীকরণ জোটের ক্ষেত্রে কোনটি সঠিক? [মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ঢাকা; বি এ এফ শাহীন কলেজ, ঢাকা]

ⓚ নির্ভরশীল ⓛ সমঞ্জস

ⓖ অসমঞ্জস ⓘ সমাধান নেই

২৫. সমীকরণ জোটের সমাধান নিচের কোনটি? [মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ঢাকা; বি এ এফ শাহীন কলেজ, ঢাকা]

ⓚ (–1, 4) ⓛ (1, –4) ⓖ (1, 4) ⓘ (4, 1)

■ $4x + y = 2$ ......(1),

$2x + 3y = -4$ ......(2)

উপরের সমীকরণদ্বয়ের আলোকে নিম্নের ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :

২৬. (1) নং থেকে (2) নং বিয়োগ করলে কোনটি হয়? [আশুগঞ্জ সার কারখানা কলেজ, ব্রাহ্মণবাড়িয়া]

ⓚ $x - y = 4$ ⓛ $x - y = 3$

ⓖ $x + y = 4$ ⓘ $x + y = 3$

২৭. সমীকরণ দুটির সমাধান (x, y) = কত? [আশুগঞ্জ সার কারখানা কলেজ, ব্রাহ্মণবাড়িয়া]

ⓚ (1, –2) ⓛ (–2, –1) ⓖ (–1, –2) ⓘ (–1, 2)

মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

বিষয়বস্তুর ধারায় প্রণীত

সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন

২৮. সহসমীকরণ সমাধানের পদ্ধতি কোনটি? (মধ্যমান)

ⓚ প্রতিস্থাপন পদ্ধতি ⓛ অপনয়ন পদ্ধতি

ⓖ আড়গুণন পদ্ধতি ⓘ সবগুলো

▸▸ তথ্য/ব্যাখ্যা : সহসমীকরণ সমাধানের পদ্ধতি তিনটি। যথা : (i) প্রতিস্থাপন পদ্ধতি, (ii) অপনয়ন পদ্ধতি ও (iii) আড় গুণন পদ্ধতি।

২৯. আড়গুণন পদ্ধতিকে কোন পদ্ধতি বলা হয়? (মধ্যমান)

ⓚ অপনয়ন পদ্ধতি ⓛ বজ্রগুণন পদ্ধতি

ⓖ প্রতিস্থাপন পদ্ধতি ⓘ লৈখিক পদ্ধতি

৩০. $\left.\begin{array}{l} 2x + y = 12 \\ x - y = 3 \end{array}\right\}$ সমীকরণজোটটির সমাধান নিচের কোনটি? (কঠিনমান)

ⓚ (2, 5) ⓛ (5, 2) ⓖ (5, 1) ⓘ (2, 1)

▸▸ তথ্য/ব্যাখ্যা : $2x + y = 12$ ....(1)

$x - y = 3$ ....(2)

যোগ করে, $3x = 15$

বা, $x = 5$

x-এর মান (2) নং এ বসিয়ে পাই,

$5 - y = 3$

বা, $y = 5 - 3$ বা, $y = 2$

$\therefore (x, y) = (5, 2).$

উত্তরের শুদ্ধতা/ নির্ভুলতা যাচাই করো

১২	ⓖ	১৩	ⓛ	১৪	ⓚ	১৫	ⓘ	১৬	ⓖ	১৭	ⓘ	১৮	ⓛ	১৯	ⓛ	২০	ⓖ	২১	ⓚ
২২	ⓖ	২৩	ⓛ	২৪	ⓛ	২৫	ⓘ	২৬	ⓛ	২৭	ⓚ	২৮	ⓘ	২৯	ⓛ	৩০	ⓛ		

www.abswer.com

www.abswer.com

৩১. $\frac{1}{3}x+\frac{2}{3}y=\frac{5}{4}$
$x+\frac{3}{2}y=6$ সমীকরণদ্বয়ে y সমাধান কত? (কঠিনমান)
(ক) $5\frac{3}{4}$ (খ) $8\frac{7}{9}$ (গ) $-\frac{9}{2}$ (ঘ) $\frac{9}{2}$

৩২. $3x+5y=2$
$x+8y=3$ সমীকরণে y এর মান কত? (সহজমান)
(ক) $\frac{7}{19}$ (খ) $\frac{19}{7}$ (গ) $\frac{-19}{7}$ (ঘ) $\frac{-7}{19}$
▸▸ তথ্য/ব্যাখ্যা : $3x+5y=2$ ....(1) × 1
$3x+24y=9$ ....(2) × 3
(−) করে, $-19y=-7$
বা, $y=\frac{7}{19}$

৩৩. $\frac{1}{3}x+\frac{2}{3}y=\frac{5}{4}$
$x+\frac{3}{2}y=6$ সমীকরণদ্বয়ের x এর মান কত? (কঠিনমান)
(ক) 51 (খ) 4 (গ) $\frac{51}{4}$ (ঘ) $\frac{4}{51}$

৩৪. $(x, y)=(6, 2)$ সমাধানটি নিচের কোন সমীকরণজোটের জন্য সঠিক? (কঠিনমান)
(ক) $2x-y=6$, $4x-2y=12$ (খ) $x+y=2$, $x-y=3$
(গ) $2x+y=12$, $x-y=3$ (ঘ) $2x+y=14$, $x-2y=2$
▸▸ তথ্য/ব্যাখ্যা : $(x, y)=(6, 2)$ এর জন্য, $2x+y=14$ সমীকরণের বামপক্ষ $=2\times6+2=14=$ ডানপক্ষ
$x-2y=2$ সমীকরণের বামপক্ষ $=6-2\times2=2=$ ডানপক্ষ

৩৫. $2x+y=8$
$3x-2y=5$ সমীকরণদ্বয়ে y এর মান কত? (কঠিনমান)
(ক) 1 (খ) 2
(গ) 3 (ঘ) 4

৩৬. $2x+3y+5=0$
$4x+7y+6=0$ সমীকরণদ্বয়ের x এর মান কত? (কঠিনমান)
(ক) 8 (খ) $4\frac{1}{3}$ (গ) $8\frac{1}{2}$ (ঘ) $-8\frac{1}{2}$

৩৭. $-\frac{1}{2}x+y=-1$
$2x-2y=2$ সমীকরণজোটে x-এর মান কত? (কঠিনমান)
(ক) 0 (খ) 1 (গ) 2 (ঘ) 3
▸▸ তথ্য/ব্যাখ্যা : $-x+2y=-2$.................. (1) × 2
$2x-2y=2$ .... (2) × 1
(+) করে, $x=0$

৩৮. $3x+5y=2$
$x+8y=3$ সমীকরণটিতে x-এর মান নিচের কোনটি? (কঠিনমান)
(ক) $\frac{1}{2}$ (খ) $\frac{1}{3}$ (গ) $\frac{1}{19}$ (ঘ) 16
▸▸ তথ্য/ব্যাখ্যা : $24x+40y=16$ ....(1) × 8
$-5x-40y=-15$ ....(2) × 5
(+) করে, $19x=1$
বা, $x=\frac{1}{19}$

৩৯. $ax+by=c$
$cx-ay=d$ সমীকরণদ্বয়ে সমাধানে x-এর মান কত? (কঠিনমান)
(ক) $\frac{a^2+b^2}{a^2-b^2}$ (খ) $\frac{ac+bd}{a^2-bc}$ (গ) $\frac{ac+bc}{bd-bc}$ (ঘ) $\frac{a^2c+bd}{a+bc}$

৪০. $x+2y=7$
$2x-3y=0$ সমীকরণ দুটির সমাধানে x-এর মান কত? (মধ্যমান)
(ক) 0 (খ) 3 (গ) 7 (ঘ) 11
▸▸ তথ্য/ব্যাখ্যা : $3x+6y=21$ ....(1) × 3
$4x-6y=0$ ....(2) × 2
(+) করে, $7x=21$
বা, $x=3$

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

৪১. $x+y=10$ এবং $x-y=4$ সমীকরণদ্বয়—
i. এক চলকবিশিষ্ট সরল সহসমীকরণ
ii. যোগ করলে হয় $2x=14$
iii. বিয়োগ করলে হয় $2y=6$
নিচের কোনটি সঠিক? (মধ্যমান)
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

৪২. $2x+5y=21$ এবং $x+2y=9$ সমীকরণদ্বয়ে—
i. $x=y$
ii. $x\neq y$
iii. $(x, y)=(3, 3)$
নিচের কোনটি সঠিক? (মধ্যমান)
(ক) i (খ) ii (গ) iii (ঘ) i ও iii

৪৩. $3x+2y=14$ এবং $5x+y=14$ সমীকরণজোট—
i. ধ্রুবক পদদ্বয়ের অনুপাত সমান
ii. x এর মান 2
iii. সমাধান (2, 4)
নিচের কোনটি সঠিক? (কঠিনমান)
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

৪৪. $2x+y=12$ এবং $3x+4y=23$ সমীকরণজোটে—
i. x এর মান 2
ii. x এর মান 5
iii. $(x, y)=(5, 2)$
নিচের কোনটি সঠিক? (কঠিনমান)
(ক) i (খ) ii (গ) ii ও iii (ঘ) i ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন

■ $4x+3y=15$ এবং $4x+2y=14$ দুইটি সরল সমীকরণ।
উপরের তথ্যের ভিত্তিতে ৪৫ ও ৪৬ নং প্রশ্নের উত্তর দাও :

৪৫. সমীকরণদ্বয়ে y এর সহগদ্বয়ের অনুপাত কত? (মধ্যমান)
(ক) 1 (খ) 2
(গ) 3 (ঘ) $\frac{3}{2}$

৪৬. সমীকরণদ্বয়ের সমাধান কোনটি? (কঠিনমান)
(ক) (1, 2) (খ) (2, 1)
(গ) (3, 1) (ঘ) (1, 3)

■ $5x+2y=19$ এবং $2x-y=4$ দুইটি সমীকরণ।
উপরের তথ্যের ভিত্তিতে ৪৭ — ৪৯নং প্রশ্নের উত্তর দাও :

৪৭. দ্বিতীয় সমীকরণটিকে 2 দ্বারা গুণ করলে কোনটি হবে? (মধ্যমান)
(ক) $2x-y=8$ (খ) $2x-2y=4$
(গ) $2x-2y=8$ (ঘ) $4x-2y=8$

৪৮. x-এর মান কত? (মধ্যমান)
(ক) 2 (খ) 3
(গ) 4 (ঘ) 5

৪৯. $(x, y)=$ কত? (কঠিনমান)
(ক) (2, 3) (খ) (3, 1)
(গ) (3, 2) (ঘ) (3, 3)

উত্তরের শুদ্ধতা/ নির্ভুলতা যাচাই করো

৩১	গ	৩২	ক	৩৩	গ	৩৪	ঘ	৩৫	খ	৩৬	ঘ	৩৭	ক	৩৮	গ	৩৯	খ	৪০	খ
৪১	খ	৪২	ঘ	৪৩	ঘ	৪৪	গ	৪৫	ঘ	৪৬	গ	৪৭	ঘ	৪৮	খ	৪৯	গ		

www.abswer.com

www.abswer.com

সৃজনশীল অংশ CREATIVE SECTION

প্রিয় শিক্ষার্থী, সৃজনশীল অংশে তোমাদের সেরা প্রস্তুতির জন্য এসএসসি পরীক্ষার প্রশ্ন ও সমাধানের পাশাপাশি সেরা স্কুলের টেস্ট পরীক্ষার প্রশ্ন, মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত প্রশ্ন, অনুশীলনমূলক কাজ নির্ভর এবং সমন্বিত অধ্যায়ের প্রশ্ন ও সমাধান সংযোজন করা হয়েছে।

শীর্ষস্থানীয় স্কুলসমূহের টেস্ট পরীক্ষার সৃজনশীল প্রশ্ন ও সমাধান — মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক নির্বাচিত

প্রশ্ন ১ ▸ ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ, ঢাকা

$3x - 4y = 0$; $2x - 3y = -1$.

ক. সমীকরণ জোটটি সঙ্গতিপূর্ণ ও পরস্পর নির্ভরশীল কিনা যাচাই কর। ২

খ. সমীকরণ জোটকে প্রতিস্থাপন পদ্ধতিতে সমাধান কর। ৪

গ. লেখচিত্রের সাহায্যে সমীকরণ জোটকে সমাধান করে দেখাও যে, (x, y) এর প্রাপ্ত মান (খ) নং -এ প্রাপ্ত মানের সমান। ৪

১নং প্রশ্নের সমাধান

ক প্রদত্ত সমীকরণ জোট, $3x - 4y = 0$

$2x - 3y = -1$

এখানে, x এর সহগদ্বয়ের অনুপাত $\frac{3}{2}$

y এর সহগদ্বয়ের অনুপাত $\frac{-4}{-3}$ বা $\frac{4}{3}$

যেহেতু $\frac{3}{2} \neq \frac{4}{3}$

সুতরাং সমীকরণ জোটটি সঙ্গতিপূর্ণ ও পরস্পর অনির্ভরশীল।

খ প্রদত্ত সমীকরণ জোট,

$3x - 4y = 0$ .... (1)

$2x - 3y = -1$ .... (2)

(1) নং সমীকরণ হতে পাই,

$3x = 4y$

বা, $x = \frac{4y}{3}$ .... (3)

(2) নং সমীকরণে $x = \frac{4y}{3}$ বসিয়ে পাই,

$2 . \frac{4y}{3} - 3y = -1$

বা, $\frac{8y}{3} - 3y = -1$

বা, $\frac{8y - 9y}{3} = -1$

বা, $\frac{-y}{3} = -1$ বা, $-y = -3$ বা, $y = 3$

(3)নং সমীকরণে y-এর মান বসিয়ে পাই, $x = \frac{4.3}{3}$

বা, $x = 4$

নির্ণেয় সমাধান : (x, y) = (4, 3).

গ প্রদত্ত সমীকরণ জোট $3x - 4y = 0$ .... (1)

$2x - 3y = -1$ .... (2)

(1) নং সমীকরণ হতে পাই, $4y = 3x$

বা, $y = \frac{3x}{4}$

সমীকরণটিতে x এর সুবিধামতো কয়েকটি মান নিয়ে y এর অনুরূপ মান বের করি ও নিচের ছকটি তৈরি করি :

x	−4	4	8
y	−3	3	6

∴ সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু (−4, −3), (4, 3), (8, 6)

আবার, (2) নং সমীকরণ হতে পাই, $3y = 2x + 1$

বা, $y = \frac{2x + 1}{3}$

সমীকরণটিতে x এর সুবিধামতো কয়েকটি মান নিয়ে y এর অনুরূপ মান বের করি ও নিচের ছকটি তৈরি করি :

x	−2	4	7
y	−1	3	5

∴ সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু (−2, −1), (4, 3), (7, 5)



মনে করি, XOX' ও YOY' যথাক্রমে x ও y অক্ষ এবং O মূলবিন্দু। ছক কাগজের উভয় অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের প্রতি দুই বাহুর দৈর্ঘ্যকে একক ধরি। এখন, ছক কাগজে (1) নং সমীকরণ হতে প্রাপ্ত (−4, −3), (4, 3), (8, 6) বিন্দুগুলো স্থাপন করে তাদের পরস্পর সংযুক্ত করি। লেখটি একটি সরলরেখা। একইভাবে, (2) নং সমীকরণ হতে প্রাপ্ত (−2, −1), (4, 3), (7, 5) বিন্দুগুলো স্থাপন করে তাদের পরস্পর সংযুক্ত করি। এক্ষেত্রেও লেখটি একটি সরলরেখা। সরলরেখাদ্বয় পরস্পর P বিন্দুতে ছেদ করেছে। চিত্র হতে দেখা যায়, P বিন্দুর স্থানাঙ্ক (4, 3)।

নির্ণেয় সমাধান : (x, y) = (4, 3)

(খ) নং হতে প্রাপ্ত, (x, y) = (4, 3)

∴ (x, y) এর প্রাপ্ত মান (খ) নং এ প্রাপ্ত মানের সমান। (দেখানো হলো)

প্রশ্ন ২ ▸ বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ

একটি সরল সমীকরণজোট– $5x + 4y = 31$

$x - 3y = -9$

ক. সমীকরণজোটের সমাধান সংখ্যা নির্ণয় কর। ২

খ. প্রতিস্থাপন পদ্ধতিতে সমীকরণজোটটির সমাধান কর। ৪

গ. লেখচিত্রের সাহায্যে সমীকরণজোটটির সমাধান কর। ৪

২নং প্রশ্নের সমাধান

ক প্রদত্ত সমীকরণজোট, $5x + 4y = 31$

$x - 3y = -9$

এখানে, x এর সহগদ্বয়ের অনুপাত $= \frac{5}{1} = 5$

এবং y এর সহগদ্বয়ের অনুপাত $= \frac{4}{-3}$

যেহেতু $5 \neq \frac{4}{-3}$

সুতরাং সমীকরণজোটটি সঙ্গতিপূর্ণ, পরস্পর অনির্ভরশীল এবং একটিমাত্র (অনন্য) সমাধান আছে।

www.abswer.com

www.abswer.com

খ প্রদত্ত সমীকরণজোট,

$5x + 4y = 31$ .... (1)

$x - 3y = -9$ .... (2)

(2) নং সমীকরণ হতে পাই,

$x = 3y - 9$ .... (3)

(1) নং সমীকরণে $x = 3y - 9$ বসিয়ে পাই,

$5(3y - 9) + 4y = 31$

বা, $15y - 45 + 4y = 31$

বা, $19y = 31 + 45$

বা, $19y = 76$

বা, $y = \frac{76}{19}$

$\therefore$ $y = 4$

(3) নং সমীকরণে y এর মান বসিয়ে পাই;

$x = 3 \times 4 = 9$

বা, $x = 12 - 9$

$\therefore$ $x = 3$

নির্ণেয় সমাধান : $(x, y) = (3, 4)$.

গ প্রদত্ত সমীকরণজোট,

$5x + 4y = 31$ .... (1)

$x - 3y = -9$ .... (2)

(1) নং হতে পাই,

$4y = 31 - 5x$

বা, $y = \frac{31 - 5x}{4}$

সমীকরণটিতে x এর সুবিধামতো কয়েকটি মান নিয়ে y এর অনুরূপ মান বের করি ও নিচের ছকটি তৈরি করি :

x	−1	3	7
y	9	4	−1

$\therefore$ সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু $(-1, 9)$, $(3, 4)$, $(7, -1)$।

আবার, (2) নং সমীকরণ হতে পাই,

$3y = x + 9$

বা, $y = \frac{x + 9}{3}$

সমীকরণটিতে x এর সুবিধামতো কয়েকটি মান নিয়ে y এর অনুরূপ মান বের করি ও নিচের ছকটি তৈরি করি :

x	−3	3	6
y	2	4	5

$\therefore$ সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু $(-3, 2)$, $(3, 4)$, $(6, 5)$।

মনে করি, XOX′ ও YOY′ যথাক্রমে x ও y অক্ষ এবং O মূলবিন্দু। ছক কাগজের উভয় অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের প্রতি বাহুর দৈর্ঘ্যকে একক ধরি। এখন, ছক কাগজে (1) নং সমীকরণ হতে প্রাপ্ত $(-1, 9)$, $(3, 4)$, $(7, -1)$ বিন্দুগুলো স্থাপন করে তাদের পরস্পর সংযুক্ত করি। লেখটি একটি সরলরেখা।

একইভাবে (2) নং সমীকরণ হতে প্রাপ্ত $(-3, 2)$, $(3, 4)$, $(6, 5)$ বিন্দুগুলো স্থাপন করে তাদের পরস্পর সংযুক্ত করি। এক্ষেত্রেও লেখটি একটি সরলরেখা।



সরলরেখাদ্বয় পরস্পর P বিন্দুতে ছেদ করেছে। চিত্র হতে দেখা যায় P বিন্দুর স্থানাঙ্ক (3, 4).

নির্ণেয় সমাধান : $(x, y) = (3, 4)$.

মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত সৃজনশীল প্রশ্ন ও সমাধান

শিখনফলের ধারায় প্রণীত

শিখনফল ৩ : সমাধানের আড়গুণন পদ্ধতি ব্যাখ্যা করতে পারব।

প্রশ্ন ৩ ▸ পাঠ্যবইয়ের শিখনফল ৩-এর আলোকে প্রণীত

$\left.\begin{array}{l} 3x + 4y = 14 \\ 4x - 3y = 2 \end{array}\right\}$ একটি সমীকরণ জোট।

ক. সমীকরণ জোটের সমাধান সংখ্যা নির্দেশ কর এবং সমঞ্জস কি-না যাচাই কর। ২

খ. সমীকরণ জোটটি আড়গুণন পদ্ধতিতে সমাধান কর। ৪

গ. লেখচিত্রের সাহায্যে সমীকরণ জোটটির সমাধান নির্ণয় কর এবং 'খ' নং প্রশ্নের প্রাপ্ত মানের সত্যতা যাচাই কর। ৪

৩নং প্রশ্নের সমাধান

ক প্রদত্ত সমীকরণ জোট, $3x + 4y = 14$

$4x - 3y = 2$

x-এর সহগদ্বয়ের অনুপাত $= \frac{3}{4}$

y-এর সহগদ্বয়ের অনুপাত $= \frac{4}{-3}$

আমরা পাই, $\frac{3}{4} \neq \frac{4}{-3}$

$\therefore$ সমীকরণ জোটটির একটিমাত্র সমাধান আছে এবং সমীকরণ জোটটি সমঞ্জস।

খ প্রদত্ত সমীকরণ জোট,

$\left.\begin{array}{l} 3x + 4y = 14 \\ 4x - 3y = 2 \end{array}\right\}$

বা, $\left.\begin{array}{l} 3x + 4y - 14 = 0 \\ 4x - 3y - 2 = 0 \end{array}\right\}$

আড়গুণন পদ্ধতিতে পাই,

$\frac{x}{4 \times (-2) - (-3) \times (-14)} = \frac{y}{4 \times (-14) - 3 \times (-2)} = \frac{1}{3 \times (-3) - 4 \times 4}$

বা, $\frac{x}{-8 - 42} = \frac{y}{-56 + 6} = \frac{1}{-9 - 16}$

বা, $\frac{x}{-50} = \frac{y}{-50} = \frac{1}{-25}$

বা, $\frac{x}{50} = \frac{y}{50} = \frac{1}{25}$

এখন, $\frac{x}{50} = \frac{1}{25}$

বা, $x = \frac{50}{25}$

$\therefore$ $x = 2$

আবার, $\frac{y}{50} = \frac{1}{25}$

বা, $y = \frac{50}{25}$

$\therefore$ $y = 2$

নির্ণেয় সমাধান $(x, y) = (2, 2)$.

www.abswer.com

www.abswer.com

গ প্রদত্ত সমীকরণদ্বয় $3x + 4y = 14$ .... (1)

$4x - 3y = 2$ .... (2)

সমীরণ (1) থেকে পাই, $3x + 4y = 14$

বা, $4y = 14 - 3x$ বা, $y = \frac{14 - 3x}{4}$

সমীকরণটিতে x এর কয়েকটি মান নিয়ে y এর মান বের করি ও নিচের ছকটি তৈরি করি :

x	-2	2	4
y	5	2	$\frac{1}{2}$

∴ সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু $(-2, 5)$, $(2, 2)$ $(4, \frac{1}{2})$।

আবার, সমীকরণ (2) থেকে পাই, $4x - 3y = 2$

বা, $-3y = 2 - 4x$

বা, $3y = 4x - 2$ বা, $y = \frac{4x - 2}{3}$

সমীকরণটিতে x এর কয়েকটি মান নিয়ে y এর মান বের করি ও নিচের ছকটি তৈরি করি :

x	2	5	8
y	2	6	$\frac{1}{2}$

∴ সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু $(2, 2)$, $(5, 6)$, $(8, 10)$।



মনে করি, ছক কাগজে XOX' ও YOY' যথাক্রমে x অক্ষ ও y অক্ষ এবং O, মূলবিন্দু। ছক কাগজের উভয় অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের প্রতিবাহুর দৈর্ঘ্যকে একক ধরি। এখন ছক কাগজে সমীকরণ (i) হতে প্রাপ্ত $(-2, 5)$, $(2, 2)$, $(4, \frac{1}{2})$ বিন্দুগুলো স্থাপন করি ও তাদের পরস্পর সংযুক্ত করি। লেখটি একটি সরলরেখা।

একইভাবে, সমীকরণ (2) হতে প্রাপ্ত $(2, 2)$, $(5, 6)$, $(8, 10)$ বিন্দুগুলো স্থাপন করি ও তাদের পরস্পর সংযুক্ত করি। এক্ষেত্রেও লেখটি একটি সরলরেখা। মনে করি, রেখাদ্বয় পরস্পর P বিন্দুতে ছেদ করেছে। চিত্র থেকে দেখা যায়, P বিন্দুর স্থানাঙ্ক $(2, 2)$।

নির্ণেয় সমাধান $(x, y) = (2, 2)$ যা 'খ' নং প্রশ্নের প্রাপ্তমানের সমান।

(সত্যতা যাচাই করা হলো)

প্রশ্ন ৪ ▶ পাঠ্যবইয়ের শিখনফল ৩-এর আলোকে প্রণীত

$\frac{1}{2}x + \frac{1}{3}y = 3$ এবং $x + \frac{1}{6}y = 3$.

ক. সমীকরণজোটটির সমাধান সংখ্যা কত? ২

খ. অপনয়ন পদ্ধতিতে সমীকরণজোটটির সমাধান কর। ৪

গ. আড়গুণন পদ্ধতিতে সমীকরণদ্বয়ের সমাধান কর ও শুদ্ধি পরীক্ষা কর। ৪

৪নং প্রশ্নের সমাধান

ক প্রদত্ত সমীকরণজোট থেকে দেখা যায়, $\frac{a_1}{a_2} = \frac{\frac{1}{2}}{1} = \frac{1}{2}$

$\frac{b_1}{b_2} = \frac{\frac{1}{3}}{\frac{1}{6}} = \frac{1}{3} \times \frac{6}{1} = 2$; $\frac{c_1}{c_2} = \frac{3}{3} = 1$

∴ $\frac{a_1}{a_2} \neq \frac{b_1}{b_2}$

সুতরাং সমীকরণ জোটটির একটিমাত্র (অনন্য) সমাধান রয়েছে।

খ দেওয়া আছে, $\frac{1}{2}x + \frac{1}{3}y = 3$ .... (1)

$x + \frac{1}{6}y = 3$ .... (2)

(1) নং সমীকরণকে -2 দ্বারা গুণ করে পাই, $-x - \frac{2}{3}y = -6$ ...... (3)

সমীকরণ (2) ও (3) নং যোগ করে পাই, $\frac{y}{6} - \frac{2y}{3} = -6 + 3$

বা, $\frac{y - 4y}{6} = -3$

বা, $-3y = -18$

বা, $y = 6$

y-এর মান (2) নং সমীকরণে বসিয়ে পাই,

$x + \frac{1}{6} \times 6 = 3$

বা, $x + 1 = 3$

বা, $x = 3 - 1$

বা, $x = 2$

নির্ণেয় সমাধান, $(x, y) = (2, 6)$.

গ দেওয়া আছে,

$\frac{1}{2}x + \frac{1}{3}y = 3$ .... (1)

$x + \frac{1}{6}y = 3$ .... (2)

(1) $\frac{1}{2}x + \frac{1}{3}y - 3 = 0$ .... (3)

(2) $x + \frac{1}{6}y - 3 = 0$ .... (4)

(3) নং ও (4) নং সমীকরণ-এর বজ্রগুণন করে পাই,

$$\frac{x}{\frac{1}{3} \times (-3) - \frac{1}{6} \times (-3)} = \frac{y}{-3 \times 1 - (-3) \times \frac{1}{2}} = \frac{1}{\frac{1}{2} \times \frac{1}{6} - 1 \times \frac{1}{3}}$$

বা, $\frac{x}{-1 + \frac{1}{2}} = \frac{y}{-3 + \frac{3}{2}} = \frac{1}{\frac{1}{12} - \frac{1}{3}}$

বা, $\frac{x}{\frac{-2+1}{2}} = \frac{y}{\frac{-6+3}{2}} = \frac{1}{\frac{1-4}{12}}$

বা, $\frac{x}{-\frac{1}{2}} = \frac{y}{\frac{-3}{2}} = \frac{1}{\frac{-3}{12}}$

বা, $-2x = \frac{-2y}{3} = -4$

∴ $-2x = -4$

বা, $x = 2$

আবার, $\frac{-2y}{3} = -4$

বা, $-2y = -12$

বা, $y = 6$

নির্ণেয় সমাধান, $(x, y) = (2, 6)$.

শুদ্ধি পরীক্ষা :

১ম সমীকরণের বামপক্ষ $= \frac{1}{2}x + \frac{1}{3}y$

$= \frac{1}{2} \times 2 + \frac{1}{3} \times 6 = 3 =$ ডানপক্ষ

২য় সমীকরণের বামপক্ষ $= x + \frac{1}{6}y$

$= 2 + \frac{1}{6} \times 6 = 3 =$ ডানপক্ষ

∴ প্রাপ্ত সমাধান সঠিক হয়েছে।

www.abswer.com

www.abswer.com

অধ্যায় ১২

অনুশীলনী ১২.৩
লৈখিক পদ্ধতিতে সমাধান

সাধারণ গাণিতিক অংশ

পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

প্রিয় শিক্ষার্থী, পাঠ্যবইয়ে এ অধ্যায়ে অনুশীলনীতে বিভিন্ন ধরনের গাণিতিক প্রশ্ন দেওয়া আছে। প্রতিটি প্রশ্নের যথাযথ ও নির্ভুল সমাধান এ অংশে সংযোজন করা হলো। এসব প্রশ্ন ও সমাধানের অনুশীলন তোমাদের সৃজনশীল ও বহুনির্বাচনি প্রশ্নোত্তরের ধারণা সুস্পষ্টকরণে সহায়তা করবে।

পাঠ্যবইয়ের অনুশীলনীর গাণিতিক প্রশ্নের সমাধান

❑ লেখচিত্রের সাহায্যে সমাধান কর :

প্রশ্ন ১ ▸ $3x + 4y = 14$
$4x - 3y = 2$

সমাধান : প্রদত্ত সমীকরণদ্বয় $3x + 4y = 14$ ....(1)
$4x - 3y = 2$ ....(2)

সমীরণ (1) থেকে পাই, $3x + 4y = 14$
বা, $4y = 14 - 3x$
বা, $y = \frac{14 - 3x}{4}$

সমীকরণটিতে x এর কয়েকটি মান নিয়ে y এর মান বের করি ও নিচের ছকটি তৈরি করি :

x	−2	2	4
y	5	2	$\frac{1}{2}$

∴ সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু $(-2, 5), (2, 2)$ $(4, \frac{1}{2})$।

আবার, সমীকরণ (2) থেকে পাই, $4x - 3y = 2$
বা, $-3y = 2 - 4x$
বা, $3y = 4x - 2$
বা, $y = \frac{4x - 2}{3}$

সমীকরণটিতে x এর কয়েকটি মান নিয়ে y এর মান বের করি ও নিচের ছকটি তৈরি করি :

x	2	5	8
y	2	6	10

∴ সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু $(2, 2), (5, 6), (8, 10)$।



মনে করি, ছক কাগজে XOX′ ও YOY′ যথাক্রমে x অক্ষ ও y অক্ষ এবং O, মূলবিন্দু। ছক কাগজের উভয় অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের প্রতিবাহুর দৈর্ঘ্যকে একক ধরি। এখন ছক কাগজে সমীকরণ (i) হতে প্রাপ্ত $(-2, 5)$, $(2, 2)$, $\left(4, \frac{1}{2}\right)$ বিন্দুগুলো স্থাপন করি ও তাদের পরস্পর সংযুক্ত করি। লেখটি একটি সরলরেখা।

একইভাবে, সমীকরণ (2) হতে প্রাপ্ত $(2, 2), (5, 6), (8, 10)$ বিন্দুগুলো স্থাপন করি ও তাদের পরস্পর সংযুক্ত করি। এক্ষেত্রেও লেখটি একটি সরলরেখা। মনে করি, রেখাদ্বয় পরস্পর P বিন্দুতে ছেদ করেছে। চিত্র থেকে দেখা যায়, P বিন্দুর স্থানাঙ্ক $(2, 2)$।

নির্ণেয় সমাধান $(x, y) = (2, 2)$.

প্রশ্ন ২ ▸ $2x - y = 1$
$5x + y = 13$

সমাধান : প্রদত্ত সমীকরণদ্বয় $2x - y = 1$ .... (1)
$5x + y = 13$ .... (2)

সমীকরণ (1) হতে পাই, $2x - y = 1$
বা, $-y = 1 - 2x$
বা, $y = 2x - 1$

সমীকরণটিতে x এর কয়েকটি মান নিয়ে y-এর অনুরূপ মান বের করি ও নিচের ছকটি তৈরি করি :

x	1	2	3
y	1	3	5

সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু : $(1, 1), (2, 3), (3, 5)$

আবার সমীকরণ (2) থেকে পাই, $5x + y = 13$
বা, $y = 13 - 5x$

সমীকরণটিতে x-এর কয়েকটি মান নিয়ে y-এর অনুরূপ মান বের করি ও নিচের ছকটি তৈরি করি।

x	1	2	3
y	8	3	−2

সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু, $(1, 8), (2, 3), (3, -2)$



মনে করি, XOX′ ও YOY′ যথাক্রমে x অক্ষ ও y অক্ষ এবং O মূলবিন্দু। ছক কাগজের উভয় অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের প্রতিবাহুর দৈর্ঘ্যকে একক ধরি। এখন ছক কাগজে সমীকরণ (1) হতে প্রাপ্ত $(1, 1), (2, 3), (3, 5)$ বিন্দুগুলো স্থাপন করি ও তাদের পরস্পর সংযুক্ত করি। লেখটি একটি সরলরেখা।

একইভাবে, সমীকরণ (2) হতে প্রাপ্ত $(1, 8), (2, 3), (3, -2)$ বিন্দুগুলো স্থাপন করি ও তাদের পরস্পর সংযুক্ত করি। এক্ষেত্রেও লেখটি একটি সরলরেখা।

মনে করি, সরলরেখাদ্বয় পরস্পর P বিন্দুতে ছেদ করেছে। চিত্র থেকে দেখা যায়, P বিন্দুর স্থানাঙ্ক $(2, 3)$।

নির্ণেয় সমাধান $(x, y) = (2, 3)$.

প্রশ্ন ৩ ▸ $2x + 5y = 1$
$x + 3y = 2$

সমাধান : প্রদত্ত সমীকরণদ্বয় $2x + 5y = 1$ .... (1)
$x + 3y = 2$ ....(2)

সমীকরণ (1) থেকে পাই, $2x + 5y = 1$
বা, $5y = 1 - 2x$
বা, $y = \frac{1 - 2x}{5}$

www.abswer.com

www.abswer.com

সমীকরণটিতে x এর কয়েকটি মান নিয়ে y-এর অনুরূপ মান বের করি ও নিচের ছকটি তৈরি করি :

x	−7	−2	3
y	3	1	−1

সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু (−7, 3), (−2, 1), (3, −1)

আবার সমীকরণ (2) থেকে পাই, $x + 3y = 2$

বা, $3y = 2 - x$

বা, $y = \frac{2-x}{3}$

সমীকরণটিতে x-এর কয়েকটি মান নিয়ে y-এর অনুরূপ মান বের করি ও নিচের ছকটি তৈরি করি।

x	−1	−4	−7
y	1	2	3

সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু, (−1, 1), (−4, 2), (−7, 3).



মনে করি, XOX′ ও YOY′ যথাক্রমে x অক্ষ ও y অক্ষ এবং O মূলবিন্দু। ছক কাগজের উভয় অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের প্রতি দুই বাহুর দৈর্ঘ্যকে একক ধরি। এখন ছক কাগজে সমীকরণ 1 হতে প্রাপ্ত (−7, 3), (−2, 1), (3, −1) বিন্দুগুলো স্থাপন করি ও তাদের পরস্পর সংযুক্ত করি। লেখটি একটি সরলরেখা।

একইভাবে সমীকরণ (2) হতে প্রাপ্ত (−1, 1), (−4, 2), (−7, 3) বিন্দুগুলো স্থাপন করি ও তাদের পরস্পর সংযুক্ত করি। এক্ষেত্রে ও লেখটি একটি সরলরেখা।

মনে করি, সরলরেখাদ্বয় পরস্পর P বিন্দুতে ছেদ করেছে। চিত্র থেকে দেখা যায়, P বিন্দুর স্থানাঙ্ক (−7, 3)।

নির্ণেয় সমাধান, (x, y) = (−7, 3).

প্রশ্ন ৪ ▸ $3x - 2y = 2$

$5x - 3y = 5$

সমাধান : প্রদত্ত সমীকরণদ্বয় $3x - 2y = 2$ .... (1)

$5x - 3y = 5$ .... (2)

সমীকরণ (1) থেকে পাই, $3x - 2y = 2$

বা, $-2y = 2 - 3x$

বা, $2y = 3x - 2$

বা, $y = \frac{3x-2}{2}$

সমীকরণটিতে x এর কয়েকটি মান নিয়ে y-এর অনুরূপ মান বের করে নিচের ছকটি তৈরি করি :

x	2	4	6
y	2	5	8

সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু :(2, 2), (4, 5), (6, 8)।

আবার সমীকরণ (2) থেকে পাই, $5x - 3y = 5$

বা, $-3y = 5 - 5x$

বা, $3y = 5x - 5$

বা, $y = \frac{5x-5}{3}$

সমীকরণটিতে x-এর কয়েকটি মান নিয়ে y-এর মান বের করি ও নিচের ছকটি তৈরি করি।

x	4	7	10
y	5	10	15

সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু, (4, 5), (7, 10), (10, 15)।

মনে করি, XOX′ ও YOY′ যথাক্রমে x অক্ষ ও y অক্ষ এবং O মূলবিন্দু। ছক কাগজের উভয় অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের প্রতি তিন বাহুর দৈর্ঘ্যকে একক ধরে 1 ও 2 নং হতে প্রাপ্ত বিন্দুগুলো স্থাপন করি ও 1 ও 2 নং এর বিন্দুগুলো যথাক্রমে যোগ করি। ফলে দুটি সরলরেখা পাওয়া গেল।



মনে করি, সরলরেখা দুটি পরস্পর P বিন্দুতে ছেদ করে। লেখচিত্র থেকে দেখা যায় P বিন্দুর স্থানাঙ্ক (4, 5).

নির্ণেয় সমাধান, (x, y) = (4, 5).

প্রশ্ন ৫ ▸ $\frac{x}{2} + \frac{y}{3} = 2$

$2x + 3y = 13$

সমাধান : প্রদত্ত সমীকরণদ্বয় $\frac{x}{2} + \frac{y}{3} = 2$ .... (1)

$2x + 3y = 13$ .... (2)

সমীকরণ (1) থেকে পাই, $\frac{x}{2} + \frac{y}{3} = 2$

বা, $\frac{y}{3} = 2 - \frac{x}{2}$

বা, $y = 6 - \frac{3x}{2}$

সমীকরণটিতে x এর কয়েকটি মান নিয়ে y-এর অনুরূপ মান বের করি ও নিচের ছকটি তৈরি করি :

x	2	4	6
y	3	0	−3

সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু (2, 3), (4, 0), (6, −3)

আবার সমীকরণ (2) থেকে পাই, $2x + 3y = 13$

বা, $3y = 13 - 2x$

বা, $y = \frac{13-2x}{3}$

সমীকরণটিতে x-এর কয়েকটি মান নিয়ে y-এর অনুরূপ মান বের করি ও নিচের ছকটি তৈরি করি।

x	2	5	8
y	3	1	−1

সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু, (2, 3), (5, 1), (8, −1)।

www.abswer.com

www.abswer.com

মনে করি, XOX′ ও YOY′ যথাক্রমে x অক্ষ ও y অক্ষ এবং O মূলবিন্দু। ছক কাগজের উভয় অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের প্রতিবাহুর দৈর্ঘ্যকে একক ধরি। এখন ছক কাগজে সমীকরণ (1) হতে প্রাপ্ত (2, 3), (4, 0), (6, −3) বিন্দুগুলো স্থাপন করি ও তাদের পরস্পর সংযুক্ত করি। লেখটি একটি সরলরেখা।



একইভাবে সমীকরণ (2) হতে প্রাপ্ত (2, 3), (5, 1), (8, − 1) বিন্দুগুলো স্থাপন করি ও তাদের পরস্পর সংযুক্ত করি। এক্ষেত্রেও লেখটি একটি সরলরেখা।

মনে করি, সরলরেখাদ্বয় পরস্পর P বিন্দুতে ছেদ করেছে। চিত্র থেকে দেখা যায়, P বিন্দুর স্থানাঙ্ক (2, 3)।

নির্ণেয় সমাধান, (x, y) = (2, 3).

প্রশ্ন ৬ ▸ $3x + y = 6$

$5x + 3y = 12$

সমাধান : প্রথম সমীকরণ থেকে পাই, $y = 6 - 3x$

সমীকরণটিতে x-এর কয়েকটি মান নিয়ে y এর অনুরূপ মান বের করি ও নিচের ছকটি তৈরি করি :

x	2	1	3
y	0	3	−3

সমীকরটির লেখের উপর তিনটি বিন্দু (2, 0), (1, 3), (3, −3)

দ্বিতীয় সমীকরণ থেকে পাই, $3y = 12 - 5x$

$\therefore \quad y = \frac{12 - 5x}{3}$

সমীকরণটিতে x-এর কয়েকটি মান নিয়ে y এর অনুরূপ মান বের করি ও নিচের ছকটি তৈরি করি।

x	0	3	6
y	4	−1	−6

সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু (0, 4), (3, − 1), (6, − 6)

ক্ষুদ্রতম বর্গের বাহুর দৈর্ঘ্যের দ্বিগুণকে একক ধরে প্রথম সমীকরণের লেখের (2, 0), (1, 3), (3, −3) বিন্দুগুলো ছক কাগজে স্থাপন করে তাদের সংযোগকারী সরলরেখাকে উভয় দিকে বর্ধিত করি। আবার একই অক্ষদ্বয় ও একক নিয়ে দ্বিতীয় সমীকরণের লেখের (0, 4), (3, − 1), (6, − 6) বিন্দুগুলো ছক কাগজে স্থাপন করি।



এদের সংযোগকারী রেখাংশকে উভয় দিকে বর্ধিত করি। উল্লেখ্য, দুইটি লেখই সরলরেখা। সরলরেখা দুইটি পরস্পর P বিন্দুতে ছেদ করে। P বিন্দু উভয় সরলরেখারই সাধারণ বিন্দু বলে এই বিন্দুর স্থানাঙ্ক উভয় সমীকরণকে সিদ্ধ করে। লেখ থেকে দেখা যায় যে, P বিন্দুর ভুজ ও কোটি যথাক্রমে 1.5 এবং 1.5.

নির্ণেয় সমাধান, (x, y) = (1.5, 1.5).

প্রশ্ন ৭ ▸ $3x + 2y = 4$

$3x - 4y = 1$

সমাধান : দেওয়া আছে,

$3x + 2y = 4$ .... (1)

$3x - 4y = 1$ .... (2)

(1) নং সমীকরণ থেকে পাই,

$3x + 2y = 4$

বা, $2y = 4 - 3x$

$\therefore \quad y = \frac{4 - 3x}{2}$

সমীকরণটিতে x-এর কয়েকটি মান নিয়ে y এর অনুরূপ মান বের করি ও নিচের ছকটি তৈরি করি।

x	0	1	8	−4
y	2	$\frac{1}{2}$	−10	8

সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু (0, 2), $\left(1, \frac{1}{2}\right)$, (8, −10), (−4, 8)

(2) নং সমীকরণ হতে পাই,

$3x - 4y = 1$

বা, $3x - 1 = 4y$

$\therefore \quad y = \frac{3x - 1}{4}$

সমীকরণটিতে x-এর কয়েকটি মান নিয়ে y এর অনুরূপ মান বের করি ও নিচের ছকটি তৈরি করি।

x	1	−5	7	11
y	$\frac{1}{2}$	−4	5	8

সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু $\left(1, \frac{1}{2}\right)$, (− 5, − 4), (7, 5), (11, 8).

ক্ষুদ্রতম এক বর্গের বাহুর দৈর্ঘ্যকে একক ধরে (1) নং সমীকরণের লেখের উল্লিখিত বিন্দুগুলো ছক কাগজে স্থাপন করে যোগ করি। লেখটি একটি সরলরেখা। (2) নং সমীকরণের লেখের উল্লিখিত বিন্দুগুলো একই ছক কাগজে স্থাপন করে যোগ করি। এই লেখটিও একটি সরলরেখা।



সরলরেখা দুইটি পরস্পর P বিন্দুতে ছেদ করে। যেহেতু P বিন্দু উভয় সরলরেখায় অবস্থিত, সেহেতু P বিন্দুর ভুজ ও কোটি উভয় সমীকরণকে সিদ্ধ করে। লেখ থেকে দেখা যায় যে, P বিন্দুর ভুজ ও কোটি যথাক্রমে 1 এবং $\frac{1}{2}$।

নির্ণেয় সমাধান, $(x, y) = \left(1, \frac{1}{2}\right)$.

প্রশ্ন ৮ ▸ $\frac{x}{2} + \frac{y}{3} = 3$

$x + \frac{y}{6} = 3$

সমাধান : প্রদত্ত সমীকরণদ্বয় $\frac{x}{2} + \frac{y}{3} = 3$..............(1)

$x + \frac{y}{6} = 3$..............(2)

www.abswer.com

www.abswer.com

সমীকরণ (1) থেকে পাই, $\frac{x}{2}+\frac{y}{3}=3$

বা, $\frac{y}{3}=3-\frac{x}{2}$

বা, $y=9-\frac{3x}{2}$

সমীকরণটিতে x এর কয়েকটি মান নিয়ে y-এর অনুরূপ মান বের করি ও নিচের ছকটি তৈরি করি :

x	2	4	6
y	6	3	0

সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু : (2, 6), (4, 3), (6, 0)

আবার সমীকরণ (2) থেকে পাই, $x+\frac{y}{6}=3$

বা, $\frac{y}{6}=3-x$

বা, $y=18-6x$

সমীকরণটিতে x-এর কয়েকটি মান নিয়ে y-এর অনুরূপ মান বের করি ও নিচের ছকটি তৈরি করি।

x	1	2	3
y	12	6	0

সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু, (1, 12), (2, 6), (3, 0)।

মনে করি, XOX′ ও YOY′ যথাক্রমে x অক্ষ ও y অক্ষ এবং O মূলবিন্দু। ছক কাগজের উভয় অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের প্রতিবাহুর দৈর্ঘ্যকে একক ধরি। এখন ছক কাগজে সমীকরণ (1) হতে প্রাপ্ত (2, 6), (4, 3), (6, 0) বিন্দুগুলো স্থাপন করি ও তাদের পরস্পর সংযুক্ত করি। লেখটি একটি সরলরেখা।



একইভাবে সমীকরণ (2) হতে প্রাপ্ত (1, 12), (2, 6), (3, 0) বিন্দুগুলো স্থাপন করি ও তাদের পরস্পর সংযুক্ত করি। এক্ষেত্রেও লেখটি একটি সরলরেখা।

মনে করি, সরলরেখাদ্বয় পরস্পর P বিন্দুতে ছেদ করেছে। চিত্র থেকে দেখা যায়, P বিন্দুর স্থানাঙ্ক (2, 6)।

নির্ণেয় সমাধান (x, y) = (2, 6).

প্রশ্ন ৯ ▸ 3x + 2 = x − 2

সমাধান : প্রদত্ত সমীকরণ, 3x + 2 = x − 2

ধরি, y = 3x + 2 = x − 2

∴ y = 3x + 2 .... (1)

এবং y = x − 2 .... (2)

এখন সমীকরণ (1) এ x এর কয়েকটি মান নিয়ে y এর অনুরূপ মান বের করি ও নিচের ছকটি তৈরি করি :

x	2	−2	−4
y	8	−4	−10

∴ সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু, (2, 8), (−2, −4), (−4, −10)

আবার, সমীকরণ (2) এ x-এর কয়েকটি মান নিয়ে y এর অনুরূপ মান বের করি ও নিচের ছকটি তৈরি করি।

x	2	−2	−6
y	0	−4	−8

∴ সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু, (2, 0), (−2, −4), (−6, −8)

মনে করি, XOX′ ও YOY′ যথাক্রমে x অক্ষ ও y অক্ষ এবং O মূলবিন্দু। ছক কাগজের উভয় অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের প্রতি বাহুর দৈর্ঘ্যকে একক ধরি।

এখন ছক কাগজে সমীকরণ (1) থেকে প্রাপ্ত (2, 8), (−2, −4), (−4, −10) বিন্দুগুলো স্থাপন করি ও বিন্দুগুলো পরস্পর সংযুক্ত করি। তাহলে, লেখটি হবে একটি সরলরেখা। একইভাবে, সমীকরণ (2) থেকে প্রাপ্ত (2, 0), (−2, −4), (−6, −8) বিন্দুগুলো স্থাপন করে এগুলো পরস্পর সংযুক্ত করি। তাহলে লেখটি হবে একটি সরলরেখা।



মনে করি, সরলরেখাদ্বয় পরস্পর P বিন্দুতে ছেদ করে। চিত্রে দেখা যায়, ছেদবিন্দুটির স্থানাঙ্ক (−2, −4).

নির্ণেয় সমাধান, (x, y) = (−2, −4).

প্রশ্ন ১০ ▸ 3x − 7 = 3 − 2x

সমাধান : প্রদত্ত সমীকরণ, 3x − 7 = 3 − 2x

ধরি, y = 3x − 7 = 3 − 2x

∴ y = 3x − 7.................. (1)

এবং y = 3 − 2x.................. (2)

এখন সমীকরণ (1) এ x এর কয়েকটি মান নিয়ে y এর অনুরূপ মান বের করি ও নিচের ছকটি তৈরি করি :

x	0	1	2
y	−7	−4	−1

∴ সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু, (0, −7), (1, −4), (2, −1)

আবার, সমীকরণ (2) এ x-এর কয়েকটি মান নিয়ে y এর অনুরূপ মান বের করি ও পাশের ছকটি তৈরি করি :

x	0	2	4
y	3	−1	−5

সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু, (0, 3), (2 − 1), (4, −5)

মনে করি, XOX′ ও YOY′ যথাক্রমে x অক্ষ ও y অক্ষ এবং O মূলবিন্দু। ছক কাগজের উভয় অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের প্রতি বাহুর দৈর্ঘ্যকে একক ধরি।

এখন ছক কাগজে সমীকরণ (1) থেকে প্রাপ্ত (0, −7), (1, −4), (2, −1) বিন্দুগুলো স্থাপন করি ও তাদের পরস্পর সংযুক্ত করি। তাহলে লেখটি হবে একটি সরলরেখা। একইভাবে সমীকরণ (2) থেকে প্রাপ্ত (0, 3), (2, −1), (4, −5) বিন্দুগুলোকে স্থাপন করি ও তাদের সংযুক্ত করি।



তাহলে লেখটি হবে একটি সরলরেখা। মনে করি সরলরেখাদ্বয় পরস্পর P বিন্দুতে ছেদ করে। চিত্রে দেখা যায় P বিন্দুর স্থানাঙ্ক (2, −1)

ছেদ বিন্দুর ভুজ 2, যা প্রদত্ত সমীকরণের সমাধান।

নির্ণেয় সমাধান (x, y) = (2, −1).

www.abswer.com

www.abswer.com

বহুনির্বাচনি অংশ MCQ SECTION

প্রিয় শিক্ষার্থী, বহুনির্বাচনি অংশে তোমাদের সেরা প্রস্তুতির জন্য এসএসসি পরীক্ষার প্রশ্নোত্তরের পাশাপাশি সেরা স্কুলের টেস্ট পরীক্ষার প্রশ্নোত্তর এবং মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত প্রশ্নোত্তর সংযোজন করা হয়েছে। অনুশীলনের সুবিধার্থে প্রশ্নের নিচে সঠিক উত্তরের সপক্ষে যুক্তি (তথ্য/ব্যাখ্যা) দেওয়া হয়েছে।

সকল বোর্ডের এসএসসি পরীক্ষার বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর — সঠিক উত্তরের সপক্ষে যুক্তি সংবলিত

সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন

১. $2x+y=1$ ও $x=-4$ সমীকরণদ্বয়ের সমাধান বিন্দু কোন চতুর্ভাগে অবস্থিত? [ঢা. বো. '২০]
ⓐ চতুর্থ ⓑ তৃতীয় ⓒ দ্বিতীয় ⓓ প্রথম

▶▶ তথ্য/ব্যাখ্যা : $2x+y=1$ .... (1)
$x=-4$ .... (2)
$\therefore$ (1) হতে পাই, $2(-4)+y=1$
বা, $-8+y=1$ বা, $y=1+8$ $\therefore y=9$
$\therefore (x, y)=(-4, 9)$
$\therefore (-4, 9)$ বিন্দুটি দ্বিতীয় চতুর্ভাগে অবস্থিত।

২. $(-2,-3)$ বিন্দুটি কোন সমীকরণের উপর অবস্থিত? [ম. বো. '২০]
ⓐ $x-y=1$ ⓑ $2x+y=7$
ⓒ $x+3y=5$ ⓓ $2x+2y=6$

▶▶ তথ্য/ব্যাখ্যা : $(-2,-3)$ বিন্দুটি $x-y=1$ সমীকরণে বসিয়ে পাই,
বামপক্ষ $=-2-(-3)=-2+3=1=$ ডানপক্ষ
$\therefore (-2,-3)$ বিন্দুটি $x-y=1$ সমীকরণের উপর অবস্থিত।

৩. $(-5,-3)$ বিন্দুটি x অক্ষ থেকে কত দূরে অবস্থিত? [কু.বো. '১৯]
ⓐ -5 একক ⓑ -3 একক ⓒ 3 একক ⓓ 5 একক

▶▶ তথ্য/ব্যাখ্যা : $(-5,-3)$ বিন্দুটি x-অক্ষ থেকে $|-3|=3$ একক দূরে অবস্থিত।

৪. $(3,-5)$ বিন্দুটি কোন চতুর্ভাগে অবস্থিত? [কু. বো. '১৭; য. বো. '১৫]
ⓐ প্রথম ⓑ দ্বিতীয় ⓒ তৃতীয় ⓓ চতুর্থ

▶▶ তথ্য/ব্যাখ্যা : গ্রাফ হতে দেখা যাচ্ছে $(3,-5)$ বিন্দুটি চতুর্থ চতুর্ভাগে অবস্থিত।



৫. $(2, 3)$ বিন্দুটি নিচের কোন সমীকরণের লেখচিত্রের উপর অবস্থিত? [কু. বো. '১৭]
ⓐ $x-y=1$ ⓑ $2x+y=7$
ⓒ $x+3y=5$ ⓓ $2x+y=6$

▶▶ তথ্য/ব্যাখ্যা : $(2, 3)$ বিন্দুতে $2x+y=7$ সমীকরণের বামপক্ষ $=2\times2+3=7=$ ডানপক্ষ।
অর্থাৎ, বিন্দুটি রেখাটির সমীকরণকে সিদ্ধ করায় বিন্দুটি রেখাটির উপর অবস্থান করে।

৬. $2x+3y=2$ সমীকরণে $x=-2$ হলে প্রাপ্ত বিন্দুটি কোন চতুর্ভাগে? [সি. বো. '১৭]
ⓐ ১ম ⓑ ২য় ⓒ ৩য় ⓓ ৪র্থ

▶▶ তথ্য/ব্যাখ্যা : $x=-2$ হলে, $2(-2)+3y=2$
বা, $3y=2+4=6$ $\therefore y=2$
$\therefore$ বিন্দুটি $(-2, 2)$ ২য় চতুর্ভাগে অবস্থিত।

৭. $3x+2y=1$ সমীকরণে $x=-3$ বসালে সমীকরণের লেখের বিন্দুটি কোন চতুর্ভাগে পড়ে? [চ. বো. '১৬]
ⓐ ১ম ⓑ ২য় ⓒ ৩য় ⓓ ৪র্থ

৮. $(2, 0)$, $(4, 4)$, $(0 -4)$ বিন্দুসমূহ কোন সমীকরণের লেখের উপর অবস্থিত? [ব. বো. '১৬]
ⓐ $y=4-2x$ ⓑ $y=8-x$
ⓒ $y=x-4$ ⓓ $y=2x-4$

▶▶ তথ্য/ব্যাখ্যা : $(2, 0)$, $(4, 4)$, $(0, -4)$ তিনটি বিন্দু দ্বারাই $y=2x-4$ সমীকরণটি সিদ্ধ হয়; তাই বিন্দু তিনটি রেখাটির উপর অবস্থিত।

৯. নিচের কোন সমীকরণটির জন্য নিচের ছকটি সত্য? [দি. বো. '১৬]

x	-1	0	3
y	5	3	-3

ⓐ $2x-y=3$ ⓑ $2x+y=3$
ⓒ $4x-3y=6$ ⓓ $4x+3y=6$

▶▶ তথ্য ব্যাখ্যা : $2x+y=3$
বা, $y=3-2x$ সমীকরণটির জন্য ছকটি সত্য।

১০. কোন মান চারটি $x+3y=5$ সমীকরণটিকে সিদ্ধ করে? [রা. বো. '১৫]
ⓐ $(5, 0), (1, -2)$ ⓑ $(2, 1) (5, 0)$
ⓒ $(2, 1), (0, -5)$ ⓓ $(1, 5), (0, 2)$

▶▶ তথ্য/ব্যাখ্যা : প্রদত্ত সমীকরণ, $x+3y=5$
$x=2$ এবং $y=1$ হলে,
বামপক্ষ $=2+3\times1=2+3=5=$ ডানপক্ষ
$\therefore (2, 1)$ প্রদত্ত সমীকরণকে সিদ্ধ করে।
আবার, $x=5$ এবং $y=0$ হলে,
বামপক্ষ $=5+3\times0=5+0=5=$ ডানপক্ষ
$\therefore (5, 0)$ প্রদত্ত সমীকরণকে সিদ্ধ করে।
সুতরাং $(2, 1), (5, 0)$ প্রদত্ত সমীকরণ $x+3y=5$ কে সিদ্ধ করে।

১১. কোন সমীকরণটি মূল বিন্দুগামী? [দি. বো. '১৫]
ⓐ $2x=3y+2$ ⓑ $x+3y=5$
ⓒ $3x=8y+2$ ⓓ $4x=3y$

▶▶ তথ্য/ব্যাখ্যা : $4x=3y$ সমীকরণে, $x=0$ হলে, $0=3y$
বা, $y=\frac{0}{3}$ $\therefore y=0$
$\therefore$ $4x=3y$ সমীকরণটি $(0,0)$ বিন্দুগামী অর্থাৎ মূল বিন্দুগামী।

১২. $(-3, 1)$ এবং $(3, -1)$ বিন্দু দুইটির অবস্থান ছক কাগজের কোন চতুর্ভাগে? [সি. বো. '১৫]
ⓐ ২য় ও ৩য় ⓑ ২য় ও ৪র্থ ⓒ ১ম ও ৪র্থ ⓓ ৩য় ও ২য়

▶▶ তথ্য/ব্যাখ্যা :



লেখচিত্র হতে দেখা যাচ্ছে, $(-3, 1)$ এবং $(3, -1)$ বিন্দু দুইটির অবস্থান যথাক্রমে ছক কাগজের ২য় এবং ৪র্থ চতুর্ভাগে।

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

১৩. $y=2x$ লেখচিত্র হলো–
i. মূলবিন্দুগামী
ii. অক্ষদ্বয়কে ছেদকারী
iii. একটি সরলরেখা
নিচের কোনটি সঠিক? [ব. বো. '১৭]
ⓐ i ও ii ⓑ ii ও iii ⓒ i ও iii ⓓ i, ii ও iii

উত্তরের শুদ্ধতা/ নির্ভুলতা যাচাই করো

১	গ	২	ক	৩	গ	৪	ঘ	৫	খ	৬	খ	৭	খ	৮	ঘ	৯	খ	১০	খ	১১	ঘ	১২	খ	১৩	গ

www.abswer.com

www.abswer.com

শীর্ষস্থানীয় স্কুলসমূহের টেস্ট পরীক্ষার বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর — বিষয়বস্তুর ধারায় প্রণীত

সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন

১৪. নিচের কোন সমীকরণটি মূল বিন্দুগামী? [আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]

ⓚ $5x = 3y$ ⓛ $2x - 3y = 5$
ⓜ $3x + 2y = 6$ ⓝ $4x - 2y - 3 = 0$

▶▶ তথ্য/ব্যাখ্যা : $5x = 3y$ সমীকরণটি মূলবিন্দু $(0, 0)$ এর জন্য সিদ্ধ হয়।
$\therefore 5x = 3y$ সমীকরণটি মূলবিন্দুগামী।

১৫.

x	0	−1	2
y	−1	−3	3

উপরের ছকটি নিচের কোন সমীকরণ থেকে প্রাপ্ত? [ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা]

ⓚ $y = 5x - 1$ ⓛ $y = 4x - 1$
ⓜ $y = 3x - 1$ ⓝ $y = 2x - 1$

১৬. $3x = y + 3$ সরলরেখাটির উপরস্থ বিন্দু কোনটি? [মনিপুর উচ্চ বিদ্যালয় এন্ড কলেজ, ঢাকা]

ⓚ $(2, 3)$ ⓛ $(1, 1)$
ⓜ $(-2, 3)$ ⓝ $(0, -2)$

১৭. $7x + y = 5$ সমীকরণে $x = -1$ বসালে সমীকরণের লেখের বিন্দুটি কোন চতুর্ভাগে পড়বে? [ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা]

ⓚ ১ম ⓛ ২য়
ⓜ ৩য় ⓝ ৪র্থ

▶▶ তথ্য/ব্যাখ্যা : $7x + y = 5$
$x = -1$ হলে, $7(-1) + y = 5$
বা, $y = 5 + 7 = 12$
$\therefore (x, y) = (-1, 12)$ যা ২য় চতুর্ভাগে অবস্থান করবে।

১৮. কোন বিন্দুর ভুজ -2 এবং ভুজ ও কোটির সমষ্টি 7 হলে, বিন্দুটির স্থানাঙ্ক কত? [বিন্দুবাসিনী সরকারি বালক উচ্চ বিদ্যালয়, টাঙ্গাইল]

ⓚ $(2, 7)$ ⓛ $(5, 2)$
ⓜ $(-2, 9)$ ⓝ $(-2, 5)$

১৯. নিচের কোনটি মূলবিন্দুগামী? [রাজশাহী ক্যাডেট কলেজ, রাজশাহী]

ⓚ $3x - 2y = 0$ ⓛ $x - y = 1$
ⓜ $x = 5$ ⓝ $x + y + 5 = 0$

২০. x-অক্ষের সমান্তরাল সরলরেখার সমীকরণ কোনটি? [রাজশাহী কলেজিয়েট স্কুল, রাজশাহী]

ⓚ $y = 2$ ⓛ $x = 2$
ⓜ $x + y = 2$ ⓝ $x - y = 2$

২১. $2x + y = 3$, $4x + 2y = 12$ সমীকরণ জোটটির লেখচিত্র নিচের কোন বিন্দুতে মিলিত হবে? [কুষ্টিয়া জিলা স্কুল, কুষ্টিয়া]

ⓚ $(0, 0)$ ⓛ $(1, 2)$
ⓜ $(2, 3)$ ⓝ কোনটিই নয়

২২. নিচের কোন বিন্দুটি $x + 2y = -2$ সমীকরণের লেখচিত্রের উপর অবস্থিত? [পুলিশ লাইন মাধ্যমিক বিদ্যালয়, যশোর]

ⓚ $(2, 2)$ ⓛ $(-2, 0)$
ⓜ $(0, 4)$ ⓝ $(4, 0)$

২৩. কোন বিন্দুটি ১ম চতুর্ভাগে অবস্থিত? [আল-আমিন একাডেমী স্কুল এন্ড কলেজ, চাঁদপুর]

ⓚ $(2, 3)$ ⓛ $(-2, 3)$
ⓜ $(-3, 2)$ ⓝ $(-2, -3)$

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

২৪. নিচের তথ্যগুলি লক্ষ্য কর— [যশোর জিলা স্কুল, যশোর]

i. $2x - y = 0$ ও $x - 2y = 0$ সমীকরণদ্বয় পরস্পর নির্ভরশীল
ii. $x - 2y + 3 = 0$ সমীকরণের লেখচিত্র $(-3, 0)$ বিন্দুগামী
iii. $3x + 4y = 1$ সমীকরণের লেখচিত্র একটি সরলরেখা

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓛ ii ও iii ⓜ i ও iii ⓝ i, ii ও iii

২৫. $x + 2y = 30$ সমীকরণের লেখচিত্রের উপর অবস্থিত—

i. $(0, 0)$
ii. $(0, 15)$
iii. $(10, 10)$

নিচের কোনটি সঠিক? [ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এ্যান্ড কলেজ, সৈয়দপুর]

ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

২৬. $x + 2y = 30$ সমীকরণের লেখচিত্রের উপর অবস্থিত—

i. $(0, 0)$
ii. $(0, 15)$
iii. $(10, 10)$

নিচের কোনটি সঠিক? [ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এ্যান্ড কলেজ, সৈয়দপুর]

ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন

■ নিচের উপাত্তটি দেখ এবং ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :
$4x - y - 7 = 0$; $3x + y = 0$ [মির্জাপুর ক্যাডেট কলেজ, টাঙ্গাইল]

২৭. x এর মান কত?

ⓚ 1 ⓛ −1 ⓜ 2 ⓝ $\frac{-1}{2}$

২৮. y এর মান কত?

ⓚ 3 ⓛ −3 ⓜ 4 ⓝ −4

মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর — বিষয়বস্তুর ধারায় প্রণীত

সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন

২৯. দুই চলকবিশিষ্ট একটি সরল সমীকরণে বিদ্যমান চলক x ও y এর সম্পর্ক যে চিত্রের সাহায্যে প্রকাশ করা হয়, তাকে কী বলে? (সহজমান)

ⓚ লেখচিত্র ⓛ গ. সা. গু.
ⓜ ল. সা. গু. ⓝ ভগ্নাংশ

৩০. $5x - 2y = 1$ সমীকরণের লেখচিত্রের উপর অবস্থিত বিন্দু কোনটি? (কঠিনমান)

ⓚ $(0, 0)$ ⓛ $(1, 1)$
ⓜ $(1, 2)$ ⓝ $(5, 2)$

▶▶ তথ্য/ব্যাখ্যা : $(1, 2)$ বিন্দুতে বামপক্ষ $= 5.1 - 2.2$
$= 5 - 4 = 1 =$ ডানপক্ষ
অতএব, সমীকরণটির লেখচিত্রের উপর অবস্থিত একটি বিন্দু $(1, 2)$.

৩১. $7x + 3y = 31$ এর লেখচিত্রের উপর অবস্থিত একটি বিন্দু—(কঠিনমান)

ⓚ $(1, 4)$ ⓛ $(4, 1)$
ⓜ $(1, 2)$ ⓝ $(2, 1)$

▶▶ তথ্য/ব্যাখ্যা : $(4, 1)$ বিন্দুতে বামপক্ষ $= 7.4 + 3.1 = 28 + 3 = 31 =$ ডানপক্ষ
অতএব, সমীকরণটির লেখচিত্রের উপর অবস্থিত একটি বিন্দু $(4, 1)$.

উত্তরের শুদ্ধতা/ নির্ভুলতা যাচাই করো

১৪	ⓚ	১৫	ⓝ	১৬	ⓚ	১৭	ⓛ	১৮	ⓜ	১৯	ⓚ	২০	ⓚ	২১	ⓝ	২২	ⓛ
২৩	ⓚ	২৪	ⓛ	২৫	ⓜ	২৬	ⓜ	২৭	ⓚ	২৮	ⓛ	২৯	ⓚ	৩০	ⓜ	৩১	ⓛ

www.abswer.com

www.abswer.com

৩২. (3, 5) বিন্দুটি নিচের কোন সমীকরণের উপর অবস্থিত? (মধ্যমান)
ⓚ $2x+5y=0$ ⓔ $2x+5y=5$
ⓖ $4x-y=7$ ⓘ $3x-5y=7$
▶▶ তথ্য/ব্যাখ্যা : (3, 5) বিন্দুতে $4x-y=7$ সমীকরণের
বামপক্ষ $= 4.3-5 = 12-5 = 7 =$ ডানপক্ষ
অতএব, (3, 5) বিন্দুটি $4x-y=7$ সমীকরণের উপর অবস্থিত।

৩৩. সরল সহসমীকরণের প্রত্যেকটির কয়টি সমাধান থাকে? (সহজমান)
ⓚ 1টি ⓔ 2টি
ⓖ 3টি ⓘ অসংখ্য

৩৪. $2x+3y=5$ সমীকরণের লেখ একটি– (মধ্যমান)
ⓚ সরলরেখা ⓔ বক্ররেখা
ⓖ বৃত্ত ⓘ উপবৃত্ত

৩৫. (5, –1) বিন্দুটি নিচের কোন সমীকরণের উপর অবস্থিত? (মধ্যমান)
ⓚ $2x+4y=6$ ⓔ $2x-4y=3$
ⓖ $5x-y=1$ ⓘ $5x+y=-1$

৩৬. (3, 5) বিন্দুটি কোন চতুর্ভাগে অবস্থিত? (সহজমান)
ⓚ প্রথম চতুর্ভাগে ⓔ দ্বিতীয় চতুর্ভাগে
ⓖ তৃতীয় চতুর্ভাগে ⓘ চতুর্থ চতুর্ভাগে
▶▶ তথ্য/ব্যাখ্যা :



∴ (3, 5) বিন্দুটি প্রথম চতুর্ভাগে অবস্থিত।

৩৭. (–7, –4) বিন্দুটি কোন চতুর্ভাগে অবস্থিত? (সহজমান)
ⓚ প্রথম চতুর্ভাগে ⓔ দ্বিতীয় চতুর্ভাগে
ⓖ তৃতীয় চতুর্ভাগে ⓘ চতুর্থ চতুর্ভাগে
▶▶ তথ্য/ব্যাখ্যা : (–x, –y) বিন্দু ছক কাগজের তৃতীয় চতুর্ভাগে অবস্থিত।

৩৮. (10, – 9) বিন্দুটি ছক কাগজের কোন চতুর্ভাগে অবস্থিত? (সহজমান)
ⓚ প্রথম চতুর্ভাগে ⓔ দ্বিতীয় চতুর্ভাগে
ⓖ তৃতীয় চতুর্ভাগে ⓘ চতুর্থ চতুর্ভাগে
▶▶ তথ্য/ব্যাখ্যা : (x, – y) বিন্দু ছক কাগজের চতুর্থ চতুর্ভাগে অবস্থিত।

৩৯. $2x + 5y = 12$ এবং $6x + y = 8$ সমীকরণদ্বয়ের লেখচিত্র কেমন? (মধ্যমান)
ⓚ বক্ররেখা ⓔ সরলরেখা
ⓖ বৃত্তাকার ⓘ উপবৃত্তাকার

৪০. $2x+5y=12$ সরলরেখাটি x-অক্ষকে কোন বিন্দুতে ছেদ করে? (কঠিনমান)
ⓚ (0, 0) ⓔ (2, 5)
ⓖ (3, 2) ⓘ (6, 0)
▶▶ তথ্য/ব্যাখ্যা : x অক্ষে $y=0$
অর্থাৎ $2x+5.0=12$
বা, $x=\frac{12}{2}$
∴ $x=6$
∴ সরলরেখাটি x-অক্ষকে (6, 0) বিন্দুতে ছেদ করে।

৪১. $3x+10y=6$ সরলরেখাটি x-অক্ষকে কোন বিন্দুতে ছেদ করে? (কঠিনমান)
ⓚ (0, 2) ⓔ (2, 0)
ⓖ (0, 0) ⓘ (3, 6)

৪২. $17x+2y=50$ রেখাটি y-অক্ষকে ছেদ করে– (মধ্যমান)
ⓚ (0, 0) বিন্দুতে ⓔ (25, 0) বিন্দুতে
ⓖ (0, 25) বিন্দুতে ⓘ (0, 50) বিন্দুতে

৪৩. $5x + 2y = 16$ এবং $3x - y = 3$ সহসমীকরণদ্বয়ের লেখচিত্রের ছেদবিন্দু কোনটি? (কঠিনমান)
ⓚ (2, 3) ⓔ (3, 2)
ⓖ (2, 1) ⓘ (1, 2)

৪৪. $5x + 6y = 54$ সরলরেখাটি y-অক্ষকে কোন বিন্দুতে ছেদ করে? (কঠিনমান)
ⓚ (0, 6) ⓔ (5, 6)
ⓖ (0, 9) ⓘ (9, 0)
▶▶ তথ্য/ব্যাখ্যা : y-অক্ষে $x=0$
অর্থাৎ $5.0+6y=54$
বা, $y=\frac{54}{6}$
∴ $y=9$
∴ সরলরেখাটি y-অক্ষকে (0, 9) বিন্দুতে ছেদ করে।

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

৪৫. $5x+3y=28$ সমীকরণটি–
i. দুই চলকবিশিষ্ট
ii. সরল সমীকরণ
iii. (2, 6) বিন্দুগামী
নিচের কোনটি সঠিক? (সহজমান)
ⓚ i ও ii ⓔ ii ও iii ⓖ i ও iii ⓘ i, ii ও iii

৪৬. $5x+2y=25$ সমীকরণটি–
i. x-অক্ষকে (5, 0) বিন্দুতে ছেদ করে
ii. y-অক্ষকে $\left(0, \frac{25}{2}\right)$ বিন্দুতে ছেদ করে
iii. (2, 5) বিন্দুগামী
নিচের কোনটি সঠিক? (মধ্যমান)
ⓚ i ও ii ⓔ ii ও iii ⓖ i ও iii ⓘ i, ii ও iii

৪৭. $x+5y=17$ এবং $4x+3y=23$ সমীকরণদ্বয়ের লেখচিত্র–
i. সরলরেখা
ii. বক্ররেখা
iii. (2, 5) বিন্দুতে ছেদ করে
নিচের কোনটি সঠিক? (কঠিনমান)
ⓚ i ⓔ ii ⓖ i ও iii ⓘ i, ii ও iii

৪৮. $9x+2y=29$ এবং $5x-2y=13$ সমীকরণদ্বয়ের–
i. চলক x ও y
ii. লেখচিত্রের ছেদবিন্দু (3, 1)
iii. সমাধান (3, 1)
নিচের কোনটি সঠিক? (কঠিনমান)
ⓚ i ও ii ⓔ ii ও iii ⓖ i ও iii ⓘ i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন

■ $3x+5y=39$ একটি সমীকরণ।
উপরের তথ্যের ভিত্তিতে ৪৯ ও ৫০ নং প্রশ্নের উত্তর দাও :

৪৯. সমীকরণটি কয় চলকবিশিষ্ট? (সহজমান)
ⓚ 1 ⓔ 2
ⓖ 3 ⓘ 4

৫০. সমীকরণটির লেখচিত্র– (মধ্যমান)
ⓚ বৃত্ত ⓔ পরাবৃত্ত
ⓖ সরলরেখা ⓘ বক্ররেখা

■ $x=y; x=2y$
উপরের তথ্যের ভিত্তিতে ৫১ ও ৫২নং প্রশ্নের উত্তর দাও :

৫১. প্রথম সমীকরণের লেখচিত্র কেমন হবে? (সহজমান)
ⓚ বক্ররেখা ⓔ সরলরেখা
ⓖ বৃত্ত ⓘ উপবৃত্ত

৫২. দ্বিতীয় সরলরেখাটি নিচের কোন বিন্দু দিয়ে যাবে? (মধ্যমান)
ⓚ (2, 1) ⓔ (5, 9)
ⓖ (0, 1) ⓘ (1, 0)

উত্তরের শুদ্ধতা/ নির্ভুলতা যাচাই করো

৩২	ⓖ	৩৩	ⓘ	৩৪	ⓚ	৩৫	ⓚ	৩৬	ⓚ	৩৭	ⓖ	৩৮	ⓘ	৩৯	ⓔ	৪০	ⓘ	৪১	ⓔ	৪২	ⓖ
৪৩	ⓚ	৪৪	ⓖ	৪৫	ⓘ	৪৬	ⓚ	৪৭	ⓖ	৪৮	ⓘ	৪৯	ⓔ	৫০	ⓖ	৫১	ⓔ	৫২	ⓚ		

www.abswer.com

www.abswer.com

সৃজনশীল অংশ — CREATIVE SECTION

প্রিয় শিক্ষার্থী, সৃজনশীল অংশে তোমাদের সেরা প্রস্তুতির জন্য এসএসসি পরীক্ষার প্রশ্ন ও সমাধানের পাশাপাশি সেরা স্কুলের টেস্ট পরীক্ষার প্রশ্ন, মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত প্রশ্ন, অনুশীলনমূলক কাজ নির্ভর এবং সমন্বিত অধ্যায়ের প্রশ্ন ও সমাধান সংযোজন করা হয়েছে।

সকল বোর্ডের এসএসসি পরীক্ষার সৃজনশীল প্রশ্ন ও সমাধান | নতুন পাঠ্যবইয়ের আলোকে সমাধানকৃত

প্রশ্ন ১ ▸ কুমিল্লা বোর্ড ২০২০

একটি সরল সমীকরণ জোট, $2x-3y=-5$

$3x+y=9.$

ক. $2x-9y=6$, $4x-18y=12$ সমীকরণ জোটটি সমঞ্জস এবং পরস্পর নির্ভরশীল কিনা যাচাই কর। ২

খ. সরল সমীকরণ জোটকে আড়গুণন পদ্ধতিতে সমাধান কর। ৪

গ. সরল সমীকরণ জোটকে লেখের মাধ্যমে সমাধান কর। ৪

১নং প্রশ্নের সমাধান

ক প্রদত্ত সমীকরণজোট : $2x-9y=6$

$4x-18y=12$

x এর সহগদ্বয়ের অনুপাত $=\frac{2}{4}=\frac{1}{2}$

y এর সহগদ্বয়ের অনুপাত $=\frac{-9}{-18}=\frac{1}{2}$

ধ্রুবকপদদ্বয়ের অনুপাত $=\frac{6}{12}=\frac{1}{2}$

আমরা পাই, $\frac{2}{4}=\frac{-9}{-18}=\frac{6}{12}$

∴ সমীকরণজোটটি সমঞ্জস এবং পরস্পর নির্ভরশীল।

খ প্রদত্ত সরল সমীকরণজোট :

$2x-3y=-5$ বা, $2x-3y+5=0$

$3x+y=9$ বা, $3x+y-9=0$

এখন, আড়গুণন পদ্ধতি প্রয়োগ করে পাই,

$$\frac{x}{(-3)\times(-9)-1\times5}=\frac{y}{5\times3-(-9)\times2}=\frac{1}{2\times1-3\times(-3)}$$

বা, $\frac{x}{27-5}=\frac{y}{15+18}=\frac{1}{2+9}$

বা, $\frac{x}{22}=\frac{y}{33}=\frac{1}{11}$

হয়, $\frac{x}{22}=\frac{1}{11}$

বা, $x=\frac{22}{11}$

∴ $x=2$

অথবা, $\frac{y}{33}=\frac{1}{11}$

বা, $y=\frac{33}{11}$

∴ $y=3$

নির্ণেয় সমাধান : $(x, y)=(2, 3)$.

গ প্রদত্ত সরল সমীকরণজোট : $2x-3y=-5$ ....(1)

$3x+y=9$ ....(2)

সমীকরণ (1) হতে পাই, $3y=2x+5$ বা, $y=\frac{2x+5}{3}$

এখন, x এর কয়েকটি মানের জন্য y এর মান নির্ণয় করি।

x	−4	2	5
y	−1	3	5

∴ সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু $(-4,-1)$, $(2, 3)$ ও $(5, 5)$।

আবার, সমীকরণ (2) হতে পাই, $y=9-3x$

এখন, x এর কয়েকটি মানের জন্য y এর মান নির্ণয় করি।

x	−4	2	5
y	21	3	−6

∴ সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু $(-4, 21)$, $(2, 3)$ ও $(5,-6)$।



মনে করি, ছক কাগজে XOX′ বরাবর X অক্ষ এবং YOY′ বরাবর Y অক্ষ এবং O মূলবিন্দু। ছক কাগজের উভয় অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের প্রতি বাহুর দৈর্ঘ্যকে 1 একক ধরে (1) নং সমীকরণ হতে প্রাপ্ত বিন্দুগুলো স্থাপন করে যোগ করি। একইভাবে, (2) নং সমীকরণ হতে প্রাপ্ত বিন্দুগুলো স্থাপন করি ও যোগ করি।

উভয়ক্ষেত্রে যোগকৃত বিন্দুগুলো সরলরেখা নির্দেশ করে এবং (2, 3) বিন্দুতে ছেদ করে।

নির্ণেয় সমাধান : $(x, y)=(2, 3)$.

প্রশ্ন ২ ▸ ঢাকা বোর্ড ২০১৬

একটি সরল সমীকরণ জোট $7x+2y=20$

$3x-4y=-6$

ক. সমীকরণ জোটের সমাধান সংখ্যা নির্ণয় কর। ২

খ. আড়গুণন পদ্ধতিতে সমীকরণ জোটটির সমাধান করে (x, y) নির্ণয় কর। ৪

গ. লেখচিত্রের সাহায্যে সমীকরণ জোটটির সমাধান কর। ৪

২নং প্রশ্নের সমাধান

ক প্রদত্ত সমীকরণ জোট, $7x+2y=20$

$3x-4y=-6$

এখানে, x এর সহগদ্বয়ের অনুপাত $\frac{7}{3}$

y এর সহগদ্বয়ের অনুপাত $\frac{2}{-4}$ বা, $-\frac{1}{2}$

যেহেতু $\frac{7}{3}\neq-\frac{1}{2}$

সুতরাং সমীকরণ জোটটির একটিমাত্র (অনন্য) সমাধান আছে।

খ প্রদত্ত সমীকরণ জোট, $\left.\begin{array}{l}7x+2y=20\\3x-4y=-6\end{array}\right\}$

বা, $\left.\begin{array}{l}7x+2y-20=0\\3x-4y+6\ \ =0\end{array}\right\}$

আড়গুণন পদ্ধতিতে পাই,

$$\frac{x}{2.6-(-4).(-20)}=\frac{y}{(-20).3-6.7}=\frac{1}{7.(-4)-3.2}$$

বা, $\frac{x}{12-80}=\frac{y}{-60-42}=\frac{1}{-28-6}$

বা, $\frac{x}{-68}=\frac{y}{-102}=\frac{1}{-34}$

∴ $\frac{x}{-68}=\frac{1}{-34}$

বা, $x=\frac{-68}{-34}$ বা, $x=2$

আবার, $\frac{y}{-102}=\frac{1}{-34}$

বা, $y=\frac{-102}{-34}$ বা, $y=3$

নির্ণেয় সমাধান, $(x, y)=(2, 3)$.

www.abswer.com

www.abswer.com

গ প্রদত্ত সমীকরণ জোট : $7x + 2y = 20$ .... (1)

$3x - 4y = -6$ .... (2)

(1) নং সমীকরণ হতে পাই, $2y = 20 - 7x$

বা, $y = \frac{20 - 7x}{2}$

সমীকরণটিতে x এর সুবিধামতো কয়েকটি মান নিয়ে y এর অনুরূপ মান বের করি ও নিচের ছকটি তৈরি করি :

x	−2	2	4
y	17	3	−4

∴ সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু (−2, 17), (2, 3), (4, −4)

আবার, (2) নং সমীকরণ হতে পাই, $4y = 3x + 6$

বা, $y = \frac{3x + 6}{4}$

সমীকরণটিতে x এর সুবিধামতো কয়েকটি মান নিয়ে y এর অনুরূপ মান বের করি ও নিচের ছকটি তৈরি করি :

x	−2	2	6
y	0	3	6

∴ সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু (−2, 0), (2, 3), (6, 6)

মনে করি, XOX′ ও YOY′ যথাক্রমে x ও y-অক্ষ এবং O মূলবিন্দু। ছক কাগজের উভয় অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের প্রতি বাহুর দৈর্ঘ্যকে একক ধরি।



এখন, ছক কাগজে (1) নং সমীকরণ হতে প্রাপ্ত (−2, 17), (2, 3), (4, −4) বিন্দুগুলো স্থাপন করে তাদের পরপর সংযুক্ত করি। লেখটি একটি সরলরেখা।

একইভাবে, (2) নং সমীকরণ হতে প্রাপ্ত (−2, 0), (2, 3), (6, 6) বিন্দুগুলো স্থাপন করে তাদের পরপর সংযুক্ত করি। এক্ষেত্রেও লেখটি একটি সরলরেখা।

সরলরেখাদ্বয় পরস্পর P বিন্দুতে ছেদ করেছে। চিত্র হতে দেখা যায়, P বিন্দুর স্থানাঙ্ক (2, 3)।

নির্ণেয় সমাধান, (x, y) = (2, 3).

প্রশ্ন ৩ ▶ কুমিল্লা বোর্ড ২০১৬

$3x - 4y = 0$

$2x - 3y = -1$

ক. সমীকরণ জোটটি সঙ্গতিপূর্ণ ও পরস্পর নির্ভরশীল কি-না যাচাই কর। ২

খ. সমীকরণ জোটকে প্রতিস্থাপন পদ্ধতিতে সমাধান কর। ৪

গ. লেখচিত্রের সাহায্যে সমীকরণ জোটকে সমাধান করে দেখাও যে, (x, y) এর প্রাপ্ত মান (খ) নং হতে প্রাপ্ত মানের সমান। ৪

৩নং প্রশ্নের সমাধান

ক প্রদত্ত সমীকরণ জোট $3x - 4y = 0$

$2x - 3y = -1$

এখানে, x এর সহগদ্বয়ের অনুপাত $\frac{3}{2}$

y এর সহগদ্বয়ের অনুপাত $\frac{-4}{-3}$ বা $\frac{4}{3}$

যেহেতু $\frac{3}{2} \neq \frac{4}{3}$

সুতরাং সমীকরণ জোটটি সঙ্গতিপূর্ণ ও পরস্পর অনির্ভরশীল।

খ প্রদত্ত সমীকরণ জোট, $3x - 4y = 0$ .... (1)

$2x - 3y = -1$ .... (2)

(1) নং সমীকরণ হতে পাই, $3x = 4y$

বা, $x = \frac{4y}{3}$ .... (3)

(2) নং সমীকরণে $x = \frac{4y}{3}$ বসিয়ে পাই,

$2 . \frac{4y}{3} - 3y = -1$

বা, $\frac{8y}{3} - 3y = -1$

বা, $\frac{8y - 9y}{3} = -1$

বা, $\frac{-y}{3} = -1$

বা, $-y = -3$

বা, $y = 3$

(3) নং সমীকরণে y এর মান বসিয়ে পাই, $x = \frac{4.3}{3}$

বা, $x = 4$

নির্ণেয় সমাধান, (x, y) = (4, 3).

গ প্রদত্ত সমীকরণ জোট $3x - 4y = 0$ .... (1)

$2x - 3y = -1$ .... (2)

(1) নং সমীকরণ হতে পাই, $4y = 3x$

বা, $y = \frac{3x}{4}$

সমীকরণটিতে x এর সুবিধামতো কয়েকটি মান নিয়ে y এর অনুরূপ মান বের করি ও নিচের ছকটি তৈরি করি :

x	−4	4	8
y	−3	3	6

∴ সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু (−4, −3), (4, 3), (8, 6)

আবার, (2) নং সমীকরণ হতে পাই, $3y = 2x + 1$

বা, $y = \frac{2x + 1}{3}$

সমীকরণটিতে x এর সুবিধামতো কয়েকটি মান নিয়ে y এর অনুরূপ মান বের করি ও নিচের ছকটি তৈরি করি :

x	−2	4	7
y	−1	3	5

∴ সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু (−2, −1), (4, 3), (7, 5).

মনে করি, XOX′ ও YOY′ যথাক্রমে x ও y অক্ষ এবং O মূলবিন্দু। ছক কাগজের উভয় অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের প্রতি দুই বাহুর দৈর্ঘ্যকে একক ধরি।



এখন, ছক কাগজে (1) নং সমীকরণ হতে প্রাপ্ত (−4, −3), (4, 3), (8, 6) বিন্দুগুলো স্থাপন করে তাদের পরস্পর সংযুক্ত করি। লেখটি একটি সরলরেখা।

একইভাবে, (2) নং সমীকরণ হতে প্রাপ্ত (−2, −1), (4, 3), (7, 5) বিন্দুগুলো স্থাপন করে তাদের পরস্পর সংযুক্ত করি। এক্ষেত্রেও লেখটি একটি সরলরেখা।

সরলরেখাদ্বয় পরস্পর P বিন্দুতে ছেদ করেছে। চিত্র হতে দেখা যায়, P বিন্দুর স্থানাঙ্ক (4, 3)।

নির্ণেয় সমাধান, (x, y) = (4, 3).

(খ) নং হতে প্রাপ্ত, (x, y) = (4, 3)

∴ (x, y) এর প্রাপ্ত মান (খ) নং এ প্রাপ্ত মানের সমান। (দেখানো হলো)

www.abswer.com

শীর্ষস্থানীয় স্কুলসমূহের টেস্ট পরীক্ষার সৃজনশীল প্রশ্ন ও সমাধান | মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক নির্বাচিত

প্রশ্ন ৪ ▶ বগুড়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, বগুড়া

$ax + by = a^2 + b^2$ এবং $2bx - ay = ab$ সমীকরণজোট।

ক. $a = 1$ এবং $b = 2$ হলে, সমীকরণজোট সংগতিপূর্ণ হবে কি না যাচাই কর। ২

খ. আড়গুণন পদ্ধতিতে প্রদত্ত সমীকরণজোটের সমাধান কর। ৪

গ. $a = 2$ এবং $b = -1$ ধরে লেখচিত্রের সাহায্যে সমীকরণজোটের সমাধান নির্ণয় কর। ৪

৪নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $ax + by = a^2 + b^2$ ....(1)

এবং $2bx - ay = ab$ ....(2)

(1) ও (2) নং সমীকরণে $a = 1$ এবং $b = 2$ বসিয়ে পাই,

$x + 2y = 5$ ....(3)

$4x - y = 2$ ....(4)

x এর সহগগুলোর অনুপাত $= \frac{1}{4}$

y এর সহগগুলোর অনুপাত $= \frac{2}{-1}$

এখানে, $\frac{1}{4} \neq \frac{2}{-1}$

∴ সমীকরণজোটটি সংগতিপূর্ণ।

খ দেওয়া আছে, $ax + by = a^2 + b^2$ ....(1)

এবং $2bx - ay = ab$ ....(2)

(1) নং থেকে পাই, $ax + by - (a^2 + b^2) = 0$

(2) নং থেকে পাই, $2bx - ay - ab = 0$

আড়গুণন পদ্ধতিতে পাই,

$$\frac{x}{b(-ab) - \{-(a^2 + b^2)\}.(-a)} = \frac{y}{-(a^2 + b^2).2b - a(-ab)} = \frac{1}{a(-a) - b.2b}$$

বা, $\frac{x}{-ab^2 - (a^3 + ab^2)} = \frac{y}{-(2a^2b + 2b^3) + a^2b} = \frac{1}{-a^2 - 2b^2}$

বা, $\frac{x}{-ab^2 - a^3 - ab^2} = \frac{y}{-2a^2b - 2b^3 + a^2b} = \frac{1}{-(a^2 + 2b^2)}$

বা, $\frac{x}{-(a^3 + 2ab^2)} = \frac{y}{-(a^2b + 2b^3)} = \frac{1}{-(a^2 + 2b^2)}$

বা, $\frac{x}{a(a^2 + 2b^2)} = \frac{y}{b(a^2 + 2b^2)} = \frac{1}{(a^2 + 2b^2)}$

বা, $\frac{x}{a} = \frac{y}{b} = 1$

এখন, $\frac{x}{a} = 1$ | আবার, $\frac{y}{b} = 1$

বা, $x = a$ | বা, $y = b$

নির্ণেয় সমাধান $(x, y) = (a, b)$.

গ দেওয়া আছে, $ax + by = a^2 + b^2$......(1)

এবং $2bx - ay = ab$ ....(2)

$a = 2$ এবং $b = -1$ ধরে পাই,

$2x - y = 5$ .... (3)

এবং $-2x - 2y = -2$

বা, $x + y = 1$ ....(4)

সমীকরণ (2) থেকে পাই, $-y = 5 - 2x$

∴ $y = 2x - 5$

সমীকরণটিতে x এর সুবিধামতো কয়েকটি মান নিয়ে y এর অনুরূপ মান বের করি ও নিচের ছকটি তৈরি করি :

x	2	4	6
y	−1	3	7

∴ সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু (2, – 1), (4, 3), (6, 7)

আবার, সমীকরণ (4) থেকে পাই, $y = 1 - x$

সমীকরণটিতে x এর সুবিধামতো কয়েকটি মান নিয়ে y এর অনুরূপ মান বের করি ও নিচের ছকটি তৈরি করি :

x	− 1	2	4
y	2	− 1	− 3

∴ সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু (–1, 2), (2, –1), (4, –3)

মনে করি, XOX′ ও YOY′ যথাক্রমে X-অক্ষ ও Y-অক্ষ এবং O মূলবিন্দু। ছক কাগজের উভয় অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের প্রতি দুই বাহুর দৈর্ঘ্যকে একক ধরি। এখন, ছক কাগজে সমীকরণ (3) থেকে প্রাপ্ত (2, –1), (4, 3), (6, 7) বিন্দুগুলো স্থাপন করে এদের পরস্পর সংযুক্ত করি। লেখটি একটি সরলরেখা। একইভাবে, সমীকরণ (4) থেকে প্রাপ্ত, (–1, 2), (2, –1), (4, 3) বিন্দুগুলো স্থাপন করে এদের পরপর সংযুক্ত করি। লেখটি একটি সরলরেখা।

মনে করি, সরলরেখাদ্বয় পরস্পর P বিন্দুতে ছেদ করে।



চিত্রে দেখা যায়, P বিন্দুর স্থানাঙ্ক (2, –1).

নির্ণেয় সমাধান $(x, y) = (2, -1)$.

প্রশ্ন ৫ ▶ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর

$\frac{x}{a} + \frac{y}{b} = 1$; $\frac{x}{b} + \frac{y}{a} = 1$

ক. আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 8 মিটার, প্রস্থ 6 মিটার হলে কর্ণের দৈর্ঘ্য নির্ণয় কর। ২

খ. আড় গুণন পদ্ধতিতে সমীকরণ জোটটির সমাধান কর। ৪

গ. $a = 2$, $b = 3$ হলে লেখচিত্রের সাহায্যে সমীকরণ জোটটির সমাধান নির্ণয় কর। ৪

৫নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, আয়তক্ষেত্রের দৈর্ঘ্য = 8 মিটার এবং প্রস্থ = 6 মিটার

∴ আয়তক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য $= \sqrt{(\text{দৈর্ঘ্য})^2 + (\text{প্রস্থ})^2}$

$= \sqrt{8^2 + 6^2}$ মিটার

$= \sqrt{64 + 36}$ মিটার

$= \sqrt{100}$ মিটার = 10 মিটার

নির্ণেয় কর্ণের দৈর্ঘ্য 10 মিটার।

খ প্রদত্ত সমীকরণদ্বয়, $\frac{x}{a} + \frac{y}{b} = 1$ ....(1)

$\frac{x}{b} + \frac{y}{a} = 1$ ....(2)

(1) নং হতে পাই, $bx + ay = ab$

বা, $bx + ay - ab = 0$ ....(3)

(2) নং হতে পাই, $ax + by = ab$

বা, $ax + by - ab = 0$ ....(4)

www.abswer.com

সমীকরণ (3) ও (4) আড়গুণন পদ্ধতিতে পাই,

$$\frac{x}{a\times(-ab)-b\times(-ab)}=\frac{y}{-ab\times a-(-ab)\times b}=\frac{1}{b\times b-a\times a}$$

বা, $\frac{x}{-a^2b+ab^2}=\frac{y}{-a^2b+ab^2}=\frac{1}{b^2-a^2}$

বা, $\frac{x}{ab(b-a)}=\frac{y}{ab(b-a)}=\frac{1}{(b+a)(b-a)}$

∴ $\frac{x}{ab(b-a)}=\frac{1}{(b+a)(b-a)}$

বা, $x=\frac{ab}{a+b}$

আবার, $\frac{y}{ab(b-a)}=\frac{1}{(b+a)(b-a)}$

∴ $y=\frac{ab}{a+b}$

নির্ণেয় সমাধান $(x, y)=\left(\frac{ab}{a+b}, \frac{ab}{a+b}\right)$.

গ প্রদত্ত সমীকরণদ্বয়, $\frac{x}{a}+\frac{y}{b}=1$ ....(1)

$\frac{x}{b}+\frac{y}{a}=1$ ....(2)

$a=2, b=3$ হলে,

(1) নং হতে পাই, $\frac{x}{2}+\frac{y}{3}=1$ ....(3)

(2) নং হতে পাই, $\frac{x}{3}+\frac{y}{2}=1$ ....(4)

(3) নং হতে, $3x+2y=6$

বা, $2y=-3x+6$ ∴ $y=\frac{-3x+6}{2}$ ....(5)

সমীকরণটিতে x এর সুবিধামতো কয়েকটি মান নিয়ে y এর অনুরূপ মান বের করি ও নিচের ছকটি তৈরি করি :

x	2	0	$\frac{6}{5}$
y	0	3	$\frac{6}{5}$

∴ সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু (2, 0), (0, 3), $\left(\frac{6}{5}, \frac{6}{5}\right)$

আবার, (4) নং হতে, $2x+3y=6$

বা, $3y=-2x+6$

∴ $y=\frac{-2x+6}{3}$ .... (6)

সমীকরণটিতে x এর সুবিধামতো কয়েকটি মান নিয়ে y এর অনুরূপ মান বের করি ও নিচের ছকটি তৈরি করি :

x	0	3	$\frac{6}{5}$
y	2	0	$\frac{6}{5}$

∴ সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু (0, 2), (3, 0), $\left(\frac{6}{5}, \frac{6}{5}\right)$

মনে করি, ছক কাগজে XOX′ ও YOY′ যথাক্রমে x-অক্ষ ও y-অক্ষ এবং O মূলবিন্দু। ছক কাগজের উভয় অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের প্রতি পাঁচ বাহুর দৈর্ঘ্য = এক একক ধরি।



প্রথম সমীকরণের প্রাপ্ত (2, 0), (0, 3), $\left(\frac{6}{5}, \frac{6}{5}\right)$ বিন্দুগুলো স্থাপন করি ও তাদের পরস্পর যোগ করি। লেখটি একটি সরলরেখা। আবার, দ্বিতীয় সমীকরণ হতে প্রাপ্ত (0, 2), (3, 0), $\left(\frac{6}{5}, \frac{6}{5}\right)$ বিন্দুগুলো স্থাপন করি ও তাদের পরস্পর যোগ করি। এক্ষেত্রেও লেখটি একটি সরলরেখা। সরলরেখা দুইটি পরস্পরকে P বিন্দুতে ছেদ করেছে। চিত্র থেকে দেখা যায় P বিন্দুর স্থানাঙ্ক $\left(\frac{6}{5}, \frac{6}{5}\right)$

নির্ণেয় সমাধান, $(x, y)=\left(\frac{6}{5}, \frac{6}{5}\right)$.

মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত সৃজনশীল প্রশ্ন ও সমাধান — শিখনফলের ধারায় প্রণীত

শিখনফল ২ : দুই চলকবিশিষ্ট দুইটি সমীকরণের পরস্পর নির্ভরশীলতা যাচাই করতে পারব।

প্রশ্ন ৬ ▸ পাঠ্যবইয়ের শিখনফল ২-এর আলোকে প্রণীত

$2x+y=3$
$4x+2y=6$

ক. উপরোক্ত সমীকরণজোট পরস্পর নির্ভরশীল কি-না? ২

খ. প্রথম সমীকরণের x ও y এর সহগ পরিবর্তন করে সমীকরণটি লিখ এবং (x, y) এর মান নির্ণয় কর। ৪

গ. সমীকরণদ্বয়ের লেখ পরস্পর সমাপতিত হয় কি-না দেখাও। ৪

৬নং প্রশ্নের সমাধান

ক প্রদত্ত সমীকরণদ্বয় হতে আমরা পাই,

x-এর সহগদ্বয়ের অনুপাত $\frac{2}{4}$ বা, $\frac{1}{2}$

y-এর সহগদ্বয়ের অনুপাত $\frac{1}{2}$

ধ্রুবক পদদ্বয়ের সহগদ্বয়ের অনুপাত $\frac{3}{6}$ বা, $\frac{1}{2}$

আমরা পাই, $\frac{2}{4}=\frac{1}{2}=\frac{3}{6}$

∴ সমীকরণজোটটি নির্ভরশীল হবে।

খ দেওয়া আছে, $2x+y=3$
$4x+2y=6$

এখানে, প্রথম সমীকরণের, x এর সহগ = 2 এবং y এর সহগ = 1.

x ও y এর সহগ পরিবর্তন করে প্রাপ্ত সমীকরণটি হবে, $x+2y=3$

এখন, ধরি, $x+2y=3$ .... (1)

$4x+2y=6$ .... (2)

(2)নং সমীকরণ হতে (1)নং সমীকরণ বিয়োগ করে পাই,

$3x=3$

বা, $x=\frac{3}{3}$ ∴ $x=1$

x এর মান (1) এ বসিয়ে পাই,

$1+2y=3$

বা, $2y=3-1$

বা, $2y=2$ বা, $y=\frac{2}{2}$

∴ $y=1$

নির্ণেয় মান $(x, y)=(1, 1)$.

www.abswer.com

www.abswer.com

গ প্রদত্ত সমীকরণজোট $2x + y = 3$ .... (1)
$4x + 2y = 6$ .... (2)

সমীকরণ (1) হতে পাই, $2x + y = 3$

বা, $y = 3 - 2x$

সমীকরণটিতে x-এর কয়েকটি মান নিয়ে y এর অনুরূপ মান বের করি ও পাশের ছকটি তৈরি করি—

x	−1	0	3
y	5	3	−3

∴ সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু (− 1, 5), (0, 3) ও (3, − 3)

আবার, সমীকরণ (2) থেকে পাই, $2y = 6 - 4x$

বা, $y = \frac{6 - 4x}{2}$

সমীকরণটিতে x এর কয়েকটি মান নিয়ে y এর অনুরূপ মান বের করি ও পাশের ছকটি তৈরি—

x	−2	0	6
y	7	3	−9

∴ সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু (−2, 7), (0, 3) ও (6, − 9)।

মনে করি, ছক কাগজে XOX′ ও YOY′ যথাক্রমে x ও y অক্ষ এবং O মূল বিন্দু। ছক কাগজের উভয় অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের প্রতি বাহুর দৈর্ঘ্যকে একক ধরি। এখন সমীকরণ (1) হতে প্রাপ্ত (− 1, 5), (0, 3) ও (3, − 3) বিন্দুগুলো স্থাপন করি ও তাদের পরস্পর সংযুক্ত করি। লেখটি একটি সরলরেখা।



আবার সমীকরণ (2) হতে প্রাপ্ত (− 2, 7), (0, 3) ও (6, − 9) বিন্দুগুলো স্থাপন করি ও তাদের পরস্পর সংযুক্ত করি। এক্ষেত্রেও লেখটি একটি সরলরেখা তবে লক্ষ করি, সরলরেখা দুইটি পরস্পরের উপর সমাপতিত হয়ে একটি সরলরেখায় পরিণত হয়েছে।

আবার সমীকরণ (2) এর উভয়পক্ষে 2 দ্বারা ভাগ করলে সমীকরণ (1) পাওয়া যায়।

এই কারণে সমীকরণদ্বয়ের লেখ পরস্পর সমাপতিত হয়েছে।

শিখনফল ৫ : লেখচিত্রের সাহায্যে দুই চলকবিশিষ্ট সরল সহসমীকরণ সমাধান করতে পারব।

প্রশ্ন ৭ ▶ পাঠ্যবইয়ের শিখনফল ৫-এর আলোকে প্রণীত

$2x + y = 8$
$3x - 2y = 5$

ক. সমীকরণ জোট সমঞ্জস পূর্ণ কিনা ব্যাখ্যা কর এবং সমাধান সংখ্যা বের কর। ২

খ. আড় গুণন পদ্ধতিতে (x, y) নির্ণয় কর। ৪

গ. লেখচিত্রের সাহায্যে সমাধান করে (x, y) এর প্রাপ্ত মান যাচাই কর। ৪

৭নং প্রশ্নের সমাধান

ক প্রদত্ত সমীকরণ জোট, $2x + y = 8$
$3x - 2y = 5$

x এর সহগদ্বয়ের অনুপাত $\frac{2}{3}$

y এর সহগদ্বয়ের অনুপাত $-\frac{1}{2}$

আমরা পাই, $\frac{2}{3} \neq -\frac{1}{2}$

∴ সমীকরণ জোটটি সমঞ্জস ও পরস্পর অনির্ভরশীল।

সমীকরণ জোটটির একটি মাত্র (অনন্য) সমাধান আছে।

খ প্রদত্ত সমীকরণদ্বয় $2x + y = 8$

বা, $2x + y - 8 = 0$

এবং $3x - 2y = 5$

বা, $3x - 2y - 5 = 0$

আড়গুণন পদ্ধতিতে পাই,

$$\frac{x}{1 \times (-5) - (-2) \times (-8)} = \frac{y}{(-8) \times 3 - (-5) \times 2} = \frac{1}{2 \times (-2) - 3 \times 1}$$

বা, $\frac{x}{-5 - 16} = \frac{y}{-24 + 10} = \frac{1}{-4 - 3}$

বা, $\frac{x}{-21} = \frac{y}{-14} = \frac{1}{-7}$

∴ $\frac{x}{-21} = \frac{1}{-7}$

বা, $\frac{x}{21} = \frac{1}{7}$

বা, $7x = 21$

বা, $x = 3$

আবার, $\frac{y}{-14} = \frac{1}{-7}$

বা, $\frac{y}{14} = \frac{1}{7}$

বা, $7y = 14$

বা, $y = 2$

নির্ণেয় (x, y) = (3, 2).

গ প্রদত্ত সমীকরণদ্বয়, $2x + y = 8$ .... (1)
$3x - 2y = 5$ .... (2)

(1) নং থেকে পাই, $y = 8 - 2x$

সমীকরণটিতে x এর কয়েকটি মান নিয়ে y এর অনুরূপ মান বের করি :

x	1	2	3
y	6	4	2

∴ সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু (1, 6), (2, 4), (3, 2)

আবার সমীকরণ (2) থেকে পাই, $2y = 3x - 5$

বা, $y = \frac{3x - 5}{2}$

সমীকরণটিতে x এর কয়েকটি মান নিয়ে y এর অনুরূপ মান বের করি :

x	1	3	5
y	−1	2	5

∴ সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু (1, −1), (3, 2), (5, 5)

মনে করি, XOX′ ও YOY′ যথাক্রমে X অক্ষ ও Y অক্ষ এবং O মূলবিন্দু। ছক কাগজের উভয় অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের প্রতি বাহুর দৈর্ঘ্যকে একক ধরি।



এখন ছক কাগজে সমীকরণ (1) হতে প্রাপ্ত (1, 6), (2, 4), (3, 2) বিন্দুগুলো স্থাপন করি ও তাদের পরস্পর সংযুক্ত করি। লেখটি একটি সরলরেখা। একইভাবে সমীকরণ (2) হতে প্রাপ্ত (1, − 1), (3, 2), (5, 5) বিন্দুগুলো স্থাপন করি ও তাদের পরস্পর সংযুক্ত করি। এক্ষেত্রেও লেখটি একটি সরলরেখা।

মনে করি, সরলরেখাদ্বয় পরস্পর P বিন্দুতে ছেদ করেছে। চিত্র হতে দেখা যায়, P বিন্দুর স্থানাঙ্ক (3, 2)।

নির্ণেয় সমাধান : (x, y) = (3, 2)

খ তে প্রাপ্ত, (x, y) = (3, 2)

∴ (x, y) এর প্রাপ্ত মান সঠিক।

www.abswer.com

www.abswer.com

একাধিক অধ্যায়ের সমন্বয়ে প্রণীত সৃজনশীল প্রশ্ন ও সমাধান
নতুন পাঠ্যবইয়ের আলোকে প্রণীত

প্রশ্ন ৮ ▸ অনুশীলনী ১২.১, ১২.২ ও ১২.৩ এর সমন্বয়ে প্রণীত

একটি সরল সহসমীকরণ জোট–

$\frac{x}{2}+\frac{y}{3}=2$

$2x+3y=13$

ক. সমীকরণ জোটের প্রকৃতি নির্ণয় কর। ২

খ. আড়গুণন পদ্ধতিতে জোটটির সমাধান করে (x, y) নির্ণয় কর। ৪

গ. লেখচিত্রের সাহায্যে সমীকরণ জোটটির সমাধান কর। ৪

৮নং প্রশ্নের সমাধান

ক প্রদত্ত সমীকরণদ্বয় :

$\frac{x}{2}+\frac{y}{3}=2$

বা, $\frac{3x+2y}{6}=2$

বা, $3x+2y=12$

এবং $2x+3y=13$

x এর সহগের অনুপাত $\frac{3}{2}$

y এর সহগের অনুপাত $\frac{2}{3}$

∴ $\frac{3}{2}\neq\frac{2}{3}$

∴ সমীকরণজোট সমঞ্জস ও পরস্পর অনির্ভরশীল। সমীকরণ জোটটির একটিমাত্র (অনন্য) সমাধান রয়েছে।

খ "ক" হতে পাই,

সমীকরণদ্বয় $3x+2y=12$ বা, $3x+2y-12=0$

এবং $2x+3y=13$ বা, $2x+3y-13=0$

আড়গুণন সূত্রানুসারে,

$\frac{x}{2(-13)-3(-12)}=\frac{y}{2(-12)-3(-13)}=\frac{1}{3.3-2.2}$

বা, $\frac{x}{-26+36}=\frac{y}{-24+39}=\frac{1}{9-4}$

বা, $\frac{x}{10}=\frac{y}{15}=\frac{1}{5}$

বা, $\frac{x}{2}=\frac{y}{3}=1$

∴ $\frac{x}{2}=1$ | এবং $\frac{y}{3}=1$

বা, $x=2$ | বা, $y=3$

নির্ণেয় সমাধান : (x, y) = (2, 3).

গ 'ক' হতে পাই, সমীকরণদ্বয় $3x+2y=12$..........(1)

$2x+3y=13$..........(2)

(1) নং হতে পাই, $2y=12-3x$

বা, $y=\frac{12-3x}{2}$

সমীকরণটিতে x এর কিছু মান নিয়ে y এর মান নির্ণয়ের ছক তৈরী করি।

x	0	2	4	6	8
y	6	3	0	–3	–6

সমীকরণটির লেখের উপর কয়েকটি বিন্দু (0, 6), (2, 3), (4, 0), (6, – 3), (8, – 6)।

(2) নং হতে পাই, $3y=13-2x$.

বা, $y=\frac{13-2x}{3}$

সমীকরণটিতে x এর কিছু মান নিয়ে y এর মান নির্ণয়ের ছক তৈরী করি।

x	– 4	– 1	2	5	8
y	7	5	3	1	– 1

সমীকরণটির লেখের উপর কয়েকটি বিন্দু (– 1, 5), (– 4, 7), (2, 3), (5, 1), (8, – 1)।

ছক কাগজের ক্ষুদ্রতম বাহুর দৈর্ঘ্যকে একক ধরে বিন্দুগুলো ছক কাগজে স্থাপন করি। (1) ও (2) নং রেখা ছক কাগজে (2, 3) বিন্দুতে ছেদ করে।



নির্ণেয় সমাধান : (x, y) = (2, 3).

প্রশ্ন ৯ ▸ অনুশীলনী ১২.১, ১২.২ ও ১২.৩ এর সমন্বয়ে প্রণীত

$2x-y=1$ এবং $5x+y=13$ দুইটি সমীকরণ।

ক. প্রদত্ত সমীকরণ জোটের কতটি সমাধান আছে? ২

খ. প্রতিস্থাপন পদ্ধতিতে সমীকরণ জোটের সমাধান নির্ণয় কর। ৪

গ. লেখচিত্রের সাহায্যে খ-এ প্রাপ্ত সমাধানের সত্যতা যাচাই কর। ৪

৯নং প্রশ্নের সমাধান

ক প্রদত্ত সমীকরণ জোট $\left.\begin{array}{l}2x-y=1\\5x+y=13\end{array}\right\}$

x-এর সহগদ্বয়ের অনুপাত $\frac{2}{5}$

y-এর সহগদ্বয়ের অনুপাত $\frac{-1}{1}$ বা, – 1

ধ্রুবক পদদ্বয়ের অনুপাত $\frac{1}{13}$

আমরা পাই, $\frac{2}{5}\neq-1$

অতএব সমীকরণ জোটটি সঙ্গতিপূর্ণ ও পরস্পর অনির্ভরশীল। সমীকরণ জোটটির একটি মাত্র (অনন্য) সমাধান আছে।

খ প্রদত্ত সমীকরণ জোট, $2x-y=1$ .... (1)

এবং $5x+y=13$ .... (2)

(1) নং হতে পাই, $y=2x-1$ .... (3)

(2) নং এ y এর মান বসিয়ে পাই,

$5x+2x-1=13$

বা, $7x=13+1$

বা, $7x=14$

বা, $x=\frac{14}{7}$ ∴ $x=2$

(3) নং এ x এর মান বসিয়ে পাই,

$y=2.2-1$

$=4-1=3$

নির্ণেয় সমাধান : (x, y) = (2, 3)

www.abswer.com

www.abswer.com

অনুশীলনী ১২.৪

বাস্তবভিত্তিক সমস্যার সহসমীকরণ গঠন ও সমাধান

সাধারণ গাণিতিক অংশ

পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

প্রিয় শিক্ষার্থী, পাঠ্যবইয়ে এ অধ্যায়ে অনুশীলনীতে বিভিন্ন ধরনের গাণিতিক প্রশ্ন দেওয়া আছে। প্রতিটি প্রশ্নের যথাযথ ও নির্ভুল সমাধান এ অংশে সংযোজন করা হলো। এসব প্রশ্ন ও সমাধানের অনুশীলন তোমাদের সৃজনশীল ও বহুনির্বাচনি প্রশ্নোত্তরের ধারণা সমৃদ্ধকরণে সহায়তা করবে।

পাঠ্যবইয়ের অনুশীলনীর বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

সঠিক উত্তরটির বৃত্ত (●) ভরাট কর :

১. নিচের কোন শর্তে $ax + by + c = 0$ ও $px + qy + r = 0$ সমীকরণজোটটি সমঞ্জস ও পরস্পর অনির্ভরশীল হবে?

ⓚ $\frac{a}{p} \neq \frac{b}{q}$ ⓛ $\frac{a}{p} = \frac{b}{q} = \frac{c}{r}$
ⓜ $\frac{a}{p} = \frac{b}{q} \neq \frac{c}{r}$ ⓝ $\frac{a}{p} = \frac{b}{q}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : যদি $\frac{a}{p} \neq \frac{b}{q}$ হয়, তবে সমীকরণ সেট সমঞ্জস ও পরস্পর অনির্ভরশীল হবে এক্ষেত্রে অনন্য সমাধান হবে।

২. $x + y = 4, x - y = 2$ হলে, (x, y) এর মান নিচের কোনটি?

ⓚ (2, 4) ⓛ (4, 2)
ⓜ (3, 1) ⓝ (1, 3)

▸▸ তথ্য/ব্যাখ্যা : $x + y = 4$

বা, $y = 4 - x$

তখন, $x - 4 + x = 2$

বা, $2x = 2 + 4$

বা, $2x = 6$ বা, $x = \frac{6}{2}$ ∴ $x = 3$

আবার, $y = 4 - 3$

বা, $y = 1$

∴ $(x, y) = (3, 1)$

৩. $x + y = 6$ ও $2x = 4$ হলে, y এর মান কত?

ⓚ 2 ⓛ 4
ⓜ 6 ⓝ 8

▸▸ তথ্য/ব্যাখ্যা : $2x = 4$

বা, $x = \frac{4}{2}$

বা, $x = 2$

তাহলে, $2 + y = 6$

বা, $y = 6 - 2$

বা, $y = 4$

∴ y এর মান 4

৪. নিচের কোনটির জন্য নিম্নের ছকটি সঠিক?

x	0	2	4
y	−4	0	4

ⓚ $y = x - 4$ ⓛ $y = 8 - x$ ⓜ $y = 4 - 2x$ ⓝ $y = 2x - 4$

▸▸ তথ্য/ব্যাখ্যা : $y = 2x - 4$

উপরোক্ত সমীকরণে x এর মান, 0, 2, 4 বসিয়ে পাই,

$x = 0$ হলে, $y = -4$ ∴ $(x, y) = (0, -4)$

$x = 2$ হলে, $y = 2 \times 2 - 4$

বা, $y = 0$ ∴ $(x, y) = (2, 0)$

$x = 4$ হলে, $y = 2 \times 4 - 4$

$= 8 - 4 = 4$ ∴ $(x, y) = (4, 4)$

৫. $2x - y = 8$ এবং $x - 2y = 4$ হলে, $x + y =$ কত?

ⓚ 0 ⓛ 4
ⓜ 8 ⓝ 12

▸▸ তথ্য/ব্যাখ্যা : $2x - y = 8$

বা, $y = 2x - 8$ .... (1)

আবার, $x - 2y = 4$

বা, $x - 2(2x - 8) = 4$

বা, $x - 4x + 16 = 4$ বা, $-3x = 4 - 16$ বা, $-3x = -12$

∴ $x = 4$

x এর মান (1) নং এ বসিয়ে পাই,

$y = 2 \times 4 - 8 = 8 - 8 = 0$

∴ $x + y = 4 + 0 = 4$

৬. $x - y - 4 = 0$ ও $3x - 3y - 10 = 0$ সমীকরণদ্বয়—

i. পরস্পর নির্ভরশীল
ii. পরস্পর সমঞ্জস
iii. এর কোনো সমাধান নেই

নিচের কোনটি সঠিক?

ⓚ ii ⓛ iii
ⓜ i ও iii ⓝ ii ও iii

▸▸ তথ্য/ব্যাখ্যা : $x - y - 4 = 0$ বা, $x - y = 4$ ....(1)

এবং $3x - 3y - 10 = 0$ বা, $x - y = \frac{10}{3}$ ....(2)

(1) ও (2) নং সমীকরণ হতে পাই, $\frac{1}{1} = \frac{-1}{-1} \neq \frac{4}{\frac{10}{3}}$ বা, $\frac{1}{1} = \frac{1}{1} \neq \frac{6}{5}$

∴ সমীকরণদ্বয় অনির্ভরশীল, অসমঞ্জস এবং এর কোনো সমাধান নেই।

◆ নিচের তথ্যের ভিত্তিতে ৭–৯নং প্রশ্নের উত্তর দাও :

আয়তাকার একটি ঘরের মেঝের দৈর্ঘ্য, প্রস্থ অপেক্ষা 2 মিটার বেশি এবং মেঝের পরিসীমা 20 মিটার। ঘরটির মেঝে মোজাইক করতে প্রতি বর্গমিটারে 900 টাকা খরচ হয়।

৭. ঘরটির মেঝের দৈর্ঘ্য কত মিটার?

ⓚ 10 ⓛ 8
ⓜ 6 ⓝ 4

▸▸ তথ্য/ব্যাখ্যা : ধরি, আয়তাকার ঘরের প্রস্থ x মিটার

তাহলে, ,, ,, দৈর্ঘ্য $(x + 2)$,,

শর্তমতে, $2(x + x + 2) = 20$

বা, $4x + 4 = 20$

বা, $4x = 20 - 4$ বা, $x = \frac{16}{4}$ বা, $x = 4$

তাহলে দৈর্ঘ্য $= x + 2 = 4 + 2 = 6$

৮. ঘরটির মেঝের ক্ষেত্রফল কত বর্গমিটার?

ⓚ 24 ⓛ 32
ⓜ 48 ⓝ 80

▸▸ তথ্য/ব্যাখ্যা : ঘরের ক্ষেত্রফল= দৈর্ঘ্য × প্রস্থ $= 6 \times 4 = 24$

৯. ঘরটির মেঝে মোজাইক করতে মোট কত খরচ হবে?

ⓚ 72000 ⓛ 43200
ⓜ 28800 ⓝ 21600

▸▸ তথ্য/ব্যাখ্যা : প্রতি বর্গমিটারে খরচ 900 টাকা

24 ,, ,, $(900 \times 24) = 21600$ টাকা

উত্তরের শুদ্ধতা/ নির্ভুলতা যাচাই করো

১	ⓚ	২	ⓜ	৩	ⓛ	৪	ⓝ	৫	ⓛ	৬	ⓛ	৭	ⓜ	৮	ⓚ	৯	ⓝ

www.abswer.com

www.abswer.com

পাঠ্যবইয়ের অনুশীলনীর গাণিতিক প্রশ্নের সমাধান

সহসমীকরণ গঠন করে সমাধান কর (১০ – ১৭) :

প্রশ্ন ১০ ▸ কোনো ভগ্নাংশের লব ও হরের প্রত্যেকটির সাথে 1 যোগ করলে ভগ্নাংশটি $\frac{4}{5}$ হবে। আবার, লব ও হরের প্রত্যেকটি থেকে 5 বিয়োগ করলে ভগ্নাংশটি $\frac{1}{2}$ হবে। ভগ্নাংশটি নির্ণয় কর।

সমাধান : মনে করি, ভগ্নাংশটি $= \frac{x}{y}$

প্রথম শর্তানুসারে, $\frac{x+1}{y+1} = \frac{4}{5}$ .... (1)

দ্বিতীয় শর্তানুসারে, $\frac{x-5}{y-5} = \frac{1}{2}$ ....(2)

(1) নং সমীকরণ থেকে পাই,

$5(x+1) = 4(y+1)$

বা, $5x + 5 = 4y + 4$

বা, $5x = 4y + 4 - 5$

বা, $5x = 4y - 1$

বা, $x = \frac{4y-1}{5}$ .... (3)

(2)নং সমীকরণ হতে পাই,

$2(x-5) = y - 5$

বা, $2x - 10 = y - 5$

বা, $2x - y = -5 + 10$

বা, $2x - y = 5$

বা, $2.\frac{4y-1}{5} - y = 5$ [(3)নং হতে মান বসিয়ে]

বা, $\frac{8y-2}{5} - y = 5$

বা, $\frac{8y-2-5y}{5} = 5$

বা, $\frac{3y-2}{5} = 5$

বা, $3y - 2 = 25$

বা, $3y = 25 + 2$

বা, $3y = 27$

বা, $y = \frac{27}{3}$

∴ $y = 9$

(3) নং এ y এর মান বসিয়ে পাই,

$x = \frac{4.9-1}{5} = \frac{36-1}{5} = \frac{35}{5} = 7$

∴ $x = 7$

নির্ণেয় ভগ্নাংশটি $\frac{7}{9}$.

প্রশ্ন ১১ ▸ কোনো ভগ্নাংশের লব থেকে 1 বিয়োগ ও হরের সাথে 2 যোগ করলে ভগ্নাংশটি $\frac{1}{2}$ হয়। আর লব থেকে 7 বিয়োগ এবং হর থেকে 2 বিয়োগ করলে ভগ্নাংশটি $\frac{1}{3}$ হয়। ভগ্নাংশটি নির্ণয় কর।

সমাধান : মনে করি, ভগ্নাংশটির লব = x এবং হর = y

∴ ভগ্নাংশটি $= \frac{x}{y}$

প্রথম শর্তানুসারে, $\frac{x-1}{y+2} = \frac{1}{2}$

বা, $y + 2 = 2x - 2$ [আড়গুণন করে]

∴ $y = 2x - 4$ .... (1)

দ্বিতীয় শর্তানুসারে, $\frac{x-7}{y-2} = \frac{1}{3}$

বা, $3x - 21 = y - 2$ [আড়গুণন করে]

∴ $3x = y + 19$ .... (2)

(2) নং সমীকরণে y এর মান বসিয়ে পাই,

$3x = 2x - 4 + 19$

বা, $3x - 2x = 15$

∴ $x = 15$

x এর মান (1) নং এ বসিয়ে পাই, $y = 2.15 - 4 = 30 - 4 = 26$

নির্ণেয় ভগ্নাংশটি $\frac{15}{26}$.

প্রশ্ন ১২ ▸ দুই অঙ্কবিশিষ্ট একটি সংখ্যার একক স্থানীয় অঙ্ক দশক স্থানীয় অঙ্কের তিনগুণ অপেক্ষা 1 বেশি। কিন্তু অঙ্কদ্বয় স্থান বিনিময় করলে যে সংখ্যা পাওয়া যায়, তা অঙ্কদ্বয়ের সমষ্টির আটগুণের সমান। সংখ্যাটি কত?

সমাধান : মনে করি,দশক স্থানীয় অঙ্ক = x

এবং একক স্থানীয় অঙ্ক = y

∴ সংখ্যাটি $= 10x + y$

প্রথম শর্তানুসারে, $y = 3x + 1$................ (1)

অঙ্কদ্বয় স্থান বিনিময় করলে প্রাপ্ত সংখ্যাটি $= 10y + x$

দ্বিতীয় শর্তানুসারে, $10y + x = 8(x + y)$

সুতরাং সমীকরণ (1) থেকে y এর মান বসিয়ে পাই,

$10(3x + 1) + x = 8(x + 3x + 1)$

বা, $31x + 10 = 32x + 8$

বা, $31x - 32x = 8 - 10$

বা, $-x = -2$.

∴ $x = 2$

(1) নং সমীকরণ থেকে পাই, $y = 3x + 1 = 3.2 + 1 = 7$

∴ সংখ্যাটি $= 10x + y = 10 \times 2 + 7 = 27$.

নির্ণেয় সংখ্যাটি 27.

প্রশ্ন ১৩ ▸ দুই অঙ্কবিশিষ্ট একটি সংখ্যার অঙ্কদ্বয়ের অন্তর 4। সংখ্যাটির অঙ্কদ্বয় স্থান বিনিময় করলে যে সংখ্যা পাওয়া যায়, তার ও মূল সংখ্যাটির যোগফল 110। সংখ্যাটি নির্ণয় কর।

সমাধান : মনে করি, একক স্থানীয় অঙ্ক = x

দশক স্থানীয় অঙ্ক = x + 4

[যখন দশক স্থানীয় অঙ্ক > একক স্থানীয় অঙ্ক]

অথবা, একক স্থানীয় অঙ্ক = x + 4

[যখন একক স্থানীয় অঙ্ক > দশক স্থানীয় অঙ্ক]

তাহলে দশক স্থানীয় অঙ্ক = x

যখন একক স্থানীয় অঙ্ক x এবং দশক স্থানীয় অঙ্ক x + 4 তখন

সংখ্যাটি $= 10(x+4) + x = 10x + 40 + x = 11x + 40$

সংখ্যাটি স্থান বিনিময় করলে হয় $= 10x + x + 4 = 11x + 4$

শর্তানুসারে, $11x + 4 + 11x + 40 = 110$

বা, $22x + 44 = 110$

বা, $22x = 110 - 44$

বা, $x = \frac{66}{22} = 3$

∴ সংখ্যাটি $= 11x + 40 = 11 \times 3 + 40 = 33 + 40 = 73$

আবার, যখন একক স্থানীয় অঙ্ক x + 4 এবং দশক স্থানীয় অঙ্ক x

তখন সংখ্যাটি $= 10x + (x + 4)$

সংখ্যাটির অঙ্কদ্বয় স্থান বিনিময় করলে দাঁড়ায় $= 10(x+4) + x$

$= 10x + 40 + x$

$= 11x + 40$

www.abswer.com

www.abswer.com

শর্তানুযায়ী, $11x+40+10x+(x+4)=110$

বা, $11x+40+10x+x+4=110$

বা, $22x=110-40-4$

বা, $22x=110-44$

বা, $22x=66$

বা, $x=\frac{66}{22}=3$

∴ সংখ্যাটি $=10\times 3+(3+4)$

$=30+7=37$

নির্ণেয় সংখ্যাটি 73 অথবা 37.

প্রশ্ন ১৪ ▸ মাতার বর্তমান বয়স তার দুই কন্যার বয়সের সমষ্টির চারগুণ। 5 বছর পর মাতার বয়স ঐ দুই কন্যার বয়সের সমষ্টির দ্বিগুণ হবে। মাতার বর্তমান বয়স কত?

সমাধান : মনে করি, দুই কন্যার বর্তমান বয়সের সমষ্টি x বছর

∴ মাতার বর্তমান বয়স $=4x$ বছর

∴ 5 বছর পরে মাতার বয়স হবে $(4x+5)$ বছর।

এবং 5 বছর পরে দুই কন্যার বয়সের সমষ্টি হবে $(x+2\times 5)$

$=(x+10)$ বছর।

শর্তানুসারে, $(4x+5)=2(x+10)$

বা, $4x+5=2x+20$

বা, $4x-2x=20-5$

বা, $2x=15$

বা, $x=\frac{15}{2}$

∴ মাতার বর্তমান বয়স $=4x=4\times\frac{15}{2}=30$ বছর।

∴ মাতার বর্তমান বয়স 30 বছর।

প্রশ্ন ১৫ ▸ একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 5 মিটার কম এবং প্রস্থ 3 মিটার বেশি হলে ক্ষেত্রফল 9 বর্গমিটার কম হবে। আবার দৈর্ঘ্য 3 মিটার বেশি ও প্রস্থ 2 মিটার বেশি হলে ক্ষেত্রফল 67 বর্গমিটার বেশি হবে। ক্ষেত্রটির দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় কর।

সমাধান : ধরি, দৈর্ঘ্য $=x$ মি.

এবং প্রস্থ $=y$ মি.

∴ ক্ষেত্রফল $=xy$ বর্গমিটার

শর্তানুযায়ী, $(x-5)(y+3)=xy-9$

বা, $xy+3x-5y-15=xy-9$

বা, $3x-5y=6$ .... (1)

আবার, $(x+3)(y+2)=xy+67$

বা, $xy+2x+3y+6=xy+67$

বা, $2x+3y=61$ .... (2)

(1) কে 3 দ্বারা (2) কে 5 দ্বারা গুণ করে পাই,

$9x-15y=18$

$10x+15y=305$

যোগ করে, $19x=323$

বা, $x=\frac{323}{19}$

∴ $x=17$ মি.

(2) থেকে পাই, $3y=61-2x$

বা, $3y=61-2\times 17$ [x এর মান বসিয়ে]

বা, $3y=61-34$

∴ $y=\frac{27}{3}=9$ মি.

∴ ক্ষেত্রটির দৈর্ঘ্য 17 মি. ও প্রস্থ 9 মি.।

প্রশ্ন ১৬ ▸ একটি নৌকা দাঁড় বেয়ে স্রোতের অনুকূলে ঘণ্টায় 15 কি.মি. যায় এবং স্রোতের প্রতিকূলে যায় ঘণ্টায় 5 কি. মি.। নৌকার বেগ নির্ণয় কর।

সমাধান : মনে করি, ঘণ্টায় নৌকার বেগ x কি. মি.

এবং ঘণ্টায় স্রোতের বেগ y কি. মি.

তাহলে, ঘণ্টায় স্রোতের অনুকূলে নৌকার বেগ $=(x+y)$ কি.মি.

ঘণ্টায় স্রোতের প্রতিকূলে নৌকার বেগ $=(x-y)$ কি.মি.

প্রথম শর্তানুসারে, $x+y=15$ .... (1)

দ্বিতীয় শর্তানুসারে, $x-y=5$ .... (2)

সমীকরণ (1) থেকে (2) বিয়োগ করে পাই,

$x+y-x+y=15-5$

বা, $2y=10$

∴ $y=\frac{10}{2}=5$

y-এর মান (1)নং এ বসিয়ে পাই,

$x+5=15$

বা, $x=15-5$

∴ $x=10$

∴ নৌকার বেগ ঘণ্টায় 10 কি. মি.।

প্রশ্ন ১৭ ▸ একজন গার্মেন্টস শ্রমিক মাসিক বেতনে চাকরি করেন। প্রতিবছর শেষে একটি নির্দিষ্ট বেতনবৃদ্ধি পান। তার মাসিক বেতন 4 বছর পর 4500 টাকা ও 8 বছর পরে 5000 টাকা হয়। তাঁর চাকরি শুরুর বেতন ও বার্ষিক বেতন বৃদ্ধির পরিমাণ নির্ণয় কর।

সমাধান : মনে করি, ঐ শ্রমিক x টাকা বেতনে চাকরি শুরু করেন এবং তার বার্ষিক বেতন বৃদ্ধি y টাকা।

প্রথম শর্তানুসারে $x+4y=4500$ .... (1)

দ্বিতীয় শর্তানুসারে $x+8y=5000$ ....(2)

সমীকরণ (2) থেকে (1) বিয়োগ করে পাই,

$8y-4y=5000-4500$

বা, $4y=500$

বা, $y=\frac{500}{4}=125$

সমীকরণ (1) এ $y=125$ বসিয়ে পাই,

$x+4\times 125=4500$

বা, $x+500=4500$

বা, $x=4500-500$ বা, $x=4000$

∴ ঐ শ্রমিকের চাকরি শুরুর বেতন 4000 টাকা এবং বার্ষিক বেতন বৃদ্ধি 125 টাকা।

পাঠ্যবইয়ের অনুশীলনীর সৃজনশীল প্রশ্ন ও সমাধান

প্রশ্ন ১৮ একটি সরল সমীকরণজোট $x+y=10$

$3x-2y=0$

ক. দেখাও যে, সমীকরণজোটটি সমঞ্জস। এর কয়টি সমাধান আছে?

খ. সমীকরণজোটটি সমাধান করে (x, y) নির্ণয় কর।

গ. সমীকরণদ্বয় দ্বারা নির্দেশিত সরলরেখাদ্বয় x-অক্ষর সাথে যে ত্রিভুজ গঠন করে তার ক্ষেত্রফল নির্ণয় কর।

১৮নং প্রশ্নের সমাধান

ক প্রদত্ত সমীকরণ জোট $x+y=10$ এবং $3x-2y=0$

x এর সহগদ্বয়ের অনুপাত $\frac{1}{3}$

y ,, ,, ,, $\frac{1}{-2}$

আমরা পাই, $\frac{1}{3}\neq\frac{1}{-2}$

সমীকরণজোটটি সমঞ্জস এবং পরস্পর অনির্ভরশীল। সমীকরণজোটটি একটি মাত্র (অনন্য) সমাধান রয়েছে।

www.abswer.com

www.abswer.com

খ প্রদত্ত সমীকরণদ্বয় $x + y = 10$ ....(1)

$3x - 2y = 0$ ....(2)

সমীকরণ (1) এর উভয়পক্ষে 2 দ্বারা গুণ করে (2) নং সমীকরণের সাথে যোগ করে পাই,

$$2x + 2y = 20$$
$$3x - 2y = 0$$

(যোগ করে) $5x = 20$

বা, $x = \frac{20}{5} = 4$

x-এর মান (1) নং সমীকরণে বসিয়ে পাই, $4 + y = 10$

বা, $y = 10 - 4$

$\therefore$ $y = 6$

সমীকরণজোটটির সমাধান $(x, y) = (4, 6)$

গ প্রদত্ত সমীকরণদ্বয় $x + y = 10$ .... (1)

$3x - 2y = 0$ ....(2)

সমীকরণ (1) থেকে পাই, $x + y = 10$

বা, $y = 10 - x$

সমীকরণটিতে x এর কয়েকটি মান নিয়ে y এর অনুরূপ মান বের করি ও নিচের ছকটি পূরণ করি–

x	2	4	6
y	8	6	4

সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু (2, 8), (4, 6), (6, 4)।

সমীকরণ (2) থেকে পাই, $3x - 2y = 0$

বা, $-2y = -3x$

বা, $2y = 3x$

$\therefore$ $y = \frac{3x}{2}$

সমীকরণটিতে x এর কয়েকটি মান নিয়ে y এর অনুরূপ মান বের করি ও নিচের ছকটি পূরণ করি–

x	0	2	4
y	0	3	6

সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু (0, 0), (2, 3), (4, 6)।



মনে করি, XOX′ ও YOY′ যথাক্রমে x অক্ষ এবং y অক্ষ এবং O মূলবিন্দু। ছক কাগজের উভয় অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের প্রতিবাহুর দৈর্ঘ্যকে একক ধরি। এখন ছক কাগজে সমীকরণ (1) হতে প্রাপ্ত (2, 8), (4, 6), (6, 4) বিন্দুগুলো স্থাপন করি ও তাদের পরস্পর সংযুক্ত করি। লেখটি একটি সরলরেখা। একইভাবে সমীকরণ (2) থেকে প্রাপ্ত (0, 0), (2, 3), (4, 6) বিন্দুগুলো স্থাপন করি ও তাদের পরস্পর সংযুক্ত করি এক্ষেত্রেও লেখটি একটি সরলরেখা। সমীকরণদ্বয় দ্বারা নির্দেশিত সরলরেখাদ্বয় x এর সাথে একটি ত্রিভুজ গঠন করে।

লেখচিত্রে সরলরেখা দুটি X অক্ষের সাথে POC ত্রিভুজ গঠন করে। যার শীর্ষবিন্দু P(4, 6), O(0, 0), C(10, 0)।

এখানে, ত্রিভুজের উচ্চতা PD = 6 একক, এবং ভূমি, OC = 10 একক।

$\therefore$ ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ ভূমি $\times$ উচ্চতা

$= \frac{1}{2} \times 10 \times 6$ বর্গ একক

$= 30$ বর্গ একক।

প্রশ্ন ১৯। কোনো ভগ্নাংশের লবের সাথে 7 যোগ করলে ভগ্নাংশটির মান পূর্ণসংখ্যা 2 হয়। আবার হর হতে 2 বিয়োগ করলে ভগ্নাংশটির মান পূর্ণসংখ্যা 1 হয়।

ক. ভগ্নাংশটি $\frac{x}{y}$ ধরে সমীকরণজোট গঠন কর।

খ. সমীকরণজোটটি আড়গুণন পদ্ধতিতে সমাধান করে (x, y) নির্ণয় কর। ভগ্নাংশটি কত?

গ. সমীকরণজোটটির লেখ অঙ্কন করে (x, y) এর প্রাপ্ত মানের সত্যতা যাচাই কর।

১৯নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, ভগ্নাংশটি $\frac{x}{y}$

তাহলে, ১ম শর্তমতে, $\frac{x+7}{y} = 2$

আবার, ২য় শর্তমতে, $\frac{x}{y-2} = 1$

নির্ণেয় সমীকরণ জোট $\frac{x+7}{y} = 2$ এবং $\frac{x}{y-2} = 1$

খ দেওয়া আছে, ভগ্নাংশটি $\frac{x}{y}$।

নির্ণেয় সমীকরণজোট $\frac{x+7}{y} = 2$ ....(1)

এবং $\frac{x}{y-2} = 1$ ....(2)

(1) নং সমীকরণ হতে পাই, $\frac{x+7}{y} = 2$

বা, $x + 7 = 2y$

বা, $x - 2y + 7 = 0$ ....(3)

সমীকরণ (2) হতে পাই, $\frac{x}{y-2} = 1$

বা, $x = y - 2$

বা, $x - y + 2 = 0$ ....(4)

সমীকরণ (3) ও সমীকরণ (4) হতে আড়গুণন পদ্ধতিতে পাই,

$$\frac{x}{(-2) \times 2 - (-1) \times 7} = \frac{y}{7 \times 1 - 2 \times 1} = \frac{1}{1 \times (-1) - 1 \times (-2)}$$

বা, $\frac{x}{-4+7} = \frac{y}{7-2} = \frac{1}{-1+2}$

বা, $\frac{x}{3} = \frac{y}{5} = 1$

$\therefore$ $\frac{x}{3} = 1$ | আবার, $\frac{y}{5} = 1$

বা, $x = 3$ | বা, $y = 5$

সুতরাং নির্ণেয় সমাধান, $(x, y) = (3, 5)$

এবং ভগ্নাংশটি $\frac{x}{y} = \frac{3}{5}$

গ নির্ণেয় সমীকরণ জোট $\frac{x+7}{y} = 2$ .... (1)

$\frac{x}{y-2} = 1$ .... (2)

সমীকরণ (1) থেকে পাই, $\frac{x+7}{y} = 2$

বা, $x + 7 = 2y$ বা, $y = \frac{x+7}{2}$

সমীকরণটিতে x এর কয়েকটি মান নিয়ে y এর অনুরূপ মান বের করি ও নিচের ছকটি পূরণ করি–

x	1	3	5
y	4	5	6

সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু (1, 4), (3, 5), (5, 6)।

www.abswer.com

www.abswer.com

আবার সমীকরণ (2) থেকে পাই, $\frac{x}{y-2} = 1$

বা, $x = y - 2$ বা, $y = x + 2$

সমীকরণটিতে x এর কয়েকটি মান নিয়ে y এর অনুরূপ মান বের করি ও নিচের ছকটি পূরণ করি–

x	−2	3	7
y	0	5	9

সমীকরণটির লেখের উপর তিনটি বিন্দু (−2, 0), (3, 5), (7, 9)।

মনে করি, XOX′ ও YOY′ যথাক্রমে x অক্ষ ও y অক্ষ এবং O মূলবিন্দু। ছক কাগজের উভয় অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের প্রতিবাহুর দৈর্ঘ্যকে একক ধরি। এখন ছক কাগজে সমীকরণ (1) হতে প্রাপ্ত (1, 4), (3, 5), (5, 6) বিন্দুগুলো স্থাপন করি ও তাদের পরস্পর সংযুক্ত করি।



লেখটি একটি সরলরেখা। একইভাবে সমীকরণ (2) থেকে প্রাপ্ত (−2, 0), (3, 5), (7, 9) বিন্দুগুলো স্থাপন করি ও তাদের পরস্পর যোগ করি। এক্ষেত্রেও লেখটি একটি সরলরেখা। সমীকরণদ্বয় পরস্পর P বিন্দুতে ছেদ করে। চিত্র থেকে দেখা যায় P বিন্দুর স্থানাঙ্ক (3, 5)।

নির্ণেয় সমাধান (x, y) = (3, 5)

(খ) হতে প্রাপ্ত (x, y) এর মান এবং (গ) হতে প্রাপ্ত (x, y) এর মান সমান।

∴ (x, y) = (3, 5) মানটি সত্য।

পাঠ্যবইয়ের অনুশীলনীর গাণিতিক প্রশ্নের সমাধান

প্রশ্ন ২০ ▸ দুইটি বহুভুজের বাহুর সংখ্যা 17 এবং এদের কর্ণের সংখ্যা 53 হলে প্রত্যেক বহুভুজের বাহুর সংখ্যা কত?

সমাধান : ধরি, দুইটি বহুভুজের বাহুর সংখ্যা যথাক্রমে x এবং y

∴ দুইটি বহুভুজের কর্ণের সংখ্যা যথাক্রমে $\frac{1}{2}x(x-3)$ এবং $\frac{1}{2}y(y-3)$

প্রথম শর্তমতে, $x + y = 17$

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

২৮. Δ ABC এ BC বাহুর সমান্তরাল কোনো রেখা যদি AB ও AC বাহুকে যথাক্রমে D ও E বিন্দুতে ছেদ করে তবে —।

i. $\frac{AB}{AD} = \frac{AC}{AE}$ ii. $\frac{AB}{AC} = \frac{AD}{AE}$ iii. $\frac{AB}{BD} = \frac{AC}{CE}$

নিচের কোনটি সঠিক? (মধ্যমান)

ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

২৯. i. a : b = b : a হলে a = b
ii. a : b = x : y হলে, ax = by
iii. $\frac{a}{b} = \frac{c}{d}$ হলে $\frac{a+b}{a-b} = \frac{c+d}{c-d}$ [যোজন বিয়োজন করে]

নিচের কোনটি সঠিক? (মধ্যমান)

ক) i ও ii খ) i ও iii গ) iii ঘ) i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন



উপরের বর্ণনা হতে ৩০ – ৩২ নং প্রশ্নের উত্তর দাও :

৩০. Δ ক্ষেত্র ABC এর ক্ষেত্রফল কী হবে? (সহজমান)

ক) 2bh বর্গ একক খ) bh বর্গ একক
গ) $\frac{1}{2}$bh বর্গ একক ঘ) $\frac{1}{4}$bh বর্গ একক

৩১. Δ ক্ষেত্র DEF এর ক্ষেত্রফল কী হবে? (সহজমান)

ক) ah বর্গ একক খ) 2ah বর্গ একক গ) $\frac{1}{4}$ah বর্গ একক ঘ) $\frac{1}{2}$ah বর্গ একক

৩২. Δ ABC এর ক্ষেত্রফল : Δ DEF এর ক্ষেত্রফল সমান নিচের কোনটি? (সহজমান)

ক) BC : EF খ) AB : DE গ) AC : DF ঘ) ab : $\frac{2}{3}$dh

উত্তরের শুদ্ধতা/নির্ভুলতা যাচাই করো

২০	ক	২১	খ	২২	ক	২৩	গ	২৪	খ	২৫	ঘ	২৬	খ	২৭	ক	২৮	ঘ	২৯	খ	৩০	গ	৩১	ঘ	৩২	ক

www.abswer.com

www.abswer.com

সৃজনশীল অংশ CREATIVE SECTION

প্রিয় শিক্ষার্থী, সৃজনশীল অংশে তোমাদের সেরা প্রস্তুতির জন্য এসএসসি পরীক্ষার প্রশ্ন ও সমাধানের পাশাপাশি সেরা স্কুলের টেস্ট পরীক্ষার প্রশ্ন, মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত প্রশ্ন, অনুশীলনমূলক কাজ নির্ভর এবং সমন্বিত অধ্যায়ের প্রশ্ন ও সমাধান সংযোজন করা হয়েছে।

সকল বোর্ডের এসএসসি পরীক্ষার সৃজনশীল প্রশ্ন ও সমাধান — নতুন পাঠ্যবইয়ের আলোকে সমাধানকৃত

প্রশ্ন ১ ▶ ঢাকা বোর্ড ২০২০

ΔPQR ও ΔXYZ-এ $\angle P = \angle X, \angle Q = \angle Y, \angle R = \angle Z$.

ক. একটি ত্রিভুজের পরিবৃত্ত অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন আবশ্যক) ২

খ. প্রমাণ কর যে, $\frac{PQ}{XY} = \frac{PR}{XZ} = \frac{QR}{YZ}$. ৪

গ. ΔPQR এর $\angle P$ এর সমদ্বিখণ্ডক QR কে D বিন্দুতে ছেদ করে এবং QR এর সমান্তরাল কোনো রেখাংশ PQ ও PR কে যথাক্রমে M ও N বিন্দুতে ছেদ করলে প্রমাণ কর যে, QD : DR = QM : RN. ৪

১নং প্রশ্নের সমাধান

ক 

চিত্রে O কেন্দ্রবিশিষ্ট ABC বৃত্তটি ABC ত্রিভুজের পরিবৃত্ত।

খ 

মনে করি, ΔPQR ও ΔXYZ-এ $\angle P = \angle X, \angle Q = \angle Y$ এবং $\angle R = \angle Z$।

প্রমাণ করতে হবে যে, $\frac{PQ}{XY} = \frac{PR}{XZ} = \frac{QR}{YZ}$।

অঙ্কন : ΔPQR ও ΔXYZ এর অনুরূপ বাহুগুলো অসমান বিবেচনা করি। PQ বাহু থেকে S বিন্দু ও PR বাহু থেকে T বিন্দু নিই যেন PS = XY ও PT = XZ হয়। S, T যোগ করি।

প্রমাণ : ধাপ ১ : ΔPST ও ΔXYZ-এ
$\angle P = \angle X, PS = XY, PT = XZ$

∴ $\Delta PST \cong \Delta XYZ$ [বাহু-কোণ-বাহু সর্বসমতা]

∴ $\angle PST = \angle XYZ = \angle PQR$

এবং $\angle PTS = \angle XZY = \angle PRQ$

কিন্তু এরা অনুরূপ কোণ। ST রেখাংশ ও QR বাহুকে PQ ও PR বাহু ছেদ করায় অনুরূপ কোণযুগল সমান হয়েছে।

∴ ST ∥ QR

∴ $\frac{PQ}{PS} = \frac{PR}{PT}$

বা, $\frac{PQ}{XY} = \frac{PR}{XZ}$

ধাপ ২ : অনুরূপভাবে PQ বাহু ও QR বাহু থেকে যথাক্রমে XY রেখাংশ ও YZ রেখাংশের সমান রেখাংশ কেটে নিয়ে দেখানো যায়,
$\frac{PQ}{XY} = \frac{QR}{YZ}$

∴ $\frac{PQ}{XY} = \frac{PR}{XZ} = \frac{QR}{YZ}$ (প্রমাণিত)

গ মনে করি, ΔPQR-এ $\angle P$ এর সমদ্বিখণ্ডক QR কে D বিন্দুতে ছেদ করে। QR এর সমান্তরাল MN রেখাংশ PQ ও PR কে যথাক্রমে M ও N বিন্দুতে ছেদ করে।



প্রমাণ করতে হবে যে,
QD : DR = QM : RN.

প্রমাণ :

ধাপ ১ : ΔPQR-এ $\angle P$ এর সমদ্বিখণ্ডক PD, QR কে D বিন্দুতে ছেদ করে।

∴ QD : DR = PQ : PR [∵ ত্রিভুজের যেকোনো কোণের অন্তর্দ্বিখণ্ডক বিপরীত বাহুকে উক্ত কোণ সংলগ্ন বাহুদ্বয়ের অনুপাতে অন্তর্বিভক্ত করে]

বা, $\frac{QD}{DR} = \frac{PQ}{PR}$

ধাপ ২ : MN ∥ QR হওয়ায়

$\frac{PM}{QM} = \frac{PN}{RN}$ [∵ ত্রিভুজের যেকোনো বাহুর সমান্তরাল রেখাংশ অপর দুই বাহুকে সমান অনুপাতে বিভক্ত করে।]

বা, $\frac{PM + QM}{QM} = \frac{PN + RN}{RN}$ [যোজন করে]

বা, $\frac{PQ}{QM} = \frac{PR}{RN}$ [∵ PM + QM = PQ এবং PN + RN = PR]

বা, $\frac{PQ}{PR} = \frac{QM}{RN}$

ধাপ ৩ : ধাপ (১) ও (২) থেকে পাই,

$\frac{QD}{DR} = \frac{QM}{RN}$

∴ QD : DR = QM : RN. (প্রমাণিত)

প্রশ্ন ২ ▶ সিলেট বোর্ড ২০১৯

চিত্রে, ΔABC এর AP, BQ এবং CR মধ্যমাত্রয় পরস্পরকে O বিন্দুতে ছেদ করেছে। আবার OM ∥ PQ।



ক. ΔXYZ এ $\angle Y = 90°$ এবং $YT \perp XZ$ প্রমাণ কর যে, ΔXYZ এবং ΔXYT সদৃশ। ২

খ. প্রমাণ কর যে, AB + AC > 2AP. ৪

গ. প্রমাণ কর যে, AC = 6 MQ. ৪

www.abswer.com

www.abswer.com

২নং প্রশ্নের সমাধান

ক এখানে, ΔXYZ এ $\angle Y = 90°$ বা এক সমকোণ এবং $YT \perp XZ$. প্রমাণ করতে হবে যে, ΔXYZ এবং ΔXYT সদৃশ।



প্রমাণ : ΔXYZ এবং ΔXYT এ

$\angle XYZ = \angle XTY$ [প্রত্যেকে এক সমকোণ]

এবং $\angle YXZ = \angle YXT$ [সাধারণ কোণ]

$\therefore$ $\angle XZY = \angle XYT$ [অবশিষ্ট কোণ]

$\therefore$ ΔXYZ এবং ΔXYT সদৃশ। (প্রমাণিত)

খ এখানে, Δ ABC-এর BC বাহুর উপর মধ্যমা AP। A, P যোগ করি।
প্রমাণ করতে হবে যে, $AB + AC > 2AP$.
অঙ্কন : AP কে E পর্যন্ত এমনভাবে বর্ধিত করি যেন, $AP = PE$ হয়। E, C যোগ করি।



প্রমাণ :

ধাপ ১. ΔABP এবং ΔECP-এ

$BP = CP$ [$\because$ P, BC-এর মধ্যবিন্দু]

$AP = EP$ [অঙ্কন অনুসারে]

$\angle APB = \angle EPC$ [বিপ্রতীপ কোণ]

$\therefore$ $\Delta ABP \cong \Delta ECP$ [বাহু-কোণ-বাহু উপপাদ্য]

$\therefore$ $AB = EC$

ধাপ ২. এখন, ΔAEC-এ,

$AC + EC > AE$

[$\because$ ত্রিভুজের দুই বাহুর সমষ্টি তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর]

বা, $AC + AB > AP + PE$ [(১) থেকে]

বা, $AB + AC > AP + AP$

$\therefore$ $AB + AC > 2AP$. (প্রমাণিত)

গ এখানে, Δ ABC-এ AP ও BQ মধ্যমাদ্বয় পরস্পর O বিন্দুতে ছেদ করেছে এবং $OM \parallel PQ$। প্রমাণ করতে হবে যে, $AC = 6MQ$.



প্রমাণ :

ধাপ ১ : Δ ABC এর AP, BQ এবং CR মধ্যমাত্রয়ের ছেদবিন্দু O।

$\therefore$ $AO : OP = 2 : 1$ [$\because$ ত্রিভুজের মধ্যমাত্রয়ের ছেদবিন্দু এদের 2 : 1 অনুপাতে অন্তর্বিভক্ত করে]

বা, $\frac{AO}{OP} = \frac{2}{1}$

$\therefore$ $AO = 2OP$

ধাপ ২ : Δ APQ-এ, $PQ \parallel OM$

$\therefore$ $\frac{AO}{OP} = \frac{AF}{FE}$

বা, $\frac{2GD}{GD} = \frac{AM}{QM}$ [ধাপ (১) হতে]

বা, $\frac{AM}{QM} = 2$

বা, $AM = 2QM$

ধাপ ৩ : এখানে, $AQ = AM + QM$

$= 2QM + QM$ [ধাপ (২) হতে]

$= 3QM$

ধাপ ৪ : আবার, $AC = 2AQ$

[$\because$ AC রেখা Q বিন্দুতে BQ মধ্যমা দ্বারা সমদ্বিখণ্ডিত হয়।]

বা, $AC = 2.3QM$ [ধাপ (৩) হতে]

$\therefore$ $AC = 6MQ$. (প্রমাণিত)

প্রশ্ন ৩ ▸ দিনাজপুর বোর্ড ২০১৭

Δ PQR এর $\angle P$ এর সমদ্বিখণ্ডক PS, QR-কে S বিন্দুতে ছেদ করেছে। SP এর সমান্তরাল RT রেখাংশ বর্ধিত QP-কে T বিন্দুতে ছেদ করেছে।

ক. দেখাও যে, দুইটি ত্রিভুজের ভূমি সমান হলে, তাদের ক্ষেত্রফল উচ্চতার সমানুপাতিক। ২

খ. প্রমাণ কর যে, $QS : SR = PQ : PR$. ৪

গ. QR এর সমান্তরাল কোনো রেখাংশ PQ এবং PR-কে যথাক্রমে M ও N বিন্দুতে ছেদ করলে, প্রমাণ কর যে, $QS : SR = MQ : NR$. ৪

৩নং প্রশ্নের সমাধান

ক



মনে করি, ত্রিভুজক্ষেত্র ABC ও DEF এর উচ্চতা যথাক্রমে $AP = h$, $DQ = k$ এবং উভয়ক্ষেত্রের ভূমি b।

সুতরাং ত্রিভুজক্ষেত্র ABC এর ক্ষেত্রফল $= \frac{1}{2} b \times h$,

ত্রিভুজক্ষেত্র DEF এর ক্ষেত্রফল $= \frac{1}{2} b \times k$

অতএব, ত্রিভুজক্ষেত্র ABC এর ক্ষেত্রফল : ত্রিভুজক্ষেত্র DEF এর ক্ষেত্রফল $= \frac{1}{2} b \times h : \frac{1}{2} b \times k = h : k = AP : DQ$.

সুতরাং দুইটি ত্রিভুজের ভূমি সমান হলে, তাদের ক্ষেত্রফল ও উচ্চতার সমানুপাতিক। (দেখানো হলো)

খ মনে করি, Δ PQR এর $\angle P$ এর সমদ্বিখণ্ডক PS, QR কে S বিন্দুতে ছেদ করে। প্রমাণ করতে হবে যে, $QS : SR = PQ : PR$.



প্রমাণ :

ধাপ ১ : যেহেতু $SP \parallel RT$ এবং QR ও PR তাদের ছেদক [অঙ্কনানুসারে]

$\angle PRT = \angle RPS$ [অনুরূপ কোণ]

এবং $\angle PTR = \angle QPS$ [একান্তর কোণ]

ধাপ ২ : কিন্তু $\angle QPS = \angle RPS$ [স্বীকার]

$\therefore$ $\angle PTR = \angle PRT$

$\therefore$ $PR = PT$

ধাপ ২ : আবার যেহেতু $SP \parallel RT$

$\therefore$ $\frac{QS}{SR} = \frac{QP}{PT}$ [ধাপ (২) হতে]

কিন্তু $PT = PR$

$\therefore$ $\frac{QS}{SR} = \frac{PQ}{PR}$

অর্থাৎ, $QS : SR = PQ : PR$. (প্রমাণিত)

গ মনে করি, Δ PQR এর $\angle P$ এর সমদ্বিখণ্ডক PS, QR কে S বিন্দুতে ছেদ করে। QR এর সমান্তরাল MN রেখাংশ PQ ও PR রেখাংশকে যথাক্রমে M ও N বিন্দুতে ছেদ করে। প্রমাণ করতে হবে যে, $QS : SR = QM : RN$.



www.abswer.com

www.abswer.com

প্রমাণ :

ধাপ ১ : Δ PQR-এ ∠P এর সমদ্বিখণ্ডক PS, QR কে S বিন্দুতে ছেদ করে।

∴ QS : SR = PQ : PR [খ হতে প্রাপ্ত]

বা, $\frac{QS}{SR}=\frac{PQ}{PR}$

ধাপ ২ : QR ‖ MN হওয়ায়, $\frac{PM}{QM}=\frac{PN}{RN}$

[∵ ত্রিভুজের যেকোনো বাহুর সমান্তরাল রেখাংশ অপর দুই বাহুকে সমান অনুপাতে বিভক্ত করে।]

বা, $\frac{PM+QM}{QM}=\frac{PN+RN}{RN}$ [যোজন করে]

বা, $\frac{PQ}{QM}=\frac{PR}{RN}$

বা, $\frac{PQ}{PR}=\frac{QM}{RN}$

ধাপ ৩ : $\frac{QS}{SR}=\frac{QM}{RN}$ [ধাপ (১) ও (২) হতে]

∴ QS : SR = MQ : NR. (প্রমাণিত)

প্রশ্ন ৪ ▶ ঢাকা বোর্ড ২০১৫

চিত্রে, AB = 6 cm, AC = 4 cm, CD = 2 cm এবং O, AD-এর উপর যেকোনো বিন্দু।



ক. Δ ABD ও Δ ACD সদৃশকোণী কি-না যুক্তিসহ লিখ। ২

খ. BD এর দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

গ. দেখাও যে, Δ AOB : Δ AOC = 3 : 2. ৪

৪নং প্রশ্নের সমাধান

ক এখানে, AB = 6 cm, AC = 4 cm.

Δ ABD ও Δ ACD-এ,

$\frac{AB}{AC}=\frac{6\text{ cm}}{4\text{ cm}}=\frac{3}{2}$, $\frac{AD}{AD}=1$

∴ $\frac{AB}{AC}\neq\frac{AD}{AD}$

∴ Δ ABD ও Δ ACD সদৃশকোণী নয়।



খ এখানে, Δ ABC-এর AB = 6 cm, AC = 4 cm, CD = 2 cm, AD রেখাংশ Δ ABC এর অন্তঃস্থ ∠A কে সমদ্বিখণ্ডিত করে BC বাহুকে D বিন্দুতে ছেদ করেছে এবং O, AD এর উপর যেকোনো বিন্দু।



DA রেখাংশের সমান্তরাল করে C বিন্দু দিয়ে CE রেখাংশ অঙ্কন করি, যেন তা বর্ধিত BA বাহুকে E বিন্দুতে ছেদ করে।

যেহেতু DA ‖ CE এবং AC তাদের ছেদক

সেহেতু ∠AEC = ∠BAD [অনুরূপ কোণ]

এবং ∠ACE = ∠CAD [একান্তর কোণ]

কিন্তু ∠BAD = ∠CAD [স্বীকার]

∴ ∠AEC = ∠ACE; ∴ AC = AE

আবার, যেহেতু DA ‖ CE,

∴ $\frac{BD}{DC}=\frac{AB}{AE}$

কিন্তু AE = AC

∴ $\frac{BD}{DC}=\frac{AB}{AC}$

বা, $\frac{BD}{2\text{ cm}}=\frac{6\text{ cm}}{4\text{ cm}}$ [∵ AB = 6 cm, AC = 4 cm এবং CD = 2 cm]

বা, BD = $\frac{12}{4}$ cm

বা, BD = 3 cm

∴ BD এর দৈর্ঘ্য 3 cm.

গ এখানে, Δ ABC এর AB = 6 cm, AC = 4 cm, BD = 3 cm (খ-হতে প্রাপ্ত) এবং O, AD এর উপর যেকোনো বিন্দু।



দেখাতে হবে যে,

Δ AOB : Δ AOC = 3 : 2.

অঙ্কন : A এবং O হতে BC-এর উপর যথাক্রমে AP ও OQ লম্ব টানি।

প্রমাণ :

ধাপ ১ : Δ ABD ও Δ ACD এর উচ্চতা AP।

∴ Δ ABD-এর ক্ষেত্রফল = $\frac{1}{2}$. BD. AP

[ত্রিভুজের ক্ষেত্রফল = $\frac{1}{2}$ × ভূমি × উচ্চতা]

এবং Δ ACD-এর ক্ষেত্রফল = $\frac{1}{2}$. CD. AP

[ত্রিভুজের ক্ষেত্রফল = $\frac{1}{2}$ × ভূমি × উচ্চতা]

ধাপ ২ : আবার, Δ BOD ও Δ COD-এর উচ্চতা OQ

∴ Δ BOD-এর ক্ষেত্রফল = $\frac{1}{2}$. BD. OQ

[ত্রিভুজের ক্ষেত্রফল = $\frac{1}{2}$ × ভূমি × উচ্চতা]

এবং Δ COD-এর ক্ষেত্রফল = $\frac{1}{2}$. CD. OQ

[ত্রিভুজের ক্ষেত্রফল = $\frac{1}{2}$ × ভূমি × উচ্চতা]

ধাপ ৩ : $\frac{\Delta AOB}{\Delta AOC}=\frac{\Delta ABD-\Delta BOD}{\Delta ACD-\Delta COD}$

[Δ ABD = Δ BOD + Δ AOB এবং Δ ACD = Δ COD + Δ AOC]

বা, $\frac{\Delta AOB}{\Delta AOC}=\frac{\frac{1}{2}.BD.AP-\frac{1}{2}.BD.OQ}{\frac{1}{2}.CD.AP-\frac{1}{2}.CD.OQ}$

$=\frac{\frac{1}{2}BD\,(AP-OQ)}{\frac{1}{2}CD\,(AP-OQ)}$ [ধাপ (১) ও (২) হতে]

$=\frac{BD}{CD}$

$=\frac{3\text{ cm}}{2\text{ cm}}$

$=\frac{3}{2}$ [∵ BD = 3 cm এবং CD = 2 cm]

∴ Δ AOB : Δ AOC = 3 : 2. (দেখানো হলো)

www.abswer.com

www.abswer.com

শীর্ষস্থানীয় স্কুলসমূহের টেস্ট পরীক্ষার সৃজনশীল প্রশ্ন ও সমাধান | মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক নির্বাচিত

প্রশ্ন ৫ ▸ রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

চিত্রে Δ ABC এর AP, BQ এবং CR মধ্যমাত্রয় পরস্পরকে O বিন্দুতে ছেদ করেছে এবং OM ∥ PQ.



ক. Δ XYZ এ ∠Y = 90° এবং YT ⊥ XZ. প্রমাণ কর যে, Δ XYZ এবং Δ XYT সদৃশ। ২

খ. প্রমাণ কর যে, AB + AC > 2AP. ৪

গ. প্রমাণ কর যে, AC = 6MQ. ৪

৫নং প্রশ্নের সমাধান

সৃজনশীল প্রশ্ন ২নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ৬ ▸ ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা

ABC ও DEF দুইটি সদৃশকোণী ত্রিভুজ।

ক. দুইটি বহুভুজ সদৃশ হওয়ার শর্ত কী কী? ২

খ. প্রমাণ কর যে, $\Delta ABC : \Delta DEF = AB^2 : DE^2 = AC^2 : DF^2 = BC^2 : EF^2$. ৪

গ. দ্বিতীয় ত্রিভুজের দুইটি মধ্যমা DG এবং EH পরস্পর M বিন্দুতে ছেদ করেছে। MN ∥ GH আঁকা হলো যা DF কে N বিন্দুতে ছেদ করে। প্রমাণ কর যে, DF = 6HN. ৪

৬নং প্রশ্নের সমাধান

ক দুইটি বহুভুজ সদৃশ হওয়ার শর্ত :

(i) অনুরূপ কোণগুলো সমান হবে।

(ii) অনুরূপ বাহুগুলোর অনুপাতগুলো সমান হবে।

খ



মনে করি, ABC ও DEF ত্রিভুজদ্বয় সদৃশ এবং তাদের দুটি অনুরূপ বাহু BC ও EF.

প্রমাণ করতে হবে $\Delta ABC : \Delta DEF = AB^2 : DE^2 = AC^2 : DF^2 = BC^2 : EF^2$.

অঙ্কন : BC এবং EF এর উপর যথাক্রমে AM এবং DN লম্ব আঁকি।

প্রমাণ :

ধাপ ১ : $\Delta ABC = \frac{1}{2} BC \times AM$ [∵ ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ ভূমি × উচ্চতা]

এবং $\Delta DEF = \frac{1}{2} EF \times DN$ [∵ ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ ভূমি × উচ্চতা]

$$\therefore \frac{\Delta ABC}{\Delta DEF} = \frac{\frac{1}{2} BC \times AM}{\frac{1}{2} EF \times DN} = \frac{BC}{EF} \times \frac{AM}{DN}$$

ধাপ ২: ABM এবং DEN ত্রিভুজদ্বয়ে ∠B = ∠E [∵ Δ ABC ও Δ DEF সদৃশ]

∠AMB = ∠DNE [প্রত্যেকেই এক সমকোণ]

Δ ABM ও Δ DEN সদৃশকোণী, তাই সদৃশ।

ধাপ ৩ : $\frac{AM}{DN} = \frac{AB}{DE} = \frac{BC}{EF}$ [∵ Δ ABC ও Δ DEF সদৃশ]

$$\therefore \frac{\Delta ABC}{\Delta DEF} = \frac{BC}{EF} \times \frac{BC}{EF} = \frac{BC^2}{EF^2}$$

ধাপ ৪ : $\frac{AB}{DE} = \frac{AC}{DF} = \frac{BC}{EF}$ [Δ ABC ও Δ DEF ত্রিভুজদ্বয় সদৃশ]

বা, $\frac{AB^2}{DE^2} = \frac{AC^2}{DF^2} = \frac{BC^2}{EF^2}$

অতএব, $\frac{\Delta ABC}{\Delta DEF} = \frac{AB^2}{DE^2} = \frac{AC^2}{DF^2} = \frac{BC^2}{EF^2}$. [ধাপ (৩) থেকে]

∴ $\Delta ABC : \Delta DEF = AB^2 : DE^2 = AC^2 : DF^2 = BC^2 : EF^2$. (প্রমাণিত)

গ মনে করি, Δ DEF এ DG ও EH মধ্যমাদ্বয় পরস্পর M বিন্দুতে ছেদ করেছে। M বিন্দু দিয়ে MN ∥ GH আঁকি যা DF কে N বিন্দুতে ছেদ করে। প্রমাণ করতে হবে যে, DF = 6 HN.



প্রমাণ : ধাপ ১ : Δ DGH-এ MN ∥ GH

∴ $\frac{DM}{MG} = \frac{DN}{HN}$

বা, $\frac{2MG}{MG} = \frac{DN}{HN}$ [∵ মধ্যমাদ্বয় এদের ছেদ বিন্দুতে 2 : 1 অনুপাতে অন্তর্বিভক্ত হয়।]

বা, $2 = \frac{DN}{HN}$

∴ DN = 2HN

ধাপ ২ : এখানে, DH = DN + HN = 2HN + HN [ধাপ (১) হতে]
= 3 HN.

ধাপ ৩ : আবার, DF = DH + HF
= DH + DH [∵ H, DF এর মধ্যবিন্দু]
= 2DH = 2 × 3 HN [ধাপ (২) হতে] = 6HN

∴ DF = 6HN. (প্রমাণিত)

প্রশ্ন ৭ ▸ সরকারি পি. এন. বালিকা উচ্চ বিদ্যালয়, রাজশাহী

চিত্রে MA, ∠LMN এর সমদ্বিখণ্ডক এবং মধ্যমা। B, MN এর মধ্যবিন্দু এবং GC ∥ AB.



ক. দেখাও যে, Δ MLA ≅ Δ MNA; যখন MA ⊥ LN. ২

খ. প্রমাণ কর যে, LA : AN = LM : MN. ৪

গ. প্রমাণ কর যে, MN = 6BC. ৪

৭নং প্রশ্নের সমাধান

ক Δ LMN এ MA, ∠LMN এর সমদ্বিখণ্ডক এবং MA ⊥ LN.



এখন, Δ MLA ও Δ MNA সমকোণী ত্রিভুজদ্বয়ের

∠LMA = ∠NMA [∵ MA, ∠LMN এর সমদ্বিখণ্ডক]

∠MAL = ∠MAN

এবং MA = MA [সাধারণ বাহু]

∴ Δ MLA ≅ Δ MNA. (দেখানো হলো)

www.abswer.com

www.abswer.com

খ মনে করি, MA রেখাংশ Δ MLN এর অন্তঃস্থ ∠LMN কে সমদ্বিখণ্ডিত করে LN বাহুকে A বিন্দুতে ছেদ করে। প্রমাণ করতে হবে যে, LA : AN = LM : MN.



অঙ্কন : MA রেখাংশের সমান্তরাল করে N বিন্দু দিয়ে NE রেখাংশ অঙ্কন করি যেন তা বর্ধিত LM কে E বিন্দুতে ছেদ করে।

প্রমাণ :

ধাপ ১ : এখানে, MA ∥ NE এবং MN তাদের ছেদক [অঙ্কনানুসারে]

∴ ∠MEN = ∠LMA [অনুরূপ কোণ]

এবং ∠MNE = ∠NMA [একান্তর কোণ]

ধাপ ২ : কিন্তু ∠LMA = ∠NMA

∴ ∠MEN = ∠MNE [স্বীকার]

∴ MN = ME

ধাপ ৩ : আবার যেহেতু AM ∥ NE

∴ $\frac{LA}{NA} = \frac{LM}{ME}$

কিন্তু ME = MN

∴ $\frac{LA}{AN} = \frac{LM}{MN}$ [ধাপ (২) হতে]

সুতরাং LA : AN = LM : MN. (প্রমাণিত)

গ দেওয়া আছে, Δ LMN এ MA, ∠LMN এর সমদ্বিখণ্ডক এবং GC ∥ AB। প্রমাণ করতে হবে যে, MN = 6BC.



প্রমাণ :

ধাপ-১ : Δ MAB-এ GC ∥ AB

∴ $\frac{MG}{GA} = \frac{MC}{BC}$ [∵ মধ্যমাদ্বয় এদের ছেদবিন্দুতে 2 : 1 অনুপাতে বিভক্ত হয়। ∴ MG : GA = 2 : 1]

বা, $\frac{2GA}{GA} = \frac{MC}{BC}$

বা, $\frac{MC}{BC} = 2$

বা, MC = 2BC.

ধাপ-২ : এখানে MB = MC + CB = 2BC + BC = 3BC

ধাপ-৩ : আবার, MN = 2MB [∵ MN রেখা B বিন্দুতে LB দ্বারা সমদ্বিখণ্ডিত হয়।]

বা, MN = 2·3BC

∴ MN = 6BC. (প্রমাণিত)

প্রশ্ন ৮ ▶ চট্টগ্রাম কলেজিয়েট স্কুল, চট্টগ্রাম

চিত্রে, AB = 6 সে.মি., AC = 4 সে.মি., CD = 2 সে.মি. এবং O, AD এর মধ্যবিন্দু। AD রেখা ΔABC এর অন্তঃস্থ ∠A কে সমদ্বিখণ্ডিত করে।



ক. ΔABD এবং ΔACD সদৃশকোণী কি-না যুক্তিসহ লিখ। ২

খ. BD এর দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

গ. দেখাও যে, ΔAOB : ΔAOC = 3 : 2. ৪

৮নং প্রশ্নের সমাধান

ক এখানে, AB = 6 সে.মি., AC = 4 সে.মি.।

Δ ABD ও Δ ACD-এ,

$\frac{AB}{AC} = \frac{6 \text{ সে.মি.}}{4 \text{ সে.মি.}} = \frac{3}{2}$, $\frac{AD}{AD} = 1$

∴ $\frac{AB}{AC} \neq \frac{AD}{AD}$

∴ Δ ABD ও Δ ACD সদৃশকোণী নয়।



খ এখানে, Δ ABC-এর AB = 6 সে.মি., AC = 4 সে.মি., CD = 2 সে.মি., AD রেখাংশ Δ ABC এর অন্তঃস্থ ∠A কে সমদ্বিখণ্ডিত করে BC বাহুকে D বিন্দুতে ছেদ করেছে এবং O, AD এর মধ্যবিন্দু।



DA রেখাংশের সমান্তরাল করে C বিন্দু দিয়ে CE রেখাংশ অঙ্কন করি, যেন তা বর্ধিত BA বাহুকে E বিন্দুতে ছেদ করে।

যেহেতু DA ∥ CE এবং AC তাদের ছেদক

সেহেতু ∠AEC = ∠BAD [অনুরূপ কোণ]

এবং ∠ACE = ∠CAD [একান্তর কোণ]

কিন্তু ∠BAD = ∠CAD [স্বীকার]

∴ ∠AEC = ∠ACE; ∴ AC = AE

আবার, যেহেতু DA ∥ CE,

∴ $\frac{BD}{DC} = \frac{AB}{AE}$

কিন্তু AE = AC

∴ $\frac{BD}{DC} = \frac{AB}{AC}$

বা, $\frac{BD}{2 \text{ সে.মি.}} = \frac{6 \text{ সে.মি.}}{4 \text{ সে.মি.}}$

[∵ AB = 6 সে.মি., AC = 4 সে.মি. এবং CD = 2 সে.মি.]

বা, BD = $\frac{12}{4}$ সে.মি.

বা, BD = 3 সে.মি.

∴ BD এর দৈর্ঘ্য 3 সে.মি.।

গ এখানে, Δ ABC এর AB = 6 সে.মি., AC = 4 সে.মি., BD = 3 সে.মি. (খ-হতে প্রাপ্ত) এবং O, AD এর মধ্যবিন্দু। দেখতে হবে যে, Δ AOB : Δ AOC = 3 : 2.



অঙ্কন : A এবং O হতে BC-এর উপর যথাক্রমে AP ও OQ লম্ব টানি।

প্রমাণ :

ধাপ ১ : Δ ABD ও Δ ACD এর উচ্চতা AP।

∴ Δ ABD-এর ক্ষেত্রফল = $\frac{1}{2}$. BD. AP

[ত্রিভুজের ক্ষেত্রফল = $\frac{1}{2}$ × ভূমি × উচ্চতা]

এবং Δ ACD-এর ক্ষেত্রফল = $\frac{1}{2}$. CD. AP

[ত্রিভুজের ক্ষেত্রফল = $\frac{1}{2}$ × ভূমি × উচ্চতা]

www.abswer.com

www.abswer.com

ধাপ ২ : আবার, Δ BOD ও Δ COD-এর উচ্চতা OQ

∴ Δ BOD-এর ক্ষেত্রফল $= \frac{1}{2}$. BD. OQ

[ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ ভূমি $\times$ উচ্চতা]

এবং Δ COD-এর ক্ষেত্রফল $= \frac{1}{2}$. CD. OQ

[ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ ভূমি $\times$ উচ্চতা]

ধাপ ৩ : $\frac{\Delta AOB}{\Delta AOC} = \frac{\Delta ABD - \Delta BOD}{\Delta ACD - \Delta COD}$

[Δ ABD = Δ BOD + Δ AOB এবং Δ ACD = Δ COD + Δ AOC]

বা, $\frac{\Delta AOB}{\Delta AOC} = \frac{\frac{1}{2}.BD.AP - \frac{1}{2}.BD.OQ}{\frac{1}{2}.CD.AP - \frac{1}{2}.CD.OQ}$

$= \frac{\frac{1}{2}BD(AP - OQ)}{\frac{1}{2}CD(AP - OQ)}$ [ধাপ (১) ও (২) হতে]

$= \frac{BD}{CD} = \frac{3 \text{ সে.মি.}}{2 \text{ সে.মি.}} = \frac{3}{2}$

[∵ BD = 3 সে.মি. এবং CD = 2 সে.মি.]

∴ Δ AOB : Δ AOC = 3 : 2. (দেখানো হলো)

মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত সৃজনশীল প্রশ্ন ও সমাধান — শিখনফলের ধারায় প্রণীত

শিখনফল ৩ : অনুপাত সম্পর্কিত উপপাদ্যগুলো যাচাই ও প্রমাণ করতে পারব।

প্রশ্ন ৯ ▸ পাঠ্যবইয়ের শিখনফল ৩-এর আলোকে প্রণীত

ABC ত্রিভুজের ভূমি BC সংলগ্ন কোণদ্বয়ের সমদ্বিখণ্ডকদ্বয় বিপরীত বাহু দুইটিকে X ও Y বিন্দুতে ছেদ করে।

ক. তথ্য অনুযায়ী চিত্র অঙ্কন কর। ২

খ. XY, ভূমি BC এর সমান্তরাল হলে, প্রমাণ কর যে, ত্রিভুজটি সমদ্বিবাহু। ৪

গ. X ও Y যথাক্রমে বিপরীত বাহুদ্বয়ের মধ্যবিন্দু হলে, প্রমাণ কর যে, XY ∥ BC এবং XY $= \frac{1}{2}$BC. ৪

[পাঠ্যবইয়ের অনুশীলনী ১৪.১ এর ১ নং এর আলোকে]

৯নং প্রশ্নের সমাধান

ক চিত্রে ABC ত্রিভুজের ভূমি BC সংলগ্ন ∠ACB ও ∠ABC এর সমদ্বিখণ্ডকদ্বয় CX ও BY যথাক্রমে AB ও AC বাহুকে X ও Y বিন্দুতে ছেদ করে।



খ মনে করি, ABC ত্রিভুজের ∠ACB ও ∠ABC এর সমদ্বিখণ্ডকদ্বয় CX ও BY। XY, BC-এর সমান্তরাল। প্রমাণ করতে হবে যে, ABC ত্রিভুজটি সমদ্বিবাহু।



প্রমাণ :

ধাপ ১ : Δ ABC এ XY, ভূমি BC-এর সমান্তরাল রেখা হওয়ায়,

AX : XB = AY : YC

বা, $\frac{AX}{XB} = \frac{AY}{YC}$ [∵ ত্রিভুজের যেকোনো বাহুর সমান্তরাল সরলরেখা ঐ ত্রিভুজের অপর বাহুদ্বয়কে বা তাদের বর্ধিতাংশদ্বয়কে সমান অনুপাতে বিভক্ত করে।]

বা, $\frac{AX + XB}{XB} = \frac{AY + YC}{YC}$ [যোজন করে]

বা, $\frac{AB}{XB} = \frac{AC}{YC}$

ধাপ ২ : এখানে, ∠CBY = ∠XBY [BY, ∠CBX-এর সমদ্বিখণ্ডক]

এবং ∠XYB = ∠CBY [একান্তর কোণ]

∴ ∠XYB = ∠XBY

Δ XYB এ, ∠XYB = ∠XBY

∴ BX = XY

ধাপ ৩ : অনুরূপভাবে, ΔCXY-এ,

∠CXY = ∠XCY

∴ YC = XY

ধাপ ৪ : BX = YC [ধাপ (১) ও (৩) হতে]

∴ AB = AC

অতএব, ABC ত্রিভুজটি সমদ্বিবাহু। (প্রমাণিত)

গ মনে করি, Δ ABC এর AB এবং AC এর মধ্যবিন্দু যথাক্রমে X ও Y।

প্রমাণ করতে হবে যে, XY ∥ BC এবং XY $= \frac{1}{2}$BC.



অঙ্কন : XY কে F পর্যন্ত এমনভাবে বর্ধিত করি যেন YF = XY হয়। C, F যোগ করি।

প্রমাণ : ধাপ ১ : Δ AXY ও Δ CYF এর মধ্যে

AY = YC [AC এর মধ্যবিন্দু Y]

XY = YF [অঙ্কনানুসারে]

∠AYX = ∠CYF [বিপ্রতীপ কোণ]

Δ AXY ≅ Δ CYF [বাহু-কোণ-বাহু উপপাদ্য]

∴ ∠AXY = ∠YFC

এবং ∠XAY = ∠YCF [একান্তর কোণ]

∴ AX ∥ CF

বা, AB ∥ CF

আবার, BX = AX = CF এবং BX ∥ CF

সুতরাং BXFC একটি সামান্তরিক

∴ XF ∥ BC বা XY ∥ BC

ধাপ ২ : আবার, XF = BC

বা, XY + YF = BC

বা, XY + XY = BC [ধাপ (১) থেকে]

বা, 2XY = BC

∴ XY $= \frac{1}{2}$BC

সুতরাং XY ∥ BC এবং XY $= \frac{1}{2}$BC. (প্রমাণিত)

www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ১০ ▶ পাঠ্যবইয়ের শিখনফল ৩-এর আলোকে প্রণীত

ABCD ট্রাপিজিয়ামের AB ও CD বাহুদ্বয় সমান্তরাল এবং এর AC ও BD কর্ণদ্বয় পরস্পর O বিন্দুতে ছেদ করে।

ক. বর্ণনা অনুযায়ী চিত্র অঙ্কন কর। ২

খ. ABCD ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

গ. প্রমাণ কর যে, AC ও BD কর্ণদ্বয় এদের ছেদবিন্দু O তে একই অনুপাতে বিভক্ত করে। ৪

[পাঠ্যবইয়ের অনুশীলনী ১৪.১ এর ৩ নং এর আলোকে]

১০নং প্রশ্নের সমাধান

ক চিত্রে ABCD ট্রাপিজিয়ামের AB ও CD বাহুদ্বয় সমান্তরাল এবং এর AC ও BD কর্ণদ্বয় পরস্পর O বিন্দুতে ছেদ করেছে।



খ মনে করি, ABCD একটি ট্রাপিজিয়াম। এর AB ও CD বাহু দুইটি সমান্তরাল। ট্রাপিজিয়ামক্ষেত্র ABCD এর ক্ষেত্রফল নির্ণয় করতে হবে।



অঙ্কন : A বিন্দু হতে CD এর উপর (বর্ধিতাংশের উপর) ও C বিন্দু হতে AB এর উপর যথাক্রমে AL ও CM লম্ব টানি। A ও C যোগ করি।

প্রমাণ :

[ধাপ ১ : ট্রাপিজিয়ামক্ষেত্র ABCD এর ক্ষেত্রফল = Δ ক্ষেত্র ABC এর ক্ষেত্রফল + Δ ক্ষেত্র ACD এর ক্ষেত্রফল।

ট্রাপিজিয়ামের কর্ণ ট্রাপিজিয়ামকে দুইটি ত্রিভুজক্ষেত্রে বিভক্ত করে]

ধাপ ২ : Δ ক্ষেত্র ABC এর ক্ষেত্রফল $= \frac{1}{2} \times AB \times CM$

[ত্রিভুজক্ষেত্রের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ ভূমি $\times$ উচ্চতা]

ধাপ ৩ : Δ ক্ষেত্র ACD এর ক্ষেত্রফল $= \frac{1}{2} \times CD \times AL$

[ত্রিভুজক্ষেত্রের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ ভূমি $\times$ উচ্চতা]

ধাপ ৪: ট্রাপিজিয়ামক্ষেত্র ABCD এর ক্ষেত্রফল

$= \frac{1}{2} \times AB \times CM + \frac{1}{2} \times CD \times AL$ [ধাপ (১), (২) ও (৩) হতে]

$= \frac{1}{2} \times AB \times CM + \frac{1}{2} \times CD \times CM$ [ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহুদ্বয়ের দূরত্ব সমান]

$= \frac{1}{2} \times CM(AB + CD)$

$= \frac{1}{2} \times (AB + CD) \times CM$

$= \frac{1}{2} \times$ সমান্তরাল বাহুদ্বয়ের সমষ্টি $\times$ উচ্চতা

এটিই ট্রাপিজিয়ামক্ষেত্র ABCD এর ক্ষেত্রফল।

গ মনে করি, ABCD ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহুদ্বয় AB ও CD এবং এর কর্ণদ্বয় AC ও BD পরস্পর O বিন্দুতে ছেদ করেছে।



প্রমাণ করতে হবে যে, AO : OC = BO : OD.

প্রমাণ :

ধাপ ১ : ABCD ট্রাপিজিয়ামে AB ∥ CD এবং AC এদের ছেদক

∴ ∠CAB = ∠ACD [একান্তর কোণ]

বা, ∠OAB = ∠OCD

ধাপ ২ : আবার, ABCD ট্রাপিজিয়ামে AB ∥ CD এবং BD এদের ছেদক

∴ ∠DBA = ∠BDC [একান্তর কোণ]

বা, ∠OBA = ∠ODC

ধাপ ৩ : Δ AOB এবং Δ COD-এ

∠OAB = ∠OCD [ধাপ ১ হতে]

∠OBA = ∠ODC [ধাপ ২ হতে]

এবং ∠AOB = ∠COD [বিপ্রতীপ কোণ]

অতএব, Δ AOB এবং Δ COD সদৃশকোণী ত্রিভুজ।

অর্থাৎ $\frac{AO}{BO} = \frac{OC}{OD}$ [∵ দুইটি ত্রিভুজ সদৃশকোণী হলে এদের অনুরূপ বাহুগুলো সমানুপাতিক]

বা, $\frac{AO}{OC} = \frac{BO}{OD}$

∴ AO : OC = BO : OD. (প্রমাণিত)

অধিক অনুশীলনের জন্য আরও সৃজনশীল প্রশ্ন ও উত্তর — প্রশ্নব্যাংক আকারে উপস্থাপিত

১১। ABC ত্রিভুজের AD ও BE মধ্যমদ্বয় পরস্পর G বিন্দুতে ছেদ করেছে। G বিন্দুর মধ্য দিয়ে অঙ্কিত DE এর সমান্তরাল রেখাংশ AC কে F বিন্দুতে ছেদ করে।

ক. উপরের তথ্যানুসারে চিত্র অঙ্কন কর। ২

খ. প্রমাণ কর যে, AC = 6 EF. ৪

গ. প্রমাণ কর যে, $\frac{AB}{AD} = \frac{AC}{AE}$ এবং $\frac{AB}{BD} = \frac{AC}{CE}$. ৪

১২। Δ PQR এর PA এবং QB মধ্যমাদ্বয় পরস্পর G বিন্দুতে ছেদ করেছে। G বিন্দুর মধ্য দিয়ে অঙ্কিত AB এর সমান্তরাল রেখাংশ PR কে C বিন্দুতে ছেদ করেছে।

ক. 7 সে.মি. দৈর্ঘ্যের একটি রেখাংশ DE কে 2 : 3 অনুপাতে অন্তর্বিভক্ত কর। ২

খ. প্রমাণ কর যে, $PA < \frac{1}{2}(PQ + PR)$. ৪

গ. দেখাও যে, BC : PR = 1 : 6. ৪

১৩। Δ DEF-এর DM একটি মধ্যমা।

ক. রেখা প্রতিসমতা নেই এমন দুটি চিত্র অঙ্কন কর। ২

খ. প্রমাণ কর যে, $DE^2 + DF^2 = 2(DM^2 + EM^2)$. ৪

গ. যদি DM, ∠EDF-এর অন্তর্দ্বিখণ্ডক হয়, তবে প্রমাণ কর যে, EM : MF = ED : DF. ৪

১৪। Δ ABC ও Δ DEF সদৃশকোণী যার ∠A = ∠D, ∠B = ∠E এবং ∠C = ∠F.

ক. সদৃশকোণী বহুভুজ ও সদৃশ বহুভুজ বলতে কী বোঝায়? ২

খ. উদ্দীপকের আলোকে প্রমাণ কর যে, $\frac{AB}{DE} = \frac{AC}{DF} = \frac{BC}{EF}$. ৪

গ. Δ ABC এর BC বাহুর উপর যেকোনো বিন্দু P এবং AP রেখার উপর যেকোনো বিন্দু O হলে প্রমাণ কর যে, Δ ক্ষেত্র AOB : Δ ক্ষেত্র AOC = BP : PC. ৪

www.abswer.com

www.abswer.com

অধ্যায় ১৪

অনুশীলনী ১৪.২
সদৃশতা

সাধারণ জ্যামিতিক অংশ

পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

প্রিয় শিক্ষার্থী, পাঠ্যবইয়ে এ অধ্যায়ে অনুশীলনীতে বিভিন্ন ধরনের জ্যামিতিক প্রশ্ন দেওয়া আছে। প্রতিটি প্রশ্নের যথাযথ ও নির্ভুল সমাধান এ অংশে সংযোজন করা হলো। এসব প্রশ্ন ও সমাধানের অনুশীলন তোমাদের সৃজনশীল ও বহুনির্বাচনি প্রশ্নোত্তরের ধারণা সমৃদ্ধকরণে সহায়তা করবে।

পাঠ্যবইয়ের অনুশীলনীর বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

১। Δ ABC এ BC এর সমান্তরাল DE রেখা AB ও AC কে যথাক্রমে D ও E বিন্দুতে ছেদ করলে–

i. Δ ABC ও Δ ADE পরস্পর সদৃশ

ii. $\frac{AD}{BD} = \frac{CE}{AE}$

iii. $\frac{\Delta ABC}{\Delta ADE} = \frac{BC^2}{DE^2}$

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii



উপরের চিত্রের তথ্যানুসারে (২ ও ৩) নং প্রশ্নের উত্তর দাও :

২। Δ ABC এর উচ্চতা ও ভূমির অনুপাত কত?

ⓚ $\frac{1}{2}$ ⓛ $\frac{4}{5}$ ⓖ $\frac{2}{5}$ ⓘ $\frac{5}{4}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : Δ ABC এর উচ্চতা ও ভূমির অনুপাত $= \frac{AD}{BC} = \frac{4}{10} = \frac{2}{5}$.

৩। Δ ABD এর ক্ষেত্রফল কত বর্গ একক?

ⓚ 6 ⓛ 20 ⓖ 40 ⓘ 50

▸▸ তথ্য/ব্যাখ্যা : $BD = \sqrt{AB^2 - AD^2} = \sqrt{5^2 - 4^2} = \sqrt{25 - 16} = \sqrt{9} = 3$.

Δ ABD এর ক্ষেত্রফল $= \frac{1}{2} \times BD \times AD = \frac{1}{2} \times 3 \times 4 = 6$ বর্গ একক।

৪। Δ ABC-এ PQ ∥ BC হলে নিচের কোনটি সঠিক?



ⓚ AP : PB = AQ : QC ⓛ AB : PQ = AC : PQ

ⓖ AB : AC = PQ : BC ⓘ PQ : BC = BP : BQ

▸▸ তথ্য/ব্যাখ্যা : কোনো ত্রিভুজের যেকোনো বাহুর সমান্তরাল সরলরেখা ঐ ত্রিভুজের অপর বাহুদ্বয়কে সমান অনুপাতে বিভক্ত করে।

উত্তরের শুদ্ধতা/ নির্ভুলতা যাচাই করো

১	ⓛ	২	ⓖ	৩	ⓚ	৪	ⓚ

পাঠ্যবইয়ের অনুশীলনীর জ্যামিতিক প্রশ্নের সমাধান

প্রশ্ন ৫ ▸ প্রমাণ কর যে, দুইটি ত্রিভুজের প্রত্যেকটি যদি তৃতীয় একটি ত্রিভুজের সদৃশ হয়, তবে তারা পরস্পর সদৃশ।

সমাধান : বিশেষ নির্বচন : মনে করি, Δ ABC ও Δ DEF প্রত্যেকে Δ PQR এর সদৃশ। প্রমাণ করতে হবে, Δ ABC ও Δ DEF পরস্পর সদৃশ।



প্রমাণ :

ধাপ ১ : Δ ABC ও Δ PQR সদৃশ।

∴ ∠A = ∠P, ∠B = ∠Q এবং ∠C = ∠R

[∵ সদৃশকোণী ত্রিভুজের ক্ষেত্রে কোণগুলো পরস্পর সমান।]

ধাপ ২ : Δ DEF ও Δ PQR সদৃশ,

∴ ∠D = ∠P, ∠E = ∠Q এবং ∠F = ∠R.

[∵ সদৃশকোণী ত্রিভুজের ক্ষেত্রে কোণগুলো পরস্পর সমান।]

ধাপ ৩ : সুতরাং ∠A = ∠D, ∠B = ∠E এবং ∠C = ∠F. [ধাপ-১ ও ধাপ-২ হতে]

Δ ABC ও Δ DEF-এর কোণ তিনটি সমান হওয়ায় এরা পরস্পর সদৃশকোণী এবং সদৃশ। (প্রমাণিত)

প্রশ্ন ৬ ▸ প্রমাণ কর যে, দুইটি সমকোণী ত্রিভুজের একটির একটি সূক্ষ্মকোণ অপরটির একটি সূক্ষ্মকোণের সমান হলে, ত্রিভুজ দুইটি সদৃশ হবে।

সমাধান : বিশেষ নির্বচন : মনে করি, Δ ABC ও Δ DEF-এ ∠C ও ∠F সমকোণ এবং ∠B = ∠E। প্রমাণ করতে হবে, ত্রিভুজদ্বয় সদৃশ।



প্রমাণ :

ধাপ ১ : Δ ABC ও Δ DEF-এ,

∠ABC = ∠DEF [কল্পনা]

∠ACB = ∠DFE [প্রত্যেকে এক সমকোণ]

ধাপ ২ : ∠A + ∠B + ∠C = ∠D + ∠E + ∠F

[ত্রিভুজের তিন কোণের সমষ্টি 180°]

বা, ∠A = ∠D

∴ ∠BAC = ∠EDF [ধাপ (১) থেকে]

অতএব, ত্রিভুজদ্বয় সদৃশকোণী ও সদৃশ। (প্রমাণিত)

প্রশ্ন ৭ ▸ প্রমাণ কর যে, সমকোণী ত্রিভুজের সমকৌণিক শীর্ষ থেকে অতিভুজের উপর লম্ব আঁকলে যে দুইটি সমকোণী ত্রিভুজ উৎপন্ন হয়, তারা পরস্পর সদৃশ এবং প্রত্যেকে মূল ত্রিভুজের সদৃশ।

সমাধান : বিশেষ নির্বচন : মনে করি, Δ ABC এর C সমকৌণিক শীর্ষ হতে অতিভুজ AB এর উপর CD লম্ব। প্রমাণ করতে হবে, Δ ACD ও Δ BCD পরস্পর সদৃশ এবং প্রত্যেকে Δ ABC এর সহিত সদৃশ।



প্রমাণ :

ধাপ ১ : Δ ACD ও Δ BCD-এ

∠CDA = ∠BDC [এক সমকোণ]

এখন, ∠ACD + ∠BCD = 90° [∵ C সমকৌণিক শীর্ষ]

এবং ∠ADC = ∠BCD + ∠CBD

[∵ BCD ত্রিভুজের বহিঃস্থ ∠ADC, অন্তঃস্থ ∠BCD]

বা, ∠BCD + ∠CBD = 90° [∵ ∠ADC = সমকোণ]

ধাপ ২ : ∠ACD + ∠BCD = ∠BCD + ∠CBD [ধাপ (১) হতে]

বা, ∠ACD = ∠CBD

∴ ∠CAD = ∠BCD

∴ Δ ACD ও Δ BCD সদৃশকোণী ও সদৃশ।

www.abswer.com

www.abswer.com

ধাপ ৩ : আরার, Δ ACD ও Δ ABC-এ

$\angle ADC = \angle ACB$ [প্রত্যেকের সমকোণ]

$\angle CAD = \angle CAB$ [ধাপ (২) থেকে]

$\therefore \angle ACD = \angle ABC$

তাহলে, Δ ACD ও Δ ABC সদৃশ।

ধাপ ৪ : অনুরূপভাবে, Δ CBD ও Δ ABC সদৃশ।

অর্থাৎ, Δ ACD ও Δ BCD পরস্পরের সদৃশ এবং প্রত্যেকে Δ ABC এর সহিত সদৃশ। (প্রমাণিত)

প্রশ্ন ৮ ▸ পাশের চিত্রে, $\angle B = \angle D$ এবং CD = 4AB.
প্রমাণ কর যে, BD = 5BL.



সমাধান :

বিশেষ নির্বচন : দেওয়া আছে, $\angle B = \angle D$ এবং CD = 4AB।

প্রমাণ করতে হবে, BD = 5BL.



প্রমাণ :

ধাপ ১ : Δ BAL ও Δ CDL-এ,

$\angle ALB = \angle CLD$ [বিপ্রতীপ কোণ]

$\angle ABL = \angle CDL$ [কল্পনা]

$\therefore \angle BAL = \angle LCD$

$\therefore$ Δ BAL ও Δ CDL সদৃশকোণী এবং সদৃশ।

ধাপ ২: অতএব, $\frac{AB}{CD} = \frac{BL}{DL}$

বা, $\frac{AB}{4AB} = \frac{BL}{DL}$ [$\because$ 4AB = CD]

বা, 4BL = DL.

ধাপ ৩ : এখানে, BD = BL + DL = BL + 4BL

সুতরাং BD = 5BL. (প্রমাণিত)

প্রশ্ন ৯ ▸ ABCD সামান্তরিকের A শীর্ষ দিয়ে অঙ্কিত একটি রেখাংশ BC বাহুকে M বিন্দুতে এবং DC বাহুর বর্ধিতাংশকে N বিন্দুতে ছেদ করে। প্রমাণ কর যে, BM × DN একটি ধ্রুবক।



সমাধান : বিশেষ নির্বচন : দেওয়া আছে, ABCD সামান্তরিকের A শীর্ষ দিয়ে অঙ্কিত AMN রেখা BC বাহুকে M বিন্দুতে এবং DC রেখার বর্ধিতাংশকে N বিন্দুতে ছেদ করে। প্রমাণ করতে হবে, BM × DN একটি ধ্রুবক।

প্রমাণ :

ধাপ ১ : Δ ABM ও Δ ADN-এ,

$\angle B = \angle D$ [সামান্তরিকের বিপরীত কোণ]

$\angle BAM = \angle DNA$

[$\because$ AB || DN এবং AN ছেদক তাই এদের একান্তর কোণ সমান]

$\therefore \angle AMB = \angle NAD$

$\therefore$ Δ ABM ও Δ ADN সদৃশকোণী এবং সদৃশ।

ধাপ ২ : তাহলে, $\frac{AB}{BM} = \frac{DN}{AD}$

বা, BM × DN = AB × AD

ABCD সামান্তরিকে AB ও AD দুইটি সন্নিহিত বাহু যাদের গুণফল নির্দিষ্ট।

$\therefore$ BM × DN = ধ্রুবক। (প্রমাণিত)

প্রশ্ন ১০ ▸ পাশের চিত্রে BD ⊥ AC এবং $DQ = BQ = 2AQ = \frac{1}{2}QC$.
প্রমাণ কর যে, DA ⊥ DC.



সমাধান : বিশেষ নির্বচন : দেওয়া আছে, BD ⊥ AC এবং $DQ = BQ = 2AQ = \frac{1}{2}QC$.

প্রমাণ করতে হবে, DA ⊥ DC.

প্রমাণ : ধাপ ১: এখানে,

$AC^2 = (AQ + QC)^2$ [$\because$ AC = AQ + QC]

$= AQ^2 + QC^2 + 2AQ.QC$

$= AQ^2 + QC^2 + 2\frac{1}{4} \cdot QC \cdot QC$ [$\because 2AQ = \frac{1}{2}QC$ বা, $AQ = \frac{1}{4}QC$]

$= AQ^2 + QC^2 + \frac{1}{2} \cdot QC^2$

ধাপ ২: আবার, $AD^2 + CD^2 = (AQ^2 + DQ^2) + (DQ^2 + QC^2)$

[$\because$ Δ ADQ ও Δ CDQ সমকোণী ত্রিভুজ]

$= AQ^2 + QC^2 + 2DQ^2$

$= AQ^2 + QC^2 + 2.\left(\frac{1}{2}QC\right)^2$ [$\because DQ = \frac{1}{2}QC$]

$= AQ^2 + QC^2 + \frac{1}{2} \cdot QC^2$

ধাপ ৩: এখন, Δ ACD-এ

$AC^2 = AD^2 + CD^2$ [ধাপ (১) ও (২) হতে]

সুতরাং $\angle D = 90°$ [$\because$ অতিভুজের বিপরীত কোণ।]

অর্থাৎ DA ⊥ DC. (প্রমাণিত)

প্রশ্ন ১১ ▸ Δ ABC ও ΔDEF এর $\angle A = \angle D$. প্রমাণ কর যে, Δ ABC : Δ DEF = AB. AC : DE.DF.



সমাধান : বিশেষ নির্বাচন : দেওয়া আছে, Δ ABC ও Δ DEF-এ $\angle A = \angle D$।

প্রমাণ করতে হবে যে, Δ ABC : Δ DEF = AB.AC : DE.DF.

অঙ্কন : B ও E হতে যথাক্রমে AC ও DF এর উপর BM ও EN লম্ব আঁকি।

প্রমাণ : ধাপ ১: Δ AMB ও Δ DNE-এ

$\angle A = \angle D$ এবং $\angle AMB = \angle DNE$

সুতরাং উহারা সদৃশ।

$\therefore \frac{AB}{DE} = \frac{BM}{EN}$

ধাপ ২ : এখন, $\Delta ABC = \frac{1}{2}AC.\,BM$

[$\because$ ত্রিভুজের ক্ষেত্রফল = $\frac{1}{2}$ × ভূমি × উচ্চতা]

এবং $\Delta DEF = \frac{1}{2}DF.\,EN$

ধাপ ৩ : $\frac{\Delta ABC}{\Delta DEF} = \frac{\frac{1}{2} \cdot AC \cdot BM}{\frac{1}{2} \cdot DF \cdot EN} = \frac{AC}{DF} \cdot \frac{AB}{DE}$ [$\because \frac{BM}{EN} = \frac{AB}{DE}$]

বা, $\frac{\Delta ABC}{\Delta DEF} = \frac{AB \cdot AC}{DE \cdot DF}$

সুতরাং Δ ABC : Δ DEF = AB. AC : DE. DF. (প্রমাণিত)

পাঠ্যবইয়ের অনুশীলনীর সৃজনশীল প্রশ্ন ও সমাধান

প্রশ্ন ১২ Δ ABC এর $\angle A$ এর সমদ্বিখণ্ডক AD, BC কে D বিন্দুতে ছেদ করেছে। DA এর সমান্তরাল CE রেখাংশ বর্ধিত BA বাহুকে E বিন্দুতে ছেদ করেছে।

ক. তথ্য অনুসারে চিত্রটি অঙ্কন কর। ২

খ. প্রমাণ কর যে, BD : DC = BA : AC ২

গ. BC এর সমান্তরাল কোনো রেখাংশ AB ও AC কে যথাক্রমে P ও Q বিন্দুতে ছেদ করলে, প্রমাণ কর যে, BD : DC = BP : CQ. ৪

www.abswer.com

www.abswer.com

১২নং প্রশ্নের সমাধান

ক



খ মনে করি, AD রেখাংশ Δ ABC এর অন্তঃস্থ ∠A কে সমদ্বিখণ্ডিত করে BC বাহুকে D বিন্দুতে ছেদ করে। প্রমাণ করতে হবে যে, BD : DC = BA : AC.



অঙ্কন : DA রেখাংশের সমান্তরাল করে C বিন্দু দিয়ে CE রেখাংশ অঙ্কন করি যেন তা বর্ধিত BA বাহুকে E বিন্দুতে ছেদ করে।

প্রমাণ : ধাপ ১ : যেহেতু DA ∥ CE এবং BE ও AC তাদের ছেদক [অঙ্কনানুসারে]

∴ ∠AEC = ∠BAD [অনুরূপ কোণ]

এবং ∠ACE = ∠CAD [একান্তর কোণ]

ধাপ ২ : কিন্তু ∠BAD = ∠CAD [স্বীকার]

∴ ∠AEC = ∠ACE ∴ AC = AE [ধাপ (২) হতে]

ধাপ ৩ : আবার যেহেতু DA ∥ CE

∴ $\frac{BD}{DC} = \frac{AB}{AE}$

কিন্তু AE = AC

∴ $\frac{BD}{DC} = \frac{BA}{AC}$ ∴ BD : DC = BA : AC. (প্রমাণিত)

গ এখানে, Δ ABC এর ∠A এর সমদ্বিখণ্ডক AD, BC কে D বিন্দুতে ছেদ করে। BC এর সমান্তরাল PQ রেখাংশ AB ও AC রেখাংশকে যথাক্রমে P ও Q বিন্দুতে ছেদ করে। প্রমাণ করতে হবে যে, BD : DC = BP : CQ.



প্রমাণ :

ধাপ ১ : ABC-এ ∠A এর সমদ্বিখণ্ডক AD, BC কে D বিন্দুতে ছেদ করে।

∴ BD : DC = AB : AC [খ হতে প্রাপ্ত]

বা, $\frac{BD}{DC} = \frac{AB}{AC}$

ধাপ ২ : BC ∥ PQ হওয়ায়, $\frac{AP}{BP} = \frac{AQ}{CQ}$ [∵ ত্রিভুজের যেকোনো বাহুর সমান্তরাল রেখাংশ অপর দুই বাহুকে সমান অনুপাতে বিভক্ত করে।]

বা, $\frac{AP+BP}{BP} = \frac{AQ+CQ}{CQ}$ [যোজন করে]

বা, $\frac{AB}{BP} = \frac{AC}{CQ}$ বা, $\frac{AB}{AC} = \frac{BP}{CQ}$

ধাপ ৩ : $\frac{BD}{DC} = \frac{BP}{CQ}$

সুতরাং BD : DC = BP : CQ. (প্রমাণিত)

প্রশ্ন ১৩ চিত্রে ABC এবং DEF দুইটি সদৃশ ত্রিভুজ।



ক. ত্রিভুজ দুইটির অনুরূপ বাহু ও অনুরূপ কোণগুলোর নাম লিখ। ২

খ. প্রমাণ কর যে, $\frac{\Delta ABC}{\Delta DEF} = \frac{AB^2}{DE^2} = \frac{AC^2}{DF^2} = \frac{BC^2}{EF^2}$ ৪

গ. যদি BC = ৩ সে.মি., EF = ৪ সে.মি., ∠B = 60°, $\frac{BC}{AB} = \frac{3}{2}$ এবং ΔABC এর ক্ষেত্রফল ৩ বর্গ সে.মি. হয়, তবে Δ DEF অঙ্কন কর এবং এর ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

১৩নং প্রশ্নের সমাধান

ক ABC ও DEF ত্রিভুজ দুইটির অনুরূপ বাহু যথাক্রমে–

AB এর অনুরূপ DE

AC এর অনুরূপ DF

BC এর অনুরূপ EF

আবার, ∠ABC-এর অনুরূপ কোণ ∠DEF

∠BAC এর অনুরূপ কোণ ∠EDF

∠ACB এর অনুরূপ কোণ ∠DFE

খ



মনে করি, Δ ABC ও Δ DEF ত্রিভুজদ্বয় সদৃশ এবং তাদের দুটি অনুরূপ বাহু BC ও EF.

প্রমাণ করতে হবে $\frac{\Delta ABC}{\Delta DEF} = \frac{AB^2}{DE^2} = \frac{AC^2}{DF^2} = \frac{BC^2}{EF^2}$.

প্রমাণ :

ধাপ ১ : Δ ABC = $\frac{1}{2}$BC × AM [∵ ত্রিভুজের ক্ষেত্রফল = $\frac{1}{2}$ × ভূমি × উচ্চতা]

এবং Δ DEF = $\frac{1}{2}$EF × DN [∵ ত্রিভুজের ক্ষেত্রফল = $\frac{1}{2}$ × ভূমি × উচ্চতা]

∴ $\frac{\Delta ABC}{\Delta DEF} = \frac{\frac{1}{2}BC \times AM}{\frac{1}{2}EF \times DN} = \frac{BC}{EF} \times \frac{AM}{DN}$

ধাপ ২ : Δ ABM এবং Δ DEN

ত্রিভুজদ্বয়ের ∠B = ∠E [Δ ABC ও Δ DEF সদৃশ]

∠AMB = ∠DNE [প্রত্যেকেই এক সমকোণ]

Δ ABM ও Δ DEN সদৃশকোণী, তাই সদৃশ

ধাপ ৩ : $\frac{AM}{DN} = \frac{AB}{DE} = \frac{BC}{EF}$ [∵ Δ ABC ও Δ DEF সদৃশ]

∴ $\frac{\Delta ABC}{\Delta DEF} = \frac{BC}{EF} \times \frac{BC}{EF} = \frac{BC^2}{EF^2}$

ধাপ ৪ : $\frac{AB}{DE} = \frac{AC}{DF} = \frac{BC}{EF}$ [Δ ABC ও Δ DEF ত্রিভুজদ্বয় সদৃশ]

বা, $\frac{AB^2}{DE^2} = \frac{AC^2}{DF^2} = \frac{BC^2}{EF^2}$ [ধাপ (৩) থেকে]

∴ $\frac{\Delta ABC}{\Delta DEF} = \frac{AB^2}{DE^2} = \frac{AC^2}{DF^2} = \frac{BC^2}{EF^2}$. (প্রমাণিত).

গ এখানে, BC = ৩ সে. মি.

EF = ৪ সে. মি., ∠B = 60° $\frac{BC}{AB} = \frac{3}{2}$.

(খ) থেকে প্রাপ্ত, $\frac{AB^2}{DE^2} = \frac{BC^2}{EF^2}$

বা, $\frac{2^2}{DE^2} = \frac{3^2}{8^2}$

বা, $DE^2 = \frac{8^2 \cdot 2^2}{3^2} = \frac{64 \times 4}{9}$

বা, $DE = \frac{8 \times 2}{3} = \frac{16}{3}$.

আবার, $\frac{\Delta ABC}{\Delta DEF} = \frac{BC^2}{EF^2}$ [(খ) হতে প্রাপ্ত]

বা, $\frac{3}{\Delta DEF} = \frac{3^2}{8^2}$

বা, $\Delta DEF = \frac{8^2 \times 3}{3^2} = \frac{64 \times 3}{9} = \frac{64}{3}$



নির্ণেয় ত্রিভুজের ক্ষেত্রফল = $\frac{64}{3}$ বর্গ একক।

www.abswer.com

www.abswer.com

বহুনির্বাচনি অংশ — MCQ SECTION

প্রিয় শিক্ষার্থী, বহুনির্বাচনি অংশে তোমাদের সেরা প্রস্তুতির জন্য এসএসসি পরীক্ষার প্রশ্নোত্তরের পাশাপাশি সেরা স্কুলের টেস্ট পরীক্ষার প্রশ্নোত্তর এবং মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত প্রশ্নোত্তর সংযোজন করা হয়েছে। অনুশীলনের সুবিধার্থে প্রশ্নের নিচে সঠিক উত্তরের সপক্ষে যুক্তি (তথ্য/ব্যাখ্যা) দেওয়া হয়েছে।

সকল বোর্ডের এসএসসি পরীক্ষার বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর — সঠিক উত্তরের সপক্ষে যুক্তি সংবলিত

সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন

১. ΔABC ও ΔDEF এর $\frac{AB}{DE}=\frac{AC}{DF}=\frac{BC}{EF}$ হলে— [সি. বো. '২০]

ⓚ $\angle A=\angle E$ ⓛ $\angle A=\angle B$
ⓜ $\angle A=\angle F$ ⓝ $\angle A=\angle D$

▶▶ তথ্য/ব্যাখ্যা : দুইটি ত্রিভুজের বাহুগুলো সমানুপাতিক হলে অনুরূপ বাহুর বিপরীত কোণগুলো পরস্পর সমান।

২. ΔABC এ $PQ \parallel BC$ হলে নিচের কোনটি সঠিক? [রা. বো. '১৬]

ⓚ $AP:PB=AQ:QC$ ⓛ $AB:PQ=AC:PQ$
ⓜ $AB:AC=PQ:BC$ ⓝ $PQ:BC=BP:BQ$

▶▶ তথ্য/ব্যাখ্যা : ত্রিভুজের যেকোনো বাহুর সমান্তরাল সরলরেখা ঐ ত্রিভুজের অপর বাহুদ্বয়কে বা তাদের বর্ধিতাংশদ্বয়কে সমান অনুপাতে বিভক্ত করে।

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

৩. 

চিত্রে, $ST \parallel QR$ হলে—

i. $PS:SQ=PT:TR$
ii. ΔPST ও ΔPQR সদৃশকোণী
iii. $ST=\frac{1}{2}QR$

নিচের কোনটি সঠিক? [ঢা. বো. '২০]

ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

৪. চিত্রে $BC \parallel DE$ এবং $AB=8m$, $BC=6cm$ হলে,–



i. $DE=3$ cm
ii. $AD=4$ cm
iii. ΔABC ও ΔADE সদৃশ

নিচের কোনটি সঠিক? [সি. বো. '১৫]

ⓚ i ও ii ⓛ ii ও iii ⓜ i ও iii ⓝ i, ii ও iii

৫. ΔABC ও ΔDEF সর্বসম হবে যদি–

i. $AB=DE$, $BC=EF$ এবং $AC=DF$ হয়
ii. $AB=DE$, $BC=EF$ এবং $\angle B=\angle E$ হয়
iii. $\angle A=\angle D$, $\angle B=\angle E$ এবং $\angle C=\angle F$ হয়

নিচের কোনটি সঠিক? [দি. বো. '১৫]

ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

৬. ΔPQR ও ΔMNO সদৃশ হলে–

i. $\angle P=\angle M$, $\angle Q=\angle N$ এবং $\angle R=\angle O$ হবে
ii. $\frac{PQ}{MN}=\frac{QR}{NO}=\frac{PR}{MO}$ হবে
iii. Δ ক্ষেত্র $PQR : \Delta$ ক্ষেত্র $MNO = OR^2 : NO^2$ হবে

নিচের কোনটি সঠিক? [দি. বো. '১৫]

ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন

নিচের তথ্যের আলোকে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও :



চিত্রে $DE \parallel QR$ এবং $QR=6.5$ সে.মি.। [য. বো. '২০]

৭. $\angle PDE=$ কত?

ⓚ 55° ⓛ 60°
ⓜ 65° ⓝ 70°

▶▶ তথ্য/ব্যাখ্যা :



চিত্রে, $\angle PRQ=\angle PED$ [অনুরূপ কোণ]

$\therefore \angle PED=60°$

$\therefore \angle PDE=180°-(\angle P+\angle PED)$
$=180°-(55°+60°)$
$=180°-115°$
$=65°$.

৮. $DE=$ কত? [য. বো. '২০]

ⓚ 1.6 সে.মি. ⓛ 2 সে.মি.
ⓜ 2.6 সে.মি. ⓝ 3 সে.মি.

▶▶ তথ্য/ব্যাখ্যা : এখানে, $\frac{PQ}{PD}=\frac{QR}{DE}$ [$\because \Delta PQR$ ও ΔPDE সদৃশকোণী]

বা, $\frac{PD+DQ}{PD}=\frac{QR}{DE}$

বা, $\frac{2+3}{2}=\frac{6.5}{DE}$

বা, $\frac{5}{2}=\frac{6.5}{DE}$

$\therefore DE=\frac{6.5\times 2}{5}=2.6$ সে. মি.।

নিচের চিত্রানুযায়ী ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :



[চ. বো. '১৬]

৯. EFGH পৃষ্ঠের প্রতিসাম্য রেখা কয়টি?

ⓚ 8 ⓛ 4
ⓜ 3 ⓝ 2

১০. BH এর দৈর্ঘ্য কত?

ⓚ 4.47 সে.মি. (প্রায়) ⓛ 6.71 সে.মি. (প্রায়)
ⓜ 7.07 সে.মি. (প্রায়) ⓝ 8.66 সে.মি. (প্রায়)

▶▶ তথ্য/ব্যাখ্যা : $BH=\sqrt{5^2+5^2+5^2}$
$=5\sqrt{3}=8.66$ সে.মি. (প্রায়)।

উত্তরের শুদ্ধতা/নির্ভুলতা যাচাই করো

১	ⓝ	২	ⓚ	৩	ⓚ	৪	ⓝ	৫	ⓚ	৬	ⓚ	৭	ⓜ	৮	ⓜ	৯	ⓛ	১০	ⓝ

www.abswer.com

www.abswer.com

শীর্ষস্থানীয় স্কুলসমূহের টেস্ট পরীক্ষার বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর — বিষয়বস্তুর ধারায় প্রণীত

সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন

১১. ΔABC ও ΔDEF সদৃশ। $AB = 2, BC = 3, DE = 3$ হলে $EF = ?$ [শেরপুর সরকারি ভিক্টোরিয়া একাডেমি, শেরপুর]

ⓐ 3 ⓑ 4 ⓒ 4.5 ⓓ 5.5

▸▸ তথ্য/ব্যাখ্যা : $\frac{AB}{DE} = \frac{BC}{EF}$

বা, $\frac{2}{3} = \frac{3}{EF}$

বা, $EF = \frac{3 \times 3}{2} = \frac{9}{2} = 4.5$

১২. ΔABC ও ΔDEF সদৃশকোণী। $\frac{AB}{DE} = \frac{2}{3}$ এবং $BC = 12$ cm হলে EF = কত? [নবাব ফয়জুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কুমিল্লা]

ⓐ 36 cm ⓑ 18 cm ⓒ 15 cm ⓓ 9 cm

▸▸ তথ্য/ব্যাখ্যা :



$\frac{AB}{DE} = \frac{BC}{EF}$

বা, $\frac{2}{3} = \frac{12}{EF}$

বা, $EF = \frac{12 \times 3}{2} = 18$ cm

১৩. দুইটি ত্রিভুজ সদৃশকোণী হলে তাদের অনুরূপ বাহুগুলো— [বাংলাদেশ রেলওয়ে উচ্চ বিদ্যালয়, ভৈরব]

ⓐ সমান ⓑ অসমান ⓒ ব্যস্তানুপাতিক ⓓ সমানুপাতিক

১৪. ΔABC এবং ΔDEF সদৃশ এবং $AB : DE = 2 : 3$ হলে $AC : DF$ = কত? [বাংলাদেশ রেলওয়ে উচ্চ বিদ্যালয়, ভৈরব; নড়াইল সরকারি উচ্চ বিদ্যালয়, নড়াইল]

ⓐ 1 : 2 ⓑ 2 : 3 ⓒ 3 : 4 ⓓ 4 : 5

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

১৫. নিচের তথ্যগুলো লক্ষ্য কর :

i. দুটি সদৃশকোণী ত্রিভুজের অনুরূপ বাহুগুলোর অনুপাত ধ্রুবক
ii. দুটি চিত্র একই রকম হলে তারা সর্বসম
iii. যদি দুটি ত্রিভুজ সদৃশকোণী হয় তবে তাদের অনুরূপ বাহুগুলো সমানুপাতিক হবে

নিচের কোনটি সঠিক? [মির্জাপুর ক্যাডেট কলেজ, টাঙ্গাইল]

ⓐ i ⓑ ii ⓒ i ও iii ⓓ iii

১৬.



চিত্রে $BC \parallel DE$ এবং $AB = 8$ cm, $BC = 6$ cm হলে— [মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ঢাকা]

i. $DE = 3$ cm
ii. $AD = 4$ cm
iii. ΔABC ও ΔADE সদৃশ

নিচের কোনটি সঠিক?

ⓐ i ও ii ⓑ ii ও iii ⓒ i ও iii ⓓ i, ii ও iii

১৭.



চিত্রে E ও F যথাক্রমে AB ও AC বাহুর মধ্যবিন্দু হলে—

i. $EF \parallel BC$
ii. $BC = 2EF$
iii. $BC = \frac{1}{2} EF$

নিচের কোনটি সঠিক? [মোহাম্মদপুর প্রিপারেটরী উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা]

ⓐ i ও ii ⓑ i ও iii ⓒ ii ও ii ⓓ i, ii ও iii

১৮. নিচের তথ্যগুলো পড় :

i. দুইটি সদৃশ ত্রিভুজের অনুরূপ বাহুগুলোর অনুপাত ধ্রুবক
ii. দুইটি সদৃশ ত্রিভুজের ক্ষেত্রফলদ্বয় সর্বদাই সমান
iii. দুইটি সর্বসম ত্রিভুজ সর্বদা সদৃশ

নিচের কোনটি সঠিক? [গভর্নমেন্ট ল্যাবরেটরি হাইস্কুল, ধানমন্ডি, ঢাকা]

ⓐ i ও ii ⓑ ii ও iii ⓒ i ও iii ⓓ i, ii ও iii

১৯.



$AD = h$ এবং $BC = a$

i. ΔABC এর ক্ষেত্রফল $= \frac{ah}{2}$ বর্গ একক
ii. ΔABC এর ভূমি ah একক
iii. BC এর উপর অঙ্কিত বর্গ এর ক্ষেত্রফল a^2

নিচের কোনটি সঠিক? [অন্নদা সরকারি উচ্চ বিদ্যালয়, ব্রাহ্মণবাড়িয়া]

ⓐ i ও iii ⓑ ii ও iii ⓒ ii ⓓ i, ii ও iii

২০.



চিত্রে CE এর দৈর্ঘ্য কত মিটার? [বরিশাল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, বরিশাল]

ⓐ 4 ⓑ 2 ⓒ 0.04 ⓓ 0.02

▸▸ তথ্য/ব্যাখ্যা : চিত্রে, ΔABC ও ΔCDE সদৃশকোণী

$\therefore \frac{AC}{CD} = \frac{BC}{CE}$

বা, $\frac{4}{8} = \frac{2}{CE}$

বা, $4CE = 16$

$\therefore CE = \frac{16}{4} = 4$



২১.



$AB = 8$ সে. মি. রেখাংশে x বিন্দুতে $1 : 3$ অনুপাতে অন্তর্বিভক্ত হলে—

i. $AX : XB = 1 : 3$
ii. $AX = 1$ সে. মি.
iii. $BX = 6$ সে. মি.

নিচের কোনটি সঠিক? [গাইবান্ধা সরকারি উচ্চ বালক বিদ্যালয়, গাইবান্ধা]

ⓐ i ও ii ⓑ i ও iii ⓒ ii ও iii ⓓ i, ii ও iii

উত্তরের শুদ্ধতা/নির্ভুলতা যাচাই করো

১১	ⓒ	১২	ⓑ	১৩	ⓓ	১৪	ⓑ	১৫	ⓒ	১৬	ⓓ	১৭	ⓐ	১৮	ⓒ	১৯	ⓐ	২০	ⓐ	২১	ⓑ

www.abswer.com

www.abswer.com

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন

■ নিচের চিত্রের আলোকে ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও : [ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ, ঢাকা]



২২. x এর মান কত সে.মি.?
ক) 6.45　খ) $\frac{32}{5}$
গ) $\frac{32}{3}$　ঘ) 7.5

২৩. y-এর মান কত?
ক) $\frac{32}{3}$　খ) 6.4
গ) $\frac{32}{5}$　ঘ) 3.84

মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর — বিষয়বস্তুর ধারায় প্রণীত

সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন

২৪. পাশের ত্রিভুজ দুইটির ক্ষেত্রে কোনটি সঠিক? (মধ্যমান)



ক) $\frac{AB}{DE}=\frac{AC}{DF}$　খ) $\frac{AB}{DE}=\frac{AC}{EF}$
গ) $\frac{AB}{DE}=\frac{DF}{BC}$　ঘ) $\frac{AB}{DE}=\frac{BC}{DF}$

২৫.



উপরের চিত্র-১ ও চিত্র-২ পরস্পর কী হবে? (মধ্যমান)
ক) সদৃশ　খ) সমান্তরাল
গ) সদৃশকোণী　ঘ) বৈসদৃশ

২৬.



AD রেখাংশ ΔABC এর অন্তঃস্থ ∠A এর সমদ্বিখণ্ডকও করে BC কে D বিন্দুতে ছেদ করলে নীচের কোনটি সঠিক হবে? (কঠিনমান)
ক) BD : DC = BA : AC　খ) AC : BD = BD : AB
গ) DC : AB = AC : BC　ঘ) AB : DC = AC : BC

২৭. চিত্রে Δ ABC ও Δ DEF এর $\frac{AB}{DE}=\frac{AC}{DF}=\frac{BC}{EF}$ হলে, নিচের কোনটি সঠিক? (কঠিনমান)



ক) ∠A = ∠D, ∠B = ∠F
খ) ∠A = ∠D, ∠B = ∠E এবং ∠C = ∠F
গ) ∠A = 2∠D, ∠B = 2∠F
ঘ) ∠A = 2∠D, ∠B = 2∠E এবং ∠C = 2∠F

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

২৮. দুইটি ত্রিভুজ—
i. এর বাহুগুলো সমানুপাতিক হলে অনুরূপ বাহুর বিপরীত কোণগুলো সমান
ii. এর বাহুগুলো সমানুপাতিক হলে অনুরূপ বাহুর বিপরীত কোণগুলো অসমান
iii. সদৃশকোণী হলে তাদের অনুরূপ বাহুগুলো সমানুপাতিক

নিচের কোনটি সঠিক? (কঠিনমান)
ক) i　খ) ii　গ) ii ও iii　ঘ) i ও iii

২৯. Δ PQR এবং Δ MNO সদৃশ হলে—
i. ∠P = ∠M, ∠Q = ∠N এবং ∠R = ∠O হবে
ii. $\frac{PQ}{MN}=\frac{QR}{NO}=\frac{PR}{MO}$ হবে
iii. Δ ক্ষেত্র PQR : Δ ক্ষেত্র MNO = $OR^2 : NO^2$ হবে

নিচের কোনটি সঠিক? [মধ্যমান]
ক) i ও ii　খ) ii ও iii　গ) i ও iii　ঘ) i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন

■ চিত্রে ABC ও DEF দুইটি ত্রিভুজ



উপরের তথ্যের ভিত্তিতে ৩০ – ৩২ নং প্রশ্নের উত্তর দাও :

৩০. প্রদত্ত ত্রিভুজ দুইটিতে AB এর অনুরূপ বাহু নিচের কোনটি? (সহজমান)
ক) EF　খ) DF
গ) DE　ঘ) DN

৩১. প্রদত্ত Δ ABC এর ক্ষেত্রফল নিচের কোনটি? (মধ্যমান)
ক) AB + BC　খ) $\frac{1}{2}\times(AB+BC)$
গ) $\frac{1}{2}\times(AM\times AB)$　ঘ) $\frac{1}{2}\times(BC\times AM)$

৩২. প্রদত্ত ত্রিভুজদ্বয়ের ক্ষেত্রে, $\frac{\Delta ABC}{\Delta DEF}$ = নিচের কোনটি? (কঠিনমান)
ক) $\frac{AC}{EF}$　খ) $\frac{AC^2}{DF^2}$
গ) $\frac{AM^2}{DF^2}$　ঘ) $\frac{BC^2}{DN^2}$

উত্তরের শুদ্ধতা/ নির্ভুলতা যাচাই করো

২২	খ	২৩	ঘ	২৪	ক	২৫	গ	২৬	ক	২৭	খ	২৮	ঘ	২৯	ঘ	৩০	গ	৩১	ঘ	৩২	খ

www.abswer.com

www.abswer.com

সৃজনশীল অংশ — CREATIVE SECTION

প্রিয় শিক্ষার্থী, সৃজনশীল অংশে তোমাদের সেরা প্রস্তুতির জন্য এসএসসি পরীক্ষার প্রশ্ন ও সমাধানের পাশাপাশি সেরা স্কুলের টেস্ট পরীক্ষার প্রশ্ন, মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত প্রশ্ন, অনুশীলনমূলক কাজ নির্ভর এবং সমন্বিত অধ্যায়ের প্রশ্ন ও সমাধান সংযোজন করা হয়েছে।

সকল বোর্ডের এসএসসি পরীক্ষার সৃজনশীল প্রশ্ন ও সমাধান — নতুন পাঠ্যবইয়ের আলোকে সমাধানকৃত

প্রশ্ন ১ ▶ কুমিল্লা বোর্ড ২০১৯



Δ PQR এর $\angle P$ এর সমদ্বিখণ্ডক QR বাহুকে D বিন্দুতে ছেদ করে এবং Δ PQR ও Δ MNO সদৃশকোণী।

ক. একটি নির্দিষ্ট রেখাংশকে 2 : 3 অনুপাতে বিভক্ত কর। ২

খ. Δ PQR-এর ক্ষেত্রে প্রমাণ কর যে, QD : DR = QP : PR. ৪

গ. প্রমাণ কর যে, $\frac{\Delta PQR}{\Delta MNO} = \frac{QR^2}{NO^2}$. ৪

১নং প্রশ্নের সমাধান

ক



AB রেখাংশকে D বিন্দুতে 2 : 3 অনুপাতে অন্তর্বিভক্ত করা হলো।

খ মনে করি, Δ PQR এর $\angle P$ এর সমদ্বিখণ্ডক PD, QR কে D বিন্দুতে ছেদ করে। প্রমাণ করতে হবে যে, QD : DR = QP : PR



অঙ্কন : DP রেখাংশের সমান্তরাল করে R বিন্দু দিয়ে RT রেখাংশ অঙ্কন করি, যেন তা বর্ধিত QP কে T বিন্দুতে ছেদ করে।

প্রমাণ : ধাপ ১. যেহেতু DP ∥ RT

এবং QR ও PR তাদের ছেদক [অঙ্কনানুসারে]

$\angle PRT = \angle RPD$ [একান্তর কোণ]

এবং $\angle PTR = \angle QPD$ [অনুরূপ কোণ]

ধাপ ২. কিন্তু $\angle QPD = \angle RPD$ [স্বীকার]

$\therefore$ $\angle PTR = \angle PRT$

$\therefore$ PR = PT

ধাপ ৩. আবার যেহেতু DP ∥ RT

$\therefore \frac{QS}{SR} = \frac{QP}{PT}$

কিন্তু PT = PR [ধাপ (২) হতে]

$\therefore \frac{QD}{DR} = \frac{QP}{PR}$

অর্থাৎ, QD : DR = QP : PR. (প্রমাণিত)

গ মনে করি, PQR ও MNO সদৃশকোণী ত্রিভুজদ্বয়ের অনুরূপ বাহু QR ও NO।

প্রমাণ করতে হবে যে, $\frac{\Delta PQR}{\Delta MNO} = \frac{QR^2}{NO^2}$



অঙ্কন : QR ও NO এর উপর যথাক্রমে PG ও MH লম্ব অঙ্কন করি।

প্রমাণ : ধাপ ১. $\Delta PQR = \frac{1}{2} QR \times PG$

[ত্রিভুজদ্বয়ের ক্ষেত্রফল = $\frac{1}{2}$ × ভূমি × উচ্চতা]

এবং $\Delta MNO = \frac{1}{2} NO \times MH$

[ত্রিভুজদ্বয়ের ক্ষেত্রফল = $\frac{1}{2}$ × ভূমি × উচ্চতা]

$\therefore \frac{\Delta PQR}{\Delta MNO} = \frac{\frac{1}{2} \times QR \times PG}{\frac{1}{2} \times NO \times MH} = \frac{QR \times PG}{NO \times DH} = \frac{QR}{NO} \times \frac{PG}{MH}$

ধাপ ২. PQG ও MNH ত্রিভুজদ্বয়ে

$\angle Q = \angle N$ [Δ PQR ও Δ MNO সদৃশকোণী]

$\angle PGQ = \angle MHN$ [প্রত্যেকে 1 সমকোণ]

$\therefore$ $\angle QPG = \angle NMH$

$\therefore$ Δ PQG ও Δ MNH সদৃশকোণী, তাই সদৃশ।

অর্থাৎ $\frac{PG}{MH} = \frac{PQ}{MN} = \frac{QR}{NO}$ [$\because$ Δ PQR ও Δ MNO সদৃশ]

$\therefore \frac{\Delta PQR}{\Delta MNO} = \frac{QR}{NO} \times \frac{QR}{NO}$ [ধাপ (১) হতে]

অতএব, $\frac{\Delta PQR}{\Delta MNO} = \frac{QR^2}{NO^2}$. (প্রমাণিত)

প্রশ্ন ২ ▶ কুমিল্লা বোর্ড ২০১৭

দুইটি সদৃশকোণী Δ ABC ও Δ DEF এর BC এবং EF এর উপর যথাক্রমে AG ও DH লম্ব।

ক. উদ্দীপকের আলোকে চিত্র আঁক। ২

খ. প্রমাণ কর যে, AG : DH = AB : DE. ৪

গ. প্রমাণ কর যে, $\Delta ABC : \Delta DEF = BC^2 : EF^2$. ৪

২নং প্রশ্নের সমাধান

ক



চিত্রে ABC ও DEF ত্রিভুজদ্বয় সদৃশ এবং এদের BC ও EF বাহুর উপর লম্ব যথাক্রমে AG ও DH.

www.abswer.com

www.abswer.com

খ মনে করি, ABC ও DEF সদৃশকোণী ত্রিভুজদ্বয়ের BC ও EF এর উপর লম্ব যথাক্রমে AG ও DH। প্রমাণ করতে হবে যে,
AG : DH = AB : DE.



প্রমাণ :

ধাপ ১ : Δ ABC ও Δ DEF সদৃশকোণী ত্রিভুজে ∠ABC = ∠DEF

এখন, Δ ABG ও Δ DEH-এ

∠AGB = ∠DHE [∵ এক সমকোণ]

এবং ∠ABG = ∠DEH [∵ ∠ABC = ∠DEF]

ধাপ ২ : অতএব, ∠BAG = ∠EDH

অর্থাৎ, Δ ABG ও Δ DEH সদৃশকোণী ও সদৃশ।

∴ $\frac{AG}{DH} = \frac{AB}{DE}$ [∵ অনুরূপ বাহুর অনুপাত সমান]

∴ AG : DH = AB : DE. (প্রমাণিত)

গ মনে করি, ABC ও DEF সদৃশকোণী ত্রিভুদ্বয়ের BC ও EF এর উপর লম্ব যথাক্রমে AG ও DH। প্রমাণ করতে হবে যে,
$\Delta ABC : \Delta DEF = BC^2 : EF^2$.



প্রমাণ :

ধাপ ১ : $\Delta ABC = \frac{1}{2} BC \times AG$ এবং $\Delta DEF = \frac{1}{2} EF \times DH$

∴ $\frac{\Delta ABC}{\Delta DEF} = \frac{\frac{1}{2} BC \times AG}{\frac{1}{2} EF \times DH} = \frac{BC \times AG}{EF \times DH} = \frac{BC}{EF} \times \frac{AG}{DH}$

ধাপ ২ : ABG ও DEH ত্রিভুজদ্বয়ে

∠B = ∠E

∠AGB = ∠DHE [Δ ABC ও Δ DEF সদৃশকোণী]

∴ ∠BAG = ∠EDH

∴ Δ ABG ও Δ DEH সদৃশকোণী, তাই সদৃশ। [প্রত্যেকে 1 সমকোণ]

অর্থাৎ $\frac{AG}{DH} = \frac{AB}{DE} = \frac{BC}{EF}$ [Δ ABC ও Δ DEF সদৃশ]

∴ $\frac{\Delta ABC}{\Delta DEF} = \frac{BC}{EF} \times \frac{BC}{EF}$ [ধাপ (১) হতে]

বা, $\frac{\Delta ABC}{\Delta DEF} = \frac{BC^2}{EF^2}$

অর্থাৎ $\Delta ABC : \Delta DEF = BC^2 : EF^2$. (প্রমাণিত)

শীর্ষস্থানীয় স্কুলসমূহের টেস্ট পরীক্ষার সৃজনশীল প্রশ্ন ও সমাধান — মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক নির্বাচিত

প্রশ্ন ৩ ▸ আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, ঢাকা

দুইটি সদৃশকোণী Δ ABC ও Δ DEF এর BC এবং EF এর উপর যথাক্রমে AG ও DH লম্ব।

ক. উদ্দীপকের আলোকে চিত্র আঁক। ২

খ. প্রমাণ কর যে, AG : DH = AB : DE. ৪

গ. প্রমাণ কর যে, $\Delta ABC : \Delta DEF = BC^2 : EF^2$. ৪

৩নং প্রশ্নের সমাধান

ক



চিত্রে ABC ও DEF ত্রিভুজদ্বয় সদৃশ এবং এদের BC ও EF বাহুর উপর লম্ব যথাক্রমে AG ও DH.

খ মনে করি, ABC ও DEF সদৃশকোণী ত্রিভুজদ্বয়ের BC ও EF এর উপর লম্ব যথাক্রমে AG ও DH। প্রমাণ করতে হবে যে, AG : DH = AB : DE.



প্রমাণ :

ধাপ ১ : Δ ABC ও Δ DEF সদৃশকোণী ত্রিভুজে ∠ABC = ∠DEF

এখন, Δ ABG ও Δ DEH-এ

∠AGB = ∠DHE [∵ এক সমকোণ]

এবং ∠ABG = ∠DEH [∵ ∠ABC = ∠DEF]

ধাপ ২ : অতএব, ∠BAG = ∠EDH

অর্থাৎ, Δ ABG ও Δ DEH সদৃশকোণী ও সদৃশ।

∴ $\frac{AG}{DH} = \frac{AB}{DE}$ [∵ অনুরূপ বাহুর অনুপাত সমান]

∴ AG : DH = AB : DE. (প্রমাণিত)

গ এখানে, ABC ও DEF সদৃশকোণী ত্রিভুদ্বয়ের BC ও EF এর উপর লম্ব যথাক্রমে AG ও DH। প্রমাণ করতে হবে যে,
$\Delta ABC : \Delta DEF = BC^2 : EF^2$.



প্রমাণ :

ধাপ ১ : $\Delta ABC = \frac{1}{2} BC \times AG$ এবং $\Delta DEF = \frac{1}{2} EF \times DH$

∴ $\frac{\Delta ABC}{\Delta DEF} = \frac{\frac{1}{2} BC \times AG}{\frac{1}{2} EF \times DH} = \frac{BC \times AG}{EF \times DH} = \frac{BC}{EF} \times \frac{AG}{DH}$

ধাপ ২ : ABG ও DEH ত্রিভুজদ্বয়ে

∠B = ∠E

∠AGB = ∠DHE [Δ ABC ও Δ DEF সদৃশকোণী]

∴ ∠BAG = ∠EDH

∴ Δ ABG ও Δ DEH সদৃশকোণী, তাই সদৃশ। [প্রত্যেকে 1 সমকোণ]

অর্থাৎ $\frac{AG}{DH} = \frac{AB}{DE} = \frac{BC}{EF}$ [Δ ABC ও Δ DEF সদৃশ]

∴ $\frac{\Delta ABC}{\Delta DEF} = \frac{BC}{EF} \times \frac{BC}{EF}$ [ধাপ (১) হতে]

বা, $\frac{\Delta ABC}{\Delta DEF} = \frac{BC^2}{EF^2}$

অর্থাৎ $\Delta ABC : \Delta DEF = BC^2 : EF^2$. (প্রমাণিত)

www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ৪ ▸ গবর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুল, ঢাকা

Δ ABC এবং Δ PQR দুইটি ত্রিভুজ।

ক. দুটি ত্রিভুজের উচ্চতা সমান হলে, প্রমাণ কর যে, তাদের ক্ষেত্রফলদ্বয়ের অনুপাত ভূমিদ্বয়ের অনুপাতের সমান। ২

খ. প্রমাণ কর যে, উল্লেখিত ত্রিভুজদ্বয় সদৃশ হলে তাদের ক্ষেত্রফলদ্বয়ের অনুপাত, তাদের যে কোনো দুই অনুরূপ বাহুর উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফলদ্বয়ের অনুপাতের সমান। ৪

গ. প্রমাণ কর যে, Δ ABC ও Δ PQR সদৃশকোণী হলে তাদের অনুরূপ বাহুগুলো সমানুপাতিক হবে। ৪

৪নং প্রশ্নের সমাধান

ক



মনে করি, ত্রিভুজক্ষেত্র ABC ও PQR এর ভূমি যথাক্রমে BC = a, QR = d এবং উভয়ক্ষেত্রের উচ্চতা h। সুতরাং, ত্রিভুজক্ষেত্র ABC এর ক্ষেত্রফল $= \frac{1}{2}a \times h$, ত্রিভুজক্ষেত্র PQR এর ক্ষেত্রফল $= \frac{1}{2}d \times h$

অতএব, ত্রিভুজক্ষেত্র ABC এর ক্ষেত্রফল : ত্রিভুজক্ষেত্র PQR এর ক্ষেত্রফল $= \frac{1}{2}a \times h : \frac{1}{2}d \times h = a : d = BC : QR$.

সুতরাং দুইটি ত্রিভুজের উচ্চতা সমান হলে তাদের ক্ষেত্রফলদ্বয়ের অনুপাত ভূমিদ্বয়ের অনুপাতের সমান। (প্রমাণিত)

খ Δ ABC ও Δ PQR দুইটি সদৃশ ত্রিভুজ এবং অনুরূপ বাহু BC ও QR। মনে করি, ABC ও PQR সদৃশকোণী ত্রিভুজদ্বয়ের BC ও QR এর উপর লম্ব যথাক্রমে AG ও PH। প্রমাণ করতে হবে যে, $\Delta ABC : \Delta PQR = BC^2 : QR^2$.



প্রমাণ :

ধাপ ১ : $\Delta ABC = \frac{1}{2} BC \times AG$ এবং $\Delta PQR = \frac{1}{2} QR \times PH$

$\therefore \frac{\Delta ABC}{\Delta PQR} = \frac{\frac{1}{2}BC \times AG}{\frac{1}{2}QR \times PH} = \frac{BC \times AG}{QR \times PH} = \frac{BC}{QR} \times \frac{AG}{PH}$

ধাপ ২ : ABG ও PQH ত্রিভুজদ্বয়ে

$\angle B = \angle Q$ [Δ ABC ও Δ PQR সদৃশকোণী]

$\angle AGB = \angle PHQ$ [প্রত্যেকে 1 সমকোণ]

$\therefore \angle BAG = \angle QPH$

$\therefore \Delta$ ABG ও Δ PQH সদৃশকোণী, তাই সদৃশ।

অর্থাৎ $\frac{AG}{PH} = \frac{AB}{PQ} = \frac{BC}{QR}$ [$\because \Delta ABC$ ও ΔPQR সদৃশ]

$\therefore \frac{\Delta ABC}{\Delta PQR} = \frac{BC}{QR} \times \frac{BC}{QR}$ [ধাপ (১) হতে]

বা, $\frac{\Delta ABC}{\Delta PQR} = \frac{BC^2}{QR^2}$.

অর্থাৎ $\Delta ABC : \Delta PQR = BC^2 : QR^2$. (প্রমাণিত)

গ



মনে করি, ABC ও PQR সদৃশ ত্রিভুজদ্বয়ের $\angle A = \angle P$, $\angle B = \angle Q$ এবং $\angle C = \angle R$.

প্রমাণ করতে হবে যে, $\frac{AB}{PQ} = \frac{BC}{QR} = \frac{AC}{PR}$.

অঙ্কন : ABC ও PQR ত্রিভুজদ্বয়ের প্রত্যেক অনুরূপ বাহুযুগল অসমান বিবেচনা করি। AB বাহুতে E বিন্দু এবং AC বাহুতে F বিন্দু নিই যেন, AE = PQ এবং AF = PR এবং EF = QR হয়। E ও F যোগ করে অঙ্কন সম্পন্ন করি।

প্রমাণ :

ধাপ ১ : Δ AEF ও Δ PQR-এর AE = PQ, AF = PR, $\angle A = \angle P$

অতএব $\Delta AEF \cong \Delta PQR$ [ত্রিভুজের বাহু-কোণ-বাহু-সর্বসমতা]

সুতরাং $\angle AEF = \angle PQR = \angle ABC$

এবং $\angle AFE = \angle PRQ = \angle ACB$

অর্থাৎ, EF রেখাংশ ও BC বাহুকে AB বাহু ও AC বাহু ছেদ করায় সৃষ্ট অনুরূপ কোণযুগল সমান হয়েছে।

সুতরাং EF ∥ BC

$\therefore \frac{AB}{AE} = \frac{AC}{AF}$ বা, $\frac{AB}{PQ} = \frac{AC}{PR}$

ধাপ-২ : একইভাবে BA বাহু ও BC বাহু থেকে যথাক্রমে QP রেখাংশ ও QR রেখাংশের সমান রেখাংশ কেটে নিয়ে দেখানো যায় যে, $\frac{BA}{QP} = \frac{BC}{QR}$ অর্থাৎ, $\frac{AB}{PQ} = \frac{BC}{QR}$

$\therefore \frac{AB}{PQ} = \frac{BC}{QR} = \frac{AC}{PR}$ (প্রমাণিত)

প্রশ্ন ৫ ▸ কুমিল্লা জিলা স্কুল, কুমিল্লা

Δ PQR ও Δ ABC দুইটি সদৃশকোণী ত্রিভুজ।

ক. একটি নির্দিষ্ট রেখাংশকে 3 : 2 অনুপাতে অন্তর্বিভক্ত করতে হবে। ২

খ. প্রমাণ কর যে, $\frac{PQ}{AB} = \frac{QR}{BC} = \frac{PR}{AC}$ ৪

গ. প্রমাণ কর যে, $\frac{\Delta PQR}{\Delta ABC} = \frac{QR^2}{BC^2} = \frac{PR^2}{AC^2} = \frac{PQ^2}{AB^2}$. ৪

৫নং প্রশ্নের সমাধান

ক AB রেখাংশকে D বিন্দুতে 3 : 2 অনুপাতে অন্তর্বিভক্ত করা হলো।



খ মনে করি, PQR ও ABC সদৃশ ত্রিভুজদ্বয়ের $\angle P = \angle A$, $\angle Q = \angle B$ এবং $\angle R = \angle C$

প্রমাণ করতে হবে যে, $\frac{PQ}{AB} = \frac{QR}{BC} = \frac{PR}{AC}$



অঙ্কন : PQR ও ABC ত্রিভুজদ্বয়ের প্রত্যেক অনুরূপ বাহুযুগল অসমান বিবেচনা করি। PQ বাহুতে E বিন্দু এবং PR বাহুতে F বিন্দু নিই যেন PE = AB এবং PF = AC হয়। E, F যোগ করি।

প্রমাণ :

ধাপ ১ : Δ PEF ও Δ ABC এর PE = AB, PF = AC, $\angle P = \angle A$

অতএব, $\Delta PEF \cong \Delta ABC$ [বাহু-কোণ-বাহু সর্বসমতা]

সুতরাং, $\angle PEF = \angle ABC = \angle PQR$

এবং $\angle PFE = \angle ACB = \angle PRQ$

www.abswer.com

www.abswer.com

অর্থাৎ, EF রেখাংশ ও QR বাহুকে PQ বাহু ও PR রেখা ছেদ করায় অনুরূপ কোণযুগল সমান হয়েছে।

সুতরাং EF ∥ QR

∴ $\frac{PQ}{PE} = \frac{PR}{PF}$ বা, $\frac{PQ}{AB} = \frac{PR}{AC}$

ধাপ ২ : একইভাবে QP বাহু ও QR বাহু থেকে যথাক্রমে BA রেখাংশ ও BC রেখাংশের সমান রেখাংশ কেটে নিয়ে দেখানো যায় যে,

$\frac{PQ}{AB} = \frac{QR}{BC}$

∴ $\frac{PQ}{AB} = \frac{PR}{AC} = \frac{QR}{BC}$ অর্থাৎ, $\frac{PQ}{AB} = \frac{QR}{BC} = \frac{PR}{AC}$ (প্রমাণিত)

গ



মনে করি, Δ PQR ও Δ ABC ত্রিভুজদ্বয় সদৃশ এবং তাদের দুইটি অনুরূপ বাহু QR ও BC। প্রমাণ করতে হবে যে,

$\frac{\Delta PQR}{\Delta ABC} = \frac{QR^2}{BC^2} = \frac{PR^2}{AC^2} = \frac{PQ^2}{AB^2}$

প্রমাণ : ধাপ ১ : $\Delta PQR = \frac{1}{2} QR \times PM$ [∵ ত্রিভুজের ক্ষেত্রফল = $\frac{1}{2}$ ভূমি × উচ্চতা]

এবং $\Delta ABC = \frac{1}{2} BC \times AN$ [∵ ত্রিভুজের ক্ষেত্রফল = $\frac{1}{2}$ ভূমি × উচ্চতা]

∴ $\frac{\Delta PQR}{\Delta ABC} = \frac{\frac{1}{2} QR \times PM}{\frac{1}{2} BC \times AN} = \frac{QR \times PM}{BC \times AN}$

ধাপ ২ : Δ PQM এবং Δ ABN ত্রিভুজদ্বয়ের

$\angle Q = \angle B$ [∵ Δ PQR ও Δ ABC সদৃশ]

$\angle PMQ = \angle ANB$ [প্রত্যেকে এক সমকোণ]

Δ PQM ও Δ ABN সদৃশকোণী, তাই সদৃশ।

ধাপ ৩ : $\frac{PM}{AN} = \frac{PQ}{AB} = \frac{QR}{BC}$ [∵ Δ PQR ও Δ ABC সদৃশ]

∴ $\frac{\Delta PQR}{\Delta ABC} = \frac{QR}{BC} \times \frac{QR}{BC} = \frac{QR^2}{BC^2}$

ধাপ ৪ : $\frac{PQ}{AB} = \frac{PR}{AC} = \frac{QR}{BC}$ [∵ Δ PQR ও Δ ABC ত্রিভুজদ্বয় সদৃশ]

বা, $\frac{PQ^2}{AB^2} = \frac{PR^2}{AC^2} = \frac{QR^2}{BC^2}$

∴ $\frac{\Delta PQR}{\Delta ABC} = \frac{QR^2}{BC^2} = \frac{PR^2}{AC^2} = \frac{PQ^2}{AB^2}$ [ধাপ (৩) হতে]

(প্রমাণিত)

মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত সৃজনশীল প্রশ্ন ও সমাধান | শিখনফলের ধারায় প্রণীত

শিখনফল ৪ : সদৃশতার অনুপাত সংক্রান্ত উপপাদ্যগুলো যাচাই ও প্রমাণ করতে পারব।

প্রশ্ন ৬ ▶ পাঠ্যবইয়ের শিখনফল ৪-এর আলোকে প্রণীত

ABC সমকোণী ত্রিভুজে ∠C = এক সমকোণ।

ক. $\frac{1}{2}(\angle B + \angle C)$ = কত ডিগ্রি? ২

খ. অপর একটি সমকোণী ত্রিভুজের একটি কোণ ABC ত্রিভুজের একটি সূক্ষ্মকোণের সমান হলে প্রমাণ কর যে, ত্রিভুজদ্বয় সদৃশ। ৪

গ. প্রমাণ কর যে, $AB^2 = AC^2 + BC^2$. ৪

[পাঠ্যবইয়ের অনুশীলনী ১৪.২ এর ৬ নং এর আলোকে]

৬নং প্রশ্নের সমাধান

ক এখানে, ABC সমকোণী ত্রিভুজে ∠C = এক সমকোণ বা 90°

∴ ∠A + ∠B + ∠C = 180° [∵ ত্রিভুজের তিন কোণের সমষ্টি 180°.]

বা, ∠A + ∠B + 90° = 180°

বা, ∠A + ∠B = 180° − 90° = 90°

বা, $\frac{1}{2}(\angle A + \angle B) = \frac{1}{2} \times 90°$

∴ $\frac{1}{2}(\angle A + \angle B) = 45°$.



খ মনে করি, Δ ABC ও Δ DEF-এ ∠C ও ∠F সমকোণ এবং ∠B = ∠E। প্রমাণ করতে হবে, ABC ও DEF ত্রিভুজদ্বয় সদৃশ।



প্রমাণ : ধাপ ১ : Δ ABC ও Δ DEF-এ

∠ABC = ∠DEF [কল্পনা]

∠ACB = ∠DFE [প্রত্যেকে এক সমকোণ]

ধাপ ২ : ∠A + ∠B + ∠C = ∠D + ∠E + ∠F [ত্রিভুজের তিন কোণের সমষ্টি 180°]

বা, ∠A = ∠D

∴ ∠BAC = ∠EDF [ধাপ (১) থেকে]

অতএব, ABC ও DEF ত্রিভুজদ্বয় সদৃশকোণী ও সদৃশ। (প্রমাণিত)

গ মনে করি, ABC সমকোণী ত্রিভুজের ∠ACB সমকোণ এবং AB অতিভুজ। প্রমাণ করতে হবে যে, $AB^2 = AC^2 + BC^2$.



অঙ্কন : AB, AC এবং BC বাহুর উপর যথাক্রমে ABED, ACGF এবং BCHK বর্গক্ষেত্র অঙ্কন করি। C বিন্দু দিয়ে AD বা BE রেখার সমান্তরাল CL রেখা আঁকি। মনে করি, তা AB কে M বিন্দুতে এবং DE কে L বিন্দুতে ছেদ করে। C ও D এবং B ও F যোগ করি।

প্রমাণ :

ধাপ ১. Δ CAD ও Δ FAB এ CA = AF, AD = AB এবং অন্তর্ভুক্ত ∠CAD = ∠CAB + ∠BAD = ∠CAB + ∠CAF [∠BAD = ∠CAF = 1 সমকোণ] = অন্তর্ভুক্ত ∠BAF

অতএব, Δ CAD ≅ Δ FAB [বাহু-কোণ-বাহু উপপাদ্য]

ধাপ ২. ত্রিভুজক্ষেত্র CAD এবং আয়তক্ষেত্র ADLM একই ভূমি AD এর উপর এবং AD ও CL সমান্তরাল রেখাদ্বয়ের মধ্যে অবস্থিত।

সুতরাং, আয়তক্ষেত্র ADLM = 2 (ত্রিভুজক্ষেত্র CAD)

ধাপ ৩. ত্রিভুজক্ষেত্র BAF এবং বর্গক্ষেত্র ACGF একই ভূমি AF এর উপর এবং AF ও BG সমান্তরাল রেখাদ্বয়ের মধ্যে অবস্থিত।

সুতরাং, বর্গক্ষেত্র ACGF = 2 (ত্রিভুজক্ষেত্র FAB)

= 2 (ত্রিভুজক্ষেত্র CAD) [উপপাদ্য-১]

ধাপ ৪. আয়তক্ষেত্র ADLM = বর্গক্ষেত্র ACGF

ধাপ ৫. অনুরূপভাবে C, E ও A, K যোগ করে প্রমাণ করা যায় যে, আয়তক্ষেত্র BELM = বর্গক্ষেত্র BCHK [(২) ও (৩) থেকে]

ধাপ ৬. আয়তক্ষেত্র (ADLM + BELM) = বর্গক্ষেত্র ACGF + বর্গক্ষেত্র BCHK [(৪) ও (৫) থেকে]

বা, বর্গক্ষেত্র ABED = বর্গক্ষেত্র ACGF + বর্গক্ষেত্র BCHK

অর্থাৎ, $AB^2 = AC^2 + BC^2$. (প্রমাণিত).

www.abswer.com

প্রশ্ন ৭ ▸ পাঠ্যবইয়ের শিখনফল ৪-এর আলোকে প্রণীত

ABCD সামান্তরিকের A শীর্ষ দিয়ে অঙ্কিত একটি রেখাংশ BC বাহুকে M বিন্দুতে এবং DC বাহুর বর্ধিতাংশকে N বিন্দুতে ছেদ করে।

ক. বর্ণনা অনুযায়ী চিত্র অঙ্কন কর। ২

খ. প্রমাণ কর যে, MB × DN একটি ধ্রুবক। ৪

গ. ABCD এর অভ্যন্তরে O যেকোনো একটি বিন্দু হলে প্রমাণ কর যে, Δ OAB এর ক্ষেত্রফল + Δ OCD এর ক্ষেত্রফল $= \frac{1}{2}$ (সামান্তরিকক্ষেত্র ABCD এর ক্ষেত্রফল) ৪

[পাঠ্যবইয়ের অনুশীলনী ১৪.২ এর ৯ নং এর আলোকে]

৭নং প্রশ্নের সমাধান

ক ABCD সামান্তরিকের A শীর্ষ দিয়ে অঙ্কিত AMN রেখা BC বাহুকে M বিন্দুতে এবং DC রেখার বর্ধিতাংশকে N বিন্দুতে ছেদ করে।



খ মনে করি, ABCD সামান্তরিকের A শীর্ষ দিয়ে অঙ্কিত AMN রেখা BC বাহুকে M বিন্দুতে এবং DC রেখার বর্ধিতাংশকে N বিন্দুতে ছেদ করে। প্রমাণ করতে হবে, BM × DN একটি ধ্রুবক।



প্রমাণ: ধাপ ১: Δ ABM ও Δ ADN-এ

$\angle B = \angle D$ [সামান্তরিকের বিপরীত কোণ]

$\angle BAM = \angle DNA$

[∵ AB ∥ DN এবং AN ছেদক তাই এদের একান্তর কোণ সমান]

∴ $\angle AMB = \angle NAD$

∴ Δ ABM ও Δ ADN সদৃশকোণী এবং সদৃশ।

ধাপ ২: তাহলে, $\frac{AB}{BM} = \frac{DN}{AD}$ বা, BM × DN = AB × AD

ABCD সামান্তরিকে AB ও AD দুইটি সন্নিহিত বাহু যাদের গুণফল নির্দিষ্ট।

∴ BM × DN = ধ্রুবক। (প্রমাণিত)

গ মনে করি, ABCD সামান্তরিকের অভ্যন্তরে O যেকোনো একটি বিন্দু। O, A; O, B; O, C এবং O, D যোগ করি।



প্রমাণ করতে হবে যে, Δ OAB এর ক্ষেত্রফল + Δ OCD এর ক্ষেত্রফল $= \frac{1}{2}$ (সামান্তরিক ক্ষেত্র ABCD এর ক্ষেত্রফল)

অঙ্কন : O বিন্দু হতে AB-এর উপর OF লম্ব টানি। FO কে E পর্যন্ত এমনভাবে বর্ধিত করি যেন তা CD কে E বিন্দুতে ছেদ করে।

প্রমাণ :

ধাপ ১: যেহেতু AB ∥ CD এবং EF তাদের ছেদক।

∴ $\angle DEF = \angle EFB$ = এক সমকোণ [একান্তর কোণ এবং EF ⊥ AB বলে]

∴ ABCD সামান্তরিকের উচ্চতা EF

সুতরাং সামান্তরিক ক্ষেত্র ABCD = AB × EF [যেহেতু সামান্তরিক ক্ষেত্র = ভূমি × উচ্চতা]

∴ Δ OAB এ ভূমি AB এবং উচ্চতা OF.

Δ OAB এর ক্ষেত্রফল $= \frac{1}{2} \times AB \times OF$ [∵ $\angle OFB$ = এক সমকোণ তাই OF উচ্চতা]

ধাপ ২: অনুরূপভাবে,

Δ OCD এর ক্ষেত্রফল $= \frac{1}{2} \times CD \times OE$ [∵ $\angle OED$ = এক সমকোণ তাই OE উচ্চতা]

$= \frac{1}{2} \times AB \times OE$ [সামান্তরিকের বিপরীত বাহু পরস্পর সমান]

ধাপ ৩: Δ OAB এর ক্ষেত্রফল + Δ OCD এর ক্ষেত্রফল

$= \frac{1}{2} \times AB \times OF + \frac{1}{2} \times AB \times OE$ [(১) ও (২) থেকে]

$= \frac{1}{2} AB\,(OF + OE) = \frac{1}{2} AB \,.\, EF$ [∵ OF + OE = EF]

$= \frac{1}{2}$(সামান্তরিক ক্ষেত্র ABCD এর ক্ষেত্রফল).

(প্রমাণিত)

অনুশীলনমূলক কাজ নির্ভর সৃজনশীল প্রশ্ন ও সমাধান — নতুন পাঠ্যবইয়ের আলোকে প্রণীত

প্রশ্ন ৮ ▸ পাঠ্যবইয়ের ২৭৬ পৃষ্ঠার কাজের আলোকে প্রণীত



চিত্রে AB একটি রেখাংশ।

ক. অনুপাত নির্ণয়ের জন্য দুইটি রাশি কোন এককে পরিমাপ করতে হয়? ২

খ. AB কে m : n অনুপাতে অন্তর্বিভক্ত কর। ৪

গ. AB কে কোনো সমবাহু ত্রিভুজের পরিসীমা ধরে, সমবাহু ত্রিভুজ অঙ্কন কর। ৪

৮নং প্রশ্নের সমাধান

ক দুইটি রাশির তুলনা করার জন্য তাদের অনুপাত বিবেচনা করা হয়। অনুপাত নির্ণয়ের জন্য রাশি দুইটি একই এককে পরিমাপ করতে হয়।

খ মনে করি, AB একটি নির্দিষ্ট রেখাংশ। AB কে অন্তঃস্থভাবে m : n অনুপাতে বিভক্ত করতে হবে।



অঙ্কন : AB রেখাংশের A বিন্দু দিয়ে যে কোনো কোণে একটি রশ্মি AX আঁকি। AX থেকে m এর সমান করে AE কাটি। আবার EX থেকে n এর সমান করে EC কাটি। B, C যোগ করি। E বিন্দু দিয়ে ED ∥ CB আঁকি। মনে করি, ED, AB কে D বিন্দুতে ছেদ করে।

তাহলে, AB রেখাংশ D বিন্দুতে m : n এ অন্তঃস্থভাবে বিভক্ত হয়েছে।

www.abswer.com

গ মনে করি, কোনো সমবাহু ত্রিভুজের পরিসীমা p = AB দেওয়া আছে। ত্রিভুজটি আঁকতে হবে।



অঙ্কন :
১. p পরিসীমাটি তিনটি সমানভাগে বিভক্ত করি। তা $p_1 = p_2 = p_3$ হয় [যেখানে $p = p_1 + p_2 + p_3$]
২. LY হতে $LM = p_1$ অংশ কেটে নিই।
৩. L ও M হতে LY এর একই পাশে যথাক্রমে p_2 ও p_3 এর সমান ব্যাসার্ধ নিয়ে দুইটি বৃত্তচাপ আঁকি। এরা পরস্পর N বিন্দুতে ছেদ করে।
৪. N, L ও N, M যোগ করি।
∴ Δ LMN-ই উদ্দিষ্ট সমবাহু ত্রিভুজ।

অধিক অনুশীলনের জন্য আরও সৃজনশীল প্রশ্ন ও উত্তর — প্রশ্নব্যাংক আকারে উপস্থাপিত

৯। Δ PQR ও Δ DEF দুইটি সদৃশকোণী ত্রিভুজ।
ক. এমন একটি সমকোণী ত্রিভুজ আঁক যেন তার লম্ব ও ভূমি যথাক্রমে 4 সে.মি. এবং 3 সে.মি.। ২
খ. প্রমাণ কর যে, $\frac{PQ}{DE} = \frac{PR}{DF} = \frac{QR}{EF}$. ৪
গ. Δ DEF-এর ∠D এর সমদ্বিখণ্ডক DA ভূমি EF কে A বিন্দুতে ছেদ করেছে। আবার EF এর সমান্তরাল একটি রেখাংশ DE ও DF কে যথাক্রমে B ও C বিন্দুতে ছেদ করেছে। প্রমাণ কর যে, EA : AF = EB : FC. ৪

১০।



চিত্রে, ABC ও DEF দুইটি সদৃশ ত্রিভুজ।
ক. ত্রিভুজ দুইটির অনুরূপ বাহু ও অনুরূপ কোণগুলোর নাম লিখ। ২
খ. প্রমাণ কর যে, $\frac{\Delta ABC}{\Delta DEF} = \frac{BC^2}{EF^2}$. ৪
গ. ΔAPB-এ AP = BP এবং AB এর উপর R যেকোনো বিন্দু হলে, প্রমাণ কর যে, $RA^2 + RB^2 = 2PR^2$. ৪

অনুশীলনমূলক কাজ অংশ — Practice Activities Section

প্রিয় শিক্ষার্থী, পাঠ্যবইয়ের এ অধ্যায়ে অনুশীলনমূলক কাজ (একক ও দলগত) দেওয়া আছে। কাজগুলোর পূর্ণাঙ্গ সমাধান পাঠ্যবইয়ের পৃষ্ঠা নম্বর উল্লেখ করে নিচে প্রদত্ত হলো। তোমরা এ কাজগুলো একক বা দলগতভাবে সম্পাদন করে মূল্যায়নের জন্য শ্রেণি শিক্ষকের নিকট জমা দিবে।

অনুশীলনমূলক কাজ ▸

● পাঠ্যবইয়ের পৃষ্ঠা ২৭৬

কাজ ১ ▸ বিকল্প পদ্ধতিতে কোনো রেখাংশকে নির্দিষ্ট অনুপাতে অন্তর্বিভক্ত কর।
সমাধান : বিশেষ নির্বচন : মনে করি, AB একটি নির্দিষ্ট রেখাংশ। AB কে অন্তঃস্থভাবে m : n অনুপাতে বিভক্ত করতে হবে।



অঙ্কন : AB রেখাংশের A বিন্দু দিয়ে যে কোনো কোণে একটি রশ্মি AX আঁকি। AX থেকে m এর সমান করে AE কাটি। আবার EX থেকে n এর সমান করে EC কাটি। B, C যোগ করি। E বিন্দু দিয়ে ED ∥ CB আঁকি। মনে করি, ED, AB কে D বিন্দুতে ছেদ করে। তাহলে, AB রেখাংশ D বিন্দুতে m : n এ অন্তঃস্থভাবে বিভক্ত হয়েছে।
প্রমাণ : Δ ABC-এ,
AD : DB = AE : EC. [যেহেতু, ED ∥ CB]
= m : n
অতএব, D বিন্দুই নির্ণেয় বিন্দু যা AB কে m : n অনুপাতে বিভক্ত করে।

▸▸ অনুশীলনমূলক কাজ :

● পাঠ্যবইয়ের পৃষ্ঠা ২৭৭

কাজ ১ ▸ একটি নির্দিষ্ট ত্রিভুজের সদৃশ একটি ত্রিভুজ অঙ্কন কর যার বাহুগুলো মূল ত্রিভুজের বাহুগুলোর $\frac{3}{5}$ গুণ।
সমাধান : ধরি, ABC একটি নির্দিষ্ট ত্রিভুজ। এমন একটি ত্রিভুজ আঁকতে হবে যা প্রদত্ত ত্রিভুজ ABC এর সদৃশ ও যার বাহুগুলো ABC এর প্রত্যেক বাহুর $\frac{3}{5}$ গুণ।

অঙ্কনের বিবরণ :



ধাপ-১ : ABC ত্রিভুজের B বিন্দুতে AB এর সাথে যেকোনো কোণ করে BP রেখাংশ আঁকি যা BP = 5 সে.মি. হয়। P, A যোগ করি।
ধাপ-২ : BQ = 3 সে.মি. নিয়ে Q বিন্দুতে DQ ∥ PA আঁকি। QD, AB কে D বিন্দুতে ছেদ করে।
ধাপ-৩ : D বিন্দুতে DE ∥ AC আঁকি। DE, BC কে E বিন্দুতে ছেদ করে। তাহলে BDE-ই উদ্দিষ্ট ত্রিভুজ।

প্রমাণ : $\frac{BQ}{BP} = \frac{3}{5}$

সুতরাং $\frac{BD}{AB} = \frac{3}{5}$ হবে [অঙ্কনানুসারে]

আবার, DE ∥ AC বলে আমরা জানি

ত্রিভুজের যে কোন বাহুর সমান্তরাল সরলরেখা ঐ ত্রিভুজের অপর বাহুদ্বয়কে বা তাদের বর্ধিতাংশদ্বয়কে সমান অনুপাতে বিভক্ত করে।

∴ $\frac{BD}{AB} = \frac{BE}{BC} = \frac{3}{5}$

আবার, DE ∥ AC বলে

∠BDE = ∠BAC, ∠BED = ∠BCA [অনুরূপ কোণ বলে]

এখন, Δ BDE ও Δ ABC এর মধ্যে

∠BDE = ∠BAC, ∠BED = ∠BCA ও ∠B সাধারণ কোণ।

∴ Δ ABC ও Δ BDE সদৃশকোণী।

সুতরাং অনুরূপ বাহুগুলোর অনুপাত $\frac{BD}{AB} = \frac{BE}{BC} = \frac{DE}{AC} = \frac{3}{5}$.

www.abswer.com

www.abswer.com

অধ্যায় ১৪

অনুশীলনী ১৪.৩
প্রতিসমতা

সাধারণ জ্যামিতিক অংশ

পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

প্রিয় শিক্ষার্থী, পাঠ্যবইয়ে এ অধ্যায়ে অনুশীলনীতে বিভিন্ন ধরনের জ্যামিতিক প্রশ্ন দেওয়া আছে। প্রতিটি প্রশ্নের যথাযথ ও নির্ভুল সমাধান এ অংশে সংযোজন করা হলো। এসব প্রশ্ন ও সমাধানের অনুশীলন তোমাদের সৃজনশীল ও বহুনির্বাচনি প্রশ্নোত্তরের ধারণা সমৃদ্ধকরণে সহায়তা করবে।

পাঠ্যবইয়ের অনুশীলনীর বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

১. সমতলীয় জ্যামিতিতে—
i. ত্রিভুজ হলো সবচেয়ে কম সংখ্যক রেখাংশ দিয়ে গঠিত বহুভুজ
ii. চার বাহুবিশিষ্ট সুষম বহুভুজ হলো রম্বস
iii. সুষম পঞ্চভুজের বাহুগুলো সমান হলেও কোণগুলো অসমান
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓛ i ও ii ⓜ i ও iii ⓝ i, ii ও iii

▸▸ তথ্য/ব্যাখ্যা : সর্বনিম্ন 3টি বাহু দ্বারা গঠিত ভুজ হলো ত্রিভুজ। সুতরাং, ত্রিভুজ হলো সবচেয়ে কম সংখ্যক রেখাংশ দিয়ে গঠিত বহুভুজ।

২. বিষমবাহু ত্রিভুজের মোট কতটি প্রতিসাম্য রেখা আছে?
ⓚ শূন্যটি ⓛ একটি
ⓜ তিনটি ⓝ অসংখ্য

▸▸ তথ্য/ব্যাখ্যা : বিষমবাহু ত্রিভুজের প্রতিসাম্য রেখা নেই।

■ নিচের চিত্র হতে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :



বহুভুজটির প্রতিটি বাহুর দৈর্ঘ্য 6 সে.মি.।

৩. বহুভুজটির মোট কতটি প্রতিসাম্য রেখা আছে?
ⓚ 3টি ⓛ 6টি
ⓜ 7টি ⓝ অসংখ্য

▸▸ তথ্য/ব্যাখ্যা : বহুভুজটি একটি চতুর্ভুজ যার প্রতিটি বাহুর দৈর্ঘ্য 6 সে.মি. এর প্রতিসাম্য রেখা 6টি।

৪. বহুভুজটির—
i. ঘূর্ণন মাত্রা 4
ii. ঘূর্ণন কোণ 60°
iii. প্রতিটি কোণ সমান
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓛ ii ⓜ ii ও iii, ⓝ i, ii ও iii

▸▸ তথ্য/ব্যাখ্যা : বহুভুজটির ঘূর্ণন কোণের মান 60° এবং এর প্রতিটি কোণ সমান।

উত্তরের শুদ্ধতা/ নির্ভুলতা যাচাই করো

১	ⓚ	২	ⓚ	৩	ⓛ	৪	ⓜ

পাঠ্যবইয়ের অনুশীলনীর জ্যামিতিক প্রশ্নের সমাধান

প্রশ্ন ৫ ▸ নিচের চিত্রসমূহের কোনটির প্রতিসাম্য রেখা রয়েছে?
(ক) বাড়ির চিত্র (খ) মসজিদের চিত্র (গ) মন্দিরের চিত্র (ঘ) গীর্জার চিত্র (ঙ) প্যাগোডার চিত্র (চ) পার্লামেন্ট ভবনের চিত্র (ছ) মুখোশের চিত্র (জ) তাজমহলের চিত্র।

সমাধান :

(ক)	বাড়ির চিত্র	প্রতিসাম্য রেখা নেই
(খ)	 মসজিদের চিত্র	প্রতিসাম্য রেখা আছে
(গ)	মন্দিরের চিত্র	প্রতিসাম্য রেখা আছে
(ঘ)	 গীর্জার চিত্র	প্রতিসাম্য রেখা আছে
(ঙ)	 প্যাগোডার চিত্র	প্রতিসাম্য রেখা আছে
(চ)	 পার্লামেন্ট ভবনের চিত্র	প্রতিসাম্য রেখা আছে

www.abswer.com

www.abswer.com

(ছ) মুখোশের চিত্র	প্রতিসাম্য রেখা আছে
(জ)  তাজমহলের চিত্র	প্রতিসাম্য রেখা আছে

প্রশ্ন ৬ ▸ প্রতিসাম্য রেখা দেওয়া আছে (ড্যাশযুক্ত রেখা), জ্যামিতিক চিত্র সম্পূর্ণ কর এবং শনাক্ত কর :



সমাধান : প্রদত্ত জ্যামিতিক চিত্রগুলো সম্পূর্ণ করে শনাক্ত করা হল :



প্রশ্ন ৭ ▸ নিচের জ্যামিতিক চিত্রে প্রতিসাম্য রেখা নির্দেশ কর :



সমাধান :

	প্রদর্শিত চিত্রটিতে তিনটি প্রতিসাম্য রেখা নির্দেশ করে।
	প্রদর্শিত চিত্রটিতে দুইটি প্রতিসাম্য রেখা নির্দেশ করে।
	প্রদর্শিত চিত্রটিতে তিনটি প্রতিসাম্য রেখা নির্দেশ করে।
	প্রদর্শিত চিত্রটিতে দুইটি প্রতিসাম্য রেখা নির্দেশ করে।
	প্রদর্শিত চিত্রটিতে চারটি প্রতিসাম্য রেখা নির্দেশ করে।
	প্রদর্শিত চিত্রটিতে ১টি প্রতিসাম্য রেখা নির্দেশ করে।
	প্রদর্শিত চিত্রটিতে ৪টি প্রতিসাম্য রেখা নির্দেশ করে।

প্রশ্ন ৮ ▸ নিচের অসম্পূর্ণ জ্যামিতিক চিত্র সম্পূর্ণ কর যেন আয়না রেখা সাপেক্ষে প্রতিসম হয় :



সমাধান : নিচে প্রদত্ত অসম্পূর্ণ জ্যামিতিক চিত্র সম্পূর্ণ করা হল যেন আয়না রেখা সাপেক্ষে প্রতিসম হয় :

অধ্যায় ১৪

www.abswer.com

www.abswer.com



প্রশ্ন ৯ ▸ চিত্রের ঘূর্ণন প্রতিসমতা নির্ণয় কর :



সমাধান :

(ক)



চিত্রটি ঘূর্ণনবিন্দু হবে তার কেন্দ্র। এর ঘূর্ণন প্রতিসমতা আছে। ঘূর্ণন প্রতিসম কোণ 90°। সুতরাং ঘূর্ণন প্রতিসমতার মাত্রা 4।

(খ)



চিত্রটি ঘূর্ণনবিন্দু হবে তার কেন্দ্র। এর ঘূর্ণন প্রতিসমতা আছে। ঘূর্ণন প্রতিসম কোণ 72°। সুতরাং ঘূর্ণন প্রতিসমতার মাত্রা 5।

(গ)



চিত্রটি ঘূর্ণনবিন্দু হবে তার কেন্দ্র। এর ঘূর্ণন প্রতিসমতা আছে। ঘূর্ণন প্রতিসম কোণ 60°। সুতরাং ঘূর্ণন প্রতিসমতার মাত্রা 6।

(ঘ)

চিত্রটির ঘূর্ণন প্রতিসমতা আছে। ঘূর্ণন প্রতিসম কোণ 120°। সুতরাং ঘূর্ণন প্রতিসমতার মাত্রা হবে 3।

(ঙ)



চিত্রটির ঘূর্ণন প্রতিসমতা আছে। ঘূর্ণন প্রতিসম কোণ 90°। সুতরাং ঘূর্ণন প্রতিসমতার মাত্রা হবে 4।

(চ)



চিত্রটির ঘূর্ণন প্রতিসমতা আছে। ঘূর্ণন প্রতিসম কোণ 120°। সুতরাং ঘূর্ণন প্রতিসমতার মাত্রা হবে 3।

প্রশ্ন ১০ ▸ ইংরেজি বর্ণমালার যে সকল বর্ণের

(ক) অনুভূমিক আয়না
(খ) উল্লম্ব আয়না
(গ) অনুভূমিক ও উল্লম্ব উভয় আয়না সাপেক্ষে প্রতিফলন প্রতিসমতা রয়েছে সেগুলো আঁক।

সমাধান :

(ক) অনুভূমিক আয়নার সাপেক্ষে প্রতিফলন প্রতিসমতা রয়েছে সেই বর্ণগুলো হল—

B C D E K
H I O X

(খ) উল্লম্ব আয়নার সাপেক্ষে প্রতিফল প্রতিসমতা রয়েছে সেই বর্ণগুলো হল :

A H I M O T
U V W X Y

(গ) অনুভূমিক ও উল্লম্ব উভয় আয়নার সাপেক্ষে প্রতিসমতা রয়েছে সেই বর্ণগুলো হল :

H I O X

প্রশ্ন ১১ ▸ প্রতিসমতা নেই এমন তিনটি চিত্র অঙ্কন কর।

সমাধান : প্রতিসমতা নেই এমন তিনটি চিত্র অঙ্কন করা হলো :



P R

প্রশ্ন ১২ ▸ একটি লেবু আড়াআড়ি কেটে চিত্রের ন্যায় আকার পাওয়া গেল। সমতলীয় চিত্রটির ঘূর্ণন প্রতিসমতা নির্ণয় কর।



সমাধান : চিত্র হতে দেখা যায় যে, আড়াআড়িভাবে কাটার ফলে লেবুটির ৪টি একই রকম চিহ্নিত অংশ রয়েছে।
অতএব লেবুটির ঘূর্ণন প্রতিসমতা = 8
এবং ঘূর্ণন কোণ $= \frac{360°}{8} = 45°$
লেবুটি প্রত্যেক 45° কোণ ঘুরার পর চিত্রের কোণ ভিন্নতা লক্ষ করা যাবে না। অর্থাৎ একই রকম হবে।

প্রশ্ন ১৩ ▸ শূন্যস্থান পূরণ কর :

চিত্র	ঘূর্ণন কেন্দ্র	ঘূর্ণন প্রতিসমতার মাত্রা	ঘূর্ণন প্রতিসমতার কোণ
বর্গ	কর্ণদ্বয়ের ছেদবিন্দু	4	90°
আয়ত	কর্ণদ্বয়ের ছেদবিন্দু	2	180°
রম্বস	কর্ণদ্বয়ের ছেদবিন্দু	2	180°
সমবাহু ত্রিভুজ	মধ্যমাত্রয়ের ছেদবিন্দু	3	120°
অর্ধবৃত্ত	বৃত্তের কেন্দ্র	1	360°
সুষম পঞ্চভুজ	ভরকেন্দ্রে	5	72°

www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ১৪ ▶ যে সকল চতুর্ভুজের রেখা প্রতিসমতা ও 1 এর অধিক মাত্রার ঘূর্ণন প্রতিসমতা রয়েছে, তাদের তালিকা কর।

চিত্র	রেখা প্রতিসমতা	ঘূর্ণন প্রতিসমতা	ঘূর্ণন প্রতিসমতার কোণ
বর্গ	4	4	90°
আয়ত	4	2	180°
রম্বস	4	2	180°

প্রশ্ন ১৫ ▶ 1 এর অধিক মাত্রার ঘূর্ণন প্রতিসমতা রয়েছে এরূপ চিত্রের ঘূর্ণন কোণ 18° হতে পারে কি ? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও।

সমাধান : হ্যাঁ। 1 এর অধিক মাত্রার ঘূর্ণন প্রতিসমতা রয়েছে এরূপ চিত্রের ঘূর্ণন কোণ 18° হতে পারে।

কারণ, আমরা জানি, একবার পূর্ণ ঘূর্ণনে চার পাখা বিশিষ্ট কোণ একটি ফ্যানের ঘূর্ণন কোণ হবে 360°। এখন ফ্যানটি 90° কোণে ঘূর্ণনের ফলে তা দেখতে হুবহু পূর্বের ন্যায় হয়।

অতএব, প্রতিসমতার মাত্রা $= \frac{360°}{90°} = 4$

যুক্তি :



দেওয়া আছে, ঘূর্ণন কোণ = 18°

অতএব প্রতিসমতার মাত্রা $= \frac{360°}{18°} = 20$

অর্থাৎ কোন চিত্রের প্রতিসমতার মাত্রা যদি 20 হয় তবে তার ঘূর্ণন কোণ 18° হতে পারে। সুতরাং 1 এর অধিক মাত্রার ঘূর্ণন প্রতিসমতা রয়েছে এরূপ চিত্রের ঘূর্ণন কোণ 18° হতে পারে।

নিচের চিত্রে 18° কোণের ঘূর্ণন প্রতিসমতা দেখানো হলো :



বহুনির্বাচনি অংশ — MCQ SECTION

প্রিয় শিক্ষার্থী, বহুনির্বাচনি অংশে তোমাদের সেরা প্রস্তুতির জন্য এসএসসি পরীক্ষার প্রশ্নোত্তরের পাশাপাশি সেরা স্কুলের টেস্ট পরীক্ষার প্রশ্নোত্তর এবং মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত প্রশ্নোত্তর সংযোজন করা হয়েছে। অনুশীলনের সুবিধার্থে প্রশ্নের নিচে সঠিক উত্তরের সপক্ষে যুক্তি (তথ্য/ব্যাখ্যা) দেওয়া হয়েছে।

সকল বোর্ডের এসএসসি পরীক্ষার বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর — সঠিক উত্তরের সপক্ষে যুক্তি সংবলিত

সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন

১. নিচের কোনটি এক মাত্রার ঘূর্ণন প্রতিসমতা প্রদর্শন করে? [ঢা. বো. '২০]

ⓚ
ⓚⓗ
ⓖ

ⓖⓗ

২. বৃত্তের ঘূর্ণন প্রতিসমতার মাত্রা কত? [সি. বো. '২০; ব. বো. '১৭]

ⓚ 0 ⓚⓗ 1
ⓖ 2 ⓖⓗ অসীম

▶▶ তথ্য/ব্যাখ্যা : বৃত্তের প্রতিসাম্য রেখা অসংখ্য। তাই বৃত্তের ঘূর্ণন প্রতিসমতার মাত্রা অসীম।

৩. একটি বর্গের কতটি প্রতিসাম্য রেখা আছে? [দি. বো. '২০; রা. বো. '১৭' ১৬; চ. বো. '১৭]

ⓚ 8 টি ⓚⓗ 6 টি ⓖ 4 টি ⓖⓗ 2 টি

▶▶ তথ্য/ব্যাখ্যা :



∴ বর্গের চারটি প্রতিসাম্য রেখা।

৪. সুষম ষড়ভুজের কয়টি প্রতিসাম্য রেখা রয়েছে? [য. বো. '২০; কু. বো. '১৫]

ⓚ 4 ⓚⓗ 6
ⓖ 8 ⓖⓗ 12

▶▶ তথ্য/ব্যাখ্যা :



সুষম ষড়ভুজের ছয়টি প্রতিসাম্য রেখা।

৫.



উপরের চিত্রটির মোট কতটি প্রতিসাম্য রেখা আছে? [রা. বো. '২০]

ⓚ 0 ⓚⓗ 2
ⓖ 4 ⓖⓗ 8

৬. Δ ABC এ, AB = AC হলে, এর প্রতিসাম্য রেখা কতটি? [য. বো. '২০]

ⓚ 1 টি ⓚⓗ 2 টি ⓖ 3 টি ⓖⓗ 4 টি

▶▶ তথ্য/ব্যাখ্যা : Δ ABC-এ, AB = AC
∴ Δ ABC একটি সমদ্বিবাহু ত্রিভুজ। এর প্রতিসাম্য রেখা 1 টি।



৭. রম্বসের প্রতিসাম্য রেখার সংখ্যা কয়টি? [চ. বো. '২০]

ⓚ 0 ⓚⓗ 1 ⓖ 2 ⓖⓗ 4

৮. রম্বসের প্রতিসাম্য রেখা কতটি? [ঢা. বো. '১৯; য. বো. '১৬]

ⓚ 1 টি ⓚⓗ 2 টি ⓖ 3 টি ⓖⓗ 4 টি

▶▶ তথ্য/ব্যাখ্যা : রম্বসকে 180° ও 360° কোণে ঘুরালে দেখতে একই রকম থাকে। তাই রম্বসের প্রতিসাম্য রেখা 2 টি।

উত্তরের শুদ্ধতা/ নির্ভুলতা যাচাই করো

১	ⓖ	২	ⓖⓗ	৩	ⓖ	৪	ⓚⓗ	৫	ⓖⓗ	৬	ⓚ	৭	ⓖ	৮	ⓚⓗ

www.abswer.com

৯. M এর ঘূর্ণন প্রতিসাম্য কোণ কত? [ঢা. বো. '১৯]
(ক) 90° (খ) 180°
(গ) 270° (ঘ) 360°

১০. সমদ্বিবাহু ত্রিভুজের কতটি প্রতিসাম্য রেখা আছে? [য. বো. '১৯]
(ক) 4 (খ) 3
(গ) 2 (ঘ) 1

১১. চার পাখাবিশিষ্ট একটি সিলিং ফ্যানের ঘূর্ণন প্রতিসমতার মাত্রা কত? [কু.বো. '১৯]
(ক) 1 (খ) 2
(গ) 3 (ঘ) 4

১২. ইংরেজি S বর্ণের ঘূর্ণন কোণ কত? [চ. বো. '১৯]
(ক) 90° (খ) 180°
(গ) 270° (ঘ) 360°

১৩. 8 এর ঘূর্ণন কোণ কত ডিগ্রি? [দি. বো. '১৯]
(ক) 90° (খ) 120°
(গ) 180° (ঘ) 360°

১৪. H অক্ষরটির ঘূর্ণন কোণ কত? [সকল বোর্ড ২০১৮]
(ক) 30° (খ) 60°
(গ) 90° (ঘ) 180°

▸▸ তথ্য/ব্যাখ্যা : H অক্ষরটিকে 180° কোণে ঘুরালে অক্ষরটি দেখতে একই রকম হয়।
∴ অক্ষরটির ঘূর্ণন কোণ 180°.

১৫. বৃত্তের প্রতিসাম্য রেখা কতটি? [সকল বোর্ড ২০১৮]
(ক) 1 (খ) 3
(গ) 3 (ঘ) অসংখ্য

▸▸ তথ্য/ব্যাখ্যা : বৃত্ত একটি আদর্শ প্রতিসম চিত্র। এর কেন্দ্রগামী যেকোনো রেখা এর প্রতিসাম্য রেখা। তাই বৃত্তের অসংখ্য প্রতিসাম্য রেখা আছে।

১৬. নিচের কোনটি সুষম বহুভুজ? [চ. বো. '১৭]
(ক) ত্রিভুজ (খ) বর্গক্ষেত্র
(গ) পঞ্চভুজ (ঘ) ষড়ভুজ

▸▸ তথ্য/ব্যাখ্যা : বহুভুজের রেখাংশগুলোর দৈর্ঘ্য সমান ও কোণগুলো সমান হয়।

১৭. একটি সমবাহু ত্রিভুজের প্রতিসাম্য রেখা কয়টি? [ঢা. বো. '১৫, য. বো. '১৫; কু. বো. '১৬; ব. বো. '১৭]
(ক) 9 (খ) 8
(গ) 6 (ঘ) 3

▸▸ তথ্য/ব্যাখ্যা :



সমবাহু ত্রিভুজের প্রতিসাম্য রেখা তিনটি।

১৮. পাখার পূর্ণ ঘূর্ণনের কোণের পরিমাণ কত? [ঢা. বো. '১৭]
(ক) 90° (খ) 180°
(গ) 270° (ঘ) 360°

১৯. Z বর্ণটির ঘূর্ণন প্রতিসমতার মাত্রা কোনটি? [রা. বো. '১৭]
(ক) 1 (খ) 2
(গ) 3 (ঘ) 4

২০. একটি পাখার অর্ধঘূর্ণনের পরিমাণ কত ডিগ্রি? [সি. বো. '১৭, '১৬]
(ক) 90° (খ) 180°
(গ) 270° (ঘ) 360°

২১. চার পাখাবিশিষ্ট ফ্যানের ঘূর্ণন প্রতিসমতার অর্ধমাত্রা কত? [রা. বো. '১৫]
(ক) 2 (খ) 3
(গ) 4 (ঘ) 6

▸▸ তথ্য/ব্যাখ্যা : চার পাখাবিশিষ্ট ফ্যানের ঘূর্ণন প্রতিসমতার মাত্রা 4
∴ চার পাখাবিশিষ্ট ফ্যানের ঘূর্ণন প্রতিসমতার অর্ধমাত্রা $= \frac{4}{2} = 2.$

২২. তিন পাখাবিশিষ্ট একটি ফ্যানের ঘূর্ণন কোণ কত ডিগ্রি? [সি. বো. '১৫]
(ক) 60° (খ) 90°
(গ) 108° (ঘ) 120°

২৩. কোনটির অসংখ্য প্রতিসাম্য রেখা রয়েছে? [দি. বো. '১৫]
(ক) বৃত্তের (খ) বর্গের
(গ) ত্রিভুজের (ঘ) আয়তের

▸▸ তথ্য/ব্যাখ্যা : বৃত্ত একটি আদর্শ প্রতিসম চিত্র। বৃত্তকে এর কেন্দ্রের সাপেক্ষে যেকোনো কোণে ও যেকোনো দিকে ঘুরালে এর অবস্থানের পরিবর্তন লক্ষ করা যায় না। তাই বৃত্তের ঘূর্ণন প্রতিসমতার মাত্রা অসীম। একই সময়ে বৃত্তের কেন্দ্রগামী যেকোনো রেখা এর প্রতিসাম্য রেখা। সুতরাং বৃত্তের অসংখ্য প্রতিসাম্য রেখা রয়েছে।

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

২৪.


বহুভুজটির—
i. ঘূর্ণন মাত্রা 5
ii. ঘূর্ণন কোণ 60°
iii. প্রতিটি কোণ সমান
নিচের কোনটি সঠিক? [সি. বো. '২০]
(ক) i (খ) ii (গ) i ও ii (ঘ) ii ও iii

২৫.


চিত্রের সুষম বহুভুজটির—
i. ঘূর্ণনমাত্রা 4
ii. ঘূর্ণনকোণ 60°
iii. প্রতিটি কোণ 120°
নিচের কোনটি সঠিক? [রা. বো. '১৯]
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৬. একটি বর্গক্ষেত্রের—
i. প্রতিসাম্য রেখা 4
ii. ঘূর্ণন প্রতিসমতার মাত্রা 6
iii. ঘূর্ণন কোণ 90°
নিচের কোনটি সঠিক? [ব. বো. '১৯]
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৭. ইংরেজি বর্ণমালায় প্রতিসাম্য রেখা আছে— [সি. বো. '১৫]
i. A, B, C
ii. H, O, I
iii. M, N, P
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উত্তরের শুদ্ধতা/ নির্ভুলতা যাচাই করো

৯	ঘ	১০	ঘ	১১	ঘ	১২	খ	১৩	গ	১৪	ঘ	১৫	ঘ	১৬	খ	১৭	ঘ	১৮	ঘ
১৯	খ	২০	খ	২১	ক	২২	ঘ	২৩	ক	২৪	ঘ	২৫	গ	২৬	খ	২৭	ক		

www.abswer.com

শীর্ষস্থানীয় স্কুলসমূহের টেস্ট পরীক্ষার বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর — বিষয়বস্তুর ধারায় প্রণীত

সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন

২৮. একটি সুষম ত্রিভুজের প্রতিসম মাত্রা কত? [আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]

ⓚ 1 ⓚ 2 ⓖ 3 ⓘ 4

▸▸ তথ্য/ব্যাখ্যা : সমবাহু ত্রিভুজ একটি সুষম ত্রিভুজ।
সমবাহু ত্রিভুজের প্রতিসম মাত্রা 3
অতএব, সুষম ত্রিভুজের প্রতিসম মাত্রা 3.

২৯. চিত্রটির ঘূর্ণন কোণ কত? [সেন্ট যোসেফ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা]

ⓚ 50° ⓚ 120° ⓖ 108° ⓘ 72°

৩০. চার পাখাবিশিষ্ট ফ্যানের ঘূর্ণন প্রতিসমতার অর্ধমাত্রা কত? [মনিপুর উচ্চ বিদ্যালয় এন্ড কলেজ, ঢাকা]

ⓚ 2 ⓚ 3 ⓖ 4 ⓘ 6

৩১. একটি সুষম পঞ্চভুজের প্রতিসাম্য রেখা কয়টি? [শেরপুর সরকারি ভিক্টোরিয়া একাডেমি, শেরপুর]

ⓚ 2 ⓚ 3 ⓖ 4 ⓘ 5

৩২. 

চিত্রটির ঘূর্ণন কোণ কত? [বগুড়া জিলা স্কুল, বগুড়া]

ⓚ 60° ⓚ 108° ⓖ 120° ⓘ 180°

৩৩. একটি আয়তক্ষেত্রের ঘূর্ণন প্রতিসাম্যতা মাত্রা কত? [নবাব ফয়জুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কুমিল্লা]

ⓚ 1 ⓚ 2 ⓖ 3 ⓘ 4

৩৪. পাখার অর্ধঘূর্ণন কোণ কত? [জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট]

ⓚ 45° ⓚ 90° ⓖ 135° ⓘ 180°

৩৫. C বর্ণটির ঘূর্ণন প্রতিসমতার মাত্রা কোনটি? [বরিশাল জিলা স্কুল, বরিশাল]

ⓚ 1 ⓚ 2 ⓖ 3 ⓘ 4

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

৩৬. ইংরেজি বর্ণমালার প্রতিসাম্য রেখা আছে—
i. A, B, C ii. H, O, I iii. M, N, P
নিচের কোনটি সঠিক? [শহীদ বীর উত্তম লেঃ আনোয়ার গার্লস কলেজ, ঢাকা]

ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৩৭. প্রতিসাম্য রেখা আছে—
i. পার্লামেন্ট ভবনের চিত্রে ii. মন্দিরের চিত্রে
iii. মসজিদের চিত্রে
নিচের কোনটি সঠিক? [আজিমপুর গভর্নমেন্ট গার্লস স্কুল এন্ড কলেজ, ঢাকা]

ⓚ i ⓚ i ও ii ⓖ i ও iii ⓘ i, ii ও iii

৩৮.

i. ফুলটি প্রতিসম
ii. এর প্রতিসাম্যরেখা ৫টি
iii. ফুলটি উল্লম্ব আয়নার সাপেক্ষে প্রতিসম
নিচের কোনটি সঠিক? [নরসিংদী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

ⓚ i ⓚ i ও ii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৩৯. একটি রম্বসের—
i. ঘূর্ণন প্রতিসমতার কোণ 90°
ii. ঘূর্ণন কেন্দ্র কর্ণদ্বয়ের ছেদবিন্দু
iii. প্রতিসাম্য রেখা দুইটি
নিচের কোনটি সঠিক? [বরিশাল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, বরিশাল]

ⓚ ii ও iii ⓚ iii ⓖ i ও iii ⓘ i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন

■ উদ্দীপকটি পড়ে ৪০ ও ৪১নং প্রশ্নের উত্তর দাও : [বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা]

৪০. প্রদত্ত চিত্রের আয়তক্ষেত্রটির কয়টি প্রতিসাম্য রেখা রয়েছে?

ⓚ 2 ⓚ 3 ⓖ 4 ⓘ 6

৪১. প্রদত্ত আয়তক্ষেত্রটিকে ইহার কেন্দ্রের সাপেক্ষে ঘড়ির কাঁটার ঘূর্ণনের বিপরীত দিকে ঘুরালে ঘূর্ণন কোণ কত?

ⓚ 72° ⓚ 90° ⓖ 120° ⓘ 180°

■ নিচের তথ্যের ভিত্তিতে ৪২ ও ৪৩ নং প্রশ্নের উত্তর দাও :



[গভঃ মডেল গার্লস হাই স্কুল, ব্রাহ্মণবাড়িয়া]

৪২. চিত্র-ক এর প্রতিসম কত হবে?

ⓚ ১টি ⓚ ২টি
ⓖ ৩টি ⓘ ৪টি

৪৩. চিত্র-খ এর ঘূর্ণন মাত্রা কত হতে পারে?

ⓚ সসীম ⓚ অসংখ্য
ⓖ ১০০টি ⓘ ক ও খ উভয়টি

মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর — বিষয়বস্তুর ধারায় প্রণীত

সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন

৪৪. প্রতিসমতা একটি প্রয়োজনীয় জ্যামিতিক ধারণা যা কোথায় থাকে? (সহজমান)

ⓚ প্রকৃতি ⓚ কৃত্রিমভাবে তৈরি করে
ⓖ বইয়ে ⓘ উপরের কোনোটিই নয়

৪৫. কতকগুলো রেখাংশ দ্বারা আবদ্ধ চিত্রকে কী বলে? (সহজমান)

ⓚ ত্রিভুজ ⓚ চতুর্ভুজ
ⓖ বহুভুজ ⓘ রেখা

৪৬. কোনটি সুষম চতুর্ভুজ? (মধ্যমান)

ⓚ ট্রাপিজিয়াম ⓚ আয়তক্ষেত্র
ⓖ সামান্তরিক ⓘ বর্গক্ষেত্র

▸▸ তথ্য/ব্যাখ্যা : বর্গক্ষেত্রের বাহুগুলোর দৈর্ঘ্য সমান ও কোণগুলো সমান।

৪৭. তিনটি প্রতিসাম্য রেখা আছে নিচের কোনটির? (সহজমান)

ⓚ ত্রিভুজ ⓚ সমবাহু ত্রিভুজ
ⓖ সমকোণী ত্রিভুজ ⓘ বিষমবাহু ত্রিভুজ

উত্তরের শুদ্ধতা/ নির্ভুলতা যাচাই করো

২৮	ⓖ	২৯	ⓘ	৩০	ⓚ	৩১	ⓘ	৩২	ⓖ	৩৩	ⓘ	৩৪	ⓚ	৩৫	ⓚ	৩৬	ⓚ	৩৭	ⓘ
৩৮	ⓘ	৩৯	ⓚ	৪০	ⓚ	৪১	ⓘ	৪২	ⓚ	৪৩	ⓚ	৪৪	ⓚ	৪৫	ⓖ	৪৬	ⓘ	৪৭	ⓚ

www.abswer.com

www.abswer.com

৪৮. সুষম ষড়ভুজের কয়টি প্রতিসাম্য রেখা আছে? (কঠিনমান)
ⓚ ৪টি ⓛ ৫টি
ⓜ ৬টি ⓝ ৭টি

৪৯. চারটি প্রতিসাম্য রেখা আছে কোনটির? (সহজমান)
ⓚ আয়তক্ষেত্র ⓛ সামান্তরিক
ⓜ রম্বস ⓝ বর্গক্ষেত্র

৫০. রেখা প্রতিসমতাকে কী বলা হয়? (সহজমান)
ⓚ প্রতিফলন প্রতিসমতা ⓛ প্রতিসরণ প্রতিসমতা
ⓜ আয়না প্রতিসমতা ⓝ লেন্স প্রতিসমতা

৫১. সুষম পঞ্চভুজের ১টি কোণের মান কত? (কঠিনমান)
ⓚ 100° ⓛ 102°
ⓜ 108° ⓝ 120°

৫২. সুষম পঞ্চভুজের পাঁচ কোণের সমষ্টি কত? (কঠিনমান)
ⓚ 360° ⓛ 380° ⓜ 540° ⓝ 600°

▸▸ তথ্য/ব্যাখ্যা : সুষম পঞ্চভুজের পাঁচ কোণের সমষ্টি
$= 5 \times 180° - 360° = 900° - 360° = 540°$.

৫৩. নির্দিষ্ট বিন্দুর সাপেক্ষে ঘূর্ণনের ফলে বস্তুর কী পরিবর্তন হয় না? (সহজমান)
ⓚ আকৃতি ও আকার ⓛ আকার
ⓜ বস্তুর ধর্ম ⓝ বস্তুর প্রকৃতি

৫৪. একটি প্রতিসম বস্তুর ঘূর্ণন কোণ 40°. পূর্ণ ঘূর্ণন সম্পন্ন করলে কয়টি স্থানে বস্তুটির আকৃতিতে পরিবর্তন ঘটবে না? (কঠিনমান)
ⓚ 4 ⓛ 7
ⓜ 9 ⓝ 11

▸▸ তথ্য/ব্যাখ্যা : পূর্ণ ঘূর্ণন সংখ্যা $= \frac{360°}{40°} = 9$

৫৫. ঘূর্ণনের ফলে বস্তুর আকৃতি ও আকার পরিবর্তন না হয়ে আদি অবস্থানের মতো হলে কী হবে? (মধ্যমান)
ⓚ ঘূর্ণন প্রতিসমতা ⓛ প্রতিসম
ⓜ ঘূর্ণনশীলতা ⓝ পরিবর্তনশীলতা

৫৬. বস্তু ঘূর্ণনের সময় যে পরিমাণ কোণে ঘোরে তাকে কী বলে? (কঠিনমান)
ⓚ ঘূর্ণন কেন্দ্র ⓛ ঘূর্ণন কোণ
ⓜ ঘূর্ণন বিন্দু ⓝ ঘূর্ণন বর্গ

৫৭. বস্তু এক বার পূর্ণ ঘূর্ণনের ফলে কত ডিগ্রি কোণ উৎপন্ন করে? (কঠিনমান)
ⓚ 180° ⓛ 330° ⓜ 360° ⓝ 380°

▸▸ তথ্য/ব্যাখ্যা : এক বার পূর্ণ ঘূর্ণনের ফলে উৎপন্ন কোণ = 4 সমকোণ $= 4 \times 90° = 360°$

৫৮. চার পাখাবিশিষ্ট একটি ফ্যান একবার পূর্ণ ঘূর্ণনে কতটি অবস্থানে অপরিবর্তিত থাকে (মধ্যমান)
ⓚ তিনটি ⓛ চারটি
ⓜ পাঁচটি ⓝ ছয়টি

৫৯. E অক্ষরটিতে প্রতিসাম্য রেখা কতটি– (মধ্যমান)
ⓚ একটি ⓛ দুইটি
ⓜ তিনটি ⓝ চারটি

▸▸ তথ্য/ব্যাখ্যা : 

∴ E অক্ষরটিতে একটি প্রতিসাম্য রেখা আছে।

৬০. A অক্ষরটিতে কয়টি প্রতিসাম্য রেখা আছে? (কঠিনমান)
ⓚ ১টি ⓛ ২টি ⓜ ৩টি ⓝ ৪টি

▸▸ তথ্য/ব্যাখ্যা :

∴ A অক্ষরটিতে ১টি প্রতিসাম্য রেখা আছে।

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

৬১. নিচের তথ্যগুলো লক্ষ কর :
i. চার বাহু বিশিষ্ট সুষম বহুভুজ হল বর্গক্ষেত্র
ii. বর্গক্ষেত্রের চারটি প্রতিসাম্য রেখা আছে
iii. আয়তক্ষেত্রের ২টি প্রতিসাম্য রেখা
উপরের তথ্যের আলোকে কোনটি সঠিক? (মধ্যমান)
ⓚ i ও ii ⓛ ii ও iii ⓜ i ও iii ⓝ i, ii ও iii

৬২. নিচের তথ্যগুলো লক্ষ কর :
i. বর্গের কর্ণের ছেদ বিন্দু ঘূর্ণন কেন্দ্র
ii. বৃত্ত একটি আদর্শ প্রতিসমচিত্র
iii. বৃত্তের ঘূর্ণন প্রতিসমতার মাত্রা অসীম
উপরের তথ্যের আলোকে কোনটি সঠিক? (মধ্যমান)
ⓚ i ও ii ⓛ ii ও iii ⓜ i ও iii ⓝ i, ii ও iii

৬৩. নিচের তথ্যগুলো লক্ষ কর :
i. রম্বসের প্রতিসমতা চারটি
ii. আয়তের প্রতিসমতা দুইটি
iii. z-এর ঘূর্ণন প্রতিসমতার মাত্রা দুইটি
উপরের তথ্যের আলোকে কোনটি সঠিক? (কঠিনমান)
ⓚ i ও ii ⓛ ii ও iii ⓜ i ও iii ⓝ i, ii ও iii

৬৪. নিচের তথ্যগুলো লক্ষ কর :
i. ঘূর্ণনের ফলে বস্তুর আকার আকৃতির পরিবর্তন হয় না
ii. ঘড়ির কাটার বিপরীত দিকে ঘূর্ণনকে ধনাত্মক দিক হিসেবে ধরা হয়
iii. অর্ধ ঘূর্ণনের কোণের পরিমাণ 180°
উপরের তথ্যের আলোকে কোনটি সঠিক? (সহজমান)
ⓚ i ও ii ⓛ ii ও iii ⓜ i ও iii ⓝ i, ii ও iii

৬৫. নিচের তথ্যগুলো লক্ষ কর :
i. সাইকেলের চাকা উভয়দিকে ঘুরতে পারে
ii. যে বিন্দুর সাপেক্ষে বস্তুটি ঘোরে তা হল ঘূর্ণন কেন্দ্র
iii. বর্গের ২ মাত্রায় ঘূর্ণন প্রতিসমতা আছে
উপরের তথ্যের আলোকে কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ ii ও iii ⓜ i ও iii ⓝ i, ii ও iii

৬৬. নিচের তথ্যগুলো লক্ষ কর :
i. প্রতিসমতা একটি জ্যামিতিক ধারণা
ii. শিল্পী কারিগর ডিজাইনার, সুতার প্রতিসমতা ব্যবহার করেন
iii. গাছের পাতা, ফুল, মৌচাক, ঘরবাড়ি, টেবিল, চেয়ার সব কিছুর মধ্যে প্রতিসমতা বিদ্যমান
উপরের তথ্যের আলোকে নিচের কোনটি সঠিক? (সহজমান)
ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন

■ 

উপরের তথ্যের আলোকে ৬৭ ও ৬৮ নং প্রশ্নেরগুলোর উত্তর দাও :

৬৭. ঘূর্ণন কোণ কত ডিগ্রি? (মধ্যমান)
ⓚ 90° ⓛ 180° ⓜ 150° ⓝ 120°

৬৮. প্রতিসমতা কয়টি? (মধ্যমান)
ⓚ ৩টি ⓛ ৪টি
ⓜ ৫টি ⓝ ৬টি

উত্তরের শুদ্ধতা/নির্ভুলতা যাচাই করো

৪৮	ⓜ	৪৯	ⓝ	৫০	ⓚ	৫১	ⓜ	৫২	ⓜ	৫৩	ⓚ	৫৪	ⓜ	৫৫	ⓚ	৫৬	ⓛ	৫৭	ⓜ	৫৮	ⓛ
৫৯	ⓚ	৬০	ⓚ	৬১	ⓝ	৬২	ⓝ	৬৩	ⓛ	৬৪	ⓝ	৬৫	ⓚ	৬৬	ⓝ	৬৭	ⓚ	৬৮	ⓝ		

www.abswer.com

www.abswer.com

সৃজনশীল অংশ CREATIVE SECTION

প্রিয় শিক্ষার্থী, সৃজনশীল অংশে তোমাদের সেরা প্রস্তুতির জন্য এসএসসি পরীক্ষার প্রশ্ন ও সমাধানের পাশাপাশি সেরা স্কুলের টেস্ট পরীক্ষার প্রশ্ন, মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত প্রশ্ন, অনুশীলনমূলক কাজ নির্ভর এবং সমন্বিত অধ্যায়ের প্রশ্ন ও সমাধান সংযোজন করা হয়েছে।

মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত সৃজনশীল প্রশ্ন ও সমাধান — শিখনফলের ধারায় প্রণীত

শিখনফল ৫ : প্রতিসমতার ধারণা ব্যাখ্যা করতে পারব।

প্রশ্ন ১ ▸ পাঠ্যবইয়ের শিখনফল ৫-এর আলোকে প্রণীত



সমবাহু ত্রিভুজ
চিত্র-১

সুষম ষড়ভুজ
চিত্র-২

ক. সুষম বহুভুজ কী? ২

খ. চিত্র-১ ও চিত্র-২ এর কয়টি করে প্রতিসাম্য রেখা আছে? ৪

গ. চিত্রের সাহায্যে বর্গক্ষেত্র ও সুষম সপ্তভুজের প্রতিসাম্য রেখা দেখাও। ৪

১নং প্রশ্নের সমাধান

ক বহুভুজ হল কতকগুলো রেখা দ্বারা আবদ্ধ চিত্র যে বহুভুজের রেখাংশগুলোর দৈর্ঘ্য সমান ও কোণগুলো সমান তাকে সুষম বহুভুজ বলা হয়।

খ চিত্র-১ ও চিত্র-২-এ যথাক্রমে ৩টি ও ৬টি করে প্রতিসাম্য রেখা আছে। চিত্রের মাধ্যমে তা প্রকাশ করা হল।

সমবাহু ত্রিভুজ
চিত্র-১

সুষম ষড়ভুজ
চিত্র-২

গ যার প্রত্যেকটি বাহু সমান ও সমান্তরাল ও প্রত্যেকটি কোণ সমকোণ তা বর্গ। চিত্রের মাধ্যমে বর্গের প্রতিসাম্য রেখা দেখানো হল :



উপরের চিত্র হতে দেখা যায় যে, বর্গক্ষেত্রের প্রতিসাম্য রেখা 4।
যে সপ্তভুজের ৭টি বাহু পরস্পর সমান তাকে সুষম সপ্তভুজ বলে।

সুষম সপ্তভুজ

উপরের চিত্র হতে দেখা যায় যে, সুষম সপ্তভুজের প্রতিসাম্য রেখা 7।

শিখনফল ৬ : হাতে-কলমে বাস্তব উপকরণের সাহায্যে রেখা ও ঘূর্ণন প্রতিসমতা যাচাই করতে পারব

প্রশ্ন ২ ▸ পাঠ্যবইয়ের শিখনফল ৬-এর আলোকে প্রণীত

চিত্র দুইটি লক্ষ করো :



চিত্র-১ চিত্র-২

ক. চিত্রটির ঘূর্ণন কোণ কত? ২

খ. উপরের চিত্রের ঘূর্ণন প্রসিমতার মাত্রা ব্যাখ্যা কর। ৪

গ. চিত্রের সাথে তুলনা করে অন্য একটি সুষম ক্ষেত্রের ঘূর্ণন মাত্রা নির্ণয় কর। ৪

২নং প্রশ্নের সমাধান

ক ঘূর্ণনের সময় যে পরিমাণ কোণে ঘোরে তা হল ঘূর্ণন কোণ। অর্থাৎ চিত্রটির ঘূর্ণন কোণ হবে 90°।

খ চিত্রের বস্তুটির একবার পূর্ণ ঘূর্ণনের কোণের পরিমাণ 360°, অর্ধ ঘূর্ণনের পরিমাণ 180°। নিচের চিত্রে চার পাখা বিশিষ্ট ফ্যান 90° করে ঘূর্ণনের ফলে বিভিন্ন অবস্থান দেখানো হয়েছে। একবার পূর্ণ ঘূর্ণনে ঠিক চারটি অবস্থানে (90°, 180°, 270°, 360° কোণে ঘূর্ণনের ফলে) ফ্যানটি দেখতে হুবহু একই রকম। এইজন্য ফ্যানটির ঘূর্ণন প্রতিসমতার মাত্রা 4।



গ একটি সুষম বর্গক্ষেত্র নিই। বর্গের কর্ণ দুইটির ছেদবিন্দুকে ঘূর্ণন কেন্দ্র ধরি। ঘূর্ণন কেন্দ্রের সাপেক্ষে বর্গটি এক-চতুর্থাংশ ঘূর্ণনের ফলে যেকোনো কৌণিক বিন্দুর অবস্থান দ্বিতীয় চিত্রের ন্যায় হবে। এভাবে বারবার এক-চতুর্থাংশ ঘূর্ণনের ফলে বর্গটি আদি অবস্থানে ফিরে আসে। তাই বর্গের 4 মাত্রায় ঘূর্ণন প্রতিসমতা রয়েছে।



www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ৩ ▸ পাঠ্যবইয়ের শিখনফল ৬-এর আলোকে প্রণীত

চিত্র দুইটি লক্ষ কর :



ক. সুষম বহুভুজ কাকে বলে? ২

খ. প্রথম চিত্রটির ঘূর্ণন প্রতিসমতা নির্ণয় কর। ৪

গ. দেখাও যে, চিত্রদ্বয়ের ঘূর্ণন প্রতিসমতার মাত্রা সমান। ৪

[পাঠ্যবইয়ের অনুশীলনী ১৪.৩ এর ৯ নং এর আলোকে]

৩নং প্রশ্নের সমাধান

ক **সুষম বহুভুজ :** বহুভুজ কতকগুলো রেখাংশ দ্বারা আবদ্ধ চিত্র। বহুভুজের রেখাংশদ্বয়ের দৈর্ঘ্য ও সমান কোণগুলো সমান হলে একে সুষম বহুভুজ বলা হয়।

খ



প্রথম চিত্রটির ঘূর্ণনবিন্দু হবে তার কেন্দ্র। এর ঘূর্ণন প্রতিসমতা আছে। ঘূর্ণন প্রতিসম কোণ 90°। সুতরাং ঘূর্ণন প্রতিসমতার মাত্রা 4।

গ খ-হতে প্রাপ্ত, প্রথম চিত্রের ঘূর্ণন প্রতিসমতার মাত্রা 4



দ্বিতীয় চিত্রটির ঘূর্ণন বিন্দু হবে তার কেন্দ্র। চিত্রটির ঘূর্ণন প্রতিসমতা আছে। ঘূর্ণন প্রতিসম কোণ 90°। সুতরাং ঘূর্ণন প্রতিসমতার মাত্রা হবে 4। অতএব, চিত্রদ্বয়ের প্রতিসমতার মাত্রা সমান। (দেখানো হলো)

অধিক অনুশীলনের জন্য আরও সৃজনশীল প্রশ্ন ও উত্তর — প্রশ্নব্যাংক আকারে উপস্থাপিত

৪। E এবং H দুইটি ইংরেজি বর্ণ।

ক. ঘূর্ণন কোণ কী? ২

খ. প্রদত্ত বর্ণটির প্রতিসাম্য রেখা নির্ণয় কর। ৪

গ. দেখাও যে, প্রদত্ত দ্বিতীয় বর্ণটির ঘূর্ণন কোণ 180°। ৪

উত্তর : খ. 1 টি।

৫। চিত্রে ABC একটি সমবাহু ত্রিভুজ।



ক. ত্রিভুজটির প্রতিসাম্য রেখা কয়টি? ২

খ. ত্রিভুজটির ঘূর্ণন কোণ নির্ণয় কর। ৪

গ. প্রমাণ কর যে, AB + BC > AC। ৪

উত্তর : ক. ৩ টি; খ. 120°।

অনুশীলনমূলক কাজ অংশ — Practice Activities Section

প্রিয় শিক্ষার্থী, পাঠ্যবইয়ের এ অধ্যায়ে অনুশীলনমূলক কাজ (একক ও দলগত) দেওয়া আছে। কাজগুলোর পূর্ণাঙ্গ সমাধান পাঠ্যবইয়ের পৃষ্ঠা নম্বর উল্লেখ করে নিচে প্রদত্ত হলো। তোমরা এ কাজগুলো একক বা দলগতভাবে সম্পাদন করে মূল্যায়নের জন্য শ্রেণি শিক্ষকের নিকট জমা দিবে।

অনুশীলনমূলক কাজ ▸ ● পাঠ্য বইয়ের পৃষ্ঠা-২৭৯

কাজ ক ▸ তুমি কাগজ কেটে পাশের চিত্রের ডিজাইন তৈরি করেছে। চিত্রে প্রতিসম রেখাসমূহ চিহ্নিত কর। এর কয়টি প্রতিসাম্য রেখা রয়েছে?

সমাধান : চিত্রে প্রতিসাম্য রেখা চিহ্নিত করা হল :

চিত্রে ৪টি প্রতিসাম্য রেখা আছে।

কাজ খ ▸ ইংরেজি বর্ণমালার যে সকল বর্ণের প্রতিসাম্য রেখা রয়েছে সেগুলো লিখে প্রতিসাম্য রেখা চিহ্নিত কর।

সমাধান : ইংরেজি বর্ণমালার যে সকল বর্ণের প্রতিসাম্য রেখা রয়েছে সেগুলো লিখে প্রতিসাম্য রেখা চিহ্নিত করা হলো :

www.abswer.com

www.abswer.com

▸▸ অনুশীলনমূলক কাজ : • পাঠ্যবইয়ের পৃষ্ঠা ২৮০

কাজ ক ▸ প্রতিসাম্য রেখা দেওয়া আছে, অন্য ফোটা প্রদর্শন কর :



সমাধান : প্রতিসাম্য রেখার সাপেক্ষে প্রদত্ত চিত্রগুলোর অন্য ফোটা প্রদর্শন করা হলো :



কাজ খ ▸ নিচের জ্যামিতিক চিত্রের প্রতিসাম্য রেখার সংখ্যা নির্ণয় কর :
(১) সমদ্বিবাহু ত্রিভুজ (২) বিষমবাহু ত্রিভুজ (৩) বর্গক্ষেত্র (৪) রম্বস (৫) সুষম ষড়ভুজ (৬) পঞ্চভুজ (৭) বৃত্ত।

সমাধান : (১)



চিত্র : সমদ্বিবাহু ত্রিভুজ

সমদ্বিবাহু ত্রিভুজের একটি প্রতিসাম্য রেখা (ড্যাশযুক্ত রেখা)

(২)



চিত্র : বিষমবাহু ত্রিভুজ

বিষমবাহু ত্রিভুজের কোনো প্রতিসাম্য রেখা নেই।

(৩)



চিত্র : বর্গক্ষেত্র

বর্গক্ষেত্রের প্রতিসাম্য রেখার সংখ্যা চার (ড্যাশযুক্ত রেখা)।

(৪)



চিত্র : রম্বস

রম্বসের প্রতিসাম্য রেখার সংখ্যা দুই (ড্যাশযুক্ত রেখা)।

(৫)



একটি সুষম ষড়ভুজের প্রতিসাম্য রেখা ছয়টি।

(৬)



সুষম পঞ্চভুজ হলে পাঁচটি প্রতিসাম্য রেখা থাকবে। অন্যথায় অপ্রতিসম হবে।

(৭)



একটি বৃত্ত তার ব্যাসের সাপেক্ষে প্রতিসম। যেহেতু বৃত্তের অসংখ্য ব্যাস আঁকা যাবে। তাই বৃত্তের প্রতিসাম্য রেখা অসংখ্য।

▸▸ অনুশীলনমূলক কাজ : • পাঠ্যবইয়ের পৃষ্ঠা ২৮১ এর কাজ

কাজ ক ▸ তোমার চারপাশের পরিবেশ থেকে 5টি সমতলীয় বস্তুর উদাহরণ দাও যাদের ঘূর্ণন প্রতিসমতা রয়েছে।

সমাধান :

১। মার্বেল

২। চার পাখা বিশিষ্ট ফ্যান



৩। সাইকেলের চাকা



৪। ছক্কা

৫। বই

www.abswer.com

www.abswer.com

কাজ খ ▸ নিচের চিত্রের ঘূর্ণন প্রতিসমতা নির্ণয় কর।

(ক) (খ) (গ) (ঘ) (ঙ)



সমাধান : (ক)



ঘূর্ণন কেন্দ্র O
ঘূর্ণন প্রতিসমতা আছে
ঘূর্ণন কোণ 90°
ঘূর্ণনের দিক ঘড়ির কাটার দিকে বা বিপরীত দিকে ঘূর্ণন প্রতিসমের মাত্রা 4.

(খ)



ঘূর্ণন কেন্দ্র ×
ঘূর্ণন কোণ 180°
ঘূর্ণন প্রতিসমতার মাত্রা 2

(গ) চাকাটির ঘূর্ণন প্রতিসমতা আছে।
চিত্রে O বিন্দুটি চাকাটির ঘূর্ণনকেন্দ্র



চিত্রে, 120° করে ঘড়ির কাঁটার বিপরীত দিকে চাকাটির ঘূর্ণনের ফলে বিভিন্ন অবস্থান দেখানো হলো।
∴ ঘূর্ণন কোণ = 120°।

একবার পূর্ণ ঘূর্ণনে ঠিক তিনটি অবস্থানে (120°, 240° ও 360° কোণে ঘূর্ণনের ফলে) চাকাটি দেখতে হুবহু একই রকম।
চাকাটির ঘূর্ণন প্রতিসমতার মাত্রা 3।
[ধরি, x বাহু বিশিষ্ট সুষম বহুভুজের ঘূর্ণন কোণ 120°।

$\therefore \quad \frac{360°}{x} = 120°$

বা, $x = \frac{360°}{120°}$

$\therefore \quad x = 3$

অর্থাৎ 3 বাহুবিশিষ্ট সুষম বহুভুজ বা সমবাহু ত্রিভুজের ঘূর্ণন কোণ 120°।]

(ঘ)



ঘূর্ণন কেন্দ্র ×
ঘূর্ণন কোণ 90°
ঘূর্ণন প্রতিসমতার মাত্রা 4

(ঙ)



ঘূর্ণন প্রতিসমতা আছে
ঘূর্ণন কেন্দ্র ×
ঘূর্ণন কোণ 120°
ঘূর্ণন প্রতিসমতার মাত্রা 3.

PART 03 এক্সক্লুসিভ সাজেশন্স Exclusive Suggestions

মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক নির্বাচিত ১০০% প্রস্তুতি উপযোগী প্রশ্ন সংবলিত এক্সক্লুসিভ সাজেশন্স

স্কুল ও এসএসসি পরীক্ষায় সৃজনশীল অংশে সেরা প্রস্তুতির জন্য নিচের ছকে প্রদত্ত গুরুত্বসূচক চিহ্ন সংবলিত প্রশ্নের সমাধান ভালোভাবে অনুশীলন করবে। বহুনির্বাচনি প্রশ্ন অধ্যায়ের যেকোনো লাইন হতে আসতে পারে বিধায় প্রশ্নসংখ্যা উল্লেখ করে সাজেশন্স প্রদান করলে তা কমনের নিশ্চয়তা প্রদান করে না। এজন্য বহুনির্বাচনি অংশে ১০০% প্রস্তুতি নিশ্চিত করতে PART 02 এর প্রশ্নসমূহের উত্তর ভালোভাবে অনুশীলন করবে এবং PART 04 এ পরীক্ষা দিবে।

বিষয়/ শিরোনাম		গুরুত্বসূচক চিহ্ন ৭ স্টার	৫ স্টার	৩ স্টার
বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর	PART 02 (অনুশীলন অংশ) এর সব বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর স্কুল ও এসএসসি পরীক্ষার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।			
সৃজনশীল প্রশ্ন ও সমাধান	অনুশীলনী ১৪.১	২, ৫, ৯	১, ৪, ১০	৩, ৭
	অনুশীলনী ১৪.২	৩, ৭	২, ৮	১, ৩
	অনুশীলনী ১৪.৩	২	১	৩

www.abswer.com

www.abswer.com

PART 04 যাচাই ও মূল্যায়ন Assessment & Evaluation

অধ্যায়ভিত্তিক প্রস্তুতি যাচাই ও মূল্যায়নের জন্য মডেল টেস্ট আকারে বহুনির্বাচনি ও সৃজনশীল প্রশ্নপত্র ও উত্তরমালা

পরীক্ষাপ্রস্তুতি যাচাই ও মূল্যায়নের জন্য বহুনির্বাচনি প্রশ্নব্যাংক ও উত্তরমালা (মডেল টেস্ট আকারে প্রদত্ত)

বহুনির্বাচনি মডেল টেস্ট

সময় : ৩০ মিনিট   পূর্ণমান : ৩০

[বহুনির্বাচনি প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক /সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোন প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. ΔABC ও ΔDEF সদৃশ এবং $AB : DE = 2 : 3$ হলে $\Delta DEF : \Delta ABC$ = কত?
ক 4:9 খ 9:4 গ 2:3 ঘ 3:2

২. ΔABC এর AB ও AC বাহুর মধ্যবিন্দু P ও Q হলে, $\Delta ABC : \Delta APQ$ এর মান কোনটি?
ক 1:2 খ 1:4 গ 2:1 ঘ 4:1

৩. ABC ত্রিভুজের $\angle B = 90$ এবং $\angle A : \angle C = 3:6$ হলে কোণ দুইটির অনুপাত কোনটি?
ক 15° : 75° খ 40° : 50° গ 45° : 90° ঘ 30° : 60°

৪. ΔABC এর AB ও AC বাহুর মধ্যবিন্দু যথাক্রমে P ও Q হলে, $\Delta ABC : \Delta APQ$ = কত?
ক 1:2 খ 1:4 গ 2:1 ঘ 4:1

৫. ΔABC ও ΔDEF সদৃশকোণী। $\frac{AB}{DE} = \frac{2}{3}$ এবং BC = 12 cm হলে EF = কত?
ক 36 cm খ 18 cm গ 15 cm ঘ 9 cm

৬. a ∶ b = x ∶ y এবং c ∶ d = x ∶ y হলে কোনটি সঠিক?
ক a ∶ x = b ∶ y খ a : y = b : x
গ c ∶ x = b ∶ y ঘ a : b = c : d

৭. a : b = x : y হলে–
i. a : b = x : y ii. b : a = y : x iii. a : x = b : y
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

৮. 

AB এর মধ্য বিন্দু D এবং DE ∥ BC হলে নিচের কোনটি সঠিক?
ক AE ∶ CE = 2 ∶ 2 খ AE ∶ CE = 1 ∶ 1
গ AE ∶ CE = 2 ∶ 1 ঘ AE ∶ CE = 1 ∶ 2

৯. দুইটি ত্রিভুজের উচ্চতা সমান হলে তাদের–
i. ক্ষেত্রফল সমান ii. ভূমি সমান iii. ক্ষেত্রফল ও ভূমি সমানুপাতিক
নিচের কোনটি সঠিক?
ক i খ ii গ iii ঘ i, ii ও iii

১০. ΔABC ও ΔDEF এর $\frac{AB}{DE} = \frac{AC}{DF} = \frac{BC}{EF}$ হলে–
ক $\angle A = \angle E$ খ $\angle A = \angle B$ গ $\angle A = \angle F$ ঘ $\angle A = \angle D$

■ নিচের চিত্রানুযায়ী ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও :



১১. EFGH পৃষ্ঠের প্রতিসাম্য রেখা কয়টি?
ক 8 খ 4 গ 3 ঘ 2

১২. BH এর দৈর্ঘ্য কত?
ক 4.47 সে.মি. (প্রায়) খ 6.71 সে.মি. (প্রায়)
গ 7.07 সে.মি. (প্রায়) ঘ 8.66 সে.মি. (প্রায়)

১৩. নিচের চিত্রে DE ∥ BC হলে নিচের কোনটি x এর সঠিক মান?

ক 8 সে. মি. খ 10 সে. মি. গ 12 সে. মি. ঘ 14 সে. মি.

১৪. ΔABC ও ΔDEF সদৃশ। AB = 2, BC = 3, DE = 3 হলে EF = ?
ক 3 খ 4 গ 4.5 ঘ 5.5

১৫. ΔABC ও ΔDEF সদৃশকোণী। $\frac{AB}{DE} = \frac{2}{3}$ এবং BC = 12 cm হলে EF = কত?
ক 36 cm খ 18 cm গ 15 cm ঘ 9 cm

১৬. দুইটি ত্রিভুজ সদৃশকোণী হলে তাদের অনুরূপ বাহুগুলো–
ক সমান খ ভগ্নাংশ গ ব্যস্তানুপাতিক ঘ সমানুপাতিক

১৭. ΔABC এবং ΔDEF সদৃশ এবং AB : DE = 2 : 3 হলে AC : DF = কত?
ক 1:2 খ 2:3 গ 3:4 ঘ 4:5

১৮. বৃত্তের ঘূর্ণন প্রতিসমতার মাত্রা কত?
ক 0 খ 1 গ 2 ঘ অসীম

১৯. একটি বর্গের কতটি প্রতিসাম্য রেখা আছে?
ক 8 টি খ 6 টি গ 4 টি ঘ 2 টি

২০. সুষম ষড়ভুজের কয়টি প্রতিসাম্য রেখা রয়েছে?
ক 4 খ 6 গ 8 ঘ 12

২১. রম্বসের প্রতিসাম্য রেখা কতটি?
ক 1 টি খ 2 টি গ 3 টি ঘ 4 টি

২২. সবচেয়ে কম সংখ্যক রেখা দ্বারা আবদ্ধ বহুভুজ কোনটি?
ক ত্রিভুজ খ চতুর্ভুজ গ পঞ্চভুজ ঘ ষড়ভুজ

২৩. কোনটির মধ্য প্রতিসমতা নেই?
ক মৌচাক খ চেয়ার গ ফুল ঘ কলম

২৪. একটি সুষম ত্রিভুজের প্রতিসম মাত্রা কত?
ক 1 খ 2 গ 3 ঘ 4

২৫. একটি বর্গের প্রতিসম রেখা কতটি?
ক 1 খ 2 গ 3 ঘ 4

২৬. ইংরেজি বর্ণ F এর প্রতিসাম্য রেখা কয়টি?
ক 0 খ 1 গ 2 ঘ 3

২৭. সামান্তরিকের ঘূর্ণন প্রতিসমতার মাত্রা কত?
ক 4 খ 3 গ 2 ঘ 1

২৮. একটি বর্গক্ষেত্রের কয়টি প্রতিসাম্য রেখা আছে?
ক 2 খ 3 গ 4 ঘ 5

■ নিচের তথ্যের আলোকে ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও :
ΔABC এর AB = BC = CA = 3 সে. মি. এবং D, E ও F যথাক্রমে AB, BC ও CA বাহুর মধ্যবিন্দু।



২৯. ΔDEF এর ক্ষেত্রফল কত?
ক 3.9 বর্গ সে. মি. খ 0.975 বর্গ সে. মি.
গ 0.75 বর্গ সে. মি. ঘ 0.49 বর্গ সে. মি.

৩০. ΔABC এর প্রতিসাম্য রেখা কয়টি?
ক 9 খ 6 গ 3 ঘ 0

উত্তরমালা : বহুনির্বাচনি

১	খ	২	ঘ	৩	ঘ	৪	ঘ	৫	খ	৬	ঘ	৭	খ	৮	খ	৯	গ	১০	ঘ	১১	খ	১২	ঘ	১৩	খ	১৪	গ	১৫	খ
১৬	ঘ	১৭	খ	১৮	ঘ	১৯	গ	২০	খ	২১	খ	২২	ক	২৩	ঘ	২৪	গ	২৫	ঘ	২৬	ক	২৭	গ	২৮	গ	২৯	খ	৩০	গ

www.abswer.com

www.abswer.com

অধ্যায় ১৫

ক্ষেত্রফল সম্পর্কিত উপপাদ্য ও সম্পাদ্য
Area Related Theorems and Constructions



এ অধ্যায়ে অনন্য A+ সংযোজন

শিখনফল ও বোর্ড প্রশ্নপত্র বিশ্লেষণ | পাঠ্যবইয়ের সূত্রসহ প্রশ্ন ও সমাধান | বোর্ড ও স্কুল প্রশ্ন ও সমাধান | সমন্বিত অধ্যায়ের প্রশ্ন ও সমাধান | যাচাই ও মূল্যায়ন

অধ্যায়ের সিলেবাস

• সমতল ক্ষেত্রের ক্ষেত্রফল • বহুভুজক্ষেত্রের ক্ষেত্রফলের ধারণা • ক্ষেত্রফল সংক্রান্ত উপপাদ্য যাচাই ও প্রমাণ • প্রদত্ত উপাত্ত ব্যবহার করে বহুভুজক্ষেত্র অঙ্কন ও অঙ্কনের যথার্থতা যাচাই • ত্রিভুজক্ষেত্রের ক্ষেত্রফলের সমান চতুর্ভুজক্ষেত্র অঙ্কন • চতুর্ভুজক্ষেত্রের ক্ষেত্রফলের সমান ত্রিভুজক্ষেত্র অঙ্কন।

প্রাথমিক আলোচনা — Primary Discussion

সীমাবদ্ধ সমতল ক্ষেত্রের আকৃতি বিভিন্ন রকম হতে পারে। সমতল ক্ষেত্র যদি চারটি বাহুদ্বারা সীমাবদ্ধ হয়, তবে তাকে আমরা চতুর্ভুজ বলে থাকি। এই চতুর্ভুজের আবার শ্রেণিবিভাগ আছে এবং আকৃতি ও বৈশিষ্ট্যের উপর ভিত্তি করে তাদের নামকরণও করা হয়েছে। এই সকল সমতল ক্ষেত্রের বাইরে অনেক ক্ষেত্র আছে যাদের বাহু চারের অধিক। আলোচিত এ সকল ক্ষেত্রই বহুভুজক্ষেত্র। প্রত্যেক সীমাবদ্ধ সমতলক্ষেত্রের নির্দিষ্ট পরিমাপ আছে যাকে ক্ষেত্রফল বলে অভিহিত করা হয়। এই সকল ক্ষেত্রফল পরিমাপের জন্য সাধারণত এক একক বাহুবিশিষ্ট বর্গক্ষেত্রের ক্ষেত্রফল ব্যবহার করা হয় এবং তাদের ক্ষেত্রফলকে বর্গ একক হিসেবে লেখা হয়। উপপাদ্য ও সম্পাদ্যের সাহায্যেও কোনো ক্ষেত্রের ক্ষেত্রফল পরিমাপ করা যেতে পারে।

ওয়েব লিংকড — তথ্য সংযোগ

শিখনফলের ধারাবাহিকতায় প্রশ্ন তৈরিতে এবং উত্তরকে তথ্যবহুল ও নির্ভুলতা নিশ্চিতকরণে বোর্ড বইয়ের পাশাপাশি নিম্নোক্ত ওয়েব লিংকের সহায়তা নেওয়া হয়েছে–

math.about.com › ... › Geometry › Pythagorean
en.wikipedia.org/wiki/Pappus's_centroid_theorem
www.mathwarehouse.com/geometry/circle/
www.math.utah.edu/lectures/math1210/29PostNotes.pdf

পরিচিতি ও অবদান — অধ্যায়ের বিষয়বস্তু সংশ্লিষ্ট শীর্ষস্থানীয় গণিতবিদ

জোহানেস কেপলার (Johannes Kepler)

জোহানেস কেপলার (১৫৭১–১৬৩০) একাধারে জার্মান গণিতবিদ, জ্যোতির্বিজ্ঞানী ও জ্যোতিষী ছিলেন। কেপলারের গ্রহীয় গতিসূত্রের কারণে তিনি বিখ্যাত হয়ে আছেন। কেপলার মহাবিশ্ব নিয়ে গবেষণার সময় ক্ষেত্রফলের ধারণা দেন। তিনি অন্তঃবৃত্ত ও পরিবৃত্তের বিশ্লেষণীয় ধারণা প্রদান করেন। এছাড়া কোপার্নিকাসকে পৌরকেন্দ্রিক তত্ত্বের ধারণা উপস্থাপন করেছিলেন। কেপলার সেই ধারণার তিনটি গাণিতিক ব্যাখ্যা দেন তিনটি গাণিতিক সূত্রের সাহায্যে। তিনি প্রচলিত বৃত্তাকার কক্ষপথের পরিবর্তে উপবৃত্তাকার কক্ষপথ কল্পনা করে সাফল্য অর্জন করেন।

পিথাগোরাস (Pythagoras)

পিথাগোরাস (খ্রিস্টপূর্ব ৫৮২–৫০১) ছিলেন একজন গ্রিক দার্শনিক এবং গণিতবিদ। পিথাগোরাস সমকোণী ত্রিভুজের বাহুগুলোর সম্পর্কের সূত্রের জন্য সারাবিশ্বে পরিচিত (যাকে বলা হয় পিথাগোরাসের সূত্র)। তিনি এমন একটি স্কুল প্রতিষ্ঠা করেন যেখানে গণিত, সঙ্গীত, বিজ্ঞান, দর্শন ও ধর্ম শিক্ষার ব্যবস্থা করা হয়। সংখ্যাতত্ত্ব এবং ত্রিমাত্রিক ও ক্ষেত্রফল সম্পর্কীয় জ্যামিতি শাস্ত্রে পিথাগোরাস অনেক বেশি অবদান রাখেন। পিথাগোরাস বিশ্বাস করতেন যে, "সকল বস্তুই সংখ্যা, গণিত হলো সবকিছুর ভিত্তি এবং জ্যামিতি গণিত চর্চার সর্বোৎকৃষ্ট পন্থা।"

www.abswer.com

www.abswer.com

PART 02 অনুশীলন Practice

স্কুল ও এসএসসি পরীক্ষায় সেরা প্রস্তুতির জন্য
১০০% সঠিক ফরম্যাট অনুসরণে শিখনফল
এবং অনুচ্ছেদের ধারায় প্রশ্ন ও সমাধান

শিখন অর্জন যাচাই

- ক্ষেত্রফল সম্পর্কিত উপপাদ্য ও সম্পাদ্য সম্পর্কে ধারণা লাভ করব।
- ত্রিভুজক্ষেত্রের ক্ষেত্রফল ও চতুর্ভুজ ক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয়ের কৌশল শিখতে পারব।
- প্রদত্ত উপাত্তের সাহায্যে ত্রিভুজ ও চতুর্ভুজ ক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় করতে পারব।

শিখন সহায়ক উপকরণ

- ত্রিভুজ ও চতুর্ভুজ আকৃতির বিভিন্ন বস্তুর ছবি।
- পাঠ্যবইয়ের ২৮৬ পৃষ্ঠার ছবি।
- পাঠ্যবইয়ের সমস্যা ও কার্যাবলি।

সাধারণ জ্যামিতিক অংশ — পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

প্রিয় শিক্ষার্থী, পাঠ্যবইয়ে এ অধ্যায়ে অনুশীলনীতে বিভিন্ন ধরনের জ্যামিতিক প্রশ্ন দেওয়া আছে। প্রতিটি প্রশ্নের যথাযথ ও নির্ভুল সমাধান এ অংশে সংযোজন করা হলো। এসব প্রশ্ন ও সমাধানের অনুশীলন তোমাদের সৃজনশীল ও বহুনির্বাচনি প্রশ্নোত্তরের ধারণা সমৃদ্ধকরণে সহায়তা করবে।

পাঠ্যবইয়ের অনুশীলনীর বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

১। ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য দেওয়া আছে; নিচের কোন ক্ষেত্রে সমকোণী ত্রিভুজ অঙ্কন সম্ভব নয়?

(ক) 3 সে.মি., 4 সে.মি., 5 সে.মি. (খ) 6 সে.মি., 8 সে.মি., 10 সে.মি.
(গ) 5 সে.মি., 7 সে.মি., 9 সে.মি. (ঘ) 5 সে.মি., 12 সে.মি., 13 সে.মি.

▸▸ তথ্য/ব্যাখ্যা : সমকোণী ত্রিভুজের ক্ষেত্রে, $(\text{ভূমি})^2 + (\text{লম্ব})^2 = (\text{অতিভুজ})^2$
(ক) এর ক্ষেত্রে, $3^2 + 4^2 = 9 + 16 = 25 = 5^2$; ত্রিভুজ আঁকা সম্ভব
(খ) এর ক্ষেত্রে, $6^2 + 8^2 = 36 + 64 = 100 = (10)^2$; " "
(গ) এর ক্ষেত্রে, $5^2 + 7^2 = 25 + 49 = 74 = (\sqrt{74})^2 \neq 9^2$; ত্রিভুজ আঁকা সম্ভব নয়।
(ঘ) এর ক্ষেত্রে, $5^2 + (12)^2 = 25 + 144 = 169 = (13)^2$; ত্রিভুজ আঁকা সম্ভব।

২। সমতলীয় জ্যামিতিতে—
i. প্রত্যেক সীমাবদ্ধ সমতলক্ষেত্রের নির্দিষ্ট ক্ষেত্রফল রয়েছে
ii. দুইটি ত্রিভুজক্ষেত্রের ক্ষেত্রফল সমান হলেই ত্রিভুজ দুইটি সর্বসম
iii. দুইটি ত্রিভুজ সর্বসম হলে তাদের ক্ষেত্রফল সমান

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

▸▸ তথ্য/ব্যাখ্যা : সমতল জ্যামিতির ক্ষেত্রে, i ও iii ই সঠিক।

■ পাশের চিত্রে, ΔABC সমবাহু, $AD \perp BC$ এবং $AB = 2$।
উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :



৩। BD = কত?

(ক) 1 (খ) $\sqrt{2}$
(গ) 2 (ঘ) 4

▸▸ তথ্য/ব্যাখ্যা : ABC সমবাহু ত্রিভুজে $AB = BC = CA = 2$
$\therefore BD = \frac{1}{2} \times BC = \frac{1}{2} \times 2 = 1$.

৪। ত্রিভুজটির উচ্চতা কত?

(ক) $\frac{4}{\sqrt{3}}$ (খ) $\sqrt{3}$ (গ) $\frac{2}{\sqrt{3}}$ (ঘ) $2\sqrt{3}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : ত্রিভুজটির উচ্চতা, $AD = \sqrt{AB^2 - BD^2}$
$= \sqrt{2^2 - 1} = \sqrt{4 - 1} = \sqrt{3}$

উত্তরের শুদ্ধতা/ নির্ভুলতা যাচাই করো

১	(গ)	২	(খ)	৩	(ক)	৪	(খ)

পাঠ্যবইয়ের অনুশীলনীর জ্যামিতিক প্রশ্নের সমাধান

প্রশ্ন ৫ ▸ প্রমাণ কর যে, সামান্তরিকের কর্ণদ্বয় সামান্তরিকক্ষেত্রটিকে চারটি সমান ত্রিভুজক্ষেত্রে বিভক্ত করে।

সমাধান : বিশেষ নির্বচন : মনে করি, ABCD একটি সামান্তরিক। এর AC ও BD কর্ণদ্বয় পরস্পর O বিন্দুতে ছেদ করেছে। প্রমাণ করতে হবে যে, AC ও BD কর্ণদ্বয় ABCD সামান্তরিক ক্ষেত্রটিকে চারটি সমান ত্রিভুজক্ষেত্রে বিভক্ত করে।



অর্থাৎ Δ-ক্ষেত্র AOB-এর ক্ষেত্রফল = Δ ক্ষেত্র BOC এর ক্ষেত্রফল = Δ ক্ষেত্র COD এর ক্ষেত্রফল = Δ ক্ষেত্র AOD এর ক্ষেত্রফল।

প্রমাণ : ধাপ ১ : ABCD সামান্তরিকের কর্ণদ্বয় AC ও BD পরস্পর O বিন্দুতে ছেদ করেছে।
সুতরাং $AO = OC$ [সামান্তরিকের কর্ণদ্বয় পরস্পরকে সমদ্বিখণ্ডিত করে]
এবং $BO = OD$ [সামান্তরিকের কর্ণদ্বয় পরস্পরকে সমদ্বিখণ্ডিত করে]

ধাপ ২ : ΔABC-এর মধ্যমা BO [$\because AO = OC$]
$\therefore$ Δ ক্ষেত্র AOB এর ক্ষেত্রফল = Δ ক্ষেত্র BOC এর ক্ষেত্রফল।
[ত্রিভুজের মধ্যমা ত্রিভুজটিকে সমান ক্ষেত্রফলবিশিষ্ট দুইটি ত্রিভুজে বিভক্ত করে]

ধাপ ৩ : আবার, ΔBCD এর মধ্যমা OC [ধাপ (১) থেকে]
$\therefore$ Δ ক্ষেত্র BOC এর ক্ষেত্রফল = Δ ক্ষেত্র COD এর ক্ষেত্রফল
[ত্রিভুজের মধ্যমা ত্রিভুজটিকে সমান ক্ষেত্রফলবিশিষ্ট দুইটি ত্রিভুজে বিভক্ত করে]

ধাপ ৪ : আবার, ΔADC এর মধ্যমা DO [ধাপ (১) থেকে]
$\therefore$ Δ ক্ষেত্র COD এর ক্ষেত্রফল = Δ ক্ষেত্র AOD এর ক্ষেত্রফল
[ত্রিভুজের মধ্যমা ত্রিভুজটিকে সমান ক্ষেত্রফলবিশিষ্ট দুইটি ত্রিভুজে বিভক্ত করে]

ধাপ ৫ : Δ ক্ষেত্র AOB = Δ ক্ষেত্র BOC = Δ ক্ষেত্র COD = Δ ক্ষেত্র AOD.
[ধাপ (২), (৩) এবং (৪) থেকে]
(প্রমাণিত)

www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ৬ ▸ প্রমাণ কর যে, কোনো বর্গক্ষেত্র তার কর্ণের উপর অঙ্কিত বর্গক্ষেত্রের অর্ধেক।

সমাধান : বিশেষ নির্বচন : মনে করি, ABCD একটি বর্গক্ষেত্র। এর AC কর্ণ। প্রমাণ করতে হবে যে, $AB^2 = \frac{1}{2}AC^2$.



প্রমাণ :

ধাপ ১ : Δ ABC-এ ∠B = এক সমকোণ [বর্গক্ষেত্রের সকল কোণ সমকোণ]

∴ Δ ABC সমকোণী এবং AC এর অতিভুজ।

ধাপ ২ : $AC^2 = AB^2 + BC^2$ [পিথাগোরাসের উপপাদ্য অনুযায়ী]

[বর্গক্ষেত্রের বাহুগুলো পরস্পর সমান]

বা, $AC^2 = AB^2 + AB^2$

বা, $2AB^2 = AC^2$

∴ $AB^2 = \frac{1}{2}AC^2$. (প্রমাণিত)

প্রশ্ন ৭ ▸ প্রমাণ কর যে, ত্রিভুজের যেকোনো মধ্যমা ত্রিভুজক্ষেত্রটিকে সমান ক্ষেত্রফল বিশিষ্ট দুইটি ত্রিভুজক্ষেত্রে বিভক্ত করে।

সমাধান :

বিশেষ নির্বচন : মনে করি, Δ ABC-এ AD একটি মধ্যমা।

প্রমাণ করতে হবে যে, Δ ক্ষেত্র ABD = Δ ক্ষেত্র ACD.



অঙ্কন : A বিন্দু থেকে BC-এর উপর AE লম্ব আঁকি।

প্রমাণ :

ধাপ ১ : Δ ABC-এ AD মধ্যমা

BD = CD [AD মধ্যমা বলে, D, BC এর মধ্যবিন্দু]

Δক্ষেত্র ABD-এর ক্ষেত্রফল $= \frac{1}{2} \times BD \times AE$

[ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ ভূমি $\times$ উচ্চতা]

ধাপ ২: আবার, Δক্ষেত্র ACD-এর

ক্ষেত্রফল $= \frac{1}{2} \times CD \times AE$ [ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ ভূমি $\times$ উচ্চতা]

$= \frac{1}{2} \times BD \times AE$

ধাপ ৩ : Δ ক্ষেত্র ABD = Δ ক্ষেত্র ACD। [(১) ও (২) থেকে] (প্রমাণিত)

প্রশ্ন ৮ ▸ একটি সামান্তরিকক্ষেত্র এবং সমান ক্ষেত্রফলবিশিষ্ট একটি আয়তক্ষেত্র একই ভূমির উপর এবং এর একই পাশে অবস্থিত। দেখাও যে, সামান্তরিকক্ষেত্রটির পরিসীমা আয়তক্ষেত্রটির পরিসীমা অপেক্ষা বৃহত্তর।

সমাধান : বিশেষ নির্বচন : মনে করি, ABCD একটি সামান্তরিক ক্ষেত্রের ক্ষেত্রফল এবং ABGH একটি আয়তক্ষেত্রের ক্ষেত্রফল সমান এবং একই ভূমি AB-এর উপর অবস্থিত। প্রমাণ করতে হবে যে, ABCD ক্ষেত্রের পরিসীমা ABGH ক্ষেত্রের পরিসীমা অপেক্ষা বৃহত্তর।



প্রমাণ :

ধাপ ১ : ABCD সামান্তরিকক্ষেত্রের

পরিসীমা = 2(AB + BC) [সামান্তরিক ক্ষেত্রের পরিসীমা = 2 (দৈর্ঘ্য + প্রস্থ)]

ABGH আয়তক্ষেত্রের পরিসীমা = 2(AB + BG) [আয়তক্ষেত্রের পরিসীমা = 2 (দৈর্ঘ্য + প্রস্থ)]

ধাপ ২: উভয়ক্ষেত্রের পরিসীমা কমবেশি নির্ভর করে BC ও BG এর দৈর্ঘ্যের মানের উপর।

BG, CD এর উপর লম্ব হওয়ায় BGC একটি সমকোণী ত্রিভুজ এবং BC অতিভুজ।

∴ BC > BG [সমকোণী ত্রিভুজের অতিভুজ বৃহত্তর বাহু]

বা, AB + BC > AB + BG [উভয়পক্ষে AB যোগ করে]

বা, 2(AB + BC) > 2(AB + BG) [উভয়পক্ষকে 2 দ্বারা গুণ করে]

∴ ABCD সামান্তরিকক্ষেত্রের পরিসীমা > ABGH আয়তক্ষেত্রের পরিসীমা। [ধাপ (১) হতে]

সুতরাং ABCD সামান্তরিকক্ষেত্রের পরিসীমা ABGH আয়তক্ষেত্রের পরিসীমা অপেক্ষা বৃহত্তর। (দেখানো হলো)

প্রশ্ন ৯ ▸ Δ ABC এর AB ও AC বাহুদ্বয়ের মধ্যবিন্দু যথাক্রমে X ও Y. প্রমাণ কর যে, Δ AXY এর ক্ষেত্রফল $= \frac{1}{4}$ Δ ABC এর ক্ষেত্রফল।

সমাধান : বিশেষ নির্বচন : দেওয়া আছে, Δ ABC-এর AB ও AC বাহুদ্বয়ের মধ্যবিন্দু যথাক্রমে X ও Y. প্রমাণ করতে হবে যে, Δ ক্ষেত্র AXY এর ক্ষেত্রফল $= \frac{1}{4}$ (Δ ক্ষেত্র ABC এর ক্ষেত্রফল)



অঙ্কন : C, X এবং X, Y যোগ করি।

প্রমাণ :

ধাপ ১ : যেহেতু, X, AB-এর মধ্যবিন্দু। সেহেতু, CX, Δ ABC-এর মধ্যমা।

∴ Δ ক্ষেত্র ACX $= \frac{1}{2}$ (Δ ক্ষেত্র ABC) [ত্রিভুজের যেকোনো মধ্যমা ত্রিভুজকে সমান দুইটি অংশে বিভক্ত করে]

ধাপ ২: আবার, যেহেতু Δ ACX-এর AC বাহুর মধ্যবিন্দু Y.

সুতরাং XY, Δ ACX-এর মধ্যমা

∴ Δ ক্ষেত্র AXY $= \frac{1}{2}$ (Δ ক্ষেত্র ACX) [ত্রিভুজের যে কোন মধ্যমা ত্রিভুজকে সমান দুইটি অংশে বিভক্ত করে]

$= \frac{1}{2} \times \frac{1}{2}$ (Δ ক্ষেত্র ABC) [(১) থেকে]

$= \frac{1}{4}$ (Δ ক্ষেত্র ABC)

অর্থাৎ Δ ক্ষেত্র AXY এর ক্ষেত্রফল $= \frac{1}{4}$ (Δ ক্ষেত্র ABC এর ক্ষেত্রফল).

(প্রমাণিত)

প্রশ্ন ১০ ▸ ABCD একটি ট্রাপিজিয়াম। এর AB ও CD বাহু দুইটি সমান্তরাল। ট্রাপিজিয়ামক্ষেত্র ABCD এর ক্ষেত্রফল নির্ণয় কর।

সমাধান : বিশেষ নির্বচন : দেওয়া আছে, ABCD একটি ট্রাপিজিয়াম। এর AB ও CD বাহু দুইটি সমান্তরাল। ট্রাপিজিয়ামক্ষেত্র ABCD এর ক্ষেত্রফল নির্ণয় করতে হবে।



www.abswer.com

www.abswer.com

অঙ্কন : A বিন্দু হতে CD এর উপর (বর্ধিতাংশের ওপর) ও C বিন্দু হতে AB এর উপর যথাক্রমে AL ও CM লম্ব টানি। A ও C যোগ করি।

ধাপ ১ : ট্রাপিজিয়ামক্ষেত্র ABCD এর ক্ষেত্রফল = Δ ক্ষেত্র ABC এর ক্ষেত্রফল + Δ ক্ষেত্র ACD এর ক্ষেত্রফল।

[ট্রাপিজিয়ামের কর্ণ ট্রাপিজিয়ামকে দুইটি ত্রিভুজক্ষেত্রে বিভক্ত করে]

ধাপ ২ : Δ ক্ষেত্র ABC এর

ক্ষেত্রফল $= \frac{1}{2} \times AB \times CM$ [ত্রিভুজক্ষেত্রের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ ভূমি × উচ্চতা]

ধাপ ৩ : Δ ক্ষেত্র ACD এর

ক্ষেত্রফল $= \frac{1}{2} \times CD \times AL$ [ত্রিভুজক্ষেত্রের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ ভূমি × উচ্চতা]

ধাপ ৪ : ট্রাপিজিয়ামক্ষেত্র ABCD এর ক্ষেত্রফল

$= \frac{1}{2} \times AB \times CM + \frac{1}{2} \times CD \times AL$ [ধাপ (১), (২) ও (৩) হতে]

$= \frac{1}{2} \times AB \times CM + \frac{1}{2} \times CD \times CM$

[ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহুদ্বয়ের দূরত্ব সমান]

$= \frac{1}{2} \times CM(AB + CD)$

$= \frac{1}{2} \times (AB + CD) \times CM$

$= \frac{1}{2} \times$ সমান্তরাল বাহুদ্বয়ের সমষ্টি × উচ্চতা

এটিই ট্রাপিজিয়ামক্ষেত্র ABCD এর ক্ষেত্রফল।

প্রশ্ন ১১ ▸ সামান্তরিক ABCD এর অভ্যন্তরে P যেকোনো একটি বিন্দু। প্রমাণ কর যে, Δ PAB এর ক্ষেত্রফল + Δ PCD এর ক্ষেত্রফল $= \frac{1}{2}$ (সামান্তরিকক্ষেত্র ABCD এর ক্ষেত্রফল)।

সমাধান :



বিশেষ নির্বচন : দেওয়া আছে, ABCD সামান্তরিকের অভ্যন্তরে P যেকোনো একটি বিন্দু। P, A; P, B; P, C এবং P, D যোগ করি।

প্রমাণ করতে হবে যে, Δ PAB এর ক্ষেত্রফল + Δ PCD এর ক্ষেত্রফল $= \frac{1}{2}$ (সামান্তরিক ক্ষেত্র ABCD এর ক্ষেত্রফল)।

অঙ্কন : P বিন্দু হতে AB-এর উপর PF লম্ব টানি। FP কে E পর্যন্ত এমনভাবে বর্ধিত করি যেন তা CD কে E বিন্দুতে ছেদ করে।

প্রমাণ :

ধাপ ১ : যেহেতু AB ∥ CD এবং EF তাদের ছেদক।

∴ ∠DEF = ∠EFB = এক সমকোণ [একান্তর কোণ এবং EF ⊥ AB বলে]

∴ ABCD সামান্তরিকের উচ্চতা EF

সুতরাং সামান্তরিক ক্ষেত্র ABCD = AB × EF [যেহেতু সামান্তরিকক্ষেত্র = ভূমি × উচ্চতা]

∴ Δ PAB এ ভূমি AB এবং উচ্চতা PF. [∵ ∠PFB = এক সমকোণ তাই PF উচ্চতা]

Δ PAB এর ক্ষেত্রফল $= \frac{1}{2} \times AB \times PF$

ধাপ ২ : অনুরূপভাবে,

Δ PCD এর ক্ষেত্রফল $= \frac{1}{2} \times CD \times PE$ [∵ ∠PED = এক সমকোণ তাই PE উচ্চতা]

$= \frac{1}{2} \times AB \times PE$ [সামান্তরিকের বিপরীত বাহু পরস্পর সমান]

ধাপ ৩ : Δ PAB এর ক্ষেত্রফল + Δ PCD এর ক্ষেত্রফল

$= \frac{1}{2} \times AB \times PF + \frac{1}{2} \times AB \times PE$ [(১) ও (২) থেকে]

$= \frac{1}{2} AB\,(PF + PE) = \frac{1}{2} AB \,.\, EF$ [∵ PF + PE = EF]

$= \frac{1}{2}$ (সামান্তরিক ক্ষেত্র ABCD এর ক্ষেত্রফল).

(প্রমাণিত)

প্রশ্ন ১২ ▸ Δ ABC এ BC ভূমির সমান্তরাল যেকোনো সরলরেখা AB ও AC বাহুকে যথাক্রমে D ও E বিন্দুতে ছেদ করে। প্রমাণ কর যে, Δ DBC = Δ EBC এবং Δ DBE = Δ CDE.

সমাধান : বিশেষ নির্বচন : দেওয়া আছে, Δ ABC-এর ভূমি BC-এর সমান্তরাল যেকোনো সরলরেখা AB ও AC বাহুকে যথাক্রমে D ও E বিন্দুতে ছেদ করে। প্রমাণ করতে হবে যে, ΔDBC = ΔEBC এবং Δ DBE = Δ CDE.



প্রমাণ :

ধাপ ১ : Δ DBC ও Δ EBC-উভয়ই একই ভূমি BC এর উপর এবং একই সমান্তরাল রেখাযুগল BC ও DE এর মধ্যে অবস্থিত।

∴ Δ DBC = Δ EBC [∵ একই ভূমির উপর এবং একই সমান্তরাল রেখাযুগলের মধ্যে অবস্থিত সকল ত্রিভুজক্ষেত্রের ক্ষেত্রফল সমান]

ধাপ ২ : Δ DBE ও Δ CDE-উভয়ই একই ভূমি DE এর উপর এবং একই সমান্তরাল রেখাযুগল BC ও DE এর মধ্যে অবস্থিত।

∴ Δ DBE = Δ CDE [∵ একই ভূমির উপর এবং একই সমান্তরাল রেখাযুগলের মধ্যে অবস্থিত সকল ত্রিভুজক্ষেত্রের ক্ষেত্রফল সমান]

ধাপ ৩: Δ DBC = Δ EBC

এবং Δ DBE = Δ CDE. [ধাপ (১) ও (২) হতে]

(প্রমাণিত)

প্রশ্ন ১৩ ▸ ABC ত্রিভুজের ∠A = এক সমকোণ। D, AC এর উপরস্থ একটি বিন্দু। প্রমাণ কর যে, $BC^2 + AD^2 = BD^2 + AC^2$.

সমাধান :

বিশেষ নির্বচন : দেওয়া আছে, ABC ত্রিভুজের ∠A = এক সমকোণ এবং D, AC-এর উপরস্থ একটি বিন্দু। প্রমাণ করতে হবে যে, $BC^2 + AD^2 = BD^2 + AC^2$.



www.abswer.com

www.abswer.com

প্রমাণ :

ধাপ ১ : যেহেতু, ABC সমকোণী ত্রিভুজে

$\angle A$ = এক সমকোণ [কল্পনা]

এবং BC অতিভুজ।

$\therefore$ $BC^2 = AB^2 + AC^2$ [পিথাগোরাসের উপপাদ্য অনুযায়ী]

ধাপ ২ : অনুরূপভাবে, ABD সমকোণী ত্রিভুজের অতিভুজ BD.

$AB^2 + AD^2 = BD^2$

বা, $AD^2 = BD^2 - AB^2$

ধাপ ৩ : $BC^2 + AD^2 = BD^2 + AC^2$. (প্রমাণিত) [(১) ও (২) থেকে]

প্রশ্ন ১৪ ▶ ABC একটি সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজ। BC এর অতিভুজ এবং P, BC এর উপর যেকোনো বিন্দু। প্রমাণ কর যে, $PB^2 + PC^2 = 2PA^2$.

সমাধান : বিশেষ নির্বচন : ABC একটি সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজ। BC এর অতিভুজ এবং P, BC এর ওপর যেকোনো বিন্দু। প্রমাণ করতে হবে যে, $PB^2 + PC^2 = 2PA^2$.



অঙ্কন : P বিন্দু হতে AB ও AC বাহুর উপর PQ ও PR লম্ব আঁকি।

প্রমাণ :

ধাপ ১ : ΔABC এ $\angle A = 90°$, $\angle B = 45°$, $\angle C = 45°$

[$\because$ ΔABC সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজ]

ধাপ ২ : PBQ সমকোণী ত্রিভুজে,

PB অতিভুজ এবং $\angle PBQ = \angle BPQ = 45°$ [$\because$ $\angle PQB$ = এক সমকোণ]

$\therefore$ PQ = BQ

একই কারণে PR = CR

PBQ সমকোণী ত্রিভুজে,

$PB^2 = PQ^2 + BQ^2$ [পিথাগোরাসের উপপাদ্য অনুসারে]

$= PQ^2 + PQ^2$

$= 2PQ^2$

ধাপ ৩ : PCR সমকোণী ত্রিভুজে,

$PC^2 = PR^2 + CR^2$ [পিথাগোরাসের উপপাদ্য অনুসারে]

$= PR^2 + PR^2$

$= 2PR^2$ [ধাপ (২) হতে, PR = CR]

ধাপ ৪ : AQPR একটি আয়তক্ষেত্র

[$\because$ PQ, AB এর উপর এবং PR, AC এর উপর লম্ব]

সুতরাং PR = AQ [আয়তক্ষেত্রের বিপরীত বাহুদ্বয় পরস্পর সমান]

ধাপ ৫ : $PB^2 + PC^2 = 2PQ^2 + 2PR^2$ [ধাপ (২) ও (৩) হতে]

$= 2(PQ^2 + PR^2)$

ধাপ ৬ : কিন্তু APQ সমকোণী ত্রিভুজের

$PQ^2 + AQ^2 = PA^2$ [পিথাগোরাসের উপপাদ্য অনুসারে]

বা, $PQ^2 + PR^2 = PA^2$ [ধাপ (৪) হতে]

বা, $2(PQ^2 + PR^2) = 2PA^2$

$\therefore$ $PB^2 + PC^2 = 2PA^2$. [ধাপ (৫) হতে] (প্রমাণিত)

প্রশ্ন ১৫ ▶ ΔABC এর $\angle C$ স্থূলকোণ। AD, BC এর উপর লম্ব। দেখাও যে, $AB^2 = AC^2 + BC^2 + 2BC.CD$.

সমাধান : বিশেষ নির্বচন : ABC এর $\angle C$ স্থূলকোণ AD, BC এর ওপর লম্ব। দেখাতে হবে যে, $AB^2 = AC^2 + BC^2 + 2BC.CD$.



প্রমাণ :

ধাপ ১ : ΔACD এ $\angle D = 90°$ এবং AC = অতিভুজ [$\because$ $AD \perp BD$]

ধাপ ২ : ΔACD সমকোণী ত্রিভুজে,

$AC^2 = AD^2 + CD^2$ [পিথাগোরাসের উপপাদ্য অনুসারে]

বা, $AD^2 = AC^2 - CD^2$

ধাপ ৩ : আবার, ΔABD ত্রিভুজের অতিভুজ AB

[$\because$ $\angle ADB$ = এক সমকোণ]

ΔABD সমকোণী ত্রিভুজ হতে পাই,

$\therefore$ $AB^2 = AD^2 + BD^2$ [পিথাগোরাসের উপপাদ্য অনুসারে]

$= AD^2 + (BC + CD)^2$

$= AD^2 + BC^2 + CD^2 + 2BC.CD$ [$\because$ BD = BC + CD]

$= AC^2 - CD^2 + BC^2 + CD^2 + 2BC.CD$ [ধাপ (২) হতে]

$\therefore$ $AB^2 = AC^2 + BC^2 + 2BC.CD$. (দেখানো হলো)

প্রশ্ন ১৬ ▶ ΔABC এর $\angle C$ সূক্ষ্মকোণ। AD, BC এর উপর লম্ব। দেখাও যে, $AB^2 = AC^2 + BC^2 - 2BC.CD$.

সমাধান : বিশেষ নির্বচন : দেওয়া আছে, ΔABC এর $\angle C$ সূক্ষ্মকোণ; AD, BC এর ওপর লম্ব। দেখাতে হবে যে, $AB^2 = AC^2 + BC^2 - 2BC.CD$.



প্রমাণ :

ধাপ ১ : ΔABD ও ΔADC উভয়ই সমকোণী [$\because$ AD, BC এর উপর লম্ব]

ধাপ ২ : ADC সমকোণী ত্রিভুজ হতে পাই,

$AC^2 = AD^2 + CD^2$ [পিথাগোরাসের উপপাদ্য অনুসারে]

বা, $AC^2 - CD^2 = AD^2$

$\therefore$ $AD^2 = AC^2 - CD^2$

ধাপ ৩ : আবার, ABD সমকোণী ত্রিভুজ হতে পাই,

$AB^2 = AD^2 + BD^2$ [পিথাগোরাসের উপপাদ্য অনুসারে]

$= AC^2 - CD^2 + BD^2$ [ধাপ (২) হতে]

$= AC^2 - CD^2 + (BC - CD)^2$ [$\because$ BD = BC − CD]

$= AC^2 - CD^2 + BC^2 + CD^2 - 2BC.CD$

$\therefore$ $AB^2 = AC^2 + BC^2 - 2BC.CD$. (দেখানো হলো)

পাঠ্যবইয়ের অনুশীলনীর সৃজনশীল প্রশ্ন ও সমাধান

প্রশ্ন ১৭ ΔPQR এ QD একটি মধ্যমা।

ক. উদ্দীপকের আলোকে আনুপাতিক চিত্র আঁক।

খ. প্রমাণ কর, $PQ^2 + QR^2 = 2(PD^2 + QD^2)$.

গ. যদি PQ = QR = PR হয়, তাহলে প্রমাণ কর, $4PD^2 = 3PQ^2$.

১৭নং প্রশ্নের সমাধান

ক চিত্রে ΔPQR-এ QD একটি মধ্যমা।



খ ΔPQR এর PR বাহুর মধ্যমা QD। প্রমাণ করতে হবে যে, $QP^2 + QR^2 = 2(PD^2 + QD^2)$.



অঙ্কন : Q বিন্দু থেকে PR এর বা এর বর্ধিতাংশের ওপর QL লম্ব টানি।

www.abswer.com

www.abswer.com

প্রমাণ :

ধাপ ১ : Δ QDL সমকোণী ত্রিভুজে অতিভুজ QD [$\because \angle QLD$ = এক সমকোণ]

Δ QDL সমকোণী ত্রিভুজে,

$QL^2 + LD^2 = QD^2$ [পিথাগোরাসের উপপাদ্য অনুসারে]

বা, $QL^2 = QD^2 - LD^2$

ধাপ ২ : QPL সমকোণী ত্রিভুজ হতে পাই,

$QP^2 = QL^2 + PL^2$ [পিথাগোরাসের উপপাদ্য অনুসারে]

$= QD^2 - LD^2 + PL^2$ [ধাপ (১) হতে]

$= QD^2 - LD^2 + (PD + LD)^2$ [$\because PL = PD + DL$]

$= QD^2 - LD^2 + PD^2 + LD^2 + 2PD.LD$

$= QD^2 + PD^2 + 2PD.LD$

$\therefore QP^2 = QD^2 + PD^2 + 2PD.LD$

ধাপ ৩ : আবার, QLR সমকোণী ত্রিভুজ হতে পাই,

$QR^2 = QL^2 + LR^2$ [পিথাগোরাসের উপপাদ্য অনুসারে]

$= QD^2 - LD^2 + LR^2$ [ধাপ (১) হতে]

$= QD^2 - LD^2 + (DR - LD)^2$ [$\because LR = DR - LD$]

$= QD^2 - LD^2 + (PD - LD)^2$

$= QD^2 - LD^2 + PD^2 - 2LD.PD + LD^2$

$= QD^2 + PD^2 - 2LD.PD$

[$\because$ D, PR এর মধ্যবিন্দু; সেহেতু PD = RD]

$\therefore QR^2 = QD^2 + PD^2 - 2PD.LD.$

ধাপ ৪ : $QP^2 + QR^2 = QD^2 + PD^2 + 2PD.LD + QD^2 + PD^2 - 2PD.LD$ [ধাপ (২) ও (৩) হতে]

বা, $QP^2 + QR^2 = 2QD^2 + 2PD^2$

সুতরাং $QP^2 + QR^2 = 2(PD^2 + QD^2)$. (প্রমাণিত)

গ এখানে, Δ PQR এ PQ = QR = PR

এবং PR এর উপর মধ্যমা QD।



প্রমাণ করতে হবে যে, $4QD^2 = 3PQ^2$.

প্রমাণ :

ধাপ ১: Δ QPR এ PQ = PR = QR. [$\because \Delta$ QPR সমবাহু ত্রিভুজ]

এবং $PD = DR = \frac{1}{2}PR$

[QD লম্বের পাদ বিন্দু D, PR কে সমাদ্বিখণ্ডিত করে]

ধাপ ২ : এখন Δ QPD এ $\angle QDP = 90°$ এবং PQ = অতিভুজ [$\because$ QD, PR এর উপর লম্ব]

$\therefore$ Δ QPD সমকোণী ত্রিভুজ।

ধাপ ৩ : QPD সমকোণী ত্রিভুজ হতে পাই,

$PQ^2 = QD^2 + PD^2$ [পিথাগোরাসের উপপাদ্য অনুসারে]

বা, $PQ^2 - PD^2 = QD^2$

বা, $QD^2 = PQ^2 - \left(\frac{1}{2}PR\right)^2$ [ধাপ (১) হতে]

বা, $QD^2 = PQ^2 - \frac{PR^2}{4}$

বা, $QD^2 = \frac{4PQ^2 - PR^2}{4}$ [$\because PQ = PR = RQ$]

বা, $4QD^2 = 4PQ^2 - PQ^2$ [ধাপ (১) হতে]

$\therefore 4QD^2 = 3PQ^2$. (প্রমাণিত)

[বি. দ্র: $4PD^2 = 3PQ^2$ এর পরিবর্তে $4QD^2 = 3PQ^2$ হবে।]

প্রশ্ন ১৮ ABCD সামান্তরিকের AB = 5 সে.মি., AD = 4 সে.মি. এবং $\angle BAD = 75°$। অপর একটি সামান্তরিক APML এর $\angle LAP = 60°$। Δ AED এর ক্ষেত্রফল ও APML সামান্তরিকের ক্ষেত্রফল, ABCD সামান্তরিকের ক্ষেত্রফলের সমান।

ক. পেন্সিল, কম্পাস ও স্কেল ব্যবহার করে $\angle BAD$ আঁক।

খ. Δ AED অঙ্কন কর। (অঙ্কন চিহ্ন ও বিবরণ আবশ্যক।)

গ. APML সামান্তরিকটি অঙ্কন কর। (অঙ্কন চিহ্ন ও বিবরণ আবশ্যক।)

১৮নং প্রশ্নের সমাধান

ক পেন্সিল, কম্পাস ও স্কেল ব্যবহার করে $\angle BAD = 75°$ আঁকা হলো।



খ মনে করি, ABCD সামান্তরিক ক্ষেত্রের AB = 5 সে.মি., AD = 4 সে.মি. এবং $\angle BAD = 75°$। এরূপ একটি ত্রিভুজ আঁকতে হবে যা দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল ABCD সামান্তরিকক্ষেত্রের ক্ষেত্রফলের সমান।



অঙ্কন : D, B যোগ করি। C বিন্দু দিয়ে CE ∥ DB টানি। মনে করি, তা AB বাহুর বর্ধিতাংশক E বিন্দুতে ছেদ করে। D, E যোগ করি। তাহলে, Δ AED-ই উদ্দিষ্ট ত্রিভুজ।

গ মনে করি, ABCD সামান্তরিকের AB = 5 সে.মি., AD = 4 সে.মি., $\angle BAD = 75°$ এবং $\angle x = 60°$ এরূপ একটি সামান্তরিক APML আঁকতে হবে যার একটি কোণ প্রদত্ত $\angle LAP$ এর সমান এবং সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল ABCD সামান্তরিকক্ষেত্রের ক্ষেত্রফলের সমান।



অঙ্কন : B, D যোগ করি। C বিন্দু দিয়ে CF ∥ DB টানি এবং মনে করি, CF, AB বাহুর বর্ধিতাংশকে F বিন্দুতে ছেদ করে। AF রেখাংশের মধ্যবিন্দু P নির্ণয় করি। AP রেখাংশের A বিন্দুতে $\angle x$ এর সমান $\angle LAP$ আঁকি এবং P বিন্দু দিয়ে PM ∥ AL টানি। D বিন্দু দিয়ে DLCM ∥ AP টানি এবং মনে করি, তা AL ও PM কে যথাক্রমে L ও M বিন্দুতে ছেদ করে।

তাহলে, APML-ই উদ্দিষ্ট সামান্তরিক।

www.abswer.com

www.abswer.com

বহুনির্বাচনি অংশ — MCQ SECTION

প্রিয় শিক্ষার্থী, বহুনির্বাচনি অংশে তোমাদের সেরা প্রস্তুতির জন্য এসএসসি পরীক্ষার প্রশ্নোত্তরের পাশাপাশি সেরা স্কুলের টেস্ট পরীক্ষার প্রশ্নোত্তর এবং মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত প্রশ্নোত্তর সংযোজন করা হয়েছে। অনুশীলনের সুবিধার্থে প্রশ্নের নিচে সঠিক উত্তরের সপক্ষে যুক্তি (তথ্য/ব্যাখ্যা) দেওয়া হয়েছে।

সকল বোর্ডের এসএসসি পরীক্ষার বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর — সঠিক উত্তরের সপক্ষে যুক্তি সংবলিত

সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন

১. ΔPQR এ, $\angle Q = 90°$ এবং $P = 30°$ হলে নিচের কোন সম্পর্কটি সঠিক? [য. বো. '২০]

(ক) $PR = \sqrt{2}\,QR$ (খ) $PR = \sqrt{3}\,PQ$
(গ) $PR = 2QR$ (ঘ) $PR = 3QR$

▸▸ তথ্য/ব্যাখ্যা : Δ PQR-এ, $\sin P = \frac{QR}{PR}$

বা, $\sin 30° = \frac{QR}{PR}$ [$\because \angle P = 30°$]

বা, $\frac{1}{2} = \frac{QR}{PR}$ $\therefore PR = 2QR$



২. কোনো বর্গক্ষেত্রের ক্ষেত্রফল তার কর্ণের উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের– [সি. বো. '২০; রা. বো. '১৬]

(ক) অর্ধেক (খ) সমান (গ) দ্বিগুণ (ঘ) চারগুণ

▸▸ তথ্য/ব্যাখ্যা : মনে করি, বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য a একক

$\therefore$ বর্গক্ষেত্রের ক্ষেত্রফল a^2 বর্গ একক

বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য $= \sqrt{2}a =$ পরিবর্তিত বর্গের বাহুর দৈর্ঘ্য



$\therefore$ কর্ণের উপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফল

$= (\sqrt{2}a)^2$ বর্গ একক $= 2a^2$ বর্গ একক

$\therefore \frac{\text{বর্গক্ষেত্রের ক্ষেত্রফল}}{\text{কর্ণের উপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফল}} = \frac{a^2}{2a^2} = \frac{1}{2}$

$\therefore$ বর্গের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ কর্ণের উপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফল।

৩.



সামান্তরিক ক্ষেত্র BCFE এর ক্ষেত্রফল 120 বর্গ সে.মি. এবং AC এর মধ্যবিন্দু P হলে, Δ ABP এর ক্ষেত্রফল নিচের কোনটি? [ব. বো. '২০]

(ক) 60 বর্গ সে.মি. (খ) 30 বর্গ সে.মি.
(গ) 20 বর্গ সে.মি. (ঘ) 15 বর্গ সে.মি.

▸▸ তথ্য/ব্যাখ্যা : Δ ABC এর ক্ষেত্রফল

$= \frac{1}{2} \times$ BCEF সামান্তরিকের ক্ষেত্রফল

$= \frac{1}{2} \times 120 = 60$ বর্গ সে.মি.



$\therefore$ Δ ABP এর ক্ষেত্রফল $= \frac{1}{2} \times \Delta$ ABC এর ক্ষেত্রফল

$= \frac{1}{2} \times 60$

$= 30$ বর্গ সে.মি.।

৪. Δ ABC এর $\angle C$ স্থূলকোণ; AD, BC এর উপর লম্ব হলে, নিচের কোনটি সঠিক? [সকল বোর্ড ২০১৮]

(ক) $AB^2 = AC^2 + BC^2 + 2AC.CD$ (খ) $AB^2 = AC^2 + BC^2 + 2BC.CD$
(গ) $AC^2 = AB^2 + BC^2 + 2BC.CD$ (ঘ) $BC^2 = AB^2 + AC^2 + 2BC.CD$

৫.



ABCD সামান্তরিকের ক্ষেত্রফল 120 কত বর্গ মি.। ΔABE এর ক্ষেত্রফল কত বর্গ মি.? [চ. বো. '১৭]

(ক) 40 (খ) 60 (গ) 90 (ঘ) 120

▸▸ তথ্য/ব্যাখ্যা : Δ ABE এর ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ ABCD সামান্তরিকের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times 120 = 60$ বর্গ মি.।

৬. ত্রিভুজের তিন বাহুর উপর অঙ্কিত বর্গক্ষেত্রসমূহ কয়টি সমকোণ তৈরি করে? [কু. বো. '১৬]

(ক) 8 (খ) 9 (গ) 12 (ঘ) 16

▸▸ তথ্য/ব্যাখ্যা : $3 \times 4 = 12$;



৭. Δ PQR এ $\angle Q = 90°$, PQ = 5 সে.মি., QR = 12 সে.মি. হলে PR এর মান কত সে.মি.? [য. বো. '১৫]

(ক) 7 (খ) 13 (গ) 17 (ঘ) 25

▸▸ তথ্য/ব্যাখ্যা : এখানে, Δ PQR এ,

$\angle PQR = 90°$, PQ = 5 সে.মি.

এবং QR = 12 সে.মি.।



PQR সমকোণী ত্রিভুজ হতে পাই,

$PR^2 = PQ^2 + QR^2 = (5)^2 + (12)^2 = 25 + 144 = 169$

বা, $PR = \sqrt{169} = 13$

$\therefore$ PR এর মান 13 সে.মি.।

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

৮. Δ ABC একটি সমকোণী ত্রিভুজ হবে, যদি এর বাহুগুলোর দৈর্ঘ্য হয়–

i. 5, 12, 13 একক ii. 6, 8, 10 একক iii. 7, 8, 10 একক

নিচের কোনটি সঠিক? [ঢা. বো. '১৭]

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

▸▸ তথ্য/ব্যাখ্যা :

i. $5^2 + 12^2 = 13^2$ বা, $25 + 144 = 169$ বা, $169 = 169$

ii. $6^2 + 8^2 = 10^2$ বা, $36 + 64 = 100$ বা, $100 = 100$

iii. $7^2 + 3^2 \neq 10^2$

৯. সম উচ্চতার Δ ABC এর ভূমি BC এর অর্ধেকের উপর অঙ্কিত সামান্তরিকের ক্ষেত্রফল–

i. ত্রিভুজক্ষেত্রটির ক্ষেত্রফলের সমান

ii. ত্রিভুজক্ষেত্রটির ক্ষেত্রফলের অর্ধেক

iii. ত্রিভুজক্ষেত্রটির ক্ষেত্রফলের দ্বিগুণ

নিচের কোনটি সঠিক? [য. বো. '১৬]

(ক) i (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i ও ii

১০. সমকোণী ত্রিভুজের তিনটি বাহু যথাক্রমে– [সি. বো. '১৫]

i. 3 cm, 4 cm, 5 cm ii. 5 cm, 12 cm, 13 cm iii. 6 cm, 8 cm, 12 cm

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উত্তরের শুদ্ধতা/নির্ভুলতা যাচাই করো

১	গ	২	ক	৩	খ	৪	খ	৫	খ	৬	গ	৭	খ	৮	ক	৯	ক	১০	ক

www.abswer.com

www.abswer.com

১১. চিত্রে BE || CF, BC || AD এবং AB || CD হলে– [ব. বো. '১৫]



i. $\Delta ABC = \Delta ABD$
ii. $\Delta ABC = \Delta BCD$ iii. $\Delta BCD = \Delta ACF$
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓑ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন



উপরের উদ্দীপকের আলোকে ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও :
যখন $AB = 1$ এবং $BC = \sqrt{3}$. [দি. বো. '২০]

১২. $2\angle C$ এর মান কোনটি?
ⓚ 30° ⓑ 45° ⓖ 60° ⓓ 90°

▸▸ তথ্য/ব্যাখ্যা : ΔABC-এ,



$\tan C = \frac{AB}{BC}$

বা, $\tan C = \frac{1}{\sqrt{3}}$

বা, $\tan C = \tan 30°$

$\therefore \angle C = 30°$

$\therefore 2\angle C = 2 \times 30° = 60°$.

১৩. ΔABC এর ক্ষেত্রে–
i. $\sec A = \operatorname{cosec} A$ ii. $\cos A + \sec A = \frac{5}{2}$ iii. $\tan C = \frac{1}{\sqrt{3}}$
নিচের কোনটি সঠিক? [দি. বো. '২০]
ⓚ i ও ii ⓑ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

■ সমবাহু ΔABC এ $AD \perp BC$ এবং $BC = 2$ একক। [রা. বো. '১৭]
উপরের তথ্যের আলোকে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :

১৪. AD এর দৈর্ঘ্য কত একক?
ⓚ $\sqrt{3}$ ⓑ $2\sqrt{3}$ ⓖ $\frac{\sqrt{3}}{2}$ ⓓ $\frac{\sqrt{3}}{4}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : $AB = AC = BC = 2$

$AD = \frac{\sqrt{3}}{2} \times$ বাহুর দৈর্ঘ্য $= \frac{\sqrt{3}}{2} \times 2 = \sqrt{3}$.

১৫. ΔABD এর ক্ষেত্রফল কত বর্গ একক?
ⓚ $2\sqrt{3}$ ⓑ $\sqrt{3}$ ⓖ $\frac{\sqrt{3}}{2}$ ⓓ $\frac{\sqrt{3}}{4}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : ΔABD এর ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ ΔABC এর ক্ষেত্রফল

$= \frac{1}{2} \times \frac{\sqrt{3}}{4} \times 2^2 = \frac{1}{2} \times \frac{\sqrt{3}}{4} \times 4 = \frac{\sqrt{3}}{2}$.

■ ABCD বর্গের কর্ণ দুইটির ছেদবিন্দু O থেকে BC এর দূরত্ব 5 সে.মি.।
উক্ত তথ্যের আলোকে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও : [য. বো. '১৬]

১৬. Δ-ক্ষেত্র OAB = কত বর্গ সে.মি.?
ⓚ 10 ⓑ 25 ⓖ 33.33 ⓓ 50

▸▸ তথ্য/ব্যাখ্যা : এখানে, OE = 5 সে.মি.



$\therefore$ OF = OE = 5 সে.মি.

$\therefore$ Δ-ক্ষেত্র OAB $= \frac{1}{2} AB \times OF$

$= \frac{1}{2} \times (5 + 5) \times 5$ বর্গ সে.মি.

$= \frac{1}{2} \times 10 \times 5$ বর্গ সে.মি. = 25 বর্গ সে.মি.।

১৭. বর্গক্ষেত্র ABCD এর ক্ষেত্রফল কত?
ⓚ 100 বর্গ সে.মি. ⓑ 40 বর্গ সে.মি.
ⓖ 25 বর্গ সে.মি. ⓓ 20 বর্গ সে.মি.

▸▸ তথ্য/ব্যাখ্যা : চিত্রে OE = 5 সে.মি.। আমরা জানি, বর্গের কর্ণদ্বয় পরস্পরকে মধ্যবিন্দুতে ছেদ করে। AD ও BC এর মধ্যবর্তী দূরত্ব হবে $2 \times OE = 2 \times 5$ সে.মি. = 10 সে.মি.। অর্থাৎ বর্গের বাহুর দৈর্ঘ্য হবে 10 সে.মি.।
$\therefore$ বর্গের ক্ষেত্রফল $= (10)^2$ বর্গ সে.মি. = 100 বর্গ সে.মি.।

শীর্ষস্থানীয় স্কুলসমূহের টেস্ট পরীক্ষার বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর — বিষয়বস্তুর ধারায় প্রণীত

সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন

১৮.



ΔABC এর AB ও AC এর মধ্যবিন্দু যথাক্রমে D ও E হলে, Δ ক্ষেত্র ADE : Δ ক্ষেত্র ABC = কত? [আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]
ⓚ 1 : 4 ⓑ 4 : 1 ⓖ 1 : 2 ⓓ 2 : 1

▸▸ তথ্য/ব্যাখ্যা : এখানে, Δ ADE এর ক্ষেত্রফল, Δ ABC এর ক্ষেত্রফলের এক-চতুর্থাংশ।
$\therefore$ Δ ক্ষেত্র ADE : Δ ক্ষেত্র ABC = 1 : 4.

১৯. ΔABC-এ $AC^2 = AB^2 + BC^2$ হলে, নিচের কোনটি সঠিক? [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
ⓚ $\angle A = 90°$ ⓑ $\angle B = 90°$
ⓖ $\angle C = 90°$ ⓓ $\angle A + \angle B = 90°$

▸▸ তথ্য/ব্যাখ্যা : ΔABC এ $AC^2 = AB^2 + BC^2$
অর্থাৎ ΔABC-এ অতিভুজ হচ্ছে AC
সমকোণী ত্রিভুজে অতিভুজের বিপরীত কোণ এক সমকোণ বা 90°।
$\therefore$ ΔABC-এ অতিভুজ AC এর বিপরীত কোণ $\angle B = 90°$।

২০. যদি ΔABC এর $AB^2 + BC^2 = AC^2$ এবং $\angle C = 50°$ তবে $\angle A$ = কত? [বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা]
ⓚ 90° ⓑ 60° ⓖ 50° ⓓ 40°

▸▸ তথ্য/ব্যাখ্যা :



$\angle B = 90°$; $\therefore \angle A + \angle C = 90°$
বা, $\angle A = 90° - \angle C = 90° - 50° = 40°$.

২১. ABC একটি সমবাহু ত্রিভুজ হলে $\angle BAD$ = কত?



[আরমানিটোলা সরকারি উচ্চ বিদ্যালয়, ঢাকা]
ⓚ 90° ⓑ 60°
ⓖ 30° ⓓ 20°

▸▸ তথ্য/ব্যাখ্যা : $\angle BAC = 60°$

$\therefore \angle BAD = \frac{1}{2} \angle BAC = \frac{1}{2} . 60° = 30°$.

উত্তরের শুদ্ধতা/নির্ভুলতা যাচাই করো

১১	ক	১২	গ	১৩	গ	১৪	ক	১৫	গ	১৬	খ	১৭	ক	১৮	ক	১৯	খ	২০	ঘ	২১	গ

www.abswer.com

www.abswer.com

২২. 

Δ ABC-এর AB ও AC বাহুর মধ্যবিন্দু যথাক্রমে E ও F। Δ ABC এর ক্ষেত্রফল 36 বর্গ সে.মি. হলে, Δ AEF এর ক্ষেত্রফল কত বর্গ সে.মি.? [ময়মনসিংহ জিলা স্কুল, ময়মনসিংহ]

ⓚ 72 ⓛ 36
ⓜ 18 ⓝ 9

২৩. 36 বর্গমিটার ক্ষেত্রফলবিশিষ্ট Δ ABC এর AB ও AC বাহুদ্বয়ের মধ্যবিন্দু যথাক্রমে X ও Y হলে Δ AXY এর ক্ষেত্রফল কত বর্গমিটার? [ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর]

ⓚ 4 ⓛ 9
ⓜ 18 ⓝ 36

» তথ্য/ব্যাখ্যা : ΔAXY-এর ক্ষেত্রফল

$=\frac{1}{4}\times \Delta ABC$ এর ক্ষেত্রফল $=\frac{1}{4}\times 36=9$ বর্গমিটার।

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

২৪. সমতলীয় জ্যামিতিতে—

i. প্রত্যেক সীমাবদ্ধ সমতল ক্ষেত্রের নির্দিষ্ট ক্ষেত্রফল রয়েছে
ii. দুইটি ত্রিভুজ ক্ষেত্রের ক্ষেত্রফল সমান হলেই ত্রিভুজ দুইটি সর্বসম
iii. দুইটি ত্রিভুজ সর্বসম হলে তাদের ক্ষেত্রফল সমান

নিচের কোনটি সঠিক? [ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ, ঢাকা]

ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

২৫. ABCD সামান্তরিকের কর্ণদ্বয় পরস্পরকে O বিন্দুতে ছেদ করলে—

i. $\angle AOB=\angle COD$
ii. $\angle ABC=\angle ADC$
iii. $\angle BAC=\angle ACD$

নিচের কোনটি সঠিক? [ডা: খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম]

ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন

■ নিচের চিত্রের আলোকে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও : [মানিকগঞ্জ সরকারি উচ্চ বিদ্যালয়, মানিকগঞ্জ]



২৬. AD এর দৈর্ঘ্য কত?

ⓚ 7 সে.মি. ⓛ 7.14 সে.মি. ⓜ 9 সে.মি. ⓝ 33 সে.মি.

» তথ্য/ব্যাখ্যা : $AD=\sqrt{AB^2-BD^2}$

$=\sqrt{10^2-7^2}=\sqrt{100-49}=\sqrt{51}=7.14$.

২৭. Δ ABC এর ক্ষেত্রফল কত?

ⓚ 20 বর্গ সে.মি. ⓛ 24.99 বর্গ সে.মি.
ⓜ 78.54 বর্গ সে.মি. ⓝ 39.27 বর্গ সে.মি.

■ নিচের তথ্যের ভিত্তিতে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :

ABC সমদ্বিবাহু ত্রিভুজে AB = AC = 10 সেন্টিমিটার এবং BC = 12 সেন্টিমিটার।



২৮. AD = কত সেন্টিমিটার? [পুলিশ লাইন মাধ্যমিক বিদ্যালয়, যশোর]

ⓚ 5 ⓛ 6 ⓜ 7 ⓝ 8

২৯. ত্রিভুজের অর্ধপরিসীমা কত সেন্টিমিটার?

ⓚ 16 ⓛ 18 ⓜ 14 ⓝ 12

■ নিচের চিত্রের আলোকে ৩০ ও ৩১ নং প্রশ্নের উত্তর দাও :



[ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, কুমিল্লা]

৩০. Δ AOB এর ক্ষেত্রফল কত বর্গ সে.মি.?

ⓚ 6 ⓛ 7 ⓜ 14 ⓝ 21

৩১. ABCD চতুর্ভুজের পরিসীমা কত সে.মি.?

ⓚ 12 ⓛ 14 ⓜ 20 ⓝ 28

» তথ্য/ব্যাখ্যা : $CD=\sqrt{3^2+4^2}=\sqrt{25}=5$ সে.মি.

∴ পরিসীমা $=5\times 4=20$ সে.মি.।

মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর — বিষয়বস্তুর ধারায় প্রণীত

সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন

৩২. ক্ষেত্রফল পরিমাপের জন্য সাধারণত কত একক বাহুবিশিষ্ট বর্গক্ষেত্রের ক্ষেত্রফল ব্যবহার করা হয়? (সহজমান)

ⓚ এক একক ⓛ দুই একক
ⓜ তিন একক ⓝ চার একক

» তথ্য/ব্যাখ্যা : ক্ষেত্রফল পরিমাপের জন্য সাধারণত এক একক বাহুবিশিষ্ট বর্গক্ষেত্রের ক্ষেত্রফল ব্যবহার করা হয়।

৩৩. কোনো বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য 1 সে. মি. হলে, এর ক্ষেত্রফল কত? (মধ্যমান)

ⓚ 1 বর্গ সে. মি. ⓛ 2 বর্গ সে. মি.
ⓜ 4 সে. মি. ⓝ 4 বর্গ সে. মি.

» তথ্য/ব্যাখ্যা : বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = 1 সে.মি. × 1 সে.মি. = 1 বর্গ সে.মি.।

৩৪. কোনো বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য a একক হলে, এর ক্ষেত্রফল কত? (সহজমান)

ⓚ a^2 বর্গ একক ⓛ 2a একক
ⓜ 4a একক ⓝ $2a^2$ বর্গ একক

» তথ্য/ব্যাখ্যা : ক্ষেত্রফল = a একক × a একক = a^2 বর্গ একক।

৩৫. কোন চতুর্ভুজের কর্ণদ্বয় সমান ও পরস্পর সমকোণে সমদ্বিখণ্ডিত। এটি কোন ধরনের চতুর্ভুজ হবে? (সহজমান)

ⓚ বর্গক্ষেত্র ⓛ আয়তক্ষেত্র ⓜ সামান্তরিক ⓝ ট্রাপিজিয়াম

» তথ্য/ব্যাখ্যা : বর্গক্ষেত্রের প্রত্যেক বাহু সমান এবং কোণদ্বয় সমকোণ বলে কর্ণদ্বয়ও সমান হবে।

৩৬. 

প্রদত্ত Δ ABC এর ক্ষেত্রফল কত? (কঠিনমান)

ⓚ 14 সে.মি. ⓛ 20 বর্গ সে.মি.
ⓜ 40 বর্গ সে.মি. ⓝ 80 বর্গ সে.মি.

৩৭. আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = ——। (সহজমান)

ⓚ দৈর্ঘ্য × প্রস্থ ⓛ $\frac{1}{2}\times$ (ভূমি × উচ্চতা)
ⓜ $(\text{বাহু})^2$ ⓝ 2 × (ভূমি × উচ্চতা)

» তথ্য/ব্যাখ্যা : আমরা জানি, আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ।

উত্তরের শুদ্ধতা/ নির্ভুলতা যাচাই করো

২২	ঘ	২৩	খ	২৪	খ	২৫	ঘ	২৬	খ	২৭	ঘ	২৮	ঘ	২৯	ক	৩০	ক	৩১	গ	৩২	ক	৩৩	ক	৩৪	ক	৩৫	ক	৩৬	খ	৩৭	ক

www.abswer.com

www.abswer.com

৩৮. Δ ABC সমবাহু এর AD, BC বাহুর উপর মধ্যমা হলে, নিচের কোনটি সঠিক? (মধ্যমান)



(ক) Δ ABD = Δ ACD (খ) Δ ABD ≅ Δ ADC
(গ) Δ-ক্ষেত্র ABD = Δ-ক্ষেত্র ACD (ঘ) ∠BAD = ∠CAD

▶▶ তথ্য/ব্যাখ্যা : AD মধ্যমা BC কে সমান দুইভাগে ভাগ করেছে।

৩৯. একটি সরলরেখার উপর অঙ্কিত বর্গ ঐ সরলরেখার অর্ধেকের উপর অঙ্কিত বর্গের কতগুণ? (মধ্যমান)

(ক) দ্বিগুণ (খ) তিনগুণ (গ) চারগুণ (ঘ) পাঁচগুণ

▶▶ তথ্য/ব্যাখ্যা : ধরি, সরলরেখার দৈর্ঘ্য x মিটার।
∴ ঐ সরলরেখা ও এর অর্ধেকের উপর অঙ্কিত বর্গক্ষেত্র হবে যথাক্রমে x^2 ও $\frac{x^2}{4}$ $\therefore \frac{x^2}{\frac{x^2}{4}} = x^2 \times \frac{4}{x^2} = 4.$

৪০. একটি সমকোণী ত্রিভুজের ক্ষেত্রফল 144 বর্গ একক। সমকোণ সন্নিহিত বাহুদ্বয়ের একটির দৈর্ঘ্য 12 একক হলে অপরটি কত? (মধ্যমান)

(ক) 15 একক (খ) 24 একক (গ) 20 একক (ঘ) 30 একক

▶▶ তথ্য/ব্যাখ্যা : আমরা জানি, সমকোণী ত্রিভুজের ক্ষেত্রফল = $\frac{1}{2}$ × ভূমি × উচ্চতা
বা, $144 = \frac{1}{2} \times 12 \times$ উচ্চতা ∴ উচ্চতা = $\frac{144}{6} = 24.$

৪১. Δ-ক্ষেত্র ABC = 20 বর্গ একক। X ও Y যথাক্রমে AB ও AC বাহুর মধ্যবিন্দু। Δ - ক্ষেত্র AXY = কত বর্গ একক? (কঠিনমান)



(ক) 2 বর্গ একক (খ) 4 বর্গ একক (গ) 5 বর্গ একক (ঘ) 10 বর্গ একক

▶▶ তথ্য/ব্যাখ্যা : পাদ ত্রিভুজের ক্ষেত্রফল = $\frac{1}{4}$ × মূল ত্রিভুজের ক্ষেত্রফল
$= \frac{1}{4} \times 20 = 5$ বর্গ একক।

৪২. Δ ABC এ D ও E যথাক্রমে AB ও AC বাহুর মধ্যবিন্দু হলে এবং Δ-ক্ষেত্র ABC = 16 বর্গ সেন্টিমিটার হলে Δ-ক্ষেত্র DEC = কত বর্গ সেন্টিমিটার।



(ক) 2 বর্গ সে. মি. (খ) 4 বর্গ সে. মি.
(গ) 6 বর্গ সে. মি. (ঘ) 8 বর্গ সে. মি.

▶▶ তথ্য/ব্যাখ্যা : $\Delta DEC = \frac{1}{4} \times \Delta ABC = \frac{1}{4} \times 16 = 4$ বর্গ সে. মি.।

৪৩. ABC সমকোণী ত্রিভুজের অতিভুজ কোনটি? (সহজমান)



(ক) AB (খ) AC (গ) BC (ঘ) B + BC

▶▶ তথ্য/ব্যাখ্যা : সমকোণের বিপরীত বাহুকে অতিভুজ বলা হয়।

৪৪. চিত্রে BC এর মান কত? (মধ্যমান)



(ক) 10 একক (খ) 12 একক (গ) 9 একক (ঘ) 11 একক

▶▶ তথ্য/ব্যাখ্যা : Δ ABC একটি সমকোণী ত্রিভুজ।
∴ পিথাগোরাসের সূত্রানুযায়ী, $AC^2 = AB^2 + BC^2$
বা, $BC^2 = AC^2 - AB^2 = (13)^2 - 5^2$ বা, $BC^2 = 144$ $\therefore BC = 12$

৪৫. চিত্রে AC এর দৈর্ঘ্য কত? (মধ্যমান)



(ক) 17 (খ) 23 (গ) 7 (ঘ) 64

▶▶ তথ্য/ব্যাখ্যা : $AC = \sqrt{AB^2 + BC^2}$
$= \sqrt{15^2 + 8^2} = \sqrt{225 + 64} = \sqrt{289} = 17.$

৪৬. এক লোক একটি নির্দিষ্ট স্থান থেকে যাত্রা শুরু করে। তারপর 12 কি. মি. ঠিক উত্তর দিকে গেল। সেখান থেকে পূর্বে 5 কি. মি. গমন করল। যাত্রাশেষে সে নির্দিষ্ট অবস্থান থেকে কতদূরে অবস্থান করবে? (কঠিনমান)

(ক) 17 কি. মি. (খ) 15 কি. মি.
(গ) 13 কি. মি. (ঘ) 20 কি. মি.

▶▶ তথ্য/ব্যাখ্যা :



$AC = \sqrt{AB^2 + BC^2}$
$= \sqrt{(12)^2 + 5^2}$
$= \sqrt{169} = 13$ কি.মি.

৪৭. দুইটি খুঁটি 25.3 মিটার এবং 32.5 মিটার উঁচু এবং পরস্পর থেকে 24 মিটার দূরে অবস্থিত। খুঁটিদ্বয়ের শীর্ষদ্বয়ের দূরত্ব কত? (কঠিনমান)

(ক) 25.01 মি. (খ) 26.305 মি. (গ) 25.20 মি. (ঘ) 26.0 মি.

▶▶ তথ্য/ব্যাখ্যা : Δ ABC এর
$AB^2 = BC^2 + AC^2$
বা, $AB^2 = (25.3)^2 + (7.2)^2$
∴ AB = 26.305 মিটার।



৪৮. ΔABC একটি সমবাহু ত্রিভুজ যার এক বাহু 4 সে. মি. হলে, A থেকে বিপরীত বাহুর উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য কত? (কঠিনমান)



(ক) $\sqrt{10}$ সে. মি. (খ) $2\sqrt{3}$ সে. মি.
(গ) $\sqrt{14}$ সে. মি. (ঘ) 4 সে. মি.

▶▶ তথ্য/ব্যাখ্যা : লম্বের দৈর্ঘ্য = $\frac{\sqrt{3}}{2}$ × (সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য)
$= \frac{\sqrt{3}}{2} \times 4$ সে.মি. $= 2\sqrt{3}$ সে.মি.।

উত্তরের শুদ্ধতা/নির্ভুলতা যাচাই করো

৩৮	গ	৩৯	গ	৪০	খ	৪১	গ	৪২	খ	৪৩	খ	৪৪	খ	৪৫	ক	৪৬	গ	৪৭	খ	৪৮	খ

www.abswer.com

www.abswer.com

৪৯.

ABCD সামান্তরিক হলে, নিচের কোন উত্তরটি সঠিক? (সহজমান)
ক AC = BC খ AD = AC গ AO = OB ঘ OA = OC
›› তথ্য/ব্যাখ্যা : সামান্তরিকের কর্ণদ্বয় পরস্পরকে সমদ্বিখণ্ডিত করে বলে OA = OC.

৫০. সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুদ্বয় 3 এবং 4 সে. মি. হলে তার অতিভুজের মান কত? (কঠিনমান)
ক 7 সে. মি. খ 5 সে. মি. গ 6 সে. মি. ঘ 8 সে. মি.
›› তথ্য/ব্যাখ্যা : $AB^2 + BC^2 = AC^2$
বা, $3^2 + 4^2 = AC^2$
[যখন AB = 3, BC = 4]
বা, $9 + 16 = AC^2$
বা, $AC^2 = 25$ ∴ AC = 5.


৫১. Δ ABC এ ∠A = 90°, AC = 12 সে. মি. ও AB = 5 সে. মি. হলে BC = কত সে. মি.? (কঠিনমান)
ক 10 সে. মি. খ 11 সে. মি. গ 12 সে. মি. ঘ 13 সে. মি.
›› তথ্য/ব্যাখ্যা :

চিত্র হতে, $BC^2 = AB^2 + AC^2$
বা, $BC^2 = (5)^2 + (12)^2$ বা, $BC^2 = 25 + 144$
বা, $BC^2 = 169$ ∴ $BC = \sqrt{169} = 13$ সে. মি.।

৫২. যে চতুর্ভুজের বিপরীত বাহুগুলো সমান কিন্তু কোণগুলো সমকোণ নয় তাকে কী বলে? (সহজমান)
ক আয়তক্ষেত্র খ বর্গক্ষেত্র গ সামান্তরিক ঘ রম্বস
›› তথ্য/ব্যাখ্যা : সামান্তরিকের শর্তগুলো হল বিপরীত বাহুগুলো সমান কিন্তু কোন কোণ সমকোণ নয়।

৫৩. একটি সমকোণী ত্রিভুজের অতিভুজের উপর অঙ্কিত বর্গক্ষেত্রের পরিমাণ 25 বর্গগজ এবং এক বাহুর উপর অঙ্কিত বর্গক্ষেত্রের পরিমাণ 9 বর্গগজ। ত্রিভুজের অন্য বাহুর পরিমাণ কত? (কঠিনমান)
ক 16 বর্গগজ খ 34 বর্গগজ গ 4 গজ ঘ 5 গজ
›› তথ্য/ব্যাখ্যা : 25 − 9 = অন্য বাহুর বর্গ
বা, অন্য বাহুর বর্গ = 16 ∴ অন্য বাহু = $\sqrt{16}$ = 4 গজ।

৫৪. নিচের কোন বাহুগুলো একটি সমকোণী ত্রিভুজ তৈরি করে? (সহজমান)
ক 4, 4, 5 খ 3, 4, 5 গ 4, 5, 6 ঘ 6, 7, 8
›› তথ্য/ব্যাখ্যা : $3^2 + 4^2 = 9 + 16 = 25 = 5^2$;
ফলে 3, 4, 5 বাহুগুলো সমকোণী ত্রিভুজ তৈরি করে।

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

৫৫. নিচের চিত্রটি লক্ষ কর :

Δ ABC-এর AD, BC এর উপর লম্ব এবং ∠C সূক্ষ্মকোণ হলে—
i. ∠ADB = ∠ADC ii. ∠ADB + ∠ADC = 180°
iii. $AB^2 = AC^2 + BC^2 - 2BC.CD$
নিচের কোনটি সঠিক? (মধ্যমান)
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

৫৬. ABCD সামান্তরিকের কর্ণ AC = 24cm, লম্বের দৈর্ঘ্য DE = 5 cm হলে—

i. ∠ABC = ∠ADC, ∠BAD = ∠BCD
ii. Δ ADC এর ক্ষেত্রফল = 60 বর্গ সে.মি.
iii. ABCD ক্ষেত্রের ক্ষেত্রফল = 240 বর্গ সে.মি.
নিচের কোনটি সঠিক? (কঠিনমান)
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৫৭.

চিত্রে—
i. ∠C হচ্ছে সূক্ষ্মকোণ
ii. Δ ADB ও Δ ADC উভয় স্থূলকোণী ত্রিভুজ
iii. $AD^2 = AC^2 - CD^2$
নিচের কোনটি সঠিক? (মধ্যমান)
ক শুধু i খ i ও ii গ i ও iii ঘ ii ও iii
›› তথ্য/ব্যাখ্যা : যে কোণের পরিমাপ 90° থেকে ছোট তাকে সূক্ষ্মকোণ বলা হয় এবং $AC^2 = AD^2 + CD^2$ বা $AD^2 = AC^2 - CD^2$.

৫৮.

উপরোক্ত চিত্রে BD ভূমির উপর অবস্থিত।
i. Δ ABC ii. Δ BDC iii. Δ BDE
নিচের কোনটি সঠিক? (কঠিনমান)
ক শুধু i খ i ও ii গ ii ও iii ঘ i ও iii
›› তথ্য/ব্যাখ্যা : যেহেতু BD ∥ CE তাই BD ভূমির উপর Δ BDC ও Δ BDE অবস্থিত।

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন

নিচের চিত্র হতে ৫৯ ও ৬০ নং প্রশ্নের উত্তর দাও :


৫৯. DE = কত? (সহজমান)
ক 24 cm খ 20 cm গ 3 cm ঘ 4 cm
›› তথ্য/ব্যাখ্যা : BC = DE = 24 cm.

৬০. AD = কত? (কঠিনমান)
ক 20 cm খ 25 cm গ 7 cm ঘ 24 cm
›› তথ্য/ব্যাখ্যা : $AD = \sqrt{AE^2 + DE^2}$
$= \sqrt{7^2 + (24)^2}$
$= \sqrt{49 + 576} = \sqrt{625} = 25.$

উত্তরের শুদ্ধতা/ নির্ভুলতা যাচাই করো

৪৯	ঘ	৫০	খ	৫১	ঘ	৫২	গ	৫৩	গ	৫৪	খ	৫৫	ঘ	৫৬	ক	৫৭	গ	৫৮	গ	৫৯	ক	৬০	খ

www.abswer.com

www.abswer.com

সৃজনশীল অংশ CREATIVE SECTION

প্রিয় শিক্ষার্থী, সৃজনশীল অংশে তোমাদের সেরা প্রস্তুতির জন্য এসএসসি পরীক্ষার প্রশ্ন ও সমাধানের পাশাপাশি সেরা স্কুলের টেস্ট পরীক্ষার প্রশ্ন, মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত প্রশ্ন, অনুশীলনমূলক কাজ নির্ভর এবং সমন্বিত অধ্যায়ের প্রশ্ন ও সমাধান সংযোজন করা হয়েছে।

সকল বোর্ডের এসএসসি পরীক্ষার সৃজনশীল প্রশ্ন ও সমাধান — নতুন পাঠ্যবইয়ের আলোকে সমাধানকৃত

প্রশ্ন ১ ▶ রাজশাহী বোর্ড ২০২০



চিত্রে, S ও T যথাক্রমে PQ ও PR বাহুর মধ্যবিন্দু।

ক. প্রমাণ কর যে,

ΔPST এর ক্ষেত্রফল $= \frac{1}{4}$(ΔPQR এর ক্ষেত্রফল)। ২

খ. যদি $PQ = QR = PR$ হয়, তাহলে প্রমাণ কর যে, $4QT^2 = 3PQ^2$. ৪

গ. প্রমাণ কর যে, $2ST = QR$. ৪

১নং প্রশ্নের সমাধান

ক ΔPQR-এ S ও T যথাক্রমে PQ ও PR বাহুর মধ্যবিন্দু।

প্রমাণ করতে হবে যে, ΔPST এর ক্ষেত্রফল $= \frac{1}{4}$(ΔPQR এর ক্ষেত্রফল)



প্রমাণ :

ধাপ-১ : ΔPQT এ S, PQ এর মধ্যবিন্দু।

$\therefore$ ST মধ্যমা।

অর্থাৎ ΔPST এর ক্ষেত্রফল $= \frac{1}{2}\Delta PQT$ এর ক্ষেত্রফল।

[যেকোনো মধ্যমা ত্রিভুজকে সমান দুইভাগে বিভক্ত করে]

ধাপ-২ : ΔPQR এ T, PR এর মধ্যবিন্দু।

$\therefore$ QT মধ্যমা।

অর্থাৎ ΔPQT এর ক্ষেত্রফল $= \frac{1}{2}\Delta PQR$ এর ক্ষেত্রফল।

[যেকোনো মধ্যমা ত্রিভুজকে সমান দুইভাগে বিভক্ত করে]

ধাপ-৩: ধাপ (২) ও (৩) থেকে পাই,

ΔPST এর ক্ষেত্রফল $= \frac{1}{2}$ ($\frac{1}{2}\Delta PQR$ এর ক্ষেত্রফল)

$\therefore \Delta PST$ এর ক্ষেত্রফল $= \frac{1}{4}$(ΔPQR এর ক্ষেত্রফল)। (প্রমাণিত)

খ মনে করি, ΔPQR-এ $PQ = QR = PR$। প্রমাণ করতে হবে যে, $4QT^2 = 3PQ^2$



প্রমাণ :

ধাপ-১: ΔPQR-এ $PQ = QR = PR$

$\therefore PT = RT = \frac{1}{2}PR$ [QT এর পাদবিন্দু T, PR কে সমদ্বিখণ্ডিত করে]

ধাপ-২ : ΔPQT সমকোণী ত্রিভুজে,

$PQ^2 = QT^2 + PT^2$.

বা, $QT^2 = PQ^2 - PT^2$

বা, $QT^2 = PQ^2 - \left(\frac{PR}{2}\right)^2$

বা, $QT^2 = PQ^2 - \frac{PR^2}{4}$

বা, $QT^2 = \frac{4PQ^2 - PR^2}{4}$

বা, $4QT^2 = 4PQ^2 - PQ^2$ [$\because PQ = PR \;\therefore PQ^2 = PR^2$]

$\therefore 4QT^2 = 3PQ^2$. (প্রমাণিত)

গ মনে করি, ΔPQR একটি ত্রিভুজ। PQ ও PR এর মধ্যবিন্দু যথাক্রমে S ও T। প্রমাণ করতে হবে যে, $2ST = QR$.



অঙ্কন : ST কে O বিন্দু পর্যন্ত বর্ধিত করি যেন, $ST = OT$ হয়। O, R যোগ করি।

প্রমাণ :

ধাপ-১ : ΔPST ও ΔROT-এ $PT = RT$ [প্রদত্ত]

$ST = OT$ [অঙ্কনানুসারে]

$\angle PTS = \angle OTR$ [বিপ্রতীপ কোণ]

$\therefore \Delta PST \cong \Delta ROT$ [বাহু-কোণ-বাহু উপপাদ্য]

$\therefore \angle PST = \angle TOR$ এবং $\angle SPT = \angle ORT$ [একান্তর কোণ]

$\therefore$ $PS \parallel OR$ বা, $PQ \parallel OR$

আবার, $QS = PS = OR$ এবং $QS \parallel OR$

$\therefore$ QROS একটি সামান্তরিক।

ধাপ-২ : QROS সামান্তরিকে

$SO = QR$ [সামান্তরিকের বিপরীত বাহুদ্বয় সমান]

বা, $ST + OT = QR$

বা, $ST + ST = QR$

$\therefore$ $2ST = QR$. (প্রমাণিত)

প্রশ্ন ২ ▶ যশোর বোর্ড ২০২০



ক. যদি $\angle QPR = 37°$ হয়, তবে $\angle PRS$ এর মান নির্ণয় কর। ২

খ. উদ্দীপকের আলোকে পীথাগোরাসের উপপাদ্যটি প্রমাণ কর। ৪

গ. যদি M, PR এর উপর যেকোনো বিন্দু এবং $PQ = RQ$ হয়, তবে প্রমাণ কর যে, $PM^2 + RM^2 = 2MQ^2$. ৪

২নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, ΔPQR-এ $\angle PQR = 90°$, $\angle QPR = 37°$

আমরা জানি, ত্রিভুজের তিন কোণের সমষ্টি $= 180°$

$\therefore$ ΔPQR-এ

$\angle PQR + \angle QPR + \angle PRQ = 180°$

বা, $90° + 37° + \angle PRQ = 180°$

www.abswer.com

www.abswer.com

বা, $127° + \angle PRQ = 180°$
বা, $\angle PRQ = 180° - 127°$
$\therefore \angle PRQ = 53°$
আবার, $\angle PRQ + \angle PRS = 180°$ [এক সরলকোণ]
বা, $53° + \angle PRS = 180°$
$\therefore \angle PRS = 127°$
নির্ণেয় মান $\angle PRS = 127°$.

▶ বিকল্প পদ্ধতি

ΔPQR এর একটি বহিঃস্থ কোণ $\angle PRS$
আমরা জানি, ত্রিভুজের যেকোনো বহিঃস্থ কোণ অন্ত:স্থ বিপরীত কোণদ্বয়ের সমষ্টির সমান।
$\therefore \angle PRS = \angle PQR + \angle QPR = 90° + 37° = 127°$
নির্ণেয় মান $\angle PRS = 127°$.

খ পিথাগোরাসের উপপাদ্যটি হলো : সমকোণী ত্রিভুজের অতিভুজের উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল অপর দুই বাহুর উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের সমষ্টির সমান।
মনে করি, PQR সমকোণী ত্রিভুজের $\angle Q$ = এক সমকোণ এবং PR অতিভুজ। প্রমাণ করতে হবে যে, $PR^2 = PQ^2 + QR^2$.



অঙ্কন : PR, PQ এবং RQ বাহুর উপর যথাক্রমে PRED, PQGF এবং RQHK বর্গক্ষেত্র অঙ্কন করি। Q বিন্দু দিয়ে PD বা RE রেখার সমান্তরাল QL রেখা আঁকি। মনে করি, তা PR কে M বিন্দুতে এবং DE কে L বিন্দুতে ছেদ করে। Q ও D এবং R ও F যোগ করি।
প্রমাণ :
ধাপ ১ : ΔQPD ও ΔFPR এ $QP = PF$; $PD = PR$
[∵ $\angle RPD = \angle QPF = 1$ সমকোণ]
এবং অন্তর্ভুক্ত $\angle QPD = \angle QPR + \angle DPR$
$= \angle QPR + \angle QPF$ = অন্তর্ভুক্ত $\angle RPF$
অতএব, $\Delta QPD \cong \Delta FPR$ [বাহু-কোণ-বাহু উপপাদ্য]
ধাপ ২ : ত্রিভুজক্ষেত্র QPD এবং আয়তক্ষেত্র PDLM একই ভূমি PD এর উপর এবং PD ও QL সমান্তরাল রেখাদ্বয়ের মধ্যে অবস্থিত।
সুতরাং, আয়তক্ষেত্র PDLM = 2 (ত্রিভুজক্ষেত্র QPD)
ধাপ ৩ : ত্রিভুজক্ষেত্র RPF এবং বর্গক্ষেত্র PQGF একই ভূমি PF এর উপর এবং PF ও RG সমান্তরাল রেখাদ্বয়ের মধ্যে অবস্থিত।
সুতরাং, বর্গক্ষেত্র PQGF = 2 (ত্রিভুজক্ষেত্র FPR) = 2 (ত্রিভুজক্ষেত্র QPD) [উপপাদ্য-১]
ধাপ ৪ : আয়তক্ষেত্র PDLM = বর্গক্ষেত্র PQGF
ধাপ ৫ : অনুরূপভাবে Q, E ও P, K যোগ করে প্রমাণ করা যায় যে, আয়তক্ষেত্র RELM = বর্গক্ষেত্র RQHK [উপপাদ্য-১]
ধাপ ৬ : আয়তক্ষেত্র (PDLM + RELM) = বর্গক্ষেত্র PQGF + বর্গক্ষেত্র RQHK [(২) ও (৩) থেকে]
বা, বর্গক্ষেত্র PRED = বর্গক্ষেত্র PQGF + বর্গক্ষেত্র RQHK
[(৪) ও (৫) থেকে]
অর্থাৎ, $PR^2 = PQ^2 + QR^2$. (প্রমাণিত)

গ মনে করি, ΔPQR-এ $PQ = QR$ এবং $\angle PQR = 90°$। M, PR এর উপর যেকোনো বিন্দু। প্রমাণ করতে হবে যে, $PM^2 + RM^2 = 2QM^2$



অঙ্কন : $MB \perp PQ$, $MC \perp QR$ আঁকি। M, Q যোগ করি।
প্রমাণ : ধাপ-১ : ΔPQR-এ $\angle PQR = 90°$ [প্রদত্ত]
$PQ = QR$
$\therefore \angle P = \angle R = 45°$ [সমান সমান বাহুর বিপরীত কোণ]
ধাপ-২ : ΔMCR সমকোণী ত্রিভুজে, MR অতিভুজ।
$\angle CMR = \angle CRM = 45°$ [(১) থেকে]
$\therefore CM = CR$
একইভাবে, $BM = BP$
ধাপ-৩ : ΔMCR সমকোণী ত্রিভুজে
$MR^2 = CM^2 + CR^2$ [পিথাগোরাসের উপপাদ্য]
বা, $MR^2 = CM^2 + CM^2 = 2CM^2$
একইভাবে, $MP^2 = BM^2 + BP^2$
বা, $MP^2 = BM^2 + BM^2 = 2BM^2$
ধাপ-৪ : BMCQ আয়তক্ষেত্র
সুতরাং $BM = CQ$ [আয়তক্ষেত্রের বিপরীত বাহুদ্বয় পরস্পর সমান]
ধাপ-৫ : $MR^2 + MP^2 = 2(CM^2 + BM^2)$
ধাপ-৬ : ΔMCQ সমকোণী ত্রিভুজে,
$QM^2 = CM^2 + CQ^2$ [পিথাগোরাস]
বা, $2QM^2 = 2(CM^2 + BM^2)$ [ধাপ (৪)]
বা, $2QM^2 = MR^2 + MP^2$ [ধাপ ৫ হতে]
$\therefore PM^2 + RM^2 = 2MQ^2$. (প্রমাণিত)

প্রশ্ন ৩ ▶ সিলেট বোর্ড ২০২০

ΔMNS ও ΔGHK দুইটি সদৃশ ত্রিভুজ। ΔMNS এর MP একটি মধ্যমা।
ক. 5 সে.মি. দৈর্ঘ্যের একটি রেখাংশকে 2 : 1 অনুপাতে অন্তঃবিভক্ত কর। ২
খ. প্রমাণ কর যে, $\Delta SMN : \Delta KGH = MN^2 : GH^2$. ৪
গ. প্রমাণ কর যে, $MN^2 + MS^2 = 2(MP^2 + NP^2)$. ৪

৩নং প্রশ্নের সমাধান

ক চিত্রে, AB = 5 সে.মি. দৈর্ঘ্যের রেখাকে D বিন্দুতে 2 : 1 অনুপাতে অন্তর্বিভক্ত করা হলো।



খ মনে করি, ΔMNS ও ΔGHK দুইটি সদৃশ ত্রিভুজ।
প্রমাণ করতে হবে যে,
$\Delta SMN : \Delta KGH = MN^2 : GH^2$



অঙ্কন : $MP \perp NS$ এবং $GR \perp HK$ আঁকি।
প্রমাণ :
ধাপ-১ : $\Delta MNS = \frac{1}{2} NS \times MP$ [ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ ভূমি $\times$ উচ্চতা]
এবং $\Delta KGH = \frac{1}{2} \times HK \times GR$ [ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ ভূমি $\times$ উচ্চতা]

$$\therefore \frac{\Delta MNS}{\Delta KGH} = \frac{\frac{1}{2} NS \times MP}{\frac{1}{2} HK \times GR} = \frac{NS}{HK} \times \frac{MP}{GR}$$

ধাপ-২ : ΔPMN ও ΔRGH-এ,
$\angle N = \angle H$ [ΔMNS ও ΔGHK সদৃশ]
$\angle MPN = \angle GRH$ [সমকোণ]
$\therefore$ ΔPMN ও ΔRGH পরস্পর সদৃশকোণী বিধায় সদৃশ।
ধাপ-৩ : $\frac{MP}{GR} = \frac{MN}{GH} = \frac{NS}{HK}$ [ΔMNS ও ΔGHK সদৃশ]
$\therefore \frac{\Delta MNS}{\Delta KGH} = \frac{MN}{GH} \times \frac{MN}{GH} = \frac{MN^2}{GH^2}$ [ধাপ (১) থেকে]
$\therefore \Delta MNS : \Delta KGH = MN^2 : GH^2$. (প্রমাণিত)

www.abswer.com

www.abswer.com

গ মনে করি, Δ MNS-এ MP একটি মধ্যমা। প্রমাণ করতে হবে যে, $MN^2 + MS^2 = 2(MP^2 + NP^2)$



অঙ্কন : $ML \perp NS$ আঁকি।

প্রমাণ :

ধাপ-১ : Δ PML সমকোণী ত্রিভুজে, $MP^2 = ML^2 + PL^2$ [পিথাগোরাসের উপপাদ্য]

বা, $ML^2 = MP^2 - PL^2$

ধাপ-২ : Δ MNL সমকোণী ত্রিভুজে,

$MN^2 = ML^2 + NL^2$ [পিথাগোরাসের উপপাদ্য]

$= MP^2 - PL^2 + NL^2$ [ধাপ (১) থেকে]

$= MP^2 - PL^2 + (NP + PL)^2$

$= MP^2 - PL^2 + NP^2 + 2NP \cdot PL + PL^2$

$= MP^2 + NP^2 + 2NP \cdot PL$

ধাপ-৩ : Δ MSL সমকোণী ত্রিভুজে,

$MS^2 = ML^2 + LS^2$

$= MP^2 - PL^2 + (SP - PL)^2$

$= MP^2 - PL^2 + (NP - PL)^2$ [$\because$ P, NS এর মধ্যবিন্দু]

$= MP^2 - PL^2 + NP^2 - 2NP \cdot PL + PL^2$

$= MP^2 + NP^2 - 2NP \cdot PL$

ধাপ-৪ : এখন, $MN^2 + MS^2 = MP^2 + NP^2 + 2NP \cdot PL + MP^2 + NP^2 - 2NP \cdot PL$ [ধাপ(২) ও ধাপ (৩) হতে]

$\therefore MN^2 + MS^2 = 2(MP^2 + NP^2)$. (প্রমাণিত)

প্রশ্ন ৪ ▸ দিনাজপুর বোর্ড ২০২০

Δ PQR একটি সমবাহু ত্রিভুজ। $PM \perp QR$ এবং $\angle Q$ ও $\angle R$ এর সমদ্বিখণ্ডকদ্বয় O বিন্দুতে মিলিত হয়েছে।

ক. $P = 12$ সে.মি., $\frac{P}{4}$ বাহুবিশিষ্ট একটি সমবাহু ত্রিভুজ আঁক। ২

খ. প্রমাণ কর যে, $4PM^2 = 3PQ^2$. ৪

গ. প্রমাণ কর যে, $\angle QOR = 90° + \frac{1}{2}\angle P$. ৪

৪নং প্রশ্নের সমাধান

ক এখানে, P = 12 সে.মি.

$\therefore \frac{P}{4} = \frac{12}{4} = 3$ সে.মি.



চিত্রে, ABC একটি সমবাহু ত্রিভুজ যার প্রত্যেকটি বাহুর দৈর্ঘ্য 3 সে.মি.।

খ মনে করি, Δ PQR একটি সমবাহু ত্রিভুজ। $PM \perp QR$ প্রমাণ করতে হবে যে, $4PM^2 = 3PQ^2$.



প্রমাণ :

ধাপ-১ : Δ PQR-এ $PQ = QR = PR$ [সমবাহু ত্রিভুজ]

$QM = RM = \frac{1}{2}QR$

[PM লম্বের পাদবিন্দু M, QR কে সমদ্বিখণ্ডিত করে]

ধাপ-২ : Δ PMQ সমকোণী ত্রিভুজ। [$PM \perp QR$]

$\therefore PQ^2 = PM^2 + QM^2$ [পিথাগোরাসের উপপাদ্য]

বা, $PQ^2 - QM^2 = PM^2$

বা, $PM^2 = PQ^2 - \left(\frac{1}{2}QR\right)^2$

বা, $PM^2 = PQ^2 - \frac{QR^2}{4}$

বা, $PM^2 = \frac{4PQ^2 - QR^2}{4}$

বা, $4PM^2 = 4PQ^2 - PQ^2$ [$\because PQ = QR$]

$\therefore 4PM^2 = 3PQ^2$. (প্রমাণিত)

গ মনে করি, Δ PQR একটি সমবাহু ত্রিভুজ। $\angle Q$ ও $\angle R$ এর সমদ্বিখণ্ডক O বিন্দুতে ছেদ করে।



প্রমাণ করতে হবে যে,

$\angle QOR = 90° + \frac{1}{2}\angle P$

প্রমাণ : ধাপ-১ : Δ PQR-এ

$\angle P + \angle Q + \angle R = 180°$ [ত্রিভুজের তিনকোণের সমষ্টি 180°]

বা, $\frac{1}{2}\angle P + \frac{1}{2}\angle Q + \frac{1}{2}\angle R = 90°$

বা, $\frac{1}{2}\angle Q + \frac{1}{2}\angle R = 90° - \frac{1}{2}\angle P$

ধাপ-২ : Δ QOR-এ,

$\angle OQR + \angle ORQ + \angle QOR = 180°$ [ত্রিভুজের তিনকোণের সমষ্টি 180°]

বা, $\frac{1}{2}\angle Q + \frac{1}{2}\angle R + \angle QOR = 180°$

বা, $90° - \frac{1}{2}\angle P + \angle QOR = 180°$ [ধাপ (১) থেকে]

বা, $\angle QOR = 180° - 90° + \frac{1}{2}\angle P$

$\therefore \angle QOR = 90° + \frac{1}{2}\angle P$. (প্রমাণিত)

প্রশ্ন ৫ ▸ ময়মনসিংহ বোর্ড ২০২০



চিত্রে, $\angle P = 90°$, $PQ > PR$ এবং $\angle P$ এর সমদ্বিখণ্ডক PS রেখাংশ QR কে S বিন্দুতে ছেদ কর।

ক. PQR ত্রিভুজের পরিবৃত্ত অঙ্কন কর। ২

খ. প্রমাণ কর যে, $\angle PSQ$ স্থূলকোণ। ৪

গ. উদ্দীপকের সাহায্যে প্রমাণ কর যে, $QR^2 = PQ^2 + PR^2$. ৪

৫নং প্রশ্নের সমাধান

ক এখানে, PQR সমকোণী ত্রিভুজের $\angle QPR = 90°$। ত্রিভুজটির পরিবৃত্ত আঁকতে হবে। অর্থাৎ এমন একটি বৃত্ত আঁকতে হবে, যা ত্রিভুজের তিনটি শীর্ষবিন্দু P, Q ও R দিয়ে যায়।



অঙ্কন :

১. PQ ও RP রেখাংশের লম্ব সমদ্বিখণ্ডক যথাক্রমে EM ও FN রেখাংশ আঁকি। মনে করি, তারা পরস্পরকে O বিন্দুতে ছেদ করে।

২. P, O যোগ করি। O কে কেন্দ্র করে OP এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি।

তাহলে, বৃত্তটি P, Q ও R বিন্দুগামী হবে এবং এই বৃত্তটিই Δ PQR এর নির্ণেয় পরিবৃত্ত।

www.abswer.com

www.abswer.com

খ এখানে, ΔPQR-এর $PQ > PR$ এবং $\angle P$ এর সমদ্বিখণ্ডক PS, QR বাহুকে S বিন্দুতে ছেদ করে। প্রমাণ করতে হবে যে, $\angle PSQ$ স্থূলকোণ।



অঙ্কন : PQ বাহু হতে PR-এর সমান PM অংশ কাটি এবং S, M যোগ করি।

প্রমাণ :

ধাপ ১. ΔPMS ও ΔPRS-এ, $PM = PR$ [অঙ্কন অনুসারে]

$PS = PS$ [সাধারণ বাহু]

$\angle SPM = \angle RPS$ [$\because$ PS, $\angle P$-এর সমদ্বিখণ্ডক]

$\therefore$ $\Delta PMS \cong \Delta PRS$ [বাহু-কোণ-বাহু উপপাদ্য]

অতএব, $\angle PSM = \angle PSR$

সুতরাং $\angle PSQ > \angle PSM$ [$\because$ $\angle PSM$, $\angle PSQ$-এর একটি অংশ]

অর্থাৎ $\angle PSQ > \angle PSR$ [$\because$ $\angle PSR = \angle PSM$]

$\therefore$ $\angle PSQ$ স্থূলকোণ। [$\because \angle PSQ$ ও $\angle PSR$-এর সমষ্টি এক সরলকোণ।] (প্রমাণিত)

গ মনে করি, PQR সমকোণী ত্রিভুজের $\angle QPR = 90°$ এবং QR অতিভুজ। প্রমাণ করতে হবে যে, $QR^2 = PQ^2 + PR^2$.

অঙ্কন : QR, QP এবং RP বাহুর উপর যথাক্রমে QRED, QPGF এবং RPHK বর্গক্ষেত্র অঙ্কন করি। P বিন্দু দিয়ে QD বা RE রেখার সমান্তরাল PL রেখা আঁকি। মনে করি, তা QR কে M বিন্দুতে এবং DE কে L বিন্দুতে ছেদ করে। P ও D এবং R ও F যোগ করি।



প্রমাণ :

ধাপ ১ : ΔPQD ও ΔFQR এ $PQ = QF$, $QD = QR$ এবং অন্তর্ভুক্ত $\angle PQD = \angle PQR + \angle DQR = \angle PQR + \angle PQF =$ অন্তর্ভুক্ত $\angle RQF$ [$\angle RQD = \angle PQF = 1$ সমকোণ]

অতএব, $\Delta PQD \cong \Delta FQR$ [বাহু-কোণ-বাহু উপপাদ্য]

ধাপ ২ : ত্রিভুজক্ষেত্র PQD এবং আয়তক্ষেত্র QDLM একই ভূমি QD এর উপর এবং QD ও PL সমান্তরাল রেখাদ্বয়ের মধ্যে অবস্থিত।

সুতরাং, আয়তক্ষেত্র QDLM = 2 (ত্রিভুজক্ষেত্র PQD)

ধাপ ৩ : ত্রিভুজক্ষেত্র RQF এবং বর্গক্ষেত্র QPGF একই ভূমি QF এর উপর এবং QF ও RG সমান্তরাল রেখাদ্বয়ের মধ্যে অবস্থিত। সুতরাং, বর্গক্ষেত্র QPGF = 2 (ত্রিভুজক্ষেত্র FQR) = 2 (ত্রিভুজক্ষেত্র PQD)

ধাপ ৪ : আয়তক্ষেত্র QDLM = বর্গক্ষেত্র QPGF.

ধাপ ৫ : অনুরূপভাবে P, E ও Q, K যোগ করে প্রমাণ করা যায় যে, আয়তক্ষেত্র RELM = বর্গক্ষেত্র RPHK

ধাপ ৬ : আয়তক্ষেত্র (QDLM + RELM) = বর্গক্ষেত্র QPGF + বর্গক্ষেত্র RPHK [(৪) ও (৫) থেকে]

বা, বর্গক্ষেত্র QRED = বর্গক্ষেত্র QPGF + বর্গক্ষেত্র RPHK

অর্থাৎ, $QR^2 = PQ^2 + PR^2$. (প্রমাণিত)

প্রশ্ন ৬ ▶ যশোর বোর্ড ২০১৯

MLN সমকোণী সমদ্বিবাহু ত্রিভুজের $\angle L$ সমকোণ।

ক. একটি সমকোণী ত্রিভুজের সমকোণ ব্যতীত অপর কোণদ্বয় যথাক্রমে $4x°$ ও $2x°$ হলে, ক্ষুদ্রতম কোণের পরিমাণ নির্ণয় কর। ২

খ. প্রমাণ কর যে, $MN^2 = NL^2 + ML^2$. ৪

গ. MN এর উপরস্থ কোনো বিন্দু Q হলে প্রমাণ কর যে, $\frac{1}{2}(QM^2 + QN^2) = QL^2$. ৪

৬নং প্রশ্নের সমাধান

ক এখানে, সমকোণী ত্রিভুজের সমকোণ ব্যতীত অপর কোণদ্বয় যথাক্রমে $4x°$ ও $2x°$। সমকোণী ত্রিভুজের সমকোণ ব্যতীত অপর কোণদ্বয়ের সমষ্টি এক সমকোণ বা $90°$।

অর্থাৎ $4x° + 2x° = 90°$

বা, $6x° = 90°$

বা, $x° = \frac{90°}{6}$

$\therefore$ $x° = 15°$

$\therefore$ ক্ষুদ্রতম কোণ $= 2x° = 2 \times 15° = 30°$.

$\therefore$ সমকোণী ত্রিভুজটির ক্ষুদ্রতম কোণের পরিমাণ $30°$.

খ মনে করি, MLN সমকোণী সমদ্বিবাহু ত্রিভুজের $\angle L$ = এক সমকোণ এবং MN অতিভুজ। প্রমাণ করতে হবে যে, $MN^2 = LN^2 + ML^2$.

অঙ্কন : MN, ML এবং NL বাহুর উপর যথাক্রমে MNED, MLGF এবং NLHK বর্গক্ষেত্র অঙ্কন করি। L বিন্দু দিয়ে MD বা NE রেখার সমান্তরাল LS রেখা আঁকি। মনে করি, তা MN কে T বিন্দুতে এবং DE কে S বিন্দুতে ছেদ করে। L ও D এবং N ও F যোগ করি।



প্রমাণ :

ধাপ ১. ΔLMD ও ΔFMN এ $LM = MF$, $MD = MN$ এবং অন্তর্ভুক্ত $\angle LMD = \angle LMN + \angle DMN = \angle LMN + \angle LMF =$ অন্তর্ভুক্ত $\angle NMF$ [$\angle NMD = \angle LMF = 1$ সমকোণ]

অতএব, $\Delta LMD \cong \Delta FMN$ [বাহু-কোণ-বাহু উপপাদ্য]

ধাপ ২. ত্রিভুজক্ষেত্র LMD এবং আয়তক্ষেত্র MDST একই ভূমি MD এর উপর এবং MD ও LS সমান্তরাল রেখাদ্বয়ের মধ্যে অবস্থিত।

সুতরাং, আয়তক্ষেত্র MDST = 2 (ত্রিভুজক্ষেত্র LMD)

ধাপ ৩. ত্রিভুজক্ষেত্র NMF এবং বর্গক্ষেত্র MLGF একই ভূমি MF এর উপর এবং MF ও NG সমান্তরাল রেখাদ্বয়ের মধ্যে অবস্থিত। সুতরাং, বর্গক্ষেত্র MLGF = 2 (ত্রিভুজক্ষেত্র FMN) = 2 (ত্রিভুজক্ষেত্র LMD).

ধাপ ৪. আয়তক্ষেত্র MDST = বর্গক্ষেত্র MLGF.

ধাপ ৫. অনুরূপভাবে L, E ও M, K যোগ করে প্রমাণ করা যায় যে, আয়তক্ষেত্র NEST = বর্গক্ষেত্র NLHK

ধাপ ৬. আয়তক্ষেত্র (MDST + NESP) = বর্গক্ষেত্র MLGF + বর্গক্ষেত্র NLHK

বা, বর্গক্ষেত্র MNED = বর্গক্ষেত্র MLGF + বর্গক্ষেত্র NLHK [(৪) ও (৫) থেকে]

বা, $MN^2 = ML^2 + LN^2$

$\therefore$ $MN^2 = NL^2 + ML^2$. (প্রমাণিত)

গ মনে করি, MLN সমকোণী সমদ্বিবাহু ত্রিভুজে $ML = NL$. $\angle L$ = এক সমকোণ এবং অতিভুজ MN এর উপরস্থ একটি বিন্দু Q। L, Q যোগ করি।



প্রমাণ করতে হবে যে, $\frac{1}{2}(QM^2 + QN^2) = QL^2$.

অঙ্কন : Q বিন্দু হতে LN ও ML এর উপর যথাক্রমে QD ও QE লম্ব আঁকি।

www.abswer.com

www.abswer.com

প্রমাণ :

ধাপ ১. ΔMLN-এ $\angle L = 90°$ [∵ ΔMLN সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজ]

∴ $\angle M = \angle N = 45°$

ধাপ ২. QND সমকোণী ত্রিভুজে, QN অতিভুজ এবং $\angle QND = \angle NQD = 45°$ [∵ $\angle QDN$ = এক সমকোণ]

∴ $QD = QN$

একই কারণে $QE = ME$ [পিথাগোরাসের উপপাদ্য]

এখন, QND সমকোণী ত্রিভুজে,

$QN^2 = QD^2 + ND^2$

$= QD^2 + QD^2 = 2QD^2$

ধাপ ৩. QME সমকোণী ত্রিভুজে, [পিথাগোরাসের উপপাদ্য]

$QM^2 = QE^2 + ME^2$

$= QE^2 + QE^2 = 2QE^2$

ধাপ ৪. LDQE একটি আয়তক্ষেত্র

সুতরাং $LD = QE$ [আয়তক্ষেত্রের বিপরীত বাহুদ্বয় পরস্পর সমান]

ধাপ ৫. $QM^2 + QN^2 = 2QE^2 + 2QD^2 = 2(QE^2 + QD^2)$

ধাপ ৬. QLD সমকোণী ত্রিভুজে

$QD^2 + LD^2 = QL^2$

বা, $QD^2 + QE^2 = QL^2$

বা, $2(QE^2 + QD^2) = 2QL^2$

বা, $QM^2 + QN^2 = 2QL^2$. [ধাপ ৫]

∴ $\frac{1}{2}(QM^2 + QN^2) = QL^2$. (প্রমাণিত)

প্রশ্ন ৭ ▸ ঢাকা বোর্ড ২০১৭

ΔABC এর AB ও AC বাহুদ্বয়ের মধ্যবিন্দু যথাক্রমে D ও E.

ক. তথ্যানুসারে চিত্রটি আঁক। ২

খ. প্রমাণ কর যে, $DE \parallel BC$. ৪

গ. প্রমাণ কর যে, Δ ক্ষেত্র BDE এর ক্ষেত্রফল $= \frac{1}{4}$(Δ ক্ষেত্র ABC এর ক্ষেত্রফল)। ৪

৭নং প্রশ্নের সমাধান

ক চিত্রে, ΔABC এর AB ও AC বাহুর মধ্যবিন্দু যথাক্রমে D ও E.



খ ABC ত্রিভুজের AB ও AC বাহুর মধ্যবিন্দু যথাক্রমে D ও E. প্রমাণ করতে হবে যে, $DE \parallel BC$.



অঙ্কন : D, E যোগ করে বর্ধিত করি যেন $DE = EF$ হয়।

প্রমাণ :

ধাপ ১ : ΔADE ও ΔCEF-এ

$AE = CE$ [E, AC এর মধ্যবিন্দু]

$DE = EF$ [অঙ্কনানুসারে]

$\angle AED = \angle CEF$ [বিপ্রতীপ কোণ]

∴ $\Delta ADE \cong \Delta CEF$ [বাহু-কোণ-বাহু উপপাদ্য]

$AD = CF$ বা, $BD = CF$ [∵ $AD = BD$]

$\angle ADF = \angle EFC$ [একান্তর কোণ]

বা, $\angle ADF = \angle DFC$

∴ $AD \parallel CF$ বা, $BD \parallel CF$

∴ BCFD একটি সামান্তরিক

∴ $DF \parallel BC$

অর্থাৎ $DE \parallel BC$. (প্রমাণিত)

গ ΔABC এর AB ও AC বাহুর মধ্যবিন্দু যথাক্রমে D ও E প্রমাণ করতে হবে যে, Δ ক্ষেত্র BDE এর ক্ষেত্রফল $= \frac{1}{4}$(Δ ক্ষেত্র ABC এর ক্ষেত্রফল)



অঙ্কন : B, E যোগ করি।

প্রমাণ :

ধাপ ১ : ΔABC-এ E, AC এর মধ্যবিন্দু

∴ BE মধ্যমা

BE মধ্যমা হওয়ায়,

ক্ষেত্র ABE এর ক্ষেত্রফল $= \frac{1}{2} \times \Delta$ ক্ষেত্র ABC এর ক্ষেত্রফল

[যেকোনো মধ্যমা ত্রিভুজটিকে দুইটি সমান অংশে ভাগ করে]

ধাপ ২ : D, AB এর মধ্যবিন্দু।

∴ DE মধ্যমা।

DE মধ্যমা হওয়ায় Δ ক্ষেত্র BDE এর ক্ষেত্রফল

$= \frac{1}{2} \times$ (Δ ক্ষেত্র ABE এর ক্ষেত্রফল)

[যেকোনো মধ্যমা ত্রিভুজটিকে দুইটি সমান অংশে বিভক্ত করে]

$= \frac{1}{2} \times \frac{1}{2} \times$ (Δ ক্ষেত্র ABC এর ক্ষেত্রফল)

$= \frac{1}{4}$(Δ ক্ষেত্র ABC এর ক্ষেত্রফল) [(১) এর হতে]

∴ Δ ক্ষেত্র BDE এর ক্ষেত্রফল $= \frac{1}{4}$(Δ ক্ষেত্র ABC এর ক্ষেত্রফল)

(প্রমাণিত)

প্রশ্ন ৮ ▸ যশোর বোর্ড ২০১৭

ΔABC-এ $\angle C = 1$ সমকোণ এবং $\angle B = 2\angle A$.

ক. $\angle A = ?$ এবং $\angle B = ?$ ২

খ. প্রমাণ কর যে, $AB^2 = AC^2 + BC^2$. ৪

গ. প্রমাণ কর যে, ΔABC এর যেকোনো দুই বাহুর মধ্যবিন্দুর সংযোজক রেখাংশের দৈর্ঘ্য এর তৃতীয় বাহুর সমান্তরাল এবং দৈর্ঘ্য তার অর্ধেক। ৪

৮নং প্রশ্নের সমাধান

ক এখানে, ΔABC-এ $\angle C = 1$ সমকোণ এবং $\angle B = 2\angle A$

আমরা জানি, ত্রিভুজের তিন কোণের সমষ্টি দুই সমকোণের সমান। তাই,

$\angle A + \angle B + \angle C = 180°$

বা, $\angle A + 2\angle A + 90° = 180°$

বা, $3\angle A = 90°$

বা, $\angle A = 30°$

∴ $\angle B = 2 \times 30° = 60°$

নির্ণেয় মান, $\angle A = 30°$ এবং $\angle B = 60°$.

খ মনে করি, ABC সমকোণী ত্রিভুজের $\angle C = 1$ সমকোণ, $\angle B = 2\angle A$ এবং AB অতিভুজ। প্রমাণ করতে হবে যে, $AB^2 = AC^2 + BC^2$.



অঙ্কন : AB, AC এবং BC বাহুর উপর যথাক্রমে ABED, ACGF এবং BCHK বর্গক্ষেত্র অঙ্কন করি।

C বিন্দু দিয়ে AD বা BE রেখার সমান্তরাল CL রেখা আঁকি। মনে করি, তা AB কে M বিন্দুতে এবং DE কে L বিন্দুতে ছেদ করে। C ও D এবং B ও F যোগ করি।

www.abswer.com

www.abswer.com

প্রমাণ :

ধাপ ১ : ΔCAD ও ΔFAB এ $CA = AF$, $AD = AB$ এবং অন্তর্ভুক্ত $\angle CAD$
$= \angle CAB + \angle BAD$ [$\angle BAD = \angle CAF = 1$ সমকোণ]
$= \angle CAB + \angle CAF =$ অন্তর্ভুক্ত $\angle BAF$

অতএব, $\Delta CAD \cong \Delta FAB$

ধাপ ২ : ত্রিভুজক্ষেত্র CAD এবং আয়তক্ষেত্র ADLM একই ভূমি AD এর উপর এবং AD ও CL সমান্তরাল রেখাদ্বয়ের মধ্যে অবস্থিত। সুতরাং, আয়তক্ষেত্র ADLM = 2 (ত্রিভুজক্ষেত্র CAD) [বাহু-কোণ-বাহু উপপাদ্য]

ধাপ ৩ : ত্রিভুজক্ষেত্র BAF এবং বর্গক্ষেত্র ACGF একই ভূমি AF এর উপর এবং AF ও BG সমান্তরাল রেখাদ্বয়ের মধ্যে অবস্থিত। সুতরাং, বর্গক্ষেত্র ACGF = 2 (ত্রিভুজক্ষেত্র FAB) = 2 (ত্রিভুজক্ষেত্র CAD) [উপপাদ্য-১]

ধাপ ৪ : আয়তক্ষেত্র ADLM = বর্গক্ষেত্র ACGF

ধাপ ৪ : অনুরূপভাবে C, E ও A, K যোগ করে প্রমাণ করা যায় যে, আয়তক্ষেত্র BELM = বর্গক্ষেত্র BCHK [উপপাদ্য-১]

ধাপ ৬ : আয়তক্ষেত্র (ADLM + BELM) = বর্গক্ষেত্র ACGF + বর্গক্ষেত্র BCHK [(২) ও (৩) থেকে]

বা, বর্গক্ষেত্র ABED = বর্গক্ষেত্র ACGF + বর্গক্ষেত্র BCHK [(৪) ও (৫) থেকে]

অর্থাৎ, $AB^2 = AC^2 + BC^2$. (প্রমাণিত)

গ মনে করি, ABC ত্রিভুজে $\angle C = 1$ সমকোণ এবং $\angle B = 2\angle A$। D এবং E যথাক্রমে AC এবং AB এর মধ্যবিন্দু। প্রমাণ করতে হবে যে, ΔABC এর AC ও AB বাহুর মধ্যবিন্দুর সংযোজক সরলরেখা অপর বাহুর সমান্তরাল এবং দৈর্ঘ্যে অর্ধেক।



অর্থাৎ $DE \parallel BC$ এবং $DE = \frac{1}{2}BC$.

অঙ্কন : D ও E যোগ করে বর্ধিত করি যেন EF = DE হয়।

প্রমাণ : ধাপ ১ : ΔADE ও ΔBEF এর মধ্যে

$AE = EB$, $DE = EF$ [অঙ্কনানুসারে]

$\angle AED = \angle BEF$ [বিপ্রতীপ কোণ]

$\Delta ADE \cong \Delta BEF$ [বাহু-কোণ-বাহু উপপাদ্য]

$\therefore$ $\angle ADE = \angle EFB$ এবং

$\angle DAE = \angle EBF$ [একান্তর কোণ]

$\therefore$ $DF \parallel BC$ বা $DE \parallel BC$

ধাপ ২ : আবার, DF = BC

বা, DE + EF = BC

বা, DE + DE = BC

বা, 2DE = BC [$\because$ DE = EF]

বা, $DE = \frac{1}{2}BC$.

অর্থাৎ, $DE \parallel BC$ এর $DE = \frac{1}{2}BC$. (প্রমাণিত)

প্রশ্ন ৯ ▸ চট্টগ্রাম বোর্ড ২০১৭

ABC সমকোণী ত্রিভুজের $\angle B =$ এক সমকোণ এবং AC অতিভুজ।

ক. পিথাগোরাসের উপপাদ্যটি লেখ। ২

খ. ΔABC এ $AC^2 = AB^2 + BC^2$ হলে প্রমাণ কর যে, $\angle B = 1$ সমকোণ। ৪

গ. যদি AB = BC হয় এবং P, AC এর উপরস্থ কোনো বিন্দু হয়, তাহলে প্রমাণ কর যে, $PA^2 + PC^2 = 2PB^2$. ৪

৯নং প্রশ্নের সমাধান

ক পিথাগোরাসের উপপাদ্য : সমকোণী ত্রিভুজের অতিভুজের ওপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল অপর দুই বাহুর ওপর অঙ্কিত বর্গক্ষেত্রদ্বয়ের ক্ষেত্রফলের সমষ্টির সমান।

খ



মনে করি, ΔABC এ $AC^2 = AB^2 + BC^2$।

প্রমাণ করতে হবে যে, $\angle B = 1$ সমকোণ।

অঙ্কন : এমন একটি ত্রিভুজ DEF আঁকি যেন $\angle E = 1$ সমকোণ, EF = BC এবং DE = AB হয়।

প্রমাণ :

ধাপ ১ : $DF^2 = DE^2 + EF^2$

বা, $DF^2 = AB^2 + BC^2$ [ΔDEF এ $\angle E = 1$ সমকোণ]

বা, $DF^2 = AC^2$

বা, DF = AC [কল্পনা]

ধাপ ২ : ΔABC ও ΔDEF এ

BC = EF

AB = DE [ধাপ (১) হতে]

AC = DF

$\therefore$ $\Delta ABC \cong \Delta DEF$ [বাহু-বাহু-বাহু উপপাদ্য]

$\therefore$ $\angle B = \angle E$

অতএব, $\angle B = 1$ সমকোণ [$\because \angle E = 1$ সমকোণ]

(প্রমাণিত)

গ মনে করি, ABC একটি সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজ যেখানে AB = BC। AC এর অতিভুজ এবং P, AC এর উপর যে কোনো বিন্দু। প্রমাণ করতে হবে যে, $PA^2 + PC^2 = 2PB^2$



অঙ্কন : P বিন্দু হতে BC ও AB এর উপর যথাক্রমে PM ও PN লম্ব আঁকি।

প্রমাণ :

ধাপ ১ : ΔABC এ $\angle B = 90°$ [$\because \Delta ABC$ সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজ]

$\therefore$ $\angle A = \angle C = 45°$

ধাপ ২ : PCM সমকোণী ত্রিভুজে, PC অতিভুজ [$\because \angle PMC =$ এক সমকোণ]

এবং $\angle PCM = \angle CPM = 45°$

$\therefore$ PM = PC

একই কারণে PN = AN [পিথাগোরাসের উপপাদ্য]

এখন, PCM সমকোণী ত্রিভুজে,

$PC^2 = PM^2 + CM^2 = PM^2 + PM^2 = 2PM^2$

ধাপ ৩ : PAN সমকোণী ত্রিভুজে, [একই]

$PA^2 = PN^2 + AN^2 = PN^2 + PN^2 = 2PN^2$

ধাপ ৪ : BMPN একটি আয়তক্ষেত্র

সুতরাং BM = PN [আয়তক্ষেত্রের বিপরীত বাহুদ্বয় পরস্পর সমান]

ধাপ ৫ : $PA^2 + PC^2 = 2PN^2 + 2PM^2 = 2(PN^2 + PM^2)$

ধাপ ৬ : PBM সমকোণী ত্রিভুজে, $PM^2 + BM^2 = PB^2$

বা, $PM^2 + PN^2 = PB^2$

বা, $2(PN^2 + PM^2) = 2PB^2$ [ধাপ ৫]

$\therefore$ $PA^2 + PC^2 = 2PB^2$. (প্রমাণিত)

www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ১০ ▸ দিনাজপুর বোর্ড ২০১৭

সমকোণী ΔPQR এর $\angle Q$ = এক সমকোণ এবং ΔABC সমবাহু যার $AD \perp BC$.

ক. দেখাও যে, $BD = CD$. ২

খ. প্রমাণ কর যে, $PR^2 = PQ^2 + QR^2$. ৪

গ. প্রমাণ কর যে, $4AD^2 = 3AB^2$. ৪

১০নং প্রশ্নের সমাধান

ক মনে করি, ABC একটি সমবাহু ত্রিভুজ। BC এর উপর লম্ব AD। দেখাতে হবে যে, $BD = CD$.



ধাপ ১ : এখানে $\angle ADB = \angle ADC = 90°$ [BC এর উপর লম্ব AD]
অর্থাৎ ΔABD ও ΔACD উভয়ই সমকোণী ত্রিভুজ।

ধাপ ২ : ABD ও ACD সমকোণী ত্রিভুজে [ABC সমবাহু ত্রিভুজ]
অতিভুজ AB = অতিভুজ AC [সাধারণ বাহু]
$AD = AD$

$\therefore$ $\Delta ABD \cong \Delta ACD$ [সমকোণী অতিভুজ-বাহু উপপাদ্য]

অতএব, $BD = CD$. (দেখানো হলো)

খ মনে করি, PQR সমকোণী ত্রিভুজের $\angle Q$ = এক সমকোণ এবং PR অতিভুজ। প্রমাণ করতে হবে যে, $PR^2 = PQ^2 + QR^2$.



অঙ্কন : PR, PQ এবং RQ বাহুর উপর যথাক্রমে PRED, PQGF এবং RQHK বর্গক্ষেত্র অঙ্কন করি। Q বিন্দু দিয়ে PD বা RE রেখার সমান্তরাল QL রেখা আঁকি।
মনে করি, তা PR কে M বিন্দুতে এবং DE কে L বিন্দুতে ছেদ করে। Q ও D এবং R ও F যোগ করি।

প্রমাণ :

ধাপ ১ : ΔQPD ও ΔFPR এ $QP = PF$, $PD = PR$
[$\angle RPD = \angle QPF = 1$ সমকোণ]

এবং অন্তর্ভুক্ত $\angle QPD = \angle QPR + \angle DPR$
$= \angle QPR + \angle QPF$ = অন্তর্ভুক্ত $\angle RPF$

অতএব, $\Delta QPD \cong \Delta FPR$ [বাহু-কোণ-বাহু উপপাদ্য]

ধাপ ২ : ত্রিভুজক্ষেত্র QPD এবং আয়তক্ষেত্র PDLM একই ভূমি PD এর উপর এবং PD ও QL সমান্তরাল রেখাদ্বয়ের মধ্যে অবস্থিত।
সুতরাং, আয়তক্ষেত্র PDLM = 2 (ত্রিভুজক্ষেত্র QPD)

ধাপ ৩ : ত্রিভুজক্ষেত্র RPF এবং বর্গক্ষেত্র PQGF একই ভূমি PF এর উপর এবং PF ও RG সমান্তরাল রেখাদ্বয়ের মধ্যে অবস্থিত। সুতরাং, বর্গক্ষেত্র PQGF = 2 (ত্রিভুজক্ষেত্র FPR) = 2 (ত্রিভুজক্ষেত্র QPD) [উপপাদ্য-১]

ধাপ ৪ : আয়তক্ষেত্র PDLM = বর্গক্ষেত্র PQGF

ধাপ ৫ : অনুরূপভাবে Q, E ও P, K যোগ করে প্রমাণ করা যায় যে, আয়তক্ষেত্র RELM = বর্গক্ষেত্র RQHK [উপপাদ্য-১]

ধাপ ৬ : আয়তক্ষেত্র (PDLM + RELM) = বর্গক্ষেত্র PQGF + বর্গক্ষেত্র RQHK [(২) ও (৩) থেকে]
বা, বর্গক্ষেত্র PRED = বর্গক্ষেত্র PQGF + বর্গক্ষেত্র RQHK [(৪) ও (৫) থেকে]

অর্থাৎ, $PR^2 = PQ^2 + QR^2$. (প্রমাণিত)

গ মনে করি, ABC একটি সমবাহু ত্রিভুজ। AD, BC এর উপর লম্ব। প্রমাণ করতে হবে যে, $4AD^2 = 3AB^2$.



প্রমাণ :

ধাপ ১ : ΔABC এ $AB = BC = CA$
[$\because$ ΔABC সমবাহু ত্রিভুজ]

এবং $BD = DC = \frac{1}{2}BC$
[$\because$ AD লম্বের পাদ বিন্দু D, BC কে সমদ্বিখণ্ডিত করে]

ধাপ ২ : এখন ΔABD এ $\angle ADB = 90°$
এবং AB = অতিভুজ [$\because$ AD, BC এর উপর লম্ব]
$\therefore$ ΔABD সমকোণী ত্রিভুজ।

ধাপ ৩ : ABD সমকোণী ত্রিভুজ হতে পাই,
[পিথাগোরাসের উপপাদ্য অনুসারে]

$AB^2 = AD^2 + BD^2$

বা, $AB^2 - BD^2 = AD^2$

বা, $AD^2 = AB^2 - \left(\frac{1}{2}BC\right)^2$ [(১) হতে]

বা, $AD^2 = AB^2 - \frac{BC^2}{4}$

বা, $AD^2 = \frac{4AB^2 - BC^2}{4}$ [$\because$ AB = BC]

বা, $4AD^2 = 4AB^2 - AB^2$ [(১) হতে]

$\therefore$ $4AD^2 = 3AB^2$. (প্রমাণিত)

প্রশ্ন ১১ ▸ চট্টগ্রাম বোর্ড ২০১৬

ABC একটি সমকোণী ত্রিভুজ। যেখানে $\angle B$ = এক সমকোণ।

ক. উপরের তথ্যের আলোকে ত্রিভুজটি আঁক। ২

খ. প্রমাণ কর যে, $AC^2 = AB^2 + BC^2$. ৪

গ. ABC ত্রিভুজে AB = BC এবং P অতিভুজ AC এর উপরস্থ যে কোনো বিন্দু হলে, প্রমাণ কর যে, $PA^2 + PC^2 = 2PB^2$. ৪

১১নং প্রশ্নের সমাধান

ক



চিত্রে ABC সমকোণী ত্রিভুজে $\angle B$ = এক সমকোণ।

খ মনে করি, ABC সমকোণী ত্রিভুজের $\angle B$ = এক সমকোণ এবং AC অতিভুজ। প্রমাণ করতে হবে যে, $AC^2 = AB^2 + BC^2$.



অঙ্কন : AC, AB এবং CB বাহুর উপর যথাক্রমে ACED, ABGF এবং CBHK বর্গক্ষেত্র অঙ্কন করি। B বিন্দু দিয়ে AD বা CE রেখার সমান্তরাল BL রেখা আঁকি। মনে করি, তা AC কে M বিন্দুতে এবং DE কে L বিন্দুতে ছেদ করে। B ও D এবং C ও F যোগ করি।

প্রমাণ :

ধাপ ১ : ΔBAD ও ΔFAC এ $BA = AF$, $AD = AC$
[$\angle CAD = \angle BAF = 1$ সমকোণ]

এবং অন্তর্ভুক্ত $\angle BAD = \angle BAC + \angle DAC = \angle BAC + \angle BAF$ = অন্তর্ভুক্ত $\angle CAF$ [বাহু-কোণ-বাহু উপপাদ্য]

অতএব, $\Delta BAD \cong \Delta FAC$

ধাপ ২ : ত্রিভুজক্ষেত্র BAD এবং আয়তক্ষেত্র ADLM একই ভূমি AD এর উপর এবং AD ও BL সমান্তরাল রেখাদ্বয়ের মধ্যে অবস্থিত।
সুতরাং, আয়তক্ষেত্র ADLM = 2 (ত্রিভুজক্ষেত্র BAD)

ধাপ ৩ : ত্রিভুজক্ষেত্র CAF এবং বর্গক্ষেত্র ABGF একই ভূমি AF এর উপর এবং AF ও CG সমান্তরাল রেখাদ্বয়ের মধ্যে অবস্থিত।
সুতরাং, বর্গক্ষেত্র ABGF = 2 (ত্রিভুজক্ষেত্র CAF) = 2 (ত্রিভুজক্ষেত্র BAD) [উপপাদ্য-১]

www.abswer.com

www.abswer.com

ধাপ ৪ : আয়তক্ষেত্র ADLM = বর্গক্ষেত্র ABGF

ধাপ ৫ : অনুরূপভাবে B, E ও A, K যোগ করে প্রমাণ করা যায় যে, আয়তক্ষেত্র CELM = বর্গক্ষেত্র CBHK [উপপাদ্য-১]

ধাপ ৬ : আয়তক্ষেত্র (ADLM + CELM) [(২) ও (৩) থেকে]

= বর্গক্ষেত্র ABGF + বর্গক্ষেত্র CBHK

বা, বর্গক্ষেত্র ACED = বর্গক্ষেত্র ABGF + বর্গক্ষেত্র CBHK [(৪) ও (৫) থেকে]

অর্থাৎ, $AC^2 = AB^2 + BC^2$. (প্রমাণিত)

গ সৃজনশীল প্রশ্ন ৯(গ)নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ১২ ▸ বরিশাল বোর্ড ২০১৬



চিত্রে PQ > PR এবং S, QR এর মধ্যবিন্দু।

ক. পীথাগোরাসের উপপাদ্যটি লিখ। ২

খ. প্রমাণ কর যে, ∠PSQ স্থূলকোণ। ৪

গ. প্রমাণ কর যে, $PQ^2 + PR^2 = 2(PS^2 + QS^2)$. ৪

১২নং প্রশ্নের সমাধান

ক পিথাগোরাসের উপপাদ্যটি হলো—সমকোণী ত্রিভুজের অতিভুজের ওপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল অপর দুই বাহুর ওপর অঙ্কিত বর্গক্ষেত্রদ্বয়ের ক্ষেত্রফলের সমষ্টির সমান।

খ মনে করি, Δ PQR এ PQ > PR এবং S, QR এর মধ্যবিন্দু। P, S যোগ করি। প্রমাণ করতে হবে যে, ∠PSQ স্থূলকোণ।



অঙ্কন : P বিন্দু থেকে QR এর উপর PL লম্ব আঁকি।

প্রমাণ :

ধাপ ১ : PSL সমকোণী ত্রিভুজে, ∠PLS = 90 [PL ⊥ QR]

বহিঃস্থ ∠PSQ = ∠PLS + ∠LPS

[ত্রিভুজের যে কোনো বহিঃস্থ কোণ, তা এর বিপরীত অন্তঃস্থ কোণদ্বয়ের সমষ্টির সমান]

বা, ∠PSQ = 90° + ∠LPS

অর্থাৎ, ∠PSQ এর পরিমাণ 90° থেকে বড় এবং 180° থেকে ছোট। [∠PLS = 90°]

∴ ∠PSQ স্থূলকোণ। [∠LPS হচ্ছে সূক্ষ্মকোণ] (প্রমাণিত)

গ মনে করি, Δ PQR-এ PQ > PR এবং S, QR এর মধ্যবিন্দু। প্রমাণ করতে হবে যে, $PQ^2 + PR^2 = 2(PS^2 + QS^2)$



অঙ্কন : PS যোগ করি এবং P বিন্দু থেকে QR এর ওপর PL লম্ব টানি।

প্রমাণ :

ধাপ ১ : PSL সমকোণী ত্রিভুজে অতিভুজ PS [∵ ∠PLS = এক সমকোণ]

PSL সমকোণী ত্রিভুজে,

$PL^2 + LS^2 = PS^2$ [পিথাগোরাসের উপপাদ্য অনুসারে]

বা, $PL^2 = PS^2 - LS^2$

ধাপ ২ : PQL সমকোণী ত্রিভুজ হতে পাই,

$PQ^2 = PL^2 + QL^2$ [পিথাগোরাসের উপপাদ্য অনুসারে]

$= PS^2 - LS^2 + QL^2$ [(১) হতে]

$= PS^2 - LS^2 + (QS + LS)^2$ [∵ QL = QS + SL]

$= PS^2 - LS^2 + QS^2 + LS^2 + 2QS.LS$

$= PS^2 + QS^2 + 2QS.LS$

∴ $PQ^2 = PS^2 + QS^2 + 2QS.LS$

ধাপ ৩ : আবার, PLR সমকোণী ত্রিভুজ হতে পাই,

[পিথাগোরাসের উপপাদ্য অনুসারে]

$PR^2 = PL^2 + LR^2$ [(১) হতে]

$= PS^2 - LS^2 + LR^2$ [∵ LR = SR − LS]

$= PS^2 - LS^2 + (SR - LS)^2$ [∵ S, QR এর মধ্যবিন্দু; সেহেতু QS = RS]

$= PS^2 - LS^2 + (QS - LS)^2$

$= PS^2 - LS^2 + QS^2 - 2LS.QS + LS^2$

$= PS^2 + QS^2 - 2LS.QS$

∴ $PR^2 = PS^2 + QS^2 - 2QS.LS$

ধাপ ৪ : $PQ^2 + PR^2 = PS^2 + QS^2 + 2QS.LS + PS^2 + QS^2 - 2QS.LS$

[(২) ও (৩) হতে]

বা, $PQ^2 + PR^2 = 2PS^2 + 2QS^2$

সুতরাং $PQ^2 + PR^2 = 2(PS^2 + QS^2)$. (প্রমাণিত)

প্রশ্ন ১৩ ▸ রাজশাহী বোর্ড ২০১৫

Δ PQR-এ ∠P = এক সমকোণ এবং QR-এর মধ্যবিন্দু S.

ক. প্রদত্ত তথ্য অনুযায়ী চিত্রটি অঙ্কন কর। ২

খ. প্রমাণ কর যে, $QR^2 = PQ^2 + PR^2$. ৪

গ. দেখাও যে, PS এর দৈর্ঘ্য QR এর অর্ধেক। ৪

১৩নং প্রশ্নের সমাধান

ক চিত্রে Δ PQR-এ ∠P = এক সমকোণ এবং QR এর মধ্যবিন্দু S।



খ মনে করি, PQR সমকোণী ত্রিভুজের ∠QPR সমকোণ এবং QR অতিভুজ। প্রমাণ করতে হবে যে, $QR^2 = PQ^2 + PR^2$.



অঙ্কন : QR, QP এবং RP বাহুর উপর যথাক্রমে QRED, QPGF এবং RPHK বর্গক্ষেত্র অঙ্কন করি। P বিন্দু দিয়ে QD বা RE রেখার সমান্তরাল PL রেখা আঁকি। মনে করি, তা QR কে M বিন্দুতে এবং DE কে L বিন্দুতে ছেদ করে। P ও D এবং R ও F যোগ করি।

প্রমাণ :

ধাপ ১ : Δ PQD ও Δ FQR এ PQ = QF, QD = QR এবং অন্তর্ভুক্ত ∠PQD = ∠PQR + ∠DQR = ∠PQR + ∠PQF = অন্তর্ভুক্ত ∠RQF

[∠RQD = ∠PQF = 1 সমকোণ]

অতএব, Δ PQD ≅ Δ FQR [বাহু-কোণ-বাহু উপপাদ্য]

ধাপ ২ : ত্রিভুজক্ষেত্র PQD এবং আয়তক্ষেত্র QDLM একই ভূমি QD এর উপর এবং QD ও PL সমান্তরাল রেখাদ্বয়ের মধ্যে অবস্থিত।

সুতরাং, আয়তক্ষেত্র QDLM = 2 (ত্রিভুজক্ষেত্র PQD)

ধাপ ৩ : ত্রিভুজক্ষেত্র RQF এবং বর্গক্ষেত্র QPGF একই ভূমি QF এর উপর এবং QF ও RG সমান্তরাল রেখাদ্বয়ের মধ্যে অবস্থিত।

সুতরাং, বর্গক্ষেত্র QPGF = 2 (ত্রিভুজক্ষেত্র FQR) = 2 (ত্রিভুজক্ষেত্র PQD) [উপপাদ্য-১]

ধাপ ৪ : আয়তক্ষেত্র QDLM = বর্গক্ষেত্র QPGF.

www.abswer.com

www.abswer.com

ধাপ ৫ : অনুরূপভাবে P, E ও Q, K যোগ করে প্রমাণ করা যায় যে,
আয়তক্ষেত্র RELM = বর্গক্ষেত্র RPHK [উপপাদ্য-১]

ধাপ ৬ : আয়তক্ষেত্র (QDLM + RELM) = বর্গক্ষেত্র QPGF + বর্গক্ষেত্র RPHK [(২) ও (৩) থেকে]

বা, বর্গক্ষেত্র QRED = বর্গক্ষেত্র QPGF + বর্গক্ষেত্র RPHK

অর্থাৎ, $QR^2 = PQ^2 + PR^2$. [(৪) ও (৫) থেকে] (প্রমাণিত)

গ দেওয়া আছে, PQR সমকোণী ত্রিভুজে ∠P = এক সমকোণ। S অতিভুজ RQ-এর মধ্যবিন্দু। P, S যোগ করি। দেখাতে হবে যে, PS এর দৈর্ঘ্য QR-এর অর্ধেক অর্থাৎ $PS = \frac{1}{2}QR$.



অঙ্কন : RP-এর মধ্যবিন্দু E নেই এবং E, S যোগ করি।

প্রমাণ :

ধাপ ১ : ES ∥ PQ. [ES, RP ও RQ রেখার মধ্যবিন্দুর সংযোজক সরলরেখা।]

যেহেতু PQ, RP-এর উপর লম্ব।

অতএব, ES, RP এর উপর লম্ব।

এবং Δ RES এবং Δ PES উভয়ই সমকোণী।

ধাপ ২ :

(২) এখন, Δ RES ও Δ PES-এর মধ্যে

RE = PE. [অঙ্কন অনুসারে]

ES = ES [সাধারণ বাহু]

∠RES = ∠PES [প্রত্যেকে সমকোণ]

∴ Δ RES ≅ Δ PES [বাহু-কোণ-বাহু উপপাদ্য]

সুতরাং, RS = PS [S, RQ-এর মধ্যবিন্দু]

$RS = \frac{1}{2}RQ$

∴ $PS = \frac{1}{2}QR$. (দেখানো হলো)

প্রশ্ন ১৪ ▶ চট্টগ্রাম বোর্ড ২০১৫



ক. উপরোক্ত চিত্রের জ্যামিতিক বর্ণনা দাও। ২

খ. প্রমাণ কর যে, $OQ^2 + OR^2 = 2OP^2$. ৪

গ. PR = 4.4 সে.মি., হলে দেখাও যে, Δ-ক্ষেত্র PQR = 2 × Δ-ক্ষেত্র POQ. ৪

১৪নং প্রশ্নের সমাধান

ক চিত্রে PQR একটি সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজ। এর ∠P = এক সমকোণ, QR অতিভুজ এবং PR = PQ। QR এর উপর যেকোনো একটি বিন্দু O। O হতে PR ও PQ এর উপর যথাক্রমে OS ও OT লম্ব।



খ PQR সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজে ∠P = এক সমকোণ, QR অতিভুজ এবং PR = QR। QR এর উপর যেকোনো বিন্দু O। O হতে PR ও PQ এর উপর যথাক্রমে OS ও OT লম্ব।



প্রমাণ করতে হবে যে, $OQ^2 + OR^2 = 2OP^2$.

প্রমাণ :

ধাপ ১ : Δ PQR এ ∠P = 90°, ∠Q = ∠R = 45°
[∵ Δ PQR সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজ]

ধাপ ২ : OQT সমকোণী ত্রিভুজে,

OQ অতিভুজ এবং ∠OQT = ∠QOT = 45° [∵ ∠OTQ = এক সমকোণ]

∴ OT = QT

একই কারণে OS = RS

OQT সমকোণী ত্রিভুজে,

$OQ^2 = OT^2 + QT^2$ [পিথাগোরাসের উপপাদ্য অনুসারে]

$= OT^2 + OT^2$

$= 2OT^2$

ধাপ ৩ : ORS সমকোণী ত্রিভুজে,

$OR^2 = OS^2 + RS^2$ [পিথাগোরাসের উপপাদ্য অনুসারে]

$= OS^2 + OS^2 = 2OS^2$ [(২) হতে, OS = RS]

ধাপ ৪ : PTOS একটি আয়তক্ষেত্র

সুতরাং OS = PT [∵ OT, PQ এর উপর এবং OS, PR এর উপর লম্ব]
[আয়তক্ষেত্রের বিপরীত বাহুদ্বয় পরস্পর সমান]

ধাপ ৫ : $OQ^2 + OR^2 = 2OT^2 + 2OS^2$

$= 2(OT^2 + OS^2)$ [(২) ও (৩) হতে]

ধাপ ৬ : কিন্তু POT সমকোণী ত্রিভুজের $OT^2 + PT^2 = OP^2$
[পিথাগোরাসের উপপাদ্য অনুসারে]

বা, $OT^2 + OS^2 = OP^2$ [∵ ধাপ (৪) হতে]

বা, $OQ^2 + OR^2 = 2OP^2$. [(৫) ও (৬) হতে]

∴ $OQ^2 + OR^2 = 2OP^2$. (প্রমাণিত)

গ এখানে, PR = PQ = 4.4 সে.মি.

Δ PQR-এ QR ও PQ এর মধ্যবিন্দু যথাক্রমে O ও T।

∴ $OT = \frac{1}{2}PR$ [ত্রিভুজের যেকোনো দুই বাহুর মধ্যবিন্দুর সংযোজক রেখাংশ তৃতীয় বাহুর সমান্তরাল ও দৈর্ঘ্যে এর অর্ধেক]

$= \frac{1}{2} \times 4.4$ সে.মি. = 2.2 সে.মি.

এখন Δ-ক্ষেত্র POQ $= \frac{1}{2} \times PQ \times OT$ বর্গ একক

$= \frac{1}{2} \times 4.4 \times 2.2$ বর্গ সে.মি.

= 4.84 বর্গ সে.মি.

Δ-ক্ষেত্র PQR $= \frac{1}{2} \times PR \times PQ$ বর্গ একক

$= \frac{1}{2} \times 4.4 \times 4.4$ বর্গ সে.মি.

= 9.68 বর্গ সে.মি.

= 2 × 4.84 বর্গ সে.মি.

= 2 × Δ-ক্ষেত্র POQ

সুতরাং Δ-ক্ষেত্র PQR = 2 × Δ-ক্ষেত্র POQ. (দেখানো হলো)

প্রশ্ন ১৫ ▶ বরিশাল বোর্ড ২০১৫

PQR সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজের অতিভুজ QR-এর উপর M যেকোনো বিন্দু। D, PQ-এর উপর একটি বিন্দু।

ক. তথ্যগুলো চিত্রের মাধ্যমে প্রকাশ কর। ২

খ. দেখাও যে, $RQ^2 + PD^2 = PQ^2 + RD^2$. ৪

গ. প্রমাণ কর যে, $MR^2 + MQ^2 = 2PM^2$. ৪

www.abswer.com

১৫নং প্রশ্নের সমাধান

ক চিত্রে, PQR সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজের $\angle P$ = এক সমকোণ, অতিভুজ QR এর উপর যেকোনো বিন্দু M এবং PQ এর উপর যেকোনো বিন্দু D।



খ PQR ত্রিভুজের $\angle P$ = এক সমকোণ এবং D, PQ-এর উপরস্থ একটি বিন্দু। R ও D যোগ করি। দেখাতে হবে যে, $RQ^2 + PD^2 = RD^2 + PQ^2$



প্রমাণ :

ধাপ ১ : যেহেতু, PQR সমকোণী ত্রিভুজে $\angle P$ = এক সমকোণ এবং RQ অতিভুজ। [কল্পনা]

$\therefore$ $RQ^2 = PR^2 + PQ^2$ [পিথাগোরাসের উপপাদ্য অনুযায়ী]

ধাপ ২ : অনুরূপভাবে, PRD সমকোণী ত্রিভুজের অতিভুজ RD.

$PR^2 + PD^2 = RD^2$

বা, $PD^2 = RD^2 - PR^2$ [ধাপ-১ ও ২ থেকে]

ধাপ ৩ : $RQ^2 + PD^2 = RD^2 + PQ^2$. (দেখানো হলো)

গ PQR একটি সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজ। RQ এর অতিভুজ এবং M, RQ এর উপর যেকোনো বিন্দু। প্রমাণ করতে হবে যে,

$MR^2 + MQ^2 = 2PM^2$.

অঙ্কন : M বিন্দু হতে PR ও PQ বাহুর উপর যথাক্রমে MS ও MT লম্ব আঁকি।



প্রমাণ :

ধাপ ১ : Δ PQR এ $\angle P = 90°$

[$\because$ Δ PQR সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজ]

$\angle Q = \angle R = 45°$

ধাপ ২ : MRS সমকোণী ত্রিভুজে, [$\because$ $\angle MSR$ = এক সমকোণ]

MR অতিভুজ এবং $\angle MRS = \angle RMS = 45°$

$\therefore$ MS = RS

একই কারণে MT = QT

MRS সমকোণী ত্রিভুজে,

$MR^2 = MS^2 + RS^2$ [পিথাগোরাসের উপপাদ্য অনুসারে]

$= MS^2 + MS^2 = 2MS^2$

ধাপ ৩ : MQT সমকোণী ত্রিভুজে,

$MQ^2 = MT^2 + QT^2$ [পিথাগোরাসের উপপাদ্য অনুসারে]

$= MT^2 + MT^2$

$= 2MT^2$ [(২) হতে, MT = QT]

ধাপ ৪ : PTMS একটি আয়তক্ষেত্র

[$\because$ MS, PR এর উপর এবং MT, PQ এর উপর লম্ব]

সুতরাং MT = PS [আয়তক্ষেত্রের বিপরীত বাহুদ্বয় পরস্পর সমান]

ধাপ ৫ : $MR^2 + MQ^2 = 2MS^2 + 2MT^2$ [(২) ও (৩) হতে]

$= 2(MS^2 + MT^2)$

ধাপ ৬ : কিন্তু PMS সমকোণী ত্রিভুজের $MS^2 + PS^2 = PM^2$

[পিথাগোরাসের উপপাদ্য অনুসারে]

বা, $MS^2 + MT^2 = PM^2$ [$\because$ ধাপ (৪) হতে]

$\therefore$ $MR^2 + MQ^2 = 2PM^2$. [(৫) ও (৬) হতে] (প্রমাণিত)

শীর্ষস্থানীয় স্কুলসমূহের টেস্ট পরীক্ষার সৃজনশীল প্রশ্ন ও সমাধান — মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক নির্বাচিত

প্রশ্ন ১৬ ▸ আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা

Δ PQR-এ $\angle Q$ = এক সমকোণ এবং Δ DEF একটি সমবাহু ত্রিভুজ যার DG একটি মধ্যমা।

ক. PR = 13 সে.মি., RQ = 12 সে.মি. হলে PQ এর দৈর্ঘ্য নির্ণয় কর। ২

খ. প্রমাণ কর যে, $PR^2 = PQ^2 + RQ^2$. ৪

গ. প্রমাণ কর যে, $4DG^2 = 3DF^2$. ৪

১৬নং প্রশ্নের সমাধান

ক এখানে, PQR ত্রিভুজে, $\angle Q$ = এক সমকোণ

PR = 13 সে.মি. এবং RQ = 12 সে.মি.



পিথাগোরাসের উপপাদ্য অনুযায়ী,

$PR^2 = PQ^2 + QR^2$

বা, $(13)^2 = PQ^2 + (12)^2$

বা, $PQ^2 = 169 - 144$

বা, $PQ^2 = 25$ $\therefore$ PQ = 5

$\therefore$ PQ এর দৈর্ঘ্য 5 সে.মি.।

খ সৃজনশীল প্রশ্ন ১০(খ) নং সমাধান দ্রষ্টব্য।

গ এখানে, DEF সমবাহু ত্রিভুজে DG একটি মধ্যমা। প্রমাণ করতে হবে যে, $4DG^2 = 3DF^2$.

প্রমাণ :

ধাপ ১ : Δ DEF-এ DE = EF = DF হওয়ায়,

$DG \perp EF$ এবং $EG = GF = \frac{1}{2}EF = \frac{1}{2}DF$

ধাপ ২ : Δ DGF-এ $\angle DGF = 90°$



সুতরাং, $DG^2 + GF^2 = DF^2$

বা, $DG^2 + \left(\frac{1}{2}DF\right)^2 = DF^2$

বা, $DG^2 + \frac{1}{4}DF^2 = DF^2$

বা, $DG^2 = DF^2 - \frac{1}{4}DF^2$

$= \frac{4DF^2 - DF^2}{4}$

$= \frac{3DF^2}{4}$

$\therefore$ $4DG^2 = 3DF^2$. (প্রমাণিত)

প্রশ্ন ১৭ ▸ ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ, ঢাকা

ABC একটি সমকোণী ত্রিভুজ। যেখানে $\angle B$ = এক সমকোণ।

ক. উপরের তথ্যের আলোকে ত্রিভুজটি আঁক। ২

খ. প্রমাণ কর যে, $AC^2 = AB^2 + BC^2$। ৪

গ. ABC ত্রিভুজে AB = BC এবং P অতিভুজ AC এর উপরস্থ যেকোনো বিন্দু হলে, প্রমাণ কর যে, $PA^2 + PC^2 = 2PB^2$. ৪

১৭নং প্রশ্নের সমাধান

ক সৃজনশীল প্রশ্ন ১১(ক)নং সমাধান দ্রষ্টব্য।

খ সৃজনশীল প্রশ্ন ১১(খ)নং সমাধান দ্রষ্টব্য।

গ সৃজনশীল প্রশ্ন ৯(গ)নং সমাধান দ্রষ্টব্য।

www.abswer.com

মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত সৃজনশীল প্রশ্ন ও সমাধান — শিখনফলের ধারায় প্রণীত

শিখনফল ১ : বহুভুজ ক্ষেত্রের ক্ষেত্রফলের ধারণা ব্যাখ্যা করতে পারব।

প্রশ্ন ১৮ ▸ পাঠ্যবইয়ের শিখনফল ১-এর আলোকে প্রণীত



চিত্রে ABCD একটি বর্গক্ষেত্র এবং AC এর একটি কর্ণ।

ক. AB = 5 সে.মি. হলে, ABCD বর্গক্ষেত্রের ক্ষেত্রফল ও AC এর দৈর্ঘ্য নির্ণয় কর। ২

খ. প্রমাণ কর যে, $\Delta ABC \cong \Delta ACD$. ৪

গ. প্রমাণ কর যে, ABCD বর্গক্ষেত্র AC এর উপর অঙ্কিত বর্গক্ষেত্রের অর্ধেক। ৪

[পাঠ্যবইয়ের অনুশীলনী ১৫ এর ৬নং এর আলোকে]

১৮নং প্রশ্নের সমাধান

ক এখানে, ABCD বর্গের বাহু, AB = 5 সে.মি.।

$\therefore$ ABCD বর্গের ক্ষেত্রফল $= AB^2$ বর্গ একক

$= 5^2$ বর্গ সে.মি.

$= 25$ বর্গ সে.মি.

এবং কর্ণ $AC = \sqrt{2}\, AB$ একক

$= \sqrt{2} \times 5$ সে.মি.

$= 7.071$ সে.মি. (প্রায়)

$\therefore$ ABCD বর্গক্ষেত্রের ক্ষেত্রফল 25 বর্গ সে.মি. এবং AC এর দৈর্ঘ্য 7.071 সে.মি. (প্রায়)।

খ এখানে, ABCD একটি বর্গক্ষেত্র এবং AC এর একটি কর্ণ।



প্রমাণ করতে হবে যে, $\Delta ABC \cong \Delta ACD$।

প্রমাণ : ΔABC এবং ΔACD এ,

AB = CD [বর্গক্ষেত্রের প্রত্যেক বাহু সমান]

BC = AD [বর্গক্ষেত্রের প্রত্যেক বাহু সমান]

এবং AC = AC [সাধারণ বাহু]

$\therefore$ $\Delta ABC \cong \Delta ACD$. [বাহু-বাহু-বাহু উপপাদ্য] (প্রমাণিত)

গ এখানে, ABCD একটি বর্গক্ষেত্র এবং AC এর একটি কর্ণ।



প্রমাণ করতে হবে যে, ABCD বর্গক্ষেত্র AC এর উপর অঙ্কিত বর্গক্ষেত্রের অর্ধেক

অর্থাৎ $AB^2 = \frac{1}{2}AC^2$।

প্রমাণ : ABCD বর্গক্ষেত্রে, AB = BC = CD = AD [বর্গক্ষেত্রের প্রত্যেক বাহু সমান]

ΔABC-এ, $\angle B$ = এক সমকোণ [বর্গক্ষেত্রের প্রত্যেক কোণ এক সমকোণ]

$\therefore$ ΔABC সমকোণী এবং AC এর অতিভুজ।

এখন, ABC সমকোণী ত্রিভুজে

$AC^2 = AB^2 + BC^2$ [পিথাগোরাসের উপপাদ্য অনুসারে]

বা, $AC^2 = AB^2 + AB^2$ [$\because BC = AB$]

বা, $AC^2 = 2AB^2$

$\therefore$ $AB^2 = \frac{1}{2}AC^2$. (প্রমাণিত)

প্রশ্ন ১৯ ▸ পাঠ্যবইয়ের শিখনফল ১-এর আলোকে প্রণীত

ABCD একটি সামান্তরিক এবং এর কর্ণদ্বয় যথাক্রমে AC ও BD পরস্পর O বিন্দুতে ছেদ করে।

ক. উপরের তথ্য অনুযায়ী চিত্র অঙ্কন কর। ২

খ. প্রমাণ কর যে, AO = CO এবং BO = OD. ৪

গ. প্রমাণ কর যে, Δ ক্ষেত্র AOB = Δ ক্ষেত্র BOC = Δ ক্ষেত্র COD = Δ ক্ষেত্র AOD. ৪

১৯নং প্রশ্নের সমাধান

ক মনে করি, ABCD একটি সামান্তরিক। এর AC ও BD কর্ণদ্বয় পরস্পর O বিন্দুতে ছেদ করেছে।



খ এখানে, ABCD সামান্তরিকের AC ও BD কর্ণদ্বয় পরস্পরকে O বিন্দুতে ছেদ করেছে। প্রমাণ করতে হবে যে, AC ও BD কর্ণদ্বয় O বিন্দুতে পরস্পরকে সমদ্বিখণ্ডিত করে।

অর্থাৎ AO = CO এবং BO = DO.

প্রমাণ :

ধাপ ১ : AB ∥ CD [$\because$ সামান্তরিকের বিপরীত বাহু]

এবং AC তাদের ছেদক।

$\therefore$ $\angle BAC = \angle DCA$. [একান্তর কোণ]

অর্থাৎ $\angle OAB = \angle OCD$

ধাপ ২ : আবার, AB ∥ CD এবং BD তাদের ছেদক।

$\therefore$ $\angle ABD = \angle CDB$ [একান্তর কোণ বলে]

অর্থাৎ $\angle OBA = \angle ODC$

ধাপ ৩ : এখন, ΔOAB এবং ΔOCD-এ,

$\angle OAB = \angle OCD$

$\angle OBA = \angle ODC$

এবং AB = CD [$\because$ সামান্তরিকের বিপরীত বাহু]

$\therefore$ $\Delta OAB \cong \Delta OCD$ [কোণ-বাহু-কোণ উপপাদ্য]

সুতরাং AO = CO এবং BO = DO. (দেখানো হলো)

গ অনুশীলনীর ৫নং সমাধান দ্রষ্টব্য।

শিখনফল ২ : ক্ষেত্রফল সংক্রান্ত উপপাদ্য যাচাই ও প্রমাণ করতে পারব।

প্রশ্ন ২০ ▸ পাঠ্যবইয়ের শিখনফল ২-এর আলোকে প্রণীত

ΔABC এর AB ও AC বাহুর মধ্যবিন্দু যথাক্রমে X ও Y.



ক. ত্রিভুজের সংজ্ঞা দাও। ২

খ. প্রমাণ কর যে, ΔAXY এর ক্ষেত্রফল $= \frac{1}{4}$ (Δ-ক্ষেত্র ABC এর ক্ষেত্রফল)। ৪

গ. ΔAXY এর ক্ষেত্রফল = 50 বর্গ সে.মি. হলে, ΔABC এর ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

www.abswer.com

www.abswer.com

২০নং প্রশ্নের সমাধান

ক ত্রিভুজ : তিনটি বাহু দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রকে ত্রিভুজ বলা হয়।



চিত্রে, ABC একটি ত্রিভুজ।

খ অনুশীলনীর ৯ নং সমাধান দ্রষ্টব্য।

গ এখানে, Δ AXY এর ক্ষেত্রফল = 50 বর্গ সে.মি.

খ-হতে প্রাপ্ত,

Δ-ক্ষেত্র AXY-এর ক্ষেত্রফল $= \frac{1}{4}$ (Δ-ক্ষেত্র ABC-এর ক্ষেত্রফল)

বা, 50 বর্গ সে. মি. $= \frac{1}{4} \times \Delta$ ক্ষেত্র ABC এর ক্ষেত্রফল

বা, Δ-ক্ষেত্র ABC এর ক্ষেত্রফল = 200 বর্গ সে.মি.।

সুতরাং Δ-ক্ষেত্র ABC এর ক্ষেত্রফল = 200 বর্গ সে.মি.।

প্রশ্ন ২১ ▶ পাঠ্যবইয়ের শিখনফল ২-এর আলোকে প্রণীত



চিত্রে AB || DE এবং AD || BE

ক. CD = 4 সে.মি. এবং CE = 3 সে.মি. হলে DE^2 = কত সে.মি.? ২

খ. ABCD ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

গ. প্রমাণ কর যে, $\Delta ABC = \frac{1}{2} \times$ সামান্তরিকক্ষেত্র ABED। ৪

[পাঠ্যবইয়ের অনুশীলনী ১৫ এর ১০নং এর আলোকে]

২১নং প্রশ্নের সমাধান

ক



এখানে, CD = 4 সে.মি.,

CE = 3 সে.মি.

এবং DE = CD + CE = (4 + 3) সে.মি. = 7 সে.মি.

বা, $DE^2 = 7^2$ বর্গ সে.মি.

$\therefore$ DE^2 = 49 বর্গ সে.মি.।

খ এখানে, ABCD একটি ট্রাপিজিয়াম। এর AB ও CD বাহু দুইটি সমান্তরাল। ট্রাপিজিয়ামক্ষেত্র ABCD এর ক্ষেত্রফল নির্ণয় করতে হবে।



অঙ্কন : A বিন্দু হতে CD এর উপর (বর্ধিতাংশের ওপর) ও C বিন্দু হতে AB এর উপর যথাক্রমে AL ও CM লম্ব টানি। A ও C যোগ করি।

ক্ষেত্রফল নির্ণয় :

ধাপ ১ : ট্রাপিজিয়ামক্ষেত্র ABCD এর ক্ষেত্রফল
= Δ ক্ষেত্র ABC এর ক্ষেত্রফল + Δ ক্ষেত্র ACD এর ক্ষেত্রফল [ট্রাপিজিয়ামের কর্ণ ট্রাপিজিয়ামকে দুইটি ত্রিভুজক্ষেত্রে বিভক্ত করে]

ধাপ ২ : Δ ক্ষেত্র ABC এর ক্ষেত্রফল $= \frac{1}{2} \times AB \times CM$

[$\because$ ত্রিভুজক্ষেত্রের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ ভূমি $\times$ উচ্চতা]

ধাপ ৩ : Δ ক্ষেত্র ACD এর ক্ষেত্রফল $= \frac{1}{2} \times CD \times AL$

[$\because$ ত্রিভুজক্ষেত্রের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ ভূমি $\times$ উচ্চতা]

ধাপ ৪ : ট্রাপিজিয়ামক্ষেত্র ABCD এর ক্ষেত্রফল

$= \frac{1}{2} \times AB \times CM + \frac{1}{2} \times CD \times AL$ [ধাপ (১), (২) ও (৩) হতে]

$= \frac{1}{2} \times AB \times CM + \frac{1}{2} \times CD \times CM$

$= \frac{1}{2} \times CM(AB + CD)$

$= \frac{1}{2} \times (AB + CD) \times CM$ [$\because$ ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহুদ্বয়ের দূরত্ব সমান]।

$= \frac{1}{2} \times$ সমান্তরাল বাহুদ্বয়ের সমষ্টি $\times$ উচ্চতা

এটিই ট্রাপিজিয়ামক্ষেত্র ABCD এর ক্ষেত্রফল।

গ



এখানে, Δ ABC ও সামান্তরিক ABED একই ভূমি AB ও একই সমান্তরাল যুগল AB ও DE এর মধ্যে অবস্থিত। প্রমাণ করতে হবে যে, $\Delta ABC = \frac{1}{2} \times$ সামান্তরিকক্ষেত্র ABED।

অঙ্কন : A বিন্দু দিয়ে BC এর সমান্তরাল AF রেখা অঙ্কন করি যা ED এর বর্ধিতাংশকে F বিন্দুতে ছেদ করে।

প্রমাণ :

ধাপ ১ : AF || BC [অঙ্কনানুসারে]

এবং AB || FC

$\therefore$ ABCF একটি সামান্তরিক।

ধাপ ২ : সামান্তরিক ABED ও ABCF একই ভূমি AB এবং একই সমান্তরালযুগল AB ও FE এর মধ্যে অবস্থিত।

$\therefore$ সামান্তরিক ABED = সামান্তরিক ABCF

[$\because$ একই ভূমির উপর এবং একই সমান্তরাল রেখাযুগলের মধ্যে অবস্থিত সামান্তরিকক্ষেত্রসমূহের ক্ষেত্রফল সমান]

ধাপ ৩ : সামান্তরিক ABCF এর কর্ণ AC

$\therefore$ $\Delta ABC = \frac{1}{2} \times$ সামান্তরিক ABCF

$= \frac{1}{2} \times$ সামান্তরিক ABED [ধাপ (২) হতে]

সুতরাং, $\Delta ABC = \frac{1}{2} \times$ সামান্তরিক ক্ষেত্র ABED. (প্রমাণিত)

www.abswer.com

www.abswer.com

শিখনফল ৪ : ত্রিভুজক্ষেত্রের ক্ষেত্রফলের সমান চতুর্ভুজক্ষেত্র অঙ্কন করতে পারব

প্রশ্ন ২২ ▶ পাঠ্যবইয়ের শিখনফল ৪-এর আলোকে প্রণীত

ABC ত্রিভুজে ∠A = এক সমকোণ। D, AC এর উপরস্থ একটি বিন্দু।

ক. বর্ণনা অনুযায়ী চিত্র অঙ্কন কর। ২

খ. প্রমাণ কর যে, $BC^2 + AD^2 = BD^2 + AC^2$. ৪

গ. যদি ত্রিভুজটি সমদ্বিবাহু এবং অতিভুজ BC এর উপর যেকোনো বিন্দু P হয়, তবে প্রমাণ কর যে, $PB^2 + PC^2 = 2PA^2$. ৪

[পাঠ্যবইয়ের অনুশীলনী ১৫ এর ১৩ ও ১৪নং এর আলোকে]

২২নং প্রশ্নের সমাধান

ক



চিত্রে ABC ত্রিভুজে ∠A = এক সমাকোণ এবং D, AC এর উপরস্থ একটি বিন্দু।

খ মনে করি, ABC ত্রিভুজের ∠A = এক সমকোণ এবং D, AC-এর উপরস্থ একটি বিন্দু। B, D যোগ করি। প্রমাণ করতে হবে যে, $BC^2 + AD^2 = BD^2 + AC^2$.



প্রমাণ :

ধাপ ১ : যেহেতু, ABC সমকোণী ত্রিভুজে

∠A = এক সমকোণ [কল্পনা]

এবং BC অতিভুজ।

∴ $BC^2 = AB^2 + AC^2$ [পিথাগোরাসের উপপাদ্য অনুযায়ী]

ধাপ ২ : অনুরূপভাবে, ABD সমকোণী ত্রিভুজের অতিভুজ BD.

$AB^2 + AD^2 = BD^2$

বা, $AD^2 = BD^2 - AB^2$

ধাপ ৩ : $BC^2 + AD^2 = AB^2 + AC^2 + BD^2 - AB^2$ [(১) ও (২) হতে]

∴ $BC^2 + AD^2 = BD^2 + AC^2$. (প্রমাণিত)

গ মনে করি, ABC সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজে ∠A = এক সমকোণ। BC এর অতিভুজ এবং P, BC এর ওপর যেকোনো বিন্দু। P, A যোগ করি। প্রমাণ করতে হবে যে, $PB^2 + PC^2 = 2PA^2$.



অঙ্কন : P বিন্দু হতে AB ও AC বাহুর উপর PQ ও PR লম্ব আঁকি।

প্রমাণ :

ধাপ ১ : Δ ABC এ ∠A = 90°, [∵ Δ ABC সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজ]

∠B = ∠C = 45°

ধাপ ২ : PBQ সমকোণী ত্রিভুজে,

PB অতিভুজ এবং [∵ ∠PQB = এক সমকোণ]

∠PBQ = ∠BPQ = 45°

∴ PQ = BQ

একই কারণে PR = CR

PBQ সমকোণী ত্রিভুজে,

$PB^2 = PQ^2 + BQ^2$ [পিথাগোরাসের উপপাদ্য অনুসারে]

$= PQ^2 + PQ^2$ [∵ BQ = PQ]

$= 2PQ^2$

ধাপ ৩ : PCR সমকোণী ত্রিভুজে, [পিথাগোরাসের উপপাদ্য অনুসারে]

$PC^2 = PR^2 + CR^2$

$= PR^2 + PR^2 = 2PR^2$ [∵ PR = CR]

ধাপ ৪ : AQPR একটি আয়তক্ষেত্র

[∵ PQ, AB এর উপর এবং PR, AC এর উপর লম্ব]

সুতরাং PR = AQ [আয়তক্ষেত্রের বিপরীত বাহুদ্বয় পরস্পর সমান]

ধাপ ৫ : $PB^2 + PC^2 = 2PQ^2 + 2PR^2$ [ধাপ (২) ও (৩) হতে]

$= 2(PQ^2 + PR^2)$

ধাপ ৬ : কিন্তু APQ সমকোণী ত্রিভুজের $PQ^2 + AQ^2 = PA^2$ [পিথাগোরাসের উপপাদ্য অনুসারে]

বা, $PQ^2 + PR^2 = PA^2$ [ধাপ (৪) হতে]

বা, $2(PQ^2 + PR^2) = 2PA^2$

∴ $PB^2 + PC^2 = 2PA^2$. [ধাপ (৫) হতে]

(প্রমাণিত)

একাধিক অধ্যায়ের সমন্বয়ে প্রণীত সৃজনশীল প্রশ্ন ও সমাধান — নতুন পাঠ্যবইয়ের আলোকে প্রণীত

প্রশ্ন ২৩ ▶ অনুশীলনী ৬.৩ ও ১৫ এর সমন্বয়ে প্রণীত

PQR সমকোণী ত্রিভুজে ∠PQR = এক সমকোণ। S ও T যথাক্রমে PQ ও PR এর মধ্যবিন্দু।

ক. তথ্যগুলো চিত্রে প্রকাশ কর। ২

খ. প্রমাণ কর যে, $ST = \frac{1}{2}QR$. ৪

গ. প্রমাণ কর যে, $PQ^2 + QR^2 = PR^2$. ৪

২৩নং প্রশ্নের সমাধান

ক চিত্রে PQR সমকোণী ত্রিভুজে ∠PQR = এক সমকোণ। PQ এবং PR বাহুর মধ্যবিন্দুদ্বয় যথাক্রমে S ও T।



খ চিত্রে, Δ PQR এ PQ এবং PR বাহুদ্বয়ের মধ্যবিন্দু যথাক্রমে S ও T এর সংযোজক রেখা ST.



প্রমাণ করতে হবে যে, $ST = \frac{1}{2}QR$.

অঙ্কন : ST কে এমনভাবে W পর্যন্ত বর্ধিত করি যেন ST = TW হয়।

প্রমাণ :

ধাপ ১ : Δ PST ও Δ TWR-এ,

PT = TR [∵ T, PR এর মধ্যবিন্দু]

ST = TW [অঙ্কনানুসারে]

∠PTS = ∠RTW [বিপ্রতীপ কোণ]

অতএব, Δ PST ≅ Δ TWR [বাহু-কোণ-বাহু-উপপাদ্য]

ধাপ ২ : সুতরাং PS = WR = SQ এবং ∠SPR = ∠TRW

কিন্তু এরা একান্তর কোণ বলে PS এবং WR সমান্তরাল। [PR ছেদক]

∴ PQ ∥ WR

ধাপ ৩ : SQ = WR

অতএব, SW = QR এবং SW ∥ QR

বা, ST ∥ QR

আবার, SW = QR [ধাপ (১) হতে]

বা, ST + TW = QR

বা, ST + ST = QR

বা, 2ST = QR

∴ $ST = \frac{1}{2}QR$. (প্রমাণিত)

গ সৃজনশীল প্রশ্ন ১০(খ) নং সমাধান দ্রষ্টব্য।

www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ২৪ ▸ অনুশীলনী ৬.৩ ও ১৫ এর সমন্বয়ে প্রণীত

ΔABC এর AB ও AC বাহুদ্বয়ের মধ্যবিন্দু যথাক্রমে D ও E এবং $\angle B$ ও $\angle C$ এর সমদ্বিখণ্ডকদ্বয় O বিন্দুতে মিলিত হয়েছে।

ক. উদ্দীপকের আলোকে সংক্ষিপ্ত বিবরণসহ চিত্রটি আঁক। ২

খ. দেখাও যে, $\angle BOC = 90° + \frac{1}{2}\angle A$. ৪

গ. প্রমাণ কর যে, Δ-ক্ষেত্র BDE-এর ক্ষেত্রফল $= \frac{1}{4}$(Δ ক্ষেত্র ABC এর ক্ষেত্রফল). ৪

২৪নং প্রশ্নের সমাধান

ক চিত্রে, ΔABC এর D ও E যথাক্রমে AB ও AC এর মধ্যবিন্দু। $\angle B$ ও $\angle C$-এর সমদ্বিখণ্ডকদ্বয় OB ও OC পরস্পর O বিন্দুতে মিলিত হয়েছে।



খ এখানে, Δ ABC-এর $\angle B$ ও $\angle C$-এর সমদ্বিখণ্ডক OB এবং OC পরস্পর O বিন্দুতে মিলিত হয়েছে। প্রমাণ করতে হবে যে, $\angle BOC = 90° + \frac{1}{2}\angle A$.



প্রমাণ : ধাপ ১ : Δ ABC-এ,

$\angle A + \angle B + \angle C = 180°$ [ত্রিভুজের তিন কোণের সমষ্টি দুই সমকোণের সমান]

বা, $\frac{1}{2}\angle A + \frac{1}{2}\angle B + \frac{1}{2}\angle C = \frac{180°}{2}$

বা, $\frac{1}{2}\angle B + \frac{1}{2}\angle C = 90° - \frac{1}{2}\angle A$

ধাপ ২ : $\angle OBC = \frac{1}{2}\angle B$ [OB, $\angle B$-এর সমদ্বিখণ্ডক]

এবং $\angle OCB = \frac{1}{2}\angle C$ [OC, $\angle C$-এর সমদ্বিখণ্ডক]

ধাপ ৩ : এখন, Δ BOC-এ,

$\angle BOC + \angle OBC + \angle OCB = 180°$ [ত্রিভুজের তিন কোণের সমষ্টি দুই সমকোণের সমান।]

বা, $\angle BOC + \frac{1}{2}\angle B + \frac{1}{2}\angle C = 180°$ [ধাপ (২) থেকে]

বা, $\angle BOC + 90° - \frac{1}{2}\angle A = 180°$ [ধাপ (১) থেকে]

বা, $\angle BOC = 180° - 90° + \frac{1}{2}\angle A$

$\therefore$ $\angle BOC = 90° + \frac{1}{2}\angle A$. (দেখানো হলো)

গ সৃজনশীল প্রশ্ন ৭(গ) নং সমাধান দ্রষ্টব্য।

অধিক অনুশীলনের জন্য আরও সৃজনশীল প্রশ্ন ও উত্তর — প্রশ্নব্যাংক আকারে উপস্থাপিত

২৫। ABC একটি সমকোণী ত্রিভুজ যার $\angle C = 1$ সমকোণ এবং $\angle B = 2\angle A$। AC ও BC এর মধ্যবিন্দু যথাক্রমে D এবং E।

ক. উপরের তথ্য অনুযায়ী ত্রিভুজটি অঙ্কন কর। ২

খ. প্রমাণ কর যে, AB = 2BC. ৪

গ. প্রমাণ কর যে, $5(AC^2 + BC^2) = 4(BD^2 + AE^2)$. ৪

২৬। ΔABC-এ AB > AC এবং $\angle A$ এর সমদ্বিখণ্ডক AD, BC বাহুকে D বিন্দুতে ছেদ করে।

ক. উদ্দীপকের তথ্যের আলোকে চিত্রটি আঁক। ২

খ. প্রমাণ কর যে, $\angle ADB$ স্থূলকোণ। ৪

গ. ΔABC-এর AB ও AC-এর মধ্যবিন্দু E ও F হলে, প্রমাণ কর যে, Δ ক্ষেত্র BEF $= \frac{1}{4}$ Δ ক্ষেত্র ABC এর ক্ষেত্রফল। ৪

২৭।



ক. পিথাগোরাসের উপপাদ্যটি লিখ। ২

খ. প্রমাণ কর যে, $AB^2 = AC^2 + BC^2 - 2BC \cdot CM$. ৪

গ. এমন একটি সামান্তরিক আঁক যার একটি কোণ $\angle x$ এর সমান এবং যা দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্র ΔABC এর ক্ষেত্রফলের সমান। ৪

২৮। ABCD চতুর্ভুজের AB ∥ CD এবং AB = 6 সে. মি. ও CD = 4 সে. মি.; যেখানে $\angle A = 60°$ ও $\angle B = 50°$।

ক. প্রতিসাম্য রেখা কাকে বলে? ২

খ. উদ্দীপকের আলোকে ABCD চতুর্ভুজটি অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যক) ৪

গ. এমন একটি সামান্তরিক অঙ্কন কর যার একটি কোণ $\angle A$ এর সমান এবং যা দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্র ABCD চতুর্ভুজের ক্ষেত্রফলের সমান। ৪

PART 03 এক্সক্লুসিভ সাজেশন্স Exclusive Suggestions

মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক নির্বাচিত ১০০% প্রস্তুতি উপযোগী প্রশ্ন সংবলিত এক্সক্লুসিভ সাজেশন্স

স্কুল ও এসএসসি পরীক্ষায় সৃজনশীল অংশে সেরা প্রস্তুতির জন্য নিচের ছকে প্রদত্ত গুরুত্বসূচক চিহ্ন সংবলিত প্রশ্নের সমাধান ভালোভাবে অনুশীলন করবে। বহুনির্বাচনি প্রশ্ন অধ্যায়ের যেকোনো লাইন হতে আসতে পারে বিধায় প্রশ্নসংখ্যা উল্লেখ করে সাজেশন্স প্রদান করলে তা কমনের নিশ্চয়তা প্রদান করে না। এজন্য বহুনির্বাচনি অংশে ১০০% প্রস্তুতি নিশ্চিত করতে PART 02 এর প্রশ্নসমূহের উত্তর ভালোভাবে অনুশীলন করবে এবং PART 04 এ পরীক্ষা দিবে।

বিষয়/ শিরোনাম	গুরুত্বসূচক চিহ্ন		
	⑦ স্টার	⑤ স্টার	③ স্টার
বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর	PART 02 (অনুশীলন অংশ) এর সব বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর স্কুল ও এসএসসি পরীক্ষার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।		
সৃজনশীল প্রশ্ন ও সমাধান	৩, ৭, ১২, ১৯, ২৩	২, ৬, ১০, ১৬, ১৮, ২২	১, ৫, ৯, ১৪, ১৭, ২০

www.abswer.com

www.abswer.com

PART 04

যাচাই ও মূল্যায়ন Assessment & Evaluation

অধ্যায়ভিত্তিক প্রস্তুতি যাচাই ও মূল্যায়নের জন্য মডেল টেস্ট আকারে বহুনির্বাচনি ও সৃজনশীল প্রশ্নপত্র ও উত্তরমালা

পরীক্ষাপ্রস্তুতি যাচাই ও মূল্যায়নের জন্য বহুনির্বাচনি প্রশ্নব্যাংক ও উত্তরমালা (মডেল টেস্ট আকারে প্রদত্ত)

বহুনির্বাচনি মডেল টেস্ট

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[বহুনির্বাচনি প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক /সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোন প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. ΔPQR এ, $\angle Q = 90°$ এবং $P = 30°$ হলে নিচের কোন সম্পর্কটি সঠিক?
ⓚ $PR = \sqrt{2}QR$ ⓚ $PR = \sqrt{3}PQ$ ⓖ $PR = 2QR$ ⓘ $PR = 3QR$

২. কোনো বর্গক্ষেত্রের ক্ষেত্রফল তার কর্ণের উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের–
ক) অর্ধেক খ) সমান গ) দ্বিগুণ ঘ) চারগুণ

৩. ΔABC এর $\angle C$ স্থূলকোণ; AD, BC এর উপর লম্ব হলে, নিচের কোনটি সঠিক?
ক) $AB^2 = AC^2 + BC^2 + 2AC.CD$ খ) $AB^2 = AC^2 + BC^2 + 2BC.CD$
গ) $AC^2 = AB^2 + BC^2 + 2BC.CD$ ঘ) $BC^2 = AB^2 + AC^2 + 2BC.CD$

৪. কোনো বর্গক্ষেত্রের ক্ষেত্রফল তার কর্ণের উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের কতগুণ?
ক) $\frac{1}{4}$ খ) $\frac{1}{2}$ গ) $\frac{1}{3}$ ঘ) 2

৫. ত্রিভুজের তিন বাহুর উপর অঙ্কিত বর্গক্ষেত্রসমূহ কয়টি সমকোণ তৈরি করে?
ক) 8 খ) 9 গ) 12 ঘ) 16

৬. ΔPQR এ $\angle Q = 90°$, PQ = 5 সে.মি., QR = 12 সে.মি. হলে PR এর মান কত সে.মি.?
ক) 7 খ) 13 গ) 17 ঘ) 25

৭. ক্ষেত্রফল পরিমাপের জন্য সাধারণত কত একক বাহুবিশিষ্ট বর্গক্ষেত্রের ক্ষেত্রফল ব্যবহার করা হয়?
ক) এক একক খ) দুই একক গ) তিন একক ঘ) চার একক

৮. একটি প্রতিজ্ঞা প্রমাণের সময় আরো কিছু সত্য প্রমাণিত হয়। সেই সত্যকে কী বলে?
ক) স্বতঃসিদ্ধ খ) অনুসিদ্ধান্ত গ) স্বীকার্য ঘ) প্রমাণ

৯. কোনো বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য a একক হলে, এর ক্ষেত্রফল কত?
ক) a^2 বর্গ একক খ) 2a একক গ) 4a একক ঘ) $2a^2$ বর্গ একক

১০. কোনো বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য 1 সে. মি. হলে, এর ক্ষেত্রফল কত?
ক) 1 বর্গ সে. মি. খ) 2 বর্গ সে. মি. গ) 4 সে. মি. ঘ) 4 বর্গ সে. মি.

১১. কোন চতুর্ভুজের কর্ণদ্বয় সমান ও পরস্পর সমকোণে সমদ্বিখণ্ডিত। এটি কোন ধরনের চতুর্ভুজ হবে?
ক) বর্গক্ষেত্র খ) আয়তক্ষেত্র গ) সামান্তরিক ঘ) ট্রাপিজিয়াম

১২. $\angle A$ ও $\angle B$ পরস্পর সম্পূরক কোণ। $\angle A = 115°$ হলে, $\angle B$ = কত?
ক) 65° খ) 75° গ) 85° ঘ) 90°

১৩. একটি সমকোণী ত্রিভুজের ক্ষেত্রফল 144 বর্গ একক। সমকোণ সন্নিহিত বাহুদ্বয়ের একটির দৈর্ঘ্য 12 একক হলে অপরটি কত?
ক) 15 একক খ) 24 একক গ) 20 একক ঘ) 30 একক

১৪. একটি সরলরেখার উপর অঙ্কিত বর্গ ঐ সরলরেখার অর্ধেকের উপর অঙ্কিত বর্গের কতগুণ?
ক) দ্বিগুণ খ) তিনগুণ গ) চারগুণ ঘ) পাঁচগুণ

১৫. কোনটি সামান্তরিকের ক্ষেত্রফল নির্ণয়ের সূত্র?
ক) $\frac{1}{2}$ (দৈর্ঘ্য + উচ্চতা) খ) দৈর্ঘ্য × প্রস্থ
গ) 2 (দৈর্ঘ্য + প্রস্থ) ঘ) ভূমি × উচ্চতা

১৬. একটি সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুদ্বয় 20 সে. মি. ও 21 সে. মি.। এর ক্ষেত্রফল অতিভুজের উপর অঙ্কিত বর্গের শতকরা কত অংশ?
ক) 25% খ) 30% গ) 20% ঘ) 35%

১৭. দুইটি খুঁটি 25.3 মিটার এবং 32.5 মিটার উঁচু এবং পরস্পর থেকে 24 মিটার দূরে অবস্থিত। খুঁটিদ্বয়ের শীর্ষদ্বয়ের দূরত্ব কত?
ক) 25.01 মি. খ) 26.305 মি. গ) 25.20 মি. ঘ) 26.0 মি.

১৮. সমকোণী ত্রিভুজের সমকোণের বিপরীত বাহুকে কি বলে?
ক) ভূমি খ) লম্ব গ) অতিভুজ ঘ) কোণ

১৯. নিচের কোন বাহুগুলো একটি সমকোণী ত্রিভুজ তৈরি করে?
ক) 4, 4, 5 খ) 3, 4, 5 গ) 4, 5, 6 ঘ) 6, 7, 8

২০.


চিত্রে,
i. $\angle C$ হচ্ছে সূক্ষ্মকোণ ii. ΔADB ও ΔADC উভয় স্থূলকোণী ত্রিভুজ
iii. $AD^2 = AC^2 - CD^2$
নিচের কোনটি সঠিক?
ক) শুধু i খ) i ও ii গ) i ও iii ঘ) ii ও iii

২১. ΔABC-এ $AC^2 = AB^2 + BC^2$ হলে, নিচের কোনটি সঠিক?
ক) $\angle A = 90°$ খ) $\angle B = 90°$ গ) $\angle C = 90°$ ঘ) $\angle A + \angle B = 90°$

২২. যদি ΔABC এর $AB^2 + BC^2 = AC^2$ এবং $\angle C = 50°$ তবে $\angle A$ = কত?
ক) 90° খ) 60° গ) 50° ঘ) 40°

২৩. ABC একটি সমবাহু ত্রিভুজ হলে $\angle BAD$ = কত?



ক) 90° খ) 60° গ) 30° ঘ) 20°

২৪. 36 বর্গমিটার ক্ষেত্রফলবিশিষ্ট ΔABC এর AB ও AC বাহুদ্বয়ের মধ্যবিন্দু যথাক্রমে X ও Y হলে ΔAXY এর ক্ষেত্রফল কত বর্গমিটার?
ক) 4 খ) 9 গ) 18 ঘ) 36

২৫. সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুদ্বয় 3 এবং 4 সে. মি. হলে তার অতিভুজের মান কত?
ক) 7 সে. মি. খ) 5 সে. মি. গ) 6 সে. মি. ঘ) 8 সে. মি.

২৬. ত্রিভুজের একটি কোণ অপর দুইটি কোণের সমষ্টির সমান হলে, ত্রিভুজটি কী হবে?
ক) সূক্ষ্মকোণী খ) সমকোণী গ) স্থূলকোণী ঘ) সমবাহু

২৭. ΔABC এ $\angle A = 90°$, AC = 12 সে. মি. ও AB = 5 সে. মি. হলে BC = কত সে. মি.?
ক) 10 সে. মি. খ) 11 সে. মি. গ) 12 সে. মি. ঘ) 13 সে. মি.

২৮. সমতলীয় জ্যামিতিতে–
i. প্রত্যেক সীমাবদ্ধ সমতল ক্ষেত্রের নির্দিষ্ট ক্ষেত্রফল রয়েছে
ii. দুইটি ত্রিভুজ ক্ষেত্রের ক্ষেত্রফল সমান হলেই ত্রিভুজ দুইটি সর্বসম
iii. দুইটি ত্রিভুজ সর্বসম হলে তাদের ক্ষেত্রফল সমান
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

■ নিচের চিত্রের আলোকে ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও :



২৯. ΔAOB এর ক্ষেত্রফল কত বর্গ সে.মি.?
ক) 6 খ) 7 গ) 14 ঘ) 21

৩০. ABCD চতুর্ভুজের পরিসীমা কত সে.মি.?
ক) 12 খ) 14 গ) 20 ঘ) 28

উত্তরমালা ▶ বহুনির্বাচনি

১	গ	২	ক	৩	খ	৪	খ	৫	গ	৬	খ	৭	ক	৮	খ	৯	ক	১০	ক	১১	ক	১২	ক	১৩	খ	১৪	গ	১৫	ঘ
১৬	ক	১৭	খ	১৮	গ	১৯	খ	২০	গ	২১	খ	২২	ঘ	২৩	গ	২৪	খ	২৫	খ	২৬	খ	২৭	ঘ	২৮	খ	২৯	ক	৩০	গ

www.abswer.com

www.abswer.com

অধ্যায় ১৬

পরিমিতি
Mensuration



এ অধ্যায়ে অনন্য A+ সংযোজন

শিখনফল ও বোর্ড প্রশ্নপত্র বিশ্লেষণ | পাঠ্যবইয়ের সূত্রসহ প্রশ্ন ও সমাধান | বোর্ড ও স্কুল প্রশ্ন ও সমাধান | সমন্বিত অধ্যায়ের প্রশ্ন ও সমাধান | যাচাই ও মূল্যায়ন

অধ্যায়ের সিলেবাস

• ত্রিভুজক্ষেত্রের ক্ষেত্রফল • চতুর্ভুজক্ষেত্রের ক্ষেত্রফল • বহুভুজক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় • বৃত্তের পরিধি ও বৃত্তাংশের দৈর্ঘ্য নির্ণয় • বৃত্তের ক্ষেত্রফল নির্ণয় • বৃত্তক্ষেত্র ও তার অংশবিশেষের ক্ষেত্রফল নির্ণয় • আয়তাকার ঘনবস্তু, ঘনক ও বেলনের ক্ষেত্রফল পরিমাপ • সুষম ও যৌগিক ঘনবস্তুর পৃষ্ঠতলের ক্ষেত্রফল পরিমাপ।

প্রাথমিক আলোচনা — Primary Discussion

ইয়োহানেস কেপলার (জার্মান ভাষায় : Johannes Kepler) (২৭ ডিসেম্বর, ১৫৭১ – ১৫ নভেম্বর, ১৬৩০) একজন জার্মান গণিতবিদ, জ্যোতির্বিজ্ঞানী ও জ্যোতিষী। তিনি ১৭শ শতকের জ্যোতির্বৈজ্ঞানিক বিপ্লবের অন্যতম প্রধান ব্যক্তিত্ব। কেপলার বিধিসমূহের জন্য বিখ্যাত হয়ে আছেন। এই বিধিগুলো পরবর্তীকালের জ্যোতির্বিজ্ঞানীরা তাঁর লেখা Astronomia nova, Harmonices Mundi এবং Epitome of Copernican Astronomy বইগুলোর উপর ভিত্তি করে সূত্রাবদ্ধ করেন। ঘন জ্যামিতির উন্নতিসাধনে ইয়োহানেস কেপলার অগ্রণী ভূমিকা পালন করেন। কেপলারের আগে গ্রহগুলোর গতিপথ স্বর্গীয় বস্তুসমূহের গোলকীয় পথ অনুসরণ করে নির্ণয় করা হতো।

ওয়েব লিংকড — তথ্য সংযোগ

শিখনফলের ধারাবাহিকতায় প্রশ্ন তৈরিতে এবং উত্তরকে তথ্যবহুল ও নির্ভুলতা নিশ্চিতকরণে বোর্ড বইয়ের পাশাপাশি নিম্নোক্ত ওয়েব লিংকের সহায়তা নেওয়া হয়েছে–

en.wikipedia.org/wiki/Solid_geometry
www.mathsisfun.com/geometry/solid-geometry.html
http://en.wikipedia.org/wiki/Plane_geometry
http://en.wikipedia.org/wiki/Projective_geometry
http://en.wikipedia.org/wiki/Descriptive_geometry
http://en.wikipedia.org/wiki/System_of_linear_equations

পরিচিতি ও অবদান — অধ্যায়ের বিষয়বস্তু সংশ্লিষ্ট শীর্ষস্থানীয় গণিতবিদ

আর্কিমিডিস (Archimedes)

আর্কিমিডিস (২৮৭–২১২) তিনি একাধারে একজন গ্রিক গণিতবিদ, পদার্থবিজ্ঞানী, প্রকৌশলী, উদ্ভাবক এবং জ্যোতির্বিদ দার্শনিক ছিলেন। তাকে প্রাচীনকালের সর্বশ্রেষ্ঠ গণিতজ্ঞ হিসাবে বিবেচনা করা হয়। তিনি π এর একটি নিখুঁত মান 3.1429 প্রমাণ করেন বৃত্তের ক্ষেত্রফল তার ব্যাসার্ধের বর্গের π গুণিতকের সমান– সেটি তিনি প্রমাণ করেন। আর্কিমিডিস আধুনিক ক্যালকুলাসের ধারণার সম্ভাবনা দেখেন এবং সূক্ষ্মাতিসূক্ষ্ম মানের প্রয়োগ করেন। আর্কিমিডিসের সবচেয়ে জনপ্রিয় অবিষ্কারগুলোর মধ্যে একটি ছিল অনিয়মিত অকারের বস্তুর আয়তন পরিমাপের পদ্ধতি।

থেলিস (Thales)

থেলিস (৬২৫–৫৪৫) খ্রিস্টপূর্ব একাধারে প্রাচীন গ্রিক গণিতশাস্ত্র, জ্যোতির্বিদ্যা এবং দর্শনের জনক হিসেবে নন্দিত ছিলেন। তিনি প্রথম চিন্তা করেন জ্যামিতি দিয়ে অনেক জটিল বিষয়ের সমাধান করা সম্ভব। তিনি সমকোণী ত্রিভুজের সাহায্যে পিরামিডের উচ্চতা বের করে দিয়ে মিশরীয়দের চমক লাগিয়ে দিয়েছিলেন। এটাই পরবর্তীতে ত্রিকোণমিতির উন্নতিতে ভিত্তি স্থাপন করেছিল। তাঁর দুটি বিখ্যাত উক্তির একটি হলো 'সবকিছুই ঈশ্বরের পরিপূর্ণ' এবং অন্যটি হলো সবকিছুর আদিমতম উপাদান হচ্ছে জল। এছাড়া থেলিস কিছু যুগান্তকারী উপপাদ্যের জনক হিসেবেও পরিচিত।

www.abswer.com

www.abswer.com

PART 02

অনুশীলন Practice

স্কুল ও এসএসসি পরীক্ষায় সেরা প্রস্তুতির জন্য ১০০% সঠিক ফরম্যাট অনুসরণে শিখনফল এবং অনুচ্ছেদের ধারায় প্রশ্ন ও সমাধান

শিখন অর্জন যাচাই

- সুষম বহুভুজ সম্পর্কে জানতে পারব।
- বৃত্তক্ষেত্র ও বৃত্তকলার ক্ষেত্রফল নির্ণয়ের নিয়ম শিখতে পারব।
- আয়তাকার ঘনবস্তু সম্পর্কে বিশদ জ্ঞান অর্জন করব।

শিখন সহায়ক উপকরণ

- জ্যামিতিক আকৃতির বিভিন্ন বস্তুর ছবি।
- পাঠ্যবইয়ের ২৯৫, ৩০২, ৩১২, ৩১৮ পৃষ্ঠার ছবি।
- পাঠ্যবইয়ের সমস্যা ও কার্যাবলি।

ক্যালকুলেটরের সাহায্যে তাৎক্ষণিক সমাধানের কৌশল

আয়তাকার কোনো ক্ষেত্রের বাহিরে বা ভিতরে তৈরিকৃত রাস্তার ক্ষেত্রফল নির্ণয় :

আয়তাকার কোনো ক্ষেত্রের দৈর্ঘ্য l ও প্রস্থ b এবং এর বাহিরে বা ভিতরে তৈরিকৃত রাস্তার প্রশস্ততা w হলে, বাহিরে বা ভিতরে তৈরিকৃত রাস্তার ক্ষেত্রফল $= 2w(l + b \pm 2w)$

যেমন : (i) 21 মিটার দৈর্ঘ্য এবং 15মিটার প্রস্থবিশিষ্ট একটি বাগানের বাইরে চারদিকে 3 মিটার প্রশস্ত রাস্তা আছে। রাস্তাটির ক্ষেত্রফল কত?
এক্ষেত্রে রাস্তার ক্ষেত্রফল $= 2w(l + b + 2w)$

ক্যালকুলেটরে প্রদত্ত নির্দেশনা অনুসরণ করা যাক :

[2] [×] [3] [×] [(] [2] [1] [+] [1] [5] [+] [2] [×] [3] [)] [=] → 252

∴ রাস্তার ক্ষেত্রফল 252 বর্গমিটার।

(ii) একটি জমির দৈর্ঘ্য 80 মিটার এবং প্রস্থ 60 মিটার। ঐ জমির মাঝে একটি পুকুর খনন করা হলো। যদি পুকুরের প্রত্যেক পাড়ের বিস্তার 4 মিটার হয়, তবে পুকুরের পাড়ের ক্ষেত্রফল নির্ণয় কর। [অনুশীলনী-১৬.২ এর ২নং]
এক্ষেত্রে পুকুরের পাড়ের ক্ষেত্রফল $= 2w(l + b - 2w)$

ক্যালকুলেটরে প্রদত্ত নির্দেশনা অনুকরণ করা যাক :

[2] [×] [4] [×] [(] [8] [0] [+] [6] [0] [−] [2] [×] [4] [)] [=] → 1056

∴ পুকুরের পাড়ের ক্ষেত্রফল 1056 বর্গমিটার।

আয়তাকার কোনো ক্ষেত্রের মাঝ বরাবর তৈরিকৃত রাস্তার ক্ষেত্রফল নির্ণয় :

আয়তাকার কোনো ক্ষেত্রের দৈর্ঘ্য l ও প্রস্থ b এবং এর মাঝ দিয়ে দৈর্ঘ্য ও প্রস্থ বরাবর তৈরিকৃত রাস্তার প্রশস্ততা w হলে,
রাস্তাটির ক্ষেত্রফল $= w(l + b - w)$

যেমন : আয়তাকার একটি ফুলের বাগানের দৈর্ঘ্য 150 মিটার এবং প্রস্থ 100 মিটার। বাগানটিকে পরিচর্যা করার জন্য ঠিক মাঝ দিয়ে 3 মিটার চওড়া দৈর্ঘ্য ও প্রস্থ বরাবর রাস্তা আছে। রাস্তার ক্ষেত্রফল নির্ণয় কর। [অনুশীলনী ১৬.২ এর সৃজনশীল ১৪(খ) নং]

ক্যালকুলেটরে প্রদত্ত নির্দেশনা অনুসরণ করা যাক :

[3] [×] [(] [1] [5] [0] [+] [1] [0] [0] [−] [3] [)] [=] → 741

∴ রাস্তার ক্ষেত্রফল 741 বর্গমিটার।

www.abswer.com

www.abswer.com

অধ্যায় ১৬

অনুশীলনী ১৬.১
ত্রিভুজক্ষেত্রের ক্ষেত্রফল

সাধারণ গাণিতিক অংশ
পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

প্রিয় শিক্ষার্থী, পাঠ্যবইয়ে এ অধ্যায়ে অনুশীলনীতে বিভিন্ন ধরনের গাণিতিক প্রশ্ন দেওয়া আছে। প্রতিটি প্রশ্নের যথাযথ ও নির্ভুল সমাধান এ অংশে সংযোজন করা হলো। এসব প্রশ্ন ও সমাধানের অনুশীলন তোমাদের সৃজনশীল ও বহুনির্বাচনি প্রশ্নোত্তরের ধারণা সমৃদ্ধকরণে সহায়তা করবে।

পাঠ্যবইয়ের অনুশীলনীর গাণিতিক প্রশ্নের সমাধান

প্রশ্ন ১ ▸ একটি সমকোণী ত্রিভুজের অতিভুজ 25 মিটার। এর একটি বাহু অপরটির $\frac{3}{4}$ অংশ হলে, বাহু দুইটির দৈর্ঘ্য নির্ণয় কর।

সমাধান : মনে করি, ABC একটি সমকোণী ত্রিভুজ।



ধরি, AB = x মি.

$\therefore$ BC $= \frac{3x}{4}$ মি. [শর্তমতে]

দেওয়া আছে, AC = 25 মি.

ABC সমকোণী ত্রিভুজে,

$AC^2 = AB^2 + BC^2$

বা, $(25)^2 = x^2 + \left(\frac{3x}{4}\right)^2$

বা, $625 = x^2 + \frac{9x^2}{16}$

বা, $625 = \frac{16x^2 + 9x^2}{16}$

বা, $625 \times 16 = 25x^2$

বা, $\frac{625 \times 16}{25} = x^2$

বা, $x^2 = 25 \times 16$

বা, $x = \sqrt{5^2 \times 4^2}$ [বর্গমূল করে]

$\therefore$ $x = 20$

$\therefore$ AB = 20 মিটার এবং BC $= 20 \times \frac{3}{4} = 15$ মিটার

$\therefore$ বাহু দুইটির দৈর্ঘ্য যথাক্রমে 20 মিটার ও 15 মিটার।

প্রশ্ন ২ ▸ 20 মিটার লম্বা একটি মই দেওয়ালের সাথে খাড়াভাবে আছে। মইটির গোড়া দেওয়াল থেকে কত দূরে সরালে ওপরের প্রান্ত 4 মিটার নিচে নামবে?

সমাধান : মনে করি, AC মইয়ের গোড়া C থেকে D বিন্দুতে সরালে ওপরের প্রান্ত A থেকে B বিন্দুতে নামবে।

মইয়ের দৈর্ঘ্য BD = 20 মি. এবং AB = 4 মি.



$\therefore$ BC = AC − AB

= (20 − 4) মিটার

= 16 মিটার

এখন, $BC^2 + CD^2 = BD^2$

বা, $CD^2 = BD^2 - BC^2$

$= (20)^2 - (16)^2$

$= 400 - 256 = 144$

বা, $CD = \sqrt{144} = 12$

$\therefore$ CD = 12

$\therefore$ দেওয়াল থেকে মইয়ের গোড়ার দূরত্ব 12 মিটার।

প্রশ্ন ৩ ▸ একটি সমদ্বিবাহু ত্রিভুজের পরিসীমা 16 মিটার। এর সমান সমান বাহুর দৈর্ঘ্য ভূমির $\frac{5}{6}$ অংশ হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর।

সমাধান : মনে করি, ABC একটি সমদ্বিবাহু ত্রিভুজ এবং এর ভূমি x মিটার।



$\therefore$ অপর দুই বাহু AB = AC $= \frac{5x}{6}$ মিটার।

প্রশ্নমতে, $x + \frac{5x}{6} + \frac{5x}{6} = 16$

বা, $6x + 5x + 5x = 96$ [6 দ্বারা গুণ করে]

বা, $16x = 96$

বা, $x = \frac{96}{16}$

$\therefore$ $x = 6$

অতএব, BC = 6 মিটার

যেহেতু BC = 6 মিটার

AB = AC $= \frac{5 \times 6}{6}$ মি. = 5 মি.

ধরি, a = 5 মি., b = 6 মি.

Δ-ক্ষেত্র ABC-এর ক্ষেত্রফল $= \frac{b}{4}\sqrt{4a^2 - b^2}$

$= \frac{6}{4}\sqrt{4 \times 5^2 - 6^2}$

$= \frac{6}{4} \times 8 = 12$ বর্গমিটার

$\therefore$ ত্রিভুজটির ক্ষেত্রফল 12 বর্গমিটার।

প্রশ্ন ৪ ▸ একটি ত্রিভুজের দুইটি বাহুর দৈর্ঘ্য 25 সে.মি., 27 সে.মি. এবং পরিসীমা 84 সে.মি.। ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর।

সমাধান : মনে করি, ত্রিভুজের অপর বাহু c.



দেওয়া আছে, ত্রিভুজটির বাহু দুইটির দৈর্ঘ্য যথাক্রমে a = 25 সে.মি.

এবং b = 27 সে. মি.

ত্রিভুজটির পরিসীমা, 2s = 84 সে.মি.

বা, $s = \frac{84}{2}$ সে.মি.

বা, s = 42 সে.মি.

এখন, ত্রিভুজের পরিসীমা, 2s = a + b + c

বা, 84 = 25 + 27 + c

বা, 84 = 52 + c

বা, c = 84 − 52

$\therefore$ c = 32 সে. মি.

$\therefore$ ত্রিভুজটির ক্ষেত্রফল $= \sqrt{s(s-a)(s-b)(s-c)}$ বর্গ সে.মি.

$= \sqrt{42\,(42-25)\,(42-27)\,(42-32)}$ "

$= \sqrt{42 \times 17 \times 15 \times 10}$ বর্গ সে.মি.

$= \sqrt{107100}$ বর্গ সে.মি.

= 327.26 বর্গ সে.মি. (প্রায়)

নির্ণেয় ত্রিভুজটির ক্ষেত্রফল 327.26 বর্গ সে.মি. (প্রায়)।

www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ৫ ▸ একটি সমবাহু ত্রিভুজের প্রত্যেক বাহুর দৈর্ঘ্য 2 মিটার বাড়ালে এর ক্ষেত্রফল $6\sqrt{3}$ বর্গমিটার বেড়ে যায়। ত্রিভুজটির বাহুর দৈর্ঘ্য নির্ণয় কর।

সমাধান : মনে করি, সমবাহু ত্রিভুজটির প্রত্যেক বাহুর দৈর্ঘ্য = a মিটার

∴ সমবাহু ত্রিভুজটির ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}a^2}{4}$ বর্গমিটার

প্রত্যেক বাহুর দৈর্ঘ্য 2 মিটার বাড়ালে, বাহুর দৈর্ঘ্য (a + 2) মিটার।

∴ ত্রিভুজক্ষেত্রের ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}(a+2)^2}{4}$ বর্গমিটার

$= \frac{\sqrt{3}(a^2+4a+4)}{4}$ বর্গমিটার

প্রশ্নমতে, $\frac{\sqrt{3}(a^2+4a+4)}{4} = \frac{\sqrt{3}a^2}{4} + 6\sqrt{3}$

বা, $\sqrt{3}(a^2+4a+4) = \sqrt{3}a^2 + 24\sqrt{3}$ [4 দ্বারা গুণ করে]

বা, $a^2+4a+4 = a^2+24$

বা, $a^2-a^2+4a = 24-4$

বা, $4a = 20$

∴ $a = 5$

∴ ত্রিভুজটির বাহুর দৈর্ঘ্য 5 মিটার।

প্রশ্ন ৬ ▸ একটি ত্রিভুজের দুই বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 26 মি., 28 মিটার এবং ক্ষেত্রফল 182 বর্গমিটার হলে, বাহুদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ নির্ণয় কর।

সমাধান : মনে করি, ত্রিভুজের বাহুদ্বয় যথাক্রমে a = 26 সে. মি. ও b = 28 সে. মি.

বাহুদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ = θ

ত্রিভুজের ক্ষেত্রফল = 182 বর্গমিটার



আমরা জানি, ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2}ab\sin\theta$

∴ $\frac{1}{2}ab\sin\theta = 182$

বা, $\frac{1}{2} \times 26 \times 28 \times \sin\theta = 182$

বা, $364\sin\theta = 182$

বা, $\sin\theta = \frac{182}{364}$

বা, $\sin\theta = \frac{1}{2}$

বা, $\sin\theta = \sin 30°$

∴ $\theta = 30°$

নির্ণেয় বাহুদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ 30°.

প্রশ্ন ৭ ▸ একটি সমদ্বিবাহু ত্রিভুজের সমান সমান বাহুর দৈর্ঘ্য 10 মিটার এবং ক্ষেত্রফল 48 বর্গমিটার হলে, ভূমির দৈর্ঘ্য নির্ণয় কর।

সমাধান : মনে করি, সমদ্বিবাহু ত্রিভুজের সমান সমান বাহুর দৈর্ঘ্য a = 10 মিটার, ভূমির দৈর্ঘ্য = b মিটার

∴ সমদ্বিবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{b}{4}\sqrt{4a^2-b^2}$



প্রশ্নানুসারে, $\frac{b}{4}\sqrt{4a^2-b^2} = 48$

বা, $\frac{b}{4}\sqrt{4.(10)^2-b^2} = 48$

বা, $\frac{b}{4}\sqrt{4\times100-b^2} = 48$

বা, $\frac{b}{4}\sqrt{400-b^2} = 48$

বা, $b\sqrt{400-b^2} = 192$

একটি আয়তাকার ঘরের মেঝের দৈর্ঘ্য, প্রস্থ অপেক্ষা 2 মিটার বেশি এবং পরিসীমা 32 মিটার। [রা. বো. '১৬]

৪৪. ঘরটির মেঝের দৈর্ঘ্য কত মিটার?
(ক) 10 (খ) 9 (গ) 8 (ঘ) 7

›› তথ্য/ব্যাখ্যা : মনে করি, ঘরের মেঝের প্রস্থ x মি.
প্রশ্নমতে, $2(x + 2 + x) = 32$
বা, $4x + 4 = 32$ বা, $4x = 32 - 4 = 28$ $\therefore x = 7$
$\therefore$ মেঝের দৈর্ঘ্য $= 7 + 2 = 9$ মিটার।

৪৫. ঘরটির মেঝের ক্ষেত্রফল কত বর্গমিটার?
(ক) 31.5 (খ) 36 (গ) 63 (ঘ) 126

›› তথ্য/ব্যাখ্যা : উপরের প্রশ্ন হতে ঘরটির দৈর্ঘ্য 9 মি. এবং প্রস্থ 7 মি.
$\therefore$ ক্ষেত্রফল $= (9 \times 7)$ বর্গমিটার = 63 বর্গমিটার।

উত্তরের শুদ্ধতা/নির্ভুলতা যাচাই করো

৩৪	গ	৩৫	খ	৩৬	ক	৩৭	খ	৩৮	গ	৩৯	খ	৪০	খ	৪১	খ	৪২	ক	৪৩	ক	৪৪	খ	৪৫	গ

www.abswer.com

www.abswer.com

■ নিচের তথ্যের আলোকে ৪৬ – ৪৮ নং প্রশ্নের উত্তর দাও :



চিত্রে AB = BC = CD = AD. [রা. বো. '১৬]

৪৬. Δ AOD এর ক্ষেত্রফল কোনটি?
ⓚ 14 বর্গ একক ⓛ 12 বর্গ একক
ⓜ 7 বর্গ একক ⓝ 6 বর্গ একক

▸▸ তথ্য/ব্যাখ্যা : ABCD একটি রম্বস। রম্বসের কর্ণদ্বয় পরস্পরকে সমকোণে সমদ্বিখণ্ডিত করে।
$\therefore$ OA = OC = 3
$\therefore$ Δ AOD এর ক্ষেত্রফল $= \frac{1}{2} \times OD \times OA = \frac{1}{2} \times 4 \times 3$ বর্গ একক
= 6 বর্গ একক।

৪৭. ABCD চতুর্ভুজের পরিসীমা কোনটি?
ⓚ 12 একক ⓛ 14 একক
ⓜ 20 একক ⓝ 28 একক

▸▸ তথ্য/ব্যাখ্যা : ΔAOD হতে পাই,
$AD = \sqrt{OA^2 + OD^2} = \sqrt{3^2 + 4^2} = 5$
$\therefore$ ABCD রম্বসের প্রত্যেক বাহুর দৈর্ঘ্য 5 একক.
$\therefore$ ABCD এর পরিসীমা = 4 × 5 একক = 20 একক।

৪৮. AE ⊥ BC হলে AE এর দৈর্ঘ্য কত?
ⓚ 2.4 একক ⓛ 4.8 একক
ⓜ 9.6 একক ⓝ 7 একক

▸▸ তথ্য/ব্যাখ্যা : Δ ABC-এর AC = 3 + 3 = 6 একক, OB = 4 একক
Δ ABC এর ক্ষেত্রফল $= \frac{1}{2} AC \times OB$ বর্গ একক
$= \frac{1}{2} \times 6 \times 4$ বর্গ একক = 12 বর্গ একক
আবার, Δ ABC এর ক্ষেত্রফল $= \frac{1}{2} \times BC \times AE$
বা, $12 = \frac{1}{2} \times 5 \times AE$
বা, $AE = \frac{12 \times 2}{5} = 4.8$ বর্গ একক।

■ নিচের চিত্র থেকে ৪৯ ও ৫০ নং প্রশ্নের উত্তর দাও :



৪৯. ABCD এর ক্ষেত্রফল কত বর্গ সে. মি.? [য. বো. '১৫]
ⓚ 30 ⓛ 40 ⓜ 50 ⓝ 60

▸▸ তথ্য/ব্যাখ্যা : চিত্রে ABCD ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহুদ্বয় AB = 10 সে.মি. ও CD = 6 সে.মি.
এবং এদের মধ্যবর্তী দূরত্ব DE = 5 সে.মি.
$\therefore$ ABCD ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times (AB + CD) \times DE$
$= \frac{1}{2} \times (10 + 6) \times 5$ বর্গ সে.মি.
$= \frac{1}{2} \times 16 \times 5$ বর্গ সে.মি. = 40 বর্গ সে.মি.।

৫০. CDEF এর পরিসীমা কত সে.মি.? [য. বো. '১৫]
ⓚ 10 ⓛ 11 ⓜ 12 ⓝ 22

▸▸ তথ্য/ব্যাখ্যা : চিত্রে CDEF আয়তক্ষেত্রের দৈর্ঘ্য CD = 6 সে.মি.
এবং প্রস্থ DE = 5 সে.মি.।
$\therefore$ CDEF আয়তক্ষেত্রের পরিসীমা = 2(CD + DE)
= 2(6 + 5) সে.মি. = 2 × 11 সে.মি. = 22 সে.মি.
$\therefore$ CDEF এর পরিসীমা 22 সে.মি.।

শীর্ষস্থানীয় স্কুলসমূহের টেস্ট পরীক্ষার বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর — বিষয়বস্তুর ধারায় প্রণীত

সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন

৫১.



চিত্রে ABCD রম্বসের কর্ণদ্বয় AC = 12 এবং BD = 16 একক। রম্বসের পরিসীমা কত একক? [হলি ক্রস উচ্চ বালিকা বিদ্যালয়, ঢাকা]
ⓚ 10 ⓛ 18
ⓜ 28 ⓝ 40

▸▸ তথ্য/ব্যাখ্যা : ABCD রম্বসের কর্ণ AC = 12



$\therefore AO = \frac{12}{2} = 6$ একক
কর্ণ BD = 16
$\therefore OD = \frac{16}{2} = 8$ একক
$\therefore AD^2 = AO^2 + OD^2$ [$\because \angle AOD = 90°$]
$= 6^2 + 8^2 = 36 + 64 = 100$
$\therefore AD = \sqrt{100} = 10$
$\therefore$ ABCD রম্বসের পরিসীমা = 4 AD = 4 × 10 = 40.

৫২. আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 12 মিটার এবং কর্ণ 13 মিটার হলে, এর প্রস্থ কত মিটার? [সামসুল হক খান স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা]
ⓚ 25 ⓛ 13
ⓜ 12 ⓝ 5

▸▸ তথ্য/ব্যাখ্যা : প্রস্থ b হলে, $\sqrt{(12^2 + b^2)} = 13$
বা, $144 + b^2 = 169$
বা, $b^2 = 169 - 144 = 25$
$\therefore$ b = 5 মিটার।

৫৩. সুষম পঞ্চভুজের একটি কোণ কত? [মাইলস্টোন কলেজ, ঢাকা; ফরিদপুর জিলা স্কুল, ফরিদপুর]
ⓚ 60° ⓛ 105°
ⓜ 108° ⓝ 90°

▸▸ তথ্য/ব্যাখ্যা : পঞ্চভুজের সবগুলো কোণের সমষ্টি = (5 – 2) × 180° = 540°.
$\therefore$ সুষম পঞ্চভুজের একটি কোণ $= \frac{540°}{5} = 108°$.

৫৪. রম্বসের একটি কর্ণ 16 সে.মি. এবং ক্ষেত্রফল 96 বর্গ সে.মি. হলে অপর কর্ণের দৈর্ঘ্য কত সে.মি.? [বিন্দুবাসিনী সরকারি বালক উচ্চ বিদ্যালয়, টাঙ্গাইল]
ⓚ 18 ⓛ 6
ⓜ 10 ⓝ 12

▸▸ তথ্য/ব্যাখ্যা : রম্বসের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ কর্ণদ্বয়ের গুণফল
অর্থাৎ $\frac{1}{2} \times 16 \times d_2 = 96$
বা, $d_2 = \frac{96 \times 2}{16} = 12$ সে.মি.।

উত্তরের শুদ্ধতা/ নির্ভুলতা যাচাই করো

৪৬	ⓝ	৪৭	ⓜ	৪৮	ⓛ	৪৯	ⓛ	৫০	ⓝ	৫১	ⓝ	৫২	ⓝ	৫৩	ⓜ	৫৪	ⓝ

www.abswer.com

www.abswer.com

৫৫. একটি বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য $6\sqrt{2}$ cm হলে তার পরিসীমা কত? [শেরপুর সরকারি ভিক্টোরিয়া একাডেমি, শেরপুর]
(ক) 72 cm (খ) 24 cm
(গ) 48 cm (ঘ) $3\sqrt{2}$ cm

>> তথ্য/ব্যাখ্যা : $a\sqrt{2} = 6\sqrt{2}$ ∴ $a = 6$
পরিসীমা $= 4a = 4 \times 6 = 24$ cm.

৫৬. একটি সামান্তরিকের ভূমি $3\sqrt{3}$ cm এবং উচ্চতা $2\sqrt{3}$ cm হলে ক্ষেত্রফল কত? [বিন্দুবাসিনী সরকারি বালক উচ্চ বিদ্যালয়, টাঙ্গাইল]
(ক) 27 cm^2 (খ) 18 cm^2
(গ) 12 cm^2 (ঘ) 6 cm^2

>> তথ্য/ব্যাখ্যা : ক্ষেত্রফল = ভূমি × উচ্চতা
$= 3\sqrt{3} \times 2\sqrt{3}$ cm^2
$= 6 \times 3$ $cm^2 = 18$ cm^2.

৫৭. একটি সপ্তভুজের শীর্ষকোণের পরিমাণ কত? [সরকারি পি.এন. বালিকা উচ্চ বিদ্যালয়, রাজশাহী]
(ক) 120.4° (খ) 128.6°
(গ) 135° (ঘ) 157.5°

>> তথ্য/ব্যাখ্যা : n বাহু বিশিষ্ট বহুভুজের শীর্ষ কোণ $= \frac{180°(n-2)}{n}$
∴ সপ্তভুজের শীর্ষ কোণ $= \frac{180°(7-2)}{7} = 128.6°$.

৫৮. 4 সে.মি. বাহুবিশিষ্ট একটি সুষম ষড়ভুজের ক্ষেত্রফল কত সে.মি.? [কুমিল্লা জিলা স্কুল, কুমিল্লা]
(ক) $24\sqrt{3}$ বর্গ মি. (খ) $12\sqrt{3}$ বর্গ মি.
(গ) $6\sqrt{3}$ বর্গ মি. (ঘ) $4\sqrt{3}$ বর্গ মি.

>> তথ্য/ব্যাখ্যা : দেওয়া আছে, সুষম ষড়ভুজের বাহুর দৈর্ঘ্য $a = 4$ সে.মি.
∴ এর ক্ষেত্রফল $= \frac{na^2}{4}\cot\frac{180°}{n}$
$= \frac{6 \times 4^2}{4} \times \cot\frac{180°}{6}$; এখানে বাহুর সংখ্যা $n = 6$
$= 24 \times \cot 30° = 24 \times \sqrt{3} = 24\sqrt{3}$.

৫৯. একটি সুষম ষড়ভুজের প্রতিটি বাহুর দৈর্ঘ্য 6 সেমি হলে এর ক্ষেত্রফল কত বর্গ সেমি? [নবাব ফয়জুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কুমিল্লা]
(ক) $12\sqrt{3}$ (খ) $18\sqrt{3}$
(গ) $36\sqrt{3}$ (ঘ) $54\sqrt{3}$

>> তথ্য/ব্যাখ্যা : n বাহুবিশিষ্ট সুষম বহুভুজের ক্ষেত্রফল $= \frac{na^2}{4}\cot\frac{180}{n}$
∴ সুষম ষড়ভুজের ক্ষেত্রফল $= \frac{6 \times 6^2}{4} \times \cot\frac{180}{6}$
[বাহুর দৈর্ঘ্য a = 6, বাহুর সংখ্যা n = 6]
$= \frac{6 \times 36}{4} \times \cot 30° = 54 \times \sqrt{3} = 54\sqrt{3}$.

৬০. একটি সুষম অষ্টভুজের প্রতিটি অন্তঃস্থ কোণের মান কত? [নবাব ফয়জুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কুমিল্লা]
(ক) 135° (খ) 180°
(গ) 67.5° (ঘ) 42°

>> তথ্য/ব্যাখ্যা : n বাহুবিশিষ্ট সুষম বহুভুজের প্রতিটি অন্তঃস্থ কোণের মান $= \frac{180°(n-2)}{n}$
∴ অষ্টভুজের প্রতিটি কোণ $= \frac{180°(8-2)}{8} = 135°$.

৬১. একটি সুষম ষড়ভুজের শীর্ষ কোণগুলোর সমষ্টি? [ব্লু বার্ড স্কুল এন্ড কলেজ, সিলেট]
(ক) 540° (খ) 360°
(গ) 720° (ঘ) 90°

>> তথ্য/ব্যাখ্যা : আমরা জানি, সুষম বহুভুজের শীর্ষ কোণগুলোর সমষ্টি $= (2n-4) \times 90°$, যেখানে n = বাহুর সংখ্যা
∴ সুষম ষড়ভুজের শীর্ষ কোণগুলোর সমষ্টি
$= (2 \times 6 - 4) \times 90° = (12 - 4) \times 90° = 8 \times 90° = 720°$.

৬২. একটি রম্বসের কর্ণদ্বয়ের অর্ধেক যথাক্রমে 5 সে.মি. এবং 7 সে.মি.। রম্বসের ক্ষেত্রফল কত বর্গ সে.মি.? [বরিশাল জিলা স্কুল, বরিশাল]
(ক) 12 (খ) 24 (গ) 35 (ঘ) 70

>> তথ্য/ব্যাখ্যা : রম্বসের কর্ণদ্বয়ের অর্ধেক যথাক্রমে 5 সে.মি. এবং 7 সে.মি.
∴ রম্বসটির কর্ণদ্বয় যথাক্রমে (2×5) বা 10 সে. মি. এবং (2×7) বা, 14 সে. মি.
∴ রম্বসের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ কর্ণদ্বয়ের গুণফল
$= \frac{1}{2} \times 10 \times 14 = 70$ বর্গ সে. মি.।

৬৩. একটি ট্রাপিজিয়ামের উচ্চতা 8 সে.মি. এবং সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্য 9 সে.মি. ও 7 সে.মি. হলে, এর ক্ষেত্রফল কত বর্গ সে.মি.? [ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর]
(ক) 24 (খ) 64 (গ) 96 (ঘ) 504

>> তথ্য/ব্যাখ্যা : ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times (a + b) \times h$
$= \frac{1}{2} \times (9 + 7) \times 8$ বর্গ সে.মি.
$= \frac{1}{2} \times 16 \times 8$ বর্গ সে.মি. $= 64$ বর্গ সে.মি.।

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

৬৪. প্রদত্ত চিত্রটি—



i. একটি আয়ত
ii. পরিসীমা = 140 মিটার
iii. ক্ষেত্রফল = 800 বর্গমিটার
নিচের কোনটি সঠিক? [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

৬৫.



i. Δ ADC এর ক্ষেত্রফল = 6 বর্গ সে.মি.
ii. Δ ABC এর পরিসীমা 12 সে.মি.
iii. Δ ABCD এর ক্ষেত্রফল 24 বর্গ সে.মি.
নিচের কোনটি সঠিক? [বিন্দুবাসিনী সরকারি বালক উচ্চ বিদ্যালয়, টাঙ্গাইল]
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন

■ নিচের তথ্যের আলোকে ৬৬ – ৬৮ নং প্রশ্নের উত্তর দাও :



ABCD একটি রম্বসের AC ও BD কর্ণদ্বয় পরস্পর O বিন্দুতে ছেদ করে। AC = 8 সে.মি. এবং BD = 6 সে.মি.। [আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, ঢাকা]

৬৬. রম্বসটির বাহুর দৈর্ঘ্য কত?
(ক) 5 সে.মি. (খ) 4 সে.মি.
(গ) 3 সে.মি. (ঘ) 2 সে.মি.

>> তথ্য/ব্যাখ্যা : রম্বসের কর্ণদ্বয় পরস্পরকে সমকোণে সমদ্বিখণ্ডিত করে।
এখানে, $AO = CO = \frac{AC}{2} = \frac{8}{2} = 4$ সে.মি.
$BO = DO = \frac{BD}{2} = \frac{6}{2} = 3$ সে.মি.
রম্বসটির বাহু $AB = \sqrt{AO^2 + CO^2}$
$= \sqrt{4^2 + 3^2} = \sqrt{16 + 9} = \sqrt{25} = 5$ সে.মি.।

উত্তরের শুদ্ধতা/ নির্ভুলতা যাচাই করো

৫৫	(খ)	৫৬	(খ)	৫৭	(খ)	৫৮	(ক)	৫৯	(ঘ)	৬০	(ক)	৬১	(গ)	৬২	(ঘ)	৬৩	(খ)	৬৪	(ক)	৬৫	(ক)	৬৬	(ক)

www.abswer.com

www.abswer.com

৬৭. Δ BOC এর ক্ষেত্রফল কত?
ক) 8 সে.মি.^{2} খ) 6 সে.মি.^{2}
গ) 4 সে.মি.^{2} ঘ) 2 সে.মি.^{2}

▸▸ তথ্য/ব্যাখ্যা : BOC সমকোণী ত্রিভুজের ক্ষেত্রফল
$= \frac{1}{2} \times BO \times CO$
$= \frac{1}{2} \times 3 \times 4 = 6$ বর্গ সে.মি.।

৬৮. রম্বস ক্ষেত্রটির ক্ষেত্রফল কত? [আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, ঢাকা]
ক) 48 সেমি^{2} খ) 24 সেমি^{2}
গ) 12 সেমি^{2} ঘ) 6 সেমি^{2}

▸▸ তথ্য/ব্যাখ্যা : রম্বসক্ষেত্রটির ক্ষেত্রফল
$= \frac{1}{2} \times$ কর্ণদ্বয়ের গুণফল
$= \frac{1}{2} \times AC \times BD$
$= \frac{1}{2} \times 8 \times 6 = 24$ বর্গ সে.মি.।

■ উদ্দীপকটি পড়ে ৬৯ ও ৭০ নং প্রশ্নের উত্তর দাও :
একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য প্রস্থ অপেক্ষা 2 মিটার বেশি এবং একটি কর্ণ $\sqrt{34}$ মিটার। [বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা]

৬৯. ঘরটির দৈর্ঘ্য কত মিটার?
ক) 3 খ) 5
গ) 8 ঘ) 10

▸▸ তথ্য/ব্যাখ্যা : $\sqrt{x^2 + (x+2)^2} = \sqrt{34}$
বা, $x^2 + x^2 + 4x + 4 = 34$
বা, $2x^2 + 4x - 30 = 0$
বা, $x^2 + 2x - 15 = 0$
বা, $(x+5)(x-3) = 0$
$\therefore x = 3, -5$
দৈর্ঘ্য $= x + 2 = 3 + 2$ মিটার $= 5$ মিটার।

৭০. ঘরটির ক্ষেত্রফল কত বর্গমিটার?
ক) 9 খ) 15
গ) 25 ঘ) 36

■ নিচের চিত্রের আলোকে ৭১ – ৭৩ নং প্রশ্নের উত্তর দাও :



BC ∥ AD এবং BCEF একটি আয়ত। BC = 9 সে.মি. CE = 7 সে.মি.। [ময়মনসিংহ জিলা স্কুল, ময়মনসিংহ]

৭১. ABCD এর ক্ষেত্রফল কত বর্গ সে.মি.?
ক) 8 খ) 16
গ) 31.5 ঘ) 63

▸▸ তথ্য/ব্যাখ্যা : $BC \times h = 9 \times 7 = 63$ বর্গ সে.মি.

৭২. BD = 12 সে.মি. হলে A বিন্দু থেকে BD এর উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য কত সে.মি.?
ক) 9 খ) 7
গ) 6.25 ঘ) 5.25

▸▸ তথ্য/ব্যাখ্যা : $dh = 63$
বা, $d \times 12 = 63$
$\therefore d = 5.25$ সে.মি.।

৭৩. FA = 4 সে.মি. হলে, BCDF চতুর্ভুজটির ক্ষেত্রফল কত বর্গ সে.মি.?
ক) 66 খ) 77
গ) 88 ঘ) 99

▸▸ তথ্য/ব্যাখ্যা : Δ ABF এর ক্ষেত্রফল $= \frac{1}{2} \times 4 \times 7 = 14$
$\therefore$ BCDF $= 14 + 63 = 77$ বর্গ সে.মি.।

■ নিচের উদ্দীপকটি পড়ে ৭৪ – ৭৬ নং প্রশ্নের উত্তর দাও :
একটি সুষম ষড়ভুজের বাহুর দৈর্ঘ্য 6 সে.মি.। [জামালপুর জিলা স্কুল, জামালপুর]

৭৪. প্রতিটি কোণের মান কত?
ক) 100° খ) 108°
গ) 120° ঘ) 135°

▸▸ তথ্য/ব্যাখ্যা : n বাহুবিশিষ্ট সুষম বহুভুজের প্রতিটি কোণ
$= \frac{180°(n-2)}{n}$
$\therefore$ সুষম ষড়ভুজের প্রতিটি কোণ $= \frac{180°(6-2)}{6} = 30° \times 4 = 120°$.

৭৫. ক্ষেত্রফল কত বর্গ সে.মি.?
ক) 52.384 খ) 93.53
গ) 102.43 ঘ) 163.53

▸▸ তথ্য/ব্যাখ্যা : সুষম ষড়ভুজের ক্ষেত্রফল $= \frac{na^2}{4} \cot \frac{180°}{n}$
$= \frac{6 \times 6^2}{4} \times \cot \frac{180°}{6} = \frac{6 \times 36}{4} \times \cot 30° = 54 \times \sqrt{3} = 93.53$ বর্গ সে.মি.।

৭৬. কোণগুলোর যোগফল কত? [জামালপুর জিলা স্কুল, জামালপুর]
ক) 5 সমকোণ খ) 6 সমকোণ
গ) 7 সমকোণ ঘ) 8 সমকোণ

▸▸ তথ্য/ব্যাখ্যা : সুষম ষড়ভুজের কোণগুলোর ক্ষেত্রফল
$= (2n - 4) \times 90°$
$= (2 \times 6 - 4) \times$ সমকোণ $[\because n = 6]$
$= (12 - 4) \times$ সমকোণ $= 8$ সমকোণ।

■ নিচের তথ্যের আলোকে ৭৭ ও ৭৮ নং প্রশ্নের উত্তর দাও : [বরিশাল জিলা স্কুল, বরিশাল]



৭৭. Δ BEC এর পরিসীমা কত সে.মি.?
ক) 60 খ) 55
গ) 40 ঘ) 25

▸▸ তথ্য/ব্যাখ্যা : চিত্রে,



BE = AB – AE = 30 – 10 = 20 cm
এবং CE = AD = 15 cm
$\therefore BC = \sqrt{CE^2 + BE^2}$
$= \sqrt{15^2 + 20^2} = \sqrt{225 + 400} = \sqrt{625} = 25$
$\therefore$ Δ ABFC এর পরিসীমা = CE + BE + BC = 15 + 20 + 25 = 60 সে.মি.।

৭৮. ট্রাপিজিয়ামের ও আয়তক্ষেত্রের ক্ষেত্রফলের অনুপাত কত?
ক) 2 : 1 খ) 3 : 2
গ) 2 : 3 ঘ) 1 : 2

▸▸ তথ্য/ব্যাখ্যা : এখানে, ABCD ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল
$= \frac{1}{2}(30 + 10) \times 15 = \frac{1}{2} \times 40 \times 15 = 300$
AECD আয়তক্ষেত্রের ক্ষেত্রফল $= 10 \times 15 = 150$
$\therefore$ ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল : আয়তক্ষেত্রের ক্ষেত্রফল $= 300 : 150 = 2 : 1$

উত্তরের শুদ্ধতা/ নির্ভুলতা যাচাই করো

৬৭	খ	৬৮	খ	৬৯	খ	৭০	খ	৭১	ঘ	৭২	ঘ	৭৩	খ	৭৪	গ	৭৫	খ	৭৬	ঘ	৭৭	ক	৭৮	ক

www.abswer.com

www.abswer.com

মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর | বিষয়বস্তুর ধারায় প্রণীত

সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন

৭৯. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য a একক এবং প্রস্থ b একক হলে, এর ক্ষেত্রফল নিচের কোনটি? (সহজমান)
ক ab বর্গ একক   খ a^2b^2 বর্গ একক
গ 2ab বর্গ একক   ঘ 4ab বর্গ একক
▸▸ তথ্য/ব্যাখ্যা : আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ $= a \times b = ab$ বর্গ একক।

৮০. আয়তক্ষেত্রের দৈর্ঘ্য a এবং প্রস্থ b হলে পরিসীমা কত? (সহজমান)
ক a + b   খ 2(a + b)
গ 2ab   ঘ ab
▸▸ তথ্য/ব্যাখ্যা : আয়তক্ষেত্রের পরিসীমা = 2 (দৈর্ঘ্য + প্রস্থ) = 2(a + b).

৮১. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য a এবং প্রস্থ b হলে এর কর্ণের দৈর্ঘ্য— (মধ্যমান)
ক ab   খ $a^2 + b^2$
গ $\sqrt{a^2+b^2}$ ঘ a + b
▸▸ তথ্য/ব্যাখ্যা : আয়তক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য $= \sqrt{a^2+b^2}$.

৮২. একটি বর্গক্ষেত্রের পরিসীমা 20 মিটার হলে, এর ক্ষেত্রফল কত বর্গ মি.? (সহজমান)
ক 4   খ 5   গ 16   ঘ 25
▸▸ তথ্য/ব্যাখ্যা : $a = \frac{20}{4} = 5$ মিটার (বর্গক্ষেত্রের বাহু)
∴ ক্ষেত্রফল $= a^2 = 5^2$ বর্গমিটার = 25 বর্গমিটার

৮৩. সামান্তরিকের দুইটি সন্নিহিত বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 12 সে.মি. এবং 8 সে.মি.। এদের অন্তর্ভুক্ত কোণ 30°। সামান্তরিকের ক্ষেত্রফল কত বর্গ সে.মি.? (মধ্যমান)
ক 96   খ 48   গ 24   ঘ 12
▸▸ তথ্য/ব্যাখ্যা :



Δ ABC এর ক্ষেত্রফল $= \frac{1}{2} \times 12 \times 8 \times \sin 30° = 24$ বর্গ সে.মি.
∴ ABCD সামান্তরিকের ক্ষেত্রফল
$= 2 \times \Delta ABC$ এর ক্ষেত্রফল $= 2 \times 24$ বর্গ সে.মি. = 48 বর্গ সে.মি.।

৮৪.



চিত্রে, কর্ণ AC = 8 একক হলে কর্ণ BD = কত? (মধ্যমান)
ক 12 একক   খ 8 একক
গ 6 একক   ঘ 5 একক
▸▸ তথ্য/ব্যাখ্যা : আয়তক্ষেত্রের কর্ণদ্বয় সমান।

৮৫. একটি সুষম অষ্টভুজের শীর্ষকোণের পরিমাপ কত? (সহজমান)
ক 135°   খ 120°   গ 60°   ঘ 90°
▸▸ তথ্য/ব্যাখ্যা : যেকোন সুষম বহুভুজের কোণের পরিমাণ $= \frac{1}{n}(2n-4) \times 90°$
যেখানে n বাহুর সংখ্যা অর্থাৎ, $\frac{1}{8}(2.8-4) \times 90° = \frac{1}{8} \times 12 \times 90 = 135°$.

৮৬. একটি সামান্তরিকের দুটি সন্নিহিত কোণ যথাক্রমে x°, 3x°. ক্ষুদ্রতর কোণের মান কত? (মধ্যমান)
ক 30°   খ 45°   গ 60°   ঘ 70°
▸▸ তথ্য/ব্যাখ্যা : আমরা জানি, সামান্তরিকের সন্নিহিত কোণ দুইটির সমষ্টি 180°
∴ x° + 3x° = 180°
বা, 4x° = 180° ∴ x° = 45°.

৮৭. একটি সুষম পঞ্চভুজের প্রতিটি বাহুর দৈর্ঘ্য 6 সে.মি. হলে এর ক্ষেত্রফল কত? (মধ্যমান)
ক 12.384 বর্গ সে.মি.   খ 16.384 বর্গ সে.মি.
গ 12 বর্গ সে.মি.   ঘ 61.937 বর্গ সে.মি.
▸▸ তথ্য/ব্যাখ্যা : ক্ষেত্রফল $= \frac{na^2}{4} \cot \frac{180°}{n}$ এখানে, n = 5, a = 6
$= \frac{5 \times 6^2}{4} \cot \frac{180°}{5} = 45 \cot 36° = 61.937$ বর্গ সে. মি.।

৮৮. ABCD সামান্তরিকের ভূমির দৈর্ঘ্য a এবং উচ্চতা h হলে ক্ষেত্রফল কত? (সহজমান)
ক $\frac{1}{2} \times a \times h$ খ $\frac{1}{2} \times (a \times h)$
গ ah   ঘ a^2h^2
▸▸ তথ্য/ব্যাখ্যা : সামান্তরিকের ক্ষেত্রফল = ভূমির দৈর্ঘ্য × উচ্চতা $= a \times h = ah$ বর্গ একক।

৮৯. একটি ট্রাপিজিয়াম আকৃতির লোহার পাতের সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্য যথাক্রমে 3 সে. মি. ও 1 সে. মি. এবং তাদের লম্ব দূরত্ব 2 সে. মি.। পাতের ক্ষেত্রফল কত বর্গ সে. মি.? (কঠিনমান)
ক 1   খ 2   গ 3   ঘ 4
▸▸ তথ্য/ব্যাখ্যা : পাতের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ লম্ব দূরত্ব × (বাহুদ্বয়ের সমষ্টি)
$= \frac{1}{2} \times 2 \times (3+1) = \frac{1}{2} \times 2 \times 4 = 4$ বর্গ সে. মি.।

৯০. একটি বাগানের দৈর্ঘ্য 50 মি. এবং প্রস্থ 40 মি.। বাগানের ভিতরে চারদিকে 5 মিটার চওড়া একটি রাস্তা আছে। রাস্তা বাদে বাগানের দৈর্ঘ্য কত মিটার? (মধ্যমান)
ক 30   খ 40
গ 50   ঘ 60
▸▸ তথ্য/ব্যাখ্যা : রাস্তাবাদে বাগানের দৈর্ঘ্য = (50 − 2 × 5) = 40 মিটার।

৯১. একটি সামান্তরিকের দুইটি সন্নিহিত বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 3 সে. মি. ও 5 সে. মি.। তার পরিসীমার অর্ধেক কত সে. মি.? (কঠিনমান)
ক 4   খ 8
গ 15   ঘ 16
▸▸ তথ্য/ব্যাখ্যা : সামান্তরিকের পরিসীমা = 2 (3 + 5) = 16 সে. মি.
∴ পরিসীমার অর্ধেক $= \frac{16}{2} = 8$ সে. মি.।

৯২. কোন সামান্তরিকের ভূমি 12 সে.মি. এবং ভূমির সমান্তরাল বাহুর মধ্যবর্তী দূরত্ব 6 সে.মি. হলে, সামান্তরিকের ক্ষেত্রফল কত? (মধ্যমান)
ক 60   খ 72   গ 36   ঘ 50
▸▸ তথ্য/ব্যাখ্যা : সামান্তরিকের ক্ষেত্রফল = ভূমি × উচ্চতা = 12 × 6 = 72.

৯৩. আয়তক্ষেত্রের দুই বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 8 সে.মি. এবং 6 সে.মি.; তার কর্ণের দৈর্ঘ্য কত? (মধ্যমান)
ক 14 সে.মি.   খ 12 সে.মি.
গ 10 সে.মি.   ঘ কোনটাই নয়
▸▸ তথ্য/ব্যাখ্যা : কর্ণের দৈর্ঘ্য $= \sqrt{6^2+8^2}$
$= \sqrt{36+64}$
$= \sqrt{100}$
= 10 সে.মি.।



৯৪. রম্বসের কর্ণদ্বয় যথাক্রমে 8 সে.মি. এবং 16 সে.মি. হলে, রম্বসের ক্ষেত্রফল কত? (সহজমান)
ক 128 বর্গ সে.মি.   খ 64 বর্গ সে.মি.
গ 96 বর্গ সে.মি.   ঘ 32 বর্গ সে.মি.
▸▸ তথ্য/ব্যাখ্যা : রম্বসের ক্ষেত্রফল = কর্ণদ্বয়ের গুণফল = 8 × 16 = 128 বর্গ সে. মি.।

উত্তরের শুদ্ধতা/নির্ভুলতা যাচাই করো

৭৯ ক	৮০ খ	৮১ গ	৮২ ঘ	৮৩ খ	৮৪ খ	৮৫ ক	৮৬ খ	৮৭ ঘ	৮৮ গ	৮৯ ঘ	৯০ খ	৯১ খ	৯২ খ	৯৩ গ	৯৪ ক

www.abswer.com

www.abswer.com

৯৫. বর্গের এক বাহুর দৈর্ঘ্য $\sqrt{2}$ হলে, বর্গের কর্ণের দৈর্ঘ্য নিচের কোনটি? (কঠিনমান)



(ক) 2 (খ) $\sqrt{2}$
(গ) $\frac{1}{2}$ (ঘ) $\frac{1}{12}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : Δ AOB এর, $x^2 = \sqrt{2}^2 + \sqrt{2}^2 = 4$
$\therefore$ x = 2 $\therefore$ কর্ণের দৈর্ঘ্য = 2.

৯৬. একটি রম্বসের কর্ণদ্বয় যথাক্রমে 40 সে.মি. ও 60 সে.মি. এবং 80 সে. মি. ভূমি হলে, রম্বসের উচ্চতা কত? (মধ্যমান)
(ক) 30 সে.মি. (খ) 32.5 সে.মি.
(গ) 33.3 সে.মি. (ঘ) 34 সে.মি.

▸▸ তথ্য/ব্যাখ্যা : রম্বসের ক্ষেত্রফল = কর্ণদ্বয়ের গুণফল = ভূমি × উচ্চতা
$\therefore$ 40 × 60 = ভূমি × উচ্চতা
বা, উচ্চতা = $\frac{2400}{80}$ = 30 সে.মি.।

৯৭. চিত্রে, AC এবং BD কর্ণদ্বয়, E বিন্দুতে ছেদ করেছে। তবে, Δ DEC এর ক্ষেত্রফল কত? (কঠিনমান)



(ক) $\frac{1}{4}$ (খ) $\frac{1}{2}$ (গ) $\frac{1}{\sqrt{2}}$ (ঘ) কোনটিই নয়

▸▸ তথ্য/ব্যাখ্যা : AC ও BD কর্ণদ্বয় পরস্পর সমদ্বিখণ্ডিত করে।
$\therefore$ Δ DEC = $\frac{1}{4}$ × আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = $\frac{1}{4} \times 1^2 = \frac{1}{4}$.

৯৮. একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য প্রস্থের দ্বিগুণ এবং ক্ষেত্রফল 512 বর্গমিটার হলে, পরিসীমা কত? (কঠিনমান)
(ক) 24 মিটার (খ) 48 মিটার
(গ) 96 মিটার (ঘ) 64 মিটার

▸▸ তথ্য/ব্যাখ্যা : শর্তানুযায়ী,



আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ
বা, 512 = x × 2x বা, $2x^2 = 512$
বা, $x^2 = 256 = (16)^2$
$\therefore$ x = 16
$\therefore$ দৈর্ঘ্য = 16 × 2 = 32
$\therefore$ পরিসীমা = 2(দৈর্ঘ্য + প্রস্থ) = 2(32 + 16) = 96 মিটার।

৯৯.



যদি উপরের ABCD আয়তক্ষেত্রের ক্ষেত্রফল 100 বর্গ একক হয়। তবে, EFGH এর ক্ষেত্রফল নিচের কোনটি? (মধ্যমান)
(ক) 98 (খ) 100
(গ) 102 (ঘ) 104

▸▸ তথ্য/ব্যাখ্যা : শর্তানুযায়ী, (x + 1)(x + 4) = 100
বা, $x^2 + 5x + 4 = 100$
বা, $x^2 + 5x - 96 = 0$
বা, $x^2 + 5x = 96$ .... (1)
আবার, EFGH এর ক্ষেত্রফল = $(x + 3)(x + 2) = x^2 + 5x + 6$ [(1) হতে]
= 96 + 6 = 102.

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

১০০. চিত্রটিতে— (কঠিনমান)



i. ∠OAB = 45°
ii. OA = $2\sqrt{2}$
iii. প্রতিসাম্য রেখা 2টি
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

১০১. ABCD একটি বর্গ যার—
i. প্রত্যেক কোণ সমকোণ
ii. 4টি প্রতিসাম্য রেখা আছে
iii. ক্ষেত্রফল $(\text{বাহু})^2$ বর্গ একক
নিচের কোনটি সঠিক? (মধ্যমান)
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১০২. বর্গের বাহুর দৈর্ঘ্য 4 মি. হলে—
i. ক্ষেত্রফল : পরিসীমা = 1 : 1
ii. ক্ষেত্রফল 18 বর্গমিটার
iii. পরিসীমা 16 মিটার
নিচের কোনটি সঠিক?
(ক) i ও iii (খ) ii ও iii (গ) i ও ii (ঘ) i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন

■ নিচের চিত্রের আলোকে ১০৩ ও ১০৪ নং প্রশ্নের উত্তর দাও :



চিত্রে ABCD একটি সামান্তরিক এবং কোণগুলো ডিগ্রিতে প্রকাশিত।

১০৩. x এর মান কত? (সহজমান)
(ক) 15 (খ) 30 (গ) 33 (ঘ) 41

▸▸ তথ্য/ব্যাখ্যা : 2x + 7 + 3x + 8 = 180°
বা, 5x + 15 = 180° বা, 5x = 165° বা, x = 33°.

১০৪. ABCD সামান্তরিকের ক্ষুদ্রতম কোণের মান কত? (মধ্যমান)
(ক) 66° (খ) 70° (গ) 73° (ঘ) 107°

■ নিচের তথ্যের আলোকে ১০৫ ও ১০৬ নং প্রশ্নের উত্তর দাও :
একটি আয়তক্ষেত্রের ক্ষেত্রফল 144 বর্গ সে.মি. এবং দৈর্ঘ্য 16 সে.মি.। আয়তক্ষেত্রের ক্ষেত্রফল বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের সমান।

১০৫. আয়তক্ষেত্রের পরিসীমা কত? (সহজমান)
(ক) 50 সে. মি. (খ) 48 সে. মি.
(গ) 36 সে. মি. (ঘ) 25 সে. মি.

▸▸ তথ্য/ব্যাখ্যা : এখানে, আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = 144 বর্গ সে.মি.
আয়তক্ষেত্রের দৈর্ঘ্য = 16 সে.মি.
$\therefore$ আয়তক্ষেত্রের প্রস্থ = $\frac{144}{16}$ সে.মি. = 9 সে.মি.
$\therefore$ আয়তক্ষেত্রের পরিসীমা
= 2 (দৈর্ঘ্য + প্রস্থ) = 2 (16 + 9) সে.মি. = 2 × 25 সে.মি.= 50 সে.মি.।

১০৬. বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য কত? (কঠিনমান)
(ক) 24 সে. মি. (খ) $24\sqrt{2}$ সে. মি.
(গ) $12\sqrt{2}$ সে. মি. (ঘ) 12 সে. মি.

▸▸ তথ্য/ব্যাখ্যা : এখানে, আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = বর্গ ক্ষেত্রের ক্ষেত্রফল
$\therefore$ বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = 144 বর্গ সে.মি.
$\therefore$ বর্গক্ষেত্রের বাহু, a = $\sqrt{144}$ = 12 সে.মি.
$\therefore$ বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য = $a\sqrt{2} = 12\sqrt{2}$ সে.মি.।

উত্তরের শুদ্ধতা/ নির্ভুলতা যাচাই করো

৯৫	ক	৯৬	ক	৯৭	ক	৯৮	গ	৯৯	গ	১০০	ক	১০১	ঘ	১০২	ক	১০৩	গ	১০৪	গ	১০৫	ক	১০৬	গ

www.abswer.com

www.abswer.com

সৃজনশীল অংশ CREATIVE SECTION

প্রিয় শিক্ষার্থী, সৃজনশীল অংশে তোমাদের সেরা প্রস্তুতির জন্য এসএসসি পরীক্ষার প্রশ্ন ও সমাধানের পাশাপাশি সেরা স্কুলের টেস্ট পরীক্ষার প্রশ্ন, মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত প্রশ্ন, অনুশীলনমূলক কাজ নির্ভর এবং সমন্বিত অধ্যায়ের প্রশ্ন ও সমাধান সংযোজন করা হয়েছে।

সকল বোর্ডের এসএসসি পরীক্ষার সৃজনশীল প্রশ্ন ও সমাধান — নতুন পাঠ্যবইয়ের আলোকে সমাধানকৃত

প্রশ্ন ১ ▸ ঢাকা বোর্ড ২০২০

একটি ত্রিভুজের তিনটি বাহুর অনুপাত 4 : 5 : 7 এবং পরিসীমা 64 সে. মি.। ত্রিভুজটির পরিসীমার সমান পরিসীমাবিশিষ্ট সামান্তরিকের সন্নিহিত বাহুদ্বয়ের একটির দৈর্ঘ্য 12 সে.মি. এবং একটি কর্ণের দৈর্ঘ্য 28সে.মি.।

ক. একটি ঘনকের পৃষ্ঠতলের ক্ষেত্রফল 600 বর্গ সে. মি.। এর বাহুর দৈর্ঘ্য নির্ণয় কর। ২

খ. ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

গ. সামান্তরিকের অপর কর্ণের দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

১নং প্রশ্নের সমাধান

ক মনে করি, ঘনকের বাহুর দৈর্ঘ্য a সে.মি.

∴ ঘনকের একটি পৃষ্ঠের ক্ষেত্রফল a^2 বর্গ সে.মি.

এবং সম্পূর্ণ পৃষ্ঠতলের ক্ষেত্রফল $6a^2$ বর্গ সে.মি.

এখন, ঘনকের সম্পূর্ণ পৃষ্ঠতলের ক্ষেত্রফল 600 বর্গ সে.মি.

প্রশ্নমতে, $6a^2 = 600$

বা, $a^2 = \frac{600}{6} = 100 = (10)^2$

∴ $a = 10$

∴ ঘনকটির বাহুর দৈর্ঘ্য 10 সে.মি.।

> লক্ষ করি : ঘনকের একটি পৃষ্ঠতলের ক্ষেত্রফল 600 বর্গ সে.মি বিবেচনা করলে—
> প্রশ্নমতে, $a^2 = 600$ বা, $a = \sqrt{600}$
> ∴ $a = 24.495$ সে.মি. (প্রায়)।
> এক্ষেত্রে, ঘনকটির বাহুর দৈর্ঘ্য 24.495 সে.মি. (প্রায়)।

খ দেওয়া আছে, একটি ত্রিভুজের তিনটি বাহুর অনুপাত 4:5:7

মনে করি, বাহু তিনটির দৈর্ঘ্য যথাক্রমে a = 4x সে.মি., b = 5x সে.মি. ও c = 7x সে.মি.

প্রশ্নমতে, $4x + 5x + 7x = 64$

বা, $16x = 64$

বা, $x = \frac{64}{16}$

∴ $x = 4$

∴ $a = 4 \times 4 = 16$ সে.মি.

$b = 5 \times 4 = 20$ সে.মি.

$c = 7 \times 4 = 28$ সে.মি.

ধরি, ত্রিভুজটির অর্ধপরিসীমা s

∴ $s = \frac{64}{2} = 32$

∴ ত্রিভুজটির ক্ষেত্রফল

$= \sqrt{s(s-a)(s-b)(s-c)}$ বর্গ একক

$= \sqrt{32(32-16)(32-20)(32-28)}$ বর্গ সে.মি.

$= \sqrt{32 \times 16 \times 12 \times 4}$ বর্গ সে.মি.

$= \sqrt{24576}$ বর্গ সে.মি. = 156.77 বর্গ সে.মি. (প্রায়)

নির্ণেয় ত্রিভুজটির ক্ষেত্রফল 156.77 বর্গ সে.মি. (প্রায়)।

গ দেওয়া আছে, ত্রিভুজটির পরিসীমা 64 সে.মি.

প্রশ্নানুসারে, সামান্তরিকের পরিসীমা = 64 সে.মি.



মনে করি, সামান্তরিকের একটি বাহুর দৈর্ঘ্য, AD = 12 সে.মি. এবং অপর বাহুর দৈর্ঘ্য, AB = x সে.মি.

∴ সামান্তরিক পরিসীমা = 2(AD + AB) সে.মি. = 2(12 + x) সে.মি.

প্রশ্নমতে, $2(12 + x) = 64$

বা, $12 + x = 32$

বা, $x = 32 - 12$

বা, $x = 20$

∴ AB = 20 সে.মি.

C ও D হতে AB এর উপর এবং AB এর বর্ধিতাংশের উপর যথাক্রমে CF ও DE লম্ব আঁকি। A, C যোগ কর।

ধরি, সামান্তরিকটির একটি কর্ণ BD = 28 সে.মি.।

Δ ABD এর অর্ধ-পরিসীমা s হলে,

$s = \frac{AB + BD + AD}{2} = \frac{20 + 28 + 12}{2} = \frac{60}{2} = 30$ সে.মি.

∴ Δ ABD এর ক্ষেত্রফল

$= \sqrt{s(s - AB)(s - BD)(s - AD)}$ বর্গ একক

$= \sqrt{30(30-20)(30-28)(30-12)}$ বর্গ সে.মি.

$= \sqrt{30 \times 10 \times 2 \times 18}$ বর্গ সে.মি.

$= \sqrt{10800}$ বর্গ সে.মি. = 103.923 বর্গ সে.মি. (প্রায়)

আবার, Δ ABD এর ক্ষেত্রফল $= \frac{1}{2} \times AB \times DE$

বা, $103.923 = \frac{1}{2} \times 20 \times DE$

বা, $103.923 = 10 \times DE$

বা, $DE = \frac{103.923}{10}$

∴ DE = 10.39 সে.মি. (প্রায়)

∴ CF = DE = 10.39 সে.মি. (প্রায়)

এখন, BCF সমকোণী ত্রিভুজে,

$BF^2 + CF^2 = BC^2$

বা, $BF^2 = BC^2 - CF^2$

বা, $BF = \sqrt{(12)^2 - (10.39)^2}$

∴ $BF = \sqrt{144 - 107.9521} = \sqrt{36.048} = 6$ সে.মি.

∴ AF = AB − BF = (20 − 6) সে.মি. = 14 সে.মি.

ACF সমকোণী ত্রিভুজের ক্ষেত্রে,

$AC^2 = AF^2 + CF^2$

বা, $AC^2 = (14)^2 + (10.39)^2 = 196 + 107.9521 = 303.9521$

বা, $AC = \sqrt{303.9521} = 17.43$ (প্রায়)

∴ অপর কর্ণের দৈর্ঘ্য 17.43 সে.মি. (প্রায়)।

www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ২ ▸ কুমিল্লা বোর্ড ২০২০



চিত্রে, ABCD একটি সামান্তরিক এবং AC এর ক্ষুদ্রতম কর্ণ।

ক. কোনো ত্রিভুজের দুই বাহুর দৈর্ঘ্য যথাক্রমে ৪ সে.মি. ও 9 সে.মি. এবং এদের অন্তর্ভুক্ত কোণ 45°, ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর। ২

খ. অপর কর্ণ BD এর দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

গ. উদ্দীপকে উল্লিখিত সামান্তরিকটির বৃহত্তম বাহুর দৈর্ঘ্য ও ক্ষুদ্রতম কর্ণের দৈর্ঘ্য যথাক্রমে অপর একটি রম্বসের বাহুর দৈর্ঘ্য ও ক্ষুদ্রতম কর্ণের দৈর্ঘ্যের সমান হলে রম্বসটির ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

২নং প্রশ্নের সমাধান

ক এখানে, ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য a = 8 সে.মি. এবং b = 9 সে.মি. তাদের অন্তর্ভুক্ত কোণ, θ = 45°

∴ ত্রিভুজটির ক্ষেত্রফল $= \frac{1}{2}ab\sin\theta$

$= \frac{1}{2} \times 8 \times 9 \times \sin 45°$ বর্গ সে.মি.

$= 36 \times \frac{1}{\sqrt{2}}$ বর্গ সে.মি. = 25.46 বর্গ সে.মি.।

নির্ণেয় ত্রিভুজটির ক্ষেত্রফল 25.46 বর্গ সে.মি. (প্রায়)।

খ এখানে, ABCD সামান্তরিকের বাহু, AB = a = 10 মি.
বাহু BC = b = 16 মি.
কর্ণ AC = c = 12 মি.



A ও D থেকে BC এর উপর এবং BC এর বর্ধিতাংশের উপর যথাক্রমে AE ও DF লম্ব টানি।

Δ ABC এর অর্ধপরিসীমা, $s = \frac{a+b+c}{2}$

$= \frac{10+16+12}{2}$ মি. = 19 মি.

∴ Δ ABC এর ক্ষেত্রফল $= \sqrt{s(s-a)(s-b)(s-c)}$

$= \sqrt{19(19-10)(19-16)(19-12)}$ বর্গ মি.

$= \sqrt{19 \times 9 \times 3 \times 7}$ বর্গ মি.

$= \sqrt{3591}$ বর্গ মি. = 59.925 বর্গ মি. (প্রায়)

আবার, Δ ক্ষেত্র ABC এর ক্ষেত্রফল $= \frac{1}{2} \times BC \times AE$

বা, $59.925 = \frac{1}{2} \times 16 \times AE$

বা, 8AE = 59.925

বা, $AE = \frac{59.925}{8}$

বা, AE = 7.491 মি. (প্রায়)

∴ AE = DF = 7.491 মি. (প্রায়)

এখন, Δ CDF সমকোণী বলে,

$CF^2 = CD^2 - DF^2$

$= AB^2 - AE^2 = (10)^2 - (7.491)^2 = 43.885$

∴ $CF = \sqrt{43.885} = 6.625$ মি. (প্রায়)

∴ BF = BC + CF

= 16 + 6.625 মি. = 22.625 মি.

এখন, BDF সমকোণী ত্রিভুজ থেকে পাই,

$BD^2 = BF^2 + DF^2$

বা, $BD^2 = (22.625)^2 + (7.491)^2 = 568.006$

বা, $BD = \sqrt{568.006} = 23.833$ মি. (প্রায়)

অতএব, অপর কর্ণ BD এর দৈর্ঘ্য 23.833 মি. (প্রায়)।

গ এখানে, সামান্তরিকটির বৃহত্তম বাহুর দৈর্ঘ্য, BC = 16 মি. এবং ক্ষুদ্রতম কর্ণের দৈর্ঘ্য, AC = 12 মি.



ধরি, PQRS রম্বসের বাহুর দৈর্ঘ্য PQ = QR = RS = PS = BC = 16 মি.।

ক্ষুদ্রতম কর্ণ PR = AC = 12 মি.

রম্বসটির কর্ণদ্বয় পরস্পরকে T বিন্দুতে সমকোণে সমদ্বিখণ্ডিত করে।

∴ $PT = TR = \frac{PR}{2} = \frac{12}{2}$ মি. = 6 মি.

∠PTQ = ∠QTR = ∠RTS = ∠PTS = 90°

এখন, PTQ সমকোণী ত্রিভুজ থেকে পাই,

$PT^2 + QT^2 = PQ^2$

বা, $QT^2 = PQ^2 - PT^2$

বা, $QT^2 = (16)^2 - (6)^2$

বা, $QT^2 = 220$

বা, $QT = \sqrt{220} = 14.832$ মি. (প্রায়)।

∴ অপর কর্ণ QS = 2QT

= 2 × 14.832 মি. = 29.664 মি. (প্রায়)

∴ রম্বসটির ক্ষেত্রফল $= \frac{1}{2} \times QS \times PR$

$= \frac{1}{2} \times 29.664 \times 12$ বর্গমি. (প্রায়)

= 177.984 বর্গমি. (প্রায়)

অতএব, রম্বসটির ক্ষেত্রফল 177.984 বর্গমি. (প্রায়)।

প্রশ্ন ৩ ▸ চট্টগ্রাম বোর্ড ২০২০



ক. Δ DCE এর ক্ষেত্রফল নির্ণয় কর। ২

খ. ABCD ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

গ. AECD ক্ষেত্রের বাইরে চতুর্দিকে 1.5 মিটার চওড়া একটি রাস্তা তৈরি করতে 25 × 12.5 বর্গ সে.মি. তলবিশিষ্ট ইটের সংখ্যা নির্ণয় কর। ৪

৩নং প্রশ্নের সমাধান

ক এখানে, AD = EC = 21 সে.মি.

CD = 13 সে.মি.

∠DCE = 90°

∴ DCE সমকোণী ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times EC \times CD$

$= \frac{1}{2} \times 21 \times 13$ বর্গ সে.মি.

= 136.5 বর্গ সে.মি.।

∴ Δ DCE এর ক্ষেত্রফল 136.5 বর্গ সে.মি. (প্রায়)।

www.abswer.com

www.abswer.com

খ এখানে, AD = EC = 21 সে.মি.
CD = AE = 13 সে.মি.
AB = 15 সে.মি.

∴ ABE সমকোণী ত্রিভুজ থেকে পাই, $AB^2 = AE^2 + BE^2$

বা, $BE^2 = AB^2 - AE^2$

বা, $BE^2 = (15)^2 - (13)^2$

বা, $BE^2 = 56$

বা, $BE = \sqrt{56} = 7.483$ (প্রায়)

∴ BC = BE + EC = 7.483 + 21 সে.মি. = 28.483 সে.মি.

∴ ABCD ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল $= \frac{1}{2}(BC + AD) \times AE$

$= \frac{1}{2}(28.483 + 21) \times 13$ বর্গ সে.মি.

$= \frac{1}{2} \times 49.483 \times 13$ বর্গ সে.মি.

$= 321.64$ বর্গ সে.মি. (প্রায়)।

নির্ণেয় ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল 321.64 বর্গ সে.মি. (প্রায়)।

গ AECD ক্ষেত্রের রাস্তা বাদে দৈর্ঘ্য 21 সে.মি. এবং প্রস্থ 13 সে.মি.।

∴ রাস্তা বাদে ক্ষেত্রফল = (21 × 13) বর্গ সে.মি. = 273 বর্গ সে.মি.

রাস্তাটি চওড়া = 1.5 মিটার = (1.5 × 100) সে.মি. = 150 সে.মি.

রাস্তাসহ দৈর্ঘ্য = {21 + (150 × 2)} সে.মি. = 321 সে.মি.

রাস্তাসহ প্রস্থ = {13 + (150 × 2)} সে.মি. = 313 সে.মি.

∴ রাস্তাসহ ক্ষেত্রফল = (321 × 313) বর্গ সে.মি.
= 100473 বর্গ সে.মি.

∴ রাস্তার ক্ষেত্রফল = (100473 – 273) বর্গ সে.মি.
= 100200 বর্গ সে.মি.

প্রতিটি ইটের তলার ক্ষেত্রফল = (25 × 12.5) বর্গ সে.মি.
= 312.5 বর্গ সে.মি.

∴ প্রয়োজনীয় ইটের সংখ্যা $= \frac{100200}{312.5}$ টি = 320.64 টি ≈ 321টি।

নির্ণেয় ইটের সংখ্যা 321 টি (প্রায়)।

প্রশ্ন ৪ ▸ দিনাজপুর বোর্ড ২০২০

একটি ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্য যথাক্রমে 54 সে.মি. এবং 84 সে.মি.। একটি লোহার পাইপের ভিতরের ও বাইরের ব্যাস যথাক্রমে 12 সে.মি. এবং 15 সে.মি. ও পাইপের উচ্চতা 6 মিটার।

ক. 20 সে.মি. ব্যাসবিশিষ্ট বৃত্তের ক্ষেত্রফল নির্ণয় কর। ২

খ. এক ঘন সে.মি. লোহার ওজন 7.2 গ্রাম হলে পাইপের লোহার ওজন নির্ণয় কর। ৪

গ. ট্রাপিজিয়ামের অপর বাহুদ্বয়ের দৈর্ঘ্য যথাক্রমে 12 সে.মি. ও 18 সে.মি. হলে ট্রাপিজিয়ামটির ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

৪নং প্রশ্নের সমাধান

ক এখানে, বৃত্তের ব্যাস, d = 20 সে.মি.

∴ বৃত্তের ব্যাসার্ধ, $r = \frac{d}{2} = \frac{20}{2}$ সে.মি. = 10 সে.মি.

∴ বৃত্তের ক্ষেত্রফল $= \pi r^2$

$= 3.1416 \times (10)^2$ বর্গ সে.মি.

= 314.16 বর্গ সে.মি. (প্রায়)

নির্ণেয় বৃত্তের ক্ষেত্রফল 314.16 বর্গ সে.মি. (প্রায়)।

খ এখানে,
পাইপের ভিতরের ব্যাস 12 সে.মি.

∴ পাইপের ভিতরের ব্যাসার্ধ, $r_1 = \frac{12}{2} = 6$ সে.মি.

পাইপের বাইরের ব্যাস 15 সে.মি.

∴ পাইপের বাইরের ব্যাসার্ধ, $r_2 = \frac{15}{2} = 7.5$ সে.মি.

পাইপের উচ্চতা h = 6 মিটার = (6 × 100) সে.মি.
= 600 সে.মি.

∴ পাইপের লোহার আয়তন $= \pi r_2^2 h - \pi r_1^2 h$

$= \pi h(r_2^2 - r_1^2)$

$= 600\pi\{(7.5)^2 - 6^2\}$ ঘন সে.মি.

$= 600\pi(56.25 - 36)$ "

$= 600 \times 3.1416 \times 20.25$ "

= 38170.44 ঘন সে.মি. (প্রায়)

এখন, 1 ঘন সে.মি. লোহার ওজন 7.2 গ্রাম

∴ 38170.44 " " " = (38170.44 × 7.2) গ্রাম

= 274827.168 গ্রাম

$= \frac{274827.168}{1000}$ কিলোগ্রাম

= 274.827 কিলোগ্রাম (প্রায়)

অতএব, পাইপের লোহার ওজন 274.827 কিলোগ্রাম (প্রায়)।

গ মনে করি, ABCD ট্রাপিজিয়ামের AB = 84 সে.মি., CD = 54 সে.মি.। C ও D থেকে AB এর উপর যথাক্রমে DE ও CF লম্ব টানি।



∴ CDEF একটি আয়তক্ষেত্র।

∴ EF = CD = 54 সে.মি.।

ধরি, AE = x এবং DE = CF = h

∴ BF = AB – AF = 84 – (AE + EF)
= 84 – (x + 54)
= 30 – x

ADE সমকোণী ত্রিভুজে,
$AE^2 + DE^2 = AD^2$

বা, $x^2 + h^2 = (12)^2$

∴ $x^2 + h^2 = 144$ .... (1)

আবার, BCF সমকোণী ত্রিভুজে,
$BF^2 + CF^2 = BC^2$

বা, $(30 - x)^2 + h^2 = (18)^2$

বা, $900 - 60x + x^2 + h^2 = 324$

বা, $900 - 60x + 144 = 324$ [(1) হতে]

বা, $1044 - 324 = 60x$

বা, $60x = 720$

বা, $x = \frac{720}{60}$

∴ x = 12

(1) নং এ x-এর মান বসিয়ে পাই,
$(12)^2 + h^2 = 144$

বা, $144 + h^2 = 144$

বা, $h^2 = 144 - 144$

বা, $h^2 = 0$

∴ h = 0

∴ ABCD ট্রাপিজিয়ামটির ক্ষেত্রফল

$= \frac{1}{2}(AB + CD) \cdot h$ বর্গ একক

$= \frac{1}{2}(84 + 54) \times 0$ বর্গ সে.মি. = 0 বর্গ সে.মি.

> লক্ষ করি : এখানে, ট্রাপিজিয়ামটির ক্ষেত্রফল শূন্য বের হয়েছে যা সঠিক নয়। কারণ, কোনো ক্ষেত্রের ক্ষেত্রফল শূন্য হতে পারে না। তাই এই প্রশ্নে প্রদত্ত তথ্যসমূহ সামঞ্জস্যপূর্ণ নয়।

www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ৫ ▸ ঢাকা বোর্ড ২০১৯

একটি আয়তক্ষেত্রের ক্ষেত্রফল 540 বর্গসেমি। এর দৈর্ঘ্য 7 সে.মি. কম হলে এটি একটি বর্গক্ষেত্র হয়। আয়তক্ষেত্রটির ক্ষেত্রফলের সমান ক্ষেত্রফলবিশিষ্ট একটি সমদ্বিবাহু ত্রিভুজের ভূমির দৈর্ঘ্য 36 সে.মি.।

ক. একটি চাকা 200π সে.মি. পথ যেতে 10 বার ঘুরলে, চাকাটির ব্যাসার্ধ নির্ণয় কর। ২

খ. আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

গ. ত্রিভুজটির পরিসীমা নির্ণয় কর। ৪

৫নং প্রশ্নের সমাধান

ক মনে করি, চাকাটির ব্যাসার্ধ r সে.মি.

∴ চাকাটির পরিধি $= 2\pi r$

চাকাটি 10 বার ঘুরে অতিক্রম করে 200π সে. মি.

∴ চাকাটি 1 বার ঘুরে অতিক্রম করে $= \frac{200\pi}{10}$ সে.মি.

$= 20\pi$ সে.মি.

আমরা জানি,

বৃত্তাকার চাকা একবার ঘুরে পরিধির সমান দূরত্ব অতিক্রম করে।

∴ $2\pi r = 20\pi$

বা, $r = \frac{20\pi}{2\pi} = 10$

নির্ণেয় চাকাটির ব্যাসার্ধ 10 সে.মি.।

খ মনে করি, আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য x সে.মি.

এবং আয়তক্ষেত্রটির প্রস্থ y সে.মি.

∴ আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল xy বর্গ সে.মি.

১ম শর্তমতে, $xy = 540$ .... (1)

আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য 7 সে.মি. কম হলে এর দৈর্ঘ্য হতো $(x - 7)$ সে.মি. এবং প্রস্থ y সে.মি.।

২য় শর্তমতে, $x - 7 = y$ .... (2)

(1)নং এ $y = x - 7$ বসিয়ে পাই,

$x(x - 7) = 540$

বা, $x^2 - 7x = 540$

বা, $x^2 - 7x - 540 = 0$

বা, $x^2 - 27x + 20x - 540 = 0$

বা, $x(x - 27) + 20(x - 27) = 0$

বা, $(x - 27)(x + 20) = 0$

হয়, $x - 27 = 0$ অথবা, $x + 20 = 0$

বা, $x = 27$ বা, $x = -20$; যা গ্রহণযোগ্য নয়, কারণ দৈর্ঘ্য ঋণাত্মক হতে পারে না।

নির্ণেয় আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য 27 সে. মি.।

গ দেওয়া আছে, আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল 540 বর্গ সে.মি.

এখানে, সমদ্বিবাহু ত্রিভুজের ক্ষেত্রফল = আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল

= 540 বর্গ সে.মি.

মনে করি, সমদ্বিবাহু ত্রিভুজের সমান সমান বাহুর দৈর্ঘ্য a সে.মি. এবং ভূমির দৈর্ঘ্য $b = 36$ সে.মি.।

∴ সমদ্বিবাহু ত্রিভুজটির ক্ষেত্রফল $= \frac{b}{4}\sqrt{4a^2 - b^2}$

প্রশ্নমতে, $\frac{b}{4}\sqrt{4a^2 - b^2} = 540$

বা, $\frac{36}{4}\sqrt{4a^2 - (36)^2} = 540$

বা, $9\sqrt{4a^2 - 1296} = 540$

বা, $\sqrt{4a^2 - 1296} = \frac{540}{9}$

বা, $\sqrt{4a^2 - 1296} = 60$

বা, $(\sqrt{4a^2 - 1296})^2 = (60)^2$ [বর্গ করে]

বা, $4a^2 - 1296 = 3600$

বা, $4a^2 = 3600 + 1296 = 4896$

বা, $a^2 = \frac{4896}{4} = 1224$

বা, $a = \sqrt{1224}$

∴ $a = 6\sqrt{34}$

∴ ত্রিভুজটির সমান বাহুর দৈর্ঘ্য, $a = 6\sqrt{34}$ সে.মি.

∴ ত্রিভুজটির পরিসীমা $= 2a + b$

$= (2 \times 6\sqrt{34} + 36)$ সে.মি.

$= (12\sqrt{34} + 36)$ সে.মি.

$= (69.9714 + 36)$ সে.মি.

$= 105.971$ সে.মি. (প্রায়)

নির্ণেয় ত্রিভুজটির পরিসীমা 105.971 সে.মি. (প্রায়)।

প্রশ্ন ৬ ▸ রাজশাহী বোর্ড ২০১৯

একটি ত্রিভুজের তিনটি বাহুর অনুপাত 4 : 5 : 7 এবং পরিসীমা 64 সে.মি.। ত্রিভুজটির পরিসীমার সমান পরিসীমাবিশিষ্ট সামান্তরিকের সন্নিহিত বাহুদ্বয়ের একটির দৈর্ঘ্য 12 সে.মি. এবং একটি কর্ণের দৈর্ঘ্য 28 সে.মি.।

ক. বেলনাকার দণ্ডের ভূমির ব্যাসার্ধ 6 সে.মি. ও আয়তন 180π ঘন সে.মি. হলে, এর উচ্চতা নির্ণয় কর। ২

খ. ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

গ. সামান্তরিকটির অপর কর্ণের দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

৬নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, বেলনাকার দণ্ডের ভূমির ব্যাসার্ধ, $r = 6$ সে.মি.

ধরি, দণ্ডটির উচ্চতা = h সে.মি.

∴ দণ্ডটির আয়তন $= \pi r^2 h$ ঘন সে.মি.

প্রশ্নমতে, $\pi r^2 h = 180\pi$

বা, $h = \frac{180\pi}{\pi r^2} = \frac{180}{6^2} = \frac{180}{36} = 5$

∴ বেলনাকার দণ্ডের উচ্চতা 5 সে.মি.।

খ সৃজনশীল প্রশ্ন ১(খ) নং সমাধান দ্রষ্টব্য।

গ সৃজনশীল প্রশ্ন ১(গ) নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ৭ ▸ কুমিল্লা বোর্ড ২০১৯



চিত্রে, AB = 9 মিটার, BC = 16 মিটার।

ক. OB এর দৈর্ঘ্য নির্ণয় কর। ২

খ. ABCD এর ক্ষেত্রফলের সমান ক্ষেত্রফলবিশিষ্ট কোনো বর্গের বাইরে চারদিকে 2 মিটার চওড়া একটি রাস্তা আছে। রাস্তাটির ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

গ. ABCD এর পরিসীমার $\frac{3}{5}$ অংশ কোনো সমবাহু ত্রিভুজের পরিসীমা হলে ত্রিভুজটির মধ্যমার দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

www.abswer.com

www.abswer.com

৭নং প্রশ্নের সমাধান

ক চিত্রে দেওয়া আছে, AB = 9 মিটার



$\therefore$ CD = AB = 9 মিটার

এবং BC = 16 মিটার।

$\therefore$ AD = BC = 16 মিটার

$AB \perp BC$ $\therefore$ ABCD একটি আয়তক্ষেত্র।

এখন, BCD সমকোণী ত্রিভুজে,

$BD^2 = BC^2 + CD^2$

বা, $BD^2 = 16^2 + 9^2$

বা, $BD^2 = 256 + 81 = 337$

বা, $BD = \sqrt{337}$

$\therefore$ BD = 18.36

যেহেতু ABCD একটি আয়ত। সেহেতু এর কর্ণদ্বয় পরস্পরকে সমদ্বিখণ্ডিত করে।

$\therefore OB = \frac{BD}{2} = \frac{18.36}{2} = 9.18$ মিটার।

নির্ণেয় OB এর দৈর্ঘ্য 9.18 মিটার।

খ চিত্রে দেওয়া আছে, AB = 9 মিটার এবং BC = 16 মিটার

$\therefore$ ABCD আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = AB × BC বর্গ একক

= (9 × 16) বর্গমিটার

= 144 বর্গমিটার

প্রশ্নানুসারে,বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = 144 বর্গমিটার

$\therefore$ বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য = $\sqrt{144}$ মিটার = 12 মিটার

এখন, রাস্তাসহ বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য = (12 + 2 × 2) মিটার

= (12 + 4) মিটার

= 16 মিটার

$\therefore$ রাস্তাসহ বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = $(16)^2$ বর্গমিটার

= 256 বর্গমিটার

$\therefore$ রাস্তাটির ক্ষেত্রফল = (256 − 144) বর্গমিটার

= 112 বর্গমিটার

নির্ণেয় রাস্তাটির ক্ষেত্রফল 112 বর্গমিটার।

গ চিত্রে, দেওয়া আছে, AB = 9 মিটার এবং BC = 16 মিটার

$\therefore$ ABCD আয়তক্ষেত্রের পরিসীমা = 2(AB + BC)

= 2(9 + 16) মিটার

= (2 × 25 মিটার)

= 50 মিটার

$\therefore$ সমবাহু ত্রিভুজের পরিসীমা = ABCD এর পরিসীমার $\frac{3}{5}$ অংশ

= $50 \times \frac{3}{5}$ মিটার

= 30 মিটার

$\therefore$ সমবাহু ত্রিভুজের এক বাহুর দৈর্ঘ্য, $a = \frac{30}{3}$ মিটার = 10 মিটার

সমবাহু ত্রিভুজের মধ্যমা = $\frac{\sqrt{3}a}{2}$ একক

= $\frac{\sqrt{3} \times 10}{2}$ মিটার

= $5\sqrt{3}$ মিটার

= 8.66 মিটার (প্রায়)

নির্ণেয় ত্রিভুজটির মধ্যমার দৈর্ঘ্য 8.66 মিটার (প্রায়)।

প্রশ্ন ৮ ▸ সকল বোর্ড ২০১৮

একটি বর্গক্ষেত্রের পরিসীমা একটি আয়তক্ষেত্রের পরিসীমার সমান। আয়তক্ষেত্রের দৈর্ঘ্য, প্রস্থের তিন গুণ এবং ক্ষেত্রফল 972 বর্গমিটার। আয়তক্ষেত্রের বাহিরের চতুর্দিকে $\frac{3}{2}$ মিটার চওড়া একটি রাস্তা আছে।

ক. x চলকের মাধ্যমে আয়তক্ষেত্রের পরিসীমা প্রকাশ কর। ২

খ. বর্গক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

গ. 0·25 × 0·125 বর্গমিটার তলবিশিষ্ট প্রতিটি ইটের মূল্য 15 টাকা হলে, ইট দ্বারা রাস্তাটি বাঁধাই করতে কত টাকা খরচ হবে তা নির্ণয় কর। ৪

৮নং প্রশ্নের সমাধান

ক মনে করি, আয়তক্ষেত্রের প্রস্থ x মিটার

$\therefore$ আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 3x মিটার

আয়তক্ষেত্রের পরিসীমা = 2(দৈর্ঘ্য + প্রস্থ) একক

= 2(3x + x) মিটার = 8x মিটার

$\therefore$ আয়তক্ষেত্রের প্রস্থ x মিটার হলে পরিসীমা 8x মিটার।

খ ক- থেকে পাই, আয়তক্ষেত্রের প্রস্থ x মিটার হলে,

আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 3x মিটার

আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = (দৈর্ঘ্য × প্রস্থ) বর্গ একক

= 3x × x বর্গমিটার = $3x^2$ বর্গমিটার

প্রশ্নমতে, $3x^2 = 972$

বা, $x^2 = \frac{972}{3} = 324$

বা, $x = \sqrt{324} = 18$

$\therefore$ আয়তক্ষেত্রের পরিসীমা = 8x মিটার

= (8 × 18) মিটার = 144 মিটার

শর্তানুসারে, বর্গক্ষেত্রের পরিসীমা =144 মিটার

$\therefore$ বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য = (144 ÷ 4) মিটার

= 36 মিটার

$\therefore$ বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = $(36)^2$ বর্গমিটার

= 1296 বর্গমিটার

$\therefore$ বর্গক্ষেত্রের ক্ষেত্রফল 1296 বর্গমিটার।

গ 'খ' থেকে পাই, প্রস্থ = x = 18 মিটার

$\therefore$ আয়তক্ষেত্রের দৈর্ঘ্য = (3 × 18) মিটার = 54 মিটার

রাস্তাসহ আয়তক্ষেত্রের দৈর্ঘ্য = $(54 + 2 \times \frac{3}{2})$ মিটার

= (54 + 3) মিটার = 57 মিটার

রাস্তাসহ আয়তক্ষেত্রের প্রস্থ = $(18 + 2 \times \frac{3}{2})$ মিটার

= (18 + 3) মিটার = 21 মিটার

রাস্তাসহ আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = (57 × 21) বর্গমিটার

= 1197 বর্গমিটার

দেওয়া আছে, আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = 972 বর্গমিটার

$\therefore$ রাস্তার ক্ষেত্রফল = (1197 − 972) বর্গমিটার = 225 বর্গমিটার

প্রতিটি ইটের তলার ক্ষেত্রফল = (0·25 × 0·125) বর্গমিটার

= 0·03125 বর্গমিটার

সুতরাং রাস্তাটি বাঁধাই করতে ইট লাগবে = (225 ÷ 0·03125) টি

= 7200টি

প্রতিটি ইটের মূল্য 15 টাকা হলে, রাস্তাটি বাঁধাই করতে খরচ হবে মোট (7200 × 15) টাকা = 108000 টাকা।

$\therefore$ রাস্তাটি বাঁধাই করতে খরচ হবে 108000 টাকা।

www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ৯ ▸ রাজশাহী বোর্ড ২০১৭

একটি ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহু দুইটির দৈর্ঘ্য যথাক্রমে 61 সে.মি. ও 41 সে.মি. এবং অপর বাহু দুইটির দৈর্ঘ্য 25 সে.মি. ও 15 সে.মি.।

ক. উপরের তথ্যের আলোকে চিত্র অঙ্কন করে ট্রাপিজিয়ামের পরিসীমা নির্ণয় কর। ২

খ. ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহুদ্বয়কে আয়তক্ষেত্রের সন্নিহিত বাহু ধরে আয়তক্ষেত্রের ক্ষেত্রফল এবং কর্ণদ্বয়ের দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

গ. ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

৯নং প্রশ্নের সমাধান

ক



চিত্রে ABCD ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহুদ্বয় AB = 61 সে.মি. ও CD = 41 সে.মি. এবং অপর বাহুদ্বয় BC = 25 সে. মি. ও AD = 15 সে.মি.।

ABCD ট্রাপিজিয়ামের পরিসীমা = AB + BC + CD + AD

= (61 + 25 + 41 + 15) সে.মি.

= 142 সে.মি.

∴ ট্রাপিজিয়ামের পরিসীমা 142 সে.মি.।

খ এখানে, ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহুদ্বয় যথাক্রমে 61 সে.মি. ও 41 সে.মি.। ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহুদ্বয়কে আয়তক্ষেত্রের সন্নিহিত বাহু ধরে,

আয়তক্ষেত্রের দৈর্ঘ্য = 61 সে.মি. এবং প্রস্থ = 41 সে.মি.

∴ আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ

= (61×41) বর্গ সে.মি.

= 2501 বর্গ সে.মি.

আয়তক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য = $\sqrt{(\text{দৈর্ঘ্য})^2 + (\text{প্রস্থ})^2}$ একক

= $\sqrt{(61)^2 + (41)^2}$ সে.মি.

= $\sqrt{3721+1681}$ সে.মি.

= $\sqrt{5402}$ সে.মি.

= 73.498 সে.মি. (প্রায়)

যেহেতু আয়তক্ষেত্রের কর্ণদ্বয়ের দৈর্ঘ্য সমান।

সেহেতু আয়তক্ষেত্রটির প্রত্যেক কর্ণের দৈর্ঘ্য 73.498 সে. মি. (প্রায়)

অর্থাৎ, আয়তক্ষেত্রটির কর্ণদ্বয়ের দৈর্ঘ্য 73.498 সে. মি. (প্রায়)।

∴ আয়তক্ষেত্রের ক্ষেত্রফল 2501 বর্গ সে.মি.

এবং কর্ণদ্বয়ের দৈর্ঘ্য 73.498 সে. মি. (প্রায়)।

গ



এখানে, ABCD ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহুদ্বয় AB = 61 সে. মি. ও CD = 41 সে.মি. এবং অপর বাহুদ্বয় BC = 25 সে.মি. ও AD = 15 সে.মি.।

D ও C হতে AB এর উপর যথাক্রমে DE ও CF লম্ব আঁকি।

∴ CDEF একটি আয়তক্ষেত্র।

∴ EF = CD = 41 সে.মি.।

ধরি, AE = x এবং DE = CF = h

BF = AB − AF

= 61 − (AE + EF)

= 61 − (x + 41) = 61 − x − 41 = 20 − x

ADE সমকোণী ত্রিভুজে,

$AE^2 + DE^2 = AD^2$

বা, $x^2 + h^2 = (15)^2$

বা, $x^2 + h^2 = 225$ .... (1)

BCF সমকোণী ত্রিভুজে,

$BF^2 + CF^2 = BC^2$

বা, $(20 - x)^2 + h^2 = (25)^2$

বা, $(20)^2 - 2.20.x + x^2 + h^2 = 625$

বা, $400 - 40x + (x^2 + h^2) = 625$

বা, $400 - 40x + 225 = 625$ [(1)নং হতে মান বসিয়ে]

বা, $625 - 40x = 625$

বা, $40x = 625 - 625$

বা, $40x = 0$

বা, $x = \frac{0}{40} = 0$

(1) নং এ x এর মান বসিয়ে পাই,

$0^2 + h^2 = 225$

বা, $h^2 = 225$

বা, $h = \sqrt{225} = 15$

∴ CF = 15

ABCD ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল = $\frac{1}{2} \times (AB + CD) \times CF$

= $\frac{1}{2} \times (61 + 41) \times 15$ বর্গ সে.মি.

= $\frac{1}{2} \times 102 \times 15$ বর্গ সে.মি.

= 765 বর্গ সে.মি.

∴ ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল 765 বর্গ সে.মি.।

প্রশ্ন ১০ ▸ যশোর বোর্ড ২০১৭

ABCD একটি সামান্তরিকের দুই বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 12 সে.মি. এবং 8 সে.মি.। এর ক্ষুদ্রতম কর্ণের দৈর্ঘ্য 10 সে.মি.।

ক. সংক্ষিপ্ত বর্ণনাসহ চিত্রটি আঁক। ২

খ. সামান্তরিকের উচ্চতা নির্ণয় কর। ৪

গ. উদ্দীপকের উপাত্ত অনুসারে সামান্তরিকের অপর কর্ণ এবং ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

১০নং প্রশ্নের সমাধান

ক চিত্রে, ABCD একটি সামান্তরিক। এর বাহু AB = 12 সে.মি. ও AD = 8 সে. মি. এবং ক্ষুদ্রতম কর্ণের দৈর্ঘ্য BD = 10 সে.মি.।



খ এখানে, ABCD সামান্তরিকের AB = a = 12 সে.মি., AD = BC = c = 8 সে.মি. এবং কর্ণ BD = b = 10 সে.মি.। D ও C হতে AB এর উপর এবং AB এর বর্ধিতাংশের উপর DF ও CE লম্ব টানি। A, C ও B, D যোগ করি।



www.abswer.com

www.abswer.com

∴ Δ ABD এর অর্ধ পরিসীমা, $s = \frac{a+b+c}{2}$

$= \frac{12+10+8}{2}$ সে.মি.

$= 15$ সে.মি.

∴ ΔABD এর ক্ষেত্রফল $= \sqrt{s(s-a)(s-b)(s-c)}$

$= \sqrt{15(15-12)(15-10)(15-8)}$

$= \sqrt{15 \times 3 \times 5 \times 7}$ বর্গ সে.মি.

$= \sqrt{1575}$ বর্গ সে.মি.

$= 39.686$ বর্গ সে.মি.

আবার, Δ ABD এর ক্ষেত্রফল $= \frac{1}{2} \times AB \times DF$

বা, $39.686 = \frac{1}{2} \times 12 \times DF$

বা, $6\,DF = 39.686$

বা, $DF = \frac{39.686}{6} = 6.61$ (প্রায়)

∴ সামান্তরিকের উচ্চতা 6.61 সে.মি. (প্রায়)।

গ 'খ' হতে প্রাপ্ত, সামান্তরিকের উচ্চতা, $DF = CE = 6.61$সে.মি. (প্রায়)

এখন, Δ BCE সমকোণী ত্রিভুজ থেকে পাই,

$BE^2 = BC^2 - CE^2 = 8^2 - (6.61)^2 = 20.31$

$BE = \sqrt{20.31} = 4.5$ সে.মি. (প্রায়)

অতএব, $AE = AB + BE = 12$ সে.মি. $+ 4.5$ সে.মি. $= 16.5$ সে.মি.

Δ ACE সমকোণী ত্রিভুজ থেকে পাই,

$AC^2 = AE^2 + CE^2$

$= (16.5)^2 + (6.61)^2 = 315.94$

∴ $AC = \sqrt{315.94} = 17.77$ সে.মি.

সামান্তরিকের অপর কর্ণ, $AC = 17.77$ সে.মি.

∴ ABCD সামান্তরিকের ক্ষেত্রফল $= AB \times DF$

$= 12 \times 6.61$ বর্গ সে.মি.

$= 79.32$ বর্গ সে.মি.

∴ সামান্তরিকের অপর কর্ণ 17.77 সে. মি. এবং ক্ষেত্রফল 79.32 বর্গ সে.মি. (প্রায়)।

প্রশ্ন ১১ ▶ বরিশাল বোর্ড ২০১৭

8 মিটার ও 12 মিটার বাহুবিশিষ্ট একটি সামান্তরিকের ক্ষুদ্রতম কর্ণের দৈর্ঘ্য 10 মিটার।

ক. সংক্ষিপ্ত বিবরণসহ চিত্রটি আঁক। ২

খ. অপর কর্ণের দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

গ. সামান্তরিকটির ক্ষেত্রফল একটি বর্গের ক্ষেত্রফলের সমান হলে বর্গটির বাহুর দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

১১নং প্রশ্নের সমাধান

ক চিত্রে ABCD একটি সামান্তরিক। এর সন্নিহিত বাহু AB = 12 মিটার ও AD = 8 মিটার এবং ক্ষুদ্রতম কর্ণের দৈর্ঘ্য BD = 10 মিটার।



খ এখানে, ABCD সামান্তরিকের $AB = a = 12$ মিটার, $AD = c = 8$ মিটার এবং কর্ণ $BD = b = 10$ মিটার। D ও C থেকে AB এর উপর এবং AB এর বর্ধিতাংশের উপর DF ও CE লম্ব টানি। A, C যোগ করি।

Δ ABD এর অর্ধ-পরিসীমা, $s = \frac{a+b+c}{2}$

$= \frac{12+10+8}{2}$ মিটার

$= \frac{30}{2}$ মিটার $= 15$ মিটার



∴ Δ ক্ষেত্র ABD এর ক্ষেত্রফল $= \sqrt{s(s-a)(s-b)(s-c)}$

$= \sqrt{15(15-12)(15-10)(15-8)}$ বর্গমিটার

$= \sqrt{15 \times 3 \times 5 \times 7}$ বর্গমিটার

$= \sqrt{1575}$ বর্গমিটার

$= 39.68$ বর্গমিটার (প্রায়)

আবার, Δ ক্ষেত্র ABD এর ক্ষেত্রফল $= \frac{1}{2} AB \times DF$

বা, $39.68 = \frac{1}{2} \times 12 \times DF$

বা, $6DF = 39.68$

∴ $DF = \frac{39.68}{6} = 6.61$ (প্রায়)

∴ $CE = DF = 6.61$ মিটার (প্রায়)

এখন, ΔBCE সমকোণী বলে,

$BE^2 = BC^2 - CE^2 = AD^2 - DF^2 = 8^2 - (6.61)^2 = 20.31$

∴ $BE = \sqrt{20.31} = 4.5$ (প্রায়)

অতএব, $AE = AB + BE = 12 + 4.5 = 16.5$

ACE সমকোণী ত্রিভুজ থেকে পাই,

$AC^2 = AE^2 + CE^2 = (16.5)^2 + (6.61)^2 = 315.94$

∴ $AC = \sqrt{315.94} = 17.77$ (প্রায়)

নির্ণেয় কর্ণের দৈর্ঘ্য 17.77 মিটার (প্রায়)।

গ ABCD সামান্তরিকে AB = 12 মিটার

'খ' হতে প্রাপ্ত, DF = 6.61 মিটার (প্রায়)

ABCD সামান্তরিকের ক্ষেত্রফল $= AB \times DF$

$= 12 \times 6.61$ বর্গমিটার

$= 79.32$ বর্গমিটার

মনে করি, বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য a মিটার

বর্গক্ষেত্রের ক্ষেত্রফল $= a^2$ বর্গমিটার

প্রশ্নমতে, $a^2 = 79.32$

বা, $a = \sqrt{79.32} = 8.906$ (প্রায়)

∴ বর্গটির বাহুর দৈর্ঘ্য 8.906 মিটার (প্রায়)।

প্রশ্ন ১২ ▶ দিনাজপুর বোর্ড ২০১৭

একটি বাগানের দৈর্ঘ্য 80 মিটার এবং প্রস্থ 60 মিটার। বাগানটির ভিতরে সমান পাড়বিশিষ্ট একটি পুকুর খনন করা হলো।

ক. বাগানের পরিসীমা ও ক্ষেত্রফল নির্ণয় কর। ২

খ. যদি পুকুর পাড়ের ক্ষেত্রফল 804 বর্গমিটার হয়, তবে পুকুরের দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় কর। ৪

গ. পুকুরের গভীরতা 2.75 মিটার হলে, প্রতি ঘনমিটার মাটি খনন করতে 325 টাকা হিসাবে ঐ পুকুরটির মাটি খনন করতে কত টাকা লাগবে? ৪

www.abswer.com

www.abswer.com

১২নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, বাগানের দৈর্ঘ্য = 80 মিটার
এবং বাগানের প্রস্থ = 60 মিটার
∴ বাগানের পরিসীমা = 2(দৈর্ঘ্য + প্রস্থ) একক
= $2 \times (80 + 60)$ মিটার
= 2×140 মিটার = 280 মিটার
বাগানের ক্ষেত্রফল = (দৈর্ঘ্য × প্রস্থ) বর্গ একক
= (80×60) বর্গমিটার= 4800 বর্গমিটার
∴ বাগানের পরিসীমা 280 মিটার এবং ক্ষেত্রফল 4800 বর্গমিটার।

খ ক-হতে প্রাপ্ত, বাগানের ক্ষেত্রফল 4800 বর্গমিটার
মনে করি, পুকুর পাড়ের বিস্তার = x মিটার
পাড়বাদে পুকুরের দৈর্ঘ্য = $(80 - 2x)$ মিটার
পাড়বাদে পুকুরের প্রস্থ = $(60 - 2x)$ মিটার
এবং ক্ষেত্রফল = $(80 - 2x)(60 - 2x)$ বর্গমিটার
শর্তমতে, $4800 - (80 - 2x)(60 - 2x) = 804$
বা, $4800 - (4800 - 160x - 120x + 4x^2) = 804$
বা, $4800 - (4800 - 280x + 4x^2) = 804$
বা, $4800 - 4800 + 280x - 4x^2 = 804$
বা, $280x - 4x^2 = 804$
বা, $4x^2 - 280x + 804 = 0$
বা, $4(x^2 - 70x + 201) = 0$
বা, $x^2 - 70x + 201 = 0$
বা, $x^2 - 3x - 67x + 201 = 0$
বা, $x(x - 3) - 67(x - 3) = 0$
বা, $(x - 3)(x - 67) = 0$
হয়, $x - 3 = 0$ অথবা, $x - 67 = 0$
বা, $x = 3$ বা, $x = 67$ [যা গ্রহণযোগ্য নয়]
∴ পুকুর পাড়ের বিস্তার = 3 মিটার
পুকুরের দৈর্ঘ্য = $(80 - 2 \times 3)$ মিটার
= $(80 - 6)$ মিটার = 74 মিটার
পুকুরের প্রস্থ = $(60 - 2 \times 3)$ মিটার
= $(60 - 6)$ মিটার = 54 মিটার
∴ পুকুরের দৈর্ঘ্য 74 মিটার এবং প্রস্থ 54 মিটার।

গ খ-হতে প্রাপ্ত, পুকুরের দৈর্ঘ্য = 74 মিটার
এবং পুকুরের প্রস্থ = 54 মিটার।
দেওয়া আছে, পুকুরের গভীরতা = 2.75 মিটার
∴ পুকুরের আয়তন = $(74 \times 54 \times 2.75)$ ঘন মিটার
= 10989 ঘন মিটার
1 ঘন মিটার মাটি খনন করতে লাগে 325 টাকা
∴ 10989 " " " " " = 10989×325 "
= 3571425 টাকা
∴ পুকুরটির মাটি খনন করতে 3571425 টাকা লাগবে।

প্রশ্ন ১৩ ▶ যশোর বোর্ড ২০১৬

অভির বাড়ির সামনে একটি আয়তাকার বাগান আছে যার দৈর্ঘ্য 60 মিটার এবং প্রস্থ 40 মিটার। বাগানটির মাঝখানে সমান পাড়বিশিষ্ট একটি পুকুর খনন করা হলো যার ক্ষেত্রফল বাগানের ক্ষেত্রফলের এক-তৃতীয়াংশ। পুকুরের পরিসীমা একটি বর্গাকার ক্ষেত্রের পরিসীমার সমান।

ক. বাগানের ক্ষেত্রফল কত এয়র? ২
খ. পুকুরটির দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় কর। ৪
গ. প্রতিটি 50 সে.মি. বর্গাকার পাথর দিয়ে বর্গক্ষেত্রটি বাঁধতে মোট কতটি পাথর লাগবে? ৪

১৩নং প্রশ্নের সমাধান

ক এখানে, আয়তাকার বাগানের দৈর্ঘ্য 60 মিটার
এবং আয়তাকার বাগানের প্রস্থ 40 মিটার
∴ আয়তাকার বাগানের ক্ষেত্রফল = (দৈর্ঘ্য × প্রস্থ) বর্গ একক
= (60×40) বর্গমিটার
= 2400 বর্গমিটার
= $\frac{2400}{100}$ এয়র [∵ 100 বর্গমিটার = 1 এয়র]
= 24 এয়র
∴ বাগানের ক্ষেত্রফল 24 এয়র।

খ ক-হতে প্রাপ্ত, আয়তাকার বাগানের ক্ষেত্রফল = 2400 বর্গমিটার
মনে করি, বাগানের ভেতরের পুকুরের পাড়ের বিস্তার = x মিটার
∴ পুকুরের দৈর্ঘ্য = $(60 - 2 \times x)$ মিটার = $(60 - 2x)$ মিটার
পুকুরের প্রস্থ = $(40 - 2 \times x)$ মিটার = $(40 - 2x)$ মিটার
∴ পুকুরের ক্ষেত্রফল = $(60 - 2x)(40 - 2x)$ মিটার
শর্তমতে, $(60 - 2x)(40 - 2x) = \frac{1}{3} \times 2400$
বা, $2400 - 120x - 80x + 4x^2 = 800$
বা, $4x^2 - 200x + 2400 - 800 = 0$
বা, $4x^2 - 200x + 1600 = 0$
বা, $x^2 - 50x + 400 = 0$ [4 দ্বারা ভাগ করে]
বা, $x^2 - 10x - 40x + 400 = 0$
বা, $x(x - 10) - 40(x - 10) = 0$
বা, $(x - 10)(x - 40) = 0$
হয়, $x - 10 = 0$ অথবা, $x - 40 = 0$
বা, $x = 10$ বা, $x = 40$; যা গ্রহণযোগ্য নয়, কারণ পুকুরের পাড়ের বিস্তার বাগানের প্রস্থের সমান হতে পারে না।
∴ পুকুরের পাড়ের বিস্তার 10 মিটার
পুকুরের দৈর্ঘ্য = $(60 - 2 \times 10)$ মিটার
= $(60 - 20)$ মিটার = 40 মিটার
পুকুরের প্রস্থ = $(40 - 2 \times 10)$ মিটার
= $(40 - 20)$ মিটার = 20 মিটার
∴ পুকুরটির দৈর্ঘ্য 40 মিটার এবং প্রস্থ 20 মিটার।

গ খ-হতে প্রাপ্ত, পুকুরের দৈর্ঘ্য 40 মিটার
এবং পুকুরের প্রস্থ 20 মিটার
২৩. বৃত্তকলা AOB এর ক্ষেত্রফল কত?
(ক) 150.80 cm^2 (খ) 75.40 cm^2
(গ) 40.84 cm^2 (ঘ) 18.85 cm^2

▸▸ তথ্য/ব্যাখ্যা : বৃত্তকলা AOB এর ক্ষেত্রফল $= \frac{\theta}{360°}\pi r^2$
$= \frac{60°}{360°} \times 3.1416 \times 6^2 = 18.85$ cm^2.

■ নিচের তথ্য পড়ে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও : [সি. বো. '১৯]

O কেন্দ্রবিশিষ্ট ABC বৃত্তের AB ব্যাস।



২৪. ACB বৃত্ত চাপের দৈর্ঘ্য 2π সে.মি. হলে বৃত্তের পরিধি কত?
(ক) π সে.মি. (খ) 4 π সে.মি.
(গ) 2πr সে.মি. (ঘ) 4πr সে.মি.

২৫. যদি BO = 4 সে.মি. হয় তবে AC = কত?
(ক) $4\sqrt{2}$ সে.মি. (খ) $4\sqrt{3}$ সে.মি. (গ) 8 সে.মি. (ঘ) 32 সে.মি.

▸▸ তথ্য/ব্যাখ্যা : চিত্রে, OB = 4 সে.মি.



$\therefore$ OB = OA = OC = 4 সে.মি. [একই বৃত্তের ব্যাসার্ধ]
এখন, AOC সমকোণী ত্রিভুজে, $AC^2 = OA^2 + OC^2$
বা, $AC^2 = 4^2 + 4^2$
বা, $AC = \sqrt{32} = 4\sqrt{2}$ সে.মি.।

■ নিচের চিত্রের আলোকে ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও : [য. বো. '১৬]



২৬. ADC চাপের দৈর্ঘ্য কত?
(ক) 39.27 cm (খ) 78.54 cm
(গ) 245.44 cm (ঘ) 490.88 cm

▸▸ তথ্য/ব্যাখ্যা : ADC অর্ধবৃত্ত হলে, AC বৃত্তের ব্যাস
$\therefore$ বৃত্তের ব্যাসার্ধ, $r = \frac{1}{2}AC = \frac{1}{2} \times 25$ cm = 12.5 cm
$\therefore$ ADC চাপের দৈর্ঘ্য $= \frac{1}{2} \times$ বৃত্তের পরিধি
$= \frac{1}{2} \times 2\pi r = \pi r$
= 3.1416 × 12.5 cm = 39.27 cm.

২৭. ABCD এর গাঢ় অংশের ক্ষেত্রফল কত?
(ক) 395.44 বর্গ সে.মি. (খ) 495.44 বর্গ সে.মি.
(গ) 640.88 বর্গ সে.মি. (ঘ) 740.88 বর্গ সে.মি.

▸▸ তথ্য/ব্যাখ্যা : চিত্র হতে,
$AB = \sqrt{(25)^2 - (20)^2}$
$= \sqrt{625 - 400} = \sqrt{225} = 15$
$\therefore$ ∆ ABC এর ক্ষেত্রফল $= \frac{1}{2} \times 20 \times 15$ বর্গ সে.মি.
= 150 বর্গ সে.মি.
আবার, ADC অর্ধবৃত্তের ক্ষেত্রফল
$= \frac{1}{2}\pi r^2 = \frac{1}{2} \times 3.1416 \times (12.5)^2$ বর্গ সে.মি.
= 245.44 বর্গ সে.মি.
$\therefore$ গাঢ় অংশের ক্ষেত্রফল = (150 + 245.44) বর্গ সে.মি.
= 395.44 বর্গ সে.মি.

উত্তরের শুদ্ধতা/ নির্ভুলতা যাচাই করো

২০	(ক)	২১	(গ)	২২	(গ)	২৩	(ঘ)	২৪	(খ)	২৫	(ক)	২৬	(ক)	২৭	(ক)

www.abswer.com

www.abswer.com

■ 

চিত্রে, O কেন্দ্রবিশিষ্ট ABC বৃত্তাকার মাঠের সীমানা ঘেঁষে 2 মিটার চওড়া একটি রাস্তা আছে। [কু. বো. '১৬]

উপরের তথ্যের আলোকে ২৮ – ৩০ নং প্রশ্নের উত্তর দাও :

২৮. $\angle AOB = 30°$ হলে, AB চাপের দৈর্ঘ্য কত সে.মি.?

ⓚ 2.4561 ⓛ 3.1416
ⓜ 4.2531 ⓝ 6.3025

▸▸ তথ্য/ব্যাখ্যা : আমরা জানি, বৃত্তের কোনো চাপ দ্বারা উৎপন্ন কেন্দ্রস্থ কোণ ঐ বৃত্তচাপের সমানুপাতিক। [এখানে, $r = 6$ সে.মি., $\theta = 30°$]

$\therefore \frac{\theta}{360°} = \frac{s}{2\pi r}$

বা, $s = \frac{\pi r\theta}{180} = \frac{3.1416 \times 6 \times 30}{180} = 3.1416$ সে. মি.।

২৯. চিত্রে গাঢ় অংশের ক্ষেত্রফল কত বর্গ সে.মি.?

ⓚ π ⓛ 2π
ⓜ 3π ⓝ 4π

▸▸ তথ্য/ব্যাখ্যা : বৃত্তকলা AOB এর ক্ষেত্রফল $= \frac{\theta}{360}\pi r^2$

$= \frac{30}{360} \times 6^2$ বর্গ সে.মি.

$= 3\pi$ বর্গ সে.মি.।

৩০. রাস্তাটির ক্ষেত্রফল কত বর্গ সে.মি.?

ⓚ 87.96 ⓛ 113.09
ⓜ 201.06 ⓝ 210.06

▸▸ তথ্য/ব্যাখ্যা : রাস্তার ক্ষেত্রফল $= \pi(6+2)^2 - \pi 6^2$

$= \pi(8^2 - 6^2)$

$= 3.1416 \times 28$ বর্গ সে.মি.

$= 87.96$ বর্গ সে.মি.।

■ নিচের তথ্য অনুসারে ৩১ – ৩৩ নং প্রশ্নের উত্তর দাও : [কু. বো. '১৫]



৩১. AC = কত একক?

ⓚ 13.52 (প্রায়) ⓛ 14.12 (প্রায়)
ⓜ 15.01 (প্রায়) ⓝ 15.62 (প্রায়)

▸▸ তথ্য/ব্যাখ্যা : চিত্রে AB = 12 একক এবং BC = 10 একক

ABC সমকোণী ত্রিভুজে,

$AC^2 = AB^2 + BC^2$

$= (12)^2 + (10)^2$

$= 144 + 100$

$= 244$

$\therefore AC = \sqrt{244} = 15.62$ একক (প্রায়)।

৩২. CDE ত্রিভুজের ক্ষেত্রফল কত বর্গ একক?

ⓚ 12 ⓛ 20
ⓜ 24 ⓝ 120

▸▸ তথ্য/ব্যাখ্যা : CDE ত্রিভুজের ভূমি CD = AB = 12 একক এবং উচ্চতা 2 একক

$\therefore$ CDE ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times 12 \times 2$ বর্গ একক

$= 12$ বর্গ একক।

৩৩. AKB অর্ধবৃত্তের পরিধি কত একক?

ⓚ 18 ⓛ 18.85 (প্রায়)
ⓜ 37.7 (প্রায়) ⓝ 96

▸▸ তথ্য/ব্যাখ্যা : AKB অর্ধবৃত্তের ব্যাস AB = 12 একক

$\therefore$ AKB অর্ধবৃত্তের ব্যাসার্ধ $r = \frac{12}{2}$ একক

$= 6$ একক

AKB অর্ধবৃত্তের পরিধি $= \pi r = 3.1416 \times 6$ একক $= 18.85$ একক (প্রায়)।

■ চিত্রটি লক্ষ কর এবং ৩৪ – ৩৬ নং প্রশ্নের উত্তর দাও :

O কেন্দ্রবিশিষ্ট ABCD বৃত্তে AD ও BC ব্যাস, $MN \perp AB$, AB = 8 cm এবং ON = 3 cm. [চ. বো. '১৫]

৩৪. AM বাহুর দৈর্ঘ্য কত সে. মি.?

ⓚ 4 ⓛ 5
ⓜ 6 ⓝ 8

▸▸ তথ্য/ব্যাখ্যা : এখানে, AB = 8 সে.মি. এবং $MN \perp AB$

বা, $OM \perp AB$

যেহেতু বৃত্তের কেন্দ্র থেকে ব্যাস ভিন্ন অন্য কোনো জ্যা এর ওপর অঙ্কিত লম্ব ঐ জ্যা-কে সমদ্বিখণ্ডিত করে।

সেহেতু $AM = \frac{1}{2}AB$

$= \frac{1}{2} \times 8$ সে.মি.

$= 4$ সে.মি.

$\therefore$ AM বাহুর দৈর্ঘ্য 4 সে.মি.।

৩৫. বৃত্তটির ব্যাসার্ধ কত সে. মি.?

ⓚ 3 ⓛ 4
ⓜ 5 ⓝ 6

▸▸ তথ্য/ব্যাখ্যা : এখানে, AM = 4 সে.মি. এবং OM = ON = 3 সে.মি.

এখন AOM সমকোণী ত্রিভুজে,

$AO^2 = AM^2 + OM^2 = 4^2 + 3^2 = 16 + 9 = 25$

বা, $AO = \sqrt{25} = 5$

$\therefore$ বৃত্তটির ব্যাসার্ধ 5 সে.মি.।

৩৬. বৃত্তটির ক্ষেত্রফল কত বর্গ সে. মি.?

ⓚ 75.4 ⓛ 78.54
ⓜ 83.44 ⓝ 85.48

▸▸ তথ্য/ব্যাখ্যা : এখানে, বৃত্তটির ব্যাসার্ধ $r = 5$ সে.মি.।

$\therefore$ বৃত্তটির ক্ষেত্রফল $= \pi r^2$ বর্গ একক

$= 3.1416 \times 5^2$ বর্গ সে.মি.

$= 3.1416 \times 25$ বর্গ সে.মি.

$= 78.54$ বর্গ সে.মি.।

উত্তরের শুদ্ধতা/নির্ভুলতা যাচাই করো

২৮	ⓛ	২৯	ⓜ	৩০	ⓚ	৩১	ⓝ	৩২	ⓚ	৩৩	ⓛ	৩৪	ⓚ	৩৫	ⓜ	৩৬	ⓛ

www.abswer.com

www.abswer.com

শীর্ষস্থানীয় স্কুলসমূহের টেস্ট পরীক্ষার বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

বিষয়বস্তুর ধারায় প্রণীত

সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন

৩৭. একটি বর্গক্ষেত্র 4 সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তে অন্তর্লিখিত। বৃত্তক্ষেত্র ও বর্গক্ষেত্রের অনুপাত কত? [গভর্নমেন্ট ল্যাবরেটরি হাইস্কুল, ধানমন্ডি, ঢাকা]

(ক) $\pi : 1$ (খ) $\pi : 2$
(গ) $\pi : 3$ (ঘ) $\frac{\pi}{3} : 4$

▸ তথ্য/ব্যাখ্যা : বৃত্তের ব্যাসার্ধ, $r = 4$ cm



বৃত্তের ক্ষেত্রফল $= \pi r^2 = 16\pi$ বর্গ সে.মি.
বর্গের কর্ণ $= 2\pi = 2 \times 4 = 8$ cm
বা, $\sqrt{2}a = 8$
বা, $a = \frac{8}{\sqrt{2}} = 4\sqrt{2}$
বর্গের ক্ষেত্রফল $= (4\sqrt{2})^2$ বর্গ সে.মি. $= 32$ বর্গ সে.মি.
$\therefore$ বৃত্তের ক্ষেত্রফল : বর্গের ক্ষেত্রফল $= 16\pi : 32 = \pi : 2$.

৩৮. যদি একটি বৃত্তের পরিধি ও ব্যাসের অন্তর 50 সে.মি. হয় তবে বৃত্তের ব্যাসার্ধ– [মির্জাপুর ক্যাডেট কলেজ, টাঙ্গাইল]

(ক) 25 সে. মি. (প্রায়) (খ) 11.67 সে. মি. (প্রায়)
(গ) 5.84 সে. মি. (প্রায়) (ঘ) 100 সে. মি. (প্রায়)

▸ তথ্য/ব্যাখ্যা : $2\pi r - 2r = 50$
বা, $2r(\pi - 1) = 50$
বা, $2r = \frac{50}{\pi - 1} = 23.347$
$\therefore$ ব্যাসার্ধ $r = 11.67$ সে. মি.।

৩৯. একটি বৃত্তের ব্যাস ও পরিধির পার্থক্য 90 সে.মি. হলে এর ব্যাসার্ধ কত মিটার? [নবাব ফয়জুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কুমিল্লা]

(ক) 0.21 (খ) 21
(গ) 2.1 (ঘ) 3.3

▸ তথ্য/ব্যাখ্যা : বৃত্তের ব্যাসার্ধ r হলে, ব্যাস $= 2r$
এবং পরিধি $= 2\pi r$
প্রশ্নমতে, $2\pi r - 2r = 90$
বা, $2r(\pi - 1) = 90$
বা, $2r = \frac{90}{\pi - 1}$
$\therefore r = \frac{90}{2(\pi - 1)} = \frac{45}{3.1416 - 1} = 21$ সে.মি. $= 0.21$ মি.।

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

৪০. একটি বৃত্তের ব্যাস 2r এবং বৃত্তের কেন্দ্রে উৎপন্ন কোণ θ° হলে,
i. বৃত্তের পরিধি $= 4\pi r$
ii. বৃত্তকলার ক্ষেত্রফল $= \frac{\theta}{360°} \times \pi r^2$
iii. বৃত্তের ক্ষেত্রফল $= \pi r^2$
নিচের কোনটি সঠিক? [আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]

(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

▸ তথ্য/ব্যাখ্যা : বৃত্তের ব্যাসার্ধ $= \frac{\text{ব্যাস}}{2} = \frac{2r}{2} = r$
$\therefore$ বৃত্তের পরিধি $= 2\pi r$
বৃত্তকলার ক্ষেত্রফল $= \frac{\theta}{360°} \times \pi r^2$
বৃত্তের ক্ষেত্রফল $= \pi r^2$
সুতরাং (ii) ও (iii) সঠিক।

৪১. একটি বৃত্তের ব্যাস 4 সে.মি. এবং ব্যাস ভিন্ন জ্যা 2 সে.মি. হলে, এর–
i. ক্ষেত্রফল 4π বর্গ সে.মি.
ii. পরিধি 4π সে.মি.
iii. কেন্দ্র থেকে ব্যাস ভিন্ন জ্যা এর উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য $\sqrt{3}$ সে.মি.
নিচের কোনটি সঠিক? [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

▸ তথ্য/ব্যাখ্যা : (i) বৃত্তের ব্যাসার্ধ, $r = \frac{\text{ব্যাস}}{2} = \frac{4}{2} = 2$ সে.মি.
$\therefore$ বৃত্তের ক্ষেত্রফল $= \pi r^2 = \pi \times 2^2 = 4\pi$ বর্গ সে.মি.
(ii) বৃত্তের পরিধি $= 2\pi r = 2 \times \pi \times 2 = 4\pi$ সে.মি.
(iii) বৃত্তের কেন্দ্র থেকে ব্যাস ভিন্ন যেকোনো জ্যা-এর উপর অঙ্কিত লম্ব ঐ জ্যা-কে সমদ্বিখণ্ডিত করে।
$\therefore$ কেন্দ্র থেকে ব্যাস ভিন্ন জ্যা-এর উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য
$= \sqrt{r^2 - \left(\frac{2}{2}\right)^2} = \sqrt{2^2 - 1^2} = \sqrt{4 - 1} = \sqrt{3}$ সে.মি.
সুতরাং, (i), (ii) ও (iii) সঠিক।

৪২. বৃত্তের ব্যাসার্ধ r হলে–
i. বৃত্তের ক্ষেত্রফল $= \pi r^2$
ii. বৃত্তকলার ক্ষেত্রফল $= \frac{\theta}{360} \times \pi r^2$
iii. বৃত্তচাপের দৈর্ঘ্য $= \frac{\theta}{360} \times \pi r$
নিচের কোনটি সঠিক? [সিলেট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়, সিলেট]

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন

■ নিচের চিত্রের আলোকে ৪৩ ও ৪৪ নং প্রশ্নের উত্তর দাও :



৪৩. চিত্রের AOB অর্ধবৃত্তের ক্ষেত্রফল কত বর্গ সে. মি.? [হলি ক্রস উচ্চ বালিকা বিদ্যালয়, ঢাকা]

(ক) 31.80 (খ) 318.0 (গ) 63.60 (ঘ) 636.0

৪৪. বৃত্তটির ক্ষেত্রফল কত বর্গ সে.মি.?

(ক) 8π (খ) 16π (গ) 4π (ঘ) 2π

▸ তথ্য/ব্যাখ্যা : ব্যাসার্ধ $r = OB = 4$ সে.মি.
$\therefore$ ক্ষেত্রফল $= \pi r^2$ বর্গ একক $= \pi(4)^2$ বর্গ সে.মি. $= 16\pi$ বর্গ সে.মি.।

■ নিচের তথ্যানুযায়ী ৪৫ – ৪৭ নং প্রশ্নের উত্তর দাও : [জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট]



৪৫. AC এর দৈর্ঘ্য কত সেন্টিমিটার?

(ক) 15.620 cm (খ) 23.32 cm
(গ) 244 cm (ঘ) 120 cm

▸ তথ্য/ব্যাখ্যা : ΔABC-এ $AC^2 = AB^2 + BC^2$
বা, $AC = \sqrt{AB^2 + BC^2}$
$= \sqrt{(20)^2 + (12)^2} = \sqrt{400 + 144} = \sqrt{544} = 23.32$ cm.

উত্তরের শুদ্ধতা/নির্ভুলতা যাচাই করো

৩৭.	(খ)	৩৮	(খ)	৩৯	(ক)	৪০	(খ)	৪১	(ঘ)	৪২	(ক)	৪৩	(ক)	৪৪	(খ)	৪৫	(খ)

www.abswer.com

www.abswer.com

৪৬. ΔACDE এর ক্ষেত্রফল কত?
ক 12 cm^2 খ 50 cm^2
গ 100 cm^2 ঘ 120 cm^2

▸▸ তথ্য/ব্যাখ্যা : ΔCDE এর ক্ষেত্রফল $= \frac{1}{2} \times CD \times EF = \frac{1}{2} \times 20 \times 5 = 50\ cm^2$.

৪৭. ARB অর্ধবৃত্তের ক্ষেত্রফল কত?
ক 10 π খ 50 π
গ 100 π ঘ 200 π

▸▸ তথ্য/ব্যাখ্যা : এখানে, বৃত্তটির ব্যাস, AB = 20 cm

∴ বৃত্তটির ব্যাসার্ধ, $r = \frac{20}{2}$ cm = 10 cm

∴ ARB অর্ধবৃত্তের ক্ষেত্রফল $= \frac{1}{2}\pi r^2 = \frac{1}{2} \times \pi \times (10)^2$

$= \frac{1}{2} \times \pi \times 100 = 50\pi\ cm^2$.

■ নিচের তথ্য থেকে ৪৮ ও ৪৯ নং প্রশ্নের উত্তর দাও :



ABCD একটি রম্বস, যার কর্ণ AC = 12 সে.মি. এবং BD = 16 সে.মি.।

৪৮. CD বাহুর দৈর্ঘ্য কত? [ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর]
ক 10 খ 14
গ 28 ঘ 100

৪৯. BC বাহুর সমান ব্যাসার্ধ বিশিষ্ট বৃত্তের পরিধি কত?
ক 31.416 সে.মি. খ 62.832 সে.মি.
গ 314.16 সে.মি. ঘ 628.32 সে.মি.

মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

বিষয়বস্তুর ধারায় প্রণীত

সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন

৫০. বৃত্তের পরিধি ও ব্যাসের অনুপাতকে কী দ্বারা প্রকাশ করা হয়? (মধ্যমান)
ক π খ r
গ θ ঘ কোনটি নয়

▸▸ তথ্য/ব্যাখ্যা : বৃত্তের পরিধি : ব্যাস = 2πr : 2r = π : 1.

৫১. যে বৃত্তের ব্যাসার্ধ r একক, তা দ্বারা সীমাবদ্ধ বৃত্তক্ষেত্রের ক্ষেত্রফল কত? (সহজমান)
ক 2πr খ πr^2
গ $2\pi r^2$ ঘ $4\pi r^2$

▸▸ তথ্য/ব্যাখ্যা : বৃত্তের ক্ষেত্রফল = πr^2.

৫২. একটি বৃত্তের ব্যাস ও পরিধির পার্থক্য 90 সে. মি. হলে, বৃত্তের ব্যাস কত? (মধ্যমান)
ক 10.5 সে. মি. খ 21.01 সে. মি.
গ 42.02 সে. মি. ঘ 45 সে. মি.

▸▸ তথ্য/ব্যাখ্যা : $2\pi r - 2r = 90$

বা, $2r(\pi - 1) = 90$

বা, $2r = \frac{90}{\pi - 1} = 42.02$.

৫৩. একটি বৃত্তকলার কোণ 60°, বৃত্তটির ব্যাসার্ধ 4 সে. মি. হলে, বৃত্তকলার চাপটির দৈর্ঘ্য কত সে. মি.? (কঠিনমান)
ক 4.19 খ 6.19
গ 8.37 ঘ 9.37

▸▸ তথ্য/ব্যাখ্যা : বৃত্তচাপটির দৈর্ঘ্য $= r\theta = 4 \times \left(60 \times \frac{\pi}{180}\right)$

$= 4.19$ সে.মি.।

৫৪. একটি বৃত্তের ব্যাস ও পরিধির পার্থক্য 50 সে. মি. হলে এর ব্যাসার্ধ কত? (কঠিনমান)
ক 25 সে. মি. খ 11.67 সে. মি. (প্রায়)
গ 5.84 সে. মি. (প্রায়) ঘ 100 সে. মি. (প্রায়)

▸▸ তথ্য/ব্যাখ্যা : ধরি, ব্যাসার্ধ r সে.মি.

শর্তমতে, $2\pi r - 2r = 50$

বা, $2r(\pi - 1) = 50$

∴ $r = \frac{50}{2(3.1416 - 1)} = 11.67$.

৫৫. যদি ছায়াকৃত অংশের ক্ষেত্রফল সম্পূর্ণ বৃত্তের 85% হয়, তবে w° এর মান কত? (কঠিনমান)



ক 15 খ 30
গ 45 ঘ 54

▸▸ তথ্য/ব্যাখ্যা : w° কোণবিশিষ্ট অংশের ক্ষেত্রফল $= \frac{w^\circ}{360} \times \pi r^2$

বা, $\frac{15}{100}\pi r^2 = \frac{w^\circ}{360}\pi r^2$

∴ $w^\circ = 54^\circ$.

৫৬. একটি বৃত্তাকার মাঠের ব্যাস 26 মিটার। মাঠের বাইরে চারদিকে 2 মিটার চওড়া একটি রাস্তা আছে। রাস্তাসহ মাঠের ক্ষেত্রফল কত বর্গমিটার? (কঠিনমান)
ক 225π খ 169 π
গ 121 π ঘ 52 π

▸▸ তথ্য/ব্যাখ্যা : মাঠের ব্যাসার্ধ, $r = \frac{26}{2}$ সে. মি. = 13 মি.

রাস্তাসহ ব্যাসার্ধ = (13 + 2) = 15 মি.

∴ ক্ষেত্রফল $= \pi r^2 = \pi \cdot (15)^2 = 225\pi$.

৫৭. একটি বৃত্তের ব্যাসার্ধ 10 সে.মি. এবং বৃত্তচাপের দৈর্ঘ্য 11 সে.মি.। বৃত্তচাপটি কেন্দ্রে কত ডিগ্রি কোণ তৈরি করে? (মধ্যমান)
ক 64° খ 63°
গ 65° ঘ 60°

▸▸ তথ্য/ব্যাখ্যা : θ কোণ দ্বারা বৃত্তের চাপের দৈর্ঘ্য $= \frac{\theta}{360} \times 2\pi r$

বা, $11 = \frac{\theta}{360} \times 2\pi \times 10$

বা, $\frac{11 \times 18}{\pi} = \theta$

বা, $\theta = \frac{11 \times 18 \times 7}{22} = 63^\circ$.

উত্তরের শুদ্ধতা/নির্ভুলতা যাচাই করো

৪৬	খ	৪৭	খ	৪৮	ক	৪৯	খ	৫০	ক	৫১	খ	৫২	গ	৫৩	ক	৫৪	খ	৫৫	ঘ	৫৬	ক	৫৭	খ

অধ্যায় ১৬

www.abswer.com

www.abswer.com

৫৮. যদি কোন বৃত্তের ক্ষেত্রফল A এবং পরিধি c হয়। তবে, A এর মান নিচের কোনটি? (মধ্যমান)

ক $\frac{c^2}{4\pi}$ খ $\frac{c^2}{4\pi^2}$ গ 2c ঘ $\frac{2c^2}{\pi}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : বৃত্তের পরিধি, $c = 2\pi r$ বা, $r = \frac{c}{2\pi}$

আবার, বৃত্তের ক্ষেত্রফল $= \pi r^2$

বা, $A = \pi \times \left(\frac{c}{2\pi}\right)^2 = \pi \times \frac{c^2}{4\pi^2} = \frac{c^2}{4\pi}$.

৫৯. যদি কোন বর্গের ক্ষেত্রফল 4 বর্গ একক হয় এবং যদি বর্গের কর্ণের দৈর্ঘ্য কোন বৃত্তের ব্যাসার্ধ হয়, তবে ঐ বৃত্তের ক্ষেত্রফল নিচের কোনটি? (কঠিনমান)

ক 2π খ $2\pi\sqrt{2}$

গ 4π ঘ 8π

▸▸ তথ্য/ব্যাখ্যা : বর্গের ক্ষেত্রফল = 4



∴ একবাহুর দৈর্ঘ্য $= \sqrt{4} = 2$

∴ কর্ণের দৈর্ঘ্য $= \sqrt{AO^2 + OB^2}$

$= \sqrt{2^2 + 2^2} = 2\sqrt{2}$

এবার, কর্ণ বৃত্তের ব্যাসার্ধ হলে,

তার ক্ষেত্রফল $= \pi \times (2\sqrt{2})^2 = 8\pi$.

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

৬০. 2r ব্যাসার্ধ বিশিষ্ট বৃত্তের–

i. বৃহত্তম জ্যা 4r ii. পরিধি 4 πr iii. ক্ষেত্রফল $4\pi r^2$

নিচের কোনটি সঠিক? (কঠিনমান)

ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

৬১. একটি বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য ও বৃত্তের ব্যাস যথাক্রমে a এবং 2r হলে–

i. বর্গক্ষেত্রের ক্ষেত্রফল a^2

ii. বৃত্তের ক্ষেত্রফল πr^2

iii. তাদের পরিসীমার অনুপাত $2a : \pi r$

নিচের কোনটি সঠিক? (সহজমান)

ক i খ ii গ iii ঘ i, ii ও iii

৬২. বৃত্তের ব্যাসার্ধ r হলে–

i. বৃত্তের পরিধি $= 4\pi r$

ii. বৃত্তের ক্ষেত্রফল $= \pi r^2$

iii. বৃত্তকলার ক্ষেত্রফল $= \frac{\theta}{360} \times \pi r^2$

নিচের কোনটি সঠিক? (কঠিনমান)

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৬৩. বৃত্তের ব্যাস 8 cm হলে–

i. বৃত্তের ব্যাসার্ধ 4 cm

ii. বৃত্তের পরিধি 4π cm

iii. বৃত্তের ক্ষেত্রফল 16π cm^2

নিচের কোনটি সঠিক? (কঠিনমান)

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন

■ একটি চাকার ব্যাস 4.2 মিটার। চাকাটির অতিক্রান্ত দূরত্ব 330 মিটার। উপরের বর্ণনা হতে ৬৪ – ৬৬ নং প্রশ্নের উত্তর দাও :

৬৪. চাকাটির ব্যাসার্ধ কত? (সহজমান)

ক 2.1 মিটার খ 2.1 বর্গমিটার

গ 4.2 মিটার ঘ 2 মিটার

▸▸ তথ্য/ব্যাখ্যা : চাকার ব্যাসার্ধ $= \frac{4.2}{2} = 2.1$ মিটার।

৬৫. চাকাটির পরিধি কত? (কঠিনমান)

ক 13.19472 মিটার খ 131 মিটার

গ 13.9472 বর্গমিটার ঘ 26.38944 মিটার

▸▸ তথ্য/ব্যাখ্যা : চাকার পরিধি $= 2\pi r$

$= 2 \times 3.1416 \times 2.1$

$= 13.19472$ মিটার

৬৬. 330 মিটার যেতে চাকাটি কতবার ঘুরবে? (মধ্যমান)

ক 20 বার খ 25 বার

গ 24 বার ঘ 26 বার

▸▸ তথ্য/ব্যাখ্যা : চাকা ঘুরবে $= \frac{330}{13.19472} = 25$ বার।

■ নিচের তথ্য হতে ৬৭ ও ৬৮ নং প্রশ্নের উত্তর দাও :



৬৭. চিত্রের জন্য RS এর মান কত? (মধ্যমান)

ক 8 খ 20

গ 8π ঘ 20π

▸▸ তথ্য/ব্যাখ্যা : RS চাপের দৈর্ঘ্য $= \frac{\theta}{360} \times 2\pi r = \frac{144}{360} \times 2\pi \times 10 = 8\pi$.

৬৮. ছায়াকৃত অংশের ক্ষেত্রফল কত? (কঠিনমান)

ক 20 খ 8π

গ 20π ঘ 40π

▸▸ তথ্য/ব্যাখ্যা : ছায়াকৃত অংশের ক্ষেত্রফল $= \frac{\theta}{360} \times \pi r^2$

$= \frac{144}{360} \times \pi \times (10)^2$

$= \frac{144}{360} \times 100\pi$

$= 40\pi$.

■ একটি বৃত্তের ব্যাসার্ধ 14 সে.মি.। একটি বর্গের ক্ষেত্রফল উক্ত বৃত্তের ক্ষেত্রফলের সমান। উপরের বর্ণনা হতে ৬৯ – ৭১ নং প্রশ্নের উত্তর দাও :

৬৯. বৃত্তটির পরিধি কত? (কঠিনমান)

ক 879.648 সে.মি. খ 87.9648 মিটার

গ 87.9648 সে.মি. ঘ 89.648 সে.মি.

▸▸ তথ্য/ব্যাখ্যা : বৃত্তের পরিধি $= 2\pi r$

$= 2 \times 3.1416 \times 14$

$= 87.9648$ মিটার।

৭০. বৃত্তটির ক্ষেত্রফল কত? (মধ্যমান)

ক 615.7536 বর্গ সে.মি. খ 24.814386 সে.মি.

গ 615.7536 সে.মি. ঘ 615.536 বর্গ সে.মি.

▸▸ তথ্য/ব্যাখ্যা : বৃত্তের ক্ষেত্রফল $= \pi r^2 = 3.1416 \times (14)^2$

$= 615.7536$ বর্গ সে.মি.।

৭১. বর্গটির এক বাহুর দৈর্ঘ্য নিচের কোনটি? (মধ্যমান)

ক 14 সে.মি. খ 2.4814 সে.মি. (প্রায়)

গ 24.814 সে.মি. ঘ 61.575 সে.মি.

▸▸ তথ্য/ব্যাখ্যা : বর্গের এক বাহুর দৈর্ঘ্য $= \sqrt{615.753}$

$= 24.814$ সে.মি.।

উত্তরের শুদ্ধতা/ নির্ভুলতা যাচাই করো

৫৮	ক	৫৯	ঘ	৬০	ঘ	৬১	ঘ	৬২	গ	৬৩	খ	৬৪	ক	৬৫	ক	৬৬	খ	৬৭	গ	৬৮	ঘ	৬৯	খ	৭০	ক	৭১	গ

www.abswer.com

www.abswer.com

সৃজনশীল অংশ — CREATIVE SECTION

প্রিয় শিক্ষার্থী, সৃজনশীল অংশে তোমাদের সেরা প্রস্তুতির জন্য এসএসসি পরীক্ষার প্রশ্ন ও সমাধানের পাশাপাশি সেরা স্কুলের টেস্ট পরীক্ষার প্রশ্ন, মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত প্রশ্ন, অনুশীলনমূলক কাজ নির্ভর এবং সমন্বিত অধ্যায়ের প্রশ্ন ও সমাধান সংযোজন করা হয়েছে।

সকল বোর্ডের এসএসসি পরীক্ষার সৃজনশীল প্রশ্ন ও সমাধান — নতুন পাঠ্যবইয়ের আলোকে সমাধানকৃত

প্রশ্ন ১ ▸ ঢাকা বোর্ড ২০১৭

একটি বৃত্তাকার মাঠকে ঘিরে একটি রাস্তা আছে। রাস্তাটির বাইরের পরিধি ভিতরের পরিধি অপেক্ষা 22 মিটার বড়। প্রতি বর্গমিটার রাস্তায় ইট বসাতে খরচ হয় 300 টাকা।

ক. 14 সে.মি. ব্যাসবিশিষ্ট বৃত্তের পরিধি নির্ণয় কর। ২

খ. রাস্তাটি কত মিটার চওড়া নির্ণয় কর। ৪

গ. মাঠের ব্যাসার্ধ 35 মিটার হলে, রাস্তাটিতে ইট বসাতে কত খরচ হবে তা নির্ণয় কর। ৪

১নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, বৃত্তের ব্যাস, $d = 14$ সে.মি.

∴ বৃত্তের পরিধি $= \pi d = 3.1416 \times 14$ সে.মি.
$= 43.982$ সে.মি. (প্রায়)

সুতরাং বৃত্তের পরিধি 43.982 সে.মি. (প্রায়)।

খ ধরি, বৃত্তাকার মাঠের ব্যাসার্ধ r

∴ বৃত্তাকার মাঠের পরিধি $= 2\pi r$

এবং রাস্তাসহ বৃত্তাকার মাঠের ব্যাসার্ধ R

∴ রাস্তাসহ বৃত্তাকার মাঠের পরিধি $= 2\pi R$

∴ রাস্তাটি চওড়া $= R - r$

প্রশ্নমতে, $2\pi R - 2\pi r = 22$

বা, $2\pi(R - r) = 22$

বা, $R - r = \frac{22}{2\pi} = \frac{22}{2 \times 3.1416} = 3.501$ (প্রায়)

সুতরাং রাস্তাটি চওড়া 3.501 মিটার (প্রায়)।

গ খ নং হতে পাই,

রাস্তাটি চওড়া $= 3.501$ মিটার (প্রায়)

দেওয়া আছে, মাঠের ব্যাসার্ধ, $r = 35$ মিটার

∴ রাস্তাসহ মাঠের ব্যাসার্ধ, $R = (35 + 3.501)$ মিটার
$= 38.501$ মিটার

বৃত্তাকার মাঠের ক্ষেত্রফল $= \pi r^2$
$= 3.1416 \times (35)^2$ বর্গমিটার
$= 3848.46$ বর্গমিটার

রাস্তাসহ বৃত্তাকার মাঠের ক্ষেত্রফল $= \pi R^2 = 3.1416 \times (38.501)^2$ বর্গমিটার
$= 4656.879$ বর্গমিটার (প্রায়)

∴ রাস্তার ক্ষেত্রফল $= (4656.879 - 3848.46)$ বর্গমিটার
$= 808.419$ বর্গমিটার (প্রায়)

1 বর্গমিটার রাস্তায় ইট বসাতে খরচ হয় 300 টাকা

∴ 808.419 রাস্তায় বর্গমিটার ইট বসাতে খরচ হয়
$= (808.419 \times 300)$ টাকা
$= 242525.70$ টাকা (প্রায়)

সুতরাং রাস্তাটিতে ইট বসাতে খরচ হবে 242525.70 টাকা (প্রায়)।

প্রশ্ন ২ ▸ সিলেট বোর্ড ২০১৭

একটি বৃত্তের পরিধি 44 মিটার।

ক. বৃত্তের ব্যাসার্ধ নির্ণয় কর। ২

খ. বৃত্তে অন্তর্লিখিত বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

গ. বৃত্তের পরিধির একটি সমবাহু ত্রিভুজের পরিসীমার সমান হলে এদের ক্ষেত্রফলের অনুপাত নির্ণয় কর। ৪

২নং প্রশ্নের সমাধান

ক মনে করি, বৃত্তের ব্যাসার্ধ $= r$ মিটার

∴ বৃত্তের পরিধি $= 2\pi r$ একক

শর্তমতে, $2\pi r = 44$

বা, $r = \frac{44}{2\pi} = \frac{44}{2 \times 3.1416} = 7.0028$ (প্রায়)

∴ বৃত্তের ব্যাসার্ধ 7.0028 (প্রায়)।

খ মনে করি, বৃত্তে অন্তর্লিখিত বর্গক্ষেত্র ABCD।

ক-হতে প্রাপ্ত, বৃত্তের ব্যাসার্ধ, $r = 7.0028$ মিটার (প্রায়)

∴ বৃত্তের ব্যাস, $AC = 2 \times 7.0028$ মিটার $= 14.0056$ মিটার

ABC সমকোণী সমদ্বিবাহু ত্রিভুজে,



$AB^2 + BC^2 = AC^2$

বা, $AB^2 + AB^2 = AC^2$ [∵ AB = BC]

বা, $2AB^2 = AC^2$

বা, $AB^2 = \frac{AC^2}{2}$

বা, $AB = \frac{AC}{\sqrt{2}} = \frac{14.0056}{\sqrt{2}} = 9.903$ (প্রায়)

∴ বৃত্তে অন্তর্লিখিত বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য 9.903 মিটার (প্রায়)।

গ ক-হতে প্রাপ্ত, বৃত্তের ব্যাসার্ধ, $r = \frac{44}{2\pi}$ মিটার $= \frac{22}{\pi}$ মিটার

বৃত্তের ক্ষেত্রফল $= \pi r^2$ বর্গ একক
$= \pi \times \left(\frac{22}{\pi}\right)^2$ বর্গ একক
$= \pi \times \frac{484}{\pi^2}$ বর্গমিটার $= \frac{484}{\pi}$ বর্গমিটার

বৃত্তের পরিধি সমবাহু ত্রিভুজের পরিসীমার সমান হলে,
সমবাহু ত্রিভুজের পরিসীমা $= 44$ মিটার

∴ সমবাহু ত্রিভুজের এক বাহুর দৈর্ঘ্য, $a = \frac{44}{3}$ মিটার

সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4}a^2$ বর্গ একক
$= \frac{\sqrt{3}}{4} \times \left(\frac{44}{3}\right)^2$ বর্গমিটার
$= \frac{\sqrt{3}}{4} \times \frac{1936}{9}$ বর্গমিটার
$= \frac{484}{3\sqrt{3}}$ বর্গমিটার

∴ বৃত্তের ক্ষেত্রফল : সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{484}{\pi} : \frac{484}{3\sqrt{3}}$
$= 3\sqrt{3} : \pi$

∴ বৃত্তের ক্ষেত্রফল ও সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফলের অনুপাত $3\sqrt{3} : \pi$।

www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ৩ > রাজশাহী বোর্ড ২০১৬

একটি বৃত্তস্থ আয়তক্ষেত্রের দৈর্ঘ্য এবং প্রস্থ যথাক্রমে 12 মি. এবং 5 মি.। আয়তক্ষেত্র বাদে বৃত্তের মধ্যে অবশিষ্ট খালি জায়গায় ঘাস লাগানো আছে।

ক. প্রদত্ত তথ্যের আলোকে চিত্র অঙ্কন কর। ২

খ. বৃত্তাকার ক্ষেত্রের পরিধি নির্ণয় কর। ৪

গ. প্রতি বর্গমিটারে ঘাস লাগাতে 50 টাকা হিসাবে মোট কত টাকা খরচ হবে? ৪

৩নং প্রশ্নের সমাধান

ক চিত্রে O কেন্দ্রবিশিষ্ট ABCDE বৃত্তের বৃত্তস্থ ABCD আয়তক্ষেত্রের দৈর্ঘ্য AB = 12 মি. এবং প্রস্থ BC = 5 মি.। ABCD আয়তক্ষেত্র বাদে ABCDE বৃত্তের মধ্যে অবশিষ্ট খালি জায়গায় ঘাস লাগানো আছে।



খ এখানে O কেন্দ্রবিশিষ্ট ABCDE বৃত্তের বৃত্তস্থ ABCD আয়তক্ষেত্রের দৈর্ঘ্য AB = 12 মি.

এবং প্রস্থ BC = 5 মি.

A ও C যোগ করি। তাহলে AC হবে ABCDE বৃত্তাকার ক্ষেত্রের ব্যাস।



এখন, ABC সমকোণী ত্রিভুজে,

$AC^2 = AB^2 + BC^2$

বা, $AC^2 = (12)^2 + (5)^2$

$= 144 + 25$

$= 169$

বা, $AC = \sqrt{169} = 13$

∴ ABCDE বৃত্তাকার ক্ষেত্রের ব্যাস 13 মি.

∴ ABCDE বৃত্তাকার ক্ষেত্রের ব্যাসার্ধ, $r = \frac{13}{2}$ মি.

$= 6.5$ মি.

∴ ABCDE বৃত্তাকার ক্ষেত্রের পরিধি $= 2\pi r$ একক

$= 2 \times 3.1416 \times 6.5$ মি.

$= 40.841$ মি. (প্রায়)

∴ বৃত্তাকার ক্ষেত্রের পরিধি 40.841 মি. (প্রায়)।

গ এখানে, O কেন্দ্রবিশিষ্ট ABCDE বৃত্তের বৃত্তস্থ ABCD আয়তক্ষেত্রের দৈর্ঘ্য AB = 12 মি.



এবং প্রস্থ BC = 5 মি.

∴ বৃত্তস্থ ABCD আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = AB × BC বর্গ একক

$= 12 \times 5$ বর্গমিটার

$= 60$ বর্গমিটার

খ-হতে প্রাপ্ত, ABCDE বৃত্তাকার ক্ষেত্রের ব্যাসার্ধ $r = 6.5$ মি.

∴ ABCDE বৃত্তাকার ক্ষেত্রের ক্ষেত্রফল $= \pi r^2$ বর্গ একক

$= 3.1416 \times (6.5)^2$ বর্গমিটার

$= 3.1416 \times 42.25$ বর্গমিটার

$= 132.733$ বর্গমিটার (প্রায়)

ABCD আয়তক্ষেত্র বাদে ABCDE বৃত্তাকার ক্ষেত্রের অবশিষ্ট খালি জায়গার পরিমাণ $= (132.733 - 60)$ বর্গমিটার

$= 72.733$ বর্গমিটার

1 বর্গমিটারে ঘাস লাগাতে খরচ হয় 50 টাকা

∴ 72.733 বর্গমিটারে ঘাস লাগাতে খরচ হয় 72.733×50 টাকা

$= 3636.65$ টাকা

∴ আয়তক্ষেত্র বাদে বৃত্তের মধ্যে অবশিষ্ট খালি জায়গায় ঘাস লাগাতে মোট 3636.65 টাকা খরচ হবে।

প্রশ্ন ৪ > কুমিল্লা বোর্ড ২০১৬

একটি বৃত্তাকার বাগানের ব্যাস 300 মি.। বাগানের সীমানা ঘেঁষে বাইরের দিকে 5 মি. চওড়া একটি রাস্তা আছে। প্রতি বর্গ. মি. রাস্তা বাঁধাই করতে খরচ হয় 100 টাকা এবং প্রতি মি. বেড়া দিতে খরচ হয় 7.50 টাকা।

ক. প্রদত্ত তথ্যের আনুপাতিক চিত্র আঁক এবং বাগানের ব্যাসার্ধ নির্ণয় কর। ২

খ. বাগানের ক্ষেত্রফল নির্ণয় কর এবং রাস্তার ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

গ. রাস্তাটি বাঁধাই করতে কত খরচ লাগবে? রাস্তার ক্ষেত্রফলের সমান ক্ষেত্রফলবিশিষ্ট বর্গাকার মাঠের চারপাশে বেড়া দিতে কত খরচ লাগবে? ৪

৪নং প্রশ্নের সমাধান

ক চিত্রে O কেন্দ্রবিশিষ্ট ABC বৃত্তাকার বাগানের ব্যাস AB = 300 মি.। ABC বৃত্তাকার বাগানের সীমানা ঘেঁষে বাইরের দিকে 5 মি. চওড়া DEF একটি বৃত্তাকার রাস্তা।



∴ ABC বৃত্তাকার বাগানের ব্যাসার্ধ,

$r = \frac{AB}{2} = \frac{300}{2}$ মিটার = 150 মিটার

∴ বাগানের ব্যাসার্ধ 150 মিটার।

খ খ-হতে প্রাপ্ত, বৃত্তাকার বাগানের ব্যাসার্ধ, $r = 150$ মিটার

∴ বৃত্তাকার বাগানের ক্ষেত্রফল $= \pi r^2$ বর্গ একক

$= 3.1416 \times (150)^2$ বর্গমিটার

$= 3.1416 \times 22500$ বর্গমিটার

$= 70686$ বর্গমিটার

রাস্তাসহ বৃত্তাকার বাগানের ব্যাসার্ধ $r_1 = (150 + 5)$ মিটার

$= 155$ মিটার

∴ রাস্তাসহ বৃত্তাকার বাগানের ক্ষেত্রফল $= \pi r_1^2$ বর্গ একক

$= 3.1416 \times (155)^2$ বর্গ একক

$= 3.1416 \times 24025$ বর্গমিটার

$= 75476.94$ বর্গমিটার

∴ রাস্তার ক্ষেত্রফল $= (75476.94 - 70686)$ বর্গমিটার

$= 4790.94$ বর্গমিটার

∴ বাগানের ক্ষেত্রফল 70686 বর্গমিটার এবং রাস্তার ক্ষেত্রফল 4790.94 বর্গমিটার।

www.abswer.com

www.abswer.com

গ খ-হতে প্রাপ্ত, রাস্তার ক্ষেত্রফল 4790.94 বর্গমিটার

1 বর্গমিটার রাস্তা বাঁধাই করতে খরচ হয় 100 টাকা

∴ 4790.94 " " " " " " 4790.94×100 "

$= 479094$ টাকা

রাস্তার ক্ষেত্রফলের সমান ক্ষেত্রফলবিশিষ্ট বর্গাকার মাঠের ক্ষেত্রফল 4790.94 বর্গমিটার।

∴ বর্গাকার মাঠের এক বাহুর দৈর্ঘ্য $= \sqrt{4790.94}$ মিটার

$= 69.217$ মিটার (প্রায়)

∴ বর্গাকার মাঠের পরিসীমা $= 4 \times 69.217$ মিটার $= 276.868$ মিটার

1 মিটার বেড়া দিতে খরচ হয় 7.50 টাকা

∴ 276.868 " " " " $276.868 \times 7.50 = 2076.51$ টাকা

∴ রাস্তাটি বাঁধাই করতে 479094 টাকা এবং বর্গাকার মাঠের চারপাশে বেড়া দিতে 2076.51 টাকা খরচ লাগবে।

প্রশ্ন ৫ ▸ রাজশাহী বোর্ড ২০১৫

উপরোক্ত চিত্রে আয়তক্ষেত্রটি দ্বারা বৃত্তক্ষেত্রের অনধিকৃত অংশে ঘাস লাগাতে প্রতি বর্গমিটারে খরচ হয় 45 টাকা।



ক. আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল নির্ণয় কর। ২

খ. বৃত্তক্ষেত্রের পরিধি নির্ণয় কর। 8

গ. অনধিকৃত অংশে ঘাস লাগাতে মোট কত টাকা খরচ হবে তা নির্ণয় কর। 8

৫নং প্রশ্নের সমাধান

ক এখানে, আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 12 মিটার এবং প্রস্থ 9 মিটার

∴ আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = (দৈর্ঘ্য × প্রস্থ) বর্গ একক

$= (12 \times 9)$ বর্গমিটার $= 108$ বর্গমিটার

∴ আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল 108 বর্গমিটার।

খ এখানে, আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 12 মিটার এবং প্রস্থ 9 মিটার

∴ আয়তক্ষেত্রের কর্ণ $= \sqrt{(\text{দৈর্ঘ্য})^2 + (\text{প্রস্থ})^2}$ একক

$= \sqrt{(12)^2 + (9)^2}$ মিটার

$= \sqrt{144 + 81}$ মিটার

$= \sqrt{225}$ মিটার

$= 15$ মিটার।

চিত্রে আয়তক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্যই হবে বৃত্তের ব্যাস।

∴ বৃত্তের ব্যাস = 15 মিটার

∴ বৃত্তের ব্যাসার্ধ, $r = \frac{15}{2}$ মিটার $= 7.5$ মিটার

∴ বৃত্তের পরিধি $= 2\pi r$

$= 2 \times 3.1416 \times 7.5$ মিটার

$= 47.124$ মিটার

∴ বৃত্তক্ষেত্রের পরিধি 47.124 মিটার।

গ ক-হতে প্রাপ্ত, আয়তক্ষেত্রের ক্ষেত্রফল 108 বর্গমিটার

খ-হতে প্রাপ্ত, বৃত্তের ব্যাসার্ধ, $r = 7.5$ মিটার

∴ বৃত্তের ক্ষেত্রফল $= \pi r^2 = 3.1416 \times (7.5)^2$ বর্গমিটার

$= 3.1416 \times 56.25$ বর্গমিটার

$= 176.715$ বর্গমিটার

∴ আয়তক্ষেত্রটি দ্বারা বৃত্তক্ষেত্রের অনধিকৃত অংশের ক্ষেত্রফল

$= (176.715 - 108)$ বর্গমিটার

$= 68.715$ বর্গমিটার

1 বর্গমিটারে ঘাস লাগাতে খরচ হয় 45 টাকা

∴ 68.715 " " " " " 68.715×45 "

$= 3092.18$ টাকা (প্রায়)

∴ অনধিকৃত অংশে ঘাস লাগাতে মোট খরচ হবে 3092.18 টাকা (প্রায়)।

শীর্ষস্থানীয় স্কুলসমূহের টেস্ট পরীক্ষার সৃজনশীল প্রশ্ন ও সমাধান — মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক নির্বাচিত

প্রশ্ন ৬ ▸ রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা



চিত্রে O কেন্দ্রবিশিষ্ট দুইটি সমকেন্দ্রিক বৃত্ত এবং Δ ক্ষেত্র $AOB = 12.5$ বর্গ মি.।

ক. ছোট বৃত্তের পরিধি নির্ণয় কর। ২

খ. বড় বৃত্তের ক্ষেত্রফলের সমান ক্ষেত্রফলবিশিষ্ট বর্গের পরিসীমা কত? 8

গ. দুইটি বৃত্তের পরিধির মধ্যবর্তীস্থানে 40 সে. মি. বর্গাকার পাথর দিয়ে বাঁধাই করতে মোট কত খরচ হবে? [1টি পাথরের মূল্য 325 টাকা।] 8

৬নং প্রশ্নের সমাধান

ক মনে করি, ছোট বৃত্তের ব্যাসার্ধ, $OA = OB = r$ মি.

Δ ক্ষেত্র $AOB = \frac{1}{2} \times OA \times OB$

বা, $12.5 = \frac{1}{2} \times r \times r$

বা, $12.5 = \frac{r^2}{2}$

বা, $r^2 = 25$

বা, $r = \sqrt{25}$

∴ $r = 5$ মি.



∴ ছোট বৃত্তের পরিধি $= 2\pi r$

$= 2 \times 3.1416 \times 5$ মিটার

$= 31.416$ মিটার

নির্ণেয় ছোট বৃত্তের পরিধি 31.416 মিটার।

খ 'ক' হতে প্রাপ্ত, ছোট বৃত্তের ব্যাসার্ধ, $r = 5$ মি.

∴ বড় বৃত্তের ব্যাসার্ধ, $R = (5 + 6)$ মি. $= 11$ মি.

∴ বড় বৃত্তের ক্ষেত্রফল $= \pi R^2$

$= 3.1416 \times (11)^2$ বর্গ মি.

$= 3.1416 \times 121$ বর্গমিটার

$= 380.1336$ বর্গমিটার

প্রশ্নানুসারে, বর্গের ক্ষেত্রফল $= 380.1336$ বর্গমিটার

ধরি, বর্গের এক বাহুর দৈর্ঘ্য $= a$ মিটার

∴ বর্গের ক্ষেত্রফল $= a^2$ বর্গমিটার

প্রশ্নমতে, $a^2 = 380.1336$

বা, $a = \sqrt{380.1336}$

∴ $a = 19.497$ মিটার

∴ বর্গের পরিসীমা $= 4a$

$= 4 \times 19.497$ মিটার

$= 77.988$ মিটার

নির্ণেয় বর্গের পরিসীমা 77.988 মিটার।

www.abswer.com

www.abswer.com

গ 'ক' হতে প্রাপ্ত, ছোট বৃত্তের ব্যাসার্ধ, $r = 5$ মিটার
'খ' হতে প্রাপ্ত, বড় বৃত্তের ব্যাসার্ধ, $R = 11$ মিটার
∴ ছোট বৃত্তের ক্ষেত্রফল $= \pi r^2$
বড় বৃত্তের ক্ষেত্রফল $= \pi R^2$
∴ বৃত্ত দুইটির পরিধির মধ্যবর্তী স্থানের ক্ষেত্রফল
$= \pi R^2 - \pi r^2$
$= \pi(R^2 - r^2)$
$= \pi(11^2 - 5^2)$ বর্গমিটার
$= 3.1416 \times (121 - 25)$ বর্গমিটার
$= 3.1416 \times 96$ বর্গমিটার
$= 301.5936$ বর্গমিটার

দেওয়া আছে, বর্গাকার পাথরের এক বাহু $= 40$ সে. মি.
$= \frac{40}{100}$ মিটার
$= 0.4$ মিটার

∴ বর্গাকার পাথরের ক্ষেত্রফল $= (0.4)^2$ বর্গমিটার $= 0.16$ বর্গমিটার
∴ বৃত্ত দুইটির পরিধির মধ্যবর্তী স্থান বাধাই করতে পাথরের প্রয়োজন $= \frac{301.5936}{0.16}$ টি $= 1884.96$ টি $= 1885$ টি (প্রায়)
এখন, 1টি পাথরের মূল্য 325 টাকা
∴ 1885 টি পাথরের মূল্য (325×1885) টাকা $= 612625$ টাকা
∴ বৃত্ত দুইটির পরিধির মধ্যবর্তী স্থান বর্গাকার পাথর দিয়ে বাঁধাই করতে মোট 612625 টাকা খরচ হবে।

প্রশ্ন ৭ ▶ গবর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুল, ঢাকা

চিত্রটি বর্গক্ষেত্র ও বৃত্তকলায় বিভক্ত–



ক. বর্গক্ষেত্রটির কর্ণের দৈর্ঘ্য ও পরিসীমা নির্ণয় কর। ২
খ. সম্পূর্ণ ক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪
গ. বর্গের বাহুর দৈর্ঘ্য বিশিষ্ট কোন সুষম ষড়ভুজ কোন বৃত্তে অন্তর্লিখিত হলে বৃত্তের অনধিকৃত অংশের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

৭নং প্রশ্নের সমাধান

ক এখানে, বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য, $a = 12$ সে.মি.
∴ বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য $= \sqrt{2}a$ সে.মি.
$= \sqrt{2} \times 12$ সে.মি.
$= 16.97$ সে.মি. (প্রায়)
বর্গক্ষেত্রের পরিসীমা $= 4a$ সে.মি.
$= 4 \times 12$ সে.মি.
$= 48$ সে.মি.
∴ বর্গক্ষেত্রটির কর্ণের দৈর্ঘ্য 16.97 সে.মি. (প্রায়) এবং পরিসীমা 48 সে.মি.।

খ এখানে, ABCD বর্গক্ষেত্রের বাহু, $a = AD = 12$ সে.মি.
∴ ABCD বর্গক্ষেত্রের ক্ষেত্রফল $= a^2$ বর্গ সে.মি.
$= (12)^2$ বর্গ সে.মি.
$= 144$ বর্গ সে.মি.

ADE বৃত্তকলার ব্যাসার্ধ, $r = AD = 12$ সে.মি.
এবং কেন্দ্রে উৎপন্ন কোণ, $\theta = \angle DAE = 30°$



∴ ADE বৃত্তকলার ক্ষেত্রফল
$= \frac{\theta}{360} \pi r^2$
$= \frac{30}{360} \times 3.1416 \times (12)^2$ বর্গ সে.মি.
$= 37.699$ বর্গ সে.মি. (প্রায়)
∴ সম্পূর্ণ ক্ষেত্রের ক্ষেত্রফল
$= (144 + 37.699)$ বর্গ সে.মি. (প্রায়)
$= 181.699$ বর্গ সে.মি. (প্রায়)
∴ সম্পূর্ণ ক্ষেত্রের ক্ষেত্রফল 181.699 বর্গ সে.মি. (প্রায়)।

গ এখানে, FGHIJK সুষম ষড়ভুজের বাহু,
$b = FG = 12$ সে.মি.
∴ FGHIJK সুষম ষড়ভুজের ক্ষেত্রফল



$= \frac{6b^2}{4} \cot \frac{180°}{6}$
$= \frac{6 \times 12^2}{4} \cot 30°$
$= \frac{6 \times 144}{4} \times \sqrt{3} = 216\sqrt{3}$

আবার, $\frac{1}{2} \times FO \times GO \times \sin \angle FOG = \frac{216\sqrt{3}}{6}$
বা, $\frac{1}{2} \times FO \times FO \times \sin \frac{360°}{6} = \frac{216\sqrt{3}}{6}$ [∵ FO = GO]
বা, $\frac{1}{2} \times FO^2 \times \sin 60° = \frac{216\sqrt{3}}{6}$
বা, $\frac{1}{2} \times FO^2 \times \frac{\sqrt{3}}{2} = \frac{216\sqrt{3}}{6}$
বা, $FO^2 = \frac{216\sqrt{3} \times 2 \times 2}{6 \times \sqrt{3}} = 144$
বা, $FO = \sqrt{144} = 12$ সে.মি.
∴ O কেন্দ্রবিশিষ্ট FGHIJK বৃত্তের ব্যাসার্ধ, $r_1 = FO = 12$ সে.মি.
∴ FGHIJK বৃত্তের ক্ষেত্রফল $= \pi r_1^2$ বর্গ একক
$= 3.1416 \times (12)^2$ বর্গ সে.মি.
$= 3.1416 \times 144$ বর্গ সে.মি.
$= 452.3904$ বর্গ সে.মি.
∴ বৃত্তের অনধিকৃত অংশের ক্ষেত্রফল $= (452.3904 - 216\sqrt{3})$ বর্গ সে.মি.
$= 78.267$ বর্গ সে.মি. (প্রায়)
∴ বৃত্তের অনধিকৃত অংশের ক্ষেত্রফল 78.267 বর্গ সে.মি. (প্রায়)।

প্রশ্ন ৮ ▶ ময়মনসিংহ জিলা স্কুল, ময়মনসিংহ

একটি আয়তাকার বাগানের ক্ষেত্রফল 2000 বর্গমিটার। যদি এর দৈর্ঘ্য 10 মিটার কম হতো তাহলে এটি একটি বর্গক্ষেত্র হতো।
ক. আয়তাকার বাগানের দৈর্ঘ্য x মি. এবং প্রস্থ y মি. হলে পরিসীমা এবং কর্ণের দৈর্ঘ্য কত হবে? ২
খ. বর্গক্ষেত্রটির কর্ণদ্বয়ের সমষ্টি কত হবে? ৪
গ. একটি বৃত্তের পরিধি যদি বর্গক্ষেত্রটির পরিসীমার সমান হয় তবে যে বৃত্তচাপ কেন্দ্রে 30° কোণ উৎপন্ন করে তার দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

৮নং প্রশ্নের সমাধান

ক ধরি, আয়তাকার বাগানের দৈর্ঘ্য x মিটার এবং প্রস্থ y মিটার
∴ আয়তাকার বাগানের পরিসীমা $= 2(x + y)$ মিটার
এবং আয়তাকার বাগানের কর্ণের দৈর্ঘ্য $= \sqrt{x^2 + y^2}$ মিটার

www.abswer.com

www.abswer.com

খ আয়তাকার বাগানের ক্ষেত্রফল, $xy = 2000$ বর্গমিটার

অর্থাৎ, $xy = 2000$ .... (1)

দৈর্ঘ্য 10 মিটার কম হলে এটি বর্গক্ষেত্র হতো

অর্থাৎ, $x - 10 = y$ .... (2)

(1) এ $y = x - 10$ বসিয়ে পাই, $x(x - 10) = 2000$

বা, $x^2 - 10x - 2000 = 0$

বা, $x^2 - 50x + 40x - 2000 = 0$

বা, $x(x - 50) + 40(x - 50) = 0$

বা, $(x - 50)(x + 40) = 0$

হয়, $x - 50 = 0$ বা, $x = 50$

অথবা, $x + 40 = 0$ বা, $x = -40$; গ্রহণযোগ্য নয়। কারণ দৈর্ঘ্য ঋণাত্মক হতে পারে না।

(2) নং এ x এর মান বসিয়ে পাই, $y = 50 - 10 = 40$

∴ বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য $y = 50 - 10 = 40$ মিটার

∴ বর্গক্ষেত্রের কর্ণদ্বয়ের সমষ্টি $= 2 \times (\sqrt{2} \times 40)$

$= 80\sqrt{2}$ মিটার $= 113.14$ মিটার (প্রায়)

নির্ণেয় বর্গক্ষেত্রটির কর্ণদ্বয়ের সমষ্টি 113.14 মিটার (প্রায়)।

গ 'খ' হতে পাই, বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য = 40 মিটার

∴ বৃত্তের পরিধি = বর্গক্ষেত্রের পরিসীমা $= (4 \times 40)$ মিটার $= 160$ মিটার

মনে করি, বৃত্তের ব্যাসার্ধ = r মিটার

শর্তমতে, $2\pi r = 160$

∴ $r = \frac{160}{2\pi} = \frac{160}{2 \times 3.1416} = 25.46$ মিটার

কেন্দ্রে উৎপন্ন কোণ, $\theta = 30°$

আমরা জানি, বৃত্তচাপের দৈর্ঘ্য, $S = \frac{\pi r\theta}{180°}$

$= \frac{3.1416 \times 25.46 \times 30°}{180°}$ মিটার

$= 13.33$ মিটার (প্রায়)

নির্ণেয় বৃত্তচাপের দৈর্ঘ্য 13.33 মিটার (প্রায়)।

প্রশ্ন ৯ ▶ সরকারি পি. এন. উচ্চ বালিকা বিদ্যালয়, রাজশাহী

একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 48 সে.মি. এবং প্রস্থ দৈর্ঘ্যের $\frac{1}{4}$ গুণ। অপর একটি বর্গের পরিসীমা আয়তের পরিসীমার অর্ধেক।

ক. আয়তক্ষেত্রের ক্ষেত্রফল কত? ২

খ. বর্গের কর্ণের দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

গ. আয়তের দৈর্ঘ্য ও প্রস্থ যথাক্রমে একটি বৃত্তাংশের ক্ষেত্রফল ও বৃত্তের ব্যাসার্ধ হলে, বৃত্তচাপটি কেন্দ্রে যে কোণ উৎপন্ন করে তা নির্ণয় কর। ৪

৯নং প্রশ্নের সমাধান

ক আয়তক্ষেত্রের দৈর্ঘ্য = 48 সে.মি.

এবং আয়তক্ষেত্রের প্রস্থ $= \left(48 \times \frac{1}{4}\right)$ সে.মি.

$= 12$ সে.মি.

∴ আয়তক্ষেত্রের ক্ষেত্রফল $= (48 \times 12)$ বর্গ সে.মি.

$= 576$ বর্গ সে.মি.

নির্ণেয় আয়তক্ষেত্রের ক্ষেত্রফল 576 বর্গ সে.মি.।

খ 'ক' হতে প্রাপ্ত, আয়তক্ষেত্রের দৈর্ঘ্য = 48 সে.মি.

এবং আয়তক্ষেত্রের প্রস্থ = 12 সে.মি.

∴ আয়তক্ষেত্রের পরিসীমা $= 2(48 + 12)$ সে.মি.

$= 2 \times 60$ সে.মি.

$= 120$ সে.মি.

∴ বর্গক্ষেত্রের পরিসীমা $= \left(\frac{1}{2} \times 120\right)$ সে.মি.

$= 60$ সে.মি.

ধরি, বর্গের বাহুর দৈর্ঘ্য = a সে.মি.

প্রশ্নমতে, $4a = 60$

বা, $a = \frac{60}{4}$

∴ $a = 15$

∴ বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য $= a\sqrt{2}$ একক

$= 15\sqrt{2}$ সে.মি.

$= 21.21$ সে.মি. (প্রায়)

নির্ণেয় বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য = 21.21 সে.মি. (প্রায়)।

গ 'ক' হতে প্রাপ্ত, আয়তক্ষেত্রের দৈর্ঘ্য = 48 সে.মি.

এবং আয়তক্ষেত্রের প্রস্থ = 12 সে.মি.

প্রশ্নমতে, বৃত্তের ব্যাসার্ধ, r = 12 সে.মি.

এবং বৃত্তাংশের ক্ষেত্রফল = 48 সে.মি.

বা, $\frac{\theta}{360°} \times \pi r^2 = 48$

বা, $\theta = \frac{48 \times 360°}{\pi r^2}$

বা, $\theta = \frac{48 \times 360°}{3.1416 \times (12)^2} = \frac{48 \times 360°}{3.1416 \times 144} = 38.20°$

∴ $\theta = 38.20°$

নির্ণেয় কোণের মান 38.20°.

মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত সৃজনশীল প্রশ্ন ও সমাধান — শিখনফলের ধারায় প্রণীত

শিখনফল ৩ : বৃত্তের ক্ষেত্রফল নির্ণয় করতে পারবে।

প্রশ্ন ১০ ▶ পাঠ্যবইয়ের শিখনফল ৩-এর আলোকে প্রণীত

একটি বৃত্তের পরিধি 220 মিটার।

ক. বৃত্তটির পরিধির অর্ধেক কত মিটার? ২

খ. বৃত্তটির ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

গ. বৃত্তটিতে অন্তর্লিখিত বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য ও ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

[পাঠ্যবইয়ের অনুশীলনী ১৬.৩ এর ৮ নং এর আলোকে]

১০নং প্রশ্নের সমাধান

ক এখানে, বৃত্তের পরিধি = 220 মিটার

∴ বৃত্তের পরিধির অর্ধেক $= \frac{220}{2}$ মিটার $= 110$ মিটার

∴ বৃত্তটির পরিধির অর্ধেক 110 মিটার।

খ ধরি, বৃত্তের ব্যাসার্ধ = r মিটার

∴ বৃত্তের পরিধি $= 2\pi r$

শর্তমতে, $2\pi r = 220$

বা, $2 \times 3.1416 \times r = 220$

বা, $r = \frac{220}{2 \times 3.1416}$

∴ $r = 35.014$ (প্রায়)

∴ বৃত্তের ক্ষেত্রফল $= \pi r^2 = 3.1416 \times (35.014)^2$ বর্গমিটার

$= 3.1416 \times 1225.980196$ বর্গমিটার

$= 3851.539$ বর্গমিটার (প্রায়)

∴ বৃত্তটির ক্ষেত্রফল 3851.539 বর্গমিটার (প্রায়)।

www.abswer.com

www.abswer.com

(খ) গ-হতে প্রাপ্ত, বৃত্তের ব্যাসার্ধ, $r = 35.014$ মিটার (প্রায়)

∴ বৃত্তের ব্যাস $= 2r$

$= 2 \times 35.014$ মিটার $= 70.028$ মিটার

আমরা জানি, বৃত্তের অন্তর্লিখিত বর্গের কর্ণ হচ্ছে বৃত্তের ব্যাস।

ধরি, বর্গের বাহুর দৈর্ঘ্য $= a$ মিটার

∴ বর্গের কর্ণের দৈর্ঘ্য $= \sqrt{2}\, a$

অর্থাৎ $\sqrt{2}\, a = 70.028$

বা, $a = \frac{70.028}{\sqrt{2}} = 49.5173$ (প্রায়)

∴ বর্গের বাহুর দৈর্ঘ্য $= 49.5173$ মিটার (প্রায়)

বর্গের ক্ষেত্রফল $= a^2$

$= (49.5173)^2$ বর্গমিটার

$= 2451.963$ বর্গমিটার (প্রায়)

∴ বৃত্তে অন্তর্লিখিত বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য 49.5173 মিটার (প্রায়) এবং ক্ষেত্রফল 2451.963 বর্গ মিটার (প্রায়)।

শিখনফল ৪ : বৃত্তক্ষেত্র ও তার অংশবিশেষের ক্ষেত্রফল নির্ণয় করে এতদসম্পর্কিত সমস্যা সমাধান করতে পারবে।

প্রশ্ন ১১ ▶ পাঠ্যবইয়ের শিখনফল ৪-এর আলোকে প্রণীত

একটি বৃত্তচাপ কেন্দ্রে 30° কোণ উৎপন্ন করে এবং বৃত্তের ব্যাস 126 সে.মি.।

ক. বৃত্তটির ব্যাসের দ্বিগুণ কত মিটার? ২

খ. বৃত্তের পরিধি ও বৃত্তচাপের দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

গ. বৃত্তক্ষেত্র ও বৃত্তকলার পার্থক্য নির্ণয় কর। ৪

[পাঠ্যবইয়ের অনুশীলনী ১৬.৩ এর ১ নং এর আলোকে]

১১নং প্রশ্নের সমাধান

(ক) এখানে, বৃত্তের ব্যাস $= 126$ সে.মি.

∴ বৃত্তের ব্যাসের দ্বিগুণ $= (2 \times 126)$ সে.মি.

$= 252$ সে.মি.

$= \frac{252}{100}$ মিটার [∵ 100 সে.মি. = 1 মিটার]

$= 2.52$ মিটার

∴ বৃত্তটির ব্যাসের দ্বিগুণ 252 মিটার।

(খ) এখানে, বৃত্তের ব্যাস $= 126$ সে.মি.

∴ বৃত্তের ব্যাসার্ধ, $r = \frac{126}{2}$ সে.মি. $= 63$ সে.মি.

বৃত্তের কেন্দ্রে উৎপন্ন কোণ, $\theta = 30°$

বৃত্তের পরিধি $= 2\pi r$

$= 2 \times 3.1416 \times 63$ সে.মি. $= 395.841$ সে.মি. (প্রায়)

বৃত্তচাপের দৈর্ঘ্য, $s = \frac{\pi r \theta}{180°}$

$= \frac{3.1416 \times 63 \times 30°}{180°}$ সে.মি.

$= 32.987$ সে.মি. (প্রায়)

নির্ণেয় বৃত্তের পরিধি 395.841 সে.মি. (প্রায়) এবং বৃত্তচাপের দৈর্ঘ্য 32.987 সে.মি. (প্রায়)।

(গ) এখানে, বৃত্তের ব্যাসার্ধ, $r = 63$ সে.মি. [খ হতে]

বৃত্তের কেন্দ্রে উৎপন্ন কোণ, $\theta = 30°$

বৃত্তক্ষেত্রের ক্ষেত্রফল $= \pi r^2$

$= 3.1416 \times (63)^2$ বর্গ সে.মি.

$= 3.1416 \times 3969$ বর্গ সে.মি.

$= 12469.0104$ বর্গ সে.মি.

বৃত্তকলার ক্ষেত্রফল $= \frac{\theta}{360°} \pi r^2$

$= \frac{30°}{360°} \times 3.1416 \times (63)^2$ বর্গ সে.মি.

$= \frac{30°}{360°} \times 3.1416 \times 3969$ বর্গ সে.মি.

$= 1039.0842$ বর্গ সে.মি.

∴ বৃত্তক্ষেত্র ও বৃত্তকলার ক্ষেত্রফলের পার্থক্য

$= (12469.0104 - 1039.0842)$ বর্গ সে.মি.

$= 11429.926$ বর্গ সে.মি. (প্রায়)

নির্ণেয় বৃত্তক্ষেত্র ও বৃত্তকলার পার্থক্য 11429.926 বর্গ সে.মি. (প্রায়)।

প্রশ্ন ১২ ▶ পাঠ্যবইয়ের শিখনফল ৪-এর আলোকে প্রণীত

একটি গাড়ির সামনের চাকার ব্যাস 28 সে.মি. এবং পিছনের চাকার ব্যাস 35 সে.মি.।

ক. গাড়িটির সামনের চাকার পরিধি কত সে.মি.? ২

খ. গাড়িটির চাকাদ্বয়ের ক্ষেত্রফলের সমষ্টি ও পার্থক্য নির্ণয় কর। ৪

গ. 88 মিটার পথ যেতে সামনের চাকা পিছনের চাকা অপেক্ষা কত পূর্ণসংখ্যক বার বেশি ঘুরবে? ৪

[পাঠ্যবইয়ের অনুশীলনী ১৬.৩ এর ৭ নং এর আলোকে]

১২নং প্রশ্নের সমাধান

(ক) এখানে, গাড়ির সামনের চাকার ব্যাস $= 28$ সে.মি.

∴ গাড়ির সামনের চাকার ব্যাসার্ধ, $r_1 = \frac{28}{2}$ সে.মি.

$= 14$ সে.মি.

গাড়ির সামনের চাকার পরিধি $= 2\pi r$

$= 2 \times 3.1416 \times 14$ সে.মি.

$= 87.9648$ সে.মি.

∴ গাড়িটির সামনের চাকার পরিধি 87.9648 সে.মি.।

(খ) ক-হতে প্রাপ্ত,

গাড়ির সামনের চাকার ব্যাসার্ধ, $r_1 = 14$ সে.মি.

এখানে, গাড়ির পিছনের চাকার ব্যাস $= 35$ সে.মি.

∴ গাড়ির পিছনের চাকার ব্যাসার্ধ, $r_2 = \frac{35}{2}$ সে.মি.

$= 17.5$ সে.মি.

গাড়ির সামনের চাকার ক্ষেত্রফল $= \pi r_1^2$

$= 3.1416 \times (14)^2$ বর্গ সে.মি.

$= 3.1416 \times 196$ বর্গ সে.মি.

$= 615.7536$ বর্গ সে.মি.

গাড়ির পিছনের চাকার ক্ষেত্রফল $= \pi r_2^2$

$= 3.1416 \times (17.5)2$ বর্গ সে.মি.

$= 3.1416 \times 306.25$ বর্গ সে.মি.

$= 962.115$ বর্গ সে.মি.

∴ গাড়ির চাকাদ্বয়ের ক্ষেত্রফলের সমষ্টি $= (962.115 + 615.7536)$ বর্গ সে.মি.

$= 1577.8686$ বর্গ সে.মি.

গাড়ির চাকাদ্বয়ের ক্ষেত্রফলে পার্থক্য $= (962.115 - 615.7536)$ বর্গ সে.মি.

$= 346.3614$ বর্গ সে.মি.

∴ গাড়িটির চাকাদ্বয়ের ক্ষেত্রফলের সমষ্টি 1577.8686 বর্গ সে.মি. এবং পার্থক্য 346.3614 বর্গ সে.মি.।

(গ) সৃজনশীল প্রশ্ন ১১(খ) নং সমাধান দ্রষ্টব্য।

www.abswer.com

www.abswer.com

সমন্বিত অধ্যায় ও অনুশীলনমূলক কাজ নির্ভর সৃজনশীল প্রশ্ন ও সমাধান | নতুন পাঠ্যবইয়ের আলোকে প্রণীত

প্রশ্ন ১৩ ▸ অনুশীলনী ১৬.২ ও ১৬.৩ এর সমন্বয়ে প্রণীত

একটি বৃত্তের ব্যাসার্ধ 7 সে.মি.। বৃত্তের s চাপ কেন্দ্রে 60° কোণ উৎপন্ন করে।

ক. বর্ণনাটির সঠিক চিত্র আঁক। ২

খ. চাপটির দৈর্ঘ্য এবং চাপটি দ্বারা গঠিত বৃত্তকলার ক্ষেত্রফল বের কর। ৪

গ. বৃত্তের পরিধি কোন বর্গের কর্ণের সমান হলে বর্গের পরিসীমা ও ক্ষেত্রফল বের কর। ৪

১৩নং প্রশ্নের সমাধান

ক চিত্রে, O কেন্দ্র বিশিষ্ট বৃত্তের ব্যাসার্ধ, r = OA = 7 সে. মি. এবং s চাপ কেন্দ্র O তে ∠AOB = 60° কোণ উৎপন্ন করে।



খ এখানে, বৃত্তের ব্যাসার্ধ, r = 7 সে. মি.,
বৃত্তচাপ = s
বৃত্তচাপ s দ্বারা কেন্দ্রে উৎপন্ন কোণ, θ = 60°

আমরা জানি,

$s = \frac{\pi r\theta}{180°} = \frac{3.1416 \times 7 \times 60°}{180°}$ সে. মি.

$= 7.33$ সে. মি. (প্রায়)

এবং বৃত্তকলার ক্ষেত্রফল $= \frac{\theta}{360}\pi r^2$

$= \frac{60}{360} \times 3.1416 \times (7)^2$ বর্গ সে. মি.

$= 25.656$ বর্গ সে. মি. (প্রায়)

∴ চাপের দৈর্ঘ্য 7.33 সে.মি. এবং বৃত্তকলার ক্ষেত্রফল 25.656 বর্গ সে. মি.।

গ এখানে, বৃত্তের ব্যাসার্ধ, r = 7 সে. মি.

∴ বৃত্তের পরিধি $= 2\pi r$

$= 2 \times 3.1416 \times 7$ সে. মি.

$= 43.982$ সে. মি. (প্রায়)

মনে করি, বর্গের এক বাহুর দৈর্ঘ্য = a সে. মি,

∴ বর্গের কর্ণের দৈর্ঘ্য $= a\sqrt{2}$ সে. মি.

প্রশ্নমতে, $a\sqrt{2} = 43.982$

বা, $a = \frac{43.982}{\sqrt{2}}$

∴ $a = 31.1$ সে. মি.

∴ বর্গের পরিসীমা $= 4a$

$= 4 \times 31.1$ সে. মি. $= 124.4$ সে. মি. (প্রায়)

∴ বর্গের ক্ষেত্রফল $= a^2 = (31.1)^2$ বর্গ সে. মি.

$= 967.21$ বর্গ সে. মি. (প্রায়)

∴ বর্গের পরিসীমা 124.4 সে. মি. এবং বর্গের ক্ষেত্রফল 967.21 বর্গ সে. মি.।

প্রশ্ন ১৪ ▸ অনুশীলনী ১৬.২ ও ১৬.৩ এর সমন্বয়ে প্রণীত

চিত্রে ABCD একটি আয়তক্ষেত্র যার দৈর্ঘ্য ও প্রস্থ যথাক্রমে 16 মিটার ও 12 মিটার এবং DAE একটি বৃত্তাংশ।



ক. বৃত্তাংশ DE এর দৈর্ঘ্য কত মিটার? ২

খ. সম্পূর্ণ ক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

গ. একটি রম্বসের পরিসীমা ABCD আয়তক্ষেত্রের পরিসীমার তিনগুণ এবং রম্বসটির ক্ষুদ্রতম কর্ণ 52 মিটার। রম্বসের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

১৪নং প্রশ্নের সমাধান

ক এখানে, DAE বৃত্তাংশের ব্যাসার্ধ, r = AD = 16 মিটার
কেন্দ্রে উৎপন্ন কোণ, θ = ∠DAE = 30°

∴ বৃত্তচাপ DE এর দৈর্ঘ্য $= \frac{\pi r\theta}{180°} = \frac{3.1416 \text{ wg.} \times 16 \times 30°}{180°}$

$= 8.38$ মিটার (প্রায়)

∴ বৃত্তচাপ DE এর দৈর্ঘ্য 8.38 মিটার (প্রায়)।

খ এখানে, DAE বৃত্তাংশের ব্যাসার্ধ, r = AD = 16 মিটার
কেন্দ্রে উৎপন্ন কোণ, θ = ∠DAE = 30°

∴ DAE বৃত্তাংশের ক্ষেত্রফল $= \frac{\theta}{360°}\pi r^2$

$= \frac{30°}{360°} \times 3.1416 \times (16)^2$ বর্গমিটার

$= 67.02$ বর্গমিটার (প্রায়)

ABCD আয়তক্ষেত্রের দৈর্ঘ্য, AD = 16 মিটার
এবং প্রস্থ, CD = 12 মিটার

∴ ABCD আয়তক্ষেত্রের ক্ষেত্রফল $= 16 \times 12$ বর্গমিটার

$= 192$ বর্গমিটার

∴ সম্পূর্ণ ক্ষেত্রের ক্ষেত্রফল $= (67.02 + 192)$ বর্গমিটার

$= 259.02$ বর্গমিটার (প্রায়)

∴ সম্পূর্ণ ক্ষেত্রের ক্ষেত্রফল 259.02 বর্গমিটার (প্রায়)।

গ রম্বসের পরিসীমাটি হবে আয়তক্ষেত্রের পরিসীমার তিনগুণ।

এখন, আয়তক্ষেত্রের পরিসীমা

$= 2 \times (16 + 12)$

$= 2 \times 28$ মিটার

$= 56$ মিটার



∴ রম্বসের পরিসীমা হবে (56×3) মিটার বা, 168 মিটার

∴ রম্বসের এক বাহুর দৈর্ঘ্য, $AB = \frac{168}{4}$ মিটার = 42 মিটার

রম্বসের AC ও BD কর্ণদ্বয় পরস্পর সমকোণে সমদ্বিখণ্ডিত হয়,

∴ $OB = \frac{BD}{2} = \frac{52}{2} = 26$ মিটার

AOB সমকোণী ত্রিভুজে, $AB^2 = OB^2 + OA^2$

বা, $(42)^2 = (26)^2 + (OA)^2$

বা, $OA^2 = (42)^2 - (26)^2$

বা, $OA^2 = (42 + 26)(42 - 26)$

বা, $OA^2 = 68 \times 16$

বা, $OA^2 = 1088$

∴ $OA = 8\sqrt{17}$

∴ $AC = 2 \times 8\sqrt{17} = 16\sqrt{17}$

রম্বসের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times AC \times BD$

$= \frac{1}{2} \times 16\sqrt{17} \times 52 = 1715.21$ বর্গমিটার

∴ রম্বসের ক্ষেত্রফল 1715.21 বর্গমিটার।

www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ১৫ ▸ পাঠ্যবইয়ের ৩১৪ পৃষ্ঠার কাজের আলোকে প্রণীত

একটি বৃত্তের পরিধি 440 মিটার এবং বৃত্তটিতে অন্তর্লিখিত একটি বর্গক্ষেত্র রয়েছে।

ক. বৃত্তটির ব্যাসার্ধ কত? ২

খ. বর্গক্ষেত্রটির বাহুর দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

গ. বৃত্ত ও বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের পার্থক্য নির্ণয় কর। ৪

১৫নং প্রশ্নের সমাধান

ক ধরি, বৃত্তের ব্যাসার্ধ = r মিটার

মনে করি,

ABCD বর্গক্ষেত্রটি ঐ বৃত্তে অন্তর্লিখিত।



আমরা জানি, বৃত্তের পরিধি = $2\pi r$

প্রশ্নমতে, $2\pi r = 440$

বা, $r = \frac{440}{2 \times 3.1416}$

∴ $r = 70.028$ মিটার (প্রায়)

∴ বৃত্তটির ব্যাসার্ধ 70.028 মিটার (প্রায়)।

খ ক-হতে প্রাপ্ত, বৃত্তটির ব্যাসার্ধ 70.028 মিটার (প্রায়)

∴ বৃত্তের ব্যাস $AC = 2 \times 70.028$

$= 140.056$ মিটার (প্রায়)

এখন, ABC সমকোণী সমদ্বিবাহু ত্রিভুজ থেকে পাই,

$AB^2 + BC^2 = AC^2$

বা, $2AB^2 = AC^2$ [∵ AB = BC]

বা, $AB^2 = \frac{AC^2}{2}$

বা, $AB = \frac{AC}{\sqrt{2}} = \frac{140.056}{\sqrt{2}} = 99.035$ মিটার

∴ ঐ বৃত্তে অন্তর্লিখিত বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য 99.035 মিটার (প্রায়)।

গ ক-হতে প্রাপ্ত, বৃত্তের ব্যাসার্ধ, $r = 70.028$ মিটার

∴ বৃত্তের ক্ষেত্রফল = πr^2 বর্গ একক

$= 3.1416 \times (70.028)^2$ বর্গ একক

$= 15406.16$ বর্গমিটার

খ-হতে প্রাপ্ত,

বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য = 99.035 মিটার

∴ বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = $(99.035)^2$

$= 9807.93$ বর্গমিটার

∴ বৃত্ত ও বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের পার্থক্য = $(15406.16 - 9807.93)$

$= 5598.23$ বর্গমিটার

∴ বৃত্ত ও বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের পার্থক্য 5598.23 বর্গমিটার।

প্রশ্ন ১৬ ▸ পাঠ্যবইয়ের ৩১৭ পৃষ্ঠার কাজের আলোকে প্রণীত



ক. চিত্রটির বর্ণনা দাও। ২

খ. ABC ত্রিভুজক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

গ. গাঢ় চিহ্নিত ক্ষেত্রটির ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

১৬নং প্রশ্নের সমাধান

ক চিত্রে, ABC একটি সমকোণী ত্রিভুজ যার ভূমি BC = 15 সে. মি. ও অতিভুজ AC = 20 সে. মি. এবং ADC একটি অর্ধবৃত্ত যার ব্যাস AC = 20 সে. মি.।

খ চিত্রে, ABC সমকোণী ত্রিভুজের ভূমি BC = 15 সে. মি. এবং অতিভুজ AC = 20 সে. মি.।

এখন, ABC সমকোণী ত্রিভুজে,

$AB^2 + BC^2 = AC^2$

বা, $AB^2 = AC^2 - BC^2$

বা, $AB^2 = (20)^2 - (15)^2$

বা, $AB^2 = 400 - 225$

বা, $AB^2 = 175$

বা, $AB = \sqrt{175}$

বা, $AB = 13.23$ (প্রায়) সে. মি.

∴ ABC ত্রিভুজক্ষেত্রের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times AB \times BC$ বর্গ সে. মি.

$= \frac{1}{2} \times 13.23 \times 15$ বর্গ সে. মি.

$= 99.23$ বর্গ সে. মি. (প্রায়)

∴ ABC ত্রিভুজক্ষেত্রের ক্ষেত্রফল 99.23 বর্গ সে. মি. (প্রায়)।

গ চিত্রে, ADC অর্ধবৃত্তের ব্যাস, AC = 20 সে. মি.

∴ ADC অর্ধবৃত্তের ব্যাসার্ধ, $r = \frac{20}{2} = 10$ সে. মি.

∴ ADC অর্ধবৃত্তের ক্ষেত্রফল $= \frac{1}{2}\pi r^2$

$= \frac{1}{2} \times 3.1416 \times (10)^2$ বর্গ সে. মি.

$= \frac{1}{2} \times 3.1416 \times 100$ বর্গ সে. মি.

$= 157.08$ বর্গ সে. মি. (প্রায়)

খ-হতে প্রাপ্ত,

ABC ত্রিভুজক্ষেত্রের ক্ষেত্রফল 99.23 বর্গ সে. মি.

∴ গাঢ় চিহ্নিত ক্ষেত্রটির ক্ষেত্রফল

= ABC ত্রিভুজক্ষেত্রের ক্ষেত্রফল + ADC অর্ধবৃত্তের ক্ষেত্রফল

$= (99.23 + 157.08)$

$= 256.31$ বর্গ সে. মি. (প্রায়)

∴ গাঢ় চিহ্নিত ক্ষেত্রটির ক্ষেত্রফল 256.31 বর্গ সে. মি. (প্রায়)।

www.abswer.com

www.abswer.com

অধ্যায় ১৬

অনুশীলনী ১৬.৪
আয়তাকার ঘনবস্তু

সাধারণ গাণিতিক অংশ — পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

প্রিয় শিক্ষার্থী, পাঠ্যবইয়ে এ অধ্যায়ে অনুশীলনীতে বিভিন্ন ধরনের গাণিতিক প্রশ্ন দেওয়া আছে। প্রতিটি প্রশ্নের যথাযথ ও নির্ভুল সমাধান এ অংশে সংযোজন করা হলো। এসব প্রশ্ন ও সমাধানের অনুশীলন তোমাদের সৃজনশীল ও বহুনির্বাচনি প্রশ্নোত্তরের ধারণা সমৃদ্ধকরণে সহায়তা করবে।

পাঠ্যবইয়ের অনুশীলনীর বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

১. একটি সামান্তরিকের দুইটি সন্নিহিত বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 7 সে.মি., 5 সে.মি. হলে, এর পরিসীমার অর্ধেক কত সে.মি.?
ক 12 খ 20
গ 24 ঘ 28

▶ তথ্য/ব্যাখ্যা : সামান্তরিকের সন্নিহিত বাহুদ্বয় 7 সে.মি. ও 5 সে.মি.।
∴ পরিসীমার অর্ধেক $=\frac{1}{2}\times 2(7+5)=12$ সে.মি.।

২. একটি সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য 6 সে.মি. হলে, এর ক্ষেত্রফল কত বর্গ সে.মি.?
ক $3\sqrt{3}$ খ $4\sqrt{3}$
গ $6\sqrt{3}$ ঘ $9\sqrt{3}$

▶ তথ্য/ব্যাখ্যা : সমবাহু ত্রিভুজটির ক্ষেত্রফল $=\frac{\sqrt{3}}{4}\times$ (বাহুর দৈর্ঘ্য)^2
$=\frac{\sqrt{3}}{4}\times 6^2=\frac{\sqrt{3}}{4}\times 36=9\sqrt{3}$ বর্গ সে.মি.।

৩. সমতলীয় জ্যামিতিতে—
i. সমবাহু ত্রিভুজের প্রত্যেকটি কোণ এক সমকোণ অপেক্ষা ছোট
ii. সমকোণী ত্রিভুজের সূক্ষ্মকোণদ্বয়ের সমষ্টি এক সমকোণ
iii. ত্রিভুজের যেকোনো বাহু বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণ বিপরীত অন্তঃস্থ প্রত্যেকটি কোণ অপেক্ষা বৃহত্তর
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৪. বর্গক্ষেত্রের প্রতি বাহুর দৈর্ঘ্য a এবং কর্ণ d হলে—
i. ক্ষেত্রফল a^2 বর্গ একক
ii. পরিসীমা 2ad একক
iii. $d=\sqrt{2}a$
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

▶ তথ্য/ব্যাখ্যা : বর্গের বাহু a হলে, এর পরিসীমা = 4a.
সুতরাং i ও iii সঠিক।

■ চিত্রের তথ্য অনুসারে নিচের ৫ — ৭নং প্রশ্নের উত্তর দাও :



৫. ABCD আয়তক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য কত সে. মি.?
ক 13 খ 14
গ 14·4 ঘ 15

▶ তথ্য/ব্যাখ্যা : ABCD আয়তক্ষেত্রের কর্ণ,
$AC=\sqrt{(12)^2+8^2}=\sqrt{144+64}=\sqrt{208}=14.4$ সে.মি.।

৬. ADF ত্রিভুজের ক্ষেত্রফল কত বর্গ সে. মি.?
ক 16 খ 32
গ 64 ঘ 128
[বি: দ্র: সঠিক তথ্য নেই]

৭. AGB অর্ধবৃত্তের পরিধি কত সে. মি.?
ক 18 খ 18·85 (প্রায়)
গ 37·7 (প্রায়) ঘ 96

▶ তথ্য/ব্যাখ্যা : AGB অর্ধবৃত্তের ব্যাসার্ধ, $r=\frac{12}{2}=6$ সে.মি.
∴ AGB অর্ধবৃত্তের পরিসীমা $=\pi r=(3.1416\times 6)$ সে.মি. $=18.85$ সে.মি.।

উত্তরের শুদ্ধতা/ নির্ভুলতা যাচাই করো

১	ক	২	ঘ	৩	ঘ	৪	খ	৫	গ	৬	*	৭	খ

পাঠ্যবইয়ের অনুশীলনীর গাণিতিক প্রশ্নের সমাধান

প্রশ্ন ৮ ▶ একটি আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য 16 মিটার, প্রস্থ 12 মিটার ও উচ্চতা 4.5 মিটার। এর পৃষ্ঠতলের ক্ষেত্রফল, কর্ণের দৈর্ঘ্য ও আয়তন নির্ণয় কর।

সমাধান : মনে করি,
আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য a = 16 মিটার
আয়তাকার ঘনবস্তুর প্রস্থ b = 12 মিটার
এবং আয়তাকার ঘনবস্তুর উচ্চতা c = 4.5 মিটার
আয়তাকার ঘনবস্তুর পৃষ্ঠতলের ক্ষেত্রফল
$=2(ab+bc+ca)$ বর্গমিটার
$=2(16\times 12+12\times 4.5+4.5\times 16)$ বর্গমিটার
$=2(192+54+72)$ বর্গমিটার $=2\times 318=636$ বর্গমিটার
∴ কর্ণের দৈর্ঘ্য $=\sqrt{a^2+b^2+c^2}$
$=\sqrt{(16)^2+(12)^2+(4.5)^2}$ মিটার
$=\sqrt{256+144+20\cdot25}$ মিটার
- ক্রমযোজিত গণসংখ্যা, গণসংখ্যা, বহুভুজ, অজিভ রেখা, কেন্দ্রিয় প্রবণতা, গড়, মধ্যক, প্রচুরক সম্বন্ধে জানব ও শিখব।
- পাইচিত্র অঙ্কনের কৌশল শিখতে পারব।

শিখন সহায়ক উপকরণ

- বিভিন্ন শিক্ষার্থীর গণিত বিষয়ে প্রাপ্ত নম্বরের ডাটা।
- কোনো এক মাসের সর্বনিম্ন তাপমাত্রার ছক।
- বাংলাদেশের বিভিন্ন জেলার জনসংখ্যার ঘনত্বের ছক ইত্যাদি।

ক্যালকুলেটরের সাহায্যে তাৎক্ষণিক সমাধানের কৌশল

❑ **নির্দিষ্ট সংখ্যক উপাত্ত ও গণসংখ্যা হতে গড় নির্ণয় :**

প্রথমে গণসংখ্যা থাকায় STAT এ Frequency ON করে নিতে হবে। এরপর STAT MODE select করে 1–VAR নিয়ে পর্যায়ক্রমে উপাত্ত ও [=] এবং গণসংখ্যা ও [=] ইনপুট করতে হবে। [AC] বাটন চেপে পুনরায় STAT select করতে হবে।

এরপর – উপাত্ত ও সংশ্লিষ্ট গণসংখ্যার গুণফলের সমষ্টি নির্ণয়ের জন্য sum এবং $\sum x$ select করে [=] বাটন চাপতে হবে।

– উপাত্ত সংখ্যা নির্ণয়ের জন্য Var এবং n select করে [=] বাটন চাপতে হবে।

– গড় নির্ণয়ের জন্য Var এবং $\bar{x}$ select করে [=] বাটন চাপতে হবে।

যেমন : কোনো বিশ্ববিদ্যালয়ের কয়েকটি বিভাগের স্নাতক সম্মান শ্রেণিতে পাশের হার ও শিক্ষার্থীর সংখ্যা নিচের সারণিতে উপস্থাপন করা হলো। উক্ত বিশ্ববিদ্যালয়ের ঐ কয়টি বিভাগের স্নাতক সম্মান শ্রেণিতে পাশের গড় হার নির্ণয় কর।

বিভাগের নাম	গণিত	পরিসংখ্যান	ইংরেজি	বাংলা	প্রাণিবিদ্যা	রাষ্ট্রবিজ্ঞান
পাশের হার (%)	70	80	50	90	60	85
শিক্ষার্থীর সংখ্যা	80	120	100	225	135	300

[অনুশীলনী ১৭ এর উদাহরণ ৯ নং]

ক্যালকুলেটরে প্রদত্ত নির্দেশনা অনুসরণ করা যাক :

STAT এ Frequency ON করা :

[SHIFT] [MODE SETUP] [↓] [4] [1]

STAT MODE select করে 1–VAR নেওয়া :

[AC] [MODE SETUP] [3] [1]

উপাত্ত এবং গণসংখ্যাসমূহ ইনপুট :

[7] [0] [=] [8] [0] [=] [5] [0] [=] [9] [0] [=] [6] [0] [=] [8] [5] [=] [↓] [→] [8] [0] [=] [1] [2] [0] [=] [1] [0] [0] [=] [2] [2] [5] [=] [1] [3] [5] [=] [3] [0] [0] [=]

এরপর – উপাত্ত ও সংশ্লিষ্ট গণসংখ্যার গুণফলের সমষ্টি নির্ণয়ের জন্য :

[AC] [SHIFT] [1] [3] [2] [=]

→ 74050; যা উপাত্ত ও গণসংখ্যার গুণফলসমূহের সমষ্টি

মোট গণসংখ্যা নির্ণয়ের জন্য :

[AC] [SHIFT] [1] [4] [1] [=] → 960; যা মোট গণসংখ্যা

গড় নির্ণয়ের জন্য : [AC] [SHIFT] [1] [4] [2] [=]

→ 77·13541667 = 77.14 (প্রায়); যা উপাত্তসমূহের গড়

সাধারণ গাণিতিক অংশ

পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

প্রিয় শিক্ষার্থী, পাঠ্যবইয়ে এ অধ্যায়ে অনুশীলনীতে বিভিন্ন ধরনের গাণিতিক প্রশ্ন দেওয়া আছে। প্রতিটি প্রশ্নের যথাযথ ও নির্ভুল সমাধান এ অংশে সংযোজন করা হলো। এসব প্রশ্ন ও সমাধানের অনুশীলন তোমাদের সৃজনশীল ও বহুনির্বাচনি প্রশ্নোত্তরের ধারণা সমৃদ্ধকরণে সহায়তা করবে।

পাঠ্যবইয়ের অনুশীলনীর বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

১। উপাত্তসমূহ সারণিভুক্ত করা হলে প্রতি শ্রেণিতে যতগুলো উপাত্ত অন্তর্ভুক্ত হয় তার নির্দেশক নিচের কোনটি?

ক শ্রেণি সীমা খ শ্রেণির মধ্যবিন্দু
গ শ্রেণি সংখ্যা ঘ শ্রেণির গণসংখ্যা

২। পরিসংখ্যানের অবিন্যস্ত উপাত্তসমূহ মানের ক্রমানুসারে সাজালে উপাত্তসমূহ মাঝামাঝি কোনো মানের কাছাকাছি পুঞ্জিভূত হয়। উপাত্তের এই প্রবণতাকে বলা হয়

ক প্রচুরক খ কেন্দ্রীয় প্রবণতা
গ গড় ঘ মধ্যক

৩। নিচের সারণিতে–

তাপমাত্রা	6° – 8°	8° – 10°	10° – 12°
গণসংখ্যা	5	9	4

(i) শ্রেণিব্যাপ্তি 3
(ii) মধ্যক শ্রেণি 8° – 10°
(iii) তাপমাত্রা অবিচ্ছিন্ন চলক

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

উত্তরের শুদ্ধতা/নির্ভুলতা যাচাই করো

১	ঘ	২	খ	৩	গ

www.abswer.com

www.abswer.com

৪। আয়তলেখ অঙ্কন করতে দরকার—
(i) X-অক্ষ বরাবর অবিচ্ছিন্ন শ্রেণিব্যাপ্তি
(ii) Y-অক্ষ বরাবর গণসংখ্যা
(iii) শ্রেণির মধ্যমান
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৫। উপাত্তের ক্ষেত্রে প্রচুরক—
(i) কেন্দ্রীয় প্রবণতার পরিমাপ
(ii) সবচেয়ে বেশি বার উপস্থাপিত মান
(iii) সবক্ষেত্রে অনন্য নাও হতে পারে
উপরের তথ্যের ভিত্তিতে নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

শীতকালে বাংলাদেশের কোনো একটি অঞ্চলের 10 দিনের তাপমাত্রার (সে.) পরিসংখ্যান হলো :
10°, 9°, 8°, 6°, 11°, 12°, 7°, 13°, 14°, 5° ।
এবার নিচের (৬ – ৮) প্রশ্নগুলোর উত্তর দাও :

৬। উপরের সংখ্যাসূচক উপাত্তের প্রচুরক কোনটি ?
(ক) 12° (খ) 5° (গ) 14° (ঘ) প্রচুরক নেই
›› তথ্য/ব্যাখ্যা : এখানে উপাত্তগুলোর মধ্যে কোনো সংখ্যা একাধিকবার নেই। সুতরাং উপাত্তের প্রচুরক নাই।

৭। উপরের সংখ্যাসূচক উপাত্তের গড় তাপমাত্রা কোনটি ?
(ক) 8° (খ) 8.5° (গ) 9.5° (ঘ) 9°
›› তথ্য/ব্যাখ্যা : গড় $= \frac{10+9+8+6+11+12+7+13+14+5}{10} = 9.5$.

৮। উপাত্তসমূহের মধ্যক কোনটি ?
(ক) 9.5° (খ) 9° (গ) 8.5° (ঘ) 8°
›› তথ্য/ব্যাখ্যা : উপাত্তগুলোকে মানের উর্ধ্বক্রম অনুসারে সাজিয়ে পাই, $\boxed{5, 6, 7, 8,}$ 9, 10, $\boxed{11, 12, 13, 14}$

∴ মধ্যক $= \frac{9+10}{2} = \frac{19}{2} = 9.5$.

৯। সারণিভুক্ত শ্রেণিবিন্যস্ত উপাত্তের সংখ্যা হলো n, মধ্যক শ্রেণির নিম্নসীমা L, মধ্যক শ্রেণির পূর্ববর্তী শ্রেণির ক্রমযোজিত গণসংখ্যা F_c, মধ্যক শ্রেণির গণসংখ্যা F_m এবং শ্রেণিব্যাপ্তি h। এই তথ্যের আলোকে নিচের কোনটি মধ্যক নির্ণয়ের সূত্র?
(ক) $L+\left(\frac{n}{2}-F_c\right)\times\frac{h}{F_m}$ (খ) $L+\left(\frac{n}{2}-F_m\right)\times\frac{h}{F_m}$
(গ) $L-\left(\frac{n}{2}-F_c\right)\times\frac{h}{F_m}$ (ঘ) $L-\left(\frac{n}{2}-F_m\right)\times\frac{h}{F_m}$

উত্তরের শুদ্ধতা/নির্ভুলতা যাচাই করো

৪	ক	৫	ঘ	৬	ঘ	৭	গ	৮	ক	৯	ক

পাঠ্যবইয়ের অনুশীলনীর গাণিতিক প্রশ্নের সমাধান

প্রশ্ন ১০ ▸ 10ম শ্রেণির 50 জন শিক্ষার্থীর গণিত বিষয়ে প্রাপ্ত নম্বরের গণসংখ্যা নিবেশন সারণি দেওয়া হলো। প্রদত্ত উপাত্তের গণসংখ্যা বহুভুজ ও অজিভ রেখা আঁক।

শ্রেণিব্যাপ্তি	31–40	41–50	51–60	61–70	71–80	81–90	91–100
গণসংখ্যা	6	8	10	12	5	7	2

সমাধান : এখানে প্রদত্ত উপাত্ত বিচ্ছিন্ন। এক্ষেত্রে শ্রেণি ব্যবধানের মধ্যবিন্দু বের করে সরাসরি গণসংখ্যা বহুভুজ আঁকা সুবিধাজনক।

শ্রেণিব্যাপ্তি	31–40	41–50	51–60	61–70	71–80	81–90	91–100
মধ্যবিন্দু	35.5	45.5	55.5	65.5	75.5	85.5	95.5
গণসংখ্যা	6	8	10	12	5	7	2



X-অক্ষ বরাবর ছক কাগজের প্রতি 1 ঘরকে শ্রেণি ব্যবধানের মধ্যবিন্দুর 2 একক ধরে এবং Y- অক্ষ বরাবর ছক কাগজের 1 ঘরকে গণসংখ্যার 1 একক ধরে প্রদত্ত উপাত্তের গণসংখ্যার বহুভুজ আঁকা হলো।

অজিভ রেখা অঙ্কনের সারণি :

শ্রেণিব্যাপ্তি	31-40	41-50	51-60	61-70	71-80	81-90	91-100
গণসংখ্যা	6	8	10	12	5	7	2
ক্রমযোজিত গণসংখ্যা	6	14	24	36	41	48	50

X-অক্ষ বরাবর ছক কাগজের প্রতি 2 ঘরকে শ্রেণিব্যাপ্তির উচ্চসীমার একক এবং Y-অক্ষ বরাবর ছক কাগজের প্রতি 2 ঘরকে ক্রমযোজিত গণসংখ্যার 1 একক ধরে প্রদত্ত উপাত্তের অজিভ রেখা আঁকা হলো।



প্রশ্ন ১১ ▸ নিচে 50 জন শিক্ষার্থীর ওজনের গণসংখ্যা নিবেশন সারণি দেওয়া হলো। মধ্যক নির্ণয় কর।

ওজন (কেজি)	45	50	55	60	65	70
গণসংখ্যা	2	6	8	16	12	6

সমাধান : মধ্যক নির্ণয়ের ক্রমযোজিত গণসংখ্যার সারণি হলো :

ওজন (কেজি)	গণসংখ্যা	ক্রমযোজিত গণসংখ্যা
45	2	2
50	6	8
55	8	16
60	16	32
65	12	44
70	6	50
মোট	n = 50	

এখানে, n = 50 যা জোড় সংখ্যা।

∴ মধ্যক $= \frac{\frac{50}{2}\text{তম ও }\left(\frac{50}{2}+1\right)\text{তম পদ দুইটির মানের সমষ্টি}}{2}$

$= \frac{\text{25তম ও 26তম পদ দুইটির মানের সমষ্টি}}{2}$

$= \frac{60+60}{2} = 60$

নির্ণেয় মধ্যক 60.

www.abswer.com

www.abswer.com

পাঠ্যবইয়ের অনুশীলনীর সৃজনশীল প্রশ্ন ও সমাধান

প্রশ্ন ১২ কোনো বিদ্যালয়ের বার্ষিক পরীক্ষায় 9ম শ্রেণির 50 জন শিক্ষার্থীর গণিতে প্রাপ্ত নম্বরগুলো নিম্নরূপ :

76, 65, 98, 79, 64, 68, 56, 73, 83, 57
55, 92, 45, 77, 87, 46, 32, 75, 89, 48
97, 88, 65, 73 93, 58, 41, 69, 63, 39
84, 56, 45, 73, 93, 62, 67, 69, 65, 53
78, 64, 85, 53, 73, 34, 75, 82, 67, 62

ক. প্রদত্ত তথ্যটির ধরন কীরূপ? কোনো নিবেশনে একটি শ্রেণির গণসংখ্যা কী নির্দেশ করে?
খ. উপযুক্ত শ্রেণিব্যাপ্তি নিয়ে গণসংখ্যা নিবেশন তৈরি কর।
গ. সংক্ষিপ্ত পদ্ধতিতে প্রাপ্ত নম্বরের গড় নির্ণয় কর।

১২নং প্রশ্নের সমাধান

ক প্রদত্ত তথ্যটি সংখ্যাসূচক তথ্য এগুলো পরিসংখ্যানের উপাত্ত। কোন নিবেশনে একটি শ্রেণির গণসংখ্যা ঐ শ্রেণিতে বিদ্যমান নির্দিষ্ট বিষয়বস্তুর সংখ্যা নির্দেশ করে।

খ এখানে নম্বর নির্দেশক উপাত্তের সবচেয়ে ছোট সংখ্যা 32 এবং বড় সংখ্যা 98।
সুতরাং উপাত্তের পরিসর $(98 - 32) + 1 = 67$। এখন শ্রেণি ব্যবধান যদি 10 নেওয়া হয় তবে শ্রেণি সংখ্যা হবে $\frac{67}{10} = 6.7$ বা 7।

শ্রেণি ব্যবধান 10 নিয়ে 7 শ্রেণিতে উপাত্তসমূহ বিন্যাস করলে গণসংখ্যা নিবেশন সারণি হবে নিম্নরূপ :

নম্বর	ট্যালি চিহ্ন	গণসংখ্যা
31 – 40	|||	3
41 – 50	~~||||~~	5
51 – 60	~~||||~~ ||	7
61 – 70	~~||||~~ ~~||||~~ |||	13
71 – 80	~~||||~~ ~~||||~~	10
81 – 90	~~||||~~ ||	7
91 – 100	~~||||~~	5

গ খ-তে প্রাপ্ত গণসংখ্যা নিবেশন সারণি হতে সংক্ষিপ্ত পদ্ধতিতে অনুসৃত ধাপের আলোকে গড় নির্ণয়ের সারণি হবে নিম্নরূপ :

শ্রেণিব্যাপ্তি	মধ্যমান (x_i)	গণসংখ্যা (f_i)	ধাপ বিচ্যুতি $u_i = \frac{x_i - a}{h}$	গণসংখ্যা × ধাপ বিচ্যুতি (f_iu_i)
31 – 40	35.5	3	–3	–9
41 – 50	45.5	5	–2	–10
51 – 60	55.5	7	–1	–7
61 – 70	65.5 a	13	0	0
71 – 80	75.5	10	1	10
81 – 90	85.5	7	2	14
91 – 100	95.5	5	3	15
মোট		n = 50		13

নির্ণেয় গাণিতিক গড়, $\bar{x} = a + \frac{\Sigma f_iu_i}{n} \times h$
$= 65.5 + \frac{13}{50} \times 10$
$= 65.5 + \frac{13}{5}$
$= 65.5 + 2.6 = 68.1$

প্রশ্ন ১৩



ক. উপরের চিত্রে, প্রথম শ্রেণিটির শ্রেণি মধ্যমান ও শেষ শ্রেণিটির গণসংখ্যা কত?
খ. চিত্রে প্রদর্শিত তথ্যটিকে ছকের মাধ্যমে প্রকাশ কর।
গ. উপরে প্রাপ্ত ছক থেকে নিবেশনটির মধ্যক নির্ণয় কর।

১৩নং প্রশ্নের সমাধান

ক উপরের চিত্রে, প্রথম শ্রেণিটির শ্রেণি মধ্যমান $= \frac{30 + 40}{2} = 35$
এবং শেষ শ্রেণিটির গণসংখ্যা = 2।

খ চিত্রে প্রদর্শিত তথ্যটিকে গণসংখ্যা নিবেশন সারণির মাধ্যমে প্রকাশ করা হলো :

শ্রেণি ব্যবধান	30–40	40–50	50–60	60–70	70–80
গণসংখ্যা	3	6	11	8	2

গ খ-হতে প্রাপ্ত সারণি হতে মধ্যক নির্ণয়ের গণসংখ্যা নিবেশন সারণি :

শ্রেণি ব্যবধান	গণসংখ্যা	ক্রমযোজিত গণসংখ্যা
30–40	3	3
40–50	6	9
50–60	11	20
60–70	8	28
70–80	2	30
মোট	30	

এখানে $n = 30$ এবং $\frac{n}{2} = \frac{30}{2}$ বা, 15।

অতএব, মধ্যক 15তম পদের মান। 15তম পদের অবস্থান হবে (50 – 60) শ্রেণিতে। অতএব মধ্যক শ্রেণি হলো (50 – 60)।

$\therefore$ মধ্যক $= L + \left(\frac{n}{2} - F_c\right) \times \frac{h}{f_m}$
$= 50 + (15 - 9) \times \frac{10}{11}$
$= 50 + 6 \times \frac{10}{11} = 50 + \frac{60}{11} = 50 + 5.4545 = 55.4545$

এখানে, $L = 50$
$F_c = 9$
$f_m = 11$
$h = 10$

নির্ণেয় মধ্যক 55.4545.

প্রশ্ন ১৪ কোনো শ্রেণির 60 জন শিক্ষার্থীর ওজনের (কেজি) গণসংখ্যা নিবেশন সারণি নিম্নরূপ :

শ্রেণিব্যাপ্তি	45–49	50–54	55–59	60–64	65–69	70–74
গণসংখ্যা	4	8	10	20	12	6

ক. মধ্যক নির্ণয়ের সূত্রটি লিখ।
খ. প্রদত্ত তথ্য থেকে প্রচুরক নির্ণয় কর।
গ. উপাত্তের আয়তলেখ অঙ্কন কর।

১৪নং প্রশ্নের সমাধান

ক মধ্যক $= L + \left(\frac{n}{2} - F_c\right) \times \frac{h}{f_m}$

যেখানে, L = মধ্যক শ্রেণির নিম্নসীমা
n = গণসংখ্যা
F_c = মধ্যক শ্রেণির পূর্ববর্তী শ্রেণির যোজিত গণসংখ্যা
f_m = মধ্যক শ্রেণির গণসংখ্যা
এবং h = শ্রেণিব্যাপ্তি।

www.abswer.com

www.abswer.com

খ এখানে, গণসংখ্যা সর্বাধিক 20 আছে (60 – 64) শ্রেণিতে।
অতএব, (60 – 64) শ্রেণিতে প্রচুরক আছে।

প্রচুরক $= L + \frac{f_1}{f_1 + f_2} \times h$ | এখানে, $L = 60$, $f_1 = 20 - 10 = 10$, $f_2 = 20 - 12 = 8$ এবং $h = 5$

$= 60 + \frac{10}{10+8} \times 5$

$= 60 + \frac{10}{18} \times 5 = 60 + 2.778 = 62.778$

নির্ণেয় প্রচুরক 62.778.

গ প্রদত্ত গণসংখ্যা সারণিতে উপাত্তের শ্রেণিব্যাপ্তি বিচ্ছিন্ন। শ্রেণিব্যাপ্তি অবিচ্ছিন্ন করে সারণি :

শ্রেণিব্যাপ্তি	অবিচ্ছিন্ন শ্রেণি ব্যাপ্তি	গণসংখ্যা
45 – 49	44.5 – 49.5	4
50 – 54	49.5 – 54.5	8
55 – 59	54.5 – 59.5	10
60 – 64	59.5 – 64.5	20
65 – 69	64.5 – 69.5	12
70 – 74	69.5 – 74.5	6

ছক কাগজের প্রতি ঘরকে 1 একক ধরে X-অক্ষ বরাবর অবিচ্ছিন্ন শ্রেণিব্যাপ্তি এবং Y-অক্ষ বরাবর গণসংখ্যা নিয়ে প্রদত্ত উপাত্তের আয়তলেখ আঁকা হলো। x-অক্ষ বরাবর অবিচ্ছিন্ন শ্রেণি ব্যাপ্তি 44.5 থেকে আরম্ভ হয়েছে। মূলবিন্দু হতে 44.5 পর্যন্ত পূর্ববর্তী ঘরগুলো আছে বুঝাতে -//- ছেদ চিহ্ন ব্যবহার করা হয়েছে।



প্রশ্ন ১৫ তাপমাত্রা পরিবর্তনশীল। বাংলাদেশে সাধারণত জানুয়ারি মাসের ১ম সপ্তাহে তাপমাত্রা কম এবং জুন মাসের ৪র্থ সপ্তাহে তাপমাত্রা বেশি থাকে। 52 সপ্তাহের তাপমাত্রা ডিগ্রী সেলসিয়াস এককে নিম্নরূপ :
35, 30, 27, 42, 20, 19, 27, 36, 39, 14, 15, 38, 37, 40, 40, 12, 10, 9, 7, 20, 21, 24, 33, 30, 29, 21, 19, 31, 28, 26, 32, 30, 22, 23, 24, 41, 26, 23, 25, 22, 17, 19, 21, 23, 8, 13, 23, 24, 20, 32, 11, 17.

ক. শ্রেণিব্যাপ্তি 5 ধরে শ্রেণি সংখ্যা নির্ণয় কর।
খ. প্রদত্ত উপাত্তসমূহকে সারণি আকারে প্রকাশ করে সারণি থেকে সর্বনিম্ন এবং সর্বোচ্চ তাপমাত্রার গড় নির্ণয় কর।
গ. উপরে প্রাপ্ত সারণি ব্যবহার করে আয়তলেখ অঙ্কনের মাধ্যমে প্রচুরক নির্ণয় কর।

১৫নং প্রশ্নের সমাধান

ক এখানে, তাপমাত্রা নির্দেশক উপাত্তের সবচেয়ে ছোট সংখ্যা 7 এবং বড় সংখ্যা 42.

∴ পরিসর $= (42 - 7) + 1 = 35 + 1 = 36$

শ্রেণি ব্যাপ্তি 5 ধরে শ্রেণি সংখ্যা $= \frac{36}{5} = 7.2$ বা 8

নির্ণেয় শ্রেণি সংখ্যা 8.

খ শ্রেণি ব্যাপ্তি 5 নিয়ে গণসংখ্যা নিবেশন সারণি :

শ্রেণিব্যাপ্তি	শ্রেণি মধ্যবিন্দু (x_i)	ট্যালি	গণসংখ্যা (f_i)	f_ix_i
6 – 10	8	||||	4	32
11 – 15	13	~~||||~~	5	65
16 – 20	18	~~||||~~ |||	8	144
21 – 25	23	~~||||~~ ~~||||~~ |||	13	299
26 – 30	28	~~||||~~ ||||	9	252
31 – 35	33	~~||||~~	5	165
36 – 40	38	~~||||~~ |	6	228
41 – 45	43	||	2	86
মোট			n = 52	$\sum f_ix_i = 1271$

গড়, $\bar{x} = \frac{\sum f_ix_i}{n}$

$= \frac{1271}{52} = 24.44$

নির্ণেয় গড় 24.44.

গ খ-এর সারণির শ্রেণিব্যাপ্তি বিচ্ছিন্ন। শ্রেণিব্যাপ্তি অবিচ্ছিন্ন করে গণসংখ্যা নিবেশন সারণি :

শ্রেণিব্যাপ্তি	অবিচ্ছিন্ন শ্রেণিসীমা	গণসংখ্যা
6 – 10	5.5 – 10.5	4
11 – 15	10.5 – 15.5	5
16 – 20	15.5 – 20.5	8
21 – 25	20.5 – 25.5	13
26 – 30	25.5 – 30.5	9
31 – 35	30.5 – 35.5	5
36 – 40	35.5 – 40.5	6
41 – 45	40.5 – 45.5	2



ছক কাগজের X-অক্ষ বরাবর ক্ষুদ্রতম 1 বর্গ = 1 একক ধরে অবিচ্ছিন্ন শ্রেণিব্যাপ্তি এবং Y-অক্ষ বরাবর ক্ষুদ্রতম 2 বর্গ = 1 একক ধরে গণসংখ্যা নিয়ে আয়তলেখ আঁকা হলো। আয়তলেখ হতে দেখা যায় যে, গণসংখ্যার প্রাচুর্য (20.5 – 25.5) শ্রেণিতে। অর্থাৎ প্রচুরক (20.5 – 25.5) শ্রেণিতে বিদ্যমান। প্রচুরক নিধারণ করার জন্য প্রচুরক শ্রেণির আয়তের উপরিভাগ কৌণিক বিন্দু থেকে দুইটি আড়াআড়ি রেখাংশ আগের ও পরের আয়তের উপরিভাগের কৌণিক বিন্দুর সাথে সংযোগ করি। এদের ছেদবিন্দু থেকে সংশ্লিষ্ট ভূমির উপর লম্ব আঁকি। অঙ্কিত লম্ব x-অক্ষের যেখানে মিলিত হয় তার ব্যাপ্তি 23.25 (প্রায়) যা প্রদত্ত উপাত্তের প্রচুরক।
নির্ণেয় প্রচুরক 23.25 (প্রায়)।

www.abswer.com

www.abswer.com

বহুনির্বাচনি অংশ MCQ SECTION

প্রিয় শিক্ষার্থী, বহুনির্বাচনি অংশে তোমাদের সেরা প্রস্তুতির জন্য এসএসসি পরীক্ষার প্রশ্নোত্তরের পাশাপাশি সেরা স্কুলের টেস্ট পরীক্ষার প্রশ্নোত্তর এবং মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত প্রশ্নোত্তর সংযোজন করা হয়েছে। অনুশীলনের সুবিধার্থে প্রশ্নের নিচে সঠিক উত্তরের সপক্ষে যুক্তি (তথ্য/ব্যাখ্যা) দেওয়া হয়েছে।

সকল বোর্ডের এসএসসি পরীক্ষার বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর — সঠিক উত্তরের সপক্ষে যুক্তি সংবলিত

সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন

১. 13, 11, 8, 9, 15, 5 সংখ্যাগুলোর মধ্যক কত? [য. বো. '২০]

ক 8.5 খ 9
গ 10 ঘ 10.5

▸▸ তথ্য/ব্যাখ্যা : সংখ্যাগুলি মানের ক্রমানুসারে সাজিয়ে পাই,

[5, 8] 9, 11, [13, 15]

$\therefore$ মধ্যক $= \frac{9+11}{2} = \frac{20}{2} = 10.$

২.

শ্রেণি	10-14	15-19	20-24	25-29
গণসংখ্যা	5	6	7	2

প্রদত্ত সারণির মধ্যক কত? [য. বো. '২০]

ক 19.17 খ 19.71
গ 20.17 ঘ 20.71

▸▸ তথ্য/ব্যাখ্যা : প্রদত্ত সারণিতে মধ্যক শ্রেণি (15 – 19)

শ্রেণি	10–14	15–19	20–24	25–29	
গণসংখ্যা	5	6	7	2	n = 20

$\therefore$ মধ্যক $= L + \left(\frac{n}{2} - F_c\right) \times \frac{h}{f_m}$

$= 15 + \left(\frac{20}{2} - 5\right) \times \frac{5}{6} = 15 + (10-5) \times \frac{5}{6} = 15 + \frac{25}{6} = 19.17.$

৩.

উচ্চতা	120	125	130	135	140
গণসংখ্যা	5	8	7	6	3

প্রদত্ত উপাত্তের মধ্যক কত? [কু. বো. '২০]

ক 125 খ 130
গ 135 ঘ 140

▸▸ তথ্য/ব্যাখ্যা :

উচ্চতা	120	125	130	135	140
গণসংখ্যা	5	8	7	6	3
ক্রমযোজিত গণসংখ্যা	5	13	20	26	29

এখানে, n = 29, যা বিজোড় সংখ্যা

$\therefore$ মধ্যক $= \frac{n+1}{2}$ তম পদের মান $= \frac{29+1}{2}$ তম পদের মান

$= \frac{30}{2}$ তম পদের মান = 15 তম পদের মান = 130.

৪. 1 হতে 22 পর্যন্ত স্বাভাবিক সংখ্যার মধ্যে 3 দ্বারা বিভাজ্য সংখ্যাগুলোর মধ্যক কোনটি? [ম. বো. '২০]

ক 9 খ 12
গ 15 ঘ 18

▸▸ তথ্য/ব্যাখ্যা : 1 হতে 22 পর্যন্ত স্বাভাবিক সংখ্যার মধ্যে 3 দ্বারা বিভাজ্য সংখ্যাগুলো :

[3, 6, 9] 12, [15, 18, 21]

$\therefore$ মধ্যক = 12.

৫. 5, 15, 10, 3, 7 সংখ্যাগুলোর মধ্যক কত? [দি. বো. '২০]

ক 15 খ 10
গ 7 ঘ 5

▸▸ তথ্য/ব্যাখ্যা : সংখ্যাগুলি মানের উর্ধ্বক্রমে সাজিয়ে পাই,

[3, 5], 7, [10, 15]

মধ্যক = 7.

৬. কোনটি বিচ্ছিন্ন চলক? [ঢা. বো. '১৯]

ক তাপমাত্রা খ পাখির সংখ্যা
গ বয়স ঘ উচ্চতা

৭. গণসংখ্যা সারণি প্রস্তুত করতে হলে প্রথমে কোনটি প্রয়োজন? [সকল বোর্ড ২০১৮]

ক শ্রেণি সংখ্যা খ শ্রেণি ব্যবধান
গ পরিসর ঘ গণসংখ্যা

▸▸ তথ্য/ব্যাখ্যা : গণসংখ্যা সারণি প্রস্তুত করার ধাপসমূহ যথাক্রমে (i) পরিসর নির্ণয়, (ii) শ্রেণিসংখ্যা নির্ণয়, (iii) শ্রেণিব্যাপ্তি নির্ণয়, (iv) ট্যালি চিহ্নের সাহায্যে গণসংখ্যা নির্ণয়।

৮. উপাত্তগুলোকে সারণিভুক্ত করা হলে, প্রতি শ্রেণিতে যতগুলো উপাত্ত অন্তর্ভুক্ত করা হয়, তার নির্দেশক কোনটি? [রা. বো. '১৭]

ক শ্রেণিসীমা খ শ্রেণির মধ্যবিন্দু
গ শ্রেণি সংখ্যা ঘ শ্রেণির গণসংখ্যা

▸▸ তথ্য/ব্যাখ্যা : উপাত্তসমূহ সারণিভুক্ত করা হলে প্রতি শ্রেণিতে যতগুলো উপাত্ত অন্তর্ভুক্ত হয়, তা হচ্ছে শ্রেণির গণসংখ্যা।

৯. $\bar{x} = a + \frac{\sum f_i u_i}{n} \times h$

এক্ষেত্রে $\bar{x}$ = নির্ণেয় গড় হলে a কে কী বলা হয়? [রা. বো. '১৭]

ক শ্রেণিসীমা খ আনুমানিক গড়
গ ধাপ বিচ্যুতি ঘ শ্রেণি সংখ্যা

১০. অজিভ রেখার ক্ষেত্রে নিচের কোনটি সঠিক? [কু. বো. '১৭]

ক উর্ধ্বগামী খ নিম্নগামী
গ সমান্তরাল ঘ উল্লম্ব

১১. নিচের কোনটি বিচ্ছিন্ন চলকের উদাহরণ? [কু. বো. '১৭]

ক বয়স খ তাপমাত্রা
গ জনসংখ্যা ঘ ওজন

১২. কোনো শ্রেণির 60 জন শিক্ষার্থীর গণিতে প্রাপ্ত নম্বরের নিবেশন নিম্নরূপ :

প্রাপ্ত নম্বর	50-54	55-59	60-64	65-69	70-74	75-79	80-84	85-89	90-94
গণসংখ্যা	2	4	5	6	5	9	16	9	4

মধ্যক কোন শ্রেণিতে? [ব. বো. '১৭]

ক 75 – 79 খ 80 – 84
গ 65 – 69 ঘ 70 – 74

▸▸ তথ্য/ব্যাখ্যা : এখানে, মোট গণসংখ্যা n = 60

$\therefore \frac{n}{2} = \frac{60}{2} = 30$ যা (75 – 79) শ্রেণিতে অবস্থিত।

$\therefore$ মধ্যক শ্রেণি (75 – 79).

উত্তরের শুদ্ধতা/ নির্ভুলতা যাচাই করো

১	গ	২	ক	৩	খ	৪	খ	৫	গ	৬	খ	৭	গ	৮	ঘ	৯	খ	১০	ক	১১	গ	১২	ক

www.abswer.com

www.abswer.com

১৩. মধ্যক নির্ণয়ে F_c দ্বারা কি বুঝায়? [দি. বো. '১৭]
(ক) যোজিত গণসংখ্যা (খ) নিম্নসীমা
(গ) উচ্চসীমা (ঘ) গণসংখ্যা

১৪. লেখ নির্দিষ্ট করতে কতগুলো বিন্দু নেওয়া আবশ্যক? [য. বো. '১৬]
(ক) একটি (খ) একাধিক
(গ) দুইটি বা ততোধিক (ঘ) অসংখ্য

১৫. 1 থেকে 21 পর্যন্ত সকল বিজোড় সংখ্যার গড় কত? [য. বো. '১৬]
(ক) 9 (খ) 10
(গ) 10.5 (ঘ) 11

»» তথ্য/ব্যাখ্যা : 1 থেকে 21 পর্যন্ত বিজোড় সংখ্যা 11টি
সংখ্যাগুলোর সমষ্টি $= \frac{(1+21)\times 11}{2} = \frac{22\times 11}{2} = 11\times 11 = 121$
$\therefore$ গড় $= \frac{121}{11} = 11.$

১৬. আয়তলেখ অঙ্কনের জন্য শ্রেণিব্যাপ্তি কেমন হতে হবে? [কু. বো. '১৬]
(ক) বিচ্ছিন্ন (খ) অবিচ্ছিন্ন
(গ) ধনাত্মক পূর্ণসংখ্যা (ঘ) পূর্ণসংখ্যা

১৭. 1 থেকে 22 পর্যন্ত 3 দ্বারা বিভাজ্য সংখ্যাগুলোর মধ্যক কত? [কু. বো. '১৬]
(ক) 12 (খ) 15
(গ) 18 (ঘ) 21

»» তথ্য/ব্যাখ্যা : 1 থেকে 22 পর্যন্ত 3 দ্বারা বিভাজ্য সংখ্যাগুলো
3, 6, 9, [12], 15, 18, 21
$\therefore$ মধ্যক হবে সংখ্যাগুলোর মধ্যপদটি।

১৮.

শ্রেণি	36–40	41–45	46–50	51–55	56–60
গণসংখ্যা	7	3	5	8	2

প্রচুরক শ্রেণির মধ্যবিন্দু কত? [চ. বো. '১৬]
(ক) 55 (খ) 53
(গ) 51 (ঘ) 48

»» তথ্য/ব্যাখ্যা : এখানে, প্রচুরক শ্রেণি (51 – 55)
$\therefore$ প্রচুরক শ্রেণির মধ্যবিন্দু $= \frac{51+55}{2} = 53.$

১৯. অজিভ রেখার লেখ আঁকতে Y-অক্ষ বরাবর কোনটিকে ধরা হয়? [ব. বো. '১৬]
(ক) শ্রেণির মধ্যমান (খ) শ্রেণির গণসংখ্যা
(গ) ক্রমযোজিত গণসংখ্যা (ঘ) শ্রেণির উচ্চসীমা

২০. মধ্যক নির্ণয়ের সূত্র কোনটি? [বৃ. বো. '১৬]
(ক) $L + \left(\frac{n}{2} + F_c\right) \times \frac{h}{f_m}$ (খ) $L + \left(\frac{n}{2} - f_m\right) \times \frac{h}{F_c}$
(গ) $L + \left(\frac{n}{2} - F_c\right) \times \frac{h}{f_m}$ (ঘ) $L - \left(\frac{n}{2} - f_c\right) \times \frac{h}{F_m}$

২১. নিচের কোনটি অবিচ্ছিন্ন চলক? [ব. বো. '১৬]
(ক) শ্রেণির মধ্যমান (খ) শ্রেণির গণসংখ্যা
(গ) শ্রেণি সংখ্যা (ঘ) ক্রমযোজিত গণসংখ্যা

২২. নিচের কোনটি সঠিক? [দি. বো. '১৬]
(ক) প্রচুরক $= L - \frac{f_1}{f_1+f_2} \times h$ (খ) প্রচুরক $= L + \frac{f_1}{f_1+f_2} \times h$
(গ) প্রচুরক $= L + \frac{f_1}{f_1+f_2} - h$ (ঘ) প্রচুরক $= L + \frac{f_1}{f_1+f_2} \times h$

২৩. 5, 11, 13, 6, 13, 6, 11, 9, 6 সংখ্যাগুলোর মধ্যে প্রচুরক কোনটি? [দি. বো. '১৬]
(ক) 6 (খ) 9
(গ) 11 (ঘ) 13

»» তথ্য/ব্যাখ্যা : এখানে, উপাত্তগুলোর মধ্যে 6 আছে সর্বাধিক 3 বার, 11 আছে সর্বাধিক 2 বার, 13 আছে সর্বাধিক 2 বার এবং বাকিগুলো আছে 1 বার করে। $\therefore$ প্রচুরক হলো 6।

২৪. 35, 40, 42, 50, 56, 42, 50, 64, 42, 35, 40 নম্বরগুলোর গড় কত? [রা. বো. '১৫]
(ক) 41.09 (খ) 45.09
(গ) 49.09 (ঘ) 50.09

»» তথ্য/ব্যাখ্যা : নম্বরগুলোর সমষ্টি = 35 + 40 + 42 + 50 + 56 + 42 + 50 + 64 + 42 + 35 + 40 = 496
নম্বরগুলোর সংখ্যা 11
$\therefore$ গড় $= \frac{496}{11} = 45.09$ (প্রায়)
$\therefore$ নম্বরগুলোর গড় 45.09 (প্রায়)।

২৫. 8, 9, 7, 15, 10, 15, 11, 8, 10, 9, 8 উপাত্তগুলোর প্রচুরক কত? [য. বো. '১৫]
(ক) 8 (খ) 9
(গ) 10 (ঘ) 15

»» তথ্য/ব্যাখ্যা : উপাত্তসমূহকে মানের উর্ধ্বক্রমে সাজিয়ে পাই,
7, 8, 8, 8, 9, 9, 10, 10, 11, 15, 15
এখানে 8 আছে তিনবার, 9, 10 ও 15 আছে দুইবার করে এবং 7 ও 11 আছে একবার করে। অর্থাৎ 8 আছে সর্বাধিক বার।
সুতরাং প্রচুরক 8।

২৬. উপাত্তের সংখ্যা n বিজোড় সংখ্যা হলে মধ্যক হবে— [য. বো. '১৫; ব. বো. '১৫]
(ক) $\frac{n}{2}$ তম পদ (খ) $\frac{n-1}{2}$ তম পদ
(গ) $\frac{n+1}{2}$ তম পদ (ঘ) $\frac{n+2}{2}$ তম পদ

২৭. গ্রীষ্মকালে বাংলাদেশের কোনো একটি অঞ্চলের 10 দিনের তাপমাত্রা (সেন্টিগ্রেড) হলো : 20°, 22°, 17°, 34°, 20°, 35°, 21°, 24°, 25°, 27° সংখ্যাসূচক উপাত্তের প্রচুরক কোনটি? [কু. বো. '১৫]
(ক) 17° (খ) 20°
(গ) 22° (ঘ) 24°

»» তথ্য/ব্যাখ্যা : উপাত্তগুলোকে মানের উর্ধ্বক্রমে সাজিয়ে পাই,
17°, 20°, 20°, 21°, 22°, 24°, 25°, 27°, 34°, 35°
এখানে 20° আছে 2 বার এবং বাকি সংখ্যাগুলো আছে 1 বার করে। অর্থাৎ 20° সর্বাধিকবার আছে। সুতরাং প্রচুরক 20°.

২৮. নিচের কোনটি বিচ্ছিন্ন চলক? [সি. বো. '১৫]
(ক) বয়স (খ) উচ্চতা
(গ) ওজন (ঘ) জনসংখ্যা

»» তথ্য/ব্যাখ্যা : পরিসংখ্যানে ব্যবহৃত যে চলকের মান শুধুমাত্র পূর্ণসংখ্যা হয়, তা বিচ্ছিন্নচলক। জনসংখ্যা নির্দেশক উপাত্তে পূর্ণসংখ্যা ব্যবহৃত হয়। তাই জনসংখ্যামূলক উপাত্তের চলক হচ্ছে বিচ্ছিন্ন চলক।

২৯. গত সপ্তাহে তোমার শহরের তাপমাত্রা ছিল : 23°C, 26°C, 29°C, 25°C, 27°C, 30°C ও 29°C. গড় তাপমাত্রা কত ছিল? [ব. বো. '১৫]
(ক) 26° C (খ) 27° C
(গ) 28° C (ঘ) 29° C

»» তথ্য/ব্যাখ্যা : মোট তাপমাত্রা
= (23° + 26° + 29° + 25° + 27° + 30° + 29°)C = 189° C
দিনের সংখ্যা = 7
$\therefore$ গড় তাপমাত্রা $= \frac{189° C}{7} = 27° C.$

৩০. 15, 17, 24, 21, 16, 17, 23, 18, 20, 22 উপাত্তসমূহের মধ্যক কোনটি? [দি. বো. '১৫]
(ক) 17 (খ) 17.5
(গ) 18.5 (ঘ) 19

»» তথ্য/ব্যাখ্যা : উপাত্তগুলোকে মানের উর্ধ্বক্রম অনুসারে সাজিয়ে পাই,
[15, 16, 17, 17,] 18, 20, [21, 22, 23, 24]
$\therefore$ মধ্যক $= \frac{18+20}{2} = \frac{38}{2} = 19.$

উত্তরের শুদ্ধতা/ নির্ভুলতা যাচাই করো

১৩	ক	১৪	গ	১৫	ঘ	১৬	খ	১৭	ক	১৮	খ	১৯	গ	২০	গ	২১	ক
২২	ঘ	২৩	ক	২৪	খ	২৫	ক	২৬	গ	২৭	খ	২৮	ঘ	২৯	খ	৩০	ঘ

www.abswer.com

www.abswer.com

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

৩১. ক্রমযোজিত গণসংখ্যা প্রয়োজন—
i. প্রচুরক নির্ণয়ে
ii. মধ্যক নির্ণয়ে
iii. অজিভ রেখা নির্ণয়ে
নিচের কোনটি সঠিক? [য. বো. '২০]
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩২. পরিসংখ্যানের ক্ষেত্রে—
i. মধ্যক $= L + \left(\frac{n}{2} - F_c\right) \times \frac{h}{f_m}$
ii. প্রচুরক $= L + \frac{f_1}{f_1 + f_2} \times h$
iii. গাণিতিক গড় $= \frac{n+1}{2}$
নিচের কোনটি সঠিক? [সকল বোর্ড ২০১৮]
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩৩. যোজিত গণসংখ্যা প্রয়োজন—
i. গড় নির্ণয়ে
ii. মধ্যক নির্ণয়ে
iii. অজিভরেখা অঙ্কন করতে
নিচের কোনটি সঠিক? [ঢা. বো. '১৭]
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩৪. গণসংখ্যার সারণি তৈরি করতে—
i. পরিসর নির্ধারণ করতে হবে
ii. ক্রমযোজিত গণসংখ্যা প্রয়োজন
iii. শ্রেণিসংখ্যা নির্ধারণ করতে হবে
নিচের কোনটি সঠিক? [য. বো. '১৬]
(ক) ii ও iii (খ) i ও ii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন

■ নিচের তথ্যের আলোকে ৩৫ ও ৩৬ নং প্রশ্নের উত্তর দাও : [ঢা. বো. '২০]

শ্রেণিব্যাপ্তি	40-44	45-49	50-54	55-59	60-64	65-69
গণসংখ্যা	6	10	16	20	13	5

৩৫. মধ্যক নির্ণয়ের ক্ষেত্রে F_c এর মান কত?
(ক) 13 (খ) 16
(গ) 32 (ঘ) 65

▶▶ তথ্য/ব্যাখ্যা :

শ্রেণিব্যাপ্তি	40–44	45–49	50–54	55–59	60–64	65–69
গণসংখ্যা	6	10	16	20	13	5
ক্রমযোজিত গণসংখ্যা	6	16	32	52	65	70

এখানে, মোট গণসংখ্যা, $n = 70$

$\therefore \frac{n}{2} = \frac{70}{2} = 35$

$\therefore F_c = 32$

৩৬. প্রচুরক নির্ণয়ের ক্ষেত্রে $\frac{f_1}{f + f_2}$ এর মান কত?
(ক) 0.88 (খ) 0.64
(গ) 0.57 (ঘ) 0.36

▶▶ তথ্য/ব্যাখ্যা : এখানে, $f_1 = 20 - 16 = 4$

এবং $f_2 = 20 - 13 = 7$

$\therefore \frac{f_1}{f_1 + f_2} = \frac{4}{4+7} = \frac{4}{11} = 0.36.$

■ নিচের তথ্যের আলোকে ৩৭ ও ৩৮ নং প্রশ্নের উত্তর দাও : [রা. বো. '২০]

প্রাপ্ত নম্বর	55	60	65	70	75
ছাত্র সংখ্যা	4	6	5	3	2

৩৭. প্রদত্ত সারণির মধ্যক কোনটি?
(ক) 60 (খ) 62.5
(গ) 65 (ঘ) 67.5

▶▶ তথ্য/ব্যাখ্যা : এখানে, $n = 20$ যা জোড় সংখ্যা

$\therefore \frac{n}{2} = \frac{20}{2} = 10, \frac{n}{2} + 1 = 10 + 1 = 11$

$$\therefore \text{মধ্যক} = \frac{\frac{n}{2}\text{তম পদ} + \left(\frac{n}{2}+1\right)\text{তম পদ}}{2}$$

$$= \frac{10 \text{ তম পদ} + 11 \text{ তম পদ}}{2} = \frac{60+65}{2} = 62.5.$$

প্রাপ্ত নম্বর (x_i)	ছাত্রসংখ্যা (f_i)	ক্রমযোজিত গণসংখ্যা	f_ix_i
55	4	4	220
60	6	10	360
65	5	15	325
70	3	18	210
75	2	20	150
	$n = 20$		$\sum f_ix_i = 1265$

৩৮. প্রদত্ত সারণির গড় কোনটি?
(ক) 65.00 (খ) 63.25
(গ) 62.50 (ঘ) 60.00

▶▶ তথ্য/ব্যাখ্যা : গড়, $\bar{x} = \frac{\sum f_ix_i}{n} = \frac{1265}{20} = 63.25.$

■ নিচের উদ্দীপকের আলোকে ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও :
10 জন শিক্ষার্থীর ওজন (কেজিতে)
43, 50, 40, 38, 33, 45, 46, 36, 35, 43 । [চ. বো. '২০]

৩৯. উক্ত উপাত্তের পরিসর কত?
(ক) 18 (খ) 17
(গ) 16 (ঘ) 10

▶▶ তথ্য/ব্যাখ্যা : উপাত্তগুলি মানের ঊর্ধ্বক্রমে সাজিয়ে পাই,
33, 35, 36, 38, 40, 43, 43, 45, 46, 50

$\therefore$ পরিসর = (সর্বোচ্চ সংখ্যা − সর্বনিম্ন সংখ্যা) + 1
$= (50 - 33) + 1 = 17 + 1 = 18$

৪০. প্রদত্ত উপাত্তের মধ্যক কত?
(ক) 43.5 (খ) 42.5
(গ) 41.5 (ঘ) 40.5

▶▶ তথ্য/ব্যাখ্যা : এখানে, $n = 10$ যা জোড় সংখ্যা

$$\therefore \text{মধ্যক} = \frac{\frac{n}{2}\text{তম পদ} + \left(\frac{n}{2}+1\right)\text{তম পদ}}{2}$$

$$= \frac{5\text{তম পদ} + 6 \text{ তম পদ}}{2} = \frac{40+43}{2} = 41.5.$$

■

শ্রেণিব্যাপ্তি	11-20	21-30	31-40	41-50
গণসংখ্যা	4	16	20	14

উপরের তথ্যের আলোকে ৪১ ও ৪২ নং প্রশ্নের উত্তর দাও : [সি. বো. '২০]

৪১. উপাত্তের মধ্যক কত?
(ক) 20 (খ) 25
(গ) 34.5 (ঘ) 36.5

▶▶ তথ্য/ব্যাখ্যা : মধ্যক $= L + \left(\frac{n}{2} - F_c\right) \times \frac{h}{f_m}$
$= 31 + (27 - 20) \times \frac{10}{20} = 31 + \frac{7}{2} = 34.5$

এখানে,
$L = 31, \frac{n}{2} = \frac{54}{2} = 27$
$F_c = 20, h = 10, f_m = 20$

উত্তরের শুদ্ধতা/ নির্ভুলতা যাচাই করো

৩১	গ	৩২	ক	৩৩	গ	৩৪	গ	৩৫	গ	৩৬	ঘ	৩৭	খ	৩৮	খ	৩৯	ক	৪০	গ	৪১	গ

www.abswer.com

www.abswer.com

৪২. প্রদত্ত উপাত্তের প্রচুরক কত?

(ক) 34 (খ) 35
(গ) 36 (ঘ) 41

»» তথ্য/ব্যাখ্যা : প্রদত্ত সারণিতে সবচেয়ে বেশি গণসংখ্যা 20 আছে (31 – 40) শ্রেণিতে। সুতরাং প্রচুরক শ্রেণি (31 – 40)

শ্রেণিব্যাপ্তি	11 – 20	21 – 30	31 – 40	41 – 50
গণসংখ্যা	4	16	20	14

$\therefore$ প্রচুরক $= L + \frac{f_1}{f_1 + f_2} \times h$

$= 31 + \frac{4}{4+6} \times 10$

$= 31 + \frac{4}{10} \times 10 = 31 + 4 = 35$

এখানে, $L = 31$, $f_1 = 20 - 16 = 4$, $f_2 = 20 - 14 = 6$, $h = 10$

প্রাপ্ত নম্বর	51-60	61-70	71-80	81-90	91-100
গণসংখ্যা	8	12	15	7	8

উপরের তথ্যের আলোকে ৪৩ ও ৪৪ নং প্রশ্নের উত্তর দাও : [ব. বো. '২০]

৪৩. মধ্যক শ্রেণির ক্রমযোজিত গণসংখ্যা নিচের কোনটি?

(ক) 42 (খ) 35
(গ) 20 (ঘ) 15

»» তথ্য/ব্যাখ্যা :

প্রাপ্ত নম্বর	51-60	61-70	71-80	81-90	91-100
গণসংখ্যা	8	12	15	7	8
ক্রমযোজিত গণসংখ্যা	8	20	35	42	50

এখানে, $n = 50$

$\therefore \frac{n}{2} = \frac{50}{2} = 25$

$\therefore$ মধ্যক শ্রেণি (71 – 80)

$\therefore$ মধ্যক শ্রেণির ক্রমযোজিত গণসংখ্যা = 35.

৪৪. প্রদত্ত উপাত্তের প্রচুরক নিম্নের কোনটি?

(ক) 73.45 (প্রায়) (খ) 73.72 (প্রায়)
(গ) 77.54 (প্রায়) (ঘ) 78.27 (প্রায়)

»» তথ্য/ব্যাখ্যা : প্রচুরক $= L + \frac{f_1}{f_1 + f_2} \times h$

$= 71 + \frac{3}{3+8} \times 10$

$= 71 + \frac{30}{11} = 73.72$ (প্রায়)

প্রচুরক শ্রেণি (71 – 80)

$\therefore L = 71, f_1 = 15 - 12 = 3$

$f_2 = 15 - 7 = 8, h = 10$

নিচের উদ্দীপক থেকে ৪৫ ও ৪৬ নং প্রশ্নের উত্তর দাও : [দি. বো. '২০]

শ্রেণি	41 – 50	51 – 60	61 – 70	71 – 80
গণসংখ্যা	25	20	10	7

৪৫. প্রচুরক শ্রেণির মধ্যমান কত?

(ক) 45.5 (খ) 55.5
(গ) 65.5 (ঘ) 75.5

»» তথ্য/ব্যাখ্যা : প্রদত্ত সারণিতে সবচেয়ে বেশি সংখ্যক গণসংখ্যা 25 আছে (41 – 50) শ্রেণিতে

$\therefore$ প্রচুরক শ্রেণি (41 – 50)

$\therefore$ প্রচুরক শ্রেণির মধ্যমান $= \frac{41 + 50}{2} = 45.5$.

৪৬. সারণি থেকে মধ্যক নির্ণয়ের জন্য F_c এর মান নিচের কোনটি?

(ক) 5 (খ) 10
(গ) 20 (ঘ) 25

নিচের উদ্দীপক থেকে ৪৭ ও ৪৮ নং প্রশ্নের উত্তর দাও : [ঢা. বো. '১৯]

শ্রেণি	31-40	41-50	51-60	61-70	71-80
গণসংখ্যা	5	8	12	9	6

৪৭. মধ্যক শ্রেণির মধ্যমান কত?

(ক) 45.5 (খ) 51.5
(গ) 55.5 (ঘ) 65.5

৪৮. মধ্যক নির্ণয়ের ক্ষেত্রে–

i. $\frac{n}{2} = 20$

ii. $f_m = 12$

iii. $F_c = 15$

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

নিচের তথ্যের আলোকে ৪৯ ও ৫০ নং প্রশ্নের উত্তর দাও : [রা. বো. '১৯]

শ্রেণি ব্যবধান	21-30	31-40	41-50	51-60
গণসংখ্যা	4	12	8	10

৪৯. প্রদত্ত উপাত্তের মধ্যক শ্রেণির ঊর্ধ্বসীমা কত?

(ক) 40 (খ) 41
(গ) 50 (ঘ) 51

»» তথ্য/ব্যাখ্যা : এখানে, $n = 4 + 12 + 8 + 10 = 34$

$\therefore \frac{n}{2} = \frac{34}{2} = 17$ যা (41 – 50) শ্রেণিতে অবস্থিত।

$\therefore$ মধ্যক শ্রেণির ঊর্ধ্বসীমা 50.

৫০. উপরোক্ত তথ্যের প্রচুরক কত?

(ক) 27.67 (খ) 37.67
(গ) 47.67 (ঘ) 57.67

»» তথ্য/ব্যাখ্যা : এখানে, প্রচুরক শ্রেণি (31 – 40)

প্রচুরক $= L + \frac{f_1}{f_1 + f_2} \times h = 31 + \frac{12 - 4}{(12 - 4) + (12 - 8)} \times 10$

$= 31 + \frac{8}{8+4} \times 10 = 31 + \frac{8}{12} \times 10 = 31 + 6.67 = 37.67$.

নিচের সারণি হতে ৫১–৫৩ নং প্রশ্নের উত্তর দাও : [য. বো. '১৯]

শ্রেণিব্যাপ্তি	21–30	31–40	41–50	51–60	61–70
গণসংখ্যা	6	10	12	15	7

৫১. F_c এর মান কত?

(ক) 12 (খ) 15
(গ) 16 (ঘ) 28

»» তথ্য/ব্যাখ্যা : এখানে, $\frac{n}{2} = \frac{6 + 10 + 12 + 15 + 7}{2} = \frac{50}{2} = 25$

অতএব মধ্যক হবে 25তম পদের মান।

25 তম পদের অবস্থান (41 – 50) শ্রেণিতে।

$\therefore F_c = 6 + 10 = 16.$

৫২. মধ্যক শ্রেণির উচ্চসীমা নিচের কোনটি?

(ক) 60 (খ) 50
(গ) 40 (ঘ) 30

»» তথ্য/ব্যাখ্যা : মধ্যক শ্রেণি (41 – 50)

সুতরাং মধ্যক শ্রেণির উচ্চসীমা 50.

৫৩. প্রদত্ত উপাত্তের প্রচুরক কোনটি?

(ক) 62.73 (খ) 60
(গ) 54 (ঘ) 53.73

»» তথ্য/ব্যাখ্যা : প্রদত্ত সারণিতে সবচেয়ে বেশি সংখ্যক গণসংখ্যা 15 আছে (51 – 60) শ্রেণিতে। সুতরাং প্রচুরক শ্রেণি (51 – 60)।

$\therefore$ প্রচুরক $= L + \frac{f_1}{f_1 + f_2} \times h$

$= 51 + \frac{3}{3+8} \times 10 = 51 + \frac{30}{11} = 53.73$

এখানে, $L = 51$, $f_1 = 15 - 12 = 3$, $f_2 = 15 - 7 = 8$, $h = 10$

উত্তরের শুদ্ধতা/নির্ভুলতা যাচাই করো

৪২	খ	৪৩	খ	৪৪	খ	৪৫	ক	৪৬	ঘ	৪৭	গ	৪৮	ক	৪৯	গ	৫০	খ	৫১	গ	৫২	খ	৫৩	ঘ

www.abswer.com

www.abswer.com

■ নিচের উদ্দীপকের আলোকে ৫৪ ও ৫৫নং প্রশ্নের উত্তর দাও : [কু.বো. '১৯]

শ্রেণিব্যাপ্তি	15-19	20-24	25-29	30-34
গণসংখ্যা	2	8	10	6

৫৪. প্রচুরক নির্ণয়ে $(f_1 + f_2)$ এর মান কোনটি?

(ক) 4 (খ) 6
(গ) 8 (ঘ) 10

▶▶ তথ্য/ব্যাখ্যা : প্রদত্ত সারণিতে বেশি সংখ্যক গণসংখ্যা 10 আছে (25 – 29) শ্রেণিতে।

15 – 19	20 – 24	25 – 29	30 – 34
2	8	10	6

∴ প্রচুরক শ্রেণি (25 – 29)

∴ $f_1 = 10 - 8 = 2$

, $f_2 = 10 - 6 = 4$

∴ $f_1 + f_2 = 2 + 4 = 6.$

৫৫. উপাত্তসমূহের মধ্যক কোনটি?

(ক) 26.2 (খ) 26.5
(গ) 31.0 (ঘ) 36.5

▶▶ তথ্য/ব্যাখ্যা : এখানে, মধ্যক শ্রেণি (25 – 29)

∴ $L = 25, \frac{n}{2} = 13, F_c = 10, f_m = 10, h = 5$

∴ মধ্যক $= L + \left(\frac{n}{2} - F_c\right) \times \frac{h}{f_m}$

$= 25 + (13 - 10) \times \frac{5}{10} = 26.50.$

■ নিচের তথ্যের আলোকে ৫৬ ও ৫৭নং প্রশ্নের উত্তর দাও : [চ. বো. '১৯]

শ্রেণি ব্যাপ্তি	11-20	21-30	31-40	41-50
গণসংখ্যা	10	20	22	8

৫৬. প্রদত্ত সারণী থেকে মধ্যক নির্ণয়ের f_m কত?

(ক) 10 (খ) 20
(গ) 22 (ঘ) 30

▶▶ তথ্য/ব্যাখ্যা : এখানে, $\frac{n}{2} = \frac{10 + 20 + 22 + 8}{2} = \frac{60}{2} = 30$

∴ মধ্যক শ্রেণি = 21 – 30

∴ f_m = মধ্যক শ্রেণির গণসংখ্যা = 20.

৫৭. প্রদত্ত উপাত্তের প্রচুরক কত?

(ক) 35.50 (খ) 32.25
(গ) 31.71 (ঘ) 29.33

▶▶ তথ্য/ব্যাখ্যা : এখানে, প্রচুরক শ্রেণি (31 – 40)

∴ $L = 31, f_1 = 22 - 20 = 2, f_2 = 22 - 8 = 14, h = 10$

প্রচুরক $= L + \frac{f_1}{f_1 + f_2} \times h$

$= 31 + \frac{2}{2 + 14} \times 10 = 31 + 1.25 = 32.25.$

■ নিচের তথ্য পড়ে ৫৮ ও ৫৯ নং প্রশ্নের উত্তর দাও : [সি. বো. '১৯]
9, 17, 11, 20, 19, 10, 15, 12, 13.

৫৮. সংখ্যাগুলোর গাণিতিক গড় কত?

(ক) 12.6 (খ) 13
(গ) 14 (ঘ) 14.5

▶▶ তথ্য/ব্যাখ্যা :

গড় $= \frac{9 + 17 + 11 + 20 + 19 + 10 + 15 + 12 + 13}{9} = \frac{126}{9} = 14.$

৫৯. মধ্যক নিচের কোনটি?

(ক) 11 (খ) 12
(গ) 13 (ঘ) 15

▶▶ তথ্য/ব্যাখ্যা : উপাত্তগুলোকে মানের উর্ধ্বক্রম অনুসারে সাজিয়ে পাই,

[9, 10, 11, 12,] 13, [15, 17, 19, 20]

∴ মধ্যক 13.

■ নিচের তথ্যের আলোকে ৬০ ও ৬১ নং প্রশ্নের উত্তর দাও : [ব. বো. '১৯]

শ্রেণি	20 – 29	30 – 39	40 – 49	50 – 59
গণসংখ্যা	5	6	7	2

৬০. প্রদত্ত সারণির মধ্যক কত?

(ক) 33 (খ) 38
(গ) 38.33 (প্রায়) (ঘ) 43.33 (প্রায়)

▶▶ তথ্য/ব্যাখ্যা : এখানে, মধ্যক শ্রেণি (30 – 39)

∴ $L = 30, \frac{n}{2} = \frac{20}{2} = 10, F_c = 5, f_m = 6, h = 10$

মধ্যক $= L + \left(\frac{n}{2} - F_c\right) \times \frac{h}{f_m} = 30 + (10 - 5) \times \frac{10}{6} = 38.33.$

৬১. প্রদত্ত সারণির প্রচুরক কত?

(ক) 46.67 (প্রায়) (খ) 41.67 (প্রায়)
(গ) 38.33 (প্রায়) (ঘ) 37.50 (প্রায়)

▶▶ তথ্য/ব্যাখ্যা : এখানে, প্রচুরক শ্রেণি (40 – 49)

∴ $L = 40, f_1 = 7 - 6 = 1, f_2 = 7 - 2 = 5, h = 10$

প্রচুরক $= L + \frac{f_1}{f_1 + f_2} \times h = 40 + \frac{1}{1 + 5} \times 10 = 40 + 1.67 = 41.67.$

■ নিচের তথ্য থেকে ৬২ ও ৬৩নং প্রশ্নের উত্তর দাও : [দি. বো. '১৯]
ছত্রিশ জন শিক্ষার্থীর ভর (কেজিতে) এর গণসংখ্যা সারণি দেওয়া হলো :

শ্রেণি ব্যাপ্তি	30–35	36–41	42–47	48–53	54–59
গণসংখ্যা	3	11	12	6	4

৬২. প্রচুরক নিচের কোনটি?

(ক) 47.14 (খ) 46.29
(গ) 42.86 (ঘ) 42.71

▶▶ তথ্য/ব্যাখ্যা : প্রদত্ত সারণিতে বেশি সংখ্যক গণসংখ্যা 12 আছে (42 – 47) এই শ্রেণিতে,

∴ প্রচুরক শ্রেণি (42 – 47)।

প্রচুরক $= L + \frac{f_1}{f_1 + f_2} \times h$

$= 42 + \frac{1}{1 + 6} \times 6 = 42.86.$

এখানে, $L = 42$
$f_1 = 12 - 11 = 1$
$f_2 = 12 - 6 = 6$
$h = 6$

৬৩. মধ্যক শ্রেণির উর্ধ্বসীমা কত?

(ক) 41 (খ) 42
(গ) 47 (ঘ) 48

▶▶ তথ্য/ব্যাখ্যা : এখানে, $\frac{n}{2} = \frac{36}{2} = 18$ যা (42 – 47) শ্রেণিতে অবস্থিত।

∴ মধ্যক শ্রেণি (42 – 47)

∴ মধ্যক শ্রেণির উর্ধ্বসীমা 47.

■ নিচের উপাত্তের ভিত্তিতে ৬৪ ও ৬৫ নং প্রশ্নের উত্তর দাও :
13, 19, 17, 14, 16, 15, 18, 20। [ঢা. বো. '১৭]

৬৪. প্রদত্ত উপাত্তের গাণিতিক গড় কত?

(ক) 15.5 (খ) 16.5
(গ) 17.5 (ঘ) 18.5

▶▶ তথ্য/ব্যাখ্যা : গড় $= \frac{13 + 19 + 17 + 14 + 16 + 15 + 18 + 20}{8}$

$= \frac{132}{8} = 16.5.$

৬৫. প্রদত্ত উপাত্তের মধ্যক কোনটি?

(ক) 8.5 (খ) 9.5
(গ) 15.5 (ঘ) 16.5

▶▶ তথ্য/ব্যাখ্যা : উপাত্তগুলোকে মানের উর্ধ্বক্রম অনুসারে সাজিয়ে পাই–

[13, 14, 15,] 16, 17, [18, 19, 20]

∴ মধ্যক $= \frac{16 + 17}{2} = \frac{33}{2} = 16.5.$

উত্তরের শুদ্ধতা/ নির্ভুলতা যাচাই করো

৫৪	খ	৫৫	খ	৫৬	খ	৫৭	খ	৫৮	গ	৫৯	গ	৬০	গ	৬১	খ	৬২	গ	৬৩	গ	৬৪	খ	৬৫	ঘ

www.abswer.com

www.abswer.com

■ কোনো বাড়ির নয়জন লোকের বয়স যথাক্রমে 25, 45, 30, 38, 60, 50, 47, 56 ও 59 বছর। [য. বো. '১৭]

উপরের তথ্যের আলোকে ৬৬–৬৮ নং প্রশ্নের উত্তর দাও :

৬৬. প্রদত্ত উপাত্তের পরিসর কত?
ক 36 খ 45
গ 44 ঘ 43

» তথ্য/ব্যাখ্যা : এখানে, সর্বোচ্চ মান 60 এবং সর্বনিম্ন মান 25

$\therefore$ পরিসর $= (60 - 25) + 1 = 35 + 1 = 36$.

৬৭. মধ্যক কত?
ক 60 খ 55
গ 49 ঘ 47

» তথ্য/ব্যাখ্যা : উপাত্তগুলোকে মানের ঊর্ধ্বক্রম অনুসারে সাজিয়ে পাই,

[25, 30, 38, 45,] 47, [50, 56, 59, 60]

$\therefore$ মধ্যক = 47.

৬৮. শ্রেণি ব্যবধান 10 হলে শ্রেণি সংখ্যা কত?
ক 9 খ 5
গ 4.5 ঘ 4

» তথ্য/ব্যাখ্যা : শ্রেণিসংখ্যা $= \frac{\text{পরিসর}}{\text{শ্রেণিব্যাপ্তি}} = \frac{36}{10} = 3.6 \cong 4.$

■ নিচের তথ্যের ভিত্তিতে ৬৯ ও ৭০নং প্রশ্নের উত্তর দাও :

শ্রেণি	11-20	21-30	31-40	41-50
গণসংখ্যা	5	15	10	20

[চ. বো. '১৭]

৬৯. মধ্যক শ্রেণির নিম্নসীমা কত?
ক 11 খ 21
গ 31 ঘ 41

» তথ্য/ব্যাখ্যা : মোট গণসংখ্যা, $n = 5 + 15 + 10 + 20 = 50$

$\therefore \frac{n}{2} = \frac{50}{2} = 25$ যা $(31 - 40)$ শ্রেণিতে অবস্থিত।

$\therefore$ মধ্যক শ্রেণি $(31 - 40)$ $\therefore$ মধ্যক শ্রেণির নিম্নসীমা 31.

৭০. উপস্থাপিত উপাত্তের প্রচুরক কত?
ক 34.33 খ 37.67
গ 44.33 ঘ 46.00

» তথ্য/ব্যাখ্যা : এখানে, গণসংখ্যা 20 সবচেয়ে বেশি যা (41 – 50) শ্রেণিতে অবস্থিত। সুতরাং প্রচুরক শ্রেণি (41 – 50)।

$\therefore$ প্রচুরক $= L + \frac{f_1}{f_1 + f_2} \times h = 41 + \frac{20 - 10}{(20 - 10) + (20 - 0)} \times 10$

$= 41 + \frac{10}{10 + 20} \times 10 = 41 + \frac{100}{30} = 41 + 3.33 = 44.33.$

■ নিচের উদ্দীপকের আলোকে ৭১ ও ৭২ নং প্রশ্নের উত্তর দাও :

10 জন বালকের ওজন (কেজিতে) :

46, 45, 33, 38, 43, 40, 50, 43, 35, 36 [সি. বো. '১৭]

৭১. উক্ত উপাত্তের পরিসর কত?
ক 10 খ 16
গ 17 ঘ 18

» তথ্য/ব্যাখ্যা : এখানে সর্বোচ্চমান 50 এবং সর্বনিম্নমান 33

$\therefore$ পরিসর $= (50 - 33) + 1 = 17 + 1 = 18.$

৭২. উক্ত উপাত্তের মধ্যক কত?
ক 40.5 খ 41.5
গ 42.5 ঘ 43.5

» তথ্য/ব্যাখ্যা : উপাত্তগুলোকে মানের ঊর্ধ্বক্রম অনুসারে সাজিয়ে পাই,

[33, 35, 36, 38,] 40, 43, [43, 45, 46, 50]

$\therefore$ মধ্যক $= \frac{40 + 43}{2} = \frac{83}{2} = 41.5.$

■

শ্রেণি	11-20	21-30	31-40	41-50
গণসংখ্যা	4	18	22	16

উপরের উদ্দীপকের আলোকে ৭৩–৭৫ নং প্রশ্নের উত্তর দাও :

৭৩. উপরোক্ত উদ্দীপকে মধ্যক কোন শ্রেণিতে? [ঢা. বো. '১৬]
ক 11–20 খ 21–30
গ 31–40 ঘ 41–50

» তথ্য/ব্যাখ্যা : এখানে, $n = 4 + 18 + 22 + 16 = 60$

$\therefore \frac{n}{2} = \frac{60}{2} = 30$

$\therefore$ মধ্যক হবে 30 তম পদের মান।

30 তম পদের অবস্থান 31 – 40 শ্রেণিতে।

সুতরাং মধ্যক শ্রেণি হলো 31 – 40.

৭৪. প্রচুরক শ্রেণির নিম্নসীমা কোনটি? [ঢা. বো. '১৬]
ক 41 খ 31
গ 21 ঘ 11

» তথ্য/ব্যাখ্যা : এখানে, 31 – 40 শ্রেণিতে গণসংখ্যা সবচেয়ে বেশি। সুতরাং প্রচুরক শ্রেণি হলো 31 – 40। এর নিম্নসীমা 31।

৭৫. মধ্যক কত? [ঢা. বো. '১৬]
ক 31 খ 32.8
গ 34.63 ঘ 35.5

» তথ্য/ব্যাখ্যা : মধ্যক শ্রেণি 31 – 40।

এখানে, $L = 31, F_c = 22, f_m = 22, h = 10$

$\therefore$ মধ্যক $= L + \left(\frac{n}{2} - F_c\right) \times \frac{h}{f_m}$

$= 31 + (30 - 22) \times \frac{10}{22} = 31 + 8 \times \frac{10}{22} = 34.63.$

■ নিচের উপাত্তগুলোর আলোকে ৭৬ ও ৭৭ নং প্রশ্নের উত্তর দাও :

14, 10, 8, 11, 9, 6, 12, 15, 11, 10, 18 [রা. বো. '১৬]

৭৬. উপাত্তগুলোর মধ্যক কোনটি?
ক 12 খ 11
গ 10 ঘ 9

» তথ্য/ব্যাখ্যা : প্রদত্ত সংখ্যাগুলোকে মানের ঊর্ধ্বক্রমানুসারে সাজিয়ে পাই, [6, 8, 9, 10, 10,] 11, [11, 12, 14, 15, 18]

$\therefore$ মধ্যক = 11.

৭৭. উপাত্তগুলোর প্রচুরক কোনটি?
ক 10 খ 11
গ 12 ঘ 10 এবং 11

» তথ্য/ব্যাখ্যা : প্রদত্ত উপাত্তে 10 ও 11 সর্বাধিক 2 বার করে আছে।

■. নিচের তথ্যের আলোকে ৭৮ ও ৭৯ নং প্রশ্নের উত্তর দাও :

10 জন বালকের ওজন (কেজিতে) যথাক্রমে :

45, 37, 32, 35, 42, 40, 48, 43, 36, 46। [চ. বো. '১৬]

৭৮. উক্ত উপাত্তের পরিসর কত?
ক 17 খ 16
গ 14 ঘ 13

» তথ্য/ব্যাখ্যা : এখানে, পরিসর $= (48 - 32) + 1 = 16 + 1 = 17.$

৭৯. মধ্যক কত?
ক 43 খ 42
গ 41 ঘ 40

» তথ্য/ব্যাখ্যা : সংখ্যাগুলোকে মানের ক্রমানুসারে ঊর্ধ্বক্রমে সাজিয়ে পাই, [32, 35, 36, 37,] 40, [43, 45, 46, 48]

$\therefore$ মধ্যক $= \frac{40 + 42}{2} = 41.$

উত্তরের শুদ্ধতা/ নির্ভুলতা যাচাই করো

৬৬	ক	৬৭	ঘ	৬৮	ঘ	৬৯	গ	৭০	গ	৭১	ঘ	৭২	খ	৭৩	গ	৭৪	খ	৭৫	গ	৭৬	খ	৭৭	ঘ	৭৮	ক	৭৯	গ

www.abswer.com

www.abswer.com

■ 10 জন শ্রমিকের এক দিনের পারিশ্রমিক (টাকায়) দেওয়া হলো

200	300	200	265	290
225	275	280	270	200

উপরের তথ্যের আলোকে নিচের ৮০ ও ৮১ নং প্রশ্নের উত্তর দাও : [সি. বো. '১৬]

৮০. শ্রেণি ব্যবধান 10 হলে শ্রেণি সংখ্যা কত হবে?
ⓚ 9 ⓙ 10
ⓖ 11 ⓘ 12

▶▶ **তথ্য/ব্যাখ্যা :** পরিসর = (300 − 200) + 1 = 101

শ্রেণি ব্যবধান 10 হলে শ্রেণি সংখ্যা $\frac{101}{10} = 10.1 \approx 11$.

৮১. উপাত্তগুলোর প্রচুরক কত?
ⓚ 200 ⓙ 225
ⓖ 270 ⓘ 300

▶▶ **তথ্য/ব্যাখ্যা :** এখানে উপাত্তগুলোর মধ্যে 200 আছে সর্বাধিক 2 বার এবং বাকি সংখ্যাগুলো প্রত্যেকেই 1 বার করে আছে।
∴ প্রচুরক হলো 200।

■ নিচের তথ্যের আলোকে ৮২ ও ৮৩ নং প্রশ্নের উত্তর দাও :

শ্রেণি ব্যবধান	30-39	40-49	50-59	60-69
গণসংখ্যা	8	16	30	14

৮২. মধ্যক শ্রেণির গণসংখ্যা কত? [ঢা. বো. '১৫]
ⓚ 16 ⓙ 24
ⓖ 30 ⓘ 34

▶▶ **তথ্য/ব্যাখ্যা :**

শ্রেণি ব্যবধান	গণসংখ্যা	ক্রমযোজিত গণসংখ্যা
30 – 39	8	8
40 – 49	16	24
50 – 59	30	54
60 – 69	14	64
মোট	n = 68	

এখানে, n = 68 এবং $\frac{n}{2} = \frac{68}{2} = 34$

অতএব মধ্যক হবে 34 তম পদের মান।
34 তম পদের অবস্থান (50 – 59) শ্রেণিতে।
(50 – 59) শ্রেণির গণসংখ্যা 30
∴ মধ্যক শ্রেণির গণসংখ্যা 30.

৮৩. উপাত্তের প্রচুরক— [ঢা. বো. '১৫]
ⓚ 45.33 ⓙ 50.53
ⓖ 54.67 ⓘ 55.33

▶▶ **তথ্য/ব্যাখ্যা :** এখানে, গণসংখ্যা সর্বাধিক বার 30 আছে (50 – 59) শ্রেণিতে।
অতএব, প্রচুরক (50 – 59) শ্রেণিতে আছে।
এখানে, L = 50
$f_1 = 30 - 16 = 14$
$f_2 = 30 - 14 = 16$ এবং h = 10

প্রচুরক $= L + \frac{f_1}{f_1 + f_2} \times h$

$= 50 + \frac{14}{14+16} \times 10 = 50 + \frac{14}{30} \times 10 = 50 + 4.67 = 54.67$

∴ প্রচুরক 54.67.

■ নিচের তথ্যের আলোকে ৮৪ ও ৮৫ নং প্রশ্নের উত্তর দাও :

শ্রেণি	21-30	31-40	41-50	51-60
গণসংখ্যা	4	12	8	10

৮৪. উদ্দীপকের মধ্যক শ্রেণির ঊর্ধ্বসীমা কত? [রা. বো. '১৫]
ⓚ 31 ⓙ 40
ⓖ 50 ⓘ 60

৮৫. উপরোক্ত তথ্যের প্রচুরক কত (প্রায়)? [রা. বো. '১৫]
ⓚ 34.33 ⓙ 37.67
ⓖ 41.83 ⓘ 47.67

▶▶ **তথ্য/ব্যাখ্যা :** এখানে গণসংখ্যার সবচেয়ে বেশি 12 যা (31 – 40) শ্রেণিতে অবস্থিত। সুতরাং প্রচুরক শ্রেণি (31 – 40)।

∴ প্রচুরক $= L + \frac{f_1}{f_1 + f_2} \times h$

$= 31 + \frac{8}{8+4} \times 10$

$= 31 + \frac{80}{12} = 31 + 6.67 = 37.67.$

এখানে,
L = 31
$f_1 = 12 - 4 = 8$
$f_2 = 12 - 8 = 4$
h = 10.

■ 10 জন শ্রমিকের মঙ্গলবারের পারিশ্রমিক নিম্নরূপ :
150, 130, 145, 170, 140, 190, 180, 165, 175, 200
উপরের তথ্যের ভিত্তিতে ৮৬–৮৮নং প্রশ্নের উত্তর দাও :

৮৬. উপাত্তগুলোর পরিসর কত? [চ. বো. '১৫]
ⓚ 69 ⓙ 70
ⓖ 71 ⓘ 75

▶▶ **তথ্য/ব্যাখ্যা :** এখানে, পারিশ্রমিক নির্দেশক উপাত্তের সবচেয়ে ছোট সংখ্যা 130 এবং সবচেয়ে বড় সংখ্যা 200
∴ উপাত্তের পরিসর = (200 – 130) + 1 = 70 + 1 = 71.

৮৭. শ্রেণি ব্যবধান 10 হলে শ্রেণি সংখ্যা কত হবে? [চ. বো. '১৫]
ⓚ 9 ⓙ 8
ⓖ 7 ⓘ 6

▶▶ **তথ্য/ব্যাখ্যা :** শ্রেণিসংখ্যা $= \frac{\text{পরিসর}}{\text{শ্রেণি ব্যবধান}} = \frac{71}{10} = 7.1 \cong 8.$

৮৮. উপাত্তগুলোর গাণিতিক গড় কত? [চ. বো. '১৫]
ⓚ 165.4 ⓙ 165
ⓖ 164.5 ⓘ 164

▶▶ **তথ্য/ব্যাখ্যা :** মোট পারিশ্রমিক
= 150 + 130 + 145 + 170 + 140 + 190 + 180 + 165 + 175 + 200 = 1645
শ্রমিক সংখ্যা = 10 জন

∴ উপাত্তগুলোর গাণিতিক গড় $= \frac{1645}{10} = 164.5.$

■

শ্রেণি	6–10	11–15	16–20	21–25
ঘটন সংখ্যা	4	10	15	20

এই সারণির আলোকে ৮৯ ও ৯০ নং প্রশ্নের উত্তর দাও :

৮৯. প্রচুরক নির্ণয়ের কোন সূত্রটি সঠিক? [সি. বো. '১৫]
ⓚ $L + \frac{f_1 + f_2}{f_1} \times h$ ⓙ $L + \frac{f_2}{f_1 + f_2} \times h$
ⓖ $L + \frac{f_1}{f_1 + f_2} \times h$ ⓘ $L + \frac{f_1}{f_1 + f_2}$

▶▶ **তথ্য/ব্যাখ্যা :** প্রচুরক $= L + \frac{f_1}{f_1 + f_2} \times h$
যেখানে L = প্রচুরক শ্রেণির নিম্নমান,
f_1 = প্রচুরক শ্রেণির গণসংখ্যা – পূর্ববর্তী শ্রেণির গণসংখ্যা,
f_2 = প্রচুরক শ্রেণির গণসংখ্যা – পরবর্তী শ্রেণির গণসংখ্যা
এবং h = শ্রেণিব্যাপ্তি।

৯০. এখানে, L = 21, h = 5, f_1 ও f_2 এর মান কত? [সি. বো. '১৫]
ⓚ 5, 20 ⓙ 20, 5
ⓖ 5, 5 ⓘ 20, 15

▶▶ **তথ্য/ব্যাখ্যা :** ঘটনসংখ্যা বা গণসংখ্যা সর্বাধিকবার 20 আছে (21 – 25) শ্রেণিতে।
অর্থাৎ প্রচুরক (21–25) শ্রেণিতে আছে।
এখানে, L = 21, h = 5, $f_1 = 20 - 15 = 5$
এবং $f_2 = 20 - 0 = 20$
∴ f_1 ও f_2 এর মান যথাক্রমে 5 ও 20.

উত্তরের শুদ্ধতা/নির্ভুলতা যাচাই করো

৮০	৮১	৮২	৮৩	৮৪	৮৫	৮৬	৮৭	৮৮	৮৯	৯০
ⓖ	ⓚ	ⓖ	ⓖ	ⓖ	ⓙ	ⓖ	ⓘ	ⓖ	ⓙ	ⓚ

www.abswer.com

www.abswer.com

শীর্ষস্থানীয় স্কুলসমূহের টেস্ট পরীক্ষার বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর — বিষয়বস্তুর ধারায় প্রণীত

সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন

৯১. যদি উপাত্তের সংখ্যা n হয় এবং n যদি বিজোড় সংখ্যা হয়, তবে মধ্যক হবে কোন পদের মান? [ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ, ঢাকা]

ক $\frac{n}{2}$ তম
খ $\frac{n+1}{2}$ তম
গ $\frac{n+2}{2}$ তম
ঘ $\left(\frac{n+3}{2}\right)$ তম

▶▶ তথ্য/ব্যাখ্যা : n জোড় হলে $\left(\frac{n}{2}+1\right)$ তম পদ

n বিজোড় হলে $\left(\frac{n-1}{2}+1\right)$ তম পদ ও $\left(\frac{n+1}{2}+1\right)$ তম পদ।

৯২. 20, 30, 35, 31, 20, 40, 42, 45, 32, 35 নম্বরগুলোর মধ্যে প্রচুরক কোনটি? [আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]

ক 20
খ 45
গ 35
ঘ 20 ও 35

▶▶ তথ্য/ব্যাখ্যা : প্রদত্ত নম্বরগুলোর মধ্যে 20 ও 35 আছে সর্বাধিক 2 বার করে।

∴ প্রচুরক 20 ও 35.

৯৩. 8, 9, 7, 15, 10, 9, 11, 8, 10 উপাত্তগুলোর মধ্যক কত? [মাইলস্টোন কলেজ, ঢাকা]

ক 8
খ 9
গ 10
ঘ 11

▶▶ তথ্য/ব্যাখ্যা : উপাত্তগুলোকে মানের উর্ধ্বক্রমে সাজিয়ে পাই,

7, 8, 8, 9, [9], 10, 10, 11, 15

∴ মধ্যক 9.

৯৪. 2, 4, 5, 8, 7, 12, 4, 15 উপাত্তের মধ্যক কত? [বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা]

ক 2
খ 4
গ 6
ঘ 7

▶▶ তথ্য/ব্যাখ্যা : 2, 4, 4, [5, 7] 8, 12, 15, মধ্যক $=\frac{5+7}{2}=6$

৯৫. 1 থেকে 22 পর্যন্ত 3 দ্বারা বিভাজ্য সংখ্যাগুলোর মধ্যক কত? [বরিশাল জিলা স্কুল, বরিশাল]

ক 9
খ 12
গ 15
ঘ 18

▶▶ তথ্য/ব্যাখ্যা : 1 থেকে 22 পর্যন্ত 3 দ্বারা বিভাজ্য সংখ্যাগুলো :

[3, 6, 9,] 12, [15, 18, 21]

∴ মধ্যক = 12.

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

৯৬. কেন্দ্রীয় প্রবণতার পরিমাপ হলো—

i. আয়তলেখ
ii. গড়
iii. মধ্যক

নিচের কোনটি সঠিক? [বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, বগুড়া]

ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

▶▶ তথ্য/ব্যাখ্যা : কেন্দ্রীয় প্রবণতার পরিমাপ হলো : গড়, মধ্যক ও প্রচুরক।

সুতরাং (ii) ও (iii) সঠিক।

৯৭. যোজিত গণসংখ্যা প্রয়োজন—

i. গড় নির্ণয়ে
ii. মধ্যক নির্ণয়ে
iii. অজিভ রেখা অঙ্কন করতে

নিচের কোনটি সঠিক? [ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর]

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন

■ নিচের গণসংখ্যা সারণি থেকে ৯৮ ও ৯৯নং প্রশ্নের উত্তর দাও : [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]

শ্রেণিব্যাপ্তি	6 – 10	11 – 15	16 – 20	21 – 25	26 – 30
গণসংখ্যা	6	7	10	8	5

৯৮. মধ্যক শ্রেণির ক্রমযোজিত গণসংখ্যা কত?

ক 13
খ 23
গ 31
ঘ 36

৯৯. উপরের গণসংখ্যা নিবেশন সারণির ক্ষেত্রে—

i. $f_m = 10$
ii. $F_c = 13$
iii. $f_1 = 3$ এবং $f_2 = 2$

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

■ নিচের তথ্যের ভিত্তিতে ১০০ ও ১০১ নং প্রশ্নের উত্তর দাও : [আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]

প্রাপ্ত নম্বর	5 – 10	11 – 16	17 – 22	23 – 28	29 – 34
গণসংখ্যা	4	10	15	6	3

১০০. মধ্যক শ্রেণির নিম্নসীমা কত?

ক 13.5
খ 19.5
গ 22.5
ঘ 17

১০১. প্রচুরক কত?

ক 14.86
খ 15.21
গ 19.14
ঘ 24.5

■ নিচের তথ্যের আলোকে ১০২ ও ১০৩নং প্রশ্নের উত্তর দাও : [জামালপুর জিলা স্কুল, জামালপুর]

শ্রেণি ব্যবধান	31–40	41–50	51–60	61–70	71–80
গণসংখ্যা	8	12	13	5	2

১০২. মধ্যক শ্রেণির মধ্যমান কত?

ক 55.5
খ 45.5
গ 45
ঘ 55

▶▶ তথ্য/ব্যাখ্যা : প্রদত্ত সারণিতে মধ্যক শ্রেণি (51 – 60)

∴ মধ্যক শ্রেণির মধ্যমান $=\frac{51+60}{2}=\frac{111}{2}=55.5.$

১০৩. প্রচুরক কত?

ক 45.11
খ 45.5
গ 54.11
ঘ 52.11

▶▶ তথ্য/ব্যাখ্যা : প্রদত্ত সারণিতে সর্বাধিক গণসংখ্যা 13 আছে (51 – 60) শ্রেণিতে

∴ প্রচুরক শ্রেণি (51 – 60)

∴ প্রচুরক $= L+\frac{f_1}{f_1+f_2}\times h$

$= 51+\frac{1}{1+8}\times 10$

$= 51+\frac{10}{9} = 51+1.11 = 52.11.$

$L = 51$
$f_1 = 13 - 12 = 1$
$f_2 = 13 - 5 = 8$
$h = 10$

উত্তরের শুদ্ধতা/নির্ভুলতা যাচাই করো

৯১	খ	৯২	ঘ	৯৩	খ	৯৪	গ	৯৫	খ	৯৬	খ	৯৭	গ	৯৮	খ	৯৯	ঘ	১০০	ঘ	১০১	গ	১০২	ক	১০৩	ঘ

www.abswer.com

www.abswer.com

■ নিচের নিবেশন সারণি থেকে ১০৪ ও ১০৫নং প্রশ্নের উত্তর দাও :
[শহীদ বীর উত্তম লেঃ আনোয়ার গার্লস কলেজ, ঢাকা]

শ্রেণি	21 – 30	31 – 40	41 – 50	51 – 60
গণসংখ্যা	15	25	35	45

১০৪. মধ্যক নির্ণয়ের ক্ষেত্রে F_C এর মান কত?
ক 25 খ 35
গ 40 ঘ 45

▸▸ তথ্য/ব্যাখ্যা : F_c = মধ্যক শ্রেণির আগের শ্রেণির ক্রমযোজিত গণসংখ্যা

$n = 120; \frac{n}{2} = \frac{120}{2} = 60$

∴ (41 – 50) মধ্যক শ্রেণি।

সুতরাং F_c = (31 – 40) শ্রেণির আগের শ্রেণির ক্রমযোজিত গণসংখ্যা $= 15 + 25 = 40$।

১০৫. প্রচুরক নির্ণয়ের ক্ষেত্রে f_2 এর মান কত?
ক 45 খ 35
গ 10 ঘ 0

■ নিচের তথ্যের আলোকে ১০৬ — ১০৮ নং প্রশ্নের উত্তর দাও :
[হলি ক্রস উচ্চ বালিকা বিদ্যালয়, ঢাকা]

শ্রেণি	21 – 30	31 – 40	41 – 50	51 – 60
গণসংখ্যা	4	14	6	8

১০৬. উদ্দীপকের মধ্যক শ্রেণির উচ্চসীমা কত?
ক 40 খ 41
গ 50 ঘ 51

▸▸ তথ্য/ব্যাখ্যা :

শ্রেণি	21 – 30	31 – 40	41 – 50	51 – 60
গণসংখ্যা	4	14	6	8
যোজিতফল	4	18	24	32

$\frac{n}{2} = \frac{32}{2}$ তম পদ = 16 তম পদ মধ্যক ∴ মধ্যক শ্রেণি 31 – 40।

১০৭. প্রচুরক শ্রেণি কোনটি?
ক 21 – 30 খ 31 – 40
গ 41 – 50 ঘ 51 – 60

১০৮. প্রচুরক কত? [হলি ক্রস উচ্চ বালিকা বিদ্যালয়, ঢাকা]
ক 33 খ 35.44
গ 36.56 ঘ 49

▸▸ তথ্য/ব্যাখ্যা : $f_1 = 14 - 4 = 10, f_2 = 14 - 6 = 8$

∴ প্রচুরক $= L + \frac{f_1}{f_1 + f_2} \times h = 31 + \frac{10}{10 + 8} \times 10 = 36.56.$

■ নিচের সারণি থেকে ১০৯ ও ১১০ নং প্রশ্নের উত্তর দাও :
[সেন্ট যোসেফ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা]

31 – 40	41 – 50	51 – 60	61 – 70	71 – 80
6	12	16	24	12

১০৯. মধ্যক শ্রেণির নিম্নসীমা কত?
ক 41 খ 51
গ 61 ঘ 71

▸▸ তথ্য/ব্যাখ্যা : মধ্যক শ্রেণি = (61 – 70)
নিম্নসীমা = 61.

১১০. উপস্থাপিত উপাত্তের মধ্যক কত?
ক 61.4 খ 63.5
গ 65.5 ঘ 35.5

▸▸ তথ্য/ব্যাখ্যা : $L + \left(\frac{n}{২} - F_c\right) \times \frac{h}{f_m}$

$= 61 + (35 - 34) \times \times \frac{10}{24}$

$= 61 + 1 \times \frac{10}{24} = 61 + \frac{10}{24} = 61.4.$

মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর — বিষয়বস্তুর ধারায় প্রণীত

সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন

১১১. কোনো উপাত্তের সর্বোচ্চ সংখ্যা ও সর্বনিম্ন সংখ্যা যথাক্রমে 17 ও 5 হলে উপাত্তের পরিসর নিচের কোনটি? (কঠিনমান)
ক 17 খ 13
গ 5 ঘ 12

▸▸ তথ্য/ব্যাখ্যা : পরিসর = (17 – 5) + 1 = 12 + 1 = 13.

১১২. কোনো উপাত্তের পরিসর 17 ও শ্রেণি ব্যবধান 3 হলে শ্রেণি সংখ্যা কয়টি হবে? (কঠিনমান)
ক 5টি খ 6টি
গ 7টি ঘ 8টি

▸▸ তথ্য/ব্যাখ্যা : শ্রেণি সংখ্যা $= \frac{\text{পরিসর}}{\text{শ্রেণি ব্যবধান}} = \frac{17}{3} = 5.67 \approx 6.$

১১৩. পরিসর 27 হলে 5 ব্যবধান নিয়ে গণসংখ্যা সারণি তৈরি করলে কতটি শ্রেণি হবে? (কঠিনমান)
ক 6টি খ 5টি
গ 4টি ঘ 27টি

▸▸ তথ্য/ব্যাখ্যা : শ্রেণি সংখ্যা $= \frac{\text{পরিসর}}{\text{শ্রেণি ব্যবধান}} = \frac{27}{5} = 5.4 \approx 6$ টি।

১১৪. 27, 29, 30 কোনো উপাত্তের গণসংখ্যা হলে তার দ্বিতীয় শ্রেণির ক্রমযোজিত গণসংখ্যা নিচের কোনটি? (মধ্যমান)
ক 27 খ 29
গ 56 ঘ 86

২৯নং প্রশ্নের সমাধান

ক ক্রমযোজিত গণসংখ্যা সারণি :

শ্রেণিব্যাপ্তি	গণসংখ্যা	ক্রমযোজিত গণসংখ্যা
36 – 40	3	3
41 – 45	7	10
46 – 50	12	22
51 – 55	15	37
56 – 60	9	46
61 – 65	8	54
66 – 70	৬	60
71 – 75	4	64
76 – 80	1	65
	n = 65	

এখানে, $n = 65$, যা একটি বিজোড় সংখ্যা

এবং $\frac{n+1}{2} = \frac{65+1}{2} = \frac{66}{2} = 33$ তম পদের মান হবে মধ্যক।

33 তম পদ (51 – 55) শ্রেণিতে অবস্থিত।

অতএব মধ্যক শ্রেণি (51 – 55)

∴ মধ্যক শ্রেণির মধ্যবিন্দু $= \frac{51+55}{2} = \frac{106}{2} = 53.$

খ এখানে, গণসংখ্যা সর্বাধিকবার 15 আছে (51 – 55) শ্রেণিতে।
অতএব প্রচুরক শ্রেণি (51 – 55)।

$$\therefore \text{প্রচুরক} = L + \frac{f_1}{f_1 + f_2} \times h$$
$$= 51 + \frac{3}{3+6} \times 5$$
$$= 51 + \frac{3}{9} \times 5 = 51 + 1.67 = 52.67$$

এখানে, $L = 51$, $f_1 = 15 - 12 = 3$, $f_2 = 15 - 9 = 6$, $h = 5$

নির্ণেয় প্রচুরক 52.67.

www.abswer.com

www.abswer.com

গ গণসংখ্যা বহুভুজ অঙ্কনের জন্য প্রয়োজনীয় সারণি :

শ্রেণিব্যাপ্তি	মধ্যমান	গণসংখ্যা
36 – 40	38	3
41 – 45	43	7
46 – 50	48	12
51 – 55	53	15
56 – 60	58	9
61 – 65	63	8
66 – 70	68	6
71 – 75	73	4
76 – 80	78	1

ছক কাগজের X অক্ষ বরাবর প্রতি 1 ঘরকে শ্রেণি মধ্যমানের 1 একক এবং Y অক্ষ বরাবর প্রতি 1 ঘরকে গণসংখ্যার 1 একক নিয়ে গণসংখ্যা বহুভুজ আঁকা হলো :



প্রশ্ন ৩০ ▸ সিলেট বোর্ড ২০১৯

কোনো বিজ্ঞান ক্লাবের সদস্যদের ভরের (কেজি) গণসংখ্যা নিবেশন সারণি নিম্নরূপ :

শ্রেণিব্যাপ্তি	44 – 48	49 – 53	54 – 58	59 – 63	64 – 68	69 – 73
গণসংখ্যা	4	11	13	19	8	5

ক. 20, 30, 25, 27, 32, 26 এর মধ্যক নির্ণয় কর। ২

খ. সংক্ষিপ্ত পদ্ধতিতে গাণিতিক গড় নির্ণয় কর। ৪

গ. প্রদত্ত উপাত্তের অজিভ রেখা অঙ্কন কর। ৪

৩০নং প্রশ্নের সমাধান

ক প্রদত্ত উপাত্তগুলোকে মানের ঊর্ধ্বক্রম অনুসারে সাজিয়ে পাই,

20, 25, 26, 27, 30, 32

এখানে মোট উপাত্তসংখ্যা 6 টি যা জোড় সংখ্যা

$$\therefore \text{ মধ্যক} = \frac{\frac{6}{2}\text{ তম পদ ও } \left(\frac{6}{2}+1\right)\text{ তম পদের সমষ্টি}}{2}$$

$$= \frac{3 \text{ তম পদ ও } 4 \text{ তম পদের সমষ্টি}}{2}$$

$$= \frac{26+27}{2} = \frac{53}{2} = 26.5$$

নির্ণেয় মধ্যক 26.5.

খ সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয়ের সারণি :

শ্রেণিব্যাপ্তি	মধ্যমান (x_i)	গণসংখ্যা (f_i)	ধাপ বিচ্যুতি $u_i = \frac{x_i - a}{h}$	f_iu_i
44 – 48	46	4	–3	–12
49 – 53	51	11	–2	–22
54 – 58	56	13	–1	–13
59 – 63	61 = a	19	0	0
64 – 68	66	8	1	8
69 – 73	71	5	2	10
মোট		n = 60		$\Sigma f_iu_i = -29$

$$\therefore \text{ গড়, } \bar{x} = a + \frac{\Sigma f_iu_i}{n} \times h$$

$$= 61 + \frac{-29}{60} \times 5$$

$$= 61 - 2.42 = 58.58$$

এখানে,
a = 61
n = 80
h = 5
$\Sigma f_iu_i = -29$

নির্ণেয় গড় 58.58.

গ অজিভ রেখা অঙ্কনের জন্য প্রয়োজনীয় সারণি :

শ্রেণিব্যাপ্তি	গণসংখ্যা	ক্রমযোজিত গণসংখ্যা
44 – 48	4	4
49 – 53	11	15
54 – 58	13	28
59 – 63	19	47
64 – 68	8	55
69 – 73	5	60

ছক কাগজের X অক্ষ বরাবর প্রতি 1 ঘরকে 1 একক ধরে শ্রেণির উচ্চসীমা এবং Y অক্ষ বরাবর প্রতি 1 ঘরকে 2 একক ধরে ক্রমযোজিত গণসংখ্যা নিয়ে প্রদত্ত উপাত্তের ক্রমযোজিত গণসংখ্যার অজিভ রেখা আঁকা হলো :



প্রশ্ন ৩১ ▸ বরিশাল বোর্ড ২০১৯

কোনো স্কুলে নবম শ্রেণির বার্ষিক পরীক্ষার 50 জন শিক্ষার্থীর গণিতে প্রাপ্ত নম্বর নিম্নরূপ :

75, 68, 60, 76, 68, 64, 58, 70, 45, 49,
60, 50, 48, 51, 78, 58, 55, 58, 75, 61,
62, 44, 64, 63, 70, 70, 67, 71, 55, 54,
61, 63, 60, 69, 70, 69, 70, 67, 56, 62,
60, 63, 56, 57, 50, 60, 56, 61, 63, 56

ক. 14, 9, 7, 10, 12, 11, 6, 13 উপাত্তগুলোর মধ্যক নির্ণয় কর। ২

খ. শ্রেণিব্যাপ্তি 5 ধরে প্রাপ্ত নম্বরের গণসংখ্যা সারণি তৈরি করে প্রচুরক নির্ণয় কর। ৪

গ. প্রদত্ত উপাত্ত থেকে গণসংখ্যা বহুভুজ অঙ্কন কর। ৪

৩১নং প্রশ্নের সমাধান

ক প্রদত্ত উপাত্তগুলোকে মানের ঊর্ধ্বক্রম অনুসারে সাজিয়ে পাই,

6, 7, 9, 10, 11, 12, 13, 14

এখানে, মোট উপাত্ত সংখ্যা 8 যা জোড় সংখ্যা।

$$\therefore \text{ মধ্যক} = \frac{\frac{8}{2}\text{ তম পদ ও } \left(\frac{8}{2}+1\right)\text{ তম পদের সমষ্টি}}{2}$$

$$= \frac{4 \text{ তম পদ ও } 5 \text{ তম পদের সমষ্টি}}{2}$$

$$= \frac{10+11}{2} = \frac{21}{2} = 10.5$$

নির্ণেয় মধ্যক 10.5.

www.abswer.com

www.abswer.com

খ প্রদত্ত উপাত্তের সর্বোচ্চ মান = 78

এবং সর্বনিম্ন মান = 44

পরিসর = (78 − 44) + 1
= 34 + 1 = 35

শ্রেণিব্যাপ্তি 5 ধরে শ্রেণি সংখ্যা = $\frac{35}{5} = 7$

শ্রেণিব্যাপ্তি 5 ধরে গণসংখ্যা নিবেশন সারণি তৈরি করা হলো :

শ্রেণিব্যাপ্তি	ট্যালি	গণসংখ্যা
44 − 48	|||	3
49 − 53	||||	4
54 − 58	~~||||~~ ~~||||~~	10
59 − 63	~~||||~~ ~~||||~~ ||||	14
64 − 68	~~||||~~ ||	7
69 − 73	~~||||~~ |||	8
74 − 78	||||	4
মোট		n = 50

এখানে, গণসংখ্যা সর্বাধিক 14 আছে (59 − 63) শ্রেণিতে।
অতএব প্রচুরক শ্রেণি (59 − 63)।

$\therefore$ প্রচুরক $= L + \frac{f_1}{f_1 + f_2} \times h$

$= 59 + \frac{4}{4+7} \times 5$

$= 59 + \frac{4}{11} \times 5$

$= 59 + 1.82$

$= 60.82$

এখানে,
$L = 59$
$f_1 = 14 - 10 = 4$
$f_2 = 14 - 7 = 7$
$h = 5$

নির্ণেয় প্রচুরক 60.82.

গ গণসংখ্যা বহুভুজ অঙ্কনের জন্য প্রয়োজনীয় সারণি :

শ্রেণিব্যাপ্তি	মধ্যমান	গণসংখ্যা
44 − 48	46	3
49 − 53	51	4
54 − 58	56	10
59 − 63	61	14
64 − 68	66	7
69 − 73	71	8
74 − 78	76	4

ছক কাগজের X অক্ষ বরাবর 1 ঘর সমান শ্রেণি মধ্যমানের 1 একক এবং Y অক্ষ বরাবর 1 ঘর সমান গণসংখ্যার 1 একক ধরে গণসংখ্যা বহুভুজ অঙ্কন করি :



প্রশ্ন ৩২ ▶ বরিশাল বোর্ড ২০১৯

নিচের একটি গণসংখ্যা নিবেশন সারণি দেওয়া হলো–

শ্রেণিব্যাপ্তি	21−30	31−40	41−50	51−60	61−70	71−80	81−90
গণসংখ্যা	5	8	10	16	8	7	6

ক. মধ্যক বলতে কী বোঝায়? ২

খ. প্রদত্ত উপাত্ত হতে সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪

গ. প্রদত্ত উপাত্ত হতে অজিভ রেখা অঙ্কন কর। ৪

৩২নং প্রশ্নের সমাধান

ক মধ্যক : কোনো পরিসংখ্যানের উপাত্তগুলো মানের ক্রমানুসারে সাজালে যেসকল উপাত্ত সমান দুইভাগে ভাগ করে সেই মানই হবে উপাত্তগুলোর মধ্যক।

খ সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয়ের সারণি :

শ্রেণিব্যাপ্তি	মধ্যমান (x_i)	গণসংখ্যা (f_i)	ধাপ বিচ্যুতি $u_i = \frac{x_i - a}{h}$	f_iu_i
21 − 30	25.5	5	−3	−15
31 − 40	35.5	8	−2	−16
41 − 50	45.5	10	−1	−10
51 − 60	55.5 = a	16	0	0
61 − 70	65.5	8	1	8
71 − 80	75.5	7	2	14
81 − 90	85.5	6	3	18
মোট		n = 60		$\sum f_iu_i = -1$

$\therefore$ গড়, $\bar{x} = a + \frac{\sum f_iu_i}{n} \times h$

$= 55.5 + \frac{-1}{60} \times 10$

$= 55.5 - 0.17 = 55.33$

এখানে,
$a = 55.5$
$n = 60$
$h = 10$
$\sum f_iu_i = -1$

নির্ণেয় গড় 55.33.

গ অজিভ রেখা অঙ্কনের প্রয়োজনীয় সারণি :

শ্রেণিব্যাপ্তি	গণসংখ্যা	ক্রমযোজিত গণসংখ্যা
21 − 30	5	5
31 − 40	8	13
41 − 50	10	23
51 − 60	16	39
61 − 70	8	47
71 − 80	7	54
81 − 90	6	60

ছক কাগজের X অক্ষ বরাবর প্রতি 1 ঘর = শ্রেণিব্যাপ্তির উচ্চসীমার 2 একক এবং Y অক্ষ বরাবর প্রতি 1 ঘর = ক্রমযোজিত গণসংখ্যার 2 একক ধরে প্রদত্ত উপাত্তের অজিভ রেখা আঁকা হলো :



www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ৩৩ ▸ দিনাজপুর বোর্ড ২০১৯

কোনো পরীক্ষায় 70 জন শিক্ষার্থীর গণিতে প্রাপ্ত নম্বরের গণসংখ্যা নিবেশন সারণি নিম্নরূপ :

শ্রেণিব্যাপ্তি	35–39	40–44	45–49	50–54	55–59	60–64
গণসংখ্যা	3	10	18	25	8	6

ক. 6, 7, 1, 9, 4 উপাত্তের প্রচুরক আছে কি? ব্যাখ্যা কর। ২
খ. সারণি থেকে প্রচুরক নির্ণয় কর। ৪
গ. সারণি থেকে অজিভ রেখা অঙ্কন কর। ৪

৩৩নং প্রশ্নের সমাধান

ক প্রদত্ত উপাত্তের কোনো প্রচুরক নেই। কারণ উপাত্তের মধ্যে কোনো সংখ্যাই একাধিকবার নেই।

খ এখানে, গণসংখ্যা সর্বাধিকবার 25 আছে (50 – 54) শ্রেণিতে। অতএব প্রচুরক (50 – 54) শ্রেণিতে আছে।

$\therefore$ প্রচুরক $= L + \frac{f_1}{f_1 + f_2} \times h$

$= 50 + \frac{7}{7+17} \times 5$

$= 50 + \frac{7}{24} \times 5$

$= 50 + 1.46$

$= 51.46$

এখানে, $L = 50$
$f_1 = 25 - 18 = 7$
$f_2 = 25 - 8 = 17$
$h = 5$

নির্ণেয় প্রচুরক 51.46.

গ অজিভ রেখা অঙ্কনের প্রয়োজনীয় সারণি :

শ্রেণিব্যাপ্তি	গণসংখ্যা	ক্রমযোজিত গণসংখ্যা
35 – 39	3	3
40 – 44	10	13
45 – 49	18	31
50 – 54	25	56
55 – 59	8	64
60 – 64	6	70

ছক কাগজের X-অক্ষ বরাবর প্রতি 1 ঘর = শ্রেণিব্যাপ্তির উচ্চসীমার 1 একক এবং Y-অক্ষ বরাবর প্রতি 1 ঘর = ক্রমযোজিত গণসংখ্যার 2 একক ধরে প্রদত্ত উপাত্তের অজিভ রেখা আঁকা হলো :



প্রশ্ন ৩৪ ▸ দিনাজপুর বোর্ড ২০১৯

দশম শ্রেণির 60 জন শিক্ষার্থীর স্কুল যাতায়াত বাবদ প্রতিদিনের খরচের গণসংখ্যা নিবেশন সারণি নিম্নরূপ :

শ্রেণিব্যাপ্তি (টাকায়)	25–29	30–34	35–39	40–44	45–49	50–54
গণসংখ্যা	10	12	20	6	7	5

ক. মধ্যক শ্রেণি উল্লেখপূর্বক F_c এর মান নির্ণয় কর। ২
খ. প্রদত্ত উপাত্ত হতে সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪
গ. প্রদত্ত উপাত্তের গণসংখ্যা বহুভুজ অঙ্কন কর। ৪

৩৪নং প্রশ্নের সমাধান

ক ক্রমযোজিত গণসংখ্যা সারণি :

শ্রেণিব্যাপ্তি	গণসংখ্যা	ক্রমযোজিত গণসংখ্যা
25 – 29	10	10
30 – 34	12	22
35 – 39	20	42
40 – 44	6	48
45 – 49	7	55
50 – 54	5	60
মোট	n = 60	

এখানে, $n = 60$ এবং $\frac{n}{2} = 30$ যা জোড় সংখ্যা।

$\therefore$ মধ্যক হবে 30তম পদের মান। 30তম পদের অবস্থান হবে (35 – 39) শ্রেণিতে।

$\therefore$ মধ্যক শ্রেণি (35 – 39)

সুতরাং $F_c = 22$.

খ সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয়ের সারণি :

শ্রেণিব্যাপ্তি	মধ্যমান (x_i)	গণসংখ্যা (f_i)	ধাপ বিচ্যুতি $u_i = \frac{x_i - a}{h}$	f_iu_i
25 – 29	27	10	–2	–20
30 – 34	32	12	–1	–12
35 – 39	37 = a	20	0	0
40 – 44	42	6	1	6
45 – 49	47	7	2	14
50 – 54	52	5	3	15
মোট		n = 60		$\sum f_iu_i = 3$

$\therefore$ গড়, $\bar{x} = a + \frac{\sum f_iu_i}{n} \times h$

$= 37 + \frac{3}{60} \times 5$

$= 37 + 0.25 = 37.25$

এখানে,
$a = 37$
$n = 60$
$h = 5$
$\Sigma f_iu_i = 3$

নির্ণেয় গড় 37.25.

গ খ নং সারণি ব্যবহার করে ছক কাগজের X-অক্ষ বরাবর প্রতি 1 ঘরকে শ্রেণি মধ্যমানের 1 একক এবং Y অক্ষ বরাবর প্রতি 1 ঘরকে গণসংখ্যার 1 একক ধরে প্রদত্ত উপাত্তের গণসংখ্যা বহুভুজ আঁকা হলো :



www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ৩৫ ▸ সকল বোর্ড ২০১৮

40 জন শিক্ষার্থীর বার্ষিক পরীক্ষায় প্রাপ্ত নম্বর দেওয়া হলো :
78, 68, 61, 99, 69, 80, 83, 75, 62, 65, 77, 85, 75, 82, 98, 95, 85, 77, 80, 87, 81, 85, 90, 85, 75, 77, 81, 78, 92, 68, 70, 71, 72, 77, 66, 75, 80, 77, 70, 90।

ক. বিচ্ছিন্ন ও অবিচ্ছিন্ন চলকের সংজ্ঞা লিখ। ২
খ. শ্রেণি ব্যবধান ৪ ধরে গণসংখ্যা নিবেশন সারণি তৈরি কর। ৪
গ. সারণি হতে গণসংখ্যা বহুভুজ অঙ্কন কর। ৪

৩৫নং প্রশ্নের সমাধান

ক বিচ্ছিন্ন চলক : যে সকল চলকের মান শুধুমাত্র পূর্ণসংখ্যা হয় তা বিচ্ছিন্ন চলক। যেমন : জনসংখ্যামূলক উপাত্তের চলক।

অবিচ্ছিন্ন চলক : যে সকল চলকের মান যেকোনো বাস্তব মান হতে পারে, সে সকল অবিচ্ছিন্ন চলক। যেমন : বয়স, উচ্চতা, ওজন ইত্যাদি সংশ্লিষ্ট নির্দেশক উপাত্তের চলক।

খ এখানে, নম্বর নির্দেশক উপাত্তের সর্বোচ্চ মান = 99
এবং সর্বনিম্ন মান = 61

উপাত্তের পরিসর = (সর্বোচ্চ মান − সর্বনিম্ন মান) + 1
= (99 − 61) + 1 = 39

দেওয়া আছে, শ্রেণি ব্যবধান ৪

∴ শ্রেণি সংখ্যা = (39 ÷ 8)
= 4.875 ≈ 5

শ্রেণি ব্যবধান ৪ ধরে নিম্নে গণসংখ্যা সারণি তৈরি করা হলো :

প্রাপ্ত নম্বর	ট্যালি চিহ্ন	গণসংখ্যা
61 − 68	𝍸 ।	6
69 − 76	𝍸 ।।।।	9
77 − 84	𝍸 𝍸 ।।।।	14
85 − 92	𝍸 ।।।	8
93 − 100	।।।	3
মোট		n = 40

গ প্রদত্ত উপাত্তের গণসংখ্যা বহুভুজ অঙ্কনের সারণি :

প্রাপ্ত নম্বর	শ্রেণির মধ্যবিন্দু	গণসংখ্যা
61 − 68	64.5	6
69 − 76	72.5	9
77 − 84	80.5	14
85 − 92	88.5	8
93 − 100	96.5	3

ছক কাগজের X অক্ষ বরাবর প্রতি 5 ঘরকে শ্রেণির মধ্যবিন্দুর ৪ একক এবং Y অক্ষ বরাবর প্রতি 1 ঘরকে গণসংখ্যার 1 একক ধরে প্রদত্ত উপাত্তের গণসংখ্যা বহুভুজ আঁকা হলো :



প্রশ্ন ৩৬ ▸ সকল বোর্ড ২০১৮

৯ম শ্রেণির 60 জন শিক্ষার্থীর ওজনের গণসংখ্যা সারণি দেওয়া হলো :

ওজন (কেজি)	41−45	46−50	51−55	56−60	61−65	66−70
শিক্ষার্থীর সংখ্যা	4	6	12	20	15	3

ক. চলকের পরিচয়সহ প্রচুরক নির্ণয়ের সূত্রটি লিখ। ২
খ. সারণি হতে মধ্যক নির্ণয় কর। ৪
গ. গণসংখ্যা সারণি হতে আয়তলেখ অঙ্কন কর। ৪

৩৬নং প্রশ্নের সমাধান

ক প্রচুরক নির্ণয়ের সূত্র $= L + \frac{f_1}{f_1 + f_2} \times h$

এখানে, L = যে শ্রেণিতে প্রচুরক অবস্থিত তার নিম্নমান
f_1 = প্রচুরক শ্রেণির গণসংখ্যা − পূর্ববর্তী শ্রেণির গণসংখ্যা
f_2 = প্রচুরক শ্রেণির গণসংখ্যা − পরবর্তী শ্রেণির গণসংখ্যা
h = শ্রেণি ব্যবধান।

খ মধ্যক নির্ণয়ের সারণি নিম্নরূপ :

ওজন (কেজি)	শিক্ষার্থীর সংখ্যা	ক্রমযোজিত গণসংখ্যা
41 − 45	4	4
46 − 50	6	10
51 − 55	12	22
56 − 60	20	42
61 − 65	15	57
66 − 70	3	60
মোট	n = 60	

এখানে, n = 60 এবং $\frac{n}{2} = \frac{60}{2} = 30$।

অতএব, মধ্যক হবে 30তম পদের মান।
অতএব, 30তম পদের অবস্থান হবে (56-60) শ্রেণিতে। সুতরাং মধ্যক শ্রেণি হলো (56-60)।

$$\therefore \text{ মধ্যক } = L + \left(\frac{n}{2} - F_c\right) \times \frac{h}{f_m}$$
$$= 56 + (30 - 22) \times \frac{5}{20} = 56 + 8 \times \frac{5}{20}$$
$$= 56 + \frac{40}{20} = 56 + 2 = 58$$

এখানে, L = 56
$\frac{n}{2} = 30$
$F_c = 22$
$f_m = 2$
h = 5

নির্ণেয় মধ্যক 58.

গ প্রদত্ত গণসংখ্যা নিবেশন সারণিতে শ্রেণিব্যাপ্তি বিচ্ছিন্ন। আয়তলেখ অঙ্কনের লক্ষ্যে শ্রেণিব্যাপ্তি অবিচ্ছিন্ন নিম্নরূপ :

শ্রেণিব্যাপ্তি	অবিচ্ছিন্ন শ্রেণিসীমা	গণসংখ্যা
41 − 45	40.5 − 45.5	4
46 − 50	45.5 − 50.5	6
51 − 55	50.5 − 55.5	12
56 − 60	55.5 − 60.5	20
61 − 65	60.5 − 65.5	15
66 − 70	65.5 − 70.5	3

ছক কাগজের প্রতি ঘরকে এক একক ধরে X অক্ষ বরাবর অবিচ্ছিন্ন শ্রেণিসীমা এবং Y অক্ষ বরাবর গণসংখ্যা নিয়ে আয়তলেখ আঁকি। X অক্ষ বরাবর শ্রেণিব্যাপ্তি 40.5 থেকে আরম্ভ হয়েছে। মূলবিন্দু থেকে 40.5 পর্যন্ত পূর্ববর্তী ঘরগুলি আছে বোঝাতে ছেদ চিহ্ন ব্যবহার করা হয়েছে।



www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ৩৭ ▸ ঢাকা বোর্ড ২০১৭

কোনো স্কুলের দশম শ্রেণির 40 জন শিক্ষার্থীর গণিত বিষয়ে প্রাপ্ত নম্বর নিম্নরূপ :
50, 46, 55, 61, 72, 85, 60, 85, 36, 68, 48, 60, 58, 70, 65, 60, 50, 46, 70, 80, 65, 60, 45, 58, 55, 60, 35, 40, 70, 90, 76, 46, 65, 60, 56, 40, 50, 65, 68, 55.

ক. উপাত্তসমূহের পরিসর নির্ণয় কর। ২

খ. শ্রেণি ব্যবধান 10 ধরে ক্রমযোজিত গণসংখ্যা সারণি তৈরি কর। ৪

গ. উপাত্তসমূহের আয়তলেখ অঙ্কন কর। ৪

৩৭নং প্রশ্নের সমাধান

ক এখানে, সর্বনিম্ন নম্বর 35 এবং সর্বোচ্চ নম্বর 90

∴ পরিসর $= (90 - 35) + 1$
$= 55 + 1 = 56.$

খ ক হতে পাই, পরিসর = 56
দেওয়া আছে, শ্রেণি ব্যবধান = 10

$$∴ \text{ শ্রেণিসংখ্যা} = \frac{\text{পরিসর}}{\text{শ্রেণি ব্যবধান}}$$
$$= \frac{56}{10} = 5.6 \approx 6$$

শ্রেণি ব্যবধান 10 ধরে ক্রমাযোজিত গণসংখ্যা সারণি নিম্নরূপ :

শ্রেণিব্যাপ্তি	টালি চিহ্ন	গণসংখ্যা	ক্রমযোজিত গণসংখ্যা
35 – 44	||||	4	4
45 – 54	~~||||~~ |||	8	12
55 – 64	~~||||~~ ~~||||~~ |||	13	25
65 – 74	~~||||~~ ~~||||~~	10	35
75 – 84	||	2	37
85 – 94	|||	3	40

গ খ এর সারণিতে প্রাপ্ত উপাত্তের শ্রেণিব্যাপ্তি বিচ্ছিন্ন। শ্রেণিব্যাপ্তি অবিচ্ছিন্ন করে সারণি তৈরি করা হলো :

শ্রেণিব্যাপ্তি	অবিচ্ছিন্ন শ্রেণিসীমা	গণসংখ্যা
35 – 44	34.5 – 44.5	4
45 – 54	44.5 – 54.5	8
55 – 64	54.5 – 64.5	13
65 – 74	64.5 – 74.5	10
75 – 84	74.5 – 84.5	2
85 – 94	84.5 – 94.5	3

ছক কাগজের X অক্ষ বরাবর প্রতি 1 ঘরকে 2 একক ধরে অবিচ্ছিন্ন শ্রেণিসীমা এবং Y অক্ষ বরাবর প্রতি 1 ঘরকে 1 একক ধরে গণসংখ্যা নিয়ে আয়তলেখ অঙ্কন করি। X অক্ষ বরাবর শ্রেণিব্যাপ্তি 34.5 থেকে আরম্ভ হয়েছে। মূলবিন্দু হতে 34.5 পর্যন্ত পূর্ববর্তী ঘরগুলো আছে বোঝাতে ছেদ চিহ্ন ব্যবহার করা হয়েছে।



প্রশ্ন ৩৮ ▸ ঢাকা বোর্ড ২০১৭

একটি স্কুলের কোনো শ্রেণির গণিতে প্রাপ্ত নম্বরের গণসংখ্যা সারণি নিম্নরূপ :

শ্রেণিব্যাপ্তি	31-40	41-50	51-60	61-70	71-80	81-90	91-100
শিক্ষার্থী সংখ্যা	8	12	20	25	30	15	10

ক. প্রদত্ত উপাত্তের প্রচুরক শ্রেণির নিম্নসীমা নির্ণয় কর। ২

খ. প্রদত্ত উপাত্তের মধ্যক নির্ণয় কর। ৪

গ. উপাত্তের গণসংখ্যা বহুভুজ অঙ্কন কর। ৪

৩৮নং প্রশ্নের সমাধান

ক প্রদত্ত উপাত্তের সর্বাধিক গণসংখ্যা 30 আছে (71 – 80) শ্রেণিতে।
∴ প্রচুরক শ্রেণি (71 – 80)
∴ প্রচুরক শ্রেণির নিম্নসীমা 71.

খ মধ্যক নির্ণয়ের সারণি :

শ্রেণিব্যাপ্তি	গণসংখ্যা (শিক্ষার্থী সংখ্যা)	ক্রমযোজিত গণসংখ্যা
31 – 40	8	8
41 – 50	12	20
51 – 60	20	40
61 – 70	25	65
71 – 80	30	95
81 – 90	15	110
91 – 100	10	120
মোট	n = 120	

এখানে, $n = 120$ এবং $\frac{n}{2} = \frac{120}{2} = 60$

∴ 60 তম পদের মান মধ্যক। 60 তম পদের অবস্থান (61 – 70) শ্রেণিতে। অতএব মধ্যক শ্রেণি হলো (61 – 70)।

$$\text{মধ্যক} = L + \left(\frac{n}{2} - F_c\right) \times \frac{h}{f_m}$$
$$= 61 + (60 - 40) \times \frac{10}{25} = 61 + 20 \times \frac{10}{25}$$
$$= 61 + 8 = 69$$

এখানে, $L = 61$, $F_c = 40$, $f_m = 25$ এবং $h = 10$

নির্ণেয় মধ্যক 69.

গ প্রদত্ত উপাত্তের গণসংখ্যা বহুভুজ অঙ্কনের সারণি :

শ্রেণিব্যাপ্তি	শ্রেণি মধ্যমান	গণসংখ্যা
31 – 40	35.5	8
41 – 50	45.5	12
51 – 60	55.5	20
61 – 70	65.5	25
71 – 80	75.5	30
81 – 90	85.5	15
91 – 100	95.5	10

ছক কাগজের X অক্ষ বরাবর 1 ঘর সমান শ্রেণি মধ্যমানের 2 একক এবং Y-অক্ষ বরাবর 1 ঘর সমান গণসংখ্যার 1 একক ধরে গণসংখ্যা বহুভুজ অঙ্কন করি। মূলবিন্দু হতে 35.5 পর্যন্ত ঘরগুলো আছে বোঝাতে ছেদচিহ্ন ব্যবহার করা হয়েছে।



www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ৩৯ ▸ রাজশাহী বোর্ড ২০১৭

নিচে 30 জন শিক্ষার্থীর বার্ষিক পরীক্ষায় ইংরেজিতে প্রাপ্ত নম্বর দেওয়া হলো :
40, 35, 60, 55, 58, 45, 60, 65, 46, 50, 60, 65, 58, 60, 48, 36, 60, 50, 46, 65, 55, 61, 68, 65, 50, 40, 56, 60, 65, 46।

ক. বিচ্ছিন্ন ও অবিচ্ছিন্ন চলক বলতে কী বোঝ? ২

খ. শ্রেণিব্যাপ্তি 5 ধরে প্রাপ্ত নম্বরের গণসংখ্যা সারণি তৈরি করে প্রচুরক নির্ণয় কর। ৪

গ. সারণি থেকে সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪

৩৯নং প্রশ্নের সমাধান

ক যে সকল চলকের মান শুধুমাত্র পূর্ণসংখ্যা হয়, তাকে বিচ্ছিন্ন চলক বলে। যেমন : জনসংখ্যামূলক উপাত্তের চলক হচ্ছে বিচ্ছিন্ন চলক।
আবার, যে সকল চলকের মান যেকোনো বাস্তব সংখ্যা হতে পারে, সে সকল চলককে অবিচ্ছিন্ন চলক বলে। যেমন : বয়স, উচ্চতা, ওজন ইত্যাদি সংশ্লিষ্ট চলক হচ্ছে অবিচ্ছিন্ন চলক।

খ এখানে নম্বর নির্দেশক উপাত্তের
সর্বোচ্চ নম্বর = 68; সর্বনিম্ন নম্বর = 35

∴ পরিসর = (68 – 35) + 1 = 33 + 1 = 34

শ্রেণি ব্যাপ্তি 5 ধরে শ্রেণিসংখ্যা $= \frac{34}{5} = 6.8 \approx 7$.

শ্রেণি ব্যাপ্তি 5 ধরে প্রাপ্ত নম্বরের গণসংখ্যা সারণি তৈরি করা হলো :

নম্বর	ট্যালি চিহ্ন	গণসংখ্যা
35 – 39	||	2
40 – 44	||	2
45 – 49	||||/	5
50 – 54	|||	3
55 – 59	||||/	5
60 – 64	||||/ ||	7
65 – 69	||||/ |	6
মোট		n = 30

গণসংখ্যা সর্বাধিকবার 7 আছে (60 – 64) শ্রেণিতে। অতএব প্রচুরক শ্রেণি (60 – 64)।

আমরা জানি,

$$\text{প্রচুরক} = L + \frac{f_1}{f_1+f_2} \times h = 60 + \frac{2}{2+1} \times 5$$

$$= 60 + \frac{10}{3} = 60 + 3.33 = 63.33$$

এখানে, L = 60
$f_1 = 7 - 5 = 2$
$f_2 = 7 - 6 = 1$
h = 5

নির্ণেয় প্রচুরক 63.33.

গ সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয়ের সারণি :

শ্রেণিব্যাপ্তি	মধ্যমান (x_i)	গণসংখ্যা (f_i)	ধাপ বিচ্যুতি $u_i = \frac{x_i - a}{h}$	f_iu_i
35 – 39	37	2	– 3	– 6
40 – 44	42	2	– 2	– 4
45 – 49	47	5	– 1	– 5
50 – 54	52 = a	3	0	0
55 – 59	57	5	1	5
60 – 64	62	7	2	14
65 – 69	67	6	3	18
মোট		n = 30		$\Sigma f_iu_i = 22$

$$\therefore \text{ গড়, } \bar{x} = a + \frac{\Sigma f_iu_i}{n} \times h$$

$$= 52 + \frac{22}{30} \times 5$$

$$= 52 + 3.66 = 55.66$$

এখানে,
a = 52
n = 30
h = 5
$\Sigma f_iu_i = 22$

নির্ণেয় গড় 55.66.

প্রশ্ন ৪০ ▸ রাজশাহী বোর্ড ২০১৭

নিচে 60 জন শিক্ষার্থীর গণিতে নম্বরের গণসংখ্যা নিবেশন সারণি দেওয়া হলো :

শ্রেণিব্যাপ্তি	45 – 49	50 – 54	55 – 59	60 – 64	65 – 69	70 – 74
গণসংখ্যা	4	12	10	20	8	6

ক. কেন্দ্রীয় প্রবণতা বলতে কী বোঝ? কেন্দ্রীয় প্রবণতার পরিমাপগুলো কী কী? ২

খ. গণসংখ্যা নিবেশন সারণি থেকে মধ্যক নির্ণয় কর। ৪

গ. গণসংখ্যা নিবেশন সারণিতে উপস্থাপিত উপাত্তের গণসংখ্যা বহুভুজ আঁক। ৪

৪০নং প্রশ্নের সমাধান

ক উপাত্তসমূহের কেন্দ্রীয় মানের দিকে পুঞ্জীভূত হওয়ার প্রবণতাকে কেন্দ্রীয় প্রবণতা বলে। কেন্দ্রীয় মান একটি সংখ্যা এবং এই সংখ্যা উপাত্তসমূহের প্রতিনিধিত্ব করে। এই সংখ্যা দ্বারা কেন্দ্রীয় প্রবণতা পরিমাপ করা হয়।
সাধারণত কেন্দ্রীয় প্রবণতার পরিমাপগুলো হলো :
(i) গাণিতিক গড়;
(ii) মধ্যক ও
(iii) প্রচুরক।

খ মধ্যক নির্ণয়ের সারণি :

শ্রেণিব্যাপ্তি	গণসংখ্যা	ক্রমযোজিত গণসংখ্যা
45 – 49	4	4
50 – 54	12	16
55 – 59	10	26
60 – 64	20	46
65 – 69	8	54
70 – 74	6	60
মোট	n = 60	

এখানে, n = 60 এবং $\frac{n}{2} = \frac{60}{2} = 30$

অতএব, মধ্যক হলো 30 তম পদের মান।
30 তম পদের অবস্থান হবে (60 – 64) শ্রেণিতে।
অতএব, মধ্যক শ্রেণি হলো (60 – 64)।

$$\therefore \text{ মধ্যক} = L + \left(\frac{n}{2} - F_c\right) \times \frac{h}{f_m}$$

$$= 60 + (30 - 26) \times \frac{5}{20}$$

$$= 60 + 4 \times \frac{5}{20}$$

$$= 60 + 1 = 61$$

এখানে,
L = 60
$F_c = 26$
$f_m = 20$
এবং h = 5

নির্ণেয় মধ্যক 61.

গ গণসংখ্যা বহুভুজ নির্ণয়ের সারণি :

শ্রেণিব্যাপ্তি	শ্রেণি মধ্যমান	গণসংখ্যা
45 – 49	47	4
50 – 54	52	12
55 – 59	57	10
60 – 64	62	20
65 – 69	67	8
70 – 74	72	6

www.abswer.com

www.abswer.com

ছক কাগজের X-অক্ষ বরাবর প্রতি 1 ঘরকে শ্রেণিব্যাপ্তির মধ্যমানের 1 একক এবং Y অক্ষ বরাবর প্রতি ঘরকে গণসংখ্যার 1 একক ধরে গণসংখ্যা বহুভুজ আঁকা হলো :



প্রশ্ন ৪১ ▸ যশোর বোর্ড ২০১৭

কোনো শ্রেণির 60 জন শিক্ষার্থীর ওজনের (কেজি) গণসংখ্যা নিবেশন সারণি হলো :

শ্রেণিব্যাপ্তি	45 – 49	50 – 54	55 – 59	60 – 64	65 – 69	70 – 74
গণসংখ্যা	4	8	10	20	12	6

ক. কেন্দ্রীয় প্রবণতা কী? এর তিনটি পরিমাপকের নাম লেখ। ২

খ. উপাত্তের মধ্যক ও প্রচুরক নির্ণয় কর। ৪

গ. উপাত্তের আয়তলেখ অঙ্কন কর। ৪

৪১নং প্রশ্নের সমাধান

ক উপাত্তসমূহের কেন্দ্রীয় মানের দিকে পুঞ্জীভূত হওয়ার প্রবণতাই কেন্দ্রীয় প্রবণতা।

কেন্দ্রীয় প্রবণতার তিনটি পরিমাপক হলো :

(i) গাণিতিক গড়; (ii) মধ্যক ও (iii) প্রচুরক।

খ 60 জন শিক্ষার্থীর ওজনের ক্রমযোজিত গণসংখ্যা নিবেশন সারণি :

শ্রেণিব্যাপ্তি	গণসংখ্যা	ক্রমযোজিত গণসংখ্যা
45 – 49	4	4
50 – 54	8	12
55 – 59	10	22
60 – 64	20	42
65 – 69	12	54
70 – 74	6	60
মোট	n = 60	

এখানে, n = 60 এবং $\frac{n}{2} = \frac{60}{2} = 30$।

অতএব, মধ্যক 30 তম পদের মান। 30 তম পদের অবস্থান (60 – 64) শ্রেণিতে। অতএব মধ্যক শ্রেণি হলো (60 – 64)।

$\therefore$ মধ্যক $= L + \left(\frac{n}{2} - F_c\right) \times \frac{h}{f_m}$

$= 60 + (30 - 22) \times \frac{5}{20}$

$= 60 + 8 \times \frac{1}{4} = 60 + 2 = 62$

এখানে, $L = 60$, $F_c = 22$, $f_m = 20$ এবং $h = 5$

এখানে, গণসংখ্যা সর্বাধিক 20 আছে (60 – 64) শ্রেণিতে।

সুতরাং (60 – 64) শ্রেণিতে প্রচুরক আছে।

$\therefore$ প্রচুরক $= L + \frac{f_1}{f_1 + f_2} \times h$

$= 60 + \frac{10}{10 + 8} \times 5 = 60 + \frac{50}{18}$

$= 60 + 2.778 = 62.778$

এখানে, $L = 60$, $f_1 = 20 - 10 = 10$, $f_2 = 20 - 12 = 8$, $h = 5$

নির্ণেয় মধ্যক 62 এবং প্রচুরক 62.778.

গ সৃজনশীল প্রশ্ন ৯(গ) নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ৪২ ▸ যশোর বোর্ড ২০১৭

দশম শ্রেণির 50 জন ছাত্রের গণিতে প্রাপ্ত নম্বর হলো :

45, 50, 55, 52, 56, 58, 56, 60, 58, 60, 61, 60, 62, 60, 63, 64, 60, 61, 63, 66, 67, 61, 70, 70, 68, 60, 63, 61, 50, 55, 57, 56, 63, 69, 62, 56, 67, 70, 69, 70, 69, 68, 70, 60, 56, 58, 62, 63, 64, 67.

ক. শ্রেণি ব্যবধান 5 ধরে শ্রেণি সংখ্যা নির্ণয় কর। ২

খ. সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪

গ. উপাত্তের গণসংখ্যা বহুভুজ আঁক। ৪

৪২নং প্রশ্নের সমাধান

ক এখানে, উপাত্তের সর্বোচ্চ মান = 70

এবং সর্বনিম্ন মান = 45

$\therefore$ পরিসর = (70 – 45) + 1

= 25 + 1

= 26

শ্রেণি ব্যবধান 5 ধরে শ্রেণি সংখ্যা $= \frac{26}{5}$

$= 5.2 \approx 6$

নির্ণেয় শ্রেণি সংখ্যা 6.

খ সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয়ের সারণি :

শ্রেণিব্যাপ্তি	মধ্যমান (x_i)	গণসংখ্যা (f_i)	ধাপ বিচ্যুতি, $u_i = \frac{x_i - a}{h}$	$f_i u_i$
45 – 49	47	1	– 3	– 3
50 – 54	52	3	– 2	– 6
55 – 59	57	11	– 1	– 11
60 – 64	62 = a	21	0	0
65 – 69	67	9	1	9
70 – 74	72	5	2	10
মোট		n = 50		$\Sigma f_i u_i = -1$

$\therefore$ গড়, $\bar{x} = a + \frac{\Sigma f_i u_i}{n} \times h$

$= 62 + \frac{-1}{50} \times 5$

$= 62 - 0.1$

$= 61.9$

এখানে, $a = 62$, $n = 50$, $h = 5$, $\Sigma f_i u_i = -1$

নির্ণেয় গড় 61.9.

গ 'খ' তে প্রাপ্ত সারণি ব্যবহার করে X-অক্ষ বরাবর প্রতি 1 ঘরকে শ্রেণি মধ্যমানের 1 একক এবং Y অক্ষ বরাবর প্রতি 1 ঘরকে গণসংখ্যার 1 একক ধরে গণসংখ্যা বহুভুজ আঁকা হলো :



www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ৪৩ ▸ কুমিল্লা বোর্ড ২০১৭

কোনো স্কুলের ১০ম শ্রেণির 25 জন শিক্ষার্থীর গণিতে প্রাপ্ত নম্বরগুলো নিচে দেওয়া হলো :

75, 63, 63, 86, 71, 66, 75, 65, 73, 80, 83, 74, 69, 79, 77, 69, 74, 85, 72, 78, 84, 69, 75, 88, 67.

ক. শ্রেণি ব্যবধান 5 ধরে শ্রেণি সংখ্যা নির্ণয় কর। ২

খ. সারণি থেকে সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪

গ. প্রদত্ত উপাত্তের গণসংখ্যা বহুভুজ অঙ্কন কর। ৪

৪৩নং প্রশ্নের সমাধান

ক এখানে, উপাত্তের সর্বোচ্চ মান = 88

এবং সর্বনিম্ন মান = 63

$\therefore$ পরিসর $= (88 - 63) + 1 = 25 + 1 = 26$

শ্রেণি ব্যবধান 5 ধরে শ্রেণি সংখ্যা $= \frac{26}{5} = 5.2 \approx 6$

$\therefore$ শ্রেণি সংখ্যা হবে 6টি।

খ শ্রেণি ব্যবধান 5 ধরে সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয়ের গণসংখ্যা সারণি তৈরি করা হলো :

শ্রেণিব্যাপ্তি	মধ্যমান (x_i)	টালি চিহ্ন	গণসংখ্যা (f_i)	ধাপ বিচ্যুতি $u_i = \frac{x_i - a}{h}$	f_iu_i
60 – 64	62	||	2	– 3	– 6
65 – 69	67	𝍸|	6	– 2	– 12
70 – 74	72	𝍸	5	– 1	– 5
75 – 79	77 = a	𝍸|	6	0	0
80 – 84	82	|||	3	1	3
85 – 89	87	|||	3	2	6
মোট			n = 25		$\Sigma f_iu_i = -14$

$\therefore$ গড়, $\bar{x} = a + \frac{\Sigma f_iu_i}{n} \times h$

$= 77 + \frac{-14}{25} \times 5$

$= 77 - 2.8 = 74.2$

এখানে, $a = 77$, $n = 25$, $h = 5$, $\Sigma f_iu_i = -14$

নির্ণেয় গড় 74.2.

গ 'খ' তে প্রাপ্ত সারণি ব্যবহার করে X-অক্ষ বরাবর প্রতি 1 ঘরকে শ্রেণি মধ্যমানের 1 একক এবং Y অক্ষ বরাবর প্রতি 1 ঘরকে গণসংখ্যার 1 একক ধরে গণসংখ্যা বহুভুজ আঁকা হলো :



প্রশ্ন ৪৪ ▸ কুমিল্লা বোর্ড ২০১৭

নিচে 70 জন শিক্ষার্থীর ইংরেজিতে প্রাপ্ত নম্বরের গণসংখ্যা সারণি নিবেশন দেওয়া হলো :

শ্রেণিব্যাপ্তি	30 – 35	36 – 41	42 – 47	48 – 53	54 – 59	60 – 65
গণসংখ্যা	3	10	18	25	8	6

ক. ক্রমযোজিত গণসংখ্যা সারণি তৈরি কর। ২

খ. সারণি থেকে প্রচুরক নির্ণয় কর। ৪

গ. প্রদত্ত উপাত্তের মধ্যক নির্ণয় কর। ৪

৪৪নং প্রশ্নের সমাধান

ক ক্রমযোজিত গণসংখ্যা সারণি তৈরি করা হলো :

শ্রেণিব্যাপ্তি	গণসংখ্যা	ক্রমযোজিত গণসংখ্যা
30 – 35	3	3
36 – 41	10	13
42 – 47	18	31
48 – 53	25	56
54 – 59	8	64
60 – 65	6	70
মোট	n = 70	

খ এখানে, গণসংখ্যা সর্বাধিকবার 25 আছে (48 – 53) শ্রেণিতে। অতএব প্রচুরক শ্রেণি (48 – 53)।

$\therefore$ প্রচুরক $= L + \frac{f_1}{f_1 + f_2} \times h$

$= 48 + \frac{7}{7 + 17} \times 6 = 48 + \frac{42}{24}$

$= 48 + 1.75 = 49.75$

এখানে, $L = 48$, $f_1 = 25 - 18 = 7$, $f_1 = 25 - 8 = 17$, $h = 6$

নির্ণেয় প্রচুরক 49.75.

গ 'ক' তে প্রাপ্ত সারণি ব্যবহার করে,

এখানে, $n = 70; \frac{n}{2} = \frac{70}{2} = 35$

$\therefore$ 35 তম পদের মান হবে মধ্যক। 35তম পদের অবস্থান হবে (48 – 53) শ্রেণিতে।

অতএব মধ্যক শ্রেণি (48 – 53)।

$\therefore$ মধ্যক $= L + \left(\frac{n}{2} - F_c\right) \times \frac{h}{f_m}$

$= 48 + (35 - 31) \times \frac{6}{25}$

$= 48 + 4 \times \frac{6}{25} = 48 + 0.96 = 48.96$

এখানে, $L = 48$, $F_c = 31$, $f_m = 25$, $h = 6$

নির্ণেয় মধ্যক 48.96.

প্রশ্ন ৪৫ ▸ চট্টগ্রাম বোর্ড ২০১৭

দশম শ্রেণির শিক্ষার্থীদের গণিতের নাম্বার দেওয়া হলো :

61, 99, 62, 65, 98, 95, 81, 85, 90, 70, 77, 80, 75, 66, 68, 69, 75, 77, 82, 85, 87, 90, 92, 68, 70, 71, 72, 77, 78, 80, 83, 85, 75, 77, 81, 85, 75, 77, 81, 78।

ক. 5 শ্রেণি ব্যবধান নিয়ে গণসংখ্যা সারণি তৈরি কর। ২

খ. সারণি থেকে সংক্ষিপ্ত নিয়মে গড় নির্ণয় কর। ৪

গ. সারণি থেকে গণসংখ্যা বহুভুজ আঁক। ৪

৪৫নং প্রশ্নের সমাধান

ক এখানে নম্বর নির্দেশক উপাত্তের সর্বোচ্চ মান = 99

এবং সর্বনিম্ন মান = 61

$\therefore$ পরিসর $= (99 - 61) + 1 = 38 + 1 = 39$

5 শ্রেণি ব্যবধান নিয়ে শ্রেণি সংখ্যা $= \frac{39}{5} = 7.8 \approx 8$

5 শ্রেণি ব্যবধান নিয়ে গণসংখ্যা নিবেশন সারণি তৈরি করা হলো :

নম্বরের শ্রেণিব্যাপ্তি	ট্যালি চিহ্ন	গণসংখ্যা
60 – 64	||	2
65 – 69	𝍸	5
70 – 74	||||	4
75 – 79	𝍸 𝍸 |	11
80 – 84	𝍸||	7
85 – 89	𝍸	5
90 – 94	|||	3
95 – 99	|||	3
মোট		n = 40

www.abswer.com

www.abswer.com

খ সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয়ের সারণি :

শ্রেণিব্যাপ্তি	মধ্যমান (x_i)	গণসংখ্যা (f_i)	ধাপ বিচ্যুতি $u_i = \frac{x_i - a}{h}$	f_iu_i
60 – 64	62	2	– 3	– 6
65 – 69	67	5	– 2	– 10
70 – 74	72	4	– 1	– 4
75 – 79	77 = a	11	0	0
80 – 84	82	7	1	7
85 – 89	87	5	2	10
90 – 94	92	3	3	9
95 – 99	97	3	4	12
মোট		n = 40		$\Sigma f_iu_i = 18$

$\therefore$ গড় $= a + \frac{\Sigma f_iu_i}{n} \times h$

$= 77 + \frac{18}{40} \times 5$

$= 77 + 2.25 = 79.25$

এখানে,
$a = 77$
$n = 40$
$h = 5$
$\Sigma f_iu_i = 18$

নির্ণেয় গড় 79.25.

গ ছক কাগজের X-অক্ষ বরাবর শ্রেণিব্যাপ্তির মধ্যবিন্দু এবং Y-অক্ষ বরাবর গণসংখ্যা নিয়ে 'খ' তে প্রাপ্ত সারণি ব্যবহার করে গণসংখ্যা বহুভুজ আঁকা হলো।

এখানে X ও Y অক্ষ বরাবর 1 ক্ষুদ্র বর্গ = 1 একক ধরা হয়েছে।



প্রশ্ন ৪৬ ▸ চট্টগ্রাম বোর্ড ২০১৭

নিচে 60 জন শিক্ষার্থীর বার্ষিক পরীক্ষায় ইংরেজিতে প্রাপ্ত নম্বরের গণসংখ্যা নিবেশন সারণি দেওয়া হলো :

শ্রেণিব্যাপ্তি	45 – 49	50 – 54	55 – 59	60 – 64	65 – 69	70 – 74
গণসংখ্যা	4	8	10	20	12	6

ক. ক্রমযোজিত গণসংখ্যা সারণি তৈরি কর। ২
খ. সারণি থেকে মধ্যক নির্ণয় কর। ৪
গ. উপাত্ত থেকে প্রচুরক নির্ণয় কর। ৪

৪৬নং প্রশ্নের সমাধান

ক ক্রমযোজিত গণসংখ্যা সারণি :

শ্রেণিব্যাপ্তি	গণসংখ্যা	ক্রমযোজিত গণসংখ্যা
45 – 49	4	4
50 – 54	8	12
55 – 59	10	22
60 – 64	20	42
65 – 69	12	54
70 – 74	6	60
মোট	n = 60	

খ সৃজনশীল প্রশ্ন ৪১(খ)নং সমাধান দ্রষ্টব্য।

গ সৃজনশীল প্রশ্ন ৪১(খ)নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ৪৭ ▸ সিলেট বোর্ড ২০১৭

১০ম শ্রেণির 60 জন শিক্ষার্থীর গণিত বিষয়ে প্রাপ্ত নম্বরের গণসংখ্যা নিবেশন সারণি দেওয়া হলো :

শ্রেণিব্যাপ্তি	31–40	41–50	51–60	61–70	71–80	81–90
গণসংখ্যা	6	8	12	22	5	7

ক. প্রচুরক শ্রেণির মধ্যবিন্দু নির্ণয় কর। ২
খ. সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪
গ. গণসংখ্যা নিবেশনের আয়তলেখ অঙ্কন কর। ৪

৪৭নং প্রশ্নের সমাধান

ক এখানে, গণসংখ্যা সর্বাধিকবার 22 আছে (61 – 70) শ্রেণিতে।
অতএব, প্রচুরক শ্রেণি (61 – 70)

$\therefore$ (61 – 70) শ্রেণির মধ্যবিন্দু $= \frac{61 + 70}{2} = 65.5$

$\therefore$ প্রচুরক শ্রেণির মধ্যবিন্দু 65.5.

খ সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয়ের সারণি :

শ্রেণিব্যাপ্তি	মধ্যমান (x_i)	গণসংখ্যা (f_i)	ধাপ বিচ্যুতি $u_i = \frac{x_i - a}{h}$	f_iu_i
31 – 40	35.5	6	– 3	– 18
41 – 50	45.5	8	– 2	– 16
51 – 60	55.5	12	– 1	– 12
61 – 70	65.5 = a	22	0	0
71 – 80	75.5	5	1	5
81 – 90	85.5	7	2	14
মোট		n = 60		$\Sigma f_iu_i = -27$

$\therefore$ গড়, $\bar{x} = a + \frac{\Sigma f_iu_i}{n} \times h$

$= 65.5 + \frac{-27}{60} \times 10$

$= 65.5 - 4.5 = 61$

এখানে,
$a = 65.5$
$n = 60$
$h = 10$
$\Sigma f_iu_i = -27$

নির্ণেয় গড় 61.

গ আয়তলেখ অঙ্কনের জন্য প্রয়োজনীয় সারণি :

শ্রেণিব্যাপ্তি	অবিচ্ছিন্ন শ্রেণিসীমা	গণসংখ্যা
31 – 40	30.5 – 40.5	6
41 – 50	40.5 – 50.5	8
51 – 60	50.5 – 60.5	12
61 – 70	60.5 – 70.5	22
71 – 80	70.5 – 80.5	5
81 – 90	80.5 – 90.5	7

ছক কাগজে X অক্ষ বরাবর প্রতি 1 ঘরকে অবিচ্ছিন্ন শ্রেণিসীমার 2 একক ধরে অবিচ্ছিন্ন শ্রেণিসীমা এবং Y -অক্ষ বরাবর প্রতি 1 ঘরকে গণসংখ্যার 1 একক ধরে গণসংখ্যা নিয়ে আয়তলেখ আঁকা হলো। X-অক্ষ বরাবর অবিচ্ছিন্ন শ্রেণিব্যাপ্তি 30.5 থেকে আরম্ভ হয়েছে। মূলবিন্দু থেকে 30.5 পর্যন্ত পূর্ববর্তী ঘরগুলো আছে বোঝাতে ছেদ চিহ্ন ব্যবহার করা হয়েছে।



www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ৪৮ ▶ সিলেট বোর্ড ২০১৭

নিচে 25 জন শিক্ষার্থীর বার্ষিক পরীক্ষায় গণিত বিষয়ের প্রাপ্ত নম্বর দেওয়া হলো :

67	71	77	65	72	80	84	80	61	62
82	72	81	68	80	75	64	72	75	83
80	81	67	74	88					

ক. 5 শ্রেণি ব্যবধান ধরে গণসংখ্যা সারণি তৈরি কর। ২

খ. গণসংখ্যা সারণি হতে প্রচুরক নির্ণয় কর। ৪

গ. গণসংখ্যা সারণি হতে গণসংখ্যা বহুভুজ আঁক। ৪

৪৮নং প্রশ্নের সমাধান

ক এখানে, নম্বর নির্দেশক উপাত্তের সর্বোচ্চ মান = 88

এবং সর্বনিম্ন মান = 61

∴ পরিসর $= (88-61)+1 = 27+1 = 28$

শ্রেণি ব্যবধান 5 ধরে শ্রেণি সংখ্যা $= \frac{28}{5} = 5.6 \approx 6$

শ্রেণি ব্যবধান 5 ধরে গণসংখ্যা নিবেশন সারণি তৈরি করা হলো :

নম্বরের শ্রেণিব্যাপ্তি	ট্যালি চিহ্ন	গণসংখ্যা
61 – 65	||||	4
66 – 70	|||	3
71 – 75	𝍸 ||	7
76 – 80	𝍸	5
81 – 85	𝍸	5
86 – 90	|	1
মোট		n = 25

খ 'ক' এর সারণি ব্যবহার করে,

এখানে, গণসংখ্যা সর্বাধিকবার 7 আছে (71 – 75) শ্রেণিতে।

অতএব, প্রচুরক শ্রেণি (71 – 75)।

∴ প্রচুরক $= L + \frac{f_1}{f_1+f_2} \times h$

$= 71 + \frac{4}{4+2} \times 5$

$= 71 + \frac{20}{6} = 71 + 3.33 = 74.33$

এখানে, $L = 71$
$f_1 = 7 - 3 = 4$
$f_2 = 7 - 5 = 2$
$h = 5$

নির্ণেয় প্রচুরক 74.33.

গ গণসংখ্যা বহুভুজ অঙ্কনের সারণি :

শ্রেণিব্যাপ্তি	শ্রেণি মধ্যমান	গণসংখ্যা
61 – 65	63	4
66 – 70	68	3
71 – 75	73	7
76 – 80	78	5
81 – 85	83	5
86 – 90	88	1

ছক কাগজের X-অক্ষ বরাবর প্রতি ঘরকে শ্রেণি মধ্যমানের 1 একক এবং Y-অক্ষ বরাবর প্রতি ঘরকে গণসংখ্যার 1 একক নিয়ে গণসংখ্যা বহুভুজ আঁকা হলো :



প্রশ্ন ৪৯ ▶ বরিশাল বোর্ড ২০১৭

পদার্থবিজ্ঞানে 76 জন শিক্ষার্থীর প্রাপ্ত নম্বরের গণসংখ্যা নিবেশন সারণি :

প্রাপ্ত নম্বর	1-10	11-20	21-30	31-40	41-50	51-60	61-70	71-80	81-90	91-100
গণসংখ্যা	2	5	13	12	11	18	5	4	4	2

ক. সারণি থেকে প্রচুরক শ্রেণির মধ্যমান নির্ণয় কর। ২

খ. মধ্যক নির্ণয় কর। ৪

গ. উপাত্তগুলোর অজিভ রেখা আঁক। ৪

৪৯নং প্রশ্নের সমাধান

ক এখানে, গণসংখ্যা সর্বাধিক 18 আছে (51 – 60) শ্রেণিতে।

∴ প্রচুরক শ্রেণি (51 – 60)।

∴ (51 – 60) শ্রেণির মধ্যমান $= \frac{51+60}{2} = 55.5$

∴ প্রচুরক শ্রেণির মধ্যমান 55.5.

খ মধ্যক নির্ণয়ের সারণি :

প্রাপ্ত নম্বর	গণসংখ্যা	ক্রমযোজিত গণসংখ্যা
1 – 10	2	2
11 – 20	5	7
21 – 30	13	20
31 – 40	12	32
41 – 50	11	43
51 – 60	18	61
61 – 70	5	66
71 – 80	4	70
81 – 90	4	74
91 – 100	2	76
মোট	n = 76	

এখানে, n = 76

∴ $\frac{n}{2} = \frac{76}{2} = 38$

অতএব, মধ্যক হবে 38তম পদের মান। 38তম পদের অবস্থান (41 – 50) শ্রেণিতে। অতএব মধ্যক শ্রেণি হলো (41 – 50)।

মধ্যক $= L + \left(\frac{n}{2} - F_c\right) \times \frac{h}{f_m}$

$= 41 + (38 - 32) \times \frac{10}{11}$

$= 41 + \frac{6 \times 10}{11} = 41 + 5.45 = 46.45$

এখানে, $L = 41$,
$F_c = 32$,
$f_m = 11$
এবং $h = 10$

নির্ণেয় মধ্যক 46.45.

গ 'খ' তে প্রাপ্ত সারণি ব্যবহার করে, ছক কাগজের X-অক্ষ বরাবর প্রতি 1 ঘর = শ্রেণিব্যাপ্তির উচ্চসীমার 2 একক এবং Y-অক্ষ বরাবর প্রতি 1 ঘর = ক্রমযোজিত গণসংখ্যার 2 একক ধরে প্রদত্ত উপাত্তের অজিভ রেখা আঁকা হলো :



www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ৫০ ▶ বরিশাল বোর্ড ২০১৭

শ্রেণি	46 – 50	51 – 55	56 – 60	61 – 65	66 – 70
গণসংখ্যা	5	10	20	15	10

ক. মধ্যক শ্রেণির নিম্নসীমা নির্ণয় কর। ২

খ. সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪

গ. সারণির গণসংখ্যা বহুভুজ আঁক। ৪

৫০নং প্রশ্নের সমাধান

ক ক্রমযোজিত গণসংখ্যা সারণি :

শ্রেণি	গণসংখ্যা	ক্রমযোজিত গণসংখ্যা
46 – 50	5	5
51 – 55	10	15
56 – 60	20	35
61 – 65	15	50
66 – 70	10	60
মোট	n = 60	

এখানে, n = 60

$\frac{n}{2} = \frac{60}{2} = 30$

∴ মধ্যক হবে 30তম পদের মান। 30 তম পদের অবস্থান হবে (56 – 60) শ্রেণিতে।

মধ্যক শ্রেণি (56 – 60)

∴ মধ্যক শ্রেণির নিম্নসীমা = 56.

খ সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয়ের সারণি :

শ্রেণি	শ্রেণি মধ্যমান (x_i)	গণসংখ্যা (f_i)	ধাপ বিচ্যুতি $u_i = \frac{x_i - a}{h}$	গণসংখ্যা × ধাপ বিচ্যুতি ($f_i \times u_i$)
46 – 50	48	5	–2	–10
51 – 55	53	10	–1	–10
56 – 60	58 = a	20	0	0
61 – 65	63	15	1	15
66 – 70	68	10	2	20
মোট		n = 60		$\Sigma f_i u_i = 15$

∴ গড়, $\bar{x} = a + \frac{\Sigma f_i u_i}{n} \times h$

$= 58 + \frac{15}{60} \times 5$

$= 58 + 1{\cdot}25$

$= 59.25$

এখানে, a = 58, n = 60, h = 5, $\Sigma f_i u_i = 15$

নির্ণেয় গড় 59.25.

গ গণসংখ্যা বহুভুজ অঙ্কনের সারণি :

শ্রেণি	মধ্যমান	গণসংখ্যা
46 – 50	48	5
51 – 55	53	10
56 – 60	58	20
61 – 65	63	15
66 – 70	68	10

ছক কাগজের X-অক্ষ বরাবর প্রতি ঘরকে শ্রেণি মধ্যমানের 1 একক এবং Y অক্ষ বরাবর প্রতি ঘরকে গণসংখ্যার 1 একক ধরে গণসংখ্যা বহুভুজ আঁকা হলো :



প্রশ্ন ৫১ ▶ দিনাজপুর বোর্ড ২০১৭

কোনো বিদ্যালয়ের 25 জন শিক্ষার্থীর গণিতে প্রাপ্ত নম্বর নিম্নরূপ :
75, 40, 52, 92, 87, 43, 65, 69, 73, 81, 95, 52, 66, 82, 89, 56, 47, 69, 57, 73, 84, 91, 77, 50, 62.

ক. পরিসর কী? শ্রেণি ব্যাপ্তি 10 হলে শ্রেণি সংখ্যা কত? ২

খ. শ্রেণিব্যাপ্তি 10 নিয়ে গণসংখ্যা নিবেশন সারণি তৈরি কর। ৪

গ. সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪

৫১নং প্রশ্নের সমাধান

ক কোনো উপাত্তের সর্বোচ্চ ও সর্বনিম্ন মানের পার্থক্যই হলো পরিসর।

এখানে, উপাত্তের সর্বোচ্চ মান = 95

এবং সর্বনিম্ন মান = 40

∴ পরিসর = (95 – 40) + 1 = 55 + 1 = 56

শ্রেণিব্যাপ্তি 10 হলে শ্রেণি সংখ্যা $= \frac{56}{10} = 5.6 \approx 6$

∴ শ্রেণি সংখ্যা 6.

খ 'ক' হতে প্রাপ্ত, শ্রেণি সংখ্যা হবে 6টি।

শ্রেণিব্যাপ্তি 10 নিয়ে গণসংখ্যা নিবেশন সারণি তৈরি করা হলো :

শ্রেণিব্যাপ্তি	ট্যালি চিহ্ন	গণসংখ্যা
40 – 49	|||	3
50 – 59	~~||||~~	5
60 – 69	~~||||~~	5
70 – 79	||||	4
80 – 89	~~||||~~	5
90 – 99	|||	3
মোট		n = 25

গ সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় সারণি :

শ্রেণিব্যাপ্তি	মধ্যমান (x_i)	গণসংখ্যা (f_i)	ধাপ বিচ্যুতি $u_i = \frac{x_i - a}{h}$	$f_i u_i$
40 – 49	44.5	3	–3	–9
50 – 59	54.5	5	–2	–10
60 – 69	64.5	5	–1	–5
70 – 79	74.5 = a	4	0	0
80 – 89	84.5	5	1	5
90 – 99	94.5	3	2	6
মোট		n = 25		$\Sigma f_i u_i = -13$

∴ গড়, $\bar{x} = a + \frac{\Sigma f_i u_i}{n} \times h$

$= 74.5 + \frac{-13}{25} \times 10$

$= 74.5 - 5.2 = 69.3$

এখানে, a = 74.5, n = 25, h = 10, $\Sigma f_i u_i = -13$

নির্ণেয় গড় 69.3.

www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ৫২ ▶ দিনাজপুর বোর্ড ২০১৭

নিচে একটি গণসংখ্যা নিবেশন সারণি দেওয়া হলো :

শ্রেণিব্যাপ্তি	30–35	36–41	42–47	48–53	54–59	60–65
গণসংখ্যা	3	10	18	25	8	6

ক. মধ্যক শ্রেণির নিম্নসীমা নির্ণয় কর। ২

খ. সারণি হতে মধ্যক নির্ণয় কর। ৪

গ. গণসংখ্যা নিবেশনের আয়তলেখ আঁক। ৪

৫২নং প্রশ্নের সমাধান

ক ক্রমযোজিত গণসংখ্যা নিবেশন সারণি :

শ্রেণিব্যাপ্তি	গণসংখ্যা	ক্রমযোজিত গণসংখ্যা
30 – 35	3	3
36 – 41	10	13
42 – 47	18	31
48 – 53	25	56
54 – 59	8	64
60 – 65	6	70
মোট	n = 70	

এখানে, $n = 70$ এবং $\frac{n}{2} = \frac{70}{2} = 35$

অতএব, মধ্যক হলো 35 তম পদের মান। 35 তম পদের অবস্থান (48 – 53) শ্রেণিতে।

∴ মধ্যক শ্রেণি হলো (48 – 53)

∴ মধ্যক শ্রেণির নিম্নসীমা 48।

খ 'ক' হতে পাই, $\frac{n}{2} = 35$

মধ্যক শ্রেণি (48 – 53)

$$\therefore \text{মধ্যক} = L + \left(\frac{n}{2} - F_c\right) \times \frac{h}{f_m}$$

$$= 48 + (35 - 31) \times \frac{6}{25}$$

$$= 48 + 4 \times \frac{6}{25} = 48 + 0.96 = 48.96$$

এখানে, $L = 48$, $F_c = 31$, $f_m = 25$, $h = 6$

নির্ণেয় মধ্যক 48.96.

গ আয়তলেখ অঙ্কনের জন্য প্রয়োজনীয় সারণি :

শ্রেণিব্যাপ্তি	অবিচ্ছিন্ন শ্রেণিসীমা	গণসংখ্যা
30 – 35	29.5 – 35.5	3
36 – 41	35.5 – 41.5	10
42 – 47	41.5 – 47.5	18
48 – 53	47.5 – 53.5	25
54 – 59	53.5 – 59.5	8
60 – 65	59.5 – 65.5	6

ছক কাগজের X-অক্ষ বরাবর প্রতি 5 ঘরকে অবিচ্ছিন্ন শ্রেণিসীমা 6 একক এবং Y-অক্ষ বরাবর প্রতি 1 ঘরকে গণসংখ্যার 1 একক ধরে আয়তলেখ আঁকা হলো। X-অক্ষ বরাবর অবিচ্ছিন্ন শ্রেণিব্যাপ্তি 29.5 থেকে আরম্ভ হয়েছে। মূলবিন্দু থেকে 29.5 পর্যন্ত পূর্ববর্তী ঘরগুলো আছে বোঝাতে ছেদ চিহ্ন ব্যবহার করা হয়েছে।



প্রশ্ন ৫৩ ▶ ঢাকা বোর্ড ২০১৬

নিচে একটি গণসংখ্যা সারণি দেওয়া হলো :

শ্রেণিব্যাপ্তি	31–40	41–50	51–60	61–70	71–80	81–90	91–100
গণসংখ্যা	5	6	8	12	5	8	6

ক. মধ্যক শ্রেণির মধ্যবিন্দু নির্ণয় কর। ২

খ. সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪

গ. প্রদত্ত উপাত্তের গণসংখ্যা বহুভুজ আঁক। ৪

৫৩নং প্রশ্নের সমাধান

ক ক্রমযোজিত গণসংখ্যা নিবেশন সারণি :

শ্রেণিব্যাপ্তি	গণসংখ্যা	ক্রমযোজিত গণসংখ্যা
31 – 40	5	5
41 – 50	6	11
51 – 60	8	19
61 – 70	12	31
71 – 80	5	36
81 – 90	8	44
91 – 100	6	50
মোট	n = 50	

এখানে, $n = 50$ এবং $\frac{n}{2} = \frac{50}{2} = 25$

অতএব, মধ্যক হলো 25 তম পদের মান। 25 তম পদের অবস্থান (61 – 70) শ্রেণিতে।

∴ মধ্যক শ্রেণি হলো (61 – 70)

(61 – 70) শ্রেণির মধ্যবিন্দু $= \frac{70 + 61}{2} = \frac{131}{2} = 65.5$

∴ মধ্যক শ্রেণির মধ্যবিন্দু 65.5.

খ সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয়ের সারণি :

শ্রেণিব্যাপ্তি	মধ্যমান (x_i)	গণসংখ্যা (f_i)	ধাপ বিচ্যুতি $u_i = \frac{x_i - a}{h}$	গণসংখ্যা × ধাপ বিচ্যুতি (f_iu_i)
31 – 40	35.5	5	–3	–15
41 – 50	45.5	6	–2	–12
51 – 60	55.5	8	–1	–8
61 – 70	65.5 = a	12	0	0
71 – 80	75.5	5	1	5
81 – 90	85.5	8	2	16
91 – 100	95.5	6	3	18
মোট		n = 50		$\Sigma f_iu_i = 4$

$$\therefore \text{গড়, } \bar{x} = a + \frac{\Sigma f_iu_i}{n} \times h$$

$$= 65.5 + \frac{4}{50} \times 10$$

$$= 65.5 + 0.8 = 66.3$$

এখানে, $a = 65.5$, $n = 50$, $h = 10$, $\Sigma f_iu_i = 4$

নির্ণেয় গড় 66.3।

গ খ-এর সারণি ব্যবহার করে ছক কাগজের X-অক্ষ বরাবর প্রতি 1 ঘরকে শ্রেণি মধ্যমানের 2 একক ধরে এবং Y-অক্ষ বরাবর প্রতি 1 ঘরকে গণসংখ্যার 1 একক ধরে প্রদত্ত উপাত্তের গণসংখ্যা বহুভুজ আঁকা হলো :



www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ৫৪ ▸ রাজশাহী বোর্ড ২০১৬

কোনো বিদ্যালয়ের ১০ম শ্রেণির 25 জন ছাত্রের গণিত বিষয়ের প্রাপ্ত নম্বর নিম্নরূপ :
65, 73, 45, 60, 55, 58, 60, 65, 80, 70, 58, 68, 60, 68, 70, 45, 85, 60, 50, 46, 65, 55, 61, 72, 45.

ক. শ্রেণি ব্যাপ্তি 5 ধরে শ্রেণিসংখ্যা নির্ণয় কর। ২
খ. উক্ত সারণি থেকে প্রচুরক নির্ণয় কর। ৪
গ. প্রদত্ত উপাত্তের অজিভ রেখা অঙ্কন কর। ৪

৫৪নং প্রশ্নের সমাধান

ক এখানে, নম্বর নির্দেশক উপাত্তের সবচেয়ে ছোট সংখ্যা 45 এবং বড় সংখ্যা 85

∴ উপাত্তের পরিসর = (85 – 45) + 1 = 40 + 1 = 41.

শ্রেণিব্যাপ্তি 5 ধরে শ্রেণি সংখ্যা হবে $= \frac{41}{5} = 8.2 \approx 9.$

খ ক-হতে প্রাপ্ত, শ্রেণি ব্যপ্তি 5 ধরে শ্রেণিসংখ্যা 9
শ্রেণি ব্যাপ্তি 5 নিয়ে গণসংখ্যা নিবেশন সারণি :

শ্রেণিব্যাপ্তি	ট্যালি চিহ্ন	গণসংখ্যা
41 – 45	|||	3
46 – 50	||	2
51 – 55	||	2
56 – 60	~~||||~~ |	6
61 – 65	||||	4
66 – 70	||||	4
71 – 75	||	2
76 – 80	|	1
81 – 85	|	1

এখানে, গণসংখ্যা সর্বাধিক 6 আছে (56 – 60) শ্রেণিতে।
অতএব প্রচুরক (56 – 60) শ্রেণিতে আছে।

$\therefore$ প্রচুরক $= L + \frac{f_1}{f_1 + f_2} \times h$
$= 56 + \frac{4}{4+2} \times 5$
$= 56 + \frac{4}{6} \times 5$
$= 56 + 3.33$
$= 59.33$

এখানে,
$L = 56$
$f_1 = 6 - 2 = 4$
$f_2 = 6 - 4 = 2$
এবং $h = 5$

নির্ণেয় প্রচুরক 59.33.

গ গণসংখ্যা নিবেশনের ক্রমযোজিত গণসংখ্যা সারণি :

শ্রেণিব্যাপ্তি	গণসংখ্যা	ক্রমযোজিত গণসংখ্যা
41 – 45	3	3
46 – 50	2	5
51 – 55	2	7
56 – 60	6	13
61 – 65	4	17
66 – 70	4	21
71 – 75	2	23
76 – 80	1	24
81 – 85	1	25

ছক কাগজের প্রতি 1 ঘরকে 1 একক ধরে X-অক্ষ বরাবর শ্রেণি ব্যাপ্তির উচ্চসীমা এবং Y-অক্ষ বরাবর ক্রমযোজিত গণসংখ্যা নিয়ে প্রদত্ত উপাত্তের ক্রমযোজিত গণসংখ্যার অজিভ রেখা আঁকা হলো। X-অক্ষে মূলবিন্দু থেকে 45 পর্যন্ত পূর্ববর্তী ঘরগুলো আছে বোঝাতে ছেদ চিহ্ন ব্যবহার করা হয়েছে।



প্রশ্ন ৫৫ ▸ যশোর বোর্ড ২০১৬

কোনো বিদ্যালয়ের দশম শ্রেণির শিক্ষার্থীদের গণিতে প্রাপ্ত নম্বরের গণসংখ্যা সারণি দেওয়া হলো :

শ্রেণিব্যাপ্তি	25–34	35–44	45–54	55–64	65–74	75–84	85–94
গণসংখ্যা	5	10	15	20	30	16	4

ক. প্রদত্ত সারণির মধ্যক শ্রেণির মধ্যমান নির্ণয় কর। ২
খ. সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪
গ. সারণিতে উপস্থাপিত উপাত্তের গণসংখ্যা বহুভুজ আঁক। ৪

৫৫নং প্রশ্নের সমাধান

ক ক্রমযোজিত গণসংখ্যা নিবেশন সারণি :

শ্রেণিব্যাপ্তি	গণসংখ্যা	ক্রমযোজিত গণসংখ্যা
25 – 34	5	5
35 – 44	10	15
45 – 54	15	30
55 – 64	20	50
65 – 74	30	80
75 – 84	16	96
85 – 94	4	100
মোট	n = 100	

এখানে, $n = 100$ এবং $\frac{n}{2} = \frac{100}{2} = 50$

অতএব, মধ্যক হলো 50তম পদের মান। 50তম পদের অবস্থান (55 – 64) শ্রেণিতে।

∴ মধ্যক শ্রেণি হলো (55 – 64)

∴ (55 – 64) শ্রেণির মধ্যমান $= \frac{64+55}{2} = \frac{119}{2} = 59.5$

∴ মধ্যক শ্রেণির মধ্যমান 59.5.

খ সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয়ের সারণি :

শ্রেণিব্যাপ্তি	মধ্যমান (x_i)	গণসংখ্যা (f_i)	ধাপ বিচ্যুতি $u_i = \frac{x_i - a}{h}$	গণসংখ্যা × ধাপ বিচ্যুতি (f_iu_i)
25 – 34	29.5	5	–3	–15
35 – 44	39.5	10	–2	–20
45 – 54	49.5	15	–1	–15
55 – 64	59.5 = a	20	0	0
65 – 74	69.5	30	1	30
75 – 84	79.5	16	2	32
85 – 94	89.5	4	3	12
মোট		n = 100		$\Sigma f_iu_i = 24$

www.abswer.com

www.abswer.com

$\therefore$ গড় $\bar{x} = a + \frac{\Sigma f_i u_i}{n} \times h$

$= 59.5 + \frac{24}{100} \times 10$

$= 59.5 + 2.4 = 61.9$

এখানে,
$a = 59.5$
$n = 100$
$h = 10$
$\Sigma f_i u_i = 24$

নির্ণেয় গড় 61.9.

গ খ-এর সারণি ব্যবহার করে ছক কাগজের X -অক্ষ বরাবর প্রতি 1 ঘরকে শ্রেণি মধ্যমানের 2 একক এবং Y-অক্ষ বরাবর প্রতি 1 ঘরকে গণসংখ্যার 1 একক ধরে প্রদত্ত উপাত্তের গণসংখ্যা বহুভুজ আঁকা হলো :



প্রশ্ন ৫৬ ▸ কুমিল্লা বোর্ড ২০১৬

নিচে 50 জন শিক্ষার্থীর বার্ষিক পরীক্ষায় ইংরেজিতে প্রাপ্ত নম্বরের গণসংখ্যা নিবেশন সারণি দেওয়া হলো :

শ্রেণিব্যাপ্তি	25–34	35–44	45–54	55–64	65–74	75–84	85–94
গণসংখ্যা	5	7	4	11	9	10	4

ক. উক্ত সারণি থেকে ক্রমযোজিত গণসংখ্যা নির্ণয় কর। ২
খ. সংক্ষিপ্ত পদ্ধতিতে প্রাপ্ত নম্বরের গড় নির্ণয় কর। ৪
গ. উদ্দীপকের আলোকে গণসংখ্যা বহুভুজ আঁক। ৪

৫৬নং প্রশ্নের সমাধান

ক ক্রমযোজিত গণসংখ্যা সারণি :

শ্রেণিব্যাপ্তি	গণসংখ্যা	ক্রমযোজিত গণসংখ্যা
25 – 34	5	5
35 – 44	7	12
45 – 54	4	16
55 – 64	11	27
65 – 74	9	36
75 – 84	10	46
85 – 94	4	50

খ সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয়ের সারণি :

শ্রেণিব্যাপ্তি	মধ্যমান (x_i)	গণসংখ্যা (f_i)	ধাপ বিচ্যুতি $u_i = \frac{x_i - a}{h}$	গণসংখ্যা × ধাপ বিচ্যুতি ($f_i u_i$)
25 – 34	29.5	5	– 3	– 15
35 – 44	39.5	7	– 2	– 14
45 – 54	49.5	4	– 1	– 4
55 – 64	59.5 = a	11	0	0
65 – 74	69.5	9	1	9
75 – 84	79.5	10	2	20
85 – 94	89.5	4	3	12
মোট		n = 50		$\Sigma f_i u_i = 8$

$\therefore$ গড়, $\bar{x} = a + \frac{\Sigma f_i u_i}{n} \times h$

$= 59.5 + \frac{8}{50} \times 10$

$= 59.5 + 1.6 = 61.1$

এখানে,
$a = 59.5$
$n = 50$
$h = 10$
$\Sigma f_i u_i = 8$

নির্ণেয় গড় 61.1.

গ খ-এর সারণি ব্যবহার করে ছক কাগজের X-অক্ষ বরাবর প্রতি 1 ঘরকে শ্রেণি মধ্যমানের 2 একক এবং Y-অক্ষ বরাবর প্রতি 1 ঘরকে গণসংখ্যার 1 একক ধরে প্রদত্ত উপাত্তের গণসংখ্যা বহুভুজ আঁকা হলো :



প্রশ্ন ৫৭ ▸ চট্টগ্রাম বোর্ড ২০১৬

কোনো বিদ্যালয়ের 60 জন শিক্ষার্থীর ওজনের গণসংখ্যা সারণি হলো :

ওজন কি. গ্রাম	51 – 55	56 – 60	61 – 65	66 – 70	71 – 75
শিক্ষার্থী সংখ্যা	5	10	20	15	10

ক. যোজিত গণসংখ্যা সারণি নির্ণয় কর। ২
খ. সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪
গ. প্রদত্ত গণসংখ্যা সারণি থেকে আয়তলেখ আঁক। ৪

৫৭নং প্রশ্নের সমাধান

ক যোজিত গণসংখ্যা সারণি :

শ্রেণিব্যাপ্তি (ওজন কি. গ্রাম)	গণসংখ্যা (শিক্ষার্থী সংখ্যা)	ক্রমযোজিত গণসংখ্যা
51 – 55	5	5
56 – 60	10	15
61 – 65	20	35
66 – 70	15	50
71 – 75	10	60

খ সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয়ের সারণি :

শ্রেণিব্যাপ্তি	মধ্যমান (x_i)	গণসংখ্যা (f_i)	ধাপ বিচ্যুতি $u_i = \frac{x_i - a}{h}$	গণসংখ্যা × ধাপ বিচ্যুতি ($f_i u_i$)
51 – 55	53	5	– 2	– 10
56 – 60	58	10	– 1	– 10
61 – 65	63 = a	20	0	0
66 – 70	68	15	1	15
71 – 75	73	10	2	20
মোট		n = 60		$\Sigma f_i u_i = 15$

গড়, $\bar{x} = a + \frac{\Sigma f_i u_i}{n} \times h$

$= 63 + \frac{15}{60} \times 5$

$= 63 + 1.25 = 64.25$

এখানে,
$a = 63$
$n = 60$
$h = 5$
$\Sigma f_i u_i = 15$

নির্ণেয় গড় 64.25.

গ প্রদত্ত সারণিতে উপাত্তের শ্রেণি ব্যাপ্তি বিচ্ছিন্ন। শ্রেণিব্যাপ্তি অবিচ্ছিন্ন করে আয়তলেখ অঙ্কনের সারণি :

শ্রেণিব্যাপ্তি	অবিচ্ছিন্ন শ্রেণিসীমা	গণসংখ্যা
51 – 55	50.5 – 55.5	5
56 – 60	55.5 – 60.5	10
61 – 65	60.5 – 65.5	20
66 – 70	65.5 – 70.5	15
71 – 75	70.5 – 75.5	10

www.abswer.com

www.abswer.com

ছক কাগজের প্রতি ঘরকে এক একক ধরে X-অক্ষ বরাবর অবিচ্ছিন্ন শ্রেণিসীমা এবং Y-অক্ষ বরাবর গণসংখ্যা নিয়ে আয়তলেখ আঁকা হলো। মূলবিন্দু থেকে 50.5 পর্যন্ত পূর্ববর্তী ঘরগুলো আছে বোঝাতে ছেদ চিহ্ন ব্যবহার করা হয়েছে।



প্রশ্ন ৫৮ ▸ সিলেট বোর্ড ২০১৬

নিচে একটি গণসংখ্যা নিবেশন সারণি দেওয়া হলো :

শ্রেণিব্যাপ্তি	41–50	51–60	61–70	71–80	81–90	91–100
গণসংখ্যা	4	10	15	12	6	3

ক. প্রচুরক শ্রেণি কোনটি? প্রচুরক শ্রেণির মধ্যবিন্দু নির্ণয় কর। ২

খ. সারণি হতে সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪

গ. প্রদত্ত সারণি অনুযায়ী আয়তলেখ অঙ্কন কর। ৪

৫৮নং প্রশ্নের সমাধান

ক এখানে গণসংখ্যা সর্বাধিক 15 আছে (61 – 70) শ্রেণিতে।

∴ প্রচুরক শ্রেণি হলো (61 – 70)।

∴ (61 – 70) শ্রেণির মধ্যবিন্দু $= \frac{70 + 61}{2}$

$= \frac{131}{2} = 65.5$

∴ প্রচুরক শ্রেণির মধ্যবিন্দু 65.5.

খ সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয়ের সারণি :

শ্রেণিব্যাপ্তি	মধ্যমান (x_i)	গণসংখ্যা (f_i)	ধাপ বিচ্যুতি $u_i = \frac{x_i - a}{h}$	গণসংখ্যা × ধাপ বিচ্যুতি (f_iu_i)
41 – 50	45.5	4	–2	–8
51 – 60	55.5	10	–1	–10
61 – 70	65.5 = a	15	0	0
71 – 80	75.5	12	1	12
81 – 90	85.5	6	2	12
91 – 100	95.5	3	3	9
মোট		n = 50		$\Sigma f_iu_i = 15$

গড়, $\bar{x} = a + \frac{\Sigma f_iu_i}{n} \times h$

$= 65.5 + \frac{15}{50} \times 10$

$= 65.5 + 3 = 68.5$

এখানে, a = 65.5, n = 50, h = 10, $\Sigma f_iu_i = 15$

নির্ণেয় গড় 68.5.

গ প্রদত্ত সারণিতে উপাত্তের শ্রেণিব্যাপ্তি বিচ্ছিন্ন। শ্রেণিব্যাপ্তি অবিচ্ছিন্ন করে আয়তলেখ অঙ্কনের সারণি :

শ্রেণিব্যাপ্তি	অবিচ্ছিন্ন শ্রেণিসীমা	গণসংখ্যা
41 – 50	40.5 – 50.5	4
51 – 60	50.5 – 60.5	10
61 – 70	60.5 – 70.5	15
71 – 80	70.5 – 80.5	12
81 – 90	80.5 – 90.5	6
91 – 100	90.5 – 100.5	3

ছক কাগজের X-অক্ষ বরাবর প্রতি 1 ঘরকে 2 একক ধরে অবিচ্ছিন্ন শ্রেণিসীমা এবং Y-অক্ষ বরাবর প্রতি 1 ঘরকে 1 একক ধরে গণসংখ্যা নিয়ে আয়তলেখ আঁকা হলো। মূলবিন্দু থেকে 40.5 পর্যন্ত পূর্ববর্তী ঘরগুলো আছে বোঝাতে ছেদ চিহ্ন ব্যবহার করা হয়েছে।



প্রশ্ন ৫৯ ▸ বরিশাল বোর্ড ২০১৬

নিম্নে ১০ম শ্রেণির 50 জন শিক্ষার্থীর গণিত বিষয়ে প্রাপ্ত নম্বরের গণসংখ্যা নিবেশন সারণি দেওয়া হলো :

শ্রেণিব্যাপ্তি	31–40	41–50	51–60	61–70	71–80	81–90	91–100
গণসংখ্যা	6	8	10	12	5	7	2

ক. ক্রমযোজিত গণসংখ্যা সারণি তৈরি কর। ২

খ. সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪

গ. গণসংখ্যা নিবেশনের আয়তলেখ অঙ্কন কর। ৪

৫৯নং প্রশ্নের সমাধান

ক ক্রমযোজিত গণসংখ্যা সারণি :

শ্রেণিব্যাপ্তি	গণসংখ্যা	ক্রমযোজিত গণসংখ্যা
31 – 40	6	6
41 – 50	8	14
51 – 60	10	24
61 – 70	12	36
71 – 80	5	41
81 – 90	7	48
91 – 100	2	50

খ সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয়ের সারণি নিম্নরূপ :

শ্রেণিব্যাপ্তি	মধ্যমান (x_i)	গণসংখ্যা (f_i)	ধাপ বিচ্যুতি $u_i = \frac{x_i - a}{h}$	গণসংখ্যা × ধাপ বিচ্যুতি (f_iu_i)
31 – 40	35·5	6	–3	–18
41 – 50	45·5	৮	–2	–16
51 – 60	55·5	10	–1	–10
61 – 70	65·5 = a	12	0	0
71 – 80	75·5	5	1	5
81 – 90	85·5	7	2	14
